# রেপার্টরী শিক্ষা ও কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি


## ডাঃ এ.কে.এম. রুহুল আমিন



**কম্পিউটার হোমিও ক্লিনিক**

২৬/এ-১১ চামেলীবাগ, শান্তিনগর

ঢাকা, বাংলাদেশ


## লেখক পরিচিতি

ডাঃ এ. কে. এম. রুহুল আমিন ১৯৫৮ সালের ২১ এপ্রিল কুমিল্লা জেলার দেবিদ্বার থানার অন্তর্গত গুনাইঘর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। পিতা মরহুম মৌঃ মোঃ রোস্তম আলী। মাতা মোসাম্মৎ আম্বিয়া বেগম। মাতুলালয় একই থানার মাশিকাড়া গ্রামে।

তিনি ঢাকার আরমানিটোলা গভঃ হাই স্কুলে ৮ম শ্রেণী পর্যন্ত অধ্যয়ন করেন ও পরবর্তীতে কুমিল্লা জেলার দেবিদ্বার রেয়াজউদ্দিন আহমেদ বহুমুখী উচ্চ বিদ্যালয় হতে কৃষি বিজ্ঞান শাখায় এস. এস. সি পাশ করেন। ঢাকাস্থ সরকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র হিসেবে ঢাকা বোর্ড হতে এইচ.এস. সি (বিজ্ঞান) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বি. এস-সি. পাশ করেন।

কর্মজীবনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইন্সটিটিউটে গবেষণাগার সহকারী, সিনথো ল্যাবরেটরীজ লিঃ নামক ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ও মুন্নু গ্রাইমিক্সপেল লিঃ এ ল্যাবঃ এনালিষ্ট পদে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল কেমিষ্ট্রি বিভাগের ফার্মাকগ্নসি ল্যাবেঃ টেকনিক্যাল অফিসার হিসেবে কর্মরত আছেন।

চাকুরীরত অবস্থায় ঘটনাক্রমে তিনি হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানে আগ্রহী হয়ে পড়েন এবং ১৯৮৫ সালে ঢাকাস্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের নৈশ বিভাগে ডি. এইচ. এম. এস. কোর্সে ভর্তি হন। ডি. এইচ. এম. এস. পরীক্ষায় সমগ্র বাংলাদেশে হোমিওপ্যাথি বোর্ডের মেধাতালিকায় ১ম ও ২য় বর্ষে ১ম স্থান, ৩য় বর্ষে ২য় স্থান এবং ৪র্থ বর্ষের ফাইনাল পরীক্ষায় ১ম স্থান অধিকার করে ডি. এইচ. এম. এস. সনদ লাভ করেন। কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ১৯৯২ সালে তিনি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের নৈশ বিভাগে প্রভাষক হিসেবে নিযুক্তি লাভ করেন। এই কলেজে বিভিন্ন সময়ে তিনি হোমিওপ্যাথির নিয়মনীতি, মেটেরিয়া মেডিকা, হোমিওপ্যাথিক ফার্মেসী, প্র্যাকটিস অব মেডিসিন ও রেপার্টরী বিষয়ে শিক্ষকতা করেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ঢাকার শনির আখড়াস্থ আমিন হোমিও ক্লিনিকে (শুক্রবার বিকাল ৫টা-৯টা) ও ২৬/এ-১১ চামেলীবাগ, শান্তিনগরস্থ কম্পিউটার হোমিও ক্লিনিকে (শনি, রবি, মঙ্গল, বুধ, বৃহঃ বিকাল ৫টা-৯টা) চিকিৎসা কর্মের মাধ্যমে আর্ত মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রেখেছেন। হোমিওপ্যাথি চিকিৎসা বিষয়ে তার রচিত বিভিন্ন প্রবন্ধ জাতীয় দৈনিক পত্রিকায়, হোমিও দর্পণ, কম্পিউটার বিচিত্রা ও বিভিন্ন স্মরণিকায় প্রকাশিত হয়েছে। তার শান্তিনগরস্থ চেম্বারে প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে ১২-৩০মিঃ পর্যন্ত অর্গানন, মেটেরিয়া মেডিকা, ক্রনিক ডিজিজ, কেইস টেকিং ও রেপার্টরী বিষয়ে হাতে কলমে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে তিনি অর্গানন অনুসারী আদর্শ হোমিওপ্যাথ সৃষ্টিতে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তিনি তার শান্তিনগরস্থ চেম্বারে চিকিৎসকদেরকে কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি প্রশিক্ষণ দিয়ে আসছেন। বাংলাদেশে হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটারের ব্যবহারকে জনপ্রিয় করার ক্ষেত্রে তিনি একজন অগ্রপথিক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বি.এইচ.এম.এস. কোর্সের 'রেপার্টরাইজেশান' এবং বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের ডি.এইচ.এম.এস. কোর্সের 'রেপার্টরী' সিলেবাস অনুসারে রচিত

# রেপার্টরী শিক্ষা
# ও
# কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি

## A TEXT BOOK OF HOMOEOPATHIC REPERTORY AND COMPUTERISED HOMOEOPATHY

বিভিন্ন হোমিওপ্যাথিক রেপার্টরীর ব্যবহার প্রণালী

ও

হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটারের ব্যবহারিক প্রয়োগ পদ্ধতি

**ডাঃ এ.কে.এম. রুহুল আমিন**

বি. এস-সি; ডি. এইচ. এম. এস. (প্রথম স্থান প্রাপ্ত, ১৯৯০)

প্রভাষক

বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা - ১০০০

**কম্পিউটার হোমিও ক্লিনিক**

২৬-এ/১১ চামেলীবাগ, (২য় তলা)

শান্তিনগর, ঢাকা - ১২১৭

# রেপার্টরী শিক্ষা
# ও
# কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি

## ডাঃ এ.কে.এম. রুহুল আমিন

- স্বত্ব




- প্রকাশকাল

প্রথম সংস্করণ ঃ জুন, ২০০৩ইং

- প্রকাশক

কম্পিউটার হোমিও ক্লিনিকের পক্ষে
ডাঃ ঝুনু রানী বসাক ডি. এইচ. এম. এস.

সার্বিক সহযোগীতায় ঃ ডাঃ মো ঃ রফিকুল ইসলাম
বি এইচ এম এস (ঢাকা বিশ্ববিদ্যালয়)

কম্পিউটার কম্পোজ ঃ ডাঃ এ.কে.এম. রুহুল আমিন

মূদ্রণে ঃ ডিম্বক অফসেট প্রেস এন্ড প্রসেসিং সেন্টার

মূল্য ঃ [illegible] টাকা

---

**REPERTORY SHIKSA O COMPUTERISED HOMOEOPATHY**
(A Text Book of Homoeopathic Repertory and Computerised Homoeopathy) by **Dr. A. K. M. RUHUL AMIN.**
Published by **Dr. Jhunu Rani Basak**, on behalf of Computer Homoeo Clinic, 26-A/11 Chamalibagh, Santinagar, Dhaka-1362.


## উৎসর্গ

আধুনিক হোমিওপ্যাথিক রেপার্টরী
রচনার পথিকৃৎ
মহামতি ডাঃ জে. টি. কেন্ট মহোদয়ের
স্মৃতির উদ্দেশ্যে
ও
মহাত্মা হ্যানিম্যান বিরচিত
অর্গানন অব মেডিসিন
গ্রন্থের নির্দেশিত মূলনীতি অনুসারে
ওষুধকে
শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্মমাত্রায়
প্রয়োগ করে চিকিৎসা কর্মে নিয়োজিত আছেন
বা
নিয়োজিত হবেন
সে সকল চিকিৎসক ও শিক্ষার্থীদের
করকমলে উৎসর্গ করা হল ।

## প্রাপ্তিস্থান

আমিন হোমিও ক্লিনিক
গোবিন্দপুর বাজার,শনির আখড়া,
ডেমরা, ঢাকা।

কম্পিউটার হোমিও ক্লিনিক
২৬-এ/১১ চামেলীবাগ, শান্তিনগর,
ঢাকা।

জাগরণী হোমিও হল
৪৭/৪ টয়েনবি সার্কুলার রোড, ঢাকা - ১০০০।

আলীগড় লাইব্রেরী
১৫, বাংলাবাজার ও নিউমার্কেট, ঢাকা।

হাসান বুক হাউস
৬৫, প্যারীদাস রোড, ঢাকা।

নিউ লাইফ হোমিও ফার্মেসী
২৮১/২৮৩, গভঃ নিউ মার্কেট, ঢাকা।

হোসেন হোমিও কোম্পানী (প্রাঃ) লিঃ
৪৬/সি, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা ১০০০।

জোহা হোমিও হল
২৫/২, জয় কালী মন্দির রোড, ঢাকা।

গ্রীণ হোমিও হল
শান্তিনগর, ঢাকা।

পাবনা হোমিও হল
পুরানা পল্টন, ঢাকা।

খাজা পাবলিশিং হাউস
৩৬, বাংলাবাজার (দোতালা), ঢাকা।

জুয়েল ইন্টারন্যাশনাল
বাংলাবাজার, ঢাকা।

ওরিয়েন্ট পাবলিশার্স
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

লিতুন হোমিও হল
৪৬/সি, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা।

ম্যাকস হোমিও ইন্টারন্যশনাল
৪৬/সি, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা।

ন্যাশনাল হোমিও হল
কমলাপুর বাজার, ঢাকা।

ন্যাশনাল হোমিও হল
পুরাতনগীর্জা রোড, চট্টগ্রাম।

নাজির হোমিও হল
গয়েশপুর বাজার, পাবনা।

পাবনা হোমিও ক্লিনিক
২/৬, পল্লবী মিরপুর, ঢাকা-১২১৬

ইবনে সিনা হোমিও ক্লিনিক
তাঁতী সমবায় মার্কেট (ট্রাফিক মোড়) পাবনা

ঢাকা ও অন্যান্য জেলার সম্ভ্রান্ত হোমিওপ্যাথিক বুক ষ্টল সমূহ

ডাঃ এ,কে, এম, রুহুল আমিন

ডাঃ এ, কে, এম, রুহুল আমিন কম্পিউটার রেপার্টরাইজেশানের মাধ্যমে রোগীর জন্য ওষুধ নির্বাচন করছেন

ডাঃ গুরুদাস সরকার ও ডাঃ এ.কে.এম রুহুল আমিন কম্পিউটার রেপার্টরাইজেশানের জন্য রোগীলিপি পর্যালোচনা করছেন।

কম্পিউটার হোমিও ক্লিনিকের কম্পিউটার ল্যাবরেটরী।

কম্পিউটার হোমিও ক্লিনিকের সাপ্তাহিক প্রশিক্ষণে অংশ গ্রহণকারী চিকিৎসকবৃন্দ



## ভূমিকা

হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে অর্গাননন অব মেডিসিন এবং মেটেরিয়া মেডিকার পরেই রেপার্টরীর স্থান, কিন্তু ব্যবহারিক চিকিৎসা ক্ষেত্রে রেপার্টরীর স্থান সর্বাগ্রে। হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকায় লিখিত লক্ষণাবলীর সংখ্যা এত বিশাল যে, কোন চিকিৎসকের পক্ষেই তা সর্বদা স্মরণে রাখা সম্ভব নহে, কিন্তু রেপার্টরী এ বিষয়টিকে সরলীকরণ করে মেটেরিয়া মেডিকার বিশালত্বকে একটি কার্যোপযোগী অবস্থানে আনয়ন করতে সক্ষম হয়েছে । মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীকে ধারাবাহিকভাবে বর্ণমালার ক্রমানুসারে রেপার্টরীতে লিপিবদ্ধ করা হয়েছে, আবার প্রতিটি লক্ষণের কি কি ওষুধ হতে পারে তা বর্ণমালার ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়েছে, ফলে চিকিৎসক রেপার্টরীতে কোন লক্ষণের কি কি ওষুধ হতে পারে সহজেই তার সন্ধান বা দিক নির্দেশনা পেতে পারেন । কিন্তু দূর্ভাগ্যজনক হলেও এ কথা সত্যি যে চিকিৎসক সম্প্রদায়ের মধ্যে অধিকাংশ চিকিৎসকই রেপার্টরীর যথাযথ ব্যবহার করেন না বা ব্যবহার করতে পারেন না । হোমিওপ্যাথিক ডিগ্রী ও ডিপ্লোমা কোর্সের সিলেবাসে রেপার্টরী অন্তর্ভূক্ত হলেও রেপার্টরীর অপর্যাপ্ত চর্চা, রেপার্টরীর ব্যবহার পদ্ধতির ওপর পর্যাপ্ত বই পুস্তকের অভাব এবং শিক্ষার্থীদের মধ্যে রেপার্টরীর উপকারীতা ও সুবিধা সম্পর্কে অজ্ঞতাই রেপার্টরী বিমুখতার মূল কারণ । রেপার্টরী ব্যবহার করতে পেরে বা না পেরেও বহু চিকিৎসকের চেম্বারে রেপার্টরী পুস্তকটি টেবিলে দেখা যায়, এদের কেউ কেউ কালভদ্রে রেপার্টরী ব্যবহার করেন, কেউ কেউ বইটি রেখেছেন ভবিষ্যতে ব্যবহার করবেন মনে করে, আর কেউ কেউ রেপার্টরী বইটি সংগ্রহ করেছিলেন অন্যের কাছে বইটির প্রশংসা শুনে । অগ্যতা বইটিকে চেম্বারের টেবিলে বা আলমারীতে স্থান দিয়েছেন (মোটা বই চেম্বারের শোভা ও চিকিৎসকের মান বৃদ্ধি করে বলে অনেকে মনে করেন) ।

হোমিওপ্যাথি চিকিৎসা একটি বিজ্ঞান ভিত্তিক চিকিৎসা পদ্ধতি । দর্শন, বিজ্ঞান ও কলার সমন্বয়ে হয় এর বাস্তবায়ন । অর্গাননন অব মেডিসিন এর সংবিধান বা নীতিগ্রন্থ। অর্গাননন অব মেডিসিন গ্রন্থে নির্দেশিত নিয়মে সুস্থ মানবদেহে ওষুধ পরীক্ষিত হয়ে এবং লিপিবদ্ধ হয়ে সৃষ্টি হয়েছে মেটেরিয়া মেডিকার । ফলে হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকায় আছে সুস্থ মানবদেহে পরীক্ষিত ওষুধের বিশাল লক্ষণাবলী । আর মেটেরিয়া মেডিকার এই সুবিশাল লক্ষণাবলীর সুশৃংঙ্খল সূচীপত্র এই রেপার্টরী । হোমিওপ্যাথিক চিকিৎসা কার্যের মূলনীতি হল ওষুধকে শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্মমাত্রায় হতে হবে । তন্মধ্যে সদৃশ একক ওষুধ নির্বাচনে সর্বোত্তম সহযোগিতা প্রদান করাই রেপার্টরীর প্রধান কাজ । রেপার্টরী মেটেরিয়া মেডিকারই একটি ব্যবহারিক ভিন্ন রূপ । আমার ধারণামতে ব্যবহারিক চিকিৎসা ক্ষেত্রে রেপার্টরীর চেয়ে উপকারী ও প্রয়োজনীয় পুস্তক আর দ্বিতীয়টি নেই ।

ঢাকাস্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের রেপার্টরীর শিক্ষক মরহুম অধ্যাপক ডাঃ শাহ ফরিদুল ইসলাম সাহেবকে সর্বাগ্রে শ্রদ্ধার সাথে স্মরণ করছি, যার অনুপ্রেরণাতে রেপার্টরীর চর্চা শুরু করেছিলাম । আমার হোমিওচিকিৎসা গুরু হোমিওরত্ন মরহুম ডাঃ সৈয়দ আলী রেজা (গোল্ডমেডালিষ্ট), ঢাকাস্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ খুরশিদ আলম, উপাধ্যক্ষ অধ্যাপক ডাঃ আবদুল হাকিম (দিবা), ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ ডাঃ মোঃ আব্দুল জলিল মন্ডল (নৈশ), রেজিষ্ট্রার ডাঃ শহিদুর রহমান, আমার শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দ ও সহকর্মীবৃন্দ, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ডাঃ এম এম আবুল মনসুর, ঢাকার দয়াগঞ্জের স্বনামধন্য চিকিৎসক আলহাজ্ব শওকত আলী ভূইয়া ও হোমিও রিফ্রেশার কোর্সের চিকিৎসকবৃন্দ, ঢাকার সেগুন বাগিচা হাই স্কুলে স্থাপিত হোমিও অনুশীলন কেন্দ্রের চিকিৎসকবৃন্দ, মিরপুর সরকারী হোমিওপ্যাথি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক ডাঃ গুরুদাস সরকার, পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রভাষক ডাঃ নাজির হোসেন খাঁন, আমার সহধর্মিণী শিরীন সুলতানা, জ্যেষ্ঠপুত্র ফেরদৌস আমিন মেহেদী, কম্পিউটার হোমিও ক্লিনিকের প্রশিক্ষক ডাঃ ঝুনু রানী বসাক, আমার প্রিয় ছাত্র/ছাত্রীবৃন্দ আমাকে উৎসাহ উদ্দীপনা এবং বিভিন্ন ভাবে সহযোগিতা দিয়েছেন, তাদের সবাইকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি।

এই পুস্তক রচনায় অনেক দেশী বিদেশী লেখকের পুস্তক, বিভিন্ন জার্ণাল এবং বিভিন্ন হোমিওপ্যাথিক কম্পিউটার প্রোগ্রাম (সফটওয়্যার) যেমন- ল্যামনিয়া, হোমপ্যাথ, কারা ও রাডার কম্পিউটার প্রোগ্রাম থেকে সহযোগিতা নিয়েছি, তাদের সকলের কাছে আমি কৃতজ্ঞ ।

এই ক্ষুদ্র পুস্তকটিতে বিভিন্ন হোমিওপ্যাথিক রেপার্টরীর পরিচয়, হোমিওপ্যাথিক রেপার্টরী রচনার ধারাবাহিক ইতিহাস, হ্যানিম্যান থেকে শুরু করে ২০০৩ সাল পর্যন্ত প্রকাশিত রেপার্টরীর তালিকা, রেপার্টরীর প্রয়োজনীয়তা ও রেপার্টরীকরণের মাধ্যমে ওষুধ নির্বাচনের সহজ পদ্ধতি বর্ণনা করার চেষ্টা করেছি । প্রধান প্রধান রেপার্টরীর বিষয়বস্তু, গঠন বৈশিষ্ট্য, অধ্যায় বিন্যাস, ওষুধের মূল্যায়ন, রুব্রিক সজ্জার নিয়ম, আকর্ষণীয় বৈশিষ্ট্য এবং সীমাবদ্ধতা এই পুস্তকে আলোচনা করা হয়েছে, ফলে একজন শিক্ষার্থী বিভিন্ন রেপার্টরীর সুবিধা ও সীমাবদ্ধতা কি তা পূর্বেই জেনে নিয়ে রেপার্টরীটিকে সফল ভাবে ব্যবহার করতে সক্ষম হবেন । রোগীলিপি প্রণয়ন কালে ও রেপার্টরীকরণের সময় বিভিন্ন লক্ষণের গুরুত্ব চিকিৎসককে বিশেষভাবে অনুধাবন করতে হয়, সে জন্য যত প্রকার লক্ষণ বৈচিত্র হতে পারে তৎসমুদয়ের আলোচনা এ পুস্তকে করা হয়েছে । বর্তমান বিশ্বসভ্যতায় কম্পিউটার অপরিহার্য যন্ত্র হিসাবে স্থান করে নিয়েছে, একজন অর্গানন অব মেডিসিন অনুসারী হোমিওপ্যাথিক চিকিৎসক কম্পিউটারকে কিভাবে হোমিওপ্যাথিক চিকিৎসায় ব্যবহার করবেন সে



সম্পর্কেও বিস্তারিত আলোচনা এ পুস্তকটিতে করা হয়েছে । বিভিন্ন হোমিওপ্যাথিক কম্পিউটার সফটওয়্যারের পরিচয়, বিষয়বস্তু ও প্রস্তুতকারকদের ঠিকানা এতে দেয়া হয়েছে, যাতে করে সহজে প্রোগ্রাম সংগ্রহ করে চিকিৎসা ক্ষেত্রে ব্যবহার করতে পারেন। হোমপ্যাথ ক্লাসিক প্রোগ্রাম ব্যবহার করে কিভাবে মেটেরিয়া মেডিকা ও বিভিন্ন পুস্তক থেকে স্বল্প সময়ে জানা বা অজানা তথ্য খুঁজে বের করতে হয় তার বিশদ বিবরণ এতে দেয়া হয়েছে। লক্ষণ সমষ্টির দ্বারা রেপার্টরীকরণের মাধ্যমে সর্বাধিক লক্ষণ সদৃশ ওষুধ কিভাবে নির্বাচন করতে হয় তার দিক নির্দেশনা এ পুস্তকের কম্পিউটারাইজড হোমিওপ্যাথি ও ব্যবহারিক কম্পিউটারাইজড হোমিওপ্যাথি অংশে বিস্তারিত আলোচনা করা হয়েছে । পুস্তকের পরিশিষ্ট অংশে বিভিন্ন লেখকের গবেষণায় প্রাপ্ত শীতকাতর, গরমকাতর ও উভয়কাতর ওষুধের তালিকা গ্রেডিং হিসেবে দেয়া হয়েছে এবং আরও বহুবিধ তথ্যের সংকলন অন্তর্ভুক্ত করা হয়েছে । সাম্প্রতিক কালে দৃষ্টি আকর্ষণ করেছে এমন ধরনের কিছু রোগজ অবস্থার ওষুধের তালিকাও এতে দেয়া হয়েছে। আশা করি এ তালিকাটি চিকিৎসক বন্ধুদের কাজে আসবে।

এই পুস্তকটি কোন মৌলিক পুস্তক নয়, বিভিন্ন পুস্তক থেকে তথ্য সংগ্রহ করে পুস্তকটি রচিত হয়েছে। আমার জানামতে এ পুস্তকে যাবতীয় তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ করার চেষ্টা করেছি, তারপরও তথ্যগত যে কোন ভুলত্রুটির জন্য আমি ক্ষমাপ্রার্থী । এ পুস্তকের মধ্যে তথ্যগত যে কোন ভুলত্রুটি বিজ্ঞ পাঠকবৃন্দ অনুগ্রহ করে আমার নজরে আনলে অবশ্যই তা পরবর্তী সংস্করণে সংশোধন করা হবে । এ বইয়ের যে কোন গঠনমূলক সমালোচনা, উপদেশ ও পরামর্শ সাদরে গৃহীত হবে । প্রকাশিকা, মুদ্রাকর এবং সকল শুভানুধ্যায়ীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি ।

ভবিষ্যতে হোমিওপ্যাথি চিকিৎসা বিষয়ক বিভিন্ন পুস্তক রচনা ও গবেষণার মাধ্যমে হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানকে আর্তমানবতার কল্যাণে অধিকতর উপযোগী করার সামর্থ দানের জন্য আমি মহান আল্লাহতা'লার দরবারে প্রার্থনা জানাচ্ছি এবং আপনাদের সকলের নিকট দোয়া প্রার্থনা করছি।

পরিশেষে যাদের উদ্দেশ্যে এ পুস্তকটি লেখা- ছাত্র/ছাত্রী, শিক্ষার্থী ও চিকিৎসক ভাই বোনেরা এ পুস্তকের দ্বারা সামান্যতম উপকৃত হলেই আমার পরিশ্রম সার্থক হয়েছে বলে মনে করব । বিনীত -


লেখক

ডাঃ এ. কে. এম. রুহুল আমিন

বি. এস-সি; ডি.এইচ. এম. এস. (প্রথম স্থান প্রাপ্ত, ১৯৯০)

গ্রাম-গোবিন্দপুর, ডাকঘর-মাতুয়াইল, থানা-ডেমরা, ঢাকা - ১৩৬২

ফোনঃ (বাসা) ৭৫১-২৯০৯, মোবাইল ঃ ০১৭১-২৬৪২৪৬


তাং ০১-০৬-২০০৩ ইং ।

## SYLLABUS

## UNIVERSITY OF DHAKA

Syllabus for Homoeopathic Degree (B.H.M.S.) Course
(BACHELOR OF HOMOEOPATHIC MEDICINE & SURGERY)

REPERTORISATION

Definition: Homoeopathic Repertory. Different kinds of Homoeopathic Repertory.
History of Homoeopathic Repertories.
Advantages and disadvantages of using repertories with special reference to Kent's and Boenninghausen's Therapeutic Pocket Book. Kent's Repertory, Barthel and Klunker's Synthetic Repertory and their uses.

---

## BANGLADESH HOMOEOPATHIC BOARD

Syllabus for D.H.M.S. Course
(DIPLOMA IN HOMOEOPATHIC MEDICINE & SURGERY)

REPERTORY

1. Definition: Homoeopathic Repertory. Different kinds of Homoeopathic Repertory.
2. History of Homoeopathic Repertories.
3. Advantages and disadvantages of using repertories (with special reference to Kent's and Boenninghausen's Repertory).
4. Construction and use of Boerick's Repertory.
5. Boenninghausen's Therapeutic Pocket Book. Kent's Repertory, Barthel and Klunker's Synthetic Repertory and their uses.
6. Practical demonstration of at least 15 cases and their records to be made by every student.



## সূচীপত্র

### ১ম খন্ড

অধ্যায় বিষয় পৃষ্ঠা





অধ্যায় বিষয় পৃষ্ঠা

# ২য় খন্ড

অধ্যায় বিষয় পৃষ্ঠা





অধ্যায় বিষয় পৃষ্ঠা

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|





## ৩য় খন্ড

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|

# ১ম খন্ড

- রেপার্টরীর সাধারণ আলোচনা:
  রেপার্টরী শব্দের আভিধানিক অর্থ, রেপার্টরীর সংজ্ঞা, নামকরণ ও উৎস
  অর্গানন, মেটেরিয়া মেডিকা ও চিকিৎসাবিদ্যার সাথে রেপার্টরীর সর্ম্পক
  রেপার্টরীর প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা
- হোমিওপ্যাথিক রেপার্টরীর ইতিহাস ও রেপার্টরীর উন্নয়ন:
  রেপার্টরী রচনায় হ্যানিম্যান ও বোনিংহাউসেনের অবদান
  রেপার্টরী রচনার সময়ানুক্রমিক তালিকা
  আধুনিক রেপার্টরী রচনা ও রেপার্টরীর উন্নয়ন
- হোমিওপ্যাথিক রেপার্টরীর শ্রেণীবিভাগ:
  ব্যাপক সাধারণ বা লাক্ষণিক রেপার্টরী, সিন্থেটিক রেপার্টরী, আংগিক রেপার্টরী, নৈদানিক রেপার্টরী, নির্বন্ট রেপার্টরী, বর্ণমালাক্রমিক রেপার্টরী, কার্ড রেপার্টরী, যন্ত্র নির্ভর রেপার্টরী, কম্পিউটার প্রযুক্তি নির্ভর রেপার্টরী
- রেপার্টরী অধ্যয়নে প্রয়োজনীয় টেকনিক্যাল শব্দের ব্যাখ্যা:
  লক্ষণ ও রুব্রিক, ব্যক্তিনিষ্ঠ ও বস্তুনিষ্ঠ লক্ষণ, সর্বাংগিন ও আংগিক লক্ষণ, সাধারণ লক্ষণ ও অসাধারণ লক্ষণ, শারীরবৃত্তিয় লক্ষণ ও নিদানগত লক্ষণ, পরিচায়ক লক্ষণ, আনুষংগিক বা সহযোগী লক্ষণ, অতিরিক্ত লক্ষণ, আকস্মিক লক্ষণ, ধাতুগত লক্ষণ, রোগোৎপত্তির কারণজ্ঞাপক লক্ষণ, কীনোট সিম্পটম্পস, পর্যায়ক্রমিক লক্ষণ, বিপরীতভাবাপন্ন লক্ষণ, ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ বা প্রয়োগ লক্ষণ, মৌলিক লক্ষণ ও নির্ণায়ক লক্ষণ, প্রাথমিক লক্ষণ ও মাধ্যমিক লক্ষণ, রোগজ লক্ষণ ও ওষুধসৃষ্ট লক্ষণ, ক্লিনিক্যাল লক্ষণ, প্রতিনির্দেশ বা ক্রস-রেফারেন্স
- লক্ষণের মূল্যায়ন
- বিভিন্ন ধরনের লক্ষণের উদাহরণ

# Part I

- Repertory in General:
  Meaning, Definition, Source and Origin of Homoeopathic Repertory
  Its relation with Organon, Materia Medica and Therapeutics
  Advantages and disadvantages of using Repertories
- History of Homoeopathic Repertories and its Development:
  Contribution of Hahnemann and Boenninghausen in Homoeopathic Repertory
  Chronological list of Repertories
  Written of modern repertories and its developments
- Classification of Homoeopathic Repertories:
  General or Symptomatic Repertories, Synthetic Repertories, Particular Repertories, Clinical Repertories, Concordance Repertories, Alphabetical Repertories, Card Repertories, Mechanically aided Repertories, Computer aided Repertories
- Study of some Technical terms:
  Symptoms and Rubrics, Common and uncommon symptoms, General and particular symptoms, Characteristic and Keynote symptoms, Pathological and Physiological symptoms, Alternating and Contradictory symptoms, Concomitant symptoms, Prescribing symptoms and Clinical symptoms, Basic symptoms and Determinative symptoms, Eliminating symptoms, Subjective and Objective symptoms, Pathonomic symptoms, Pathogenic symptoms. Primary and Secondary symptoms, Cross References
- Evaluation of Symptoms
- Example's of Symptoms

# ১ম অধ্যায়

## রেপার্টরীর সাধারণ আলোচনা
## REPERTORY IN GENERAL

### রেপার্টরী শব্দের আভিধানিক অর্থ
### (Dictionary Meaning of Repertory)

ল্যাটিন শব্দ Repertorium এবং ফ্রেঞ্চ শব্দ Reperire →Repertoire হতে Repertory শব্দের উদ্ভব হয়েছে। উভয় শব্দই কোন স্থান হতে কোন কিছু খুঁজে বের করা (to find out) বুঝায়। রেপার্টরী শব্দের আভিধানিক অর্থ অনেক প্রকার হতে পারে, যেমন - ওষুধ কোষ, ভান্ডার (Store or Stock or Storehouse or Repository or Depository), দ্রব্যাদির তালিকা বা ফর্দ (Inventory or Catalogue or List), কোষাগার (Treasury), সংগ্রহশালা (Collection), বিশেষ তথ্যালয় (A store or collection esp. of information), সূচীপত্র (Index), উদাহরণ (Instances), দলিল (Facts), বিশেষ নাট্যমঞ্চ (Company Theatre- যেখানে নিত্যনতুন নাটক প্রতিনিয়ত মঞ্চস্থ হচ্ছে) ইত্যাদি।

Repertory শব্দকে ভেঙ্গেও (Re-per-t-ory → Re+Parire+ory) একটি অর্থ বের করা যায়, Re অর্থ পুনরায় (again), Parire অর্থ একত্রে সন্নিবেশ করা বিষয়ের তালিকা বা ফর্দ বা গুরুত্বপূর্ণ বিষয়ের নির্বাচিত তালিকা (list or listed items) বা উৎপাদন করা (beget or produce) এবং ory অর্থ স্থান বা পর্যালোচনা বা বিষয়বস্তু বা বিন্যাস প্রণালী। পূর্ণ ব্যাখ্যা করলে রেপার্টরী শব্দের অর্থ দাড়ায়, এমন একটি কৌশলে পূর্ণ সাজানো ছক বা পদ্ধতি যাতে প্রয়োজনীয় তথ্য বা বস্তু স্বল্প সময়ে প্রাপ্তীর জন্য সংরক্ষিত থাকে (A place where things or informations are kept in an orderly manner so that they can be easily found), অথবা এমনই একটি ছক বা সংক্ষিপ্তসারপূর্ণ তথ্যালয় যেখানে বিষয়সমূহ এমনভাবে সুবিন্যস্ত থাকে যে সহজেই খুঁজে পাওয়া যায় (A table of a compendium where the contents are easy to find out)।

বিভিন্ন অভিধানে রেপার্টরী শব্দের নিম্মোক্ত বর্ণনা দেয়া হয়েছে -

1. Repertory - ঔষধ কোষ, The book in which medicines are arranged, to be easily found.
   - Medical Dictionary-Dr. R.D. Sikdar, B. Jain Publishers Ltd. India. (1994).

2. Repertory [Re-pa(r)t(a)ri] -n. a storehouse, ভান্ডার ; A stock of pieces that a person or company is ready to perform, অভিনেতা বা অভিনেত্রী বা অভিনয়কারী দলের প্যাট নাটক প্রভৃতির সংগ্রহ। অভিনেয় নাটকাদির ভান্ডারবিশিষ্ট বা স্থায়ী অভিনয়কারী দলবিশিষ্ট রঙ্গালয় যেখানে একই নাটক বহু রজনীতে অভিনয়ের প্রয়োজন হয় না।
   -Samsad English-Bengali dictionary, Fifth edition (1993).

3. Repertory - ১। যে সব নাট্যগোষ্ঠিতে নিয়মিতভাবে নাটক ও শিল্পী বদল করা হয় (একই নাটক বার বার মঞ্চস্থ না করে)
   ২। তথ্যভান্ডার
   -Bangla Academy English-Bengali dictionary, Dhaka. (1994)

4. Repertory - A storehouse, repository, a stock of pieces that a person or company is prepared to perform. Also adjective. Repertory (rep'ar-twar; Fr. repertoire) performer's or company's repertory; a full set of codes and instructions, which a computer can accept and execute. Repertory word is originated from Late Latin word "Repertorium", French word "Repertoire" both means 'find'.
   - Chamber's English Dictionary, (1986).

5. Repertory - Latin Repertorium- An inventory. L. repertus, pp of reperire, to find out, discover, re - again + parire, to produce, invent, acquire.





1. A storehouse, repository for useful things.
2. The things stored, stock, collection.
3. A repertoire.
- Webster's New World Dictionary of the American Language (1951).

6. Repertory -1. Any store or stock of things ready for use.
   2. Storehouse syn. depository, depot.
   3. Repertory company or theater.
   Late Latin repertorium - inventory<Latin reperire to find, get; re-again+Parere - beget, produce.
   -The World Book dictionary vol two L-Z (1979).

7. Repertory -
   1. Place for finding somthing, store or collection, esp. of information, instances, facts, etc.
   2. Prec. theatrical performance of various plays for short periods by one ~ company.
   Repertoire n. stock of picces etc, that company or performer knows or is prepared to find, totality of regularly performed pieces regularly used techniques etc.
   Ory - forming, usually denoting place (dormitory, laboratory, oratory, refectory).
   - The Concise Oxford Dictionary Seventh edition (1984)

8. Rep-er-to-ry
   1. A place where things are gathered together, or the things so gathered; a repository; collection.
   2. Repertoire < L.L repertorium - inventory, < L < repertus, pp. of reperire find, discover < re- again + parire - produce.
   - Funk & Wagnalls Standard Dictionary (1967).

9. Repertory
   1. A storehouse.
   2. A repertoire - Late Latin repertorium, 'List, Catalogue'; Fr. L. repertus, pp. of reperire, 'to procure, find again, find out, procure' Fr. re - and parire, archaic form of parere, ' to bring forth, produce'.
   Ory - forming adjectives with the meaning ' pertaining to, serving to, of the nature of ' as in preparatory, declamatory, hortatory.
   Ory - Forming nouns denoting ' place' as in ambulatory, dormitory.
   - A comprehensive Etymological Dictionary of the English Language, vol II (1967).

10. Repertory
   Latin. Repertorium, > Reperio, to find again, re- again and pario, to produce.
   A repertoire; a repository, store, or collection of things; The presentation of plays alternately or in succession in on season.
   - The International Webster New Encyclopedic Dictionary of the English Language (1971).

11. Repertory
   1. Repertoire
   2. A theatrical company that performs regularly and in alternate sequences several plays, operas, or the like.
   3. A store or stock of things available.
   4. Storehouse.

   Repertoire
   1. The list of dramas, operas, parts, pieces etc, which a company, actor, singer, or the like, is prepared to perform.





   2. The entire stock of works existing in a particular artistic field; a new play has been added to the theatrical repertoire, catalogue and inventory.
   - The Random House Dictionary of the English Language (1966).

12. Repertoire
   A stock of dramatic or musical pieces which a company or player is accustomed or prepared to perform; one's stock of parts, tunes, songs etc.

   Repertorium
   A catalogue, a storehouse, repository.

   Repertory
   1. An index, list, catalogue or calender.
   2. A storehouse, magazine, or repository, where something may be found.
   - The Oxford English Dictionary (1961).

13. Repertory
   The practice of performing several plays, with to the same actors and in the same theatres one after another on different days.
   - Longman Dictionary of Contempetary English (1995).

## রেপার্টরীর সংজ্ঞা
## (Definition of Repertory)

রেপার্টরীর সংজ্ঞা বহু প্রকারের হতে পারে, যেমন ঃ-

১। দ্রুত খুঁজে পাওয়ার সুবিধা সম্বলিত ধারাবাহিক ভাবে সজ্জিত বিশাল তথ্য ভান্ডারকে রেপার্টরী বলে।

২। যে স্থানে বা ভান্ডারে হরেক রকমের বস্তুর বিশাল সমাহারকে এমন ভাবে কৌশলে ধারাবাহিক ভাবে সাজিয়ে রাখা হয়, যাতে প্রয়োজনের সময় কাঙ্ক্ষিত বস্তু দ্রুত খুঁজে বের করা সম্ভব হয় অর্থাৎ দ্রুত খুঁজে পাওয়ার সুবিধা সম্বলিত ধারাবাহিক ভাবে সজ্জিত বিশাল সংগ্রহশালাকে রেপার্টরী বলে।

৩। অষ্টাদশ শতাব্দীতে দূর্গের অস্ত্রাগারে অগ্রবর্তী বাহিনীর অস্ত্র যে বিশেষ পদ্ধতিতে সাজিয়ে রাখা হত, তাকে তৎকালে রেপার্টরী বলা হত।

৪। যে নাট্যমঞ্চে একই নাট্যগোষ্ঠি বা একই শিল্পীগোষ্ঠি দ্বারা প্রতিনিয়ত নিত্যনতুন নাটক মঞ্চস্থ হয়, তাকে রেপার্টরী বলে।

৫। ধারাবাহিকভাবে বর্ণিত লক্ষণ তালিকার বিপরীতে আভিধানিক পদ্ধতিতে সজ্জিত ওষুধ বা ওষুধগুচ্ছের তালিকাকে রেপার্টরী বলে।

৬। কোডসমুহের পূর্ণ সেট ও তথ্যাবলী, যা কম্পিউটারের বোধগম্য হয় ও কার্যনির্বাহে সক্ষম তাকে রেপার্টরী বলে। (A full set of codes and instructions, which a computer can accept and execute. - Chamber's English Dictionary, 1986)

## হোমিওপ্যাথিক রেপার্টরীর সংজ্ঞা
## (Definition of Homoeopathic Repertory)

হ্যানিম্যান বিরচিত অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত নিয়ম নীতি অনুসরণ করে - স্বল্পতম সময়ে, সুনির্বাচিত, সদৃশ, একক হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচনের সুবিধার্থে (ক) সুস্থ মানবদেহে পরীক্ষিত (Drug Proving) বা (খ) বিষবিজ্ঞান হতে আহরিত জ্ঞান (Toxicology) বা (গ) ক্লিনিক্যাল ভাবে সম্পূর্ণ বা আংশিকভাবে পরীক্ষিত (Clinical experience) ওষুধসমূহের রোগলক্ষণ উৎপাদনকারী বা আরোগ্যকারী গুণাবলীর দ্বারা লিপিবদ্ধ হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকায় অন্তর্ভূক্ত মানব দেহ-মনে প্রকাশিত প্রায় সর্বপ্রকার রোগ লক্ষণাবলীকে (রুব্রিক বা লক্ষণ শিরোনাম হিসেবে) ধারাবাহিকভাবে ও (১) বর্ণমালার ক্রমানুসারে সাজিয়ে (Alphabetical order- ডাঃ রবিন মারফির হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী) বা (২) কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে (Schematic order - ডাঃ কেন্টের





রেপার্টরী) বা (৩) পরিচায়ক লক্ষণাবলীর সমন্বয়ে সাজিয়ে (Guiding principles - ডাঃ বোনিংহাউসেন এর রেপার্টরী) এবং প্রতিটি লক্ষণের নির্দেশিত ওষুধাবলীকে বর্ণমালার ক্রমানুসারে ও ওষুধের গুরুত্ব অনুযায়ী সাজিয়ে অর্থাৎ আভিধানিক পদ্ধতি অনুসরণ করে যে বিশেষ ধরনের লক্ষণ নির্দেশিকা বা লক্ষণকোষ বা লক্ষণসূচী বা ওষুধকোষ বা ওষুধসূচী বা 'লক্ষণ+ওষুধ' ভান্ডার রচিত হয়েছে তার নাম হোমিওপ্যাথিক রেপার্টরী।

হোমিওপ্যাথিক রেপার্টরী এমনই কলা-কৌশলে পরিপূর্ণ লক্ষণসূচী যে, মেটেরিয়া মেডিকার লক্ষণ-সমুদ্র হতে প্রয়োজনীয় লক্ষণ ও ওষুধতালিকা স্বল্পতম সময়ে খুঁজে বের করা সম্ভব হয়, কিন্তু এটা কোন অবস্থাতেই মেটেরিয়া মেডিকার বিকল্প বা স্থলাভিষিক্ত হতে পারে না।

সুতরাং বলা যায় রেপার্টরী হচ্ছে -

১। মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর আভিধানিক সূচীপত্র (Index of Materia Medica)।

২। ওষুধের রোগৎপাদক বা আরোগ্যকারক গুণাবলীর আভিধানিক সূচীপত্র।

৩। কোন বিশেষ লক্ষণের (রুব্রিক বা লক্ষণ শিরোনাম হিসেবে) বিপরীতে ওষুধগুচ্ছের তালিকা প্রদানকারী।

৪। যে কোন লক্ষণের যতগুলো ওষুধ হতে পারে সে সকল ওষুধের মূল্যায়ন বা গ্রেড প্রদর্শনকারী ও তুলনাকারী।

৫। মেটেরিয়া মেডিকার বিশাল লক্ষণসমুদ্র হতে স্বল্পতম সময়ে, সঠিক, একক, সদৃশ ওষুধ খুঁজে পাওয়ার সবচেয়ে নির্ভরযোগ্য পুস্তক বা হাতিয়ার (Tool)।

৬। হোমিওপ্যাথিক ওষুধের ও লক্ষণের ভান্ডার।

বিভিন্ন রেপার্টরী বিশারদ বিভিন্ন ভাবে রেপার্টরীকে সংজ্ঞায়িত করেছেন, যেমন ঃ-

1. A repertory is an index of symptoms, arranged systematically.
---Dr. Boenninghausen. (1832).

2. It is a book of index of medicines under symptoms. it is well related with Materia Medica, Therapeutics and Organon. Hence Materia Medica and Therapeutics are said to be the dictionary and Organon as grammar.
---- Dr.C.M. Bogar (1938).

3. A Repertory is an index of symptoms and there corresponding homeopathic remedies.
----Dr. Harvey Farrington, M. D.

4. It is like a dictionary, a book of nature relating the meaning of myriads of pathological phenomena. It is a grand key for successful exploration of Homoeopathic remedies.
---- Dr.I.G. Bidwel (1915).

5. It is a sort of dictionary or an index. Hence basically the repertory is an index to our Homoeopathic Meteria Medica.
---- Dr. Jugol Kishore (1967).

6. The Repertory is an index, a catalogue of Meteria Medica neatly arranged in a practical form as also indicating the relative gradation of drugs and it greatly facilitates quick selection of indicated remedy.
---- Dr. D. Tarafder (1986).

7. The word REPERTORY has originated from Latin word " REPERTORIUM " which means 'an inventory' a table or a compendium where the contents are so arranged that they are easy to find.
----R. P. Patel (1976).

8. Repertory is an index to Homoeopathic Materia Medica, which is full of information collected from toxicology, drug proving and clinical experience. Repertory helps us to find out the required symptoms together with medicine or group of medicines having different grades. It is a connecting link between Materia Medica and disease. The process of repertorisation is essentially an elimination, which starts with a broad choice and slowly narrows down the field giving us adequate small group of medicines so that the final selection is made easier with the help of further reference to Materia Medica.
----S. K. Tiwari (1991).

9. Repertory is therefore and index of symptoms of Materia Medica, the record of scientific proving which is reproduced and artistically arranged in a practical form, indicating the relative gradation of medicine to facilitate the quick selection of the indicated medicine.
----J.B. Castro (1995).

10. Repertory may be defined as an index, a catalogue of Materia Medica or and inventory, compendium, store house and collection of information / instance on Homoeopathic Remedies which are neatly arranged in a systematised form indicating the relative gradation of drugs which facilitates the quick selection of remedy.
---- N. Mishra (1996).





11. Repertory is a book and is an index or storehouse of Homoeopathic drugs which are arranged in a systematic manner with their relative gradation of drugs against individual rubrics (symptoms), which facilitates the quick selection of remedies.

It has been derived from a late Latin word called "Repertorium" which originates from "Reperire" it means "to find out" "Re" means "again"; "Parere" means "to bring forth". A place where things are to be brought forth again during the necessity.
---- Prof. (Dr.) N. Mohanty (2000).

12. In Repertory against the rubrics, the appropriate representative remedies in the Homoeopathic Materia Medica are listed. All categories of symptoms have their representation in the repertory. it is a magnificent store house of inestimable value of Homoeopathic Materia Medica. Repertory is an aid and repertorisation is essentially a qualitative analysis. Repertory is a collection of isolated disconnected symptoms recorded in Homoeopathic Materia Medica source book. These are the building blocks but not the "building".
---K.N. Kasad (1978).

13. A Repertory in Homoeopathy is an index of symptoms of our Materia Medica with there corresponding Homoeopathic Medicines arranged systematically. It may be arranged in an alphabetical order (Dr. R.Murphy's) or a schematic order (Dr. Kent's) or upon definite guiding principles (Dr. Boenninghausen's).
---- Prof. (Dr.) N. Mohanty (2000).

**রেপার্টরী শব্দের উৎস ও মর্মার্থ, হোমিওপ্যাথিক রেপার্টরী নামকরণের সার্থকতা (Source and significance of Repertory word, Homoeopathic Repertory - Justification of name)**

ল্যাটিন শব্দ Repertorium এবং ফ্রেঞ্চ শব্দ Reperire→Repertoire হতে Repertory শব্দের উদ্ভব হয়েছে। উভয় শব্দই কোন স্থান হতে কোন কিছু খুঁজে বের করা (to find out) বুঝায়। রেপার্টরী শব্দের আভিধানিক অর্থ বহুপ্রকার হতে পারে, যেমন- ভান্ডার (Store or Stock or Store house), দ্রব্যাদির তালিকা বা ফর্দ (Inventory), কোষাগার (Treasury), সংগ্রহশালা (Collection), বিশেষ তথ্যালয় (A Store or collection especially of information), সূচীপত্র (Index), উদাহরণ (Instances), দলিল (Facts), বিশেষ নাট্যমঞ্চ (Company Theatre) -যেখানে নিত্যনতুন নাটক প্রতিনিয়ত মঞ্চস্থ হচ্ছে ইত্যাদি। Repertory শব্দকে ভেঙ্গেও একটি অর্থ বের করা যায়, Re অর্থ পুনরায়, Parere অর্থ একত্রে সন্নিবেশ করা বিষয়ের তালিকা বা ফর্দ বা গুরুত্বপূর্ণ বিষয়ের নির্বাচিত তালিকা (list or listed items) এবং ory অর্থ পর্যালোচনা বা বিষয়বস্তু, অর্থাৎ পুনঃপুনঃ আলোচনা বা পুনরায় ভাগভাগ করে পর্যালোচনা।

পূর্ণ ব্যাখ্যা করলে রেপার্টরী শব্দের অর্থ দাড়ায়, এমন একটি কৌশলে পূর্ণ সাজানো ছক বা পদ্ধতি যাতে প্রয়োজনীয় তথ্য বা বস্তু স্বল্প সময়ে প্রাপ্তীর জন্য সংরক্ষিত থাকে ( A place where things or informations are kept in an orderly manner so that they can be easily found) অথবা এমনই একটি ছক বা সংক্ষিপ্তসারপূর্ণ তথ্যালয় যেখানে বিষয়সমূহ এমনভাবে সুবিন্যস্ত থাকে যে সহজেই খুঁজে পাওয়া যায় (A table of a compendium where the contents are easy to find out)।

অষ্টাদশ শতাব্দীতে পশ্চিমাঞ্চলীয় দেশগুলোর মধ্যে যুদ্ধবিগ্রহ প্রায় লেগেই থাকত। তখন বিভিন্ন দেশের বহু স্থানে বহু দূর্গ, বহুপ্রকার বাহিনী এবং বহুপ্রকারের অস্ত্র-শস্ত্র ছিল। অগ্রবর্তী বাহিনীর প্রধান অস্ত্র ছিল সূচাগ্র ধারাল অস্ত্র (Weapons)। এই অস্ত্রগুলো বিভিন্ন প্রকারের ছিল এবং দূর্গের বিশেষ স্থানে বিশেষ পদ্ধতিতে সাজানো অবস্থায় সংরক্ষণ করা হত, যাতে যুদ্ধের সময় জরুরী প্রয়োজনে অগ্রবর্তী বাহিনীকে দ্রুত অস্ত্র সরবরাহের মাধ্যমে শত্রুর মোকাবেলা করা যায় এবং সময়ক্ষেপন কম হয়। যুদ্ধের এই বিভিন্ন অস্ত্র-শস্ত্র যে বিশেষ পদ্ধতিতে সাজিয়ে রাখা হত তাকে তৎকালে Repertorium বা Repertire বা Repertoire নামে অভিহিত করা হত, যা হতেই বর্তমানে **Repertory** শব্দের উদ্ভব হয়েছে ।-----(Repertory Explained - D. Tarafder, 1986)





হোমিওপ্যাথিক রেপার্টরী এমন একটি পুস্তক যাতে মানুষের দেহ-মনে প্রকাশিত প্রায় সকল লক্ষণাবলীকে বর্ণমালার ক্রমানুসারে এবং প্রতিটি লক্ষণের নির্দেশিত ওষুধাবলীকে বর্ণমালার ক্রমানুসারে ও ওষুধের গুরুত্ব অনুযায়ী সাজিয়ে লিপিবদ্ধ করা হয়েছে, যাতে রোগী চিকিৎসাকালে চিকিৎসক রোগনাশক ওষুধ নামক অস্ত্র দ্রুত নির্বাচন করে চিকিৎসাক্ষেত্রে (রূপক অর্থে যুদ্ধক্ষেত্রে) অবতীর্ণ হতে পারেন। যুদ্ধক্ষেত্রে যোদ্ধাকে সঠিক অস্ত্র দ্রুত সরবরাহ করা হলে যোদ্ধার যুদ্ধজয়ী হতে যেমন সহায়ক হয়, তেমনি রোগশক্তি নামক শত্রুর বিরূদ্ধে যুদ্ধ করতে হলে চিকিৎসকের হাতেও তেমন সঠিক অস্ত্র (সঠিক ওষুধ) সরবরাহ থাকা চাই। আর রেপার্টরী হল সেই ওষুধ নামক অস্ত্রের ভান্ডার বা যোগানদাতা। সুতরাং দেখা যাচ্ছে যে, রেপার্টরী শব্দের উৎস, মর্মার্থ, ঐতিহাসিক পটভূমি, বিষয়বস্তু, গঠন, কার্য এবং নামের সাথে এর পূর্ণাঙ্গ মিল থাকায় হোমিওপ্যাথিক ওষুধভান্ডারের বা লক্ষণসূচীর নামকরণ রেপার্টরী করা যথেষ্ট যুক্তিযুক্ত হয়েছে এবং হ্যানিম্যান রেপার্টরী নামকরণে যথেষ্ট দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন।

**অর্গানন ও রেপার্টরীর সম্পর্ক**
**(Relation with Organon and Repertory)**

চিকিৎসা বিজ্ঞানী স্যামুয়েল হ্যানিম্যান কর্তৃক বিরচিত অর্গানন অব মেডিসিন হোমিওপ্যাথিক চিকিৎসাবিদ্যার সংবিধান গ্রন্থ। হোমিওপ্যাথিক চিকিৎসা কার্য পরিচালনার যাবতীয় নির্দেশ ও নিয়মনীতি এই গ্রন্থে বর্ণিত আছে। অর্গানন অব মেডিসিন গ্রন্থের নির্দেশ অনুসারে সুস্থ মানবদেহে ওষুধ পরীক্ষিত হয়ে মেটেরিয়া মেডিকা রচিত হয়েছে এবং মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সদৃশ ওষুধ দ্বারা রোগীর চিকিৎসাকার্য সম্পাদিত হচ্ছে। অন্যদিকে রেপার্টরী- মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সূচীপত্র হিসেবে কাজ করে ও লক্ষণ সমষ্টির মাধ্যমে একক সদৃশ ওষুধ নির্বাচনে সর্বোচ্চ সহায়তা প্রদান করে অর্গাননের নির্দেশ বাস্তবায়নে সহযোগিতা দিয়ে অর্গাননের সাথে যোগসূত্র স্থাপন করেছে। হ্যানিম্যান অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদে বলেন -চিকিৎসা ক্ষেত্রে সেই লক্ষণগুলিই সর্বাপেক্ষা মূল্যবান যা চিকিৎসককে একটি ওষুধের সাথে পরিচয় করে দেয়। তিনি আরও বলেন- সুস্পষ্ট দৃষ্টি আকর্ষক, একক, অসাধারণ, অদ্ভুত, (পরিচায়ক) বিরল চিহ্ন ও লক্ষণের (more striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms) মূল্যই সর্বাধিক। একই অনুচ্ছেদের অন্তর্গত ১০৯ নং পাদটীকায় বলেন ঃ- Dr. von Boenninghausen, by the publication of the characteristic symptoms of homoeopathic medicines and his

Repertory has rendered a great service to Homoeopathy as well as Dr. J. H. G. Jahr in his hand-book of principal symptoms. অর্থাৎ অর্গাননের ১৫৩ নং অনুচ্ছেদের অন্তর্গত ১০৯ নং পাদটীকায় সবচেয়ে মূল্যবান লক্ষণের [সুস্পষ্ট দৃষ্টি আকর্ষক, একক, অসাধারণ, অদ্ভুত, (পরিচায়ক) বিরল চিহ্ন ও লক্ষণের] সদৃশ ওষুধ অনুসন্ধানের জন্য রেপার্টরী ব্যবহারের ইংগিত হ্যানিম্যান দিয়েছেন।

অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত হোমিওপ্যাথিক চিকিৎসাকার্যের মুলনীতি হল ওষুধকে শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্মমাত্রায় হতে হবে। তম্মধ্যে সদৃশ, একক ওষুধ নির্বাচনের ক্ষেত্রে সর্বোত্তম সহযোগিতা প্রদান করাই রেপার্টরীর প্রধান কাজ। রেপার্টরী আদর্শ পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নে, অচির ও চিররোগের ওষুধ নির্বাচনে, একদৈশিক পীড়ার ওষুধ নির্বাচনে, একই লক্ষণের একাধিক বিভিন্ন ওষুধের মূল্যায়নে ও তুলনাকরণে, অদ্ভুত, বিরল, অসাধারণ, আশ্চার্যজনক লক্ষণের মাধ্যমে ওষুধ নির্বাচনে, হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার সমুদ্রতুল্য লক্ষণাবলীর বিশাল ভান্ডার হতে স্বল্পতম সময়ে লক্ষণ ও ওষুধ খুঁজে বের করতে, সুনির্বাচিত এক বা একাধিক লক্ষণের সমন্বয়ে তৈরী রোগীচিত্রের সদৃশ ওষুধতালিকা প্রাপ্তিতে ও পরিশেষে মেটেরিয়া মেডিকা পাঠ করে একক সদৃশ ওষুধ নির্বাচন করতে নির্দেশ দিয়ে চিকিৎসাকর্মকে আরোগ্যকলায় বা আরোগ্যবিজ্ঞানে পরিণত করেছে। এভাবে অর্গাননের নির্দেশকে ব্যবহারিক ক্ষেত্রে বাস্তবায়নের কৌশল শিক্ষা দিয়ে রেপার্টরী পুস্তকটি অর্গাননের সাথে গভীর সর্ম্পক স্থাপন করেছে।

রেপার্টরী সদৃশ লক্ষণে একক হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচনের সবচাইতে কঠিনতম কর্মসম্পাদনের দিক নির্দেশনা দান করে ও চিকিৎসককে অর্গানন অব মেডিসিন গ্রন্থের নির্দেশ বাস্তবায়নে প্রত্যক্ষ সহযোগিতা প্রদান করে চিকিৎসাবিদ্যা ও অর্গাননের সাথে সুগভীর সম্পর্ক স্থাপন করেছে।

এ প্রসংগে রেপার্টরীর নিম্নোক্ত দু'টি বিখ্যাত সংজ্ঞা প্রণিধানযোগ্য।

1. It is a book of index of medicines under symptoms. It is well related with Materia Medica, Therapeutics and Organon, whence Materia Medica and Therapeutics are said to be the dictionary and Organon as grammar. ---- Dr. C. M. Bogar.

2. The Repertory is an index, a catalogue of Meteria Medica neatly arranged in a practical form as also indicating the relative gradation of drugs and it greatly facilitates quick selection of indicated remedy. ---- Dr. D. Tarafder.





## মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীর সর্ম্পক
## (Relation with Materia Medica and Repertory)

হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা একটি লক্ষণসমুদ্র বিশেষ। এই মহাগ্রন্থে সুস্থ মানবদেহে পরীক্ষিত প্রতিটি ওষুধের নামের পার্শ্বে উক্ত ওষুধ দ্বারা সৃষ্ট বা আরোগ্যদায়ক লক্ষণসমুহ ধারাবাহিকভাবে বা কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে (Schematic order) লিপিবদ্ধ করা থাকে, ফলে প্রতিটি ওষুধের অসংখ্য লক্ষণের সমাহারের মাধ্যমেই সৃষ্টি হয় হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার। হোমিওপ্যাথিক চিকিৎসাবিধানে রোগী চিকিৎসাকালে লক্ষণের সাদৃশ্যতা নির্ণয় করাই মূলসূত্র। আর্দশ হোমিওপ্যাথিক চিকিৎসক রোগীর লক্ষণাবলীকে মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সাথে সাদৃশ্যতা নির্ণয় করেই ব্যবস্থাপত্র প্রদান করেন। কিন্তু হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সমাহার এত বিশাল যে, কোন মানুষের পক্ষে সকল লক্ষণাবলীকে সর্বদা স্মরণে রাখা সম্ভব নহে, কিন্তু প্রয়োজনের সময় কোন লক্ষণে কোন কোন ওষুধ সেটি জানা না থাকলে সঠিক ওষুধ নির্বাচন করা সম্ভব হবে না, ফলে চিকিৎসাকার্য ব্যর্থতায় পর্যবসিত হবে। এই অসুবিধা দূর করার জন্য মেটেরিয়া মেডিকার সকল লক্ষণাবলীর একটি সূচীপত্র প্রণয়নের প্রয়োজনীয়তা হ্যানিম্যান উপলব্ধি করেন এবং তিনি মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর একটি সূচীপত্র প্রণয়ন করেন, তার অনুসরণে সৃষ্ট মেটেরিয়া মেডিকার এই সুবিন্যস্ত সূচীপত্রই নানা রকম পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে রেপার্টরী নামক সতন্ত্র পুস্তক হিসেবে পরিচিতি লাভ করেছে। অর্থাৎ মেটেরিয়া মেডিকায় বর্ণিত ওষুধের লক্ষণাবলীর সুশৃঙ্খল সূচীপত্রের অপর নাম রেপার্টরী। রেপার্টরী মেটেরিয়া মেডিকাকে ঘিরেই আর্বতিত হচ্ছে, মেটেরিয়া মেডিকার বিশাল লক্ষণাবলী হতে স্বল্প আয়াসে সঠিক ওষুধ নির্বাচনের দিক নির্দেশনা দান করাই রেপার্টরীর প্রধান কাজ কিন্তু কোন অবস্থাতেই মেটেরিয়া মেডিকার পরিবর্তে বা মেটেরিয়া মেডিকার বিকল্প হিসেবে রেপার্টরীকে চিকিৎসার একমাত্র কেন্দ্রবিন্দু রূপে গ্রহণ করা যাবে না। সুবিচার ও লক্ষণের নির্ভুল মূল্যায়নের মাধ্যমে সর্বোত্তম ব্যবস্থাপত্র প্রদানে রেপার্টরীর ব্যবহার একটি উৎকৃষ্ট আর্ট এবং হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচনের সর্বোত্তম কৌশল হলেও এটি সম্পূর্ণরূপে মেটেরিয়া মেডিকার উপর নির্ভরশীল।

এ প্রসংগে রেপার্টরীর নিম্নোক্ত দু'টি বিখ্যাত সংজ্ঞা প্রণিধানযোগ্য।

1. It is a sort of dictionary or an Index. Hence basically the Repertory is an index to our Homoeopathic Meteria Medica. ---- Dr. Jugol Kishore.

2. The Repertory is an index, a catalogue of Meteria Medica neatly arranged in a practical form as also indicating the relative gradation of drugs and it greatly facilitates quick selection of indicated remedy. ---- Dr. D. Tarafder.

## মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীর পার্থক্য
## (Difference between Materia Madica and Repertory)

| মেটেরিয়া মেডিকা | রেপার্টরী |
|---|---|
| ১। সুস্থ মানবদেহে পরীক্ষিত (Drug Proving) বা বিষবিজ্ঞান হতে আহরিত জ্ঞান (Toxicology) বা ক্লিনিক্যাল ভাবে সম্পূর্ণ বা আংশিকভাবে পরীক্ষিত (Clinical experience) ওষুধসমূহের রোগলক্ষণ উৎপাদনকারী বা আরোগ্যকারী গুণাবলীকে ওষুধের নামের বিপরীতে কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে (Schematic order) লিপিবদ্ধ করে হোমিওপ্যাথিক চিকিৎসাশাস্ত্রের যে মূলগ্রন্থ রচিত হয়েছে তার নাম হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা। | ১। হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকায় লিখিত রোগ লক্ষণাবলীকে (রুব্রিক বা লক্ষণ শিরোনাম হিসেবে) ধারাবাহিকভাবে ও বর্ণমালার ক্রমানুসারে সাজিয়ে (Alphabetical order- ডাঃ রবিন মারফির হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী) বা কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে (Schematic order - ডাঃ কেন্টের রেপার্টরী) বা পরিচায়ক লক্ষণাবলীর সমন্বয়ে সাজিয়ে (Guiding principles - ডাঃ বোনিংহাউসেন এর রেপার্টরী) এবং প্রতিটি লক্ষণের নির্দেশিত ওষুধাবলীকে বর্ণমালার ক্রমানুসারে ও ওষুধের গুরুত্ব অনুযায়ী সাজিয়ে অর্থাৎ আভিধানিক পদ্ধতি অনুসরণ করে যে বিশেষ ধরনের লক্ষণ নির্দেশিকা বা লক্ষণকোষ বা লক্ষণসূচী বা ওষুধকোষ বা ওষুধসূচী বা লক্ষণ+ওষুধ ভাডার রচিত হয়েছে তার নাম হোমিওপ্যাথিক রেপার্টরী। |





| মেটেরিয়া মেডিকা | রেপার্টরী |
|---|---|
| ২। মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর প্রধান উৎস ড্রাগ প্রুভিং (Drug Proving), বিষবিজ্ঞান (Toxicology) বা ক্লিনিক্যাল ভাবে সম্পূর্ণ বা আংশিকভাবে পরীক্ষিত (Clinical experience) ওষুধ। | ২। রেপার্টরীর প্রধান উৎস মেটেরিয়া মেডিকা, ড্রাগ প্রুভিং, বিষবিজ্ঞান (Toxicology), এবং বহু ক্ষেত্রে চিকিৎসাগত অভিজ্ঞতা (Clinical experience) থেকে প্রাপ্ত লক্ষণাবলী। |
| ৩। লক্ষণসমূহকে ওষুধের নামের বিপরীতে কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে (Schematic order) লিপিবদ্ধ করা হয়েছে, রেপার্টরীর মত লক্ষণের বিপরীতে ওষুধের তালিকা ও বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত করে লিপিবদ্ধ করা হয়নি। | ৩। রেপার্টরীতে প্রথমতঃ বিভিন্ন অধ্যায়ের নাম এবং প্রতিটি অধ্যায়ের সম্পর্কযুক্ত লক্ষণসমুহকে রুব্রিকে রুপান্তরের পর বর্ণমালার ক্রমানুসারে বা কার্যসিদ্ধির উপযোগী করে বা পরিচায়ক লক্ষণাবলীর সমন্বয়ে সাজিয়ে এবং প্রতিটি লক্ষণের নির্দেশিত ওষুধাবলীকে বর্ণমালার ক্রমানুসারে ও ওষুধের গুরুত্ব অনুযায়ী সাজিয়ে অর্থাৎ আভিধানিক পদ্ধতি অনুসরণ করে লিপিবদ্ধ করা হয়েছে। |
| ৪। মেটেরিয়া মেডিকা রেপার্টরীর সূচীপত্র নয়। | ৪। রেপার্টরী মেটেরিয়া মেডিকার সূচীপত্র। |
| ৫। মেটেরিয়া মেডিকাকে লক্ষণের সমুদ্র বলা হয়, মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সংখ্যা নির্দিষ্ট করা নেই। | ৫। প্রতিটি রেপার্টরীতেই নির্দিষ্ট সংখ্যক লক্ষণ আলোচিত হয়েছে, যেমন - কেন্ট ৭৫,০০০; রবিন মারফি ১,১৪,০০০; সিন্থেসিস ১,৩৫,০০০ (আনুমানিক)। |
| ৬। মেটেরিয়া মেডিকার বিশালত্ব এত ব্যাপক যে কোন মানুষের পক্ষে এটাকে সম্পূর্ণ আয়ত্ব করা বা সর্বদা স্মরণে রাখা সম্ভব নহে, অসম্ভবও বটে। | ৬। পদ্ধতিগত সুবিধার কারণে বা বিশেষ কলা কৌশলের মাধ্যমে রেপার্টরী সজ্জিত হয়েছে বিধায় একে আয়ত্ব করা মেটেরিয়া মেডিকার তুলনায় সহজসাধ্য, অসম্ভব নহে। |
| ৭। মেটেরিয়া মেডিকার বিভিন্ন ওষুধে কি কি লক্ষণ সৃষ্টি করতে পারে বা আরোগ্য করতে পারে তা নির্দেশ করাই মেটেরিয়া মেডিকার প্রধান কাজ। | ৭। কোন একটি রুব্রিকে বা লক্ষণে কি কি ওষুধ রোগারোগ্যে প্রয়োগ করা যেতে পারে সেটি নির্দেশ করাই রেপার্টরীর প্রধান কাজ। |

| মেটেরিয়া মেডিকা | রেপার্টরী |
|---|---|
| ৮। কোন নির্দিষ্ট লক্ষণ মেটেরিয়া মেডিকার কোন কোন ওষুধে আছে তা বের করা অত্যন্ত কষ্টসাধ্য। | ৮। রেপার্টরী মেটেরিয়া মেডিকার সূচীপত্র বিধায় কোন নির্দিষ্ট লক্ষণ মেটেরিয়া মেডিকার কোন্ কোন্ ওষুধে আছে তা বের করা সহজসাধ্য। |
| ৯। একটি ভাল মেটেরিয়া মেডিকা স্বয়ংসম্পূর্ণতার দাবী করতে পারে, হোমিওপ্যাথিক চিকিৎসার মূলকেন্দ্রবিন্দু মেটেরিয়া মেডিকা, হোমিওপ্যাথিক চিকিৎসাশাস্ত্রের সর্বোচ্চ আদালত বা বিচারালয় মেটেরিয়া মেডিকা। মেটেরিয়া মেডিকার সমকক্ষ বা বিকল্প হওয়ার ক্ষমতা কোন পুস্তকেরই নেই। | ৯। কোন রেপার্টরীই সয়ংসম্পূর্ণতার দাবী করতে পারে না। রেপার্টরী মেটেরিয়া মেডিকার বিকল্প নয় বরং জটিলতাময় রোগীচিত্রের সাদৃশ্যতা নিরুপনের বিশেষ হাতিয়ার। সুবিচার ও লক্ষণের নির্ভুল মূল্যায়নের মাধ্যমে সর্বোত্তম ব্যবস্থাপত্র প্রণয়নে রেপার্টরীর ব্যবহার একটি উৎকৃষ্ট আর্ট ও সর্বোত্তম কৌশল হলেও রেপার্টরী সম্পূর্ণরূপে মেটেরিয়া মেডিকার উপর নির্ভরশীল। |

## চিকিৎসাবিদ্যা ও রেপার্টরীর সর্ম্পক
## (Relation with Therapeutics and Repertory)

চিকিৎসা বিজ্ঞানী স্যামুয়েল হ্যানিমান কর্তৃক বিরচিত অর্গানন অব মেডিসিন হোমিওপ্যাথিক চিকিৎসাবিদ্যার সংবিধান গ্রন্থ। হোমিওপ্যাথিক চিকিৎসা কার্য পরিচালনার যাবতীয় নির্দেশ ও নিয়মনীতি এই গ্রন্থে বর্ণিত আছে। হোমিওপ্যাথিক চিকিৎসাকার্যের মুলনীতি হল ওষুধকে শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্মমাত্রায় হতে হবে। তম্মধ্যে সদৃশ, একক ওষুধ নির্বাচনের ক্ষেত্রে সর্বোত্তম সহযোগিতা প্রদান করাই রেপার্টরীর প্রধান কাজ। অর্গানন অব মেডিসিন গ্রন্থের নির্দেশ অনুসারে সুস্থ মানবদেহে ওষুধ পরীক্ষিত হয়ে মেটেরিয়া মেডিকা রচিত হয়েছে এবং মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সদৃশ ওষুধ দ্বারা রোগীর চিকিৎসাকার্য সম্পাদিত হচ্ছে, অন্যদিকে রেপার্টরী মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর সূচীপত্র হিসাবে কাজ করে ও





লক্ষণ সমষ্টির মাধ্যমে একক সদৃশ ওষুধ নির্বাচনে সর্বোচ্চ সহায়তার মাধ্যমে চিকিৎসাবিদ্যা বা আরোগ্যবিজ্ঞানের সাথে যোগসূত্র স্থাপন করেছে।

রেপার্টরী আদর্শ পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নে, অচির ও চিররোগের ওষুধ নির্বাচনে, একদৈশিক পীড়ার ওষুধ নির্বাচনে, একই লক্ষণের একাধিক বিভিন্ন ওষুধের মূল্যায়নে ও তুলনাকরণে, অদ্ভুত, বিরল, অসাধারণ, আশ্চার্যজনক লক্ষণের মাধ্যমে ওষুধ নির্বাচনে, হোমিওপ্যথিক মেটেরিয়া মেডিকার সমুদ্রতুল্য লক্ষণাবলীর বিশাল ভান্ডার হতে স্বল্পতম সময়ে লক্ষণ ও ওষুধ খুঁজে বের করতে, সুনির্বাচিত এক বা একাধিক লক্ষণের সমন্বয়ে তৈরী রোগীচিত্রের সদৃশ ওষুধতালিকা প্রাপ্তিতে ও পরিশেষে মেটেরিয়া মেডিকা পাঠ করে একক সদৃশ ওষুধ নির্বাচন করতে নির্দেশ দিয়ে চিকিৎসাকর্মকে আরোগ্যকলায় বা আরোগ্যবিজ্ঞানে পরিণত করেছে।

রেপার্টরী সদৃশ লক্ষণে একক হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচনের সবচাইতে কঠিনতম কর্মসম্পাদনের দিক নির্দেশনা দান করে ও চিকিৎসককে অর্গানন অব মেডিসিন গ্রন্থের নির্দেশ বাস্তবায়নে প্রত্যক্ষ সহযোগিতা প্রদান করে চিকিৎসাবিদ্যার সাথে সুগভীর সম্পর্ক স্থাপন করেছে।

এ প্রসংগে রেপার্টরীর দু'টি বিখ্যাত সংজ্ঞা প্রণিধানযোগ্য।

1. It is a book of index of medicines under symptoms. It is well related with Materia Medica, Therapeutics and Organon, whence Materia Medica and Therapeutics are said to be the dictionary and Organon as grammar. ---- Dr. C. M. Bogar.

2. The Repertory is an index, a catalogue of Meteria Medica neatly arranged in a practical form as also indicating the relative gradation of drugs and it greatly facilitates quick selection of indicated remedy. ---- Dr. D. Tarafder.

## হোমিওপ্যাথিক রেপার্টরীর প্রয়োজনীয়তা বা সুবিধা বা গুরুত্ব (Necessity or Facilities or Scope of Homoeopathic Repertory)

হোমিওপ্যাথিক চিকিৎসা একটি লক্ষণভিত্তিক চিকিৎসা পদ্ধতি, আর মেটেরিয়া মেডিকা হল সেই লক্ষণের সমুদ্রতুল্য সমাহার। মেটেরিয়া মেডিকার অসংখ্য লক্ষণাবলীর বিপরীতে রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণসমষ্টির সদৃশ ওষুধ নির্বাচনের মাধ্যমে চিকিৎসাকর্ম পরিচালিত হয়। মেটেরিয়া মেডিকার প্রায় ৩০০০ এর উর্দ্ধে ওষুধাবলীর বৈচিত্রপূর্ণ লক্ষণাবলী এত বিশাল যে তা সর্বদা স্মরণে রাখা কোন চিকিৎসকের পক্ষে সম্ভব নহে, কেননা মানুষের স্মৃতিশক্তির ধারণ ক্ষমতার সীমাবদ্ধতা আছে। কিন্তু রেপার্টরী সেই অসম্ভবকে প্রায় সম্ভব করেছে। মেটেরিয়া মেডিকার যে কোন লক্ষণে কোন কোন ওষুধ আছে তার তালিকা প্রদান করে রেপার্টরী - হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার বিশালত্বকে একটি কার্যোপযোগী অবস্থানে আনতে সক্ষম হয়েছে। ফলে চিকিৎসক রেপার্টরী হতে যে কোন লক্ষণের কি কি ওষুধ হতে পারে তা স্বল্পতম সময়ে অবগত হতে পারেন। রোগী চিকিৎসাকালে কোন নির্দিষ্ট লক্ষণে কোন কোন ওষুধ হতে পারে তা দ্রুত জানার জন্য স্বয়ং হ্যানিম্যান স্বহস্তে লিখিত লক্ষণসূচী বা রেপার্টরী প্রণয়ন করেছিলেন। আমরাও একই উদ্দেশ্যে রেপার্টরীর প্রয়োজনীয়তা অনুভব করি।

অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদের ১০৯ নং পাদটীকায় রেপার্টরীর প্রসংগে হ্যানিম্যান বলেন ঃ- Dr. von Boenninghausen. by the publication of the characteristic symptoms of homoeopathic medicines and his Repertory has rendered a great service to Homoeopathy as well as Dr. J. H. G. Jahr in his hand-book of principal symptoms.

রেপার্টরী আদর্শ পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নে, অচির ও চিররোগের ওষুধ নির্বাচনে, একদৈশিক পীড়ার ওষুধ নির্বাচনে, একই লক্ষণের একাধিক বিভিন্ন ওষুধের মূল্যায়নে ও তুলনাকরণে, অদ্ভুত, বিরল, অসাধারণ, আশ্চার্যজনক লক্ষণের মাধ্যমে ওষুধ নির্বাচনে, হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার সমুদ্রতুল্য লক্ষণাবলীর বিশাল ভান্ডার হতে স্বল্পতম সময়ে লক্ষণ ও ওষুধ খুঁজে বের করতে, সুনির্বাচিত এক বা একাধিক লক্ষণের সমন্বয়ে তৈরী রোগীচিত্রের সদৃশ ওষুধতালিকা প্রাপ্তিতে ও পরিশেষে মেটেরিয়া মেডিকা পাঠ করে একক সদৃশ ওষুধ নির্বাচন করতে নির্দেশ দিয়ে চিকিৎসাকর্মকে আরোগ্যকলায় বা আরোগ্যবিজ্ঞানে পরিণত করতে সক্ষম হয়েছে।





উপরোক্ত প্রয়োজনীয়তা ছাড়াও রেপার্টরীর বহুবিধ প্রয়োজনীয়তা রয়েছে, তা সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল ঃ-

১। প্রাথমিক কাজ - রেপার্টরী মেটেরিয়া মেডিকার সূচীপত্র হিসাবে কাজ করে এবং অসংখ্য লক্ষণের মধ্য হতে বিশেষ লক্ষণটির মাধ্যমে সম্ভাব্য ওষুধ তালিকা প্রদান করে।

২। গৌন কাজ - এটা অনির্দেশিত ওষুধগুলোকে বর্জন করতে সাহায্য করে।

৩। রেপার্টরী রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণ সমষ্টির সদৃশ ওষুধ নির্বাচনে পথপ্রদর্শকের ভূমিকা পালন করে রোগী ও ওষুধের মধ্যে সাদৃশতা আনয়ন করে।

৪। এটা রোগীর লক্ষণাবলী ও মেটেরিয়া মেডিকার লক্ষণাবলীর তুলনা করে (Comparison of symptoms)।

৫। রেপার্টরী মেটেরিয়া মেডিকার সকল ওষুধকে সমদৃষ্টিতে রাখে, ফলে চিকিৎসকের কোন ওষুধের প্রতি দুর্বলতা থাকলেও তা নির্বাচন করা হতে বিরত রাখতে সাহায্য করে।

৬। এর দ্বারা অনেক সময় চিকিৎসকের অজানা বা অপ্রচলিত ওষুধ নির্বাচন করাও সম্ভব হয়।

৭। রেপার্টরী চিকিৎসককে অধিকতর চিন্তার খোরাক যোগায়, চিকিৎসককে মেটেরিয়া মেডিকা পাঠ করতে উদ্বুদ্ধ করে, ফলে চিকিৎসক ধীরে ধীরে মেটেরিয়া মেডিকায় বিশেষ পারদর্শীতা অর্জন করেন। যেমন- কেন্ট, বোনিংহাউসেন, নার, টাইলার, জি.মুলার সকলেই মেটেরিয়া মেডিকায় বিশেষ পারদর্শী ছিলেন।

৮। রেপার্টরী ব্যবহার করতে হলে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়ন আবশ্যক, সে দিক থেকে এটা রোগীলিপি প্রস্তুত ও পর্যালোচনায় উৎসাহ প্রদান করে এবং রোগীকে প্রশ্ন করার কৌশল শিক্ষা দেয়।

৯। রেপার্টরী অসংখ্য তথ্যাবলীর ভান্ডার, সে হিসাবে লক্ষণ বা ওষুধ সর্ম্পকে কোন জটিলতম প্রশ্নের উত্তর জানতে হলে অন্য অভিজ্ঞ চিকিৎসকের নিকট পরামর্শ গ্রহণের চেয়ে প্রথমতঃ রেপার্টরীতে প্রশ্নের উত্তর অনুসন্ধান করা উত্তম, কেননা তথ্যগত দিক দিয়ে রেপার্টরী বহু খ্যাতনামা চিকিৎসকের জ্ঞানের সম্মিলিত রূপ, অবশ্যই রেপার্টরী অধিকতর জ্ঞানের সন্ধান দেবে। যদি চিকিৎসক রেপার্টরীর দেয়া তথ্যে সন্তুষ্ট না হতে পারেন পরে অভিজ্ঞ অন্য চিকিৎসকের সাহায্য নিতে পারেন। মনে রাখতে হবে অভিজ্ঞতার মূল্য থাকলেও মানুষের স্মরণ রাখার ক্ষমতা সীমিত এবং তথ্য প্রদানে যে কোন অভিজ্ঞ চিকিৎসকের চেয়ে রেপার্টরী অধিকতর বিশ্বাসযোগ্য।

১০। অর্গানন অনুসারী চিকিৎসককে লক্ষণ সমষ্টির সদৃশ একক ওষুধ নির্বাচনে যে সর্বোত্তম সহযোগিতা রেপার্টরী প্রদান করে মেটেরিয়া মেডিকা ছাড়া হোমিওপ্যাথির অন্য কোন বিষয়ের সাথে এর তুলনা করা চলে না।

১১। কেবল মাত্র অপূর্ণাঙ্গ মেটেরিয়া মেডিকার জ্ঞান দ্বারা চিকিৎসাকার্য পরিচালনা করলে ওষুধ নির্বাচনে বা ব্যবস্থাপত্র প্রণয়নে ভ্রান্তি থাকার সম্ভাবনা বেশী, কিন্তু রেপার্টরীকরণের পর মেটেরিয়া মেডিকার মাধ্যমে যাচাই বাছাই করে ওষুধ নির্বাচন করলে ভুল ওষুধ নির্বাচনের আশংকা বহুলাংশে হ্রাস পায়।

১২। দ্বিতীয় ব্যবস্থা প্রণয়নেও রেপার্টরী বিশেষ সহযোগিতা প্রদান করে।

১৩। রেপার্টরীতে রুব্রিকের অনুগামী সাব-রুব্রিক থেকে লক্ষণের বিভিন্ন দিককে অবগত হওয়া যায়, যেমন- লক্ষণের স্থান, কারণ, অনুভূতি, হ্রাস-বৃদ্ধি, বিস্তৃতি, প্রকার, আরম্ভ, পার্শ্ব, সাধারণ ও অসাধারণ লক্ষণ, আনুষংগিক লক্ষণ ইত্যাদি সহ বহুবিধ বিষয় অবগত হওয়া যায়, ফলে পূর্ণাঙ্গ লক্ষণ বলতে কি বুঝায় তা অনুধাবন করা যায় এবং সে জ্ঞান আর্দশ রোগীলিপি প্রণয়নে ও সঠিক সদৃশ ওষুধ নির্বাচনে বিশেষ ভূমিকা পালন করে।

উপসংহার ঃ- সুবিচার ও লক্ষণের নির্ভুল মূল্যায়নের জন্য রেপার্টরীর ব্যবহার একটি উৎকৃষ্ট আর্ট এবং হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে সঠিক ওষুধ নির্বাচনের সর্বোত্তম কৌশল হলেও মেটেরিয়া মেডিকার স্থান দখল করতে পারে না বা বিকল্প হওয়ার যোগ্যতা রাখে না।

## হোমিওপ্যাথিক রেপার্টরীর সীমাবদ্ধতা বা অসুবিধা (Limitations or Drawback of Homoeopathic Repertory)

রেপার্টরীর বহুবিধ সুবিধা ও গুরুত্ব থাকা সত্ত্বেও বহু অসুবিধা ও সীমাবদ্ধতা রয়েছে, নিম্নে তা আলোচিত হল ঃ-

১। সংখ্যা ঃ কোন রেপার্টরীই সয়ংসম্পূর্ণ নয়, বিভিন্ন রেপার্টরীতে ওষুধ সংখ্যা বিভিন্ন, লক্ষণ সংখ্যা বিভিন্ন, বহু নতুন আবিষ্কৃত ওষুধ যথাযথ ভাবে অন্তর্ভুক্ত হয়নি, লক্ষণের বিপরীতে ওষুধতালিকা সম্পূর্ণ নহে, ফলে চিকিৎসককে কোন কোন ক্ষেত্রে ব্যবস্থাপত্র প্রণয়নে নিরাশ বা ব্যর্থ হতে হয়।

২। ওষুধের মূল্যায়ন (**Gradation**) ঃ বিভিন্ন রেপার্টরীতে ওষুধের মূল্যায়ন বা গ্রেড এক এক প্রকার করা হয়েছে, যেমন- বোনিংহাউসেন - ৫, নার - ৪, কেন্ট - ৩, লিপে - ২, বোরিক - ২। বিভিন্ন রেপার্টরীতে এই গ্রেডের চিহ্ন ভিন্ন ভিন্ন। ফলে গ্রেড ও চিহ্নের বিভিন্নতার জন্য চিকিৎসককে জটিলতার সম্মুখিন হতে হয়।

৩। পদ্ধতি (**Method**) ঃ এক এক রেপার্টরীর গঠন পদ্ধতি এক এক রকম। লক্ষণের বিন্যাস, লক্ষণের গ্রেড, লক্ষণ সাজানোর পদ্ধতি এবং রেপার্টরীকরণের পদ্ধতির





বিভিন্নতার জন্য একই লক্ষণসমষ্টি নিয়ে ভিন্ন ভিন্ন রেপার্টরীতে অনুসন্ধান করলে ভিন্ন ভিন্ন উত্তর আসতে পারে, ফলে চিকিৎসক ওষুধ নির্বাচনে বিভ্রান্তির সম্মুখীন হন।

৪। রোগীলিপি প্রণয়ন (**Case Taking**) ঃ চিকিৎসকভেদে রোগীলিপি প্রণয়ন বা লক্ষণ সংগ্রহের পদ্ধতি ভিন্ন ভিন্ন, আবার বিভিন্ন রেপার্টরীতে লক্ষণের উপস্থাপনাও ভিন্ন ভিন্ন, সুতরাং রোগীলিপি প্রণয়ণে লক্ষণ সংগ্রহের এই ভিন্নতার কারণে ওষুধ নির্বাচনে ভিন্ন ভিন্ন ফলাফল আসতে পারে।

৫। রেপার্টরী সজ্জিতকরণের বিভিন্নতা ঃ বিভিন্ন রেপার্টরীতে অধ্যায়, শাখা অধ্যায়, রুব্রিক (লক্ষণের সংক্ষিপ্ত রূপ), সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক, ওষুধের সংখ্যা, ওষুধের গ্রেডিং, ওষুধের বিন্যাস ইত্যাদির বিভিন্নতার জন্য চিকিৎসকে জটিলতায় পড়তে হয়।

৬। অদ্ভুত, অসাধারণ, বিরল, একক, বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণ এক এক রেপার্টরী রচয়িতার দৃষ্টিতে এক এক রকম ভাবে মূল্যায়িত হয়েছে, ফলে চিকিৎসককে লক্ষণ মূল্যায়নে অসুবিধার মধ্যে পড়তে হয়।

৭। রেপার্টরীতে পারিবারিক ইতিহাস, পারিপার্শ্বিক ইতিহাস, রোগের মুল কারণ, উত্তেজক কারণ, মায়াজমের প্রভাব, সংক্রামক রোগের প্রভাব, অতীত রোগভোগের ইতিহাস, রোগের নৈদানিক বিকৃতি ইত্যাদি যথাযথ ভাবে স্থান লাভ করে নাই, ফলে চিকিৎসককে রেপার্টরীকরণের মাধ্যমে প্রাপ্ত ফলাফলকে সর্তকতার সাথে বিবেচনা করতে হয়।

৮। অনেক সময় রোগীর লক্ষণ রেপার্টরীর সাথে সদৃশ হয় না বলে চিকিৎসককে নিরাশ হতে হয়।

৯। অনেক সময় রেপার্টরীর উপর একান্তভাবে নির্ভরশীলতা চিকিৎসককে হোমিওপ্যাথির মূলনীতি হতে বিচ্যুত করে তথাকথিত চিকিৎসকদের মত রোগীর নয় রোগের চিকিৎসার দিকে প্ররোচিত করে।

১০। চির রোগের চিকিৎসার ক্ষেত্রে বহুবিধ বিষয় অনুসন্ধানের আবশ্যক হয়, কিন্তু চির রোগের চিকিৎসায় রেপার্টরী কোন কোন ক্ষেত্রে পূর্ণাঙ্গ সাহায্য করতে পারে না, ফলে রেপার্টরীর উপর একান্তভাবে নির্ভরশীল চিকিৎসক ওষুধ নির্বাচনে ভুল করতে পারেন।

১১। Vital Organ আক্রান্ত হলে সদৃশ ওষুধ ব্যবহার বিপদজনক, সুতরাং এ ধরনের ক্ষেত্রে রেপার্টরীকরণের মাধ্যমে প্রাপ্ত সদৃশ ওষুধ নির্বাচনে চিকিৎসককে সতর্কতা অবলম্বন করে অর্গাননে বর্ণিত নীতি অনুসারে ওষুধ নির্বাচন করতে হবে।

১২। ফলাফল (Results) ঃ রেপার্টরীকরণের ফলাফল গাণিতিক মাধ্যমে প্রকাশিত হয়, এটা নিয়ে কখনো কখনো জটিলতা সৃষ্টি হতে পারে, যেমন- কোন একটি রোগীলিপি রেপার্টরীকরণের পর ফলাফল পাওয়া গেল (১) ক্যাল্ক-কার্ব ৮টি লক্ষণে ১৫

মান (২) সিপিয়া ৯টি লক্ষণে ১৪ মান এবং (৩) সোরিনাম ১০টি লক্ষণে ১২ মান. এক্ষেত্রে চিকিৎসক কোন ওষুধটি ব্যবহার করবেন তা নিয়ে জটিলতায় পড়তে পারেন অধিকিন্তু রেপার্টরীর নির্দেশিত উচ্চ মানপ্রাপ্ত ওষুধটি মূলকথা নহে. চিকিৎসককে সব- মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করেই চূড়ান্ত ওষুধ নির্বাচন করতে হবে।

উপসংহার ঃ- মেটেরিয়া মেডিকা রেপার্টরীর উপর নির্ভরশীল নহে, কিন্তু রেপার্টরী সর্বদাই মেটেরিয়া মেডিকার উপর নির্ভরশীল। রেপার্টরী চূড়ান্ত নির্বাচনের গড় (mean) ধারণা দিতে পারে, কিন্তু চূড়ান্ত নির্বাচন অবশ্যই মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করে করতে হবে। Repertory Explained গ্রন্থের প্রণেতা Dr. D. Tarafder এর ভাষায় " Mathematical results are not in themselves an end, Repertory is a mean to an end but never an end itself, in the final analysis we must go to the Materia Medica".

তথ্যপঞ্জি ও কৃতজ্ঞতা স্বীকার ঃ-

এই অধ্যায় রচনায় প্রফেসর ডাঃ ডি তরফদার রচিত রেপার্টরী এক্সপ্লেইনড; প্রফেসর ডাঃ নিরঞ্জন মোহান্তি রচিত এ টেক্সট বুক অব হোমিওপ্যাথিক রেপার্টরী; ডাঃ রমনলাল প্যাটেল রচিত দি আর্ট অব কেইস টেকিং এন্ড প্র্যাকটিক্যাল রেপার্টরাইজেশান ইন হোমিওপ্যাথি; ডাঃ ঋতু অরোরা রচিত ষ্টাডি অব রেপার্টরী নামক পুস্তক সমূহ; ঢাকাস্থ কেন্দ্রীয় গণগ্রন্থাগারের রেফারেন্স বিভাগ, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল গ্রন্থাগার এবং দেশী বিদেশী বিভিন্ন জার্ণাল থেকে সহযোগিতা নেয়া হয়েছে, তাদের সকলের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি।



# ২য় অধ্যায়

## হোমিওপ্যাথিক রেপার্টরীর ইতিবৃত্ত ও রেপার্টরীর উন্নয়ন
## HISTORY OF HOMOEOPATHIC REPERTORIES AND ITS DEVELOPMENT.

### রেপার্টরীতে হ্যানিম্যানের অবদান বা কেন হ্যানিম্যান হোমিওপ্যাথিক রেপার্টরীর জনক
### (Contribution of Hahnemann in Repertory or Why Hahnemann called father of Homoeopathic Repertory)

মহাত্মা হ্যানিম্যান সদৃশনীতি আবিষ্কারের পর বহু ওষুধ নিজ দেহে বা বন্ধুবান্ধবের উপর প্রুভিং করেন এবং এই ড্রাগ প্রুভিংয়ের ফলাফল মেটেরিয়া মেডিকা পিউরা, ক্রনিক ডিজিজ ও বিভিন্ন জার্ণালে প্রকাশ করেন। হ্যানিম্যান ১৮০৫ সালে তাহার বিখ্যাত পুস্তক **Fragmenta, de veribus medicamentorum positivis sive in sano corpore observatis** ল্যাটিন ভাষায় প্রকাশ করেন। এই পুস্তকের প্রথম অংশে লক্ষণাবলী ও দ্বিতীয় অংশে লক্ষণের সূচীপত্র দেয়া ছিল, যা ছিল একটি প্রাথমিক রেপার্টরী। তিনি দেখতে পান যে, দিন দিন হোমিওপ্যাথিক ওষুধ ও লক্ষণের সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে এবং হোমিওপ্যাথিক ওষুধাবলীর বৈচিত্রপূর্ণ লক্ষণাবলীর সংখ্যা এত বিশাল যে তা সর্বদা স্মরণে রাখা কোন চিকিৎসকের পক্ষেই সম্ভব নহে। এই অসুবিধা দূর করার জন্য হ্যানিম্যান বহু চিন্তার পর ১৮১৭ সালে প্রধান প্রধান লক্ষণাবলীর (Leading Symptoms) বিপরীতে একটি ওষুধ তালিকা ল্যাটিন ভাষায় লিপিবদ্ধ করেন। হ্যানিম্যান রচিত এই পুস্তকটির নাম ছিল **"Symptomdictionaries"**, যা ছিল সর্ব প্রথম লিপিবদ্ধ রেপার্টরী, (তথ্যসূত্রঃ Introduction, Synthetic Repertory - H. Barthel and W. Klunker) আর এভাবেই হোমিওপ্যাথিক রেপার্টরীর প্রথম সূচনা হয় এবং সে জন্য হ্যানিম্যানকেই রেপার্টরীর প্রথম প্রবর্তক বলা হয়। পরবর্তীতে তিনি মেটেরিয়া মেডিকার

লক্ষণাবলীর একটি পূর্ণাঙ্গ তালিকা বা সূচীপত্র লিপিবদ্ধ করেন এবং তাকে **Repertorium** নামে অভিহিত করেন। হ্যানিম্যানের নিজস্ব ব্যবহারের এই হস্তলিখিত রেপার্টরী চার খন্ডে বিভক্ত ছিল এবং এটার মোট পৃষ্ঠা সংখ্যা ছিল ৪২৩৯। এটা স্লিপ ও স্লিট দ্বারা গঠিত ছিল। প্রতিটি স্লিপের কোনা কাঁটা ছিল, ফলে প্রয়োজনের সময় ব্যবহার করা সহজ হত। হ্যানিম্যান তার নিজস্ব তত্ত্বাবধানে তার শিষ্য Dr. Gustav Wilhelm Gross দ্বারা দু খন্ডে বিভক্ত প্রায় তিন হাজার পৃষ্ঠার একটি লক্ষণসূচীভিত্তিক ওষুধ তালিকা লিপিবদ্ধ করান এবং অপর শিষ্য Dr. Ernst Ferdinand Ruckert দ্বারা Repertory for chronic Disease নামক রেপার্টরী ইংরেজী ভাষায় লিপিবদ্ধ করান। শেষোক্ত রেপার্টরীটি G.W.Gross এর পুস্তক হতে বৃহৎ ছিল। হ্যানিম্যান উপরোক্ত রেপার্টরী দু'টির রচনায়, সংশোধন ও পরিমার্জনে প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন। কিন্তু দুঃখের বিষয় উপরোক্ত এ সকল হস্তলিখিত রেপার্টরী মুদ্রিত হয়ে প্রকাশ পায়নি, বর্তমানে এ সকল রেপার্টরীর পান্ডুলিপি ইতিহাসের সাক্ষী হিসাবে **Hale's Museum Hahnemann's archives in Robert Bosch Hospital, Stuttgart, West Germany** তে সংরক্ষিত আছে।

হ্যানিম্যান একটি পরিপূর্ণ রেপার্টরী প্রণয়নের জন্য যথেষ্ট উদগ্রীব ছিলেন, তিনি চিন্তা করেছিলেন ভবিষৎ হোমিওপ্যাথিক চিকিৎসকদের রোগী চিকিৎসার সুবিধার্থে সম্পূর্ণ রেপার্টরী প্রণয়ন অত্যাবশ্যক। ড্রাগ প্রুভিং, অর্গানন সংস্করণ, চিকিৎসাকমের্র ব্যস্ততার জন্য রেপার্টরী রচনায় সময় দিতে না পেরে তিনি আক্ষেপ করে তাহার বন্ধু 'রোমেলকে' ১৮২৯ সালে একটি পত্র লিখেন, তিনি লিখেন যে, How useful will be a good alphabetical Repertory once its is complited। হ্যানিম্যানের পরামর্শে Hartlaub ১৮২৮ সালে, Weber Peschiner ১৮৩০ সালে এবং Glazor ১৮৩৩ সালে নিজ নিজ প্রাথমিক রেপার্টরী জার্মান ভাষায় প্রকাশ করেছিলেন। Glazor ১৮৩৩ সালে Alphabetical Pocket Repertory লিপজিগ থেকে প্রকাশ করেছিলেন, যার পৃষ্ঠা সংখ্যা ছিল ১৬৫।

১৮৩৩ সালে Joseph L. প্র্যাকটিশ অব মেডিসিন প্রকাশ করেন এবং একই বৎসর Weber Peschiner - Repertory of purely pathogenic effects প্রকাশ করেন, যার ভূমিকা হ্যানিম্যান লিখেছিলেন। এতে পৃষ্ঠা সংখ্যা ছিল ৩৭৫।

একই সময়ে হ্যানিম্যান Dr. Jhar কে Chronic Disease এর দ্বিতীয় খন্ড সম্পূর্ণ করার জন্য নিয়োগ করেন এবং একটি রেপার্টরী প্রণয়নের জন্যও দায়িত্ব প্রদান করেন যা ভবিষ্যতে Encyclopoedia of Symptoms রচনা করার ভিত্তি স্থাপিত হয়। Dr. Jhar তার লিখিত প্রথম রেপার্টরী ১৮৩৫ সালে জার্মান ভাষায় দুই খন্ডে সমাপ্ত করেন। ১ম খন্ডে ১০৫২ পৃষ্ঠা এবং ২য় খন্ডে ১২৫৪ পৃষ্ঠা ছিল, এতে ২০০





পৃষ্ঠার একটি ৩য় খন্ড বা রেপার্টরী সংযুক্ত ছিল যাতে অস্থি, গ্রন্থি, মিউকাস মেমব্রেণ, নালী এবং চর্ম ইত্যাদির লক্ষণাবলী ও ওষুধ তালিকা ছিল। (তথ্যসূত্র ঃ Jugol Kishore Card Repertory: B. K. Sarkar, Essential 37-38; Repertory Explained - Dr. D. Tarafder 16-18)

Dr. Jhar হ্যানিম্যানের ক্রনিক ডিজিজ ও মেটেরিয়া মেডিকা পিউরা পুস্তক থেকে লক্ষণ সংগ্রহ করে লক্ষণসমূহকে উপযুক্ত শিরোনাম দিয়ে বর্ণমালাক্রমিকভাবে সাজিয়ে লিপিবদ্ধ করেন। কিন্তু ডাঃ জারের কাজ হ্যানিম্যানের প্রশংসা পেলেও তেমন মনপুতঃ হয়নি, কেননা হ্যানিম্যান এতে অনেক ভুল দেখতে পান।

হ্যানিম্যান যেমন হোমিওচিকিৎসা শাস্ত্রের জনক, তেমনি লক্ষণসূচী বা রেপার্টরী প্রণয়নের প্রয়োজনীয়তা উপলব্ধি ও উপরোক্ত প্রচেষ্টার জন্য হ্যানিম্যানকে রেপার্টরীর জনক বলে সম্মান জানানো হয়। হ্যানিম্যান যদিও হোমিওপ্যাথিক রেপার্টরী প্রথার প্রথম প্রর্বতক এবং ১৮১৭ সালে ও ১৮৩০-৩২ সালে একটি প্রায় পূর্ণাঙ্গ রেপার্টরী রচনার কাজ সম্পন্ন করেছিলেন কিন্তু Dr. Boenninghausen রচিত Repertory of the Antipsoric Medicine প্রথম পূর্ণাঙ্গ হোমিওপ্যাথিক রেপার্টরী হিসেবে ১৮৩২ সালে মুদ্রিত অবস্থায় প্রকাশিত হয়। এটি জার্মান ভাষায় লিখিত ছিল এবং এটার ভূমিকা সয়ং হ্যানিম্যান লিখেছিলেন। তাই পূর্ণাঙ্গ রেপার্টরী প্রথম প্রকাশের কৃতিত্বের জন্য Dr. Boenninghausen কে সম্মান জানানো হয়।

অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদের ১০৯ নং পাদটীকায় রেপার্টরীর প্রসংগে হ্যানিম্যান বোনিংহাউসেনের ও জারের উচ্ছসিত প্রশংসা করে বলেন ঃ- Dr. von Boenninghausen, by the publication of the characteristic symptoms of homoeopathic medicines and his Repertory has rendered a great service to Homoeopathy as well as Dr. J. H. G. Jahr in his hand-book of principal symptoms. অর্থাৎ ডাঃ ফন বোনিংহাউসেন হোমিওপ্যাথিক ওষুধসমূহের পরিচায়ক লক্ষণসমূহ ও রেপার্টরী এবং ডাঃ জে এইচ জি জার প্রধান লক্ষণসমূহ সংবলিত তার পুস্তিকা প্রকাশ করে হোমিওপ্যাথির মহোপকার সাধন করেছেন।

**রেপার্টরী রচনায় তথা হোমিওপ্যাথির উন্নয়নে বোনিংহাউসেনের অবদান (Boenninghausen contribution in Homoeopathic Repertory or Development of Homoeopathy)**

বোনিংহাউসেনের পূর্ণনাম Baron Clemens Maria Franz von Boenninghausen । বোনিংহাউসেন ১৮৩০ সাল হতে হ্যানিম্যানের মৃত্যুর পূর্ব পর্যন্ত হ্যানিম্যানের সংগে থেকে হ্যানিম্যানের সকল কর্মকান্ডের সাথী ছিলেন । হ্যানিম্যানের সকল রচনাবলী তার অধ্যয়ন করা ছিল । হোমিওপ্যাথিক চিকিৎকদের সদৃশ ওষুধ নির্বাচনের সুবিধার্থে তিনি হোমিওবিষয়ক অনেক পুস্তক লিখেন। এরা হল ঃ-

1831 The Cure of Cholera and its Preventatives.
1832 Repertory of the Antipsoric Medicines, with a preface by Hahnemann.
1833 Summery view of, the Chief Sphere of Operation of the Antipsoric Remedies and of there Characteristic Peculiarities, as an Appendix to their Repertory.
1833 An attempt at a Homoeopathic Therapy of Intermittent Fever.
1833 Contribution to knowledge of the Peculiarities of Homoeopathic Remedies.
1833 Homoeopathic Diet and Complete Image of a Disease (For the non-professional public).
1834 Homoeopathy, A Manual for the Non-Medical Public.
1835 Repertory of Medicines which are not Antipsoric.
1836 Attempt at Showing the Relative Kinship of Homoeopathic Medicines.
1846 Therapeutic Manual for Homoeopathic Physicians, for use at the sickbed and in the study of the Materia Medica Pura.
1849 Brief Instructions for Non-Physicians as to the Prevention and cure of Cholera.





1853 The Two Sides of the Human Body and Relationships, Homoeopathic Studies.
1853 The Hom. Domestic Physician in Brief Therapeutic Diagnoses, An Attempt.
1860 The Homoeopathic Treatment of Whooping Cough in its various forms.
1863 The Aphorisms of Hippocrates, with Notes by a Homoeopath.
1864 Attempt at a Homoeopathic Therapy of Intermittent and other Fevers, especially for would-be Homoeopaths. Second augmented and revised and revised edition. Part-I. The pyrexy.
Date Unknown - The Lesser Writings.

তার রচিত Repertory of the Antipsoric Medicine প্রথম ১৮৩২ সালে মুদ্রিত অবস্থায় প্রকাশিত হয়। পুস্তকটি জার্মান ভাষায় লিখিত ছিল এবং এর ভূমিকা সয়ং হ্যানিম্যান লিখেছিলেন । তাই প্রথম পূর্ণাঙ্গ মুদ্রিত রেপার্টরী প্রকাশের কৃতিত্বের জন্য Dr. Boenninghausen কে সম্মান জানানো হয় । বোনিংহাউসেনের রেপার্টরী প্রকাশের পূর্বে যদিও Hartlaub ১৮২৮ সালে ও Weber Peschiner ১৮৩০ সালে রেপার্টরী নামে লক্ষণসূচী প্রকাশ করে ছিলেন, কিন্তু পূর্ণাঙ্গ রেপার্টরীর যে সকল বৈশিষ্ট্য থাকার কথা তা উক্ত দু'টি রেপার্টরীর ছিলনা, তাই পূর্ণাঙ্গ রেপার্টরী মুদ্রিত হয়ে প্রকাশের কৃতিত্ব বোনিংহাউসেনের । ১৮৩৩ সালে বোনিংহাউসেনের An attempt at a Homoeopathic therapy of Intermittent fever, ১৮৩৫ সালে Repertory of the Medicines which are not Antipsoric, ১৮৩৬ সালে Relative Kinship of Homoeopathic Medicines প্রকাশিত হয় । ১৮৩৬ সাল থেকে ১৮৪৬ সাল পর্যন্ত সময়ে তিনি কঠোর পরিশ্রম করে Therapeutic Pocket Book এর পান্ডুলিপি তৈরী করেন এবং ১৮৪৬ সালে এটি হোমিওপ্যাথিক চিকিৎসা ক্ষেত্রে একটি দিশারী পুস্তক হিসাবে প্রকাশিত হয় । বোনিংহাউসেনের হোমিওপ্যাথিক পুস্তক রচনা ও রেপার্টরীতে এসকল অসামান্য অবদানের জন্য হ্যানিম্যান অত্যন্ত সন্তুষ্ট হয়েছিলেন এবং তার এই সন্তুষ্টি অর্গানন অব মেডিসিন গ্রন্থে লিপিবদ্ধ করেন ।

অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদের ১০৯ নং পাদটীকায় এ প্রসংগে হ্যানিম্যান বলেন ঃ- Dr. von Boenninghausen, by the

publication of the characteristic symptoms of homoeopathic medicines and his Repertory has rendered a great service to Homoeopathy as well as Dr. J. H. G. Jahr in his hand-book of principal symptoms.

হ্যানিম্যান নিজের চিকিৎসা প্র্যাকটিশের কালে Dr. J. H. G. Jahr এর রেপার্টরীর চেয়ে Dr. von Boenninghausen এর রেপার্টরী অধিক ব্যবহার করতেন। ফলে পরবর্তীকালের রেপার্টরী রচয়িতাগণ বোনিংহাউসেনকে অনুসরণ করেই রেপার্টরী রচনায় অগ্রসর হয়েছিলেন।

বোনিংহাউসেন রেপার্টরী রচনার যে ধারা প্রবর্তন করেন তাকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ধারা (Logical Utilitarian type) বলা হয়। তিনিই প্রথম ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং প্রথার প্রবর্তন করেন। কেন্ট রেপার্টরী প্রকাশের পূর্ব পর্যন্ত তার রচিত রেপার্টরীই সমগ্র বিশ্বের হোমিওপ্যাথ দ্বারা পরম সমাদৃত ছিল। তার সাদৃশ্যতা নিরূপন নীতি (doctrine of analogy) ও সহযোগী লক্ষণের গুরুত্ব নিরূপন নীতি (doctrine of concomitants) অদ্যাবধি গুরুত্বের সাথে ব্যবহৃত হচ্ছে। তার রচিত রেপার্টরীতে দার্শনিক চিন্তা ধারা ও সুচিন্তিত গাঠনিক বৈশিষ্ট্য বিদ্যমান। এছাড়া রেপার্টরী রচনায় অধ্যায়, বিষয়বস্তু এবং রুব্রিক প্রণয়নে পরিচায়ক লক্ষণকে (Guiding principles) অধিকতর গুরুত্ব দিয়ে সজ্জিতকরণের কারণেও তিনি হোমিওপ্যাথির একজন প্রধান দিক নির্দেশক। হোমিওপ্যাথির বিকাশ ও উন্নয়নে হ্যানিম্যানের পরেই বোনিংহাউসেনের স্থান।

## হ্যানিম্যান-বোনিংহাউসেন পরবর্তী সময়ে রেপার্টরীর উন্নয়ন (Development of Homoeopathic Repertories after Hahnemann-Boenninghausen period.)

হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান উন্নয়নমুখী। অর্গাননের নির্দেশিত নিয়মে বিশ্বের বিভিন্ন দেশে ড্রাগ প্রুভিংয়ের মাধ্যমে, ক্লিনিক্যাল পরীক্ষার মাধ্যমে ও খ্যাতনামা চিকিৎসকদের গবেষণার কল্যাণে নব নব ওষুধের লক্ষণাবলী এবং পূর্বের ওষুধের নতুন নতুন লক্ষণাবলী মেটেরিয়া মেডিকায় অন্তর্ভুক্ত হয়ে মেটেরিয়া মেডিকার কলেবর বৃদ্ধি করতে লাগল, ফলে রেপার্টরীতে নতুন ওষুধ ও নতুন লক্ষণাবলী অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা দেখা গেল। এ ছাড়া বোনিংহাউসেন রেপার্টরীর বহুবিধ ভুলত্রুটি ও সীমাবদ্ধতার কারণে এই রেপার্টরীর সংশোধন করাও জরুরী হয়ে পড়ে। এসকল





কারণে সঠিক তথ্য সমৃদ্ধ রেপার্টরী প্রণয়নে বহু খ্যাতনামা চিকিৎসক এগিয়ে আসেন এবং নিজ নিজ প্রজ্ঞা, মেধা, দৃষ্টিভঙ্গি ও দুরদর্শিতা দ্বারা রেপার্টরী প্রণয়ন করেন। এসকল প্রকাশিত রেপার্টরীর মধ্যে কেহ রোগভিত্তিক, কেহ অঙ্গভিত্তিক, কেহ সামগ্রীক লক্ষণভিত্তিক, কেহ দেহের অঞ্চলভিত্তিক ইত্যাদি বহুপ্রকার রেপার্টরী বিভিন্ন ভাষায় প্রণয়ন করেন। এসকল রেপার্টরীর মধ্যে কোন কোন রেপার্টরী আপন মহিমায় আজও সমুজ্জ্বল, আবার কোন কোন রেপার্টরী কালের অতলে হারিয়ে গিয়েছে। আনুমানিক প্রায় ২৫০টির অধিক রেপার্টরী ও রেপার্টরীর বৈশিষ্ট্য বিদ্যমান পুস্তক প্রকাশিত হয়ে হোমিওপ্যাথিক চিকিৎসাশাস্ত্রকে সমৃদ্ধ করেছে, প্রকাশিত রেপার্টরীসমূহের একটি তালিকা ধারাবাহিকভাবে নিম্নে দেয়া হলো।

## রেপার্টরী রচনার সময়ানুক্রমিক তালিকা (Chronological list of Repertories)

[ প্রকাশিত সকল রেপার্টরীর প্রকাশকাল ও পূর্ণ বিবরণ সঠিক ভাবে পাওয়া দুষ্কর, দেশী বিদেশী বিভিন্ন পুস্তক ও পত্রিকা থেকে তথ্য সংগ্রহ করে নিম্নের তালিকাটি তৈরী করা হয়েছে, এতে কোথায় কোথায়ও অসংগতি পাওয়া যেতে পারে, তার জন্য আমি দুঃখিত, অনুগ্রহপূর্বক তথ্যের অসংগতিটি আমাকে জানালে বাধিত হব এবং পরবর্তী সংস্করণে তা সংশোধন করে দেয়ার ঐকান্তিক চেষ্টা করা হবে। - লেখক]

হ্যানিম্যানের জীবদ্দশায় প্রকাশিত রেপার্টরীর তালিকা ঃ-

1805 - **Hahnemann** - Fragmenta, de veribus medicamentorum positivis sive in sano corpore observatis.
1817 - **Hahnemann** - Symptomdictionaries.
1828 - **Hartlaub** - Repertory.
1830 - **Weber Peschiner** - Repertory.
1832 - **Boenninghausen**- Repertory of the Antipsoric.
1833 - **Glazor**- First Alphabetical Pocket Repertoy- Lipzig- 165 Pages.
1833 - **Weber Peshier**-Repertory of Purely pathogenic effects- Prefaced by Hahnemann-Page 375
1835 - **Jahr, G.H.G.** - Repertory.

1835 - **Boenninghausen C.V.** - Repertory of Medicines. which are not Antipsoric.

1836 - **Boenninghausen C.V.** - Attempt at showing the relative kinship of Homoeopathic Medicines.

1837 - **Rouff A. J. E.** -A Repertory published at Stuttgert-Page 236.

1838 - **Jahr, G.H.G.** - Part-2. Systematic Alphabetical Repertory.

- **C. Hering** - Repertory (First English language Repertory).
- **Tanner, J.** - The Homoeopathist's Pocket Reference.

1843 - **Laffitte**- A Homoeopathic Repertory of Symptomatology. (One of the first Parisian Homoeopaths, the first original Repertory in French.). Page 975.

হ্যানিম্যানের মৃত্যুর পর হতে বর্তমান সময় পর্যন্ত (১৮৪৩-২০০২) প্রকাশিত রেপার্টরীর তালিকা ঃ-

1845 - **Boenninghausen C.V.** -Therapeutic Mannal for homoeopathic Physicians.

- **Ruoff A. J. E.** - A Repertory of Nosology.
- **Sherril, H.** - A Manual of Homoeopathic Prescription.

1846 - **Boenninghausen C.V.** - Boenninghausen Therapeutic Pocket Book.

1847 - **Hempel C. J.** - Hempel's Boenninghausen Repertory (Translated)- 500 Pages.

1848 - **Clofar Muller** - Systemic Alphabetical Repertory- 940 Pages.

1849 - **Mure** - Mure's Repertory (Rio-de-Janeiro) -367 Pages.

- **John, G.H.G.** - Causes and Homoeopathic Treatment of Cholera including Repertories for this Disease and for Vomiting, Diarrhoea, Cholera infantum and Dysentry.





1851 - **J. Bryant**- A Pocket Manual or Repertory of homoeopathic Medicine. Pages - 352.

- **Esrey W.P.** - A Repertory.
- **Drysdale, Atkins, Dudgeon, Stokes and Esrey W.P.** - Repertory vol I.
- **Jahr, G.H.G.** - Systematic Alphabetical Repertory (4th edition).

1853 - **Possart**- A Repertory of Characteristic Homoeopathic Remedies- Published in Coethen- 700 Pages.

- **Hymphreys, S.F.**- Homoeopathic Treament of Diseases of Sexual systems being a complet Repertory of all the symptoms occurring in the Sexual System of Male & Female adopted to the use of physician and laymen.
- **Hempel C. J.** - Complete Repertory of Materia Medica.
- **Sherril, H.** - A treatise in a Repertory for prescribing adopted to Domestic or Professional use.

1854 - **A. Lippe**- Repertory of Comparative Materia Medica - 144 Pages.

1858 - **Minton H.** - The Homoeopathist's visiting Book of Engagement and Pocket Repertory.

1859 - **Cipher –** (English Homoeopath) Cipher Repertory - Enlarged by **Drysdale, Atkins, Dudgeon** and **Stokes** in 1878 - 1030 Pages

- **Jahr, G.H.G.** -New Manual of Homoeopathic Medicine. About this time in England were known the following Repertory.

- - **Bucks-** Regional Symptomatology and Clinical Dictionary.
- - **Hempel's** -Hempel's Repertory.
- - **Curie** - Curie Repertory.
- - **Drysdal, Dudgeon** -Hahnemann Society Repertory.

1869 - **Bell, James, B.** - The Homoeopathic Therapeutics of Diarrhoea. Dysentry, Cholera moubus, Cholera infantum and all other loose Evacuation of Bowel.

1869 - **E.W. Berridge**- Complete Repertory to the Homoeopathic Meteria Medica.

1870 - **Danhum, T.C.** - Personified Materia Medica cards designed to accompany Guernsey Key-note and as a supplement to Gregg's Illustrated Repertory.

1871 - **Blakely, W. J.** - The Homoeopathic physician visiting list by Robert Faulkner with Repertory.

- - **Laurie, J.** - The Homoeopathic Domestic Medicine.
- - **Maclatehey, R. J.** - Edited Joseph Laurie's " The Homoeopathic Domestic Medicine".

1873 - **E.W. Berridge**- Complete Repertory on Diseases of the eyes.

- - **Guerensey** –Desires and Aversions.
- - **Boenninghausen C.V.** - Boenninghausen Therapia of Intermittent and other Fevers translated with the addition of new remedies by **A. Korndoerfer**.

1874 - **Granier** – Homoeolericon - in two volumes.

1875 - **J. P. Gallavardin** - Repertory of Psychic Medicines with Materia Medica, 204 Pages.

- - **Wale, E.M.** - Lectures on Disease of Heart.

1876 - **Hart, C.P.** - Repertory of New Remedies.

1878 - **Boericke and Tafel** - The Homoeopathic Therapeutics of Uterine and Vaginal Discharges.





- - **Buck H.** - The Outline of Materia Medica and Clinical Dictionary.
- - **Drysdale and Dudgeon** - Hahnemann Society Repertory.
- - **Eggert, W.** - Therapeutic of Overian Diseases.
- - **Hempel C. J.** - Complete Repertory.

1879 - **C. Lippe** - Repertory of more Characteristic symptoms of the Materia Medica 438 Pages.

- - **Gregg, R.R.** - Consumption, its causes and natures.
- - **Guerensey J.C.** - Keynote to the Materia Medica as thought by **H.N. Guerensey.**
- - **Guerensey W.J.** - Traveller's Medical Repertory and Family Adveser for the Homoeopathic Treatment of Acute deseases.
- - **King, J.C.** - Headache and their concomitant symptoms with a complete and concise Repertory analysis.

880 - **T.F. Allen** -Symptoms Register.

- - **Worcester** - Repertory to the Modalities based mainly on Hering's condensed Materia Medica.
- - **Allen H.C.** - Repertoty of the symptoms of Intermittent fever.
- - **Holcomb** - Repertory of Sensation as if.

881 - **Herring C.** - Analytical Repertory of the Symptoms of the Mind.

- - **Hempel C. J.** - Uterine Therapeutic Materia Medica and Repertory.

1883 - **Contant, C.M.** - Therapeutic of the Ear and Eye - an elementary manual with Repertory of Eye.

1884 - **Hyco Lee and Clark** - Cough and Expectoration.

- - **Guerensey W. J.** - Repertory of Haemorrhoids.
- - **Lutze, F.H.** – Repertory of Respiratory Organs.
- - **Lutze, F.H.** - The Therapeutic of Facial and

Sciatica Neuralgias with Repertory and Clinical cases.

- **W. A. Allen** - Repertory of Symptoms of Intermittent fever.
- **W. A. Allen** - Repertory of Fevers.
- **O. M. Drake** - Repertory of Foot sweet.
- **Holcombe** - Repertory of Sensations.
- **Wells, P.P.** - Essy on the Treatment of Diarrhoeas and Dysentery with Repertory.
- **Drake, O.M.** - Repertory of Foot Sweat.
- **Eggert, W.** - The Homoeopathic Therapeutic of Dysmenorrhoea.
- **Gilchrist J.G.** - Sample pages of a complete Repertory of Materia Medica.
- **Jahr, G. H. G.** - The Homoeopathic Treatment of Epidemic, cholera Therapeutic and Repertory.

1885 - **Haughton, H.C.** - Lecture on Clinical Otology.
- **Guernsey, G.H.G.** - Card Repertory.

1886 - **Winterburn, G.W.** - A Repertory of the most characteristic symptoms of Materia Medica.

1888 - **W. J. Guerensey** – Guerensey's Boenninghausen's Slip-2500 Cards.
- **Neilhard, C.** -Pathogenetic and Clinical Repertory of the most prominent symptoms of the head with there concomitants and conditions
- **Scander, E.R.** - Repertory of the Heart Symptoms.
- **Gramm, TJ.** - Repertory of Urinary Symptoms.
- **Boericke, W and Dewey, W.A.** - Twelve Tissue Remedies of Schussler.
- **Kimball, S.** - A Repertory of Gonorrhoeas.
- **Unserwood, B.F.** - Headache and its Materia Medica.

1889 - **Vance, J.W.** - Index to Diarrhoea and Dysentry compiled from Allen. Hering and others using only the most indicated remedies.
- **Hempel, C.J.** - Repertory of Herings condensed Materia Medica.

1890 - **Gentry W.D.**- The Concordances Repertory of the more characteristic symptoms of Materia Medica, Six Volumes- 5494 Pages.
- **A. R. Morgan** - Repertory of Urinary organs.
- **Santee, E.N.** - A repertory of Convulsions.
- **Schussler, W.B.** - The Twelve Tissue remedies of Schussler.

1891 - **Flower. S.M.** - The Hahnemannian consultation Blank.

1892 - **Arkel M. Michell** - Repertory of Digestive System.
- **H. C. Allen**- Allen's Boenninghausen's Slip.

1894 - **Perkins, D.C.** - The Homoeopathic Therapeutic of Rheumatism.
- **Pulford, A.** - Repertory of the Symptoms of Rheumatism. Sciatica etc.
- **C.F. Mills Pough** - Repertory of Eczema.
- **Vandenburgh M.W.** - Therapeutics of Respiratory System.
- **C.B. Kneer** - Repertory of Headache.
- **Yingling** - Repertory of Appendicitis.
- **Neatby** - Repertory of Headache.
- **Neatby E.A. & Stongam, T. G.** - An Index of Aggravations and Ameliorations.
- **Yingling**- Repertory of Labour.
- **Woods, H.F.** - Essential of Homoeopathic Prescribing with Rapid Repertory.
- **Clarke, J.H.** - Clinical Repertory to the Dictionary of Materia Medica.

1895 - **Helcomb** - Repertory of Spasm and Convulsions.

1896 - **Calvin B. Kneer** (Son in law of Hering) -

Repertory of Herings Guiding Symptoms of our Materia Medica - 1232 Pages.
- **Douglas, M. E.** - Repertory of Tounge Symptoms.

1897 - **J.T. Kent**–(1st volume and Later in 5 editions) Repertory of the Homoeopathic Materia Medica - 1423 Pages.

1898 - **Pulford** - Repertory of the Symptoms of Rheumatism, Sciatica, 211 Pages.

1900 - **Wilsy** - Repertory of Back.
- **Hughes, R.** Repertory of Drug Pathogenesy.

1905 - **C.M. Bogar**- Boenninghausen's Characteristics & Repertory.1141 Pages. ( American Ist Publication by Boericke and Tafel. )

1906 - **Minton** – Repertory of Uterine Therapeutics.
- **Niedhard**- Repertory of Head.
- **Shett, P. W.** – The Clinical.
- **Bell B. J.** - The Homoeopathic Therapeutics of Diarrhoea.
- **Bogar, C. M.** - Times of Remedies and Moon phases.
- **A. R. Morgan**- Repertory of chronic urinary organs & prostate gland.
- **T.F. Curie** – Repertory of Mastitis.
- **T.F. Curie** – Repertory of Throat.
- **Raue** - Special Pathology.
- **Nash E. B.** - Leaders in Respiratory Organs.
- **Clarke J. H.** - Clinical Repertory.
- **Guerensey** – Mastitis.
- **Guerensey** - Throat.
- **Guerensey** - Relationship of Remedies.
- **Guerensey** - Sides of Body.

1912 - **Mergaret L. Tyler** – Card Repertory - Based on Kent's Repertory.





1913 - **Welch and Houston**- Card Repertory - Based on Kent's Repertory.

1916 - **Chaudhuri, N. M.** - A study of Materia Medica.

1920 - **Royal, G.** - Text Book of Homoeopathic Materia Medica.

1922 - **Field** - Card Repertory. 6800 Cards, 360 remedy.

1924 - **Stephenson, J.** - Hahnemannian provings.

1927 - **W. Boericke** - Repertory at the end of "Pocket Manual of Homoeopathic Meteria Medica" by W. Boericke, revised and enlarged with the addition of repertory by **Oscar E. Boericke** - 291 Pages (Pages 689 to 979).

1928 - **C. M. Boger** – Bogar's Card Index Repertory.

1929 - **N. M Chowdhury** - A study on Materia Medica and Repertory. 1120 Pages.

1931 - **C. M. Bogar** - Synoptic Key with Repertory.

1932 - **C. M. Bogar** - Addition to Kent's Repertory.

1935 - **Robert, H. A. & Wilson, A. C.** - Practicability of B.P.T.S.

1937 - **Roberts, H. A.** - Sensation as if - A Repertory of Subjective symptoms.

1937 - **Well, P. P.** - Intermittent Fever together with Repertory of **C. V. Boenninghausen.**

1937 - **Shannon, S. A.** - A Complete Repertory of Tissue Remedies of Schusslers.

1938 - **C. M. Bogar**- Boenninghausen's Characteristic Repertory. 1141 Pages. (Indian Edition)

1940 - Homoeopathic Poor dispensary - The Twelve Schusslers Tissue Remedies.

1940 - **Mitra** - Tissue Remedies.

1948 - **Marcos Jamine** - Card Repertory. Based on Boenninghausen's Work.

1948 - **Broussalian** - Card Repertory.

1950 - **R. H. Farly**- Farley's Spindle Card Repertory.
- **J.G. Weiss** - Card Repertory.
- **P. Sankaran** -P. Sankaran's card Repertory. 292 Medicines and 420 Cards.
- **Dhawale M. L.** - Card Repertory (Not Published).

1953 - **Hamphrey, S. F.** - Dyaetry and its Homoeopathic Treatment containing a Repertory & numerous cases.

1959 - **Jugal Kishore** - Jugal Kishore's Card Repertory. 3500 Cards, later 10000 cards, 681 medicines,.
- **Bags, D.** - Generale Analysis.

1961 - **Sinha, Y** - Unique Repertory.

1963 - **Stephenson, J. H.** - A material Medica & Repertory, A Doctor's Guide to helping yourself with Homoeopathic Remedies.

1965 - **Goltz, Evic, Graf, Nan. Dev.** - Manual & Clinical Repertory of complete list of Tissue Remedies.

1969 - **Boericke, O. E.** - Clinical Repertory & Therapeutic index of Materia Medica.

1970 - **Cowperthwaite, A. C.** - Characteristic, Analytical & Comparative.
- **Singhal, J. N.** - Quick bedside prescriber with notes on clinical relationship and Homoeopathy in surgery.

1971 - **Julian, O. A.** - Dictionary of Homoeopathic Materia Medica of 131 new Homoeotherapeutics.

1972 - **Luke, B. S.** - Taste. Odours. Colours. Likes. dislikes and their Remedies.
- **Faulkner, R.** - Repertory.

1974 - **H. Barthel** and **W. Klunker** – Synthetic Repertory- 3 Volumes- 2487 Pages.

1976 - **Stephenson, J. H.** - Helping yourself with Homoeopathic Remedies.





1977 - **Patel, R. P.** - Word index to Kent's Repertory with Rubrics.

1978 - **Krishnamurty, V.** - Homoeopathy in Accidents & Injuries.

1079 - **Krishnamurty, V.** - Beginner's Guide to Bach Flower Remedies with Repertory.

1980 - **Pierre Schmidt & Diwan Harish Chand** - Kent's Final General Repertory.

1981 - **Shashi Mohan Sharma** - Shashi Mohan Sharma's Card repertory. 400 Remedies and 3000 Cards.

1982 - **Kumar, S. L.** - Rheumatic Disease.
- **Sarker, K. K.** - A Hand Book of Repertory.
- **P. Sivaraman** - Correction and Addition to Kent's Repertory.
- **Allen, W. A.** - Repertory to the Symptom of Intermittent fever.
- **Polla, R. V.** - Time Modalities.

1983 - **Hurst, J. W.** - Medicine for the Practising Physician.
- **Ghosh, B. K.** - Desire & Aversion with there effects.
- **Patel, R.P.** - Alternating Symptoms in the Repertory of Homoeopathic Materia Medica.
- **Singh, G.** - Paediatric Repertory.
- **Singh, G.** - Comparative Repertorisation.
- **Lee, E. J.** - Repertory of Characteristics comprising clinical & pathogenetic symptoms.

1987 - **Kunzli, J.** Kent's Repertorium Generale.
- **Singh, M.** - Clinical Therapeutic of Indian drugs in Homoeopathy.
- **Frederik Schroyens** – Synthesis.

1988 - **Agrawal, M. L.** - Key to the Rubrics of Mind.
- **C. C. R. H.** - Addition from Boericke Repertory

chapter teeth into Kent.

1989 - **Farokh** - Perceiving Rubrics of Mind.

- **Vithoulkus, G.** - Additions to Kent's Repertory.

1990 - **Roy, S. P.** - Word Index to Bogar, Boenninghausen's Repertory.

- **C. C. R. H.** - Addition from Boericke Repertory chapter mouth into Kent.

1991 - **Chitkara, H. L.** - Relationship of Homoeopathic Remedies.

1992 - **Chitkara, H. L.** - World Index of Homoeopathic Remedies.

- **Banarjee, S. K.** - Brain Tumour cured by Homoeopathy.

1993 - **P. Sivaraman** - Dreams & there Homoeopathic Medicine.

- **P. Sivaraman** - Ear, Nose, Throat troubles cured with Homoeopathy.
- **Robin Murphy, ND** – Homeopathic Medical Repertory- Ist Edition, 1590 Pages. (Also in CARA Homoeopathic Software)
- **P. Sivaraman** - Your Teeth troubles cured with Homoeopathy.
- **Sethi, B.** - Repertory of likes and Dislikes.
- **Frederik Schroyens** – Synthesis, Repertorium Homeopathicum Syntheticum.
- **Warkentin, D.K.** – MacRepertory. (Computer Repertory).

1994 - **P. Sivaraman**- Kent's Repertory of the Homoeopathic Materia Medica Expanded. (1423 Pages).

- **P. Sivaraman** - Skin troubles cured by Homoeopathy.
- **P. Sivaraman** - Kent's simplified Repertory of 1st grade.
- **P. Sivaraman** - Word Index to Kent's Expanded Repertory.
- **P. Sivaraman** - Epilepsy cured with Homoeopathy.
- **P. Sivaraman** - Haemorrhoids cured with Homoeopathy.
- **C. C. R. H.** - Addition from Boerick Repertory chapter Eye and vision into Kent.
- **Shreedharan, C. K.** - A concise Materia Medica & Repertory of Nosodes.
- **Farokh, J. M.** - Bach Flower Remedies for everyone.

1995 - **C. C. R. H.** - Addition from Boerick Repertory chapter Ear and hearing into Kent.

- **Farokh, J. M. et al,** - Homoeopathy in Cervical Spondylosis.

1996 - **C. C. R. H.** - Addition from Boerick Repertory chapter Larynx and trachea, Respiration, Cough, Expectoration and Chest into Kent.

- **Meera** - Repertory of the Disease of Mother and Newborn.
- **C. C. R. H.** - Addition from Boerick's Repertory to Kent's Repertory chapter - Nose.
- **C. C. R. H.** - Addition from Boerick's Repertory to Kent's Repertory chapter - Mind.
- **Roger Van Zandvoort** - The Complete Repertory - Mind, Generalities.

1997 - **Jain, J. K. &Nanda** - Repertory + Materia Series.

- **Mohanty, N. (Mrs)** - Repertory of Bowel Nosodes.
- **Mohanty, N. (Mrs)** - Bowel Nosodes in the pages of Kent's Repertory.
- **Mohanty, N. (Mrs)** - Bowel Nosodes in the pages of Boenninghausen's Characteristics and Repertory.

- **Berkeley squire** - A Repertory of Homoeopathic Nosodes & Sarcodes.
- **David Witko** and **John Stevenson** – Combined Repertory (Computer Repertory, in CARA Homoeopathic Software).

1998 - **Robin Murphy, ND** – Homeopathic Medical Repertory - 2nd & Expanded Edition, 1946 Pages. (Also in CARA Homoeopathic Software)

- **Frederik Schroyens**–Synthesis, Repertorium Homeopathicum Syntheticum, Edition 7.1. Foreword by George Vithoulkas. Repertory- 1718 Pages and Blueprint- 131 Pages. Total 1850 Pages. 3712 Remedies, 1821 authur referenens. 38 chapters. 32.7 MB. London Homoeopathic Book Publication, London and B. Jain Publishers (P) Ltd. India. (Also in RADAR Homoeopathic Software)
- **Roger Van Zandvoort** - The Complete Repertory. 2nd & Expanded Edition, 2830 Pages. approximately 5,15,000 verified additions, 125 references. (Computer Repertory, in HOMPATH CLASSIC, CARA & MAC-REP Homoeopathic Software)

2001 - **Frederik Schroyens**–Synthesis, Repertorium Homeopathicum Syntheticum. Edition 8.1. Foreword by Roger Morrison of Port Richmont. Repertory -1912 Pages and Blueprint - 184 Pages. 3712 + 133 = 3845 Remedies. 1821+392= 2213 authur referenens. 38 chapters. 43.1 MB. London Homoeopathic Book Publication, London. (Also in RADAR Software)





উপরে উল্লেখিত রেপার্টরীসমূহ ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে আরও অনেক রেপার্টরী বা রেপার্টরী সংশ্লিষ্ট বিষয়ের পুস্তক প্রকাশিত হয়েছে, যাদের প্রকাশকাল সংগ্রহ করা সম্ভব হয়নি, তেমন রেপার্টরীগুলোর তালিকা নিম্নে দেয়া হল -

1. **Michel M. Boukolevy** (France) - Homoeopathic and Drainage Repertory. 475 Pages.
2. **Drs. R. Docks & G. Kokelenberg** (Belgium)-Kent's Comparative Repertory. 664 Pages.
3. **Murray Feldman** (Canada)- Repertory of the Bowel Nosodes. 45 Pages.
4. **R.R. Gregg** (1828-1886. U.S.) An Illustrated Repertory of pains in Chest. Sides and Back.
5. **C. Hering** (1800- 1880, Father of American Homeopathy) - Analytical Repertory of Symptoms of the Mind.
6. **Andreas Holling** (Germany) - Homooquest Card Memorizer. 488 Cards.
7. **R. Hughes** (1836-1902)-A Repertory to the Cyclopaedia of Drug Pathogenesy.
8. **Linda Johnston (U.S.)** - Repertory Additoons from Kent's Lectures on Homeopathic Materia Medica. 554 Pages. Over 23000 additions.
9. **Jan Willem Jansen** (Holland)- Synthetic Bedside Repertory for Gestation. Childbirth and Childbed. 142 Pages.
10. **N. W. Jollyman** (England) - Index and Repertory to the Homeopathic Drug Pictures of Dr. M.L. Tyler, 224 Pages.
11. **Julian O.** (France. 1910- 1984)- Materia Medica of Nosodes with Repertory.
12. **J. Kunzli** (Germany) Kent's Repertorium Generale. 1172 Pages.
13. **Joseph Reves** (Israel) The new Repertory.
14. **P. Schmidt** (1894-1987, Switzerland) Kent's Final Repertory, 1423 Pages.

15. **P. W. Shedd** (1911, U.S.) Clinic Repertory and Time Modalities, 234 Pages.
16. **G. D. Shrivastava and J. Chandra -** Alphabetical Repertory of characteristics of Homoeopathic Materia Medica. 1552 Pages. Include Modern Terminology.
17. **A. Soler-Medina** (Germany)- Repertory or Pregnancy Parturition and Puerperium.79 Pages.
18. **Berkeley Squire** (England)-A Repertory of Homoeopathic Nosodes and Sarcodes.422 Pages.
19. **J. Stephenson** (1963)- Hahneminnian Provings 1924-1959, A Materia Medica and Repertory, 149 Pages.
20. **G. Winterburn -** Repertory of the More Characteristic Symptoms.
21. **J. A. Mirilli** (Brazil) Thematic Repertory and Materia Medica of the Homoeopathic Mental Symptoms. More than 12,500 Mind Symptoms.
22. **N. K. Banerjee -** Boral's Concentric Repertory.
23. **Agrawal, Y. R. -** A Repertory of Desire and Aversion.
24. **Allen, H. C.** - Consumption - Its causes and nature.
25. **Ahmed, S.** - A short Repertory to the Indian Drugs.
26. **N. K. Banerjee -** Blood Pressure- Its Etiology and Treatment.
27. **N. K. Banerjee -** Blood Pressure (বাংলা).
28. **Bhattacharya, M.** - Leading Symptoms of Thousand Remedy.
29. **Bharadwaja, M -** Causation - Giudelight for Prescription.
30. **Biswas, R. R.** - Diarrhoea and its Homoeopathic Treatment.
31. **Bogar, C. M. -** A Synthetic Alphabetical Repertory of Homoeopathy.
32. **Bro's Heren -** Disease of Skin and its Treatment.
33. **Chakraborty, B. B. -** Homoeopathy in Rheumatic affection.
34. **Clarke, J. H.** - Homoeopathic Treatment of Asthenopia.





35. **Cleaveland, C. L. -** Salient Materia Medica and Therapeutics.
36. **Dauglass, M. B.** - Pneumonia.
37. **Dudgeon R. E.** - Hahnemann's Therapeutic hints, Repertorial form.
38. **Drysdale, Dudgeon, Stakes, Heyward et al -** A Repertory of Systemic arrangement and analysis of Homoeopathic Materia Medica.
39. **Darven -** Darven's Pocket Book and Repertory.
40. **Dockx R. Koklenberg G. -** Kent's comparative Repertory of Homoeopathic Materia Medica.
41. **Ewart, C. D.** - Everybody's say Healer (Including short Repertory).
42. **Farokh, I. M. et al -** Bach Flower Remedies for Everyone.
43. **Fayazudin, M.** - Lool Human Desire and Aversion.
44. **Feldman, M.** - A Repertory of Bowel Nosodes.
45. **Faster, J.** - Toothache and its cure in Homoeopathy.
46. **Gallavardin, J. P.** - repertory of Psychic Medicines with Materia Medica.
47. **George -** A Repertory of the most Characteristic Symptoms of Materia Medica.
48. **Ghosh, S. C.** - Homoeopathic Meteria Medica- Bisuchika Darpan (বাংলা).
49. **Gramm, E. M.** - Dermatitis Colorica.
50. **Gross -** A Repertory of some of the leading symptoms.
51. **Guernsey, W. J.** - Sides of Body.
52. **Gupta. -** The Homoeopathic - Card Repertory.
53. **Hale, B. M. -** The Characteristics of the New Remedies.
54. **Hawkee, A. B.** - Pulse Repertory.
55. **Hempel, C. J.** - Manual of Homoeopathic Theory and Practece of A Lutze.
56. **Hempel, C. J. -** The sides of the Body Affinities by Dr. C.V. Boenninghausen.

57. **Hering C.** - Toothache.
58. **Hughes, R.** - Repertory of Drug Pathogenesy.
59. **Jahr, G. H. G.** - Symptom Codex.
60. **Jahr, Hall, Hempel et al** - The principal uses of sixteen most important and fourteen supplementary Homoeopathic Medicine.
61. **Jones, S** - Bee line Therapy and Repertory.
62. **Jollyman, N. W.** - Index and Repertory to the Homoeopathic drug picture of M. L. Tyler.
63. **Kamthan, P. S.** - Homoeopathic therapy capable to remedy and remove Gout, Arthritis and Rheumatism with Concomitants.
64. **Karo, W** - Disease of the skin.
65. **Komdoerfer, A.**-Boenninghausen's Homoeopathic Therapia or intermittent and other Fevers.
66. **Maclead** - Veterinary Materia Medica's Clinical Repertory.
67. **Muzumdar, P. C.** - Appendicities- curable by medicine.
68. **Norton, A. B.** - Ophthalmic Diseases and Therapeutics.
69. **Okie** - Boenninghausen's Therapeutic pocket Book.(Translated and edited).
70. **Patel, R. P.** - Autovisual Homoeopathic Miasmatic Repertory.
71. **Patel, R. P.** - Dr. Kent's Repertory of Homoeopathic Materia Medica.
72. **Patel, R. P.** -Analysis/Evaluation of Rubrics/Symptoms of Kent's Repertory of Homoeopathic Materia Medica.
73. **Peirce, W. J.** - Repertory of Cough- Better and worse compiled from Allen's handbook.
74. **Power, Eric, F. W.** - Biochemistry up-to-date.
75. **Panjabi, G. R. S.** - Quick reference to suppression.
76. **Robert H. A.** - The Rheumatic Remedies.
77. **Ruckert** - Repertory of Chronic disease.





78. **Ruddock, E. H.** - Stepping Stone to Homoeopathy and Health with Clinical Dictionary.
79. **Ruddock, E. H.** - Homoeopathic Vade Mecum.
80. **Sulzar, L.** - Repertory of the peculiar symptoms based in periodic drug disorders.
81. **Sankaran, P.** - Some cross references to Kent's Repertory.
82. **Schwartz W. M. M.** - Homoeopathic Medical Treatment of Wonds and Injuries.
83. **Sivaraman, P.** - Asthma cured with Homoeopathic Medicine.
84. **Sivaraman, P.** - A Concise repertory of Aggravation and Amelioration.
85. **Sivaraman, P.** - Compendium to Kent's Repertory.
86. **Smth, H. M.** - A list of medicines mentioned in Homoeopathic Therapeutics.
87. **Snelling, F. G.** - Hull, Jahar,-A New Manual of Homoeopathic Practice (Repertory Volume).
88. **Saler, M.** - Repertory of Pregnancy, Particular and Puerperium.
89. **Sreedharan, C. K.** - Eighty Dynamic Gems of Homoeopathic Medicines with Repertory.
90. **Srivastav, G. D. & Chandraj** - Alphabetical Repertory of Homoeopathic Materia Medica.
91. **Vorha, D. S.** - Repertory of Bach Flower Remedies.
92. **Vorha, D. S.** - Bach Flower Remedies -A Comprehensive study.
93. **Wells, P. P.** - Intermittent fever together with Repertory of C. V. Boenninghausens.
93. **Willium, W. J.** - Unbridged Dictionary of the Senstion.

ভারতীয় কোন কোন প্রতিষ্ঠান ও চিকিৎসক রেপার্টরী রচনা করেছেন, যেমন -

1. **M. Bhattacharrya & Co.** – Repertory (বাংলা).
2. **S. R. Phathak** (Ist edn.1963, 2nd edn. 1977) - A Concise Repertory of Homoeopathic Medicines. 410 Pages.
3. **P. Sankaran** - The Pocket Repertory.
4. **N. M Chowdhury** (1929) - A study on Materia Medica and Repertory. 1120 Pages.
5. **Captain K. K. Sirker.** (1906)- A Keynote repertory of Materia Medica. A Repertory based on Allen's Keynotes and Nash's Leaders, 360 Pages.
   - A Handbook of Repertory, Amore redent and complete repertory from Kent, Hering, Boericke and others, 534 Pages.
6. **Dr. Devika Aggarwal** -Applied Repertory, 404 pages.
7. **Bhattacharya, M.** - Leading Symptoms of Thousand Remedies.

বাংলাদেশের ডাঃ মুহাম্মদ আবুবকর (গোল্ড মেডালিষ্ট) কেন্ট রেপার্টরী ও বোনিংহাউসেন রেপার্টরীর সমন্বয়ে An Uptodate Repertory of Materia Medica নামে একটি বৃহৎ ও উন্নতমানের এবং কেন্ট রেপার্টরী হতে অধিকতর তথ্য সমৃদ্ধ রেপার্টরী ইংরেজী ভাষায় প্রণয়ন করেন ( তিনি ১৯৯২ সনে মৃত্যুবরন করেন) । ১৯৯৮ সনে এই রেপার্টরীটি হোমিও চিকিৎসকের জন্য প্রকাশিত হয়ে বাজারে আসে ।

## আধুনিক রেপার্টরী রচনা ও রেপার্টরীর উন্নয়ন
## (Written of Modern Repertories and Its Development)

মহাত্মা হ্যানিম্যান প্রবর্তিত রেপার্টরী রচনার প্রথা অনুসরণ করে বহু চিকিৎসক নিজ নিজ প্রতিভাবলে রেপার্টরী রচনা করে হোমিওপ্যাথি চিকিৎসাশাস্ত্রকে সমৃদ্ধ করেন এবং হোমিওপ্যাথির উন্নয়নে বিশেষ অবদান রাখেন । তম্মধ্যে বোনিংহাউসেন, জেন্ট্রি, লিপে, সি. এম. বোগার, নার, মূলার, ব্রায়েন্ট, কেন্ট, বোরিক, জষ্ট কুঞ্জলি, পিয়েরি





স্মিথড, সিভারমন, বার্থেল-ক্লুংকার, ফ্রেডারিক ফ্রুয়েন্স, রবিন মারফি, রজার ভন জেন্ডভর্ট প্রমুখ রচিত বা সম্পাদিত রেপার্টরী প্রশংসার দাবীদার ।

মহাত্মা হ্যানিম্যানের অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত হোমিওপ্যাথিক চিকিৎসাকার্যের মুলনীতি হল ওষুধকে **শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্মমাত্রায়** প্রয়োগ করতে হবে । তম্মধ্যে রোগীর লক্ষণসমষ্টি নির্ণয় করে সদৃশ ওষুধ নির্বাচনের কঠিনতম কর্মকে সহজসাধ্য করার জন্য ডাঃ কেন্ট যে অসাধারণ, সহজবোধ্য রেপার্টরী রচনা করেন তা সমগ্র বিশ্বের প্রথম শ্রেণীর সকল হোমিওপ্যাথ দ্বারা বিগত এক শতাব্দী যাবৎ সমাদৃত হয়ে মহান গৌরবে গৌরবান্বিত । তাই মুক্তকন্ঠে বলা হয় হোমিওপ্যাথিক রেপার্টরী রচনায় যিনি সর্বাধিক কৃতিত্বের সাক্ষর রেখেছেন তিনি হলেন **Dr. J. T. Kent** । তার রচিত **Kent's Repertory of the Homoeopathic Materia Medica** - ১৮৯৭ সালে প্রথম খন্ড প্রকাশিত হয় এবং পরবর্তীতে ধাপে ধাপে পূর্ণাঙ্গ ভাবে প্রকাশিত হয়, এটির সর্বমোট ৬টি সংস্করণ হয়েছে । এটিতে ১৪২৩ পৃষ্ঠার বিশাল রেপার্টরী অংশ আছে । সূচীপত্র ও অন্যান্য কিছু লেখকের রচনাও এতে যোগ করে এই রেপার্টরীর উপযোগিতা পরবর্তীতে আরও বৃদ্ধি করা হয়েছে । প্রায় এক শতাব্দী যাবৎ কেন্ট রেপার্টরী অপ্রতিদ্বন্দ্বীতার সাথে বিশ্বের প্রথম শ্রেণীর সকল হোমিও চিকিৎসকদের নিকট পরম সমাদরে সমাদৃত । এই রেপার্টরীর প্রশংসা করতে গিয়ে লন্ডনের প্রখ্যাত চিকিৎসক **Dr. E. W. Hubbard** (রানী ২য় এলিজাবেথের ব্যক্তিগত প্রধান চিকিৎসক) বলেন, **"Study the Kent Method first, last and all the time"** ।

হোমিওচিকিৎসা শাস্ত্রের উন্নয়নের সাথে তাল মিলিয়ে বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীর সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজনীয়তা উপলব্ধি করা গেলেও কেন্টের মত মননশীল দূরদৃষ্টি সম্পন্ন চিকিৎসকের আবির্ভাব বিশ্বে আর হয়নি । পরবর্তীতে মেটেরিয়া মেডিকার বাদ পড়ে যাওয়া লক্ষণাবলী, নব নব আবিষ্কৃত ওষুধের লক্ষণাবলী ও মেটেরিয়া মেডিকার নতুন লক্ষণাবলীকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভুক্ত করার এবং কেন্ট রেপার্টরীকে আরও তথ্যসমৃদ্ধ করার প্রয়াশ আমরা বিশ্বের বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকদের মধ্যে দেখতে পাই ।

কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে **J. Kunzli** (Germany) Kent's Repertorium Generale, (1172 Pages) এবং **P. Schmidt** (1894-1987, Switzerland) Kent's Final Repertory, (1423 Pages) নামে সতন্ত্র রেপার্টরী প্রকাশ করেন । এছাড়া ভারতীয় চিকিৎসক **Dr. Ramanlal P. Patel** কেন্ট রেপার্টরীকে সংশোধন করে সতন্ত্র রেপার্টরী প্রকাশ করেন । কেন্ট রেপার্টরীর ৩৭টি অধ্যায়কে অপরিবর্তিত রেখে **Dr. P. Sivaraman** ১৯৯৮ সনে

**Kent's Repertory of the Homoeopathic Materia Medica Expanded** নামে সংশোধিত, বর্ধিত রেপার্টরী প্রকাশ করেন।

কেন্ট রেপার্টরীর নির্বাচিত অধ্যায়- ১ম খন্ড Psychies Symptoms (Mind), ২য় খন্ড -General Symptoms (Generalities), ৩য় খন্ড - Sleep, Dreams, Sexuality - Male, ও Female অংশকে সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করে **Dr. H. Barthel** ও **Dr. W. Klunker – Synthetic Repertory** নামে ৩ খন্ডে বিভক্ত ২৪৮৭ পৃষ্ঠার সতন্ত্র রেপার্টরী প্রকাশ করেন ১৯৭৪ সনে।

**Dr. Robin Murphy, ND** কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে বর্ধিত আকারে ৬৭টি অধ্যায়ের (কেন্ট- ৩৭টি অধ্যায়), ১৫৪৬ পৃষ্ঠার, ৩৯,০০০ নতুন রুব্রিক যোগ করে এবং ২,০০,০০০ অধিক নতুন তথ্যের সংযোজন করে **Homeopathic Medical Repertory** নামে একটি অসাধারণ, যুগোপযোগী, আধুনিক চিকিৎসার লক্ষণ সমৃদ্ধ, সহজবোধ্য, সম্পূর্ণ বর্ণমালাক্রমিক পদ্ধতিতে সজ্জিত রেপার্টরী প্রকাশ করেন ১৯৯৩ সনে। ১৯৯৮ সনে এই রেপার্টরীর ২য় সংস্করণ ৭০টি বর্ধিত অধ্যায়ে পুর্ণবিন্যস্ত করে ও অধিকতর তথ্য সংযোজিত হয়ে প্রকাশিত হয়েছে। এ রেপার্টরীটি **CARA, RADAR** এবং **MAC-REP** নামক হোমিওপ্যাথিক মেডিকেল কম্পিউটার প্রোগ্রামে বা সফটওয়্যারে সংযোজিত হয়েছে।

১৯৮৭ সনে কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে **Dr. Frederik Schroyens** সম্পাদিত ৩৮টি অধ্যায়ের রেপার্টরী প্রকাশিত হয় **Synthesis,** Repertorium Homeopathicum Syntheticum নামে। ১৯৯৮ সনে ১৭১৮ পৃষ্ঠার ২,৩৫,০০০ অধিক নতুন তথ্যের সংযোজন করে ৩৭১২টি ওষুধ ও সর্বাধিক লক্ষণ সংযোজিত হয়ে এটির সংশোধিত, বর্ধিত ৭ম সংস্করণ প্রকাশিত হয়েছে, অধিকিন্তু এতে ১৩১ পৃষ্ঠার ব্লুপ্রিন্ট ও বিশাল রেফারেন্স (১৮২১টি) আছে। এই বিশাল রেপার্টরীটি **RADAR** নামক হোমিওপ্যাথিক মেডিকেল কম্পিউটার প্রোগ্রামে বা সফটওয়্যারে সংযোজিত হয়েছে। বিশ্বের বিভিন্ন স্বনামধন্য চিকিৎসকদের মতামতকে সংকলন করে **Dr. Frederik Schroyens** সম্পাদিত এই রেপার্টরীটি (**Synthesis,** Repertorium Homeopathicum Syntheticum 7.1) পুনঃসম্পাদিত হয়ে আরও বর্ধিত কলেবরে ২০০১ সনে প্রকাশিত হয়েছে। ২০০১ সনে প্রকাশিত ৮ম সংস্করণে (**Synthesis,** Repertorium Homeopathicum Syntheticum 8.1) ১৯১২ পৃষ্ঠার রেপার্টরী অংশ, ১৮৪ পৃষ্ঠার ব্লুপ্রিন্ট, ২,৩৫,০০০+ ৩৯,০০০ অধিক নতুন তথ্যের সংযোজন, ৩৭১২+১৩৩= ৩৮৪৫ টি ওষুধ ও সর্বাধিক লক্ষণ সংযোজিত হয়ে এটির সংশোধিত, বর্ধিত ৮ম সংস্করণ প্রকাশিত হয়েছে, অধিকিন্তু এতে





বিশাল রেফারেন্স (২২১৩টি) আছে। এই বিশাল রেপার্টরীটিও **RADAR** নামক হোমিওপ্যাথিক মেডিকেল কম্পিউটার প্রোগ্রামে বা সফটওয়্যারে সংযোজিত হয়েছে।

হল্যান্ডের বিখ্যাত চিকিৎসক **Dr. Roger van Zandvoort** কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে **The Complete Repertory** নামে তিন খন্ডে বিভক্ত বিশ্বের সর্ববৃহৎ রেপার্টরী রচনা করেন। ১৯৯৮ সনে এটির বর্ধিত সংস্করণ প্রকাশিত হয়। ২৮৩০ পৃষ্ঠার এ বর্ধিত সংস্করণটিতে ৫,১৫,০০০ নতুন তথ্যের সংযোজন করা হয়েছে, ১২৫জন বিখ্যাত লেখকের পুস্তকের সহযোগিতা নিয়ে বহু নতুন রুব্রিক, সাব-রুব্রিক ও তথ্যের সংযোজন এ রেপার্টরীর প্রধান বৈশিষ্ট্য। এ রেপার্টরীটি **CARA, HOMPATH** এবং **MAC-REP** নামক হোমিওপ্যাথিক মেডিকেল কম্পিউটার প্রোগ্রামে বা সফটওয়্যারে সংযোজিত হয়েছে।

এছাড়া **Dr. Warkentin, D.K. - Homoeopathic Repertory** রচনা করেছেন, যা কেবল **MacRepertory** নামক কম্পিউটার প্রোগ্রামে সংযোজিত হয়েছে এবং **Dr. David Witko** ও **Dr. John Stevenson – Combined Synthesis Repertory** নামে ৩৯ টি অধ্যায়ের বিশেষ কম্পিউটার রেপার্টরী রচনা করেছেন, যা কেবল **CARA** নামক কম্পিউটার প্রোগ্রামে সংযোজিত হয়েছে।

হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞান উন্নয়নমুখী, উন্নয়নের ধারায় হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞানে সম্প্রতি সংযোজিত হয়েছে কম্পিউটার। বিশ্বসভ্যতায় এমন কোন ক্ষেত্র নেই যেখানে কম্পিউটার ব্যবহার করা হচ্ছে না, হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানও এক্ষেত্রে পিছিয়ে নেই। কম্পিউটার প্রযুক্তি হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য উম্মোচন করেছে এক বিশাল কর্মকান্ডের। **Information Technology** বা তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক প্রায় সকল পুস্তকাদির তথ্য এখন কম্পিউটারে সংরক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন তথ্যকে খুঁজে বের করাও সম্ভব হচ্ছে। হোমিওপ্যাথিক চিকিৎসকদের প্রয়োজনীয়তাকে সামনে রেখে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার বা প্রোগ্রাম প্রস্তুত করে বাজারজাত করছে। LAMNIA, MAC-REP, HOMPATH, CARA, MICROPATH, HOMOEOREP, THE PROFILE, THE SAMUEL, KENTIAN, POLYCHRESTA এবং RADAR ইত্যাদি অন্যতম হোমিওপ্যাথিক সফটওয়্যার। এ সকল সফটওয়্যারের সাহায্যে চিকিৎসক নিজের কর্মদক্ষতা বহুগুণ বৃদ্ধি করতে পারছেন। এ পর্যন্ত যতগুলি প্রধান প্রধান রেপার্টরী রচিত হয়েছে তার সবগুলোই এখন হোমিওপ্যাথিক সফটওয়্যার বা কম্পিউটার প্রোগ্রামে অন্তর্ভূক্ত হয়েছে, এছাড়া অর্গানন, বিভিন্ন মেটেরিয়া মেডিকা, ক্রনিক ডিজিজ, হোমিওপ্যাথিক ফিলসফি, প্র্যাকটিশ অব মেডিসিন, হোমিওপ্যাথিক ফার্মেসী সহ প্রায়

সকল প্রয়োজনীয় ও দূর্লভ পুস্তকাদির তথ্য এখন কম্পিউটার প্রযুক্তির কল্যাণে চিকিৎসকের হাতের আঙ্গুলের ডগায় এসে জমা হয়ে আছে। মাউসের একটি ক্লিকের মাধ্যমে হোমিওপ্যাথির বিশাল তথ্য ভান্ডার এখন উম্মোচনের অপেক্ষায়। বিগত ১৯০ বৎসরে হোমিওচিকিৎসা জগতে যা কিছু তত্ত্ব ও চিকিৎসা তথ্যের উন্নয়ন হয়েছে তার সবকিছুই কম্পিউটারে মেমোরিতে সংরক্ষিত হয়েছে এবং সফটওয়্যারের মাধ্যমে পাওয়া যাচ্ছে। ইন্টারনেটের মাধ্যমেও বিশ্বের বিভিন্ন হোমিওপ্যাথিক কর্মকান্ডের খবরাখবর ও তথ্য ঘরে বসেই পাওয়া যাচ্ছে। বিভিন্ন হোমিওপ্যাথিক সফটওয়্যারের ডেমো বা নমুনা ইন্টারনেট থেকে ডাউনলোড করে নেয়া যায়। কম্পিউটার প্রযুক্তির অপ্রতিরোধ্য এ যুগে যিনি যত তাড়াতাড়ি কম্পিউটার প্রযুক্তি শিক্ষা করবেন তিনি তত বেশী এগিয়ে থাকবেন। অজ্ঞতা বা পূর্বসংস্কার বশতঃ কম্পিউটার প্রযুক্তি থেকে নিজকে দূরে সরিয়ে রাখলে চিকিৎসক হোমিওপ্যাথির বিশালজগতের পরিচয় কোন দিনই পাবেন না, হাতুড়ে চিকিৎসকের নামের খাতাতেই নাম থেকে যাবে, এতে করে নিজে অজ্ঞ থাকবেন, রোগীকে সুচিকিৎসা থেকে বঞ্চিত করবেন।

তথ্যপঞ্জি ও কৃতজ্ঞতা স্বীকার ঃ-

এই অধ্যায় রচনায় প্রফেসর ডাঃ ডি তরফদার রচিত রেপার্টরী এক্সপ্লেইনড, প্রফেসর ডাঃ নিরঞ্জন মোহান্তি রচিত এ টেক্সট বুক অব হোমিওপ্যাথিক রেপার্টরী, ডাঃ রমনলাল প্যাটেল রচিত দি আর্ট অব কেইস টেকিং এন্ড প্র্যাকটিক্যাল রেপার্টরাইজেশান ইন হোমিওপ্যাথি, ডাঃ ঋতু অরোরা রচিত ষ্টাডি অব রেপার্টরী, অ্যামিরিকার দি মিনিমাম প্রাইস হোমিওপ্যাথিক বুকস প্রকাশিত পুস্তকের ক্যাটালগ ও ভারতের জৈন পাবলিসারস প্রকাশিত হোমিওপ্যাথিক পুস্তকের ক্যাটালগ, হোমপ্যাথ কম্পিউটার প্রোগ্রাম, রাডার কম্পিউটার প্রোগ্রাম, কারা কম্পিউটার প্রোগ্রাম এবং দেশী বিদেশী বিভিন্ন জার্ণাল থেকে সহযোগিতা নেয়া হয়েছে, তাদের সকলের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি।



# ৩য় অধ্যায়

## হোমিওপ্যাথিক রেপার্টরীর শ্রেনীবিভাগ CLASSIFICATION OF HOMOEOPATHIC REPERTORIES.

### হোমিওপ্যাথিক রেপার্টরীর বিভিন্ন ধরন বা প্রকার বা রেপার্টরীর শ্রেণীবিভাগ (Different kinds of Homoeopathic Repertory or Types of Repertories or Classification of Repertories)

মহাত্মা হ্যানিম্যান থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত ২৫০টিরও অধিক রেপার্টরী রচিত হয়েছে, বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে ও বিভিন্ন প্রয়োজনীয়তা পূরণের জন্য বিভিন্ন রেপার্টরী প্রণীত হয়েছে। যুগোপযোগী রেপার্টরী প্রণয়নে বহু খ্যাতনামা চিকিৎসক এগিয়ে এসেছেন এবং নিজ নিজ প্রজ্ঞা, মেধা, দৃষ্টিভঙ্গি ও দুরদর্শিতা দ্বারা বিভিন্ন রেপার্টরী প্রণয়ন করেছেন। এ সকল প্রকাশিত রেপার্টরীর মধ্যে কেহ রোগভিত্তিক, কেহ অঙ্গভিত্তিক, কেহ সামগ্রীক লক্ষণভিত্তিক, কেহ দেহের অঞ্চলভিত্তিক, কেহ নির্ঘন্টরীতিতে, কেহ মানসিক লক্ষণভিত্তিক, কেহ আভিধানিক পদ্ধতিতে ইত্যাদি বহুপ্রকার রেপার্টরী বিভিন্ন ভাষায় প্রণয়ন করেছেন। বিরাট সংখ্যক রেপার্টরী সম্বন্ধে সম্যক ধারণা লাভের জন্য রেপার্টরীর একটি শ্রেণীবিভাগ থাকা প্রয়োজন, কিন্তু অদ্যাবধি সর্বজনগ্রাহ্য রেপার্টরীর শ্রেণীবিভাগ গড়ে উঠেনি। বিভিন্ন রেপার্টরী বিশারদ বিভিন্নভাবে রেপার্টরীকে শ্রেণীবিভাগ করেছেন, তাদের শ্রেণীবিভাগের সার সংকলন করে আধুনিক শ্রেণীবিভাগটি নিম্নে দেয়া হল।

১। ব্যাপক সাধারণ রেপার্টরী বা লাক্ষণিক রেপার্টরী
**(General or Symptomatic Repertories)**
২টি প্রধান বিভাগ-

ক) বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (General Repertories of Puritan type) উদাহরণ ঃ-
- i) Dr. Gentry রচিত Repertory of Concordances.
- ii) Dr. Calvin B. Kneer রচিত Repertory of Herrings Guiding Symptoms.

খ) যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (General Repertories of Logical Utilitarian type) এরা দু প্রকার-

(১) বোনিংহাউসেন টাইপ

উদাহরণ ঃ-

i) Boenninghausen's Therapeutic Pocket Book

ii)Boenninghausen's Characteristics & Repertory – Dr. C.M. Bogar.

(২) কেন্ট টাইপ

উদাহরণ ঃ-

i) Repertory of the Homoeopathic Materia Medica by Dr. J.T Kent, M.D.

ii) Synthetic Repertory- by Drs. H. Barthel and W. Klunker.

২) সিন্থেটিক রেপার্টরী (**Synthetic Repertories**)

উদাহরণ ঃ-

i) Synthetic Repertory- by Drs. H. Barthel and W. Klunker.

ii) Synthesis- Edited by Dr. Frederik Schroyens.

৩) আংগিক বা বিশেষ অঙ্গ ভিত্তিক রেপার্টরী (**Particular Repertories**)

উদাহরণ ঃ-

i ) Organ- Repertory of Urinary organs – A. R. Morgan

ii) System- Repertory of Respiratory System-Vandenberg

৪) নৈদানিক রেপার্টরী (**Clinical Repertories**)

উদাহরণ ঃ-

i) Dr. J.H. Clark রচিত A Clinical Repertory to the Dictionary of Materia Medica

ii)Dr. William Boericke রচিত Pocket Manual of Homoeopathic Materia Medica এর সাথে সংযুক্ত রেপার্টরী, সংযোজন ও পুনঃসম্পাদনা করেছেন Oscar E. Boericke, M.D.





৫) নির্ঘন্ট রেপার্টরী (**Concordance Repertories**)

উদাহরণ ঃ-

i) Dr. Calvin B. Kneer- Repertory of Herrings Guiding Symptoms.

ii)Dr. W. D. Gentry- Repertory of Concordances.

৬) বর্ণমালা ক্রমিক রেপার্টরী (**Alphabetical Repertories**)

উদাহরণ ঃ-

i) Alphabetical Repertory of characteristics of Homoeopathic Materia Medica by Drs. Srivastava and Chandra.

ii)Homeopathic Medical Repertory by Dr. Robin Murphy N.D.

৭) কার্ড রেপার্টরী (**Card Repertories**)

উদাহরণ ঃ-

i) W. J. Guerensey – Guerensey's Boenninghausen's Slip-2500 Cards (1888).

ii)Jugal Kishore-Jugal Kishore's Card Repertory. 681 medicines, 9192Cards (1985 ).

৮) যন্ত্র নির্ভর রেপার্টরী (**Mechanically aided Repertories**)

উদাহরণঃ-

i) Dr. Patel's Autovisual Homoeopathic Repertory.

ii) Dr. D. Tarafder Totality founder Homoeopathic Repertory.

৯) কম্পিউটার প্রযুক্তি নির্ভর রেপার্টরী (**Computer aided Repertories**)

উদাহরণঃ-

LAMNIA, MAC-REP, HOMPATH, CARA, MICROPATH, HOMOEOREP, THE PROFILE, THE SAMUEL, KENTIAN, POLYCHRESTA এবং RADAR ইত্যাদি নামের বিভিন্ন সফটওয়্যারে এক বা একাধিক রেপার্টরীর তথ্যকে অন্তর্ভুক্ত করে তৈরী কম্পিউটার প্রোগ্রাম।

## ব্যাপক সাধারণ রেপার্টরী বা লাক্ষণিক রেপার্টরী (General or Symptomatic Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

এই জাতীয় রেপার্টরীর সুনির্দিষ্ট নীতি ও দার্শনিক দৃষ্টিভঙ্গি বিদ্যমান। মানুষের দেহ-মনে প্রকাশিত সকল সাধারণ ও অসাধারণ লক্ষণাবলীর ধারাবাহিক বর্ণনার মাধ্যমে এই প্রকার রেপার্টরী রচিত। এই জাতীয় রেপার্টরীতে লক্ষণ ও লক্ষণের বৈশিষ্ট্যকে অধিকতর গুরুত্ব দেয়া হয়েছে। হোমিওপ্যাথিক চিকিৎসা নীতিতে রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণ সমষ্টিই রোগীর রোগের পরিচয়। লক্ষণ সমষ্টির মাধ্যমে একক সদৃশ ওষুধ নির্বাচনে চিকিৎসককে সর্বাধিক সুবিধা প্রদান করা এই শ্রেণীর রেপার্টরীর লক্ষ্য। রোগীর রোগ লক্ষণকে লক্ষণ-শিরনাম বা রুব্রিকে উল্লেখ করে এর বিপরীতে যতগুলো ওষুধ হতে পারে তা এই শ্রেণীর রেপার্টরীতে লিপিবদ্ধ করা হয়েছে। ব্যক্তিনিষ্ঠ লক্ষণ, বস্তুনিষ্ঠ লক্ষণ, মানসিক লক্ষণ, সার্বদেহিক লক্ষণ, দৈহিক বা আঙ্গিক লক্ষণ, অদ্ভুত, অসাধারণ, একক, দৃষ্টি আর্কষক, পরিচায়ক লক্ষণ সহ সকল প্রকার লক্ষণের অন্তর্ভুক্তির মাধ্যমে এই জাতীয় রেপার্টরী রচিত। এই জাতীয় রেপার্টরীতে সকল প্রকার রোগ লক্ষণাবলীকে বিশেষ কায়দায় সাজিয়ে এমন ভাবে রচনা করা হয়েছে যাতে করে রেপার্টরীটি পূর্ণাঙ্গ রেপার্টরী হিসেবে ব্যবহৃত হতে পারে এবং প্রয়োজনে ভবিষ্যতে লক্ষণ ও ওষুধ সংযোজন করে এদেরকে আরও পূর্ণাঙ্গ করা যায়। সর্বশ্রেণীর চিকিৎসকের চাহিদা অধিকাংশ ক্ষেত্রেই এরা মিটাতে পারে।

বোনিংহাউসেন, জার, লিপে, নার, কেন্ট, বোগার, ক্লয়েন্স, মারফি, রজার ভন জ্যান্ডভর্ট রচিত রেপার্টরী এই শ্রেণীর রেপার্টরী।

এরা দুটি প্রধান ভাগে বিভক্ত ঃ-

ক) বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (General Repertories of Puritan type)

খ) যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (General Repertories of Logical Utilitarian type)

ক) বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(General Repertories of Puritan type)** ঃ- {Puritan - অতি শুদ্ধাচারী ব্যক্তি, গোড়া, নীতিনিষ্ঠ, Having or involving very strict moral attitudes} এই জাতীয় রেপার্টরীতে প্রুভার বা ওষুধ পরীক্ষকদের বা সংশ্লিষ্ট চিকিৎসকের বিবৃত ও মেটেরিয়া মেডিকায় লিপিবদ্ধ লক্ষণের বৈশিষ্ট্য ও লক্ষণের ভাষা কোনরূপ পরিবর্তন না করে অর্থাৎ অবিকল অবিকৃত ভাবে সে ভাষাতেই লিপিবদ্ধ করা হয়েছে ফলে লক্ষণের বিশুদ্ধতা রক্ষিত হয়েছে।





উদাহরণ ঃ-

i) Dr. Gentry রচিত Repertory of Concordances, Six Volumes - 5500 Pages

ii) Dr. Calvin B.Kneer রচিত Repertory of Herrings Guiding Symptoms -1217 Pages

খ) যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(General Repertories of Logical Utilitarian type)** ঃ- এই প্রকার রেপার্টরীতে প্রুভার বা সংশ্লিষ্ট চিকিৎসকের মূলভাষা ব্যবহৃত না হয়ে লক্ষণের মূলভাব বর্ণিত হয়েছে, এতে লক্ষণের শাব্দিক বিশুদ্ধতার চেয়ে লক্ষণের অর্থগত ভাবকেই গুরুত্ব দিয়ে সমার্থক শব্দের মাধ্যমে লক্ষণকে বিন্যস্ত করা হয়েছে।

এরা দু'প্রকার যথা ঃ- (১) বোনিংহাউসেন টাইপ ও (২) কেন্ট টাইপ।

(১) বোনিংহাউসেন টাইপ **(Boenninghausen Type)** প্রকৃতির রেপার্টরীতে লক্ষণের মূলভাব বর্ণিত হয়েছে, লক্ষণের অবস্থান, অনুভূতি, সহকারী লক্ষণ, হ্রাস-বৃদ্ধি ইত্যাদি ধারাবাহিক ভাবে সাজানোর চেষ্টা করা হয়েছে, এই জাতীয় রেপার্টরীতে রোগীকে সামগ্রীকভাবে (Patient as a whole) বিচার করে ওষুধ নির্বাচনের জন্য নির্দেশ দেয়া হয়েছে। এই পদ্ধতিতে একটি পূর্ণাঙ্গ লক্ষণ বলতে লক্ষণের অবস্থান, অনুভূতি, হ্রাস-বৃদ্ধি এবং আনুষঙ্গিক বা সহকারী লক্ষণ বুঝায়।

উদাহরণ ঃ-

i) Boenninghausen's Therapeutic Pocket Book,

ii) Boenninghausen's Characteristics & Repertory – Dr. C.M. Bogar.

iii) Synoptic Key – Dr. C.M. Bogar.

(২) কেন্ট টাইপ **(Kent Type)** প্রকৃতির রেপার্টরীতে আধুনিক দার্শনিক দৃষ্টিভঙ্গিতে লক্ষণের বিভিন্ন দিক, স্বাতন্ত্রতা ও সামগ্রীকতা (Evaluation, Individualization and totality of Symptoms) ইত্যাদিকে প্রাধান্য দিয়ে বর্ণমালার ক্রমানুসারে আভিধানিক পদ্ধতিতে সজ্জিত করা হয়েছে। এতে লক্ষণের অবস্থান, কারণ, অনুভূতি, হ্রাস-বৃদ্ধি এবং আনুষঙ্গিক বা সহকারী লক্ষণ ইত্যাদিরও যথেষ্ট গুরুত্ব দেয়া হয়েছে।

উদাহরণ ঃ-

i) Repertory of the Homoeopathic Materia Medica by

Dr. J.T. Kent, M.D.

ii) Synthetic Repertory by Drs. H. Barthel and W. Klunker.

iii) Synthesis - Edited by Dr. Frederik Schroyens.

iv) Homeopathic Medical Repertory by Dr. Robin Murphy N.D.

v) Complete Repertory by Dr.Roger van Zandvoort

## সিন্থেটিক রেপার্টরী
## (Synthetic Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

এই জাতীয় রেপার্টরী গুলো বিভিন্ন রেপার্টরী থেকে তথ্য সংগ্রহ করে একত্রে সমন্বয় করে লিবিবদ্ধ করা হয়েছে। প্রধানতঃ কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে অন্যান্য প্রধান প্রধান রেপার্টরীর লক্ষণাবলী ও বিভিন্ন ক্লিনিক্যাল লক্ষণাবলীও এতে সন্নিবেশিত হয়েছে। এই সকল রেপার্টরী সাধারণ লাক্ষণিক রেপার্টরীর গুণাবলী বহন করলেও বহুবিধ তথ্যের সমন্বয় বিধায় এদেরকে মিশ্র পদ্ধতির রেপার্টরীও বলা যায়। কেন্ট রেপার্টরীর অনুকরণে এসকল রেপার্টরী সজ্জিত বিধায় এদেরকে কেন্ট টাইপ যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরীও বলা হয়। এ সকল রেপার্টরীতে তথ্য উপস্থাপনে আধুনিক দৃষ্টিভঙ্গি, অধ্যায় ও রুব্রিক সজ্জিতকরণে ধারাবাহিকতা, বর্ণমালাক্রমিক সজ্জা, রুব্রিক খুঁজে পেতে সহজতা, নতুন অন্তর্ভূক্ত তথ্যের রেফারেন্স উল্লেখ এ জাতীয় রেপার্টরীকে একটি বিশেষ মর্যাদা দান করেছে।

উদাহরণ ঃ-

i) Synthetic Repertory - by Drs. H. Barthel and W. Klunker.

ii) Synthesis - Edited by Dr. Frederik Schroyens.





## আংগিক বা বিশেষ অঙ্গ ভিত্তিক রেপার্টরী
## (Particular Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

বিভিন্ন চিন্তাশীল চিকিৎসক দ্বারা বিভিন্ন সময়ে বিভিন্ন অঙ্গভিত্তিক রেপার্টরী রচিত হয়েছে, কেহ দেহের বিশেষ কোন অঙ্গের, কেহ তন্ত্রের, কেহ বিশেষ কোন রোগের নামের উপর ভিত্তি করে বিভিন্ন রেপার্টরী প্রণয়ন করেছেন। এসকল রেপার্টরীর মাধ্যমে স্বল্প সময়ে কোন রোগের নামে বা আক্রান্ত অঙ্গের বা আক্রান্ত তন্ত্রের বা রোগীর বিশেষ বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে ওষুধ নির্বাচন করা যায়। একিউট রোগীর চিকিৎসায় এই শ্রেণীর রেপার্টরীর ব্যবহার চিকিৎসককে দ্রুত ওষুধ নির্বাচনে সহায়তা করতে পারে বিধায় নবীন চিকিৎসকদের মধ্যে এই জাতীয় রেপার্টরীর ব্যবহার অধিক প্রচলিত।

সীমাবদ্ধতা ঃ-

এ জাতীয় রেপার্টরী সংক্ষিপ্ত, বহু প্রয়োজনীয় অধ্যায় বা বিষয় এতে অন্তর্ভুক্ত নয়। তথ্যের স্বল্পতার কারণে চিকিৎসকদের সর্ববিধ চাহিদা পূরণে এরা সক্ষম নহে। ক্রনিক রোগীর চিকিৎসায় এই জাতীয় রেপার্টরী তেমন সহায়ক নহে। এই জাতীয় রেপার্টরী রোগীকে সামগ্রীকভাবে (Patient as a whole) বিচার না করে কেবল বিশেষ কোন লক্ষণের বা অঙ্গের বা অবস্থার ওষুধতালিকা প্রদান করতে পারে। সতর্কতার সাথে ব্যবহার না করলে এই জাতীয় রেপার্টরী চিকিৎসককে হোমিওপ্যাথি চিকিৎসার মূলনীতি "রোগের চিকিৎসা নহে রোগীর চিকিৎসা" হতে বিচ্যুত করে তথাকথিত রোগের চিকিৎসক হতে প্ররোচিত করে।

উদাহরণ ঃ-

a) Organ- Repertory of Urinary organs – A. R. Morgan (1890)

b) System- Repertory of Respiratory System - Vandenberg (1894)

c) Region- Regional Leaders – E. B. Nash (1906)

d) Disease- Repertory of Diarrhoea – Bell (1906)

e) Modalities- Index of Aggravation and Amelioration - Neatby (1894)

f) Times- Times of Remedies - C.M. Bogar (1938)

g) Relationship- Relationship of Remedies – Guerensey (1906)

h) Sides of Body Guerensey (1906)
i) Pathological - Raue's Special Pathology- Raue (1906)
j) Pulse- Repertory of Pulse - Haws.
h) Parts of body - Repertory of Tongue – Douglas (1896).

## নৈদানিক রেপার্টরী
## (Clinical Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

বিশেষ কোন রোগের নামের উপর ভিত্তি করে বা রোগের নামকে প্রাধান্য দিয়ে প্রথমে শুরু করে ও পরে প্রয়োজন অনুসারে লক্ষণাবলীকে বর্ণনা করে যে সকল রেপার্টরী রচিত হয়েছে সে সকল রেপার্টরীকে নৈদানিক রেপার্টরী বা ক্লিনিক্যাল রেপার্টরী বলা হয় । এ জাতীয় রেপার্টরীতে চিকিৎসাগত ভাষা (Medical Term) অধিক ব্যবহার করা হয়েছে । কনভার্টেট হোমিওপ্যাথদের জন্য ও অভিজ্ঞ হোমিওপ্যাথদের জন্য এই রেপার্টরী বিশেষ উপকারী । নবীন চিকিৎসকগণ সর্তকতার সাথে এই রেপার্টরী ব্যবহার করে সহজে সদৃশ ওষুধ তালিকা পেতে পারেন । একিউট রোগীর চিকিৎসায় এই শ্রেণীর রেপার্টরীর ব্যবহার চিকিৎসককে দ্রুত ওষুধ নির্বাচনে সহায়তা করতে পারে।

সীমাবদ্ধতা ঃ-

এ জাতীয় রেপার্টরী সংক্ষিপ্ত, বহু প্রয়োজনীয় অধ্যায় বা বিষয় এতে অন্তর্ভুক্ত নয় । তথ্যের স্বল্পতার কারণে চিকিৎসকদের সর্ববিধ চাহিদা পূরণে এরা সক্ষম নহে । ক্রনিক রোগীর চিকিৎসায় এই জাতীয় রেপার্টরী তেমন সহায়ক নহে । এই জাতীয় রেপার্টরী রোগীকে সামগ্রীকভাবে (Patient as a whole) বিচার না করে কেবল বিশেষ কোন লক্ষণের বা অঙ্গের বা অবস্থার ওষুধতালিকা প্রদান করতে পারে । সর্তকতার সাথে ব্যবহার না করলে এই জাতীয় রেপার্টরী চিকিৎসককে হোমিওপ্যাথি চিকিৎসার মূলনীতি "রোগের চিকিৎসা নহে রোগীর চিকিৎসা" হতে বিচ্যুত করে তথাকথিত রোগের চিকিৎসক হতে প্ররোচিত করে ।

উদাহরণ ঃ-

i) Dr. J.H. Clark রচিত A Clinical Repertory to the Dictionary of Materia Medica (1906).
ii) Dr. William Boericke রচিত Pocket Manual of Homoeopathic Materia Medica এর সাথে সংযুক্ত রেপার্টরী, সংযোজন ও পুনঃসম্পাদনা করেছেন Oscar E. Boericke. M.D (1927).
iii) Dr. Bell রচিত Diarrhoea.
iv) Dr. H.C. Allen রচিত Intermittant Fever.





## নির্ঘন্ট রেপার্টরী
## (Concordance Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

এই প্রকার রেপার্টরীতে দেহের বিভিন্ন অংগের নামের উপর ভিত্তি করে অধ্যায় সজ্জিত করার পর লক্ষণের বা রুব্রিকের বর্ণমালাক্রমিক সূচী অন্তর্ভূক্ত করে সদৃশ ওষুধতালিকা প্রদান করা হয়েছে (নারের রেপার্টরী) অথবা লক্ষণের প্রথম তিনটি অক্ষরকে রুব্রিক হিসাবে নিবার্চন করে সেই তিনটি অক্ষর দ্বারা যত লক্ষণ হতে পারে তার উল্লেখ করে সে গুলো বর্ণনা করে এক বা একাধিক ওষুধের নাম দেয়া হয়েছে (জেন্ট্রি কনকরডেন্স) । ওষুধের নামের পূর্বে বা পরে সে ওষুধের বিশেষ ইংগিত পূর্ণ লক্ষণাবলীর বর্ণনা বা নির্ঘন্ট প্রদান এ জাতীয় রেপার্টরীর প্রধান বৈশিষ্ট্য । বহু চিকিৎসক তাদের রচিত মেটেরিয়া মেডিকার শেষ অংশে নির্ঘন্ট পদ্ধতিতে সংক্ষিপ্ত রেপার্টরী সংযুক্ত করেছেন । এদের মধ্যে ডাঃ ন্যাশ, ডাঃ রয়েল, ডাঃ সালাম ও ডাঃ সরকার এর নাম উল্লেখযোগ্য । নির্ঘন্ট পদ্ধতির রেপার্টরীকে বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী বা **Puritan type General Repertory** নামেও শ্রেণীবিভাগ করা হয় । এ জাতীয় রেপার্টরীতে প্রুভার বা ওষুধ পরীক্ষকদের বা সংশ্লিষ্ট চিকিৎসকের বিবৃত ও মেটেরিয়া মেডিকায় লিপিবদ্ধ লক্ষণের বৈশিষ্ট্য ও লক্ষণের ভাষা কোনরূপ পরিবর্তন না করে অর্থাৎ অবিকল অবিকৃত ভাবে সে ভাষাতেই লিপিবদ্ধ করা হয়েছে ফলে লক্ষণের বিশুদ্ধতা রক্ষিত হয়েছে । সে হিসাবে এই রেপার্টরীর তথ্যাবলী অধিকতর বিশ্বাসযোগ্য ও গুরুত্বের দাবীদার ।

সীমাবদ্ধতা ঃ-

এ জাতীয় রেপার্টরী সংক্ষিপ্ত না হলেও বহু প্রয়োজনীয় অধ্যায় বা বিষয় এতে অন্তর্ভূক্ত নয় । ওষুধ সংখ্যা স্বল্প, বহু প্রয়োজনীয় ওষুধ অর্ন্তভূক্ত নয় । আধুনিক নব নব আবিষ্কৃত ওষুধ, নোসড, বাওয়েল নোসড, সারকোডিস, ইমপন্ডারেবিলিয়া ইত্যাদি

শ্রেণীভূক্ত ওষুধ সমুহ যথাযথ ভাবে অর্ন্তভূক্ত নয় । রুব্রিক প্রণয়নে ও তথ্যের উপস্থাপনে জটিলতা থাকার কারণে চিকিৎসকদের সর্ববিধ চাহিদা পূরণে এরা সক্ষম নহে । তথ্য খুঁজে পাওয়ার সুবিধা অন্য রেপার্টরীর চেয়ে জটিল । রোগীচিত্রের সদৃশ করার জন্য একই বিভাগ বা অধ্যায় যথেষ্ট নয়, কয়েকটি বিভাগ বা অধ্যায় অনুসন্ধানের পর ওষুধটি প্রাপ্ত হয় । রুব্রিকের অনুগামী নির্ঘন্টসমুহ বর্ণমালার ক্রমানুসারে সর্বক্ষেত্রে সজ্জিত নয় বিধায় প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিকটি খুঁজে বের করার জন্য চিকিৎককে অনেক ক্ষেত্রে প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট ওষুধটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ । ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন । এই জাতীয় রেপার্টরী রোগীকে সামগ্রীকভাবে (Patient as a whole) বিচার না করে কেবল বিশেষ কোন লক্ষণের বা অঙ্গের বা অবস্থার ওষুধতালিকা প্রদান করতে পারে ।

কেবল মাত্র নির্ঘন্ট পদ্ধতিতে রচিত পূর্ণাঙ্গ রেপার্টরীর উদাহরণ ঃ-

i) Dr. Calvin B. Kneer - Repertory of Herrings Guiding Symptoms - 1217 Pages.
ii) Dr. W. D. Gentry- Repertory of Concordances, Six Volumes - 5500 Pages.

## বর্ণমালা ক্রমিক রেপার্টরী
## (Alphabetical Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

বর্ণমালার ক্রমানুসারে আভিধানিক পদ্ধতি অনুযায়ী এসকল রেপার্টরীতে অধ্যায় বা রুব্রিক বা লক্ষণ সজ্জিত হয়েছে বিধায় এদেরকে বর্ণমালাক্রমিক রেপার্টরী বলা হয় । এই জাতীয় রেপার্টরীতে অধ্যায় সমুহ বর্ণমালা ক্রমিক ভাবে সজ্জিত. প্রতিটি অধ্যায়ে রুব্রিকসমুহ বর্ণমালাক্রমিকভাবে সজ্জিত, রুব্রিকের অর্ন্তগত সাব-রুব্রিকসমুহ একই নিয়মে বর্ণমালাক্রমিকভাবে সজ্জিত । রুব্রিকের বিপরীতে দেয়া ওষুধ তালিকা, ওষুধের সংক্ষিপ্ত নামের বিপরীতে পূর্ণ নামের তালিকা ও রেফারেন্স ইত্যাদি সকল কিছুই বর্ণমালাক্রমিকভাবে সজ্জিত । রুব্রিক খুঁজে পাওয়ার সুবিধা এই জাতীয় রেপার্টরীতে সবচেয়ে বেশী । এই জাতীয় রেপার্টরীতে সকল প্রকার রোগ লক্ষণাবলীকে বিশেষ কায়দায় সাজিয়ে এমন ভাবে রচনা করা হয়েছে যাতে করে রেপার্টরীটি পূর্ণাঙ্গ রেপার্টরী হিসেবে ব্যবহৃত হতে পারে এবং প্রয়োজনে ভবিষ্যতে লক্ষণ ও ওষুধ





সংযোজন করে এদেরকে আরও পূর্ণাঙ্গ করা যায় । সর্বশ্রেণীর চিকিৎসকের চাহিদা অধিকাংশ ক্ষেত্রেই এরা মিটাতে পারে ।

উদাহরণ ঃ-

i) A Concise Repertory by Dr. Phathak. S.R
ii) Alphabetical Repertory of characteristics of Homoeopathic Materia Medica by Drs. Srivastava and Chandra.
iii) Homeopathic Medical Repertory by Dr. Robin Murphy N.D.

## কার্ড রেপার্টরী
## (Card Repertories)

আকর্ষণীয় বৈশিষ্ট্য ঃ-

এটি প্রকৃত পক্ষে কোন রেপার্টরী নয় । রেপার্টরীকরণ বা রেপার্টরাইজেশান দ্রুত বা সময় সংক্ষেপ করার কৌশল হিসেবে এই প্রকার রেপার্টরীর প্রচলন হয়েছিল । এটির দুটি অংশ (১) পুস্তক অংশ বা Booklet এবং (২) কার্ডসমূহ (Cards) ।

পুস্তক অংশে রুব্রিক বা লক্ষণের নাম, প্রতিটি রুব্রিক বা লক্ষণের নির্দিষ্ট কোড নম্বর, ওষুধের নাম, প্রতিটি ওষুধের নির্দিষ্ট কোড নম্বর ইত্যাদি বর্ণমালার ক্রমানুসারে আভিধানিক পদ্ধতিতে লিপিবদ্ধ থাকে । কার্ড রেপার্টরী ব্যবহারের নিয়ম ও কার্ড রেপার্টরীর মাধ্যমে রেপার্টাইজেশানকৃত কিছু উদাহরণ পুস্তক অংশে বর্ণিত থাকে ।

কার্ড সমুহ সাধারণতঃ এক বা একাধিক বাক্সের মধ্যে ক্রমিক নম্বর অনূযায়ী সাজানো থাকে । প্রতিটি রুব্রিক বা লক্ষণের জন্য একটি কার্ড নির্দিষ্ট করা থাকে । প্রতিটি কার্ডে বিশেষ কৌশলে নির্দিষ্ট রুব্রিক বা লক্ষণের নির্দেশিত ওষুধতালিকার ঘর ছিদ্র করা থাকে। রেপার্টরীকরণের সময় লক্ষণের প্রতিনিধিত্বকারী একাধিক কার্ড একসাথে সমানভাবে মিশিয়ে একটি ছিদ্রপথ অনুসন্ধান করা হয়, ছিদ্রপথের কোড নম্বর অনুযায়ী পুস্তক অংশ থেকে ওষুধের নাম জেনে মেটেরিয়া মেডিকায় যাচাই করে ওষুধের ব্যবস্থাপত্র দেয়া হয় । প্রচলিত পুস্তক রেপার্টরীর মাধ্যমে রেপার্টরীকরণের চেয়ে এই পদ্ধতিতে রেপার্টরীকরণে অনেক কম সময় ব্যয় হয় । কিন্তু লক্ষণ সংখ্যা অনেক কম

হওয়ার কারণে ও কম্পিউটার প্রযুক্তির বিবিধ সুবিধার কাছে হার মেনে কার্ড রেপার্টরী বর্তমানে অবলুপ্তির পথে পা দিয়েছে।

উদাহরণ ঃ-

1888 – **W. J. Guerensey** – Guerensey's Boenninghausen's Slip-2500 Cards.
1912 – **Mergaret Tyler** – Card Repertory-Based on Kent's Repertory.
1913 – **Welch and Houston** - Card Repertory - Based on Kent's Repertory.
1922 – **Field** - Card Repertory. 6800 Cards, 360 remedies.
1928 - **C.M. Boger** – Bogar's Card Repertory.
1948 – **Marcos Jaminez** - Card Repertory, Based on Boenninghausen's Work.
1950 – **J.G. Weiss and R. H. Farly**- Spindle type Card Repertory.
**P. Sankaran** - P. Sankaran's card Repertory.292 Medicines and 420 Cards.
1959 – **Jugal Kishore**-Jugal Kishore's Card Repertory. 648 medicines, 10000 Cards.
1984 – **Shashi Mohan Sharma** - Shashi Mohan Sharma's Card repertory. 400 Remedies and 3000 Cards.

(বিস্তারিত দেখুন - কার্ড রেপার্টরী অধ্যায় -পৃষ্ঠা ৩১৫-৩২২)

## যন্ত্র নির্ভর রেপার্টরী
## (Mechanically aided Repertories)

প্রকৃত পক্ষে যন্ত্র নির্ভর রেপার্টরী সতন্ত্র কোন রেপার্টরী নয়, পুস্তক রেপার্টরীর রুব্রিক ও ওষুধকে বিশেষ কোড নম্বরে চিহ্নিত করে যান্ত্রিক পদ্ধতির সহায়তায় রেপার্টরীকরণ বা রেপার্টরাইজেশান দ্রুত করার কৌশল হিসেবে এই প্রকার যান্ত্রিক রেপার্টরীর প্রচলন হয়েছিল।

উদাহরণঃ-





i) Dr. Patel's Autovisual Homoeopathic Repertory.
ii) Dr. Patel's Autovisual Miasmatic Repertory.
iii) Dr. D. Tarafder Totality founder Homoeopathic Repertory.

## কম্পিউটার প্রযুক্তি নির্ভর রেপার্টরী
## (Computer aided Repertories)

প্রকৃত পক্ষে কম্পিউটার রেপার্টরী সতন্ত্র কোন রেপার্টরী নয়। Information Technology বা তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক প্রায় সকল পুস্তকাদির তথ্য সহ বিশ্বখ্যাত সকল রেপার্টরীর তথ্য এখন কম্পিউটারে সংরক্ষণ ও ব্যবহার করা হচ্ছে এবং প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন তথ্যকে খুঁজে বের করাও সম্ভব হচ্ছে। হোমিওপ্যাথিক চিকিৎসকদের প্রয়োজনীয়তাকে সামনে রেখে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার বা প্রোগ্রাম প্রস্তুত করে বাজারজাত করছে। LAMNIA, MAC-REP, HOMPATH, CARA, MICROPATH, HOMOEOREP, THE PROFILE, THE SAMUEL, KENTIAN, POLYCHRESTA এবং RADAR ইত্যাদি অন্যতম হোমিওপ্যাথিক সফটওয়্যার। প্রচলিত পুস্তক রেপার্টরীর আংশিক বা যাবতীয় তথ্যকে অর্ন্তভূক্ত করে ও স্বল্প সময়ে রেপার্টরীকরণের সুবিধা সম্বলিত এই প্রযুক্তি হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য উম্মোচন করেছে এক বিশাল কর্মকান্ডের। রেপার্টরীকরণের মত জটিল ও সময়সাপেক্ষ কর্মকে দ্রুত ও নির্ভুল সম্পাদনার জন্য কম্পিউটার যে সুবিধা হোমিও.চিকিৎসককে দিতে পারে বিশ্বের অন্য কোন প্রযুক্তি এর সমকক্ষ হতে পারেনি।

যথাযথভাবে সংযোজিত বেসিক মেডিকেল ও হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার সম্বলিত কম্পিউটার ব্যবহারের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসক যে সকল বিষয়ে দক্ষতা অর্জন ও সহযোগিতা লাভ করতে পারবেন, প্রধানতঃ তা হচ্ছে ঃ-

১। ডেক্সটপ লাইব্রেরী
২। বিভিন্ন মাল্টিমিডিয়া মেডিকেল প্রোগ্রামের ব্যবহার
৩। আর্দশ রোগীলিপি প্রস্তুত ও রোগীলিপি সংরক্ষণ
৪। কম্পিউটারের মেমোরীতে সংরক্ষিত মেটেরিয়া মেডিকা বা যে কোন

পুস্তকের তথ্য বিবরণী উপস্থাপন

৫। কম্পিউটারের মেমোরীতে সংরক্ষিত বিভিন্ন রেপার্টরী উপস্থাপন

৬। অনুসন্ধান বা সার্চ কমান্ড ব্যবহারের মাধ্যমে রেপার্টরী বা মেটেরিয়া মেডিকা বা প্রোগ্রামে অন্তর্ভুক্ত যে কোন পুস্তকের তথ্যকে মুহূর্তের মধ্যে খুঁজে বের করা

৭। মুহূর্তের মধ্যে রেপার্টরীকরণ (Repertorisation)

৮। ওষুধ বাছাই (Drug Filter)

৯। বিবিধ

(বিস্তারিত দেখুন - কম্পিউটারাইজড হোমিওপ্যাথি অধ্যায় -পৃষ্ঠা ৩৮৭-৪১৬)

তথ্যপঞ্জি ও কৃতজ্ঞতা স্বীকার ঃ -

এই অধ্যায়ে বর্ণিত রেপার্টরীর শ্রেণীবিভাগটি প্রধানতঃ ডাঃ রমনলাল প্যাটেল রচিত দি আর্ট অব কেইস টেকিং এন্ড প্র্যাকটিক্যাল রেপার্টরাইজেশান ইন হোমিওপ্যাথি এবং প্রফেসর ডাঃ ডি তরফদার রচিত রেপার্টরী এক্সপ্লেইনড গ্রন্থের সহায়তায় করা হয়েছে।



# ৪র্থ অধ্যায়

## রেপার্টরী অধ্যয়নে প্রয়োজনীয় টেকনিক্যাল শব্দের ব্যাখ্যা
## STUDY OF TECHNICAL TERMS USED IN REPERTORY

(Symptoms and Rubrics, Subjective and Objective symptoms, General and particular symptoms, Common and Uncommon symptoms, Pathological and Physiological symptoms, Characteristic symptoms, Concomitant symptoms, Accessory symptoms, Accidental symptoms, Constitutional symptoms, Etiological symptoms, Keynote symptoms, Alternating symptoms, Contradictory symptoms, Prescribing symptoms, Basic symptoms and Determinative symptoms, Primary and Secondary symptoms, Pathonomic symptoms, Pathogenic symptoms, Clinical symptoms, Cross References, Evaluation of symptoms, Examples of Symptoms)

### লক্ষণ ও রুব্রিক (Symptoms and Rubrics)

### লক্ষণ (Symptoms)

লক্ষণ বলতে আমরা বুঝি -

(১) রোগীর অসুস্থতার নিজস্ব বর্ণনার ভাষা, যা দ্বারা রোগী নিজের কষ্টকর অভিযোগ সমূহ চিকিৎসককে জানায় বা বর্ণনা করে, (২) অসুস্থ রোগী পরীক্ষাকালে চিকিৎসক রোগীর দেহ-মনে যে সকল অস্বাভাবিক অবস্থা প্রত্যক্ষ করেন তার বর্ণনার ভাষা, (৩) রোগীর পরিচর্যাকারীদের রোগীর অস্বাভাবিক অবস্থার বর্ণনার ভাষা, (৪) ড্রাগ প্রুভিং কালে ড্রাগ-প্রুভারের দেহ-মনে প্রকাশিত কৃত্রিম অসুস্থতার বর্ণনার ভাষা, এবং (৫) মেটেরিয়া মেডিকায় লিখিত ওষুধের রোগ সৃষ্টিকারী বা আরোগ্যকারী গুণের বর্ণনার পূর্ণাঙ্গ ভাষা।

অতএব, সংক্ষিপ্ত ভাবে বলা যায়, লক্ষণ হল রোগী, প্রুভার এবং মেটেরিয়া মেডিকার ভাষা।

**Symptoms** - These are the full languages and sentences of the patient or the prover or the Materia Medica, which the patient tells while detailing the symptoms or the prover records during the drug proving or what we read in our Materia Medica. - **D. Tarafder**, Repertory Explained (1986).

**লক্ষণের উপাদান**

একটি পূর্ণাঙ্গ লক্ষণের ৬টি উপাদান থাকতে পারে, যেমন-

১। কারণ (Causes) ঃ প্রত্যেক রোগলক্ষণ বা রোগজ অবস্থা সৃষ্টির জন্য বিভিন্ন কারণ থাকে, যেমন- স্বাস্থ্যবিধি লঙ্ঘন, অনিয়ম, অমিতাচার, অনাহার, অতিরিক্ত আহার, অতিরিক্ত রাত্রি জাগরণ, আকস্মিক দূর্ঘটনা বা আঘাত, বৃষ্টিতে ভেজা বা প্রচন্ড শীত বা প্রচন্ড উত্তাপ ইত্যাদি সহ অসংখ্য উত্তেজক ও পরিপোষক কারণ রোগ লক্ষণ সৃষ্টির কারণ হতে পারে, আবার সোরা, সিফিলিস, সাইকোসিস ইত্যাদি মায়াজম রোগজ অবস্থার মূল কারণরূপে পরিগণিত হতে পারে । এছাড়া অসদৃশ-বিশদৃশ ওষুধও রোগৎপত্তির কারণ হতে পারে । লক্ষণের বৈশিষ্ট্য মূল্যায়নে ও ওষুধ নির্বাচনে কারণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ।

২। অবস্থান ও বিস্তৃতি (Location and Extention) ঃ রোগলক্ষণ দেহ-মনের যে স্থানে প্রকাশ পেয়েছে, সে স্থানের নামে রোগলক্ষণটি পরিচিতি পায়, যেমন- জ্বালা একটি লক্ষণ, সেটি পাকস্থলিতে প্রকাশ পেলে পাকস্থলিতে জ্বালা, মাথায় প্রকাশ পেলে মস্তিস্কের জ্বালা, প্রশ্রাব কালে প্রকাশ পেলে মূত্রনালীতে জ্বালা হিসেবে পরিচিতি পায় । হোমিওপ্যাথিক বিধানমতে এগুলো রোগলক্ষণের স্থানীয় প্রকাশ হলেও জীবনীশক্তির প্রতিক্রিয়ারই বহিঃপ্রকাশ । এসকল রোগলক্ষণ কোন স্থান বিশেষে আক্রমণ করে শরীরের বিভিন্ন অংশে বিস্তৃতি লাভ করতে পারে । ওষুধ নির্বাচনে ও লক্ষণের বৈশিষ্ট্য নির্ণয়ে এদের গুরুত্বের সাথে বিবেচনা করতে হয় । রেপার্টরীতে লক্ষণের ওষুধ অনুসন্ধানের সময় লক্ষণটি কোন স্থানে প্রকাশ পেয়েছে সেটি নির্দিষ্ট করার পরই নির্দিষ্ট লক্ষণটিকে ও তার নির্দেশিত ওষুধ তালিকা খুঁজে পাওয়া যায় ।

৩। অনুভূতি (Sensations) ঃ বিভিন্ন রোগলক্ষণে রোগীর মধ্যে বিভিন্ন ধরনের অনুভূতির প্রকাশ ঘটে, যা বিশেষ গুরুত্বপূর্ণ চারিত্রিক লক্ষণ হিসেবে বিবেচিত হয় । যেমন, জ্বালাকর বেদনা, হূলবিদ্যকর অনুভূতি, উত্তাপবোধ, শীতলতা, অবশতা, ফেটে যাওয়ার মত যন্ত্রনা ইত্যাদি । সদৃশ ওষুধ নির্বাচনে এ জাতীয় লক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ, রেপার্টরীতে এ সকল লক্ষণাবলীকে অত্যন্ত গুরুত্বের সাথে অন্তর্ভূক্ত করে নির্দেশিত ওষুধ তালিকা প্রদান করা হয়েছে ।





৪। হ্রাস-বৃদ্ধি (Modalities) ঃ রোগলক্ষণ কিসে বা কখন বা কিভাবে বা কোন ধরনের বাহ্যিক নিয়ামকের প্রভাবে হ্রাস বা বৃদ্ধি ঘটে সে সর্ম্পকে চিকিৎসককে গভীরভাবে দৃষ্টি দিতে হয় । বলা হয়ে থাকে যে, হ্রাস-বৃদ্ধি বিহীন রোগলক্ষণ প্রাণহীন মানব দেহের মত । সদৃশ ওষুধ নির্বাচনে এ জাতীয় লক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ, রেপার্টরীতে এ সকল লক্ষণাবলীকে অত্যন্ত গুরুত্বের সাথে অন্তর্ভূক্ত করে নির্দেশিত ওষুধ তালিকা প্রদান করা হয়েছে । হ্রাস-বৃদ্ধিকে সর্বাঙ্গিন হ্রাস-বৃদ্ধি ও আঙ্গিক হ্রাস-বৃদ্ধি হিসাবেও ভাগ করা যায় ।

৫। প্রকৃতি বা চরিত্র (Nature or Characters) ঃ মেটেরিয়া মেডিকায় বিভিন্ন ওষুধের বিভিন্ন রকমের বৈশিষ্ট্য লিপিবদ্ধ করা হয়েছে আবার বিভিন্ন রোগী বিভিন্ন ধরনের রোগলক্ষণ ও প্রকাশিত লক্ষণের বিভিন্ন বৈচিত্র প্রকাশ করে থাকে, অর্থাৎ রোগলক্ষণের প্রকৃতি রোগীভেদে বা ওষুধভেদে বিভিন্ন হয় । চিকিৎসককে এই বৈচিত্র অনুধাবন করেই চিকিৎসাকর্ম সম্পাদন করতে হয় । যেমন - সরল কাশি, পদতলে ঘর্ম, চুলে জটা, স্থুল দেহ, রক্তবমি, অনিয়মিত মাসিক, চক্ষে জ্বালা ইত্যাদি ।

৬। আনুষংগিক লক্ষণ (Concomitants) ঃ কোন প্রধান লক্ষণ প্রকাশের পূর্বে বা সময়ে বা পরে বা একই সাথে বা পর্যায়ক্রমে বা সহযোগী ভাবে যে সকল শারীরিক ও মানসিক লক্ষণ রোগীর মধ্যে প্রকাশ পায়, তাদেরকে আনুষংগিক বা সহযোগী লক্ষণ বলে । মেটেরিয়া মেডিকার বহু ওষুধে এ ধরনের লক্ষণাবলী আছে । এ সকল লক্ষণ অধিকাংশ সময় লক্ষণসমষ্টিকে বিশিষ্টতা দান করে এবং ওষুধ নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । যেমন- ১। মস্তিস্কে রক্তাধিক্য, আক্ষেপের পূর্বে - গ্লোনোইন ২। দপদপ করে, মাড়িতে, ঋতুস্রাব কালে - সিপিয়া ৩। হিক্কা, কাশির পরে - টেবেকাম ।

## রুব্রিক (Rubric) বা লক্ষণ শিরনাম

**রুব্রিক শব্দের আভিধানিক অর্থ**

রুব্রিক (Rubric) শব্দের আভিধানিক অর্থ বহুপ্রকার হতে পারে, যেমন - শিরনাম বা শিরোনাম (title; address; superscription; heading; caption), ব্যবস্থা, বিধি, বিশেষ অক্ষরে লিখিত লক্ষণ, নির্দিষ্ট বিষয়, ধর্মবিধিবিশেষ ইত্যাদি।

বিভিন্ন অভিধানে রুব্রিক (Rubric) শব্দের নিম্মোক্ত বর্ণনা দেয়া হয়েছে -

1. **Rubric** - n.ধর্মবিধিবিশেষ, a direction for the performance of the liturgy, লাল অক্ষরে বা বিশেষ অক্ষরে লিখিত বা মুদ্রিত

অধ্যায় ইত্যাদির শিরোনাম, the heading of chapter etc. written or printed in red or in special lettering.

- Students' Favourite Dictionary, English to Bengali, - Ashu Tosh Dev. (20th edition)

2. **Rubric** - a title, an instruction or a rule printed in a document or book, use in a different style from the rest of the text.

- Oxford Advanced Learner's Dictionary (1999)

3. শিরনাম বা শিরোনাম - title; address; superscription; heading; caption.

- Bangla Academy Bengali-English Dictionary (1994)

4. **Rubric** - ১. লাল রঙে বা বিশেষ মূদ্রাক্ষরে মূদ্রিত শিরোনামা; ২. বিধান, নির্দেশ, ব্যাখ্যা।

- Bangla Academy English - Bengali Dictionary (1999)

## রুব্রিক (Rubric) এর সংজ্ঞা

হোমিওপ্যাথিক রেপার্টরীতে লক্ষণের মূল অর্থের পরিবর্তন না করে যে মূলশব্দ দ্বারা লক্ষণকে সংক্ষিপ্ত করে বা শব্দান্তরে প্রকাশ করে বর্ণিত হয়েছে অথবা বিশেষ অক্ষর দ্বারা চিহ্নিত করে বিভিন্ন অধ্যায়ে শিরনাম হিসেবে দেখানো হয়েছে তাদেরকে রুব্রিক ব লক্ষণ শিরনাম বলা হয়।

রুব্রিক লক্ষণ বর্ণনার রেপার্টরীর ভাষা অথবা লক্ষণ বর্ণনার জন্য রেপার্টরীতে যে বিশেষ ভাষা ব্যবহার করা হয়েছে তাকেই রুব্রিক বলে।

1. These are the Repertorial languages in which a big sentence is expressed by few words by proper arrangements with 'Coma'.

- **D. Tarafder**, Repertory Explained (1986).

2. Rubric is a term applied to each heading or main heading or general, i.e. each symptom in general of the section of the repertory. It is modified by sides, time, modifications or conditions, extension, location and character or sensation. These six modifications are again modifications which in turn may be repeatedly modified again and again.

- **Dr. Ramanlal P. Patel**, The Art of Case Taking and Practical Repertorization in Homoeopathy (1990).





মুলশব্দের বা মূল রুব্রিকের অনুগামী হিসেবে যে শব্দ বা শব্দসমুহ থাকে তাদেরকে সাব রুব্রিক (sub rubric), সাব-রুব্রিকের অনুগামী হিসেবে যে শব্দ বা শব্দসমুহ থাকে তাদেরকে সাব-সাব-রুব্রিক (sub sub rubric) বলে। এভাবে সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক হতে আরও বহু সাব-সাব-সাব রুব্রিক হতে পারে। একটি লক্ষণ পূর্ণাঙ্গ ভাবে রেপার্টরীর ভাষায় খুঁজে পেতে প্রথমে সেই লক্ষণের অবস্থান নির্ণয়ের পর অবস্থান অনুযায়ী নির্দিষ্ট অধ্যায় খোলার পর মূল রুব্রিক এবং ক্রমানুয়ে সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক বা আরও অনুগামী সাব-সাব-সাব-----রুব্রিক পর্যন্ত খুঁজে দেখতে হতে পারে। মূল রুব্রিক সমুহ সাধারণত মোটা অক্ষরে বা বড় অক্ষরে (**Bold, CAPITAL** letter) ছাপা হয়ে থাকে।

## লক্ষণ ও রুব্রিকের পার্থক্য

| লক্ষণ | রুব্রিক |
|---|---|
| ১। লক্ষণ বলতে আমরা বুঝি -<br>(ক) রোগীর অসুস্থতার নিজস্ব বর্ণনার ভাষা, যা দ্বারা রোগী নিজের কষ্টকর অভিযোগ সমূহ চিকিৎসককে জানায় বা বর্ণনা করে<br>(খ) অসুস্থ রোগী পরীক্ষাকালে চিকিৎসক রোগীর দেহ-মনে যে সকল অস্বাভাবিক অবস্থা প্রত্যক্ষ করেন তার বর্ণনার ভাষা<br>(গ) রোগীর পরিচর্যাকারীদের রোগীর অস্বাভাবিক অবস্থার বর্ণনার ভাষা<br>(ঘ) ড্রাগ প্রুভিং কালে ড্রাগ-প্রুভারের দেহ-মনে প্রকাশিত কৃত্রিম অসুস্থতার বর্ণনার ভাষা, এবং<br>(ঙ) মেটেরিয়া মেডিকায় লিখিত ওষুধের রোগ সৃষ্টিকারী বা আরোগ্যকারী গুণের বর্ণনার পূর্ণাঙ্গ ভাষা।<br>অতএব, সংক্ষিপ্ত ভাবে বলা যায়, লক্ষণ হল রোগী, প্রুভার এবং মেটেরিয়া মেডিকার ভাষা। | ১। রুব্রিক বলতে আমরা বুঝি -<br>(ক) হোমিওপ্যাথিক রেপার্টরীতে লক্ষণের মূল অর্থের পরিবর্তন না করে যে মূলশব্দ দ্বারা লক্ষণকে সংক্ষিপ্ত করে বা শব্দান্তরে প্রকাশ করে বর্ণিত হয়েছে অথবা বিশেষ অক্ষর দ্বারা চিহ্নিত করে বিভিন্ন অধ্যায়ে শিরনাম হিসেবে দেখানো হয়েছে তাদেরকে রুব্রিক বা লক্ষণ শিরনাম বলা হয়।<br>অথবা,<br>(খ) রুব্রিক লক্ষণ বর্ণনার রেপার্টরীর ভাষা অথবা লক্ষণ বর্ণনার জন্য রেপার্টরীতে যে বিশেষ ভাষা ব্যবহার করা হয়েছে তাকেই রুব্রিক বলে।<br>অতএব, সংক্ষিপ্ত ভাবে বলা যায়, রুব্রিক হল রেপার্টরীর ভাষা। |

| লক্ষণ | রুব্রিক |
|---|---|
| ২। লক্ষণ শব্দটি মেটেরিয়া মেডিকা সহ হোমিওপ্যাথিক চিকিৎসা শাস্ত্রের সকল পুস্তকে ব্যবহৃত হয়েছে। | ২। রুব্রিক শব্দটি কেবল রেপার্টরীতে ব্যবহৃত হয়েছে, হোমিওপ্যাথিক চিকিৎসা শাস্ত্রের অন্য কোন পুস্তকে রুব্রিক শব্দটি ব্যবহৃত হয় নাই। |
| ৩। লক্ষণ বর্ণনার জন্য বিশেষ কোন ভাষার প্রয়োজন পড়ে না। | ৩। রুব্রিক বর্ণনার জন্য রেপার্টরীর নিজস্ব ভাষার প্রয়োজন হয়। |
| ৪। লক্ষণের নির্দিষ্ট কিছু উপাদান থাকে, যেমন- কারণ (Causes), অবস্থান ও বিস্তৃতি (Location and Extention), অনুভূতি (Sensation), হ্রাস-বৃদ্ধি (Modalities), প্রকৃতি বা চরিত্র (Nature or Characters), আনুষংগিক লক্ষণ (Concomitants) ইত্যাদি। | ৪। রুব্রিকের লক্ষণের মত নির্দিষ্ট কোন উপাদান নেই, লক্ষণের প্রতিটি উপাদানই ভিন্ন ভিন্ন রুব্রিক বা সাব-রুব্রিক বা সাব-সাব-রুব্রিক হতে পারে। |
| ৫। একটি লক্ষণ বিস্তারিতভাবে বর্ণনার জন্য অনেকগুলো শব্দের প্রয়োজন হয় এবং ব্যাকারণগত নিয়মনীতি পালন করে বাক্য গঠন করতে হয়। | ৫। রুব্রিক লক্ষণের সংক্ষিপ্তরূপ বিধায় ব্যাকারণগত নিয়মনীতি পালন করে বাক্য গঠন করতে হয় না। |
| ৬। লক্ষণ রোগী, পরিচর্যাকারী, চিকিৎসক সকলেই বর্ণনা করতে ও অনুধাবন করতে পারেন। | ৬। রুব্রিক কেবলমাত্র রেপার্টরী বিষয়ে অভিজ্ঞ চিকিৎসক বর্ণনা করতে ও অনুধাবন করতে পারেন। |
| ৭। উদাহরণ ঃ<br>(১) লক্ষণ- ঘুমের মধ্যে রোগী ক্রন্দন করে | ৭। উদাহরণ ঃ<br>(১) রুব্রিক - **WEEPING** / sleep, in.<br>ব্যাখ্যাঃ-<br>অধ্যায় ঃ মন<br>মুল রুব্রিক ঃ ক্রন্দন করে<br>সাব-সাব-রুব্রিক ঃ ঘুমের মধ্যে |





| লক্ষণ | রুব্রিক |
|---|---|
| | (Chapter: Mind / Rubric-**WEEPING** / Sub rubric/ sleep, in; )<br>(কেন্ট রেপার্টরী ৯৪ পৃষ্ঠা দ্রষ্টব্য) |
| (২) লক্ষণ- ভোর রাত্র ৪টার পরে রোগী নিজ দেহের বহ্যিক অংশে স্পন্দন অনুভব করে। | (২) রুব্রিক- **PULSATION** / Externally / Night / Midnight /After 4 a.m.<br>ব্যাখ্যাঃ-<br>অধ্যায় ঃ সাধারণ লক্ষণ<br>মূল রুব্রিক ঃ স্পন্দিত হয় /<br>সাব-রুব্রিক ঃ বাহ্যিক /<br>সাব-সাব-রুব্রিক ঃ রাত্র /<br>সাব-সাব-সাব রুব্রিক ঃ মধ্যরাত্র /<br>সাব-সাব-সাব-সাব রুব্রিক ঃ ৪টার পরে।<br>(Chapter: Generalities/ Rubric-**PULSATION**/ Sub rubric: externally/ Sub sub rubric: night /Sub sub sub rubric: midnight/ Sub sub sub sub rubric: after 4 a.m. (কেন্ট রেপার্টরী ১৩৯২ পৃষ্ঠা দ্রষ্টব্য) |

রুব্রিকের উদাহরণ

কেন্ট রেপার্টরীর প্রোস্টেট গ্লান্ড **(PROSTATE GLAND)** অধ্যায় দেখুন (ইংরেজী পুস্তক, ৬৬৭ পৃষ্ঠা), মূল পুস্তকের সাথে মিলিয়ে নিন। রুব্রিক সমুহের বর্ণমালাক্রমিক সজ্জা লক্ষ্য করুন ঃ-

**BALL**
**EMISSION**
**ENLARGEMENT**
**FESTERING**
**FULNESS**
**GURGLING**
**HARDNESS**
**HEAT**
**HEAVINESS**
**INDURATION**
**INFLAMATION**
**IRRITATION**
**JERKING**
**ONANISM**
**PAIN**
**QUIVERING**
**SUPPURATION**
**SWELLING**
**TENSION**
**TWITCHING**
**UNEASINESS**

উপরে লিখিত শব্দসমুহ প্রষ্টেট গ্লান্ড অধ্যায়ের মূল রুব্রিক সমুহ। মূল রুব্রিক এর অধীনে সাব-রুব্রিক, সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-সাব রুব্রিক................ সাজানো হয়, এ অধ্যায়ে EMISSION





prostatic fluid রুব্রিকের সাব-রুব্রিক ও সাব-সাব-রুব্রিক সমুহ সাজানোর ধারাবাহিক পদ্ধতি লক্ষ্য করুন ঃ-

**EMISSION** prostatic fluid
dribbling
easily dixcharged
emotion, with every
erections, during
without
flatus, while passing
fondling women, while
lascivious thoughts, during
sitting, while
stool with
difficult, with
soft, with
after
talking to a young lady, while
thinking of it
urination, before
during
after
walking, while

এখানে লক্ষ্য করুন **EMISSION** prostatic fluid এর পরে সাব-রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে এবং ভিতরে ঢুকিয়ে লেখা হয়েছে, সবগুলো সাব-রুব্রিককে উলম্বভাবে সমান ভিতরে এনে লেখা হয়েছে। ৫ম লাইনে erections শব্দটি সাব-রুব্রিক, during ও without শব্দ দুটি সাব-সাব রুব্রিক অর্থাৎ during ও without শব্দ দুটি erections শব্দের সাব-সাব রুব্রিক বা অনুগামী রুব্রিক।

**RUBRIC /sub-rubric /sub-sub-rubric /sub-sub-sub-rubric** এর সজ্জার রীতি

কেন্ট রেপার্টরীর প্রোস্টেট গ্লান্ড **(PROSTATE GLAND)** অধ্যায় খুলুন (ইংরেজী পুস্তক, ৬৬৭ পৃষ্ঠা), মূল পুস্তকের সাথে মিলিয়ে নিন। রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক, সাব-সাব-সাব-রুব্রিক সমুহের সজ্জা নিম্নে লক্ষ্য করুণ। বিষয়টি বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিকের সামনে একটি ডেস চিহ্ন, সাব-সাব-রুব্রিকের সামনে দুটি ডেস চিহ্ন, সাব-সাব-সাব-রুব্রিকের সামনে তিনটি ডেস চিহ্ন দেয়া হয়েছে। 1994 সনে প্রকাশিত **P. Sivaraman** সম্পাদিত **Kent's Repertory of the Homoeopathic Materia Medica Expanded** পুস্তকটিতে এই কৌশলে রুব্রিক ও সাব-সাব-রুব্রিক চিহ্নিত করা হয়েছে।

**RUBRIC /sub-rubric /sub-sub-rubric /sub-sub-sub-rubric**

**BALL**
**EMISSION**
prostatic fluid
- dribbling
- easily dixcharged.....
- emotion, with every
- erections -- during
  -- without
-flatus, while passing
- fondling women, while
- lascivious thoughts, during
- sitting, while
- stool -- with
  -- difficult, with
  -- soft, with
  -- after
- talking to a young lady, while
- thinking of it
- urination -- before
  -- during
  -- after





**RUBRIC /sub-rubric /sub-sub-rubric /sub-sub-sub-rubric**

- walking, while
**ENLARGEMENT**
- dribbling urine after stool and urine
- senile
- sensation of
**FESTERING**
**FULNESS**
**GURGLING**
**HARDNESS**
- without enlargment
**HEAT**
**HEAVINESS**
- lascivious thoughts during
**INDURATION**
**INFLAMATION**
- suppressed gonorrhoea from
**IRRITATION** in
**JERKING** in region of
**ONANISM**, complaints after
**PAIN** - blowing nose, on
- cancer, in
- coition, after
- erection, during:
- gonorrhoea, during
- jarring agg.
- riding agg:
- sitting, while
- standing
- stool -- urging to
  -- after
- urination -- during
  -- at close of
  -- after
- urinate, urging to

| RUBRIC | /sub-rubric | /sub-sub-rubric | /sub-sub-sub-rubric |
|---|---|---|---|
| | - walking | -- agg | |
| | | -- amel | |
| | - aching | | |
| | | -- bladder,and.... | |
| | | -- sitting and ..... | |
| | - biting | | |
| | - burning | | |
| | - constrictive | | |
| | - dragging | | |
| | - drawing | | |
| | | -- sitting or walking | |
| | - pressing | | |
| | | -- coition, during | |
| | | -- erection, at beginning of | |
| | | -- nose, on blowing | |
| | | -- standing | |
| | | -- urination | --- during |
| | | | --- after |
| | | -- walking, while | |
| | - pulsating | | |
| | | -- region | |
| | | | --- straining to urinate while |
| | - shooting | | |
| | - soreness | | |
| | - sticking | | |
| | - stitching | | |
| | | -- afternoon | |
| | | -- urination, during | |
| | | -- walking agg | |
| | | -- extending to genitals | |
| **QUIVERING**, nervous | | | |
| **SUPPURATION** | | | |
| **SWELLING** | | | |





| RUBRIC | /sub-rubric | /sub-sub-rubric | /sub-sub-sub-rubric |
|---|---|---|---|
| **TENSION** | | | |
| **TWITCHING** | | | |
| **UNEASINESS** | | | |

উপরে **CAPITAL** অক্ষরে লিখিত শব্দসমুহ প্রষ্টেট গ্লান্ড অধ্যায়ের মূল রুব্রিকসমূহ, মূল রুব্রিক এর অধীনে সাব-রুব্রিক, সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-সাব-রুব্রিকসমূহ ক্রমধারায় সাজানো হয়, এই অধ্যায়ে **EMISSION** prostatic fluid রুব্রিকের সাব-রুব্রিক ও সাব-সাব রুব্রিক সমুহ সাজানোর ধারাবাহিক পদ্ধতি লক্ষ্য করুন ঃ-

**EMISSION** prostatic fluid
- dribbling
- easily discharged
- emotion, with every
- erections,
  -- during
  -- without
- flatus, while passing
- fondling women, while
- lascivious thoughts, during
- sitting, while
- stool
  -- with
  -- difficult, with
  -- soft, with
  -- after
- talking to a young lady, while
- thinking of it
- urination
  -- before
  -- during
  -- after
- walking, while

এখানে লক্ষ্য করুন EMISSION prostatic fluid এর পরে সাব-রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে, ৫ম লাইনে erections শব্দটি সাব রুব্রিক, during ও without শব্দ দুটি সাব-সাব-রুব্রিক অর্থাৎ during ও without শব্দ দুটি erections শব্দের অনুগামী। এদেরকে পড়তে হলে যথাক্রমে
**Prostate Gland**/EMISSION prostatic fluid / erections/ during
**Prostate Gland**/EMISSION prostatic fluid / erections/ without
পড়তে হবে।

১২ শ লাইনে stool শব্দটি সাব রুব্রিক,
-- with
-- difficult, with
-- soft, with
-- after
ইত্যাদি শব্দগুলি stool শব্দের অনুগামী। এরা সাব-সাব রুব্রিক।

এদেরকে পড়তে হলে যথাক্রমে
**Prostate Gland**/EMISSION prostatic fluid /stool/ with
**Prostate Gland**/EMISSIONprostatic fluid /stool/difficult, with
**Prostate Gland**/EMISSION prostatic fluid /stool/ soft, with
**Prostate Gland**/EMISSION prostatic fluid /stool/ after এই নিয়মে পড়তে বা বুঝতে হবে।

**HOMPATH CLASSIC** কম্পিউটার প্রোগ্রামে কেন্ট রেপার্টরীর রুব্রিক সজ্জিত করার রীতি -

কেন্ট রেপার্টরীর প্রোষ্টেট গ্লান্ড **(PROSTATE GLAND)** অধ্যায় খুলুন (ইংরজী পুস্তক, ৬৬৭ পৃষ্ঠা), মূল পুস্তকের সাথে মিলিয়ে নিন।

রুব্রিক সমুহের বর্ণমালাক্রমিক সজ্জা এবং অনুগামী সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক, সাব-সাব-সাব-রুব্রিক সমুহের সজ্জা লক্ষ্য করুণ। মূল রুব্রিকের পূর্বে 2. সাব-রুব্রিকের পূর্বে 3. সাব-সাব-রুব্রিকের পূর্বে 4, এভাবে ক্রমান্বয়ে 5, 6, 7, 8, ইত্যাদি সংখ্যাবাচক চিহ্ন দিয়ে অনুগামী উপ-রুব্রিকসমূহকে উপস্থাপন করা হয়েছে।





**2 BALL,** sensation of sitting on a:
**2 EMISSION** prostatic fluid :
3 dribbling:
3 easily dixcharged, so that even an emission of flatus causes:
3 emotion, with every:
3 erections:
4 during:
4 without:
3 flatus, while passing:
3 fondling women, while:
3 lascivious thoughts, during:
3 sitting, while:
3 stool with:
4 difficult, with:
4 soft, with:
4 after:
3 talking to a young lady, while:
3 thinking of it:
3 urination:
4 before:
4 during:
4 after:
3 walking, while:
**2 ENLARGEMENTS:**
3 dribbling urine after stool and urine:
3 senile:
3 sensation of:
**2 FESTERING:**
**2 FULNESS:**
**2 GURGLING** sensation:
**2 HARDNESS:**
3 without enlargment:
**2 HEAT:**
**2 HEAVINESS:**
3 lascivious thoughts during:

**2 INDURATION:**
**2 INFLAMMATIONS:**
3 suppressed gonorrhoea from:
**2 IRRITATION** in:
**2 JERKING** in region of:
**2 ONANISM**, complaints after:
**2 PAIN:**
3 blowing nose, on:
3 cancer in:
3 coition, after:
3 erection, during:
3 gonorrhoea, during:
3 jarring agg:
3 riding agg:
3 sitting, while:
3 standing:
3 stool:
4 urging to:
4 after:
3 urination
4 during
4 at close of
4 after
3 urinate, urging to
3 walking
4 agg
4 amel
3 aching
4 bladder,and....
4 sitting and walking, while:
3 biting
3 burning
3 constrictive
3 dragging
3 drawing
4 sitting or walking





3 pressing
4 coition, during
4 erection, at beginning of
4 nose, on blowing
4 standing
4 urination
5 during
5 after
4 walking, while
3 pulsating
4 region of
5 straining to urinate, while
3 shooting
3 soreness
3 sticking
3 stitching
4 afternoon
4 urination, during
4 walking agg
4 extending to genitals
**2 QUIVERING**, nervous
**2 SUPPURATION**
**2 SWELLING**
**3 TENSION**
**2 TWITCHING**
**2 UNEASINESS**

উপরোক্ত নিয়মে HOMPATH কম্পিউটার প্রোগ্রামে কেন্ট রেপার্টরীর রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক বা আরও ক্রমধারায় সাব-সাব রুব্রিক সমূহকে সজ্জিত করা হয়েছে।

## লক্ষণকে রুব্রিকে পরিবর্তিত করার উদাহরণ

রেপার্টরীর ভাষায় বা রুব্রিকে (কেন্ট রেপার্টরী ব্যবহারের মাধ্যমে লক্ষণকে রেপার্টরীর ভাষায় বা রুব্রিকে পরিবর্তিত করার নিয়ম অনুসরণ করে)

১। লক্ষণ- ঘুমের মধ্যে রোগী ক্রন্দন করে
রেপার্টরীর ভাষায় ঃ- **Mind / WEEPING** / sleep, in. (কেন্ট রেপার্টরী 94 পৃষ্ঠা দ্রষ্টব্য)
ব্যাখ্যা ঃ- অধ্যায় ঃ মন / মূল রুব্রিক ঃ ক্রন্দন করে / সাব-সাব-রুব্রিক ঃ ঘুমের মধ্যে
(Chapter:**Mind** / Rubric-**WEEPING** / Sub rubric: sleep, in; )

২। লক্ষণ- আহারের পর পাকস্থলিতে জ্বালাকর বেদনা উপশম
রেপার্টরীর ভাষায় ঃ- Stomach / **PAIN** / burning / eating / amel (কেন্ট রেপার্টরী 516 পৃষ্ঠা দ্রষ্টব্য )
ব্যাখ্যা ঃ- অধ্যায় ঃ পাকস্থলি / মূল রুব্রিক ঃ বেদনা / সাব-রুব্রিকঃ জ্বালাকর / সাব-সাব-রুব্রিক ঃ আহারে / সাব-সাব-সাব রুব্রিক ঃ উপশম ।
(Chapter: **Stomach** / Rubric-**PAIN** / Sub rubric: burning / Sub sub rubric: eating / Sub sub sub rubric: amel) ।

৩। লক্ষণ - স্কন্ধের বেদনা বাহ্যিক উত্তাপে উপশম
রেপার্টরীর ভাষায়ঃ-**Extremities / PAIN** / Shoulder / Warmth / External / Amel (কেন্ট রেপার্টরী 1053 পৃষ্ঠা দ্রষ্টব্য)
ব্যাখ্যা ঃ- অধ্যায় ঃ হস্তপদাদি / মূল রুব্রিক ঃ বেদনা / সাব-রুব্রিক ঃ স্কন্ধ / সাব-সাব-রুব্রিক ঃ উত্তাপ / সাব-সাব-সাব রুব্রিক ঃ বাহ্যিক / সাব-সাব-সাব-সাব রুব্রিকঃ উপশম ।
(Chapter: **Extremities** / Rubric-**PAIN** / Sub rubric: Shoulder / Sub sub rubric: Warmth / Sub sub sub rubric: External / Sub sub sub sub rubric: Amel)

৪। লক্ষণ- ভোর রাত্র ৪টার পরে রোগী নিজ দেহের বহ্যিক অংশে স্পন্দন অনুভব করে।
রেপার্টরীর ভাষায়ঃ- Generalities / **PULSATION** / Externally





/ Night /Midnight /After 4 a.m. (কেন্ট রেপার্টরী 1392 পৃষ্ঠা দ্রষ্টব্য)
ব্যাখ্যা ঃ- অধ্যায় ঃ সাধারণ লক্ষণ / মূল রুব্রিক ঃ স্পন্দিত হয় / সাব-রুব্রিক ঃ বাহ্যিক / সাব-সাব-রুব্রিক ঃ রাত্র / সাব-সাব-সাব রুব্রিক ঃ মধ্যরাত্র / সাব-সাব-সাব-সাব রুব্রিক ঃ ৪টার পরে ।
(Chapter: Generalities/ Rubric-**PULSATION**/ Sub rubric: externally/ Sub sub rubric: night / Sub sub sub rubric: midnight / Sub sub sub sub rubric: after 4 a.m.)

## লক্ষণকে রুব্রিকে পরিবর্তিত করার নিয়ম

বিভিন্ন রেপার্টরীতে লক্ষণকে ভিন্ন ভিন্ন নিয়মে রুব্রিকে পরিবর্তন করা হয়েছে, নিম্নে লক্ষণ থেকে রুব্রিকে পরিবর্তনের মূলনীতি বর্ণনা করা হল (প্রধানতঃ কেন্ট রেপার্টরী)-

১। রোগীলিপিতে বিভিন্ন ধরনের লক্ষণ অন্তর্ভুক্ত থাকে । বিভিন্ন ধরনের লক্ষণের জন্য রেপার্টরীতে ভিন্ন ভিন্ন অধ্যায় রচিত হয়েছে । যে লক্ষণটিকে রুব্রিকে পরিবর্তন করতে হবে সর্বপ্রথমে সে লক্ষণটি কোন শ্রেণীর বা লক্ষণটির অবস্থান নির্ণয় করতে হবে, লক্ষণটি সর্বাংগিণ মানসিক লক্ষণ (Mind) কিংবা সর্বাংগিণ দৈহিক লক্ষণ (Generalities) কিংবা আংগিক লক্ষণ (Particular or Parts of the body) কিনা তা প্রথমেই নির্ণয় করতে হবে ।

২। লক্ষণটি মন সংক্রান্ত হলে মানসিক রুব্রিকে পরিবর্তিত করতে হবে । মূল রুব্রিকে পরিবর্তনের পর প্রয়োজনে মানসিক লক্ষণটির সময় সংক্রান্ত সাব-রুব্রিকে পরিবর্তিত করতে হয়, মানসিক লক্ষণটির অন্য কোন বৈশিষ্ট্য থাকলে সে ভাবে সাব-রুব্রিকে পরিবর্তিত করতে হয় ।

৩। লক্ষণটি সর্বাংগিণ দৈহিক বা সার্বদৈহিক হলে ব্যাপক সর্বাংগিণ রুব্রিকে (Generalities) পরিবর্তিত করতে হয় । প্রধানতঃ সর্বাংগিণ দৈহিক লক্ষণ বিভিন্ন সর্বাংগিণ হ্রাস-বৃদ্ধি (ঠান্ডা বা শীতলতা, গরম বা উত্তাপ, সময় - দিবা, প্রাতে, পূর্বাহ্নে, মধ্যাহ্নে, অপরাহ্নে, সন্ধ্যাকালে, রাত্রে, মধ্যরাত্রে ইত্যাদি, আবহাওয়ার পরিবর্তন, বিভিন্ন ঋতুর পরিবর্তন, সঞ্চালন, চাপ প্রয়োগ, নিদ্রা,) বিভিন্ন প্রকার অনুভূতি (পূর্ণতাবোধ, আক্ষেপ, সংকোচন, প্রসারণ, শীতলতা, উত্তাপবোধ, বল, বন্ধনী, বুদবুদ, অসাড়তা, স্পন্দিত হওয়া, শিহরিত হওয়া), পোষাক, কৃষ্ণবর্ণতা, নীলাভতা, স্নান,

দৈহিক আকৃতি (খর্বাকৃতি, কৃশ, স্থূলাকৃতি), আহারে ও খাদ্যে হ্রাস-বৃদ্ধি, শোথ, মায়াজমের প্রভাব, দেহের পার্শ্ব, দেহের বিভিন্ন সর্বাংগিণ অবস্থা, বিভিন্ন সর্বাংগিণ বেদনা, বেদনার আগমন ও প্রস্থানের বৈশিষ্ট্য ও হ্রাস-বৃদ্ধি, ওষুধের প্রতিক্রিয়াহীনতা, আলস্য, শুয়ে থাকার প্রবৃত্তি, দেহের জৈব তরল পদার্থের নির্গমনের প্রতিক্রিয়া (ঘর্ম, ঋতুস্রাব, শ্লেষ্মাক্ষরণ, হস্তমৈথুন), নাড়ি, আঘাত, দুর্ঘটনা, প্রদাহ, দুর্বলতা, ক্লান্তি, ভিজে যাওয়া, বায়ুপ্রবাহ, উত্তেজক পদার্থ, বিষাক্ততা, রক্তের উচ্ছাস, রোগের পর্যায়ক্রমিক আক্রমণ, বিভিন্ন রোগজ অবস্থা (ফোড়া, রক্ত, রক্তাপ্লতা, রক্তে শ্বেত রক্ত কনিকার আধিক্য, সন্নাস রোগ, শীর্ণতা, পুড়ে যাওয়া, ক্যান্সার, অস্থিক্ষত, নর্তনরোগ, রক্তসঞ্চয় ) ইত্যাদি সহ বহু প্রকার সর্বাংগিণ দৈহিক লক্ষণ হতে পারে।

৪। লক্ষণটি আংগিক হলে কোন অংগে লক্ষণটি প্রকাশ পেয়েছে সেটি নির্ণয় করতে হয়। রেপার্টরীতে আংগিক লক্ষণকে বিভিন্ন আংগিক অধ্যায়ে স্থান দেয়া হয়েছে। যেমন মাথার লক্ষণকে মস্তক অধ্যায়ে, চোখের লক্ষণকে চক্ষু অধ্যায়ে, ঘর্মের লক্ষণকে ঘর্ম অধ্যায়ে, চর্মের লক্ষণসমূহকে চর্ম অধ্যায়ে স্থান দেয়া হয়েছে (কেন্ট রেপার্টরীতে ৩৫টি আংগিক অধ্যায় আছে)। আংগিক লক্ষণটি কোন অংগের তা নির্ণয়ের পর লক্ষণটির বিভিন্ন বৈশিষ্ট্য অনুসারে রুব্রিকে পরিবর্তিত করতে হয়। একটি লক্ষণের বিভিন্ন বৈশিষ্ট্য থাকতে পারে, যেমন- ১) লক্ষণের অবস্থান ২) লক্ষণ প্রকাশের সময় ৩) কারণ ৪) বিস্তৃতি ৫) অনুভূতি ৬) বৃদ্ধি ৭) হ্রাস ৮) প্রকৃতি বা চরিত্র এবং ৯) আনুষংগিক লক্ষণ ইত্যাদি। লক্ষণের উপরোক্ত বৈশিষ্ট্য অনুসারে বিভিন্ন রুব্রিকে পরিবর্তিত করে নিতে হয়। প্রয়োজনে একটি লক্ষণের পূর্ণাঙ্গ রূপ প্রকাশের জন্য একাধিক রুব্রিক ও সাব-রুব্রিক ও একাধিক অধ্যায়ের সাহায্য নিতে হতে পারে।

রেপার্টরীতে রুব্রিকগুলি কিভাবে সর্বাংগিণ মানসিক লক্ষণের (Mind), সর্বাংগিণ দৈহিক লক্ষণের (Generalities) ও আংগিক অধ্যায়ে স্থান পেয়েছে তা পূর্ব থেকে জানা থাকলে লক্ষণকে রুব্রিকে পরিবর্তিত করতে সুবিধা হয়।

## রেপার্টরীতে রুব্রিক সাজানোর নিয়ম

বিভিন্ন রেপার্টরীতে রুব্রিক সজ্জিত করার রীতি ভিন্ন ভিন্ন। বিভিন্ন রেপার্টরীর রুব্রিক সজ্জিত করার রীতি অনুধাবনের জন্য ২য় খন্ডে বর্ণিত বিভিন্ন রেপার্টরীর অধ্যায় দেখুন।

কেন্ট রেপার্টরী অধ্যায়ে রুব্রিক সাজানোর প্রধান রীতি দেখুন, পৃষ্ঠা নং ১৯৪।





## বিবিধ প্রকারের লক্ষণাবলী

রোগীর রুগ্নাবস্থার বহিঃপ্রকাশ বিভিন্ন ধরনের লক্ষণের মাধ্যমে হয়ে থাকে। রোগ লক্ষণের প্রকাশের বিভিন্নতা অনুযায়ী লক্ষণকে বিভিন্ন ভাবে নামকরণ করা হয়। আমরা জানি যে, রোগ থাকলে রোগলক্ষণ থাকবেই এবং সে লক্ষণসমূহ অবশ্যই বোধগম্য হবে। অর্থ্যাৎ রোগী তার দেহ-মনে বিভিন্ন বিকৃত লক্ষণ অনুভব করবে, তার পরিজনরা সেগুলোর কিছু প্রত্যক্ষ করতে পারবেন এবং চিকিৎসক নিজেও কিছু উপলব্ধি করতে পারবেন। হোমিওপ্যাথিক রেপার্টরীকে উত্তমরূপে আয়ত্ব ও যথাযথ ব্যবহারের প্রয়োজনে প্রত্যেক চিকিৎসককে লক্ষণের বৈচিত্র ও তাদের গুরুত্ব সম্পর্কে উত্তম ধারণা থাকা অত্যাবশ্যক। লক্ষণের বিভিন্ন বৈশিষ্টের জন্য লক্ষণসমূহকে বিভিন্নভাবে নামকরণ করা হয়েছে। নিম্নে এদের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হল।

### ব্যক্তিনিষ্ঠ লক্ষণ ও বস্তুনিষ্ঠ লক্ষণ
### (Subjective and Objective symptoms)

মানুষের দেহে ও মনে প্রকাশিত সকল লক্ষণাবলীকে সাধারণভাবে দু'ভাগে শ্রেণীবিন্যাস করা যায়, যেমন-

১। ব্যক্তিনিষ্ঠ লক্ষণ বা আত্মমূখী লক্ষণ বা (Subjective symptoms)
২। বস্তুনিষ্ঠ লক্ষণ বা বিষয়মূখী লক্ষণ (Objective symptoms)

### ১। ব্যক্তিনিষ্ঠ লক্ষণ বা আত্মমূখী লক্ষণ (Subjective symptoms)

যে লক্ষণগুলি কেবলমাত্র রোগী নিজে উপলব্ধি করতে পারে, অন্য কেহ সেগুলি দেখতে বা বুঝতে পারে না সেগুলিকে আত্মমূখী লক্ষণ বলা হয়। যেমন- পেটে কর্তনকর বেদনা, বেদনা চাপ প্রদান করলে উপশম, স্থিরভাবে বসে থাকলে বেদনার বৃদ্ধি, মস্তিষ্কে শূন্যতাবোধ, শরীরে পোকা হাঁটার অনুভূতি, ক্ষুধাহীনতা, পিপাসাহীনতা ইত্যাদি।

গুরুত্ব ঃ এই ধরনের লক্ষণগুলি রোগাক্রমনের প্রথম পর্যায়ে আবির্ভূত হয় বলে এইগুলি রোগীর স্বাভাবিক স্বাস্থ্যের প্রারম্ভিক বিচ্যুতি প্রকাশ করে, সেজন্য এই ধরনের লক্ষণগুলি রোগীর প্রকৃতিগত বৈশিষ্ট্য প্রকাশ করে। রোগীর কষ্টকর অনুভূতি এই জাতীয় লক্ষণাবলীর মাধ্যমে প্রকাশিত হয়। এই ধরনের লক্ষণ ব্যতিত রোগীর আন্তরপ্রকৃতির অবস্থা জানার আর কোন বিশ্বস্ত উপায় নেই। ব্যক্তিনিষ্ঠ এ সকল লক্ষণ এক এক রোগীতে এক এক ভাবে প্রকাশ পায়। এ গুলির মাধ্যমে রোগীর ও রোগের যথার্থ পরিচয় পাওয়া যায় বলে হোমিওপ্যাথিক চিকিৎসায় এসকল লক্ষণের গুরুত্ব অত্যন্ত

বেশী। রোগীকে নানা রকম প্রশ্ন করে এ লক্ষণগুলি সংগ্রহ করা হয়। ব্যক্তিনিষ্ঠ লক্ষণ ব্যতিত রোগীচিত্র হোমিওপ্যাথিক চিকিৎসায় মূল্যহীন। রোগীর কষ্টকর উপসর্গসমূহ এ জাতীয় লক্ষণের মাধ্যমে পরিস্ফুটিত হয় বিধায় রেপার্টরীকরণে এসকল লক্ষণাবলী অবস্যাই অন্তর্ভূক্ত করতে হবে। ওষুধ নির্বাচনের ক্ষেত্রেও এ সকল লক্ষণাবলীকে সমধিক গুরুত্ব দিতে হবে। বোনিংহাউসেন ও বোগার-বোনিংহাউসেন রেপার্টরীতে এ সকল লক্ষণাবলীকে অধিকাংশ ক্ষেত্রে অনুভূতি নামক বিষয়ের অন্তর্ভূক্ত করে বর্ণনা করা হয়েছে। কেন্ট রেপার্টরী ও কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে রচিত আধুনিক রেপার্টরীসমূহের প্রায় শতকরা ৭৫ ভাগ লক্ষণাবলী আত্মমুখী বা ব্যক্তিনিষ্ঠ লক্ষণ।

২। বস্তুনিষ্ঠ লক্ষণ বা বিষয়মুখী লক্ষণ **(Objective symptoms)**

ইন্দ্রিয়গ্রাহ্য যে লক্ষণগুলি রোগী, চিকিৎসক বা অন্যান্য পরিচর্যাকারীগণ দেখতে ও বুঝতে পারেন এবং যেগুলি চিকিৎসক রোগীকে ব্যক্তিগতভাবে পরীক্ষা করে নির্ণয় করতে পারেন সেগুলিকে বিষয়মূখী লক্ষণ বা বস্তুনিষ্ঠ লক্ষণ বলা হয়। এদেরকে অনেক সময় রোগের চিহ্নও (Sign) বলা হয়। বিষয়মুখী লক্ষণ হল আভ্যন্তরীণ রোগের বাহ্যিক প্রকাশ। চক্ষু, কর্ণ, নাসিকা, স্পর্শ বা যন্ত্রের পরীক্ষার মাধ্যমে এ সকল লক্ষণাবলীকে বুঝতে পারা যায়। এ ধরনের লক্ষণাবলী রোগের দ্বিতীয় পর্যায়ের লক্ষণ। যেমন - ফোড়া, পুজ সঞ্চয়, প্রদাহিত স্থানে স্ফীতি ও রক্তিমবর্ণ হওয়া, আঁচিল, অর্বুদ, দেহের নীলবর্ণ হওয়া, ক্ষত, দূর্গন্ধ ঘর্ম ইত্যাদি।

গুরুত্ব ঃ বিষয়মুখী লক্ষণ রোগের গভীরতা ও রোগাক্রান্ত স্থান সম্পর্কে বিশেষ পরিচয় প্রদান করে। এ সকল লক্ষণ গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণের দাবী রাখে। এই লক্ষণগূলি রোগীর বহিরাঙ্গে প্রকাশিত হয় বলে চিকিৎসক নিজেই পরীক্ষা করতে পারেন এবং রোগীর বর্ণনার যথার্থতা যাচাই করে নিতে পারেন। এছাড়া বোবা, শিশু, অচৈতন্য-ব্যক্তি, উম্মাদ বা যাদের অনুভূতি ব্যক্ত করার ক্ষমতা নেই, তাদের ক্ষেত্রে এই জাতীয় লক্ষণের গুরুত্ব অনেক বেশী। বহুক্ষেত্রে এই জাতীয় লক্ষণ রোগীর সর্বাধিক কষ্টকর উপসর্গগুলির প্রতি চিকিৎসককে পরিচিত করায় এবং রোগের নামকরণে সহায়তা করে। এছাড়া এই জাতীয় লক্ষণ রোগীর রোগ ও রোগের ভাবীফল সম্পর্কে চিকিৎসককে ধারণা দেয়। পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের সময় এ জাতীয় লক্ষণাবলীকে অবশ্যই গুরুত্বের সাথে বিচার করতে হবে। রেপার্টরীকরণের মাধ্যমে ওষুধ নির্বাচনের সময় এদেরকে আত্মমুখী লক্ষণের চেয়ে কম গুরুত্ব দেয়া হয়। বরিক, ক্লার্ক ও বিভিন্ন ক্লিনিক্যাল বা আঙ্গিক রেপার্টরীতে এই জাতীয় লক্ষণের উল্লেখ অনেক বেশী। অভিজ্ঞ চিকিৎসক এ ধরনের লক্ষণাবলীকে প্রাধান্য দিয়ে স্বল্প সময়ের মধ্যে ওষুধ নির্বাচন করতে সক্ষম হলেও কেবলমাত্র বিষয়মুখী বা বস্তুনিষ্ঠ লক্ষণের উপর ভিত্তি করে ওষুধ নির্বাচন হোমিওপ্যাথিক নীতিবিরুদ্ধ। রেপার্টরী ব্যবহারকারী চিকিৎসককে ওষুধ





নির্বাচনের সময় এ ধরনের লক্ষণাবলীকে সতর্কতার সাথে বিবেচনা করতে হয় এবং মেটেরিয়া মেডিকায় যাচাই করে চূড়ান্ত ওষুধ নির্বাচন করতে হয়।

যেহেতু রোগলক্ষণ সহজবোধগম্য অতএব লক্ষণমাত্রেই হয় আত্মমুখী অথবা বিষয়মুখী হবে।

## সর্বাংগিণ লক্ষণ বা ব্যাপক লক্ষণ ও আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণ (General Symptoms and Particular or Local Symptoms)

মানুষের দেহে ও মনে প্রকাশিত সকল লক্ষণাবলীকে আরো সূক্ষ্মভাবে দু'ভাগে শ্রেণীবিভাগ করা যায়, যেমন-

১। সর্বাংগিণ লক্ষণ বা ব্যাপক লক্ষণ (General Symptoms)
২। আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণ (Particular or Local Symptoms)

১। সর্বাংগিণ লক্ষণ বা ব্যাপক লক্ষণ **(General Symptoms)**

যে লক্ষণগুলি রোগীর সম্পর্কে সামগ্রীকভাবে বা সর্বতোভাবে প্রযোজ্য (that can be predicated of the patient as a whole) এবং যে সকল লক্ষণের বর্ণনা কালে রোগী 'আমি' শব্দটি উচ্চারণ করে বা আমি সত্তাকে নির্দেশ করে সে গুলিকে সর্বাংগিণ বা ব্যাপক লক্ষণ বলে।

গুরুত্ব ঃ রোগীর ব্যাক্তিমানুষের পরিচয় তুলে ধরে বলে চিকিৎসাক্ষেত্রে এধরনের লক্ষণের গুরুত্ব রেপার্টরীকরণের মাধ্যমে ওষুধ নির্বাচনে সর্বাধিক। এ সমস্ত লক্ষণ আত্মমুখী লক্ষণেরই একটি প্রকার। কেন্ট রেপার্টরীতে এ ধরনের লক্ষণগুলি মানসিক অধ্যায় (Mind) ও সাধারণ লক্ষণ (Generalities) অধ্যায়ে অন্তর্গত হয়েছে। রোগীকে সামগ্রীকভাবে পরিচয় করিয়ে দেয় বলে চিকিৎসককে এধরনের লক্ষণের প্রতি বিশেষ দৃষ্টি দিতে হয়। বিভিন্ন আঙ্গিক অধ্যায়েও এ সকল লক্ষণকে বর্ণনা করা হয়েছে। আমি শব্দের মাধ্যমে সাধারণতঃ এসকল লক্ষণের বর্ণনা শুরু হয় বলে এ সকল লক্ষণ চেনা সহজ। যেমন, আমি দূর্বল, আমি আর বাঁচবনা, আমাকে আর বাঁচাতে পারলেন না, আমার মাথাটা যেন বড় হয়ে যাচ্ছে, আমার দেহটা যেন কাঁচের তৈরী ইত্যাদি। এছাড়া শীতকাতরতা বা গরমকাতরতা, দেহের পার্শ্ব, খাদ্যে হ্রাস-বৃদ্ধি, বেদনার বিভিন্ন অনুভূতি যখন সামগ্রীকভাবে রোগীকে প্রকাশ করে, অসহিষ্ণুতা, বিরক্তচিত্ততা ইত্যাদিও ব্যাপক লক্ষণের অর্ন্তগত। রোগীর লক্ষণ সমষ্টির মধ্যে অবস্যাই এধরনের লক্ষণাবলী অন্তর্ভূক্ত হতে হবে এবং রেপার্টরীকরণের সময়ও অধিকতর মূল্য দিতে হবে। ব্যক্তিগত রোগী চেনার জন্য এধরনের লক্ষণের মত গুরুত্বপূর্ণ আর কোন লক্ষণ নেই।

ব্যাপক লক্ষণ বা সর্বাংগিণ লক্ষণকে মূল্যমানের গুরুত্ব-অনুসারে দু'ভাগে ভাগ করা যায়, যথা-

ক) মানসিক সর্বাংগিণ লক্ষণ (Mental General Symptoms) ও

খ) দৈহিক সর্বাংগিণ লক্ষণ (Physical General Symptoms)

**ক) মানসিক সর্বাংগিণ লক্ষণ (Mental General Symptoms)**

যে সকল মানসিক লক্ষণ দ্বারা রোগীর সার্বিক মানসিক অবস্থা বোধগম্য হয় তাদেরকে মানসিক সর্বাংগিণ লক্ষণ বলে । এ সকল লক্ষণকে ক্রম গুরুত্ব অনুসারে ছয়'টি ভাগে বিভক্ত করা হয় । যেমন-

(১) ইচ্ছাশক্তি (Will) ঃ বিবিধ ইচ্ছা ও অনিচ্ছা, ভালবাসা, ঘৃণা, আত্মহত্যার ইচ্ছা, বিতৃষ্ণা, কৃপনতা, আলস্য, হাসি, কান্না, আনন্দ, বিষন্নতা ইত্যাদি এই শ্রেণীর সর্বাংগিণ মানসিক লক্ষণ । ইচ্ছাশক্তি বিভিন্ন রকম হতে পারে, যেমন-

(i) ইচ্ছা / অনিচ্ছা, তীব্র আকাঙ্খা (Desire /Aversion, Cravings)
(ii) যৌন সম্পর্কীয় ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Sex)
(iii) খাদ্যে ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Food)
(iv) বিশেষ অনুভূতি সম্পর্কীত ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Special Senses)

(২) আবেগ (Emotions) ঃ শান্ত, লাজুক, রাগী, ক্রন্দনশীল, অস্থিরতা ইত্যাদি এই শ্রেণীর সর্বাংগিণ মানসিক লক্ষণ ।

(৩) বুদ্ধিবৃত্তি / অনুধাবন (Intellect / Understanding) ঃ অলিক দর্শন, ভ্রান্তবিশ্বাস, প্রলাপ, মানসিক বিভ্রান্তি, মনের গোলমেলে অবস্থা ইত্যাদি ।

(৪) স্মৃতিশক্তি (Memory) ঃ স্মৃতিশক্তি ক্রিয়াশীল, স্মরনশক্তির বিকৃতি, বিস্মৃতিপরায়ন , দুর্বল স্মৃতিশক্তি ইত্যাদি ।

(৫) স্বপ্ন (Dreams) ও নিদ্রা (Sleep) ঃ উদ্ভট স্বপ্ন, জীবজন্তুর স্বপ্ন, মৃত্যু বা মৃতদেহের স্বপ্ন, ভ্রমনের স্বপ্ন, নিদ্রা গভীর, নিদ্রা বাধাপ্রাপ্ত, নিদ্রা ক্ষণস্থায়ী, নিদ্রাহীনতা ইত্যাদি ।

(৬) ইচ্ছাশক্তি, মন ইত্যাদি সংক্রান্ত হ্রাস বৃদ্ধির লক্ষণাবলী (Modalities, < and > of Will and Mental Symptoms)





**খ) দৈহিক সর্বাংগিণ লক্ষণ (Physical General Symptoms)**

যে সকল সর্বাংগিণ লক্ষণ রোগীর সমগ্র দৈহিক অবস্থাকে বুঝায় অর্থাৎ রোগীর 'আমি' সত্ত্বাকে বুঝায় তাদেরকে দৈহিক সর্বাংগিণ লক্ষণ বলা হয় । এদেরকে গুরুত্ব অনুসারে আট'টি ভাগে ভাগ করা যায় । যেমন-

(১) বাহ্যিক উত্তেজনায় প্রতিক্রিয়া (Reaction due to external condition) ঃ গরমকাতর, শীতকাতর, উভয়কাতর; আবহাওয়া ও জলবায়ু, বাতাসে, গোসলে, দিবা বা রাত্রের নির্দিষ্ট সময়ে, অমাবস্যা-পূর্ণিমায়, নির্দিষ্ট ঋতুতে, বিশ্রামে বা পরিশ্রমে ইত্যাদি ।

(২) সাধারণ বা বিশেষ অনুভূতি (Sensation) ঃ সমগ্র দেহে কম্পন বা শীতলতা বা পোকা হাটার মত বা জ্বালাকর অনুভূতি ইত্যাদি ।

(৩) স্ত্রী পুরুষসম্বন্ধীয় বা যৌন সম্পর্কীয় লক্ষণ ও মাসিক সম্পর্কীয় হ্রাস বৃদ্ধি ।

(৪) খাদ্য ও পানীয় সম্বন্ধীয় লক্ষণ ও হ্রাস বৃদ্ধি ।

(৫) ঘর্ম সংক্রান্ত লক্ষণ ঃ ঘর্ম কম বা বেশী, ঘর্মের বৈশিষ্ট্য, ঘর্মে হ্রাস- বৃদ্ধি ।

(৬) আক্রান্ত পার্শ্ব (Sides) ঃ ডানে, বামে, উর্ধ্বাঙ্গে, নিম্নাঙ্গে, কোনাকোনি ভাবে ইত্যাদি ।

(৭) সর্বাংগিন দৈহিক যে কোন লক্ষণাবলী এবং স্রাবসমূহ (Discharge), মাসিকের ইতিবৃত্ত (Menstrual State), বিশেষ ইন্দ্রিয় (Special senses), সর্বাংগিণ দৈহিক প্রতিক্রিয়া - সময়, ভিজা ও শুষ্কতা, আবহাওয়া, অবস্থান, মাধ্যাকর্ষণ, চাপন, নড়াচড়া, ভ্রমণ জনিত অসুস্থতা ইত্যাদি ।

(৮) লক্ষণের আগমন ও তিরোধানের গতি-প্রকৃতি (Appear and disappear) ঃ লক্ষণ ধীরে ধীরে প্রকাশ পায়, লক্ষণ ধীরে ধীরে প্রকাশ পায় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয়, লক্ষণ অকস্মাৎ অন্তর্হিত হয়, সহসা উপস্থিত হয়, সহসা উপস্থিত হয় এবং সহসা অন্তর্হিত হয়, সহসা উপস্থিত হয় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয় বা পর্যায়ক্রমে আগমন ও তিরোহিত হয় ইত্যাদি ।

(৯) সর্বাংগিন দৈহিক লক্ষণ সম্পর্কীত যাবতীয় হ্রাস-বৃদ্ধির লক্ষণাবলী ।

**২। আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণ (Particular or Local Symptoms)**

যে সকল লক্ষণ রোগীর দেহের বিশেষ কোন অঙ্গে প্রকাশিত হয় সেগুলিকে আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণ বলে । এ সকল লক্ষণ বর্ণনাকালে রোগী অধিকাংশ

সময় আমার শব্দ উচ্চারণের মাধমে লক্ষণের বর্ণনা শুরু করে । জিহ্বা, হাত-পা, নাক, চোখ, পিঠ সহ অন্যান্য অঙ্গে প্রকাশিত লক্ষণাবলী এধরনের লক্ষণ । এ সকল লক্ষণ প্রধানতঃ বিষয়মুখী লক্ষণ হিসেবে প্রকাশিত হয় । যেমন, জিহ্বায় লাল বর্ণের ত্রিকোনাকার চিহ্ন, জিহ্বায় মানচিত্রের মত চিহ্ন, দেহের কোন অঙ্গের আরক্তিমতা বা রক্তসঞ্চয়, চোখের নীচের পাতায় থলের ন্যায় স্ফীতি ইত্যাদি ।

গুরুত্ব ঃ আঙ্গিক লক্ষণ সাধারণতঃ বিষয়মুখী লক্ষণ হিসেবে প্রকাশিত হয়। রোগী, পরিচর্যাকারী, চিকিৎসক সকলেই এ সকল লক্ষণ সহজেই বুঝতে পারেন । অচির রোগে এধরনের লক্ষণ ওষুধ নির্বাচনে বিশেষ সহায়ক হয় । আবার আঙ্গিক লক্ষণ বহুক্ষেত্রে আত্মমুখী লক্ষণ হিসেবেও বর্ণিত হতে পারে । যেমন, আমার মূত্রথলিতে তীব্র জ্বালা, আমার মাথা ফেটে যাবে মনে হচ্ছে, মনে হচ্ছে যেন হৃদপিন্ডে লোহার হাত দ্বারা মোচড়াচ্ছে, চোখের ভিতর পেরেক ফুটিয়ে দিচ্ছে ইত্যাদি । আঙ্গিক লক্ষণের মূল্য সাধারণভাবে কম কিন্তু আঙ্গিক লক্ষণ যখন কোন বিশেষ বৈশিষ্ট্য নিয়ে প্রকাশিত হয় তখন এ লক্ষণের মূল্য অনেক বেশী । আবার আমি শব্দ ব্যবহার করলেই ব্যাপক লক্ষণ এবং আমার শব্দ ব্যবহার করলেই স্থানীয় লক্ষণ হয় না । কোন লক্ষণ ব্যাপক বা স্থানীয় তা নির্ভর করে সেই লক্ষণ রোগীতে সামগ্রীকভাবে প্রযোজ্য, না কেবল তার বিশেষ অঙ্গেই সীমাবদ্ধ । যেমন, আমার ঋতুস্রাব অনিয়মিত- এটা ব্যাপক লক্ষণ, কিন্তু মাসিক ঋতুস্রাবের পূর্বে ও স্রাবের সময় আমি বস্তি প্রদেশে বেদনা অনুভব করি - এটি স্থানীয় লক্ষণ। রেপার্টরীতে আঙ্গিক লক্ষণসমূহ সংশ্লিষ্ট বিভিন্ন আঙ্গিক অধ্যায়ে বর্ণিত হয়েছে । আঙ্গিক লক্ষণসমূহ প্রকাশের কারণ বা অনুভূতি বা বা হ্রাস-বৃদ্ধি বা সহযোগী লক্ষণ দ্বারা বিশেষণ বা গুণারোপিত হয়ে সাধারণ লক্ষণ থেকে অসাধারণ লক্ষণে পরিণত হতে পারে। আর অসাধারণ, বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণের মূল্য মেটেরিয়া মেডিকা বা রেপার্টরী বা রোগী চিকিৎসাক্ষেত্র সকল ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ।

আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণকে ক্রম গুরুত্ব অনুসারে তিনটি ভাগে ভাগ করা যায় । যেমন-

(১) অসাধারণ ও বিরল আংগিক লক্ষণ ঃ বেদনা বিহীন টনসিল প্রদাহ, উদ্ভেদ বিহীন চুলকানি ইত্যাদি ।

(২) সুস্পষ্ট হ্রাস-বৃদ্ধি যুক্ত আংগিক লক্ষণ ঃ মাথার যন্ত্রনা ঘুমের পর বৃদ্ধি, শক্ত খাদ্যে গলবেদনার উপশম, অর্শের জ্বালাকর যন্ত্রনা উত্তাপে উপশম ইত্যাদি ।

(৩) হ্রাস-বৃদ্ধি বিহীন বৈশিষ্ট্যহীন আংগিক লক্ষণ ঃ এ ধরনের লক্ষণ বিভিন্ন রোগের নামকরণে বা ড্রাগ প্রুভিংকালে দেখা যায়, যেমন - অর্বুদ, আঁচিল, চুল পড়া, চোখের পাতার পুরাতন আঞ্জনী ইত্যাদি ।





## সাধারণ লক্ষণ ও অসাধারণ লক্ষণ
## (Common and Uncommon symptoms)

মানুষের দেহ-মনে প্রকাশিত সর্বপ্রকার সর্বাংগিন ও আঙ্গিক লক্ষণাবলীকে দু'ভাগে বিভক্ত করা যায় । যথা -

১। সাধারণ লক্ষণ (Common symptoms)
২। অসাধারণ লক্ষণ (Uncommon symptoms) ।

### ১। সাধারণ লক্ষণ (Common symptoms)

রোগ ও ওষুধের সাথে সর্ম্পকযুক্ত লক্ষণকে সাধারণ লক্ষণ বলা হয় । যেমন, অক্ষুধা, দুর্বলতা ইত্যাদি। এই জাতীয় লক্ষণ কোন নির্দিষ্ট রোগের সকল রোগীতে প্রায় একই প্রকারের হয় এবং তেমন কোন বৈশিষ্ট্য বহন করে না । যেমন - উদরাময়, কলেরা, টাইফয়েড, মলদ্বার নির্গমন, ইনগুইনাল হার্নিয়া । ওষুধ নির্বাচনে সাধারণ লক্ষণের তেমন বিশেষ মূল্য নেই । কিন্তু চিকিৎসাকর্ম যথাযথভাবে পরিচালিত করতে হলে এ সকল লক্ষণকে অবহেলা করা যাবে না । সাধারণ লক্ষণকে ডাঃ গার্থ বোরিক মৌলিক লক্ষণ (Basic Symptoms) ও ডাঃ বোনিংহাউসেন প্রাথমিক লক্ষণ (Primary Symptoms) হিসেবে নামকরণ করেছেন ।

এ সকল লক্ষণ ওষুধ নির্বাচনে বড় ধরনের ভূমিকা না রাখলেও বহুবিধ বিষয়ে চিকিৎসককে সহযোগিতা করে, যেমন ঃ-

১। রোগের নামকরণ, রোগের প্রকৃতি ও রোগের ভাবীফল নির্ণয়ের মাধ্যমে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণে ।
২। রোগটি অচির না চিররোগের কিংবা শল্য চিকিৎসার অন্তর্গত কিনা তা নির্ণয়ে অথবা রোগটি আরোগ্যসাধ্য বা দূরারোগ্য বা সামান্য অসুস্থতা কিনা তা নির্ণয়ে ।
৩। রোগীর পথ্যাপথ্য নির্বাচনে ।
৪। রোগীর আনুষঙ্গিক ব্যবস্থা প্রদানের নির্দেশ প্রদানে, যেমন- স্নান, আবহাওয়া পরিবর্তন, অক্সিজেন প্রদান, গরম সেক বা ঠান্ডা প্রদান, বা রোগীকে আলাদা করার প্রয়োজন আছে কিনা ইত্যাদি ।
৫। চিকিৎসাগত সার্টিফিকেট বা হাসপাতালে ভর্তির নির্দেশ প্রদানে ।

### ২। অসাধারণ লক্ষণ (Uncommon symptoms)

যে সকল লক্ষণ অদ্ভুত চারিত্রিক বৈশিষ্ট্যপূর্ণ, বিরল, সুস্পষ্ট, দৃষ্টি আর্কষক, পরিচায়ক বা একটি মাত্র লক্ষণ কোন একক ওষুধকে নির্দেশ প্রদান করে

তাদেরকে অসাধারণ লক্ষণ বলে । এ সকল লক্ষণ ওষুধ বা রোগের সাধারণ লক্ষণ অপেক্ষা ব্যতিক্রমধর্মী হয় । অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং সূত্রে চিকিৎসাবিজ্ঞানী হ্যানিম্যান এ জাতীয় লক্ষণকে উল্লেখযোগ্য বা দৃষ্টি আকর্ষণীয় বা সুস্পষ্ট, একক, অসাধারণ এবং অদ্ভুত ধরনের (পরিচায়ক) লক্ষণ বলে অভিহিত করেছেন (striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms) এবং চিকিৎসাক্ষেত্রে এই জাতীয় লক্ষণের মূল্য সবচাইতে বেশী বলে মন্তব্য করেছেন । চিকিৎসাশাস্ত্রানুসারে যে সকল লক্ষণের কোন ব্যাখ্যা করা যায় না, চিকিৎসকের কাছে অদ্ভুত মনে হয়, বিস্ময়ের সৃষ্টি করে তারাই অসাধারণ লক্ষণ, যেমন -

(ক) দৃষ্টি আকর্ষণীয় বা উল্লেখযোগ্য বা সুস্পষ্ট লক্ষণ (Striking Symptoms) ঃ এ জাতীয় লক্ষণ রোগীর দেহ-মনে সুস্পষ্ট ভাবে প্রকাশ পায় ফলে চিকিৎসকের নজরে সহজেই আসে এবং লক্ষণসমষ্টির মাধ্যমে রোগীচিত্রের ও ওষুধচিত্রের বৈশিষ্ট্য নির্ধারণের সময় কোন ভাবেই বাদ দেয়া যায় না, সে সকল লক্ষণকে উল্লেখযোগ্য বা দৃষ্টি আকর্ষণীয় বা সুস্পষ্ট লক্ষণ বলা হয় । যেমন - প্রবল গরম জলের পিপাসা, প্রচন্ড অস্থিরতা, বাচালতা, প্রচন্ড ক্রোধ ইত্যাদি ।

(খ) একক লক্ষণ (Singular Symptoms) ঃ একটি মাত্র লক্ষণ কেবল একটি মাত্র ওষুধকেই নির্দেশ করে, এ ধরনের লক্ষণকে একক লক্ষণ বলে । যেমন- ধন্যবাদ দিলে কেঁদে ফেলে-লাইকো ; ভ্রান্ত বিশ্বাস/যেন প্রত্যেকেই ভূত - প্লাটি ; অনুভূতি যেন তারের খাঁচার মধ্যে রয়েছে এবং ক্রমেই এটা চেঁপে ধরছে - ক্যাক্টাস ।

(গ) অসাধারণ লক্ষণ (Uncommon Symptoms) ঃ ওষুধ ও রোগীর লক্ষণের মধ্যে যে সকল লক্ষণ সাধারণ লক্ষণ হতে ব্যতিক্রমধমী তাদেরকে অসাধারণ লক্ষণ বলে । যেমন- বমনের পূর্বে পিপাসা-ইউপে-পার্ফ, নির্মল বাতাসে শ্বাসক্রিয়া বাধাপ্রাপ্ত হয় - সোরিনাম ।

(ঘ) অদ্ভুত (পরিচায়ক) লক্ষণ ঃ {Peculiar (characteristic) Symptoms}- অদ্ভুত (পরিচায়ক) লক্ষণ বলতে আমরা সে সকল লক্ষণ বুঝি যেগুলি রোগের ও রোগীর বিশিষ্টতাগুলিকে অন্য রোগ ও রোগী হতে পার্থক্য করে ফেলতে সহায়তা করে । ডাঃ কেন্ট বলেন রোগের যে সমস্ত লক্ষণ সাধারণ বুদ্ধিতে ব্যাখ্যা করা যায় না সে সকল লক্ষণগুলিই অদ্ভুত (পরিচায়ক) লক্ষণ । যেমন, উদ্ভেদবিহীন হাম, প্রবল জ্বরে পিপাসাহীনতা, জিহ্বার শুষ্কতা সত্ত্বেও জলপানে অনিচ্ছা, মুখে প্রচুর লালাস্রাব সত্ত্বেও প্রচন্ড পিপাসা, দেহে তীব্র জ্বালাবোধ থাকা সত্ত্বেও গাত্রাবরণ চাওয়া, উত্তাপে জ্বালাবোধের উপশম হওয়া, চর্বণে দাঁত ব্যথার উপশম হওয়া ইত্যাদি ।





(ঙ) বিরল লক্ষণ (Rare Symptoms) ঃ যে সকল লক্ষণ ওষুধ নির্বাচনে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু খুব অল্প সংখ্যক প্রুভারের মধ্যে দেখা গিয়েছে বা খুবই অল্প সংখ্যক রোগীতে দেখা গিয়েছে বা প্রায়ই দেখা যায় না, অথচ বিশেষ ক্ষেত্রে ওষুধ নির্বাচনে প্রধান ভূমিকা পালন করে, এ জাতীয় লক্ষণকে বিরল লক্ষণ বলে ।

যেমন- ফুলের গন্ধে শিরোঘূর্ণন - *হায়োস*$_{২}$, নাক্স-ভ$_{৩}$, ফস$_{৩}$ ।

নির্মল আবহাওয়ায় সকল লক্ষণের বৃদ্ধি - একোন$_{১}$, এসার$_{১}$, *ব্রায়ো*$_{২}$, কষ্টি$_{৩}$, *হিপার*$_{২}$, *নাক্স-ভ*$_{২}$, প্লাম্বা $_{১}$, স্যাবাডি$_{১}$, স্পঞ্জ $_{১}$ ইত্যাদি । (রবিন মারফির রেপার্টরী)

## শারীরবৃত্তিয় লক্ষণ এবং নিদানগত লক্ষণ (Physiological Symptoms and Pathological Symoptoms)

মানুষের দেহ-মনে প্রকাশিত সর্বপ্রকার লক্ষণাবলীকে দু'ভাগে বিভক্ত করা যায় । যথা -

১। শারীরবৃত্তিয় লক্ষণ (Physiological Symptoms)
২। নিদানগত লক্ষণ (Pathological Symoptoms)

### ১। শারীরবৃত্তিয় লক্ষণ (Physiological Symptoms)

সুস্থ অবস্থায় মানুষের দেহ-মনে যে সকল লক্ষণ থাকে তাদেরকে শারীরবৃত্তিয় লক্ষণ বলে । সুস্থাবস্থায় দেহরাজ্যে অসংখ্য কর্মকান্ড পরিচালিত হয়, কিন্তু আমরা সে লক্ষণকে আপাত দৃষ্টিতে অনুভব করি না । কিন্তু সুচিকিৎসক হতে হলে সুস্থাবস্থায় কি কি অবস্থা বিরাজমান থাকে চিকিৎসককে অবশ্যই সে সম্পর্কে জ্ঞান রাখতে হবে । যেমন, সুস্থাবস্থায় বিভিন্ন বয়সে তাপমাত্রা কত, নাড়ীর গতি কত, শ্বাস-প্রশ্বাসের গতি কত, রক্তচাপ কত, হৃদপিন্ডের গতি কত ইত্যাদি সহ বহুবিধ বিষয় চিকিৎসককে জেনে রাখতে হয় । সুস্থাবস্থার স্বাভাবিক লক্ষণ সম্পর্কে ধারণা না থাকলে অসুস্থাবস্থার চিত্র তিনি নির্ণয় করতে পারবেন না, ফলে চিকিৎসাকর্ম করবেন কিসের ভিত্তিতে ? সুতরাং দেহের স্বাভাবিক অবস্থার বিভিন্ন লক্ষণ ভালভাবে অবগত হয়েই চিকিৎসাকর্মে নিয়োজিত হতে হবে । শারীরবৃত্তিয় লক্ষণের বিপরীত হচ্ছে নিদানগত লক্ষণ (Pathological Symoptoms) । সুতরাং দেখা যাচ্ছে যে বিভিন্ন শারীরবৃত্তিয় লক্ষণও চিকিৎসা ক্ষেত্রে যথেষ্ট গুরুত্ব বহন করে ।

### ২। নিদানগত লক্ষণ (Pathological Symoptoms)

দেহযন্ত্রের ক্রিয়াধারায় বিশৃঙ্খলার দরুন দেহের কোন অঙ্গের কাঠামোগত (Structural) পরিবর্তন বা অনুভূতির পরিবর্তন ইত্যাদি দেখা দেয় । এই

গুলিকে নিদানগত লক্ষণ বলে। যেমন, ফোড়া থেকে ঘন সাদা পূজস্রাব, দড়ির মতো লম্বা ও আঠার মতো শ্লেষ্মা, কৃষ্ণবর্ণের রক্তস্রাব, কোষ্ঠকাঠিন্য, অর্শ ইত্যাদি। এগুলি হলো রোগের পরিণত অবস্থার ফল। রোগ কোন স্তরে অবস্থান করছে এই লক্ষণ তা জানতে সাহায্য করে। ওষুধ নির্বাচন, মাত্রা ও শক্তি নির্ধারণ এবং আনুষঙ্গিক ব্যবস্থাপত্র রচনায় এই লক্ষণসমূহ চিকিৎসককে বিশেষভাবে সাহায্য করে। শল্য চিকিৎসার প্রয়োজন আছে কিনা সে বিষয়েও এই সমস্ত লক্ষণ ইঙ্গিত দিয়ে থাকে। নিদানগত লক্ষণ বহুক্ষেত্রে ওষুধ নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিদানগত লক্ষণ যখন কোন বিশেষ বৈশিষ্ট্য বহন করে তখন সেই সাধারণ লক্ষণটি 'অসাধারণ পরিচায়ক লক্ষণে' পরিণত হয়। সে জন্য রেপার্টরীকরণের সময় বৈশিষ্ট্যপূর্ণ নিদানগত লক্ষণ অনুসন্ধানে পাওয়া গেলে তাকেও লক্ষণ সমষ্টিতে অন্তর্ভুক্ত করতে হয়। যেমন, দেহের বাহ্যিক কোন স্থানে ফোড়া বা স্ফোটক একটি নিদানগত অবস্থা এবং স্ফোটকে উত্তপ্ত হওয়া, বেদনা, রক্তসঞ্চয় ও স্পর্শকাতরতা ইত্যাদি সাধারণ লক্ষণ। যে কোন স্ফোটকে এসকল লক্ষণ কমবেশী থাকবেই এবং মেটেরিয়া মেডিকায় বা রেপার্টরীতেও বহু ওষুধের মধ্যে স্ফোটক আছে। রবিন মারফি লিখিত হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরীতে স্ফোটক এর বিপরীতে ১০৮টি ওষুধের উল্লেখ আছে। কিন্তু স্ফোটকে জ্বালাকর অনুভূতি মাত্র পাঁচটি ওষুধে আছে। তন্মধ্যে এনথ্রাক্স, আর্স, টেরেন্ট-কিউ প্রথম শ্রেণীর, পাইরোজেন দ্বিতীয় শ্রেণীর এবং মার্ক সল তৃতীয় শ্রেণীর ঔষধ। আর্সেনিক ও পাইরোজেন শীতকাতর, মার্ক সল উভয়কাতর, বাকী ওষুধগুলির কাতরতা নির্দিষ্ট নহে। অন্যান্য পার্থক্য বিচার করে নিদান লক্ষণের বৈশিষ্ট্য অনুধাবন করে জ্বালাকর স্ফোটকে ওষুধ নির্বাচন তেমন কঠিন কর্ম নহে। অতএব স্ফোটকে জ্বালাকর অনুভূতি একটি অসাধারণ লক্ষণ। সুতরাং দেখা যাচ্ছে যে বিভিন্ন নিদান লক্ষণও চিকিৎসা ক্ষেত্রে যথেষ্ট গুরুত্ব বহন করে।

## পরিচায়ক লক্ষণ (Characteristic symptoms)

রোগাক্রান্ত রোগীর দেহ-মনে বহুবিধ লক্ষণ প্রকাশিত হয়, কিন্তু সকল লক্ষণ সমান গুরুত্ব বহন করে না। চিকিৎসাক্ষেত্রে ওষুধ নির্বাচনের সময় সেই ধরনের লক্ষণসমূহের প্রয়োজন বেশি যেগুলি রোগের একটি পূর্ণ প্রতিকৃতি চিকিৎসককে প্রদান করে। এই ধরনের বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণকে পরিচায়ক লক্ষণ বলে। পরিচায়ক লক্ষণ বলতে আমরা সে সকল লক্ষণ বুঝি যেগুলি রোগের ও রোগীর বিশিষ্টতাগুলিকে অন্য রোগ ও রোগী হতে পার্থক্য করে ফেলতে সহায়তা করে। রোগীর লক্ষণাবলীর মধ্যে যেগুলি অদ্ভুত, অসাধারণ, দৃষ্টি আকর্ষক, পার্থক্যসূচক বা বিরল প্রকৃতির সেগুলিই এই





শ্রেণীভুক্ত। ডাঃ কেন্ট বলেন রোগের যে সমস্ত লক্ষণ সাধারণ বুদ্ধিতে ব্যাখ্যা করা যায় না সে সকল লক্ষণগুলিই পরিচায়ক লক্ষণ। যেমন, উদ্ভেদবিহীন ঘাম, প্রবল জ্বরে পিপাসাহীনতা, জিহ্বার শুষ্কতা সত্ত্বেও জলপানে অনিচ্ছা, মুখে প্রচুর লালাস্রাব সত্ত্বেও প্রচণ্ড পিপাসা, দেহে তীব্র জ্বালাবোধ থাকা সত্ত্বেও গাত্রাবরণ চাওয়া, উত্তাপে জ্বালাবোধের উপশম হওয়া, চর্বণে দাঁত ব্যথার উপশম হওয়া ইত্যাদি।

গুরুত্ব ঃ চিকিৎসাক্ষেত্রে এধরনের লক্ষণের মূল্য সবচেয়ে বেশী। কোন রোগী ক্ষেত্রে পরিচায়ক লক্ষণ পাওয়া না গেলে সেই রোগীকে হোমিওপ্যাথিক আরোগ্য করার চেষ্টা অর্নথক বা মূল্যহীন। ডাঃ এইচ, এ রবার্টস্ বলেন, পরিচায়ক লক্ষণগুলি আপাত দৃষ্টিতে বিভ্রান্তিকর মনে হলেও এধরনের লক্ষণগুলিই ওষুধ নির্বাচনের জন্য সর্বোত্তম পথপ্রদর্শকের ভূমিকা পালন করে। তুলনা সরূপ তিনি এ. কোনান ডয়েলের বিখ্যাত চরিত্র শারলক হোমসের কথার পুনরুক্তি করে বলেন, যা স্বাভাবিক নয়, সাধারণ নয় তা-ই সাধারণত প্রতিবন্ধক না হয়ে পথ প্রর্দশক হয়। যেসব ঘটনা বিভ্রান্তির সৃষ্টি করে শেষ পর্যন্ত সেগুলিই ঈপ্সিত পথের ইঙ্গিত দেয়। অর্গাননের ১৫৩ নং অনুচ্ছেদে হ্যানিম্যান বলেন ওষুধ নির্বাচনের জন্য অপেক্ষাকৃত সাধারণ ও অস্পষ্ট লক্ষণ সমুহ বাদ দিয়ে কেবল মাত্র অসাধারণ, অদ্ভুত ও বিশেষ ধরনের (পরিচায়ক) লক্ষণাবলীর দিকে লক্ষ্য রাখতে হবে। ডাঃ এডলফ লিপি বলেন, পরিচায়ক লক্ষণগুলি সে সমস্ত লক্ষণকে বুঝায় যে গুলি রোগীর পক্ষে স্বাভাবিক না হয়ে অদ্ভুত ধরনের হয়। রোগীর ও রোগের লক্ষণাবলী থেকে সাধারণ লক্ষণ বাদ দিলে পরিচায়ক লক্ষণ পাওয়া যায়। যেমন কলেরা আক্রান্ত কোন রোগীকে পরীক্ষা করে জানা গেল (১) রোগীর অন্ত্রে একপ্রকার অস্বাভাবিক শব্দ (কলকল বা বকবক), যেন একটি জলপূর্ণ বোতল থেকে জল ঢালা হচ্ছে এবং (২) হঠাৎ বেগ হয় এবং মল জোরে নির্গত হয়। এ লক্ষণ দুটির নিদানগত মূল্য কি তা আমরা জানিনা কিন্তু এরা নিঃসন্দেহে লক্ষণসমষ্টির অংশ এবং লক্ষণসমষ্টি থেকে সাধারণ লক্ষণ বাদ দিলে আমরা এই পরিচায়ক লক্ষণ দুটি পাই। মেটেরিয়া মেডিকার থেকে আমরা জানতে পারি এ লক্ষণ দুটি জ্যাট্রোফার পরিচায়ক লক্ষণসমূহের অন্যতম এবং জ্যাট্রোফা কলেরা রোগের সাধারণ নিদানগত অবস্থা সৃষ্টি করতে পারে। কাজেই জ্যাট্রোফাই ঐ ব্যক্তির কলেরা রোগ আরোগ্য করবে। রেপার্টরীকরণের মাধ্যমে ওষুধ নির্বাচনের সময় এই ধরনের লক্ষণের দিকে চিকিৎসককে অধিকতর গুরুত্ব দিতে হবে কেননা আরোগ্যদায়ক ওষুধ নির্বাচনে লক্ষণ সমষ্টির মধ্য হতে সে লক্ষণগুলিই পরিচায়ক বা সবচাইতে বেশী মূল্যবান যেগুলি বিচিত্র, অদ্বিতীয়, অসাধারণ রূপে ওষুধের সাথে পরিচয় করিয়ে দেয়, এবং অন্যান্য ওষুধ হতে পার্থক্য নির্ণয় করে।

## আনুষংগিক বা সহযোগী লক্ষণ (Concomitant Symptoms)

কনকমিট্যান্ট শব্দের চিকিৎসা অভিধানগত অর্থ হ'লো - মূল লক্ষণের আনুষঙ্গিক হিসাবে আসে এমন লক্ষণ, যা কোন নির্দিষ্ট নামের রোগের মেয়াদের মধ্যে আশা করা যায় না বা দেখতে পাওয়া যায় না । যে লক্ষণগুলিকে আপাতদৃষ্টিতে মূলরোগের সঙ্গে সামঞ্জস্যবিহীন বলে মনে হয়, কিন্তু যে গুলি রোগের মূল লক্ষণের সঙ্গে উপস্থিত ও অন্তর্হীত হয় সেগুলিকে আনুষঙ্গিক বা সহযোগী লক্ষণ বলে । এধরনের লক্ষণের বৈশিষ্ট্য হলো (১) এই লক্ষণগুলি সাধারণতঃ কোন নির্দিষ্ট নামের মূলরোগের সঙ্গে দেখা যায় না, (২) মূলরোগের প্রকাশ স্থান ভিন্ন দেহের অন্য স্থানে এদের দেখা যায়, (৩) কনকমিট্যান্ট সর্বদা রোগীর মূল লক্ষণের সাথে মিশে থাকবে তবে তার কোন আলাদা অস্তিত্ব থাকবে না, (৪) রোগী যে রোগে ভুগছে সেই রোগের প্যাথলজি দ্বারা এর ব্যাখ্যা করা যায় না, এবং (৫) ওষুধে এধরনের বৈশিষ্টপূর্ণ লক্ষণ পাওয়া গেলেও মূল রোগলক্ষণের সঙ্গে এ ধরনের সম্বন্ধযুক্ত অবস্থা খুব কমই দেখা যায় । যেমন, বমি ও বমনেচ্ছা তৎসহ পরিষ্কার জিহ্বা (ইপি), ঋতুস্রাবের সময় স্তনে দুগ্ধ সঞ্চয় (মার্ক), জরায়ুর পীড়ার সাথে চর্মরোগের আবির্ভাব (সিপিয়া), প্রদাহের সঙ্গে প্রস্রাবের অদম্য বেগ ও জ্বালা (ক্যান্থারিস), বাতের যন্ত্রনার সাথে শীতশীতভাব (পালস) ইত্যাদি । কনকমিট্যান্ট হ'তে হলে সেই লক্ষণটির কোন স্বতন্ত্র অস্তিত্ব থাকবে না, অন্য কোন মূল লক্ষণের আনুষঙ্গিক হিসেবেই তার অস্তিত্ব থাকবে এবং তার কোন প্যাথলজিক্যাল কারণ বা ব্যাখ্যা থাকবে না । যদি প্যাথলজি বা প্র্যাকটিশ অব মেডিসিন এর জ্ঞান দ্বারা লক্ষণটির কারণ ব্যাখ্যা করা যায় তবে তা কনকমিট্যান্ট নয় ।

গুরুত্ব ঃ এই সকল লক্ষণের মাধ্যমে রোগীর ও ওষুধের প্রকৃতির পূর্ণ পরিচয় পাওয়া সহজ হয় বলে চিকিৎসাক্ষেত্রে এধরনের লক্ষণের গুরুত্ব অত্যন্ত বেশী। এই সমস্ত লক্ষণ লক্ষণসমষ্টিকে বিশেষ স্বাতন্ত্র্য দান করে । কোন একক লক্ষণের হ্রাস-বৃদ্ধি যেমন সেই লক্ষণটিকে স্বাতন্ত্র্য দান করে, আনুষঙ্গিক লক্ষণ তদ্রুপ লক্ষণসমষ্টিকে বিশিষ্টতা প্রদান করে । ডাঃ রবার্টস বলেন আনুষঙ্গিক লক্ষণ অন্যান্য লক্ষণ থেকে রোগীকে পার্থক্য করে, ফলে ওষুধ নির্বাচন সহজ হয় । এ সমস্ত লক্ষণ বহুক্ষেত্রেই সাধারণ শ্রেণীর লক্ষণ হিসেবে প্রকাশিত হলেও অন্য লক্ষণের সাথে উপস্থিত হয়ে বিশেষত্বমন্ডিত হয়ে উঠে এবং লক্ষণসমষ্টিকে বিশিষ্টতা দান করে, ঠিক যেমন গন্ডদেশে ক্ষুদ্র একটি তিল অনেক সময় কোন রমণীর মুখাবয়বকে অপূর্ব সুষমায় অনন্য করে তোলে । এ জন্য দ্য গলের দীর্ঘ নাসিকা, চার্চিলের চুরুট, চেম্বারলিনের ছাতা সাধারণ হলেও অসাধারণ । সঠিক ওষুধ নির্বাচনে চিকিৎসককে সর্বদাই আনুষঙ্গিক লক্ষণকে গুরুত্ব দিয়ে রোগীলিপি প্রণয়ন করতে হবে এবং রেপার্টরীতেও আনুষঙ্গিক লক্ষণকে অত্যন্ত গুরুত্বের সাথে অর্ন্তভূক্ত করা হয়েছে ।





## অতিরিক্ত লক্ষণ (Accessory Symptoms)

রোগীতে ওষুধ প্রয়োগের পর যদি এমন কিছু লক্ষণ পাওয়া যায় যেগুলি পূর্বে ছিল না অথচ ঐগুলি ওষুধেরই লক্ষণ (কেননা সুস্থশরীরে ওষুধ পরীক্ষার সময় ঐ ওষুধে ঐরূপ লক্ষণ পাওয়া গেছে) তবে সেই সমস্ত লক্ষণকে অতিরিক্ত লক্ষণ বলে ।

গুরুত্ব ঃ রোগলক্ষণের স্বল্পতাহেতু সম্পূর্ণ সাদৃশ্যযুক্ত ওষুধ যখন নির্ণয় করা সম্ভব হয় না তখন অল্প সাদৃশ্যযুক্ত ওষুধ প্রয়োগ করতে হয় । ফলে ওষুধের কিছু লক্ষণ প্রকাশ হয়ে পড়তে পারে । ওষুধের মাত্রা কম হলে এইসব লক্ষণের পরিমাণ খুবই কম হয় । এই সমস্ত লক্ষণ চিকিৎসককে ওষুধ প্রয়োগে সতর্ক করে দেয় (অর্গানন, অনুচ্ছেদ ১৬৩) ।

## আকস্মিক লক্ষণ (Accidental symptoms)

অনেক সময় রোগীতে এমন কিছু লক্ষণ পাওয়া যায় যেগুলির সাথে মূল পীড়ার কোন সঙ্গতি খুঁজে পাওয়া যায় না । এগুলি প্রধানত রোগীর আহারজনিত হয়ে থাকে । অনেক সময় ওষুধের বিশুদ্ধতার অভাব থাকলেও এই সমস্ত লক্ষণ দেখা যায় । ওষুধ গ্রহণের পর রোগী যদি অন্য কোন প্রকার ওষুধ বা উত্তেজক দ্রব্য সেবন করে তখনও এ ধরনের লক্ষণ দেখা দিতে পারে । কিছুকাল অপেক্ষা করলে বা উত্তেজক কারণগুলি অপসারিত হলে এই সকল লক্ষণ আপনা থেকেই বিলীন হয়ে যায়, মারাত্মক কিছু না হলে এর জন্য বাড়তি কোন ওষুধ দেবার প্রয়োজন পড়ে না ।

গুরুত্ব ঃ এই সমস্ত লক্ষণের আবির্ভাব চিকিৎসককে রোগী সম্বন্ধে সর্তক হওয়ার প্রয়োজনীয়তার কথা জানিয়ে দেয় ।

## ধাতুগত লক্ষণ (Constitutional Symptoms)

যে লক্ষণগুলি রোগীর বিশেষ ধাতুপ্রকৃতির (দৈহিক প্রকৃতি, নৈতিক চরিত্র ও বুদ্ধি-বৃত্তি, জীবিকা, জীবনধারণ প্রণালী ও রীতিনীতি, সামাজিক ও ব্যক্তিগত সম্বন্ধ, যৌন-বৃত্তি ইত্যাদি - অর্গানন সূত্র ৫) পরিচয় দেয় সেগুলিকে ধাতুগত লক্ষণ বলা হয় । বিভিন্ন চিকিৎসক বিভিন্নভাবে ধাতুগত লক্ষণকে শ্রেণীভূক্ত করেছেন, নিম্নে তা বর্ণিত হলো ।

## হ্যানিম্যানের ধাতুগত শ্রেণীবিভাগ

রোগ তরুণ অবস্থা হতে কেন ক্রমশঃ জটিল ও পুরাতন রোগে পরিণত হয় ? কেন উপযুক্ত ওষুধ প্রয়োগেও রোগকে তরুণ অবস্থাতেই সমূলে বিনাশ করা যায় না ? সে সমস্যার সমাধান করতে মহাত্মা হ্যানিম্যান মানব শরীরে ধাতুদোষ আবিষ্কার করেন। ক্রনিক রোগের কারণ এবং ক্রনিক রোগ চিকিৎসায় ধাতুদোষঘ্ন ওষুধ ব্যবহারের নির্দেশ তাহার অমর আবিষ্কার। নর নারীর দেহে ৩টি ধাতুদোষ থাকতে পারে, এরা হল সোরা, সিফিলিস ও সাইকোসিস । এই ধাতুদোষত্রয় (Miasms) এবং অধুনা আবিষ্কৃত স্ক্রফুলা, টিউবারকুলোসিস ও ওষুধসৃষ্ট ধাতুদোষ রোগ আরোগ্যের পথে ভীষণ বাধার সৃষ্টি করে, ওষুধের আরোগ্য ক্রিয়াকে অলঙ্ঘ্য পর্বতের ন্যায় বাধা দিতে থাকে । ওষুধ এই অলঙ্ঘ্য বাধা ভেদ করতে না পারায় রোগ যন্ত্রনা সাময়িক উপশমিত হয় বা চাপা পড়ে অর্ন্তমূখী হয় বটে কিন্তু কিছুদিন পরে রোগের প্রবল পুনরাক্রমণ হয় অথবা নূতন আকারে তার প্রকাশ হয়ে থাকে। এ অবস্থায় রোগীর চিকিৎসা করতে হলে ধাতুদোষঘ্ন (Constitutional) চিকিৎসা করতে হয় । প্রথমে সোরাদোষঘ্ন ওষুধ দ্বারা সোরাকে বিনাশ করে অন্যান্য ধাতুদোষের মধ্যে যেটি প্রবল সেটি লক্ষণ সদৃশে বিনাশ করতে হয়, অনেক সময় দেখা যায় এতেই বাকী ধাতুদোষ ও রোগ একই সাথে সমূলে বিনষ্ট হয়ে যায় এবং রোগী নতুন জীবন লাভ করে অর্গাননে বর্ণিত স্থায়িভাবে স্বাস্থ্যের পুনরুদ্ধার ঘটে । আর যদি তা না হয়, যে ধাতুদোষটি বর্তমান আছে সেই ধাতুদোষঘ্ন ওষুধ ব্যবহারে রোগী নীরোগ হয়ে এক সম্পূর্ণ নুতন ব্যক্তিতে পরিণত হয় । এই চিকিৎসার ফলেই কুটিল, ক্রুর, পাপী ও চোর সাধু ব্যক্তিতে পরিণত হন । চরিত্রহীন লম্পট পরদারসক্ত ব্যক্তি চরিত্রবান হয়ে থাকেন ।

যে রোগী সোরাদোষগ্রস্থ সে সোরা ধাতুর রোগী, যে রোগী সাইকোসিস দোষগ্রস্থ সে সাইকোসিস ধাতুর রোগী, যে রোগী সিফিলিসদোষগ্রস্থ সে সিফিলিস ধাতুর রোগী এবং বিভিন্ন মায়াজমের মিশ্রণ যে রোগীতে ঘটেছে সে মিশ্র দোষের ধাতু , এটাই হ্যানিম্যানের নির্দেশিত ধাতুগত শ্রেণীবিন্যাস ।

## ডাঃ গ্রাভোগলের (Dr. Grauvogl) ধাতুগত শ্রেণীবিভাগ

শারীরিক গঠন ও আবহাওয়ার প্রতিক্রিয়ার জন্য বিভিন্ন রোগীতে বিভিন্ন রকম উপসর্গ দেখা যায়, সেজন্য রোগীর ধাতুগত বিন্যাস বিভিন্ন হয়, যেমন ঃ-

(১) হাইড্রোজেনয়েড কনস্টিটিউশন বা শ্লেষ্মাপ্রধান ধাতু (Hydrogenoid Constitution) (২) অক্সিজিনয়েড কনস্টিটিউশন বা পিত্তপ্রধান ধাতু (Oxygenoid Constitution) (৩) কার্বোনাইট্রোজিনয়েড কনস্টিটিউশন বা





বাতাধিক্য ধাতু (Carbo-nitrogenoid Constitution) । মনুষ্যসমাজকে প্রধানতঃ এই তিন প্রকার ধাতুতে বিভক্ত করা যায়, আবার উক্ত তিন প্রকার ধাতুর মিশ্রণেও নানা প্রকার মিশ্রধাতুর সৃষ্টি হয়ে থাকে ।

(১) হাইড্রোজনয়েড কনস্টিটিউশন বা শ্লেষ্মাপ্রধান ধাতুর ব্যক্তিগণ সাধারণতঃ বর্ষাকালে অসুস্থতা বোধ করে । জলীয় পদার্থ, স্যাৎসেঁতে গৃহ, আর্দ্র বায়ু প্রভৃতি হতে এদের পীড়ার বৃদ্ধি হয় । শ্বাসযন্ত্রের পীড়া এদের নিত্য সহচর ।

(২) অক্সিজিনয়েড কনস্টিটিউশন বা পিত্তপ্রধান ধাতুর রোগীর দেহে অক্সিজেন বা পিত্তপ্রবাহ বেশী থাকে। এরা মাংসাদি বা মশলা জাতীয় বা উগ্র আহারাদি অধিক পছন্দ করে না । ঋতু পরিবর্তনের প্রারম্ভে ঝড়বৃষ্টির পূর্বে উষ্ণ আবহাওয়ায় অসুস্থ বোধ করে, কিন্তু বৃষ্টি বা হিম পড়লে উপশম বোধ করে । এদের শরীরের গঠন শীর্ণ এবং মেজাজ রুক্ষ । হিষ্টিরিয়া, ক্লোরোসিস, রক্তস্রাব এবং জননেন্দ্রিয়ের নানাবিধ পীড়া এদের বেশী হতে দেখা যায় ।

(৩) কার্বো-নাইট্রোজিনয়েড কনস্টিটিউশন বা বাতাধিক্য ধাতুর রোগীরা হ্যানিম্যানের সোরা ধাতুর রোগীর অনুরূপ । এদের প্রস্রাবে ক্লোড়াইড ও ফসফেটের অল্পতা থাকে, ফুসফুস ও হৃদপিন্ডের ক্রিয়া অনিয়মিত হয় । এদের চর্মরোগ নিত্য সাথী, অঙ্গপ্রত্যঙ্গাদিতে বেদনার উপসর্গ প্রায় ক্ষেত্রেই বর্তমান থাকে ।

## বিবিধ প্রকার ধাতুগত লক্ষণ

মেটেরিয়া মেডিকা, ক্রনিক ডিজিস ও রেপার্টরী পুস্তকে রোগীর বিভিন্ন বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে আরও বহু ধাতুগত লক্ষণের বিবরণ আমরা দেখতে পাই, সুচিকিৎসার প্রয়োজনে সকল প্রকার ধাতুগত লক্ষণের পরিচয় চিকিৎসকদের জেনে রাখা প্রয়োজন । নিম্নে তাদের সংক্ষিপ্ত পরিচয় দেয়া হল -

মদ্যপায়ী ধাতু **(Alcoholic Constitution)**ঃ অতিরিক্ত মদ্যপানের ফলে এ সকল রোগীদের মধ্যে অম্ল, অজীর্ণতা, বদহজম, ক্ষুধামন্দা ও মানসিক উত্তেজনাপ্রবণতা সহ লিভারের নানাবিধ অসুস্থতা থাকে ।

রক্তস্বল্পতা ধাতু **(Anemic Constitution)**ঃ দেহের রক্তের উপাদানসমূহ স্বাভাবিক মান রক্ষিত না হয়ে বিশেষ করে লোহিত কনিকার স্বল্পতাহেতু এই প্রকার অবস্থা দেখা দেয় । রোগীর চোখ মুখ ফ্যাকাশে দেখায় অর্থাৎ অসুস্থতার লক্ষণ তার চোখে মুখে প্রকাশ পায় । অপুষ্টি, দীর্ঘকালব্যাপী জটিল রোগভোগ, দেহের তেজস্কর পদার্থের নির্গমন, রক্তপ্রস্তুতকারী যন্ত্রাদীর কার্যগত বিশৃংঙ্খলা বা বিবিধ রক্তব্যাধির কারণে এধরনের লক্ষণের সৃষ্টি হয় ।

হাঁপানি ধাতু **(Asthmatic Constitution)**ঃ বংশগত ভাবে হাঁপানি রোগপ্রবণতা দেখা গেলে বা যে সকল রোগীর মধ্যে হাঁপানির আক্রমণ হয়, এই শ্রেণীর রোগীদের হাঁপানি ধাতুর রোগী বলা হয়।

পিত্তপ্রধান ধাতু **(Bilious Constitution)**ঃ পিত্তপ্রধান ধাতুর রোগীর দেহে অক্সিজেন বা পিত্তপ্রবাহ বেশী থাকে। এরা মাংসাদি বা মশলা জাতীয় বা উগ্র আহারাদি অধিক পছন্দ করে না। ঋতু পরিবর্তনের প্রারম্ভে ঝড়বৃষ্টির পূর্বে উষ্ণ আবহাওয়ায় অসুস্থ বোধ করে, কিন্তু বৃষ্টি বা হিম পড়লে উপশম বোধ করে। এদের শরীরের গঠন শীর্ণ এবং মেজাজ রুক্ষ। হিষ্টিরিয়া, ক্লোরোসিস, রক্তস্রাব এবং জননেন্দ্রিয়ের নানাবিধ পীড়া এদের বেশী হতে দেখা যায়। এরা ডাঃ গ্রাভোগলের অক্সিজিনয়েড কনস্টিটিউশন এর রোগী।

ক্যান্সার ধাতু **(Cancerous Constitution)**ঃ ক্যান্সাররোগপ্রবণ বা বংশগত ক্যান্সার রোগের ইতিহাস থাকলে সে সকল রোগীকে ক্যান্সার ধাতুর রোগী বলা হয়।

বাতাধিক্য ধাতু **(Carbo-nitrogenoid Constitution)**ঃ এরা ডাঃ গ্রাভোগলের বর্ণিত রোগী। কার্বোনাইট্রোজিনস কনস্টিটিউশন বা বাতাধিক্য ধাতুর রোগীরা হ্যানিম্যানের সোরা ধাতুর রোগীর অনুরূপ। এদের প্রস্রাবে ক্লোড়াইড ও ফসফেটের অল্পতা থাকে, ফুসফুস ও হৃদপিন্ডের ক্রিয়া অনিয়মিত হয়। এদের চর্মরোগ নিত্য সাথী, অঙ্গপ্রত্যঙ্গাদিতে বেদনার উপসর্গ প্রায় ক্ষেত্রেই বর্তমান থাকে।

সর্দি ধাতু **(Catarrhal Constitution)**ঃ এই ধাতুর রোগীদের সর্দি নিত্য সহচর, সামান্য আবহাওয়াগত পরিবর্তনে এদের শরীর অসুস্থ হয়ে পড়ে।

বামন ধাতু **(Dwarfish Constitution)**ঃ এই ধাতুর রোগীরা বামনাকৃতি হয়, বয়স হওয়া সত্ত্বেও এদের দৈহিক উচ্চতার বৃদ্ধি ঘটে না।

শীর্ণতাযুক্ত ধাতু **(Emaciated Constitution)**ঃ উপযুক্ত আহার, পথ্য সত্ত্বেও এদের দৈহিক পুষ্টি সাধন ঘটে না, রোগী দিন দিন শীর্ণ হতে হতে অস্থি চর্মসার হয়ে যায়।

শিথিল পেশীর ধাতু **(Fibre, Lax Constitution)**ঃ এদের দেহের মাংশপেশী সমূহ অত্যন্ত ঢিলা বা শিথিল বা কোমল হয়, চলাফেরার সময় এদের দেহের মাংশপেশী সমুহ থলথল করতে থাকে।

শক্ত পেশীর ধাতু **(Fibre, Rigid Constitution)**ঃ দেহের মাংশ পেশীসমূহ অত্যন্ত শক্ত ও সুগঠিত রোগীরা এই ধাতুর শ্রেণীভূক্ত।





গেটে বাত ধাতু **(Gouty Constitution)**ঃ এই ধাতুর রোগীরা দেহের বিভিন্ন অস্থিসন্ধিতে প্রদাহিক প্রকৃতির বাত রোগের আক্রমণের শিকার হয় এবং প্রথমতঃ পায়ের পাতায় বাতাক্রান্ত হয়। এদের রক্তের সিরামে ইউরিক এসিড আধিক্য থাকে।

**(GOUTY, constitutions***"Gouty"*- This term is often applied specifically to acute affection of the first joint of the big toe also known as acute Podagra. However the term Gout is properly described as "a hereditary metabolic disease which is a form of acute arthritis and is marked by inflammation of the joints" (T.). In Kent's day this tended to be referred to as the "Uric Acid constitution" or the "Gouty diathesis" and was, in Kent's own terms "one of the manifestations of Psora" (MM Lecture on Benz-ac.) In Lectures such as those on Benz-ac., Berb., Guaiac. and Led. Kent tends to speak of the "gouty and rheumatic sphere" thus appearing to draw little or no aetiological distinction between Gout and Rheumatism (qv). Under Gout W. gives "A chronic disease, occurring by paroxysms; the paroxysms exacerbating and remitting". Kent himself repeatedly refers to the pains characteristic of gout as "stitching, tearing, twinging."- CARA COMPUTER PROGRUM)

রক্তস্রাবপ্রবণ ধাতু **(Haemorrhagic Constitution)** ঃ এই ধাতুর রোগীদের দেহের যে কোন দ্বার দিয়ে রক্তস্রাব হওয়ার প্রবণতা থাকে, যেমন- নাক, মুখ, ফসুফুস, মলদ্বার,মূত্রদ্বার, পাকস্থলী, জরায়ু, চর্মের নিম্নে ইত্যাদি। রক্ত নির্গমন আরম্ভ হলে সহজে বন্ধ হতে চায় না।

অর্শ ধাতু **(Haemorrhoidal Constitution)** ঃ অর্শ রোগপ্রবণ রোগীরা এই ধাতুর রোগী, এদের মল দ্বারের শিরায় বা দেহের বিভিন্ন শিরায় রক্তসঞ্চয়ের প্রবণতা থাকে।

অত্যানুভূতি ধাতু **(Hypersensitive Constitution)** ঃ এই প্রকার রোগীরা এলোপ্যাথি বা হোমিওপ্যাথি সকল প্রকার ওষুধে অতিপ্রতিক্রিয়া দেখায়, সুনির্বাচিত ওষুধেও এদের ঔষধজ বৃদ্ধি এত বেশি দেখায় যে রোগী মরণাপন্ন হয়ে পড়ে। এদের চিকিৎসা কালে চিকিৎসককে অতিরিক্ত সাবধানতা অবলম্বন করতে হয়।

মূর্চ্ছাবায়ু রোগগ্রস্ত ধাতু **(Hysrerical Constitution)** ঃ মূর্চ্ছাবায়ু রোগগ্রস্ত রোগীরা এই ধাতুর রোগী, মহিলাদের মধ্যে এই ধাতু অধিক দেখা যায়।

হার্পিস ধাতু **(Herpetic Constitution)** ঃ চর্মে বা মিউকাস মেমব্রেনে প্রদাহিক প্রকৃতির বিশেষ এক প্রকার চর্ম উদ্ভেদকে হার্পিস বলে, এরা বহুপ্রকারের হয়। কোন কোন পুস্তকে দদ্রু রোগকে হার্পিস বলে আখ্যায়িত করা হয়েছে।

**(HERPETIC, constitutions** *Herpetic**
In modern terms this is generally used in reference to certain specific viral diseases. Formerly however it was simply the generic term for eruptions of the nature of a spreading or creeping cluster of vesicles on an inflamed base. (W."Herpes: an eruption of vesicles in small distinct clusters accompanied with itching or tingling; a name applied to several cutaneous eruptions from their tendency to spread from one part of the skin to another"). Thus, in Kent's Repertory, Zoster appears as just one of twenty or so rubrics under "Eruptions, Herpetic". So also does Ringworm (Eruptions, Herpetic - circinate) which is nowadays identified as a dermatomycosis rather than as any form of Herpes. CARA COMPUTER PROGRUM)

লসিকাগ্রন্থির পীড়াগ্রস্থ ধাতু **(Lymphatictic Constitution)** ঃ এই প্রকার ধাতুর রোগীদের দেহের বিভিন্ন লসিকা গ্রন্থির প্রদাহ,স্ফীতি, বেদনা থাকে। সামান্য আবহাওয়াগত তারতম্যে এদের লসিকা গ্রন্থি আক্রান্ত হয়।

বিষন্নতা প্রকৃতির ধাতু **(Melancholic Constitution)** ঃ মানসিক বিষন্নতা প্রকৃতির রোগীরা এই প্রকার ধাতুর। এদের মনে সর্বদাই অশান্তি বিরাজ করে, মনে আশা-ভরশা থাকে না, সর্বদা মনমরা থাকে, নিরাশার কারণে জগতের সকল কিছুই তাদের কাছে অন্ধকার মনে হয়, জীবন তাদের কাছে মূল্যহীন, আত্নহত্যার প্রবণতা এই ধাতুর রোগীর মধ্যে বেশি দেখা যায়।

স্নায়বিক ধাতু **(Nervous Constitution)** ঃ সামান্য কারণে উত্তেজিত হয়ে পড়া বা সামান্য কারণে হতাশায় ভেঙ্গে পড়া প্রকৃতির রোগীরা এই ধাতুর হয়। এরা খিটখিটে প্রকৃতির ও স্নায়ুগঠিত নানাবিধ পীড়ায় ভোগে।

জড়ভাবাপন্ন রোগী **(Phlegmatic Constitution)** ঃ ঢিলামি, অলসতা, অস্বাভাবিক শান্ত, জড়তাগ্রস্ত, ঔদাসীন্য প্রকৃতির রোগীদেরকে এই ধাতুর রোগী বলা হয়। শ্লেষ্মা নির্গমনকারী পীড়ার প্রকোপ এদের মধ্যে অধিক দেখা যায়।

রক্তাধিক্য ধাতু **( Plethoric/Sanguine, Constitutions)** ঃ এই ধাতুর রোগীদের দেহে রক্তের লোহিত কনিকার অস্বাভাবিক আধিক্য থাকে। সাধারণতঃ





মুখমন্ডলে সামান্য কারণে রক্তের উচ্ছাস দেখা যায়, এই ধরনের রোগীদেরকে রক্তাধিক্য ধাতুর রোগী বলা হয়।

**(SANGUINE, constitutions****Sanguine** -Marked by an abundant and active blood circulation, particularly a ruddy or "rufous" complexion.)

রিকেটিক ধাতু **(Rachitic Constitution)** ঃ রিকেটপীড়াগ্রস্ত বা অস্থির বৃদ্ধি সঠিক ভাবে হয় না এ ধরনের রোগীদেরকে রিকেটিক ধাতুর রোগী বলা হয়।

বাতপীড়াগ্রস্থ ধাতু **(Rheumatic Constitution)**ঃ যে সকল রোগীদের মাংশপেশীতে প্রদাহ, ক্ষততাবোধ ও আড়ষ্টতা থাকে এবং সন্ধি ও তৎসংশ্লিষ্ট কাঠামোতে স্ফীতি সহ নড়ন অক্ষমতা (আড়ষ্টতা) থাকে তাদের বাতপীড়াগ্রস্থ ধাতু বলে। এরা সন্ধির নানাবিধ পীড়ায় ভোগে।

**(RHEUMATIC, constitutions** *Rheumatic**
A general term for acute and chronic conditions characterised by inflammation, soreness and stiffness of muscles, and pain in joints and associated structures "attended by swelling and stiffness"(B.). It includes Arthritis, Myositis, Bursitis and many other conditions. MLH (1921) says of Chronic Rheumatism: "No useful purpose is served by keeping this title; it is mentioned here merely because it is commonly employed to denote any pain in joints, bones, muscles, tendons or fasciae. It has no distinctive or pathological basis, nor is it applicable to any symptom-complex or morbid entity. The recognition and separation of true i.e. febrile rheumatism, of osteo-arthritis, of rheumatoid arthritis, of gout and of inflammation of fibrous tissues has robbed it of any significance. Muscular pains are considered under Myalgia." While the above amounts to a broad summary of more modern medical opinion on the subject it it important for those using the older homoeopathic texts to be aware of former usages. For example Clarke's Prescriber equates Rheumatoid Arthritis with "Rheumatic Gout" and with "Chronic Rheumatic Arthritis" while Lilienthal's Homoeopathic Therapeutics equates "Gout" with "Arthritis" while allocating Rheumatism a distinct section. W.s relatively loose definition of Rheumatism as "A painful disease affecting muscles and joints of the human body, chiefly the larger joints, as the hips, knees, shoulders & co" leaves little doubt that it might be justified to use Rheumatic rubrics, along with Gouty (qv) in

cases of either Osteo- or Rheumatoid Arthritis. - CARA COMPUTER PROGRUM)

স্কার্ভিরোগপ্রবণ ধাতু **(Scorbutic Constitution)**ঃ স্কার্ভিরোগপ্রবণ রোগীদের এই ধাতুর রোগী বলা হয় । এদের দাঁতের মাড়িতে ক্ষত হওয়া একটি অতি পরিচিত লক্ষণ । রোগবিজ্ঞানে ভিটামিন সি এর অভাবে এই রোগ হয় বলে বর্ণনা করা হয়েছে।

স্ক্রফুলা ধাতু **(Scrofulous Constitution)**ঃ দেহের বিভিন্ন গ্রন্থির বিবৃদ্ধিযুক্ত বা দেহের বিভিন্ন লসিকা গ্রন্থির ক্রনিক স্ফীতিযুক্ত ও আবহাওয়ার সামান্য পরিবর্তনে অসুস্থ হওয়ার প্রবণতা যুক্ত রোগীদেরকে স্ক্রফুলা ধাতুর রোগী বলা হয় । আবহাওয়ার সামান্য পরিবর্তনে এই ধাতুর রোগীদের দেহের বিভিন্ন স্থানের গ্লান্ড ফুলে বেদনাযুক্ত হয়ে পড়ে, কাঠিন্যতা দেখা দেয়, বিশেষতঃ টনসিল ও গ্রীবার লসিকা গ্রন্থি বৃদ্ধি পেয়ে থাকে । সোরা এর প্রধান কারণ অথবা সোরার সাথে সাইকোসিস বা সিফিলিসের মিশ্রণের ফলে এই দোষের সৃষ্টি হয় ।

টিউবারকুলার ধাতু **(Tubercular Constitution)** ঃ বংশগত যক্ষাদোষগ্রস্থ বা যক্ষারোগপ্রবণ রোগীরা এই ধাতুর রোগী । সহজে ঠান্ডা লাগা, শীর্ণতা, বেদনাহীন গুটিকা, অতিরিক্ত ঘর্মস্রাব, উপযুক্ত আহার সত্ত্বেও পুষ্টিহীনতা, নৈরাশ্যতা এদের প্রধান পরিচয় ।

শিরাপ্রধান ধাতু **(Venous Constitution)** ঃ এই ধাতুর রোগীদের দেহের শিরার অভ্যন্তরে অতিরিক্ত রক্তসঞ্চয়ের প্রবণতা থাকে, ফলে মলদ্বারে, গলার ভিতরে, মিউকাস কোষ অঞ্চলে অতিরিক্ত রক্তসঞ্চয় ঘটে এবং পীড়ার সৃষ্টি হয় ।

ধাতুগত দোষ সংশোধনে এবং একদৈশিক রোগে এধরনের লক্ষণ ওষুধ নির্বাচনে পথ প্রদর্শকের ভূমিকা পালন করে।

হোমিওপ্যাথিক রেপার্টরীতে উপরোক্ত সকল প্রকার ধাতুগত বৈশিষ্ট্য যথাযথ গুরুত্বের সাথে অন্তর্ভূক্ত হয়েছে । ধাতুগত লক্ষণসমুহ সাধারণতঃ ব্যাপক লক্ষণ বা সার্বদৈহিক লক্ষণের **(General Symptoms)** অন্তর্গত করে বর্ণিত হয়ে থাকে ।





### রোগোৎপত্তির কারণজ্ঞাপক লক্ষণ (Etiological Symptoms)

যে সকল তথ্য রোগীর বর্তমান রোগলক্ষণের সম্ভাব্য কারণ নির্দেশ করে সে সকল কারণকে এই শ্রেণীভূক্ত করা হয় ।

গুরুত্ব ঃ এসকল রোগোৎপত্তির সম্ভাব্য কারণ ওষুধ নির্বাচনে এবং রোগের ভাবী ফলাফল সর্ম্পকে গুরুত্বপূর্ণ ইঙ্গিত দান করে । বহু ক্ষেত্রে রোগোৎপত্তির কারণ আর্দশ আরোগ্যের পথে বাধা দিতে দিতে থাকে । যেমন, টিকা দেয়ার কুফল জনিত পীড়া, দৈহিক বা মানসিক আঘাতের দরুণ পীড়া, হাম-বসন্ত ইত্যাদি রোগাক্রমণের জটিলতা হিসেবে উদ্ভূত পীড়া, ওষুধের অপপ্রয়োগজনিত পীড়া, অবদমনজনিত পীড়া ইত্যাদি সহ বহুবিধ কারণে রোগোৎপত্তি ঘটতে পারে । সুচিকিৎসার জন্য প্রতিটি রোগীক্ষেত্রেই চিকিৎসককে রোগোৎপত্তির কারণ অনুসন্ধান করতে হবে এবং কারণ খুজে পাওয়া গেলে সে অনুযায়ী সদৃশ ওষুধ নির্বাচন করতে হবে। মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীতে রোগোৎপত্তির কারণনাশক বহু ওষুধ লিপিবদ্ধ করা হয়েছে । বহুক্ষেত্রে রোগোৎপত্তির কারণকে সংশোধন করলে বা অপসারিত করলে বিনা ওষুধে বা সামান্য ওষুধে স্বল্প সময়ের মধ্যেই রোগলক্ষণ দূরীভূত হয়ে নির্মল আরোগ্য লাভ ঘটে । অর্গানন অব মেডিসিন গ্রন্থের ৫নং সূত্রে হ্যানিম্যান অচির রোগের ক্ষেত্রে সম্ভাব্য উদ্দীপক কারণ (Exciting cause) এবং চিররোগের ক্ষেত্রে মূল কারণের (Fundamental cause- Psora, Syphilis, Sycosis) অনুসন্ধানের জন্য নির্দেশ প্রদান করেছেন ।

### কিনোট সিম্পটম্পস্ (Keynotes Symptoms)

ইংরেজী ভাষায় কিনোট (Keynotes) কথাটির প্রকৃত তাৎপর্য "স্বরগ্রামের প্রথম সুর অথবা কোনো গানের প্রধান বা মূল সুর ।" সঙ্গীত শাস্ত্রানুযায়ী বিভিন্ন রাগ-রাগিণীর পরিচিতি নির্দিষ্ট হয় তাদের বিভিন্ন স্বরগ্রামের কাঠামোর (Pattern) দ্বারা । অন্য যে প্রকারভেদেই থাকুক না কেন, সেই মূল স্বরগ্রাম দেখে বিভিন্ন রাগ-রাগিণীর নামকরণ করা সম্ভব হয় । সেইরূপ যে কোন ওষুধেরই অসংখ্য লক্ষণাবলীর প্রকাশ করার ক্ষমতা থাকুক না কেন তাদের মধ্যে এমন কতকগুলি লক্ষণ পাওয়া যায় যা সর্বক্ষেত্রেই পরিদৃষ্ট হয় ও সে সকল লক্ষণসমষ্টি মূল সূত্ররূপে অন্যান্য লক্ষণাবলীকে গ্রথিত করে রাখে এবং অন্যান্য ওষুধের সামগ্রিক লক্ষণাবলী হতে নিজের স্বাতন্ত্র্য বজায় রাখে । প্রতিটি ভেষজ সর্ম্পকে এই প্রকার অনন্যসাধারণ লক্ষণসমষ্টি বেছে বের করাই প্রকৃত হোমিওপ্যাথিক চিকিৎসকের কর্তব্য, নচেৎ তার পক্ষে "সদৃশ-বিধান" মতে চিকিৎসা করা অসম্ভব হয়ে পড়বে । হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার এত ওষুধ

এবং এত অধিকসংখ্যক লক্ষণাবলী মনে রেখে প্রতিটি রোগী-চিত্রের সাথে সম্পূর্ণ সদৃশ একটি ভেষজ-চিত্র বের করে রোগীর উপর ব্যবহার করা সাধারণ মানুষ কেন অসাধারণ প্রতিভাসম্পন্ন মণীষীর পক্ষেও সম্ভব নহে । অথচ সদৃশবিধান মতে এভাবে ওষুধ নির্বাচন করতে না পারলে হোমিওপ্যাথি মতে চিকিৎসা করা কিছুতেই সম্ভবপর নহে। - বি. কে. সরকার, এইচ. সি. এলেন এর কিনোট অব লিডিং রেমিডিস (অনুবাদকৃত) এর ভূমিকা।

সদৃশবিধান মতে সঠিক ওষুধ নির্বাচনের সমস্যার সমাধান কল্পেই কিনোট সিম্পটম্পস এর প্রচলন হয়েছে। কিনোট সিম্পটম্পস দ্বারা একটি ওষুধের মুল সুর বা মূল কথা পরিস্ফুট হয় । যেমন- একোনাইট ন্যাপ ওষুধটির অসংখ্য লক্ষণ হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকায় লিপিবদ্ধ আছে, তম্মধ্যে প্রবল অস্থিরতা, অনবরত এপাশ-ওপাশ করা, ঠান্ডা জলের অদম্য পিপাসা, জ্বরে গা পুড়ে যাওয়া, সে সঙ্গে ভয় বিহ্বলতা, মনে করে এ যাত্রা আর বাঁচবে না, ডাক্তার ডেকে কি হবে ? ইত্যাদি লক্ষণ পাওয়া গেলে একোনাইট ন্যাপ চিনতে ভুল হয় না । একোনাইট ন্যাপ ওষুধটির এ লক্ষণগুলিই হলো মূল সুর বা কিনোট সিম্পটম্পস ।

## পর্যায়ক্রমিক লক্ষণ (Alternating Symptoms)

নির্দিষ্ট দু'টি লক্ষণের একটির পর অন্যটি পর্যায়ক্রমে আগমন ও তিরোহিত হলে বা একটি নির্দিষ্ট লক্ষণের পর অন্য একটি নির্দিষ্ট লক্ষণ বার বার ফিরে আসলে তাদেরকে পর্যায়ক্রমিক লক্ষণ বলে । এখানে যখন ১ম লক্ষণটি প্রকাশ পায় তখন অন্য ২য় লক্ষণটি প্রকাশ পায় না, আবার যখন ২য় লক্ষণটি প্রকাশ পায় তখন ১ম লক্ষণটি প্রকাশ পায় না, এরূপভাবে একাধিক লক্ষণও পর্যায়ক্রমিক হতে পারে ।

হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকার ভান্ডারে পর্যায়ক্রমিক ভাবে আগমন ও প্রস্থানকারী লক্ষণের ও তাদের ওষুধের উল্লেখ আছে । লক্ষণানুসারে সে সকল ওষুধ দ্বারা চিকিৎসা পরিচালনা করলে রোগী আরোগ্যলাভ করবে এতে সন্দেহ নেই । এ সর্ম্পকে ডাঃ কেন্টের অভিজ্ঞতা বিশেষভাবে উল্লেখযোগ্য। মাথাধরার সহিত পর্যায়ক্রমে গেঁটে বাতে- আর্সেনিক, কয়েক সপ্তাহ ধরে মাথার ভারবোধের অন্তর্ধানের পর প্রাতে পুনঃপুন প্রস্রাবের বেগে অ্যালুমেন, এবং মাথার যন্ত্রনার সঙ্গে পর্যায়ক্রমে উদরাময়ে পডোফাইলাম দিয়ে রোগীদের কেন্ট আরাম দিয়েছেন। আর্নিকাতেও জরায়ু লক্ষণের সহিত মানসিক বিষন্নতা পর্যায়ক্রমে দেখা যায় । - অর্গানন, ত্রিগুণানাথ, ভাষ্য ২৩১-২৩৪।

মেটেরিয়া মেডিকার বিভিন্ন ওষুধে ও বিভিন্ন রেপার্টরীতে পর্যায়ক্রমিক লক্ষণ এর অসংখ্য লক্ষণাবলী ও তাদের ওষুধ তালিকা দেয়া আছে ।





## বিপরীতভাবাপন্ন লক্ষণ (Contradictory Symptoms)

চিকিৎসাক্ষেত্রে এমন কিছু লক্ষণ পাওয়া যায়, যা রোগীর অন্য লক্ষণের সাথে বিপরীতধর্মী হয়, এ ধরনের লক্ষণকে বিপরীতভাবাপন্ন লক্ষণ বলে । যেমন- কোন রোগীতে লক্ষণ পাওয়া গেল শুষ্ক জিহ্বা সহ পিপাসাহীনতা, সাধারণতঃ জিহ্বা শুষ্ক হলে পিপাসা থাকা স্বাভাবিক কিন্তু এখানে পিপাসাহীন, অতএব এই লক্ষণটি একটি বিপরীতভাবাপন্ন লক্ষণ । অনুরূপভাবে রসালো জিহ্বা তৎসহ প্রচন্ড পিপাসা লক্ষণটি একটি বিপরীতভাবাপন্ন লক্ষণ । এ ধরনের লক্ষণ নিঃসন্দেহে উচ্চমানের অসাধারণ ও বিরল প্রকৃতির লক্ষণ এবং ওষুধ নির্বাচনে বিরল লক্ষণের মূল্য সর্বদাই প্রথম শ্রেণীতে মূল্যায়ন করতে হয় । ডাঃ ষ্টুয়ার্ট ক্লোজ এই শ্রেণীর সর্বাংগিণ লক্ষণকে নঞর্থক সর্বাংগিণ লক্ষণ (Negative general symptoms) বলেছেন । কোন রোগের স্বাভাবিক বা বিশিষ্টতাজ্ঞাপক লক্ষণসমূহের অভাবজ্ঞাপক লক্ষণসমূহ এই শ্রেণীর অর্ন্তগত । যেমন জ্বরে তৃষ্ণার অভাব, শীত অথচ গাত্রে আবরণ রাখতে চায় না, ক্ষুধা অথচ খাদ্যে অনিচ্ছা, উদ্ভেদবিহীন চর্মরোগ ইত্যাদি । ডাঃ কেন্ট এগুলিকে আংগিক লক্ষণের (অসাধারণ) অর্ন্তভূক্ত করেছেন । ডাঃ রবার্টস এগুলিকে বিপরীতবাদী লক্ষণ (Contradictory symptoms) বলে অভিহিত করেছেন ।

## ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ বা প্রয়োগ লক্ষণ (Prescribing Symptoms)

যে সকল লক্ষণাবলীর উপর ভিত্তি করে রোগীর ব্যবস্থাপত্র প্রণয়ন করা হয়, সে সকল লক্ষণকে ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ বলা হয় ।

রোগীর পূর্ণাঙ্গ রোগী বিবরণী লিপিবদ্ধ করার পর চিকিৎসককে প্রাপ্ত সকল লক্ষণাবলীকে মূল্যায়ন করে নিতে হয়, এ সকল লক্ষণাবলীর মধ্যে যে সকল লক্ষণ রোগের নামকরণের জন্য ব্যবহৃত হয় বা সেই রোগে অধিকাংশ রোগীতে দেখা যায়, সে সকল লক্ষণের মূল্য সবচেয়ে কম । যে সকল লক্ষণাবলী অদ্ভুত, অসাধারণ, পরিচায়ক বা বিরল প্রকৃতির সে সকল লক্ষণাবলীকে অধিকতর গুরুত্ব দিয়ে লক্ষণসমষ্টি নির্ণয় করার পর মেটেরিয়া মেডিকায় যাচাই করার পর বা রেপার্টরাইজেশান করার পর পুনরায় মেটেরিয়া মেডিকায় যাচাই করে রোগীর জন্য ওষুধ নির্বাচন করতে হয় । রোগীর দেহ-মনে প্রকাশিত বহুবিধ লক্ষণ থেকে বাছাই করে যে লক্ষণ বা লক্ষণগুলোকে সবচেয়ে অধিক গুরুত্ব দিয়ে ওষুধ নির্বাচন করা হয়, সে লক্ষণ বা লক্ষণগুলোকেই ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ বা প্রয়োগ লক্ষণ বলা হয় । ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ বা প্রয়োগ লক্ষণ কখনো মায়াজমের উপর ভিত্তি করে হতে পারে, কখনো কারণগত লক্ষণ, কখনো

মানসিক সর্বাংগিণ লক্ষণ বা দৈহিক সর্বাংগিণ লক্ষণ হতে পারে, আবার অসাধারণ মানসিক লক্ষণ বা অসাধারণ দৈহিক সর্বাংগিণ লক্ষণ বা অসাধারণ দৈহিক লক্ষণ বা অনুভূতি জ্ঞাপক লক্ষণ বা হ্রাস-বৃদ্ধি জ্ঞাপক লক্ষণও হতে পারে । আবার বৈশিষ্ট্যপূর্ণ একাধিক লক্ষণের রেপার্টরাইজেশানের মাধ্যমে সর্বোচ্চ ক্রমিক মান প্রাপ্ত ওষুধসমূহের লক্ষণের মধ্য থেকেও হতে পারে । মোট কথা ব্যবস্থাপত্র প্রণয়নকারী লক্ষণ নির্ণয়ের সময় অবস্যই অর্গাননের ১৫৩ নং অনুচ্ছেদে উল্লেখিত দৃষ্টি আকর্ষণীয় বা সুস্পষ্ট বা উল্লেখযোগ্য, একক, অসাধারণ এবং অদ্ভূত ধরনের (পরিচায়ক) লক্ষণ (striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms) এর প্রতি অধিকতর গুরুত্ব দিতে হবে ।

## মৌলিক লক্ষণ ও নির্ণায়ক লক্ষণ (Basic Symptoms & Determinative Symptoms)

ডাঃ গার্থ বোরিক তার দি প্রিন্সিপালস অব হোমিওপ্যাথি পুস্তকে সকল লক্ষণকে দু'টি শ্রেণীতে বিভক্ত করেন, যথা -

১। মৌলিক লক্ষণ (Basic Symptoms) ও
২। নির্ণায়ক লক্ষণ (Determinative Symptoms)

### ১। মৌলিক লক্ষণ (Basic Symptoms)

যে লক্ষণ কোন নির্দিষ্ট রোগের সকল রোগীর মধ্যে বা ড্রাগ প্রুভিং কালে অধিকাংশ প্রুভারের মধ্যে পাওয়া গিয়েছে এবং রোগের নামকরণের জন্য যে লক্ষণগুলি প্রয়োজন হয়, এরূপ অস্পষ্ট, অনির্দিষ্ট ও বৈশিষ্ট্যহীন লক্ষণকে মৌলিক লক্ষণ বলে । ডাঃ বোনিংহাউসেন এ ধরনের লক্ষণকে প্রাথমিক লক্ষণ (Primary Symptoms) এবং ডাঃ কেন্ট এদেরকে সাধারণ লক্ষণ (Common Symptoms) বলে অভিহিত করেছেন । যেমন- মাথাব্যাথা, বমনেচ্ছা, নিদ্রাহীনতা, কোষ্ঠবদ্ধতা, বেদনা ইত্যাদি । এ ধরনের লক্ষণকে বর্জনীয় লক্ষণ বা Eliminating Symptoms ও বলা হয় ।

এই জাতীয় লক্ষণ কোন নির্দিষ্ট রোগের সকল রোগীতে প্রায় একই প্রকারের হয় এবং তেমন কোন বৈশিষ্ট্য বহন করে না । যেমন - উদরাময়, কলেরা, টাইফয়েড, মলদ্ধার নির্গমন, ইনগুইনাল হার্নিয়া । ওষুধ নির্বাচনে মৌলিক বা সাধারণ লক্ষণের বিশেষ কোন মূল্য নেই । কিন্তু চিকিৎসাকর্ম যথাযথভাবে পরিচালিত করতে হলে এ সকল লক্ষণকে অবহেলা করা যাবে না । এ সকল লক্ষণ ওষুধ নির্বাচনে বড় ধরনের ভূমিকা না রাখলেও বহুবিধ বিষয়ে চিকিৎসককে সহযোগিতা করে, যেমন ঃ-

১। রোগের নামকরণ, রোগের প্রকৃতি ও রোগের ভাবীফল নির্ণয়ের মাধ্যমে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণে ।





২। রোগটি অচির না চিররোগের কিংবা শল্য চিকিৎসার অন্তর্গত কিনা তা নির্ণয়ে অথবা রোগটি আরোগ্যসাধ্য বা দূরারোগ্য বা সামান্য অসুস্থতা কিনা তা নির্ণয়ে ।
৩। রোগীর পথ্যাপথ্য নির্বাচনে ।
৪। রোগীর আনুষঙ্গিক ব্যবস্থা প্রদানের নির্দেশ প্রদানে, যেমন- স্নান, আবহাওয়া পরিবর্তন, অক্সিজেন প্রদান, গরম সেক বা ঠান্ডা প্রদান, বা রোগীকে আলাদা করার প্রয়োজন আছে কিনা ইত্যাদি ।
৫। চিকিৎসাগত সার্টিফিকেট বা হাসপাতালে ভর্তির নির্দেশ প্রদানে।

### ২। নির্ণায়ক লক্ষণ (Determinative Symptoms)

যে সকল লক্ষণ অদ্ভূত চারিত্রিক বৈশিষ্ট্যপূর্ণ, বিরল, সুস্পষ্ট, দৃষ্টি আর্কষক, পরিচায়ক বা একটি মাত্র লক্ষণ কোন একক ওষুধকে নির্দেশ প্রদান করে তাকে নির্ণায়ক লক্ষণ বলে । এ সকল লক্ষণ ওষুধ বা রোগের সাধারণ লক্ষণ অপেক্ষা ব্যতিক্রমধর্মী হয়। অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং সূত্রে চিকিৎসাবিজ্ঞানী হ্যানিম্যান এ জাতীয় লক্ষণকে উল্লেখযোগ্য বা দৃষ্টি আকর্ষণীয় বা সুস্পষ্ট, একক, অসাধারণ এবং অদ্ভূত ধরনের (পরিচায়ক) লক্ষণ বলে অভিহিত করেছেন **{striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms}** এবং চিকিৎসাক্ষেত্রে এই জাতীয় লক্ষণের মূল্য সবচাইতে বেশী বলে মন্তব্য করেছেন । এ সকল লক্ষণগুলো কোন রোগীর বৈশিষ্ট্য নির্বাচনে, ব্যবস্থাপত্র প্রণয়ণে, কিনোট লক্ষণ অনুধাবনে বা অসাধারণ লক্ষণ নির্ণয়ে সর্বাপেক্ষা অধিক মূল্যবান। ডাঃ ভন বোনিংহাউসেন এ ধরনের লক্ষণকে মাধ্যমিক বা গৌণ লক্ষণ (Secondary Symptoms) বলে অভিহিত করেছেন। নির্ণায়ক লক্ষণের মধ্যে অসাধারণ মানসিক লক্ষণের মূল্য সবচাইতে বেশী । রোগলক্ষণ প্রকাশের কারণ, স্থান, অনুভূতি, আংগিক হ্রাস-বৃদ্ধি ও আনুষংগিক লক্ষণকেও যথাযথ মূল্যায়ন করতে হয় ।

## প্রাথমিক বা মুখ্য লক্ষণ (Primary Symptoms) ও মাধ্যমিক বা গৌণ লক্ষণ (Secondary Symptoms)

১। প্রাথমিক লক্ষণ (Primary Symptoms) – মৌলিক লক্ষণ (Basic Symptoms) দেখুন ।

২। মাধ্যমিক বা গৌণ লক্ষণ (Secondary Symptoms) – নির্ণায়ক লক্ষণ (Determinative Symptoms) দেখুন ।

### রোগজ লক্ষণ (Pathonomic symptoms Or Disease symptoms)

যে সকল লক্ষণ কোন নির্দিষ্ট রোগে সকল রোগীর মধ্যে অধিকাংশ ক্ষেত্রে পাওয়া যায় সে সকল লক্ষণকে রোগজ লক্ষণ বলে । এই জাতীয় লক্ষণগুলি রোগের পরিচয়জ্ঞাপক লক্ষণ । এ সকল লক্ষণের মধ্যে ব্যক্তিনিষ্ঠ লক্ষণ, বস্তুনিষ্ঠ লক্ষণ, অতিরিক্ত লক্ষণ, রোগের চিহ্ন (Sign), ল্যাবরেটরী পরীক্ষায় প্রাপ্ত ফলাফল ইত্যাদি সকল লক্ষণই দেখতে পাওয়া যায় । এ জাতীয় লক্ষণ রোগের নামকরণের জন্য ব্যবহৃত হয় । হোমিওপ্যাথিক মতানুসারে ওষুধ নির্বাচনে এই জাতীয় লক্ষণের তেমন মূল্য নেই ।

### ওষুধ সৃষ্ট লক্ষণ (Pathogenic symptoms Or Drug symptoms)

যে সকল লক্ষণ কোন নির্দিষ্ট ওষুধের ড্রাগ প্রুভিং কালে প্রুভারের মধ্যে পাওয়া গিয়েছে সে সকল লক্ষণকে ওষুধ সৃষ্ট লক্ষণ বলে । এ সকল লক্ষণের মধ্যে ব্যক্তিনিষ্ঠ লক্ষণ, বস্তুনিষ্ঠ লক্ষণ, ব্যাপক লক্ষণ, আংগিক লক্ষণ, সাধারণ লক্ষণ, অদ্ভূত (পরিচায়ক), অসাধারণ, একক, সুস্পষ্ট ও বিরল ইত্যাদি সকল লক্ষণ যা নির্দিষ্ট ওষুধ সৃষ্টি করতে পারে তার সবগুলিই ড্রাগ সিম্পটমস্ এর অর্ন্তভূক্ত । মোট কথা ওষুধ কর্তৃক সুস্থ নর-নারীর দেহ-মনে সৃষ্ট সকল প্রকার মানসিক ও দৈহিক লক্ষণ এবং বিষক্রিয়ার (Toxic effect) ফলে সৃষ্ট লক্ষণ এর অর্ন্তগত ।

### ক্লিনিক্যাল লক্ষণ (Clinical Symptoms)

রোগীতে ওষুধ প্রয়োগের পর যদি এমন অবস্থা দেখা যায় যে, এমন কিছু লক্ষণ অপসারিত হয়েছে বা আরোগ্য লাভ করেছে, যা ইতিপূর্বে মেটেরিয়া মেডিকায় উল্লেখ ছিল না বা ড্রাগ প্রুভিং কালে এই লক্ষণ প্রকাশিত হয়নি, এধরনের লক্ষণকে ক্লিনিক্যাল লক্ষণ বলে । সহজভাবে বলা যায় ড্রাগ প্রুভিং কালে প্রকাশিত হয়নি কিন্তু রোগী চিকিৎসায় ফলপ্রদ হয়েছে, এধরনের লক্ষণকে ক্লিনিক্যাল লক্ষণ বলে ।

উদাহরণ সরূপ বলা যায়, প্লুরুসী ও প্লুরার অসুস্থতায় ব্রায়োনিয়া লক্ষণ সদৃশে একটি অত্যন্ত কার্যকরী ওষুধ কিন্তু ড্রাগ প্রুভিং কালে ব্রায়োনিয়া দ্বারা প্লুরার রস সঞ্চয়ের কোন লক্ষণ উৎপাদিত হয়নি ।

রেপার্টরীতে এ ধরনের ক্লিনিক্যাল লক্ষণসমূহকে সাধারণত তৃতীয় গ্রেডের ওষুধ হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে । যদি ক্লিনিক্যাল লক্ষণ সমূহ দ্বারা অধিক সংখ্যক রোগীতে আরোগ্যলাভের ঘটনা পুনঃ পুনঃ প্রমাণিত হয়, তখন এই লক্ষণের বিপরীতের ওষুধটিকে দ্বিতীয় বা প্রথম গ্রেডে অন্তর্ভূক্ত করা হয় ।





### প্রতি নির্দেশ বা ক্রস-রেফারেন্স (Cross Reference)

রেপার্টরী পুস্তকে উল্লেখিত একটি রুব্রিকের ওষুধ তালিকার জন্য ভিন্ন নামে অন্য রুব্রিক বা একই নামে ভিন্ন অধ্যায়ে বা সমার্থক অন্য শব্দের উল্লেখ করাকে প্রতি নির্দেশ বা ক্রস-রেফারেন্স বলে । বিভিন্ন রেপার্টরীতে ক্রস-রেফারেন্সের বহু উল্লেখ আছে, চিকিৎসক এ ধরনের ক্ষেত্রে নির্দেশিত ক্রস-রেফারেন্সের রুব্রিকটিকে সন্ধান করে ওষুধ তালিকা পেতে পারেন । অধিকাংশ রেপার্টরীতে "See" বা "দেখ" বা "দেখুন" শব্দ দ্বারা ক্রস-রেফারেন্স নির্দেশ করা হয়েছে । কোন কোন রেপার্টরীতে ক্রস-রেফারেন্স বুঝানোর সুবিধার জন্য বিশেষ চিহ্ন ব্যবহার করা হয়েছে, যেমন- নারের রেপার্টরীতে মুষ্ঠিবদ্ধ হস্তের অঙ্গুলী নির্দেশিত চিহ্ন " ☛ " ক্রস-রেফারেন্স বুঝানোর জন্য ব্যবহার করা হয়েছে ।

উদাহরণ ঃ -

কেন্ট রেপার্টরীর মানসিক (MIND) অধ্যায় হতে

১। ABANDONED (See Forsaken)
২। MURDER, desire to (See Kill)
৩। PRIDE (See Haughty, Mortification)

নারের (Kneer) রেপার্টরীর চক্ষু (EYE) অধ্যায় হতে

১। Eyes, Dischargee ☛ Conjunctiva, Cornea, Lachrimation, Lids, Ophthalmia.
২। Eyes, Dryness ☛ Conjunctiva, Lachrimal apperatus, Lids.
৩। Eyes, Fatigued ☛ straining, tired.

## লক্ষণের মূল্যায়ন
## (Evaluation of Symptoms)

হোমিওপ্যাথিক চিকিৎসায় রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণসমষ্টি থেকে গুরুত্ব অনুযায়ী লক্ষণকে মূল্যায়িত করার যে পন্থা, যাতে করে সর্বাধিক গুরুত্বপূর্ণ লক্ষণ থেকে তুলনামূলক কম গুরুত্বপূর্ণ লক্ষণের শ্রেণীবিন্যাস করা যায়, সেই পন্থাই হল লক্ষণের মূল্যায়ন।

রোগাক্রান্ত ব্যক্তির দেহ-মনের আভ্যন্তরীণ বিশৃঙ্খলার বহিঃপ্রকাশ ঘটে নানা প্রকারের রোগ লক্ষণের মাধ্যমে, আর প্রকাশিত লক্ষণসমূহের মিলিত রূপকেই বলা হয় লক্ষণসমষ্টি বা রোগচিত্র। একক রোগীর লক্ষণসমষ্টির বা রোগচিত্রের সাথে সর্বাধিক সাদৃশ্যপূর্ণ একক ওষুধ প্রয়োগ করে আরোগ্য প্রদান করার নামই হোমিওপ্যাথি। রোগীর বর্তমান কষ্টের ইতিহাস, ব্যক্তিগত ইতিহাস, অতীত রোগভোগের ইতিহাস, পারিবারিক ইতিহাস ইত্যাদি সহ নানা প্রকারের লক্ষণ ( ব্যক্তিনিষ্ঠ, বস্তুনিষ্ঠ, সাধারণ, অসাধারণ, সর্বাংগিণ মানসিক, সর্বাংগিণ দৈহিক, আংগিক, কনকমিটেন্ট বা সহযোগী, হ্রাস-বৃদ্ধি) এবং প্যাথলজিক্যাল রিপোর্ট পর্যালোচনা করে রোগীচিত্রের সর্বাধিক সাদৃশ্যবিশিষ্ট ওষুধ প্রয়োগ করতে হয়। কিন্তু এটি বাস্তবায়ন অত্যন্ত কঠিন কাজ। কারণ, সকল লক্ষণের সাদৃশ্যতাপূর্ণ ওষুধ নির্বাচন অধিকাংশ ক্ষেত্রেই একটি অসম্ভব ব্যাপার। বাস্তবে দেখা যায় রোগীচিত্রের কয়েকটি লক্ষণের সাথে একটা ওষুধের মিল পাওয়া গেলেও বাকী লক্ষণের সাথে সেই ওষুধের মিল খুঁজে পাওয়া যায় না। আবার কখনো একটা রোগীতে তিন-চারটি বা ততোধিক ওষুধের সাথে আংশিক সাদৃশ্যতা দেখা যায়। কিন্তু প্রকৃত হোমিওপ্যাথি চিকিৎসা করতে হলে একবারে একটি মাত্র সদৃশ ওষুধই রোগীকে প্রয়োগ করতে হবে। তাই বহু ওষুধের আংশিক সাদৃশ্যতার সাথে সর্বাধিক সাদৃশ্যতা খুঁজে উপযুক্ত ওষুধ নির্ণয়ের কোন পন্থা থাকা আবশ্যক, যাতে করে বহুর মধ্যে এককে খুঁজে পাওয়া যায়। সেই পন্থাই হল লক্ষণের মূল্যায়ন। মেটেরিয়া মেডিকায় একটা ওষুধের শত শত লক্ষণ আমরা দেখতে পাই। কোন মানুষের পক্ষে এই শত শত লক্ষণ স্মরণে রেখে চিকিৎসা করা সম্ভব নহে। তাহলে আমরা প্রতিদিন কিভাবে ওষুধ নির্বাচন করছি ? রোগীও আরোগ্য লাভ করছে। সবই কি ভুল নির্বাচন। নিশ্চয়ই তা নয়। আমাদের প্রতিদিনের ওষুধ নির্বাচন এই মূল্যায়নের উপরই নির্ভর করে। আমরা প্রতিদিন জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে এই মূল্যায়ন করে চলেছি। কিন্তু এই মূল্যায়ন একেক জনের দৃষ্টিতে একেক রকম। কেহ মূল্য দেন কষ্টকর লক্ষণের উপর, কেহ মূল্য দেন হ্রাস-বৃদ্ধির উপর, কেহবা মানসিক কেহবা দৈহিক, কেহবা রোগের নামের, কেহবা মায়াজমের, কেহবা সামগ্রীক লক্ষণ বৈশিষ্ট্যের, আবার কেহবা





রেপার্টরীকরণ করে যে ওষুধ অধিক লক্ষণ ও গ্রেড পেয়েছে তাই নির্বাচন করেন। এই ধরনের কত পার্থক্য ? ফলে দেখা যায় একই রোগী বিভিন্ন চিকিৎসকের নিকট গেলে ভিন্ন ভিন্ন ওষুধ নির্বাচিত হয়। কেন এই পার্থক্য ? উত্তর হচ্ছে, মূল্যায়নের দৃষ্টিভঙ্গির ভিন্নতার জন্যই এই পার্থক্য। মূল্যায়ন যদি সঠিক না হয়, নির্বাচিত ওষুধ কোন কাজই করবে না বা আংশিক উপশম হবে মাত্র। রোগী আদর্শ আরোগ্য লাভ করবে না। লক্ষণ মূল্যায়নে দৃষ্টিভঙ্গির পার্থক্যের জন্য সঠিক ওষুধ নির্বাচনে এই ধরনের ভিন্নতা বা অরাজকতা চলতে থাকলেও এর কি কোন নির্দিষ্ট নিয়মনীতি নেই ? হ্যানিম্যান আংশিকভাবে এবং পরবর্তীকালে কেন্ট ও অন্যান্য স্বনামধন্য হোমিও মনীষীগণ লক্ষণ মূল্যায়নের দিক নির্দেশনা দিয়ে গেছেন। লক্ষণ মূল্যায়নে বিভিন্ন মনীষীর মত পার্থক্য থাকলেও অধিকাংশ ক্ষেত্রে মূল্যায়নের এই নীতি ওষুধ নির্বাচনে আমাদেরকে সঠিক পথ দেখিয়েছে। লক্ষণ মূল্যায়নে যে চিকিৎসক যত বেশী দক্ষ হোমিওপ্যাথিক চিকিৎসায় তিনি তত বেশী সফল। রোগীর লক্ষণ মূল্যায়ন এক ধরনের শিল্পকলা। লক্ষণের মূল্যায়ণ চিকিৎসকের রোগী পর্যবেক্ষণ ক্ষমতা, হোমিওপ্যাথিক চিকিৎসা শাস্ত্রে গভীর জ্ঞান, আন্তরিকতা, দৃঢ় আত্মবিশ্বাস, ধৈর্য্য, একগ্রতা ও অভিজ্ঞতা ইত্যাদি বহুকিছুর উপর নির্ভর করে।

একটি রোগীর পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণীত হলে তার মধ্যে বহুপ্রকারের লক্ষণ পাওয়া যায়। রোগীচিত্রে প্রকাশিত সকল লক্ষণের গুরুত্ব সমান নহে। লক্ষণের বৈচিত্রের জন্য বিভিন্ন লক্ষণ বিভিন্ন রকমের গুরুত্ব বহন করে। চিকিৎসা ক্ষেত্রে সেই লক্ষণগুলিই সর্বাপেক্ষা মূল্যবান যা চিকিৎসককে একটি ওষুধের সাথে পরিচয় করে দেয়। অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদে ডাঃ হ্যানিম্যান বলেন- সুস্পষ্ট দৃষ্টি আর্কষক, একক, অসাধারণ, অদ্ভুত, (পরিচায়ক) বিরল চিহ্ন ও লক্ষণের (more striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms) মূল্যই সর্বাধিক। তা'হলে অন্য লক্ষণগুলির কি কোন মূল্য নেই ? নিশ্চয় আছে। তবে, মূল্যের তারতম্য আছে। সঠিক সদৃশ ওষুধ নির্বাচন করতে হলে লক্ষণসমুহের প্রকৃত গুরুত্ব অনুধাবন করে তাদের যথাযথ মূল্যায়ন করতে না পারলে হোমিওপ্যাথিক চিকিৎসায় সফলতার আশা করা যায় না। হোমিওপ্যাথিক চিকিৎসায় ওষুধ নির্বাচনের ক্ষেত্রে লক্ষণসমষ্টির গুণগত বৈশিষ্ট্যই হল প্রধান, সংখ্যার কোন মূল্য নেই। সুতরাং আরোগ্যদায়ক ওষুধ নির্বাচক লক্ষণ বলতে আমরা বুঝব সে সকল লক্ষণগুলিকে যেগুলো বিচিত্র, অনন্য, অসাধারণরূপে ওষুধের সাথে পরিচয় করিয়ে দেয় এবং অন্য ওষুধ থেকে পার্থক্য নির্ণয় করে সে সকল লক্ষণ সমূহকে। সাধারণ (Common) লক্ষণগুলি যেগুলি সাধারণতঃ অধিকাংশ রোগীতে বা রোগে প্রায়ই দেখা যায়, যেমন- অক্ষুধা, দুর্বলতা, মাথাঘোরা, অনিদ্রা, গা ম্যাজ ম্যাজ করা

ইত্যাদি লক্ষণ ওষুধ নির্বাচনে তেমন কাজে আসে না। তবে যদি এদের মধ্যে কোন বিশেষ পরিচায়ক গুণ থাকে সেটি বিবেচ্য। সুতরাং বৈশিষ্ট্যপূর্ণ অসাধারণ লক্ষণ সংখ্যায় যত বেশী হবে লক্ষণ সমষ্টি তত বেশী জোড়ালো হবে।

লক্ষণ মূল্যায়নের জন্য বিভিন্ন মনীষী বিভিন্ন মতবাদ প্রদান করেছেন, নিম্নে সংক্ষেপে তাদের কয়েকজনের মতামত উপস্থাপিত হল।

### ডাঃ আর, জি, মিলার এর মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ আর, জি, মিলার (Dr. R. G. Miller) এর মতানুসারে লক্ষণের ক্রমিক গুরুত্ব অনুসারে শ্রেণীবিন্যাস নিম্নরূপ ঃ-

১। সর্বাংগিণ বা ব্যাপক লক্ষণ (General Symptoms)
- ক) মানসিক (Mental General)
  - (i) ইচ্ছার ক্ষেত্র (the will)
  - (ii) বোধ শক্তির ক্ষেত্র (the understanding)
  - (iii) স্মৃতি শক্তির ক্ষেত্র (the memory)
- খ) দৈহিক (Physical General)
  - (i) স্ত্রী পুরুষসম্বন্ধীয় বা যৌন সম্পর্কীয় লক্ষণ
  - (ii) খাদ্য ও পানীয় সম্বন্ধীয় লক্ষণ
- গ) সার্বদৈহিক লক্ষণ (Bodily reactions to environment and circumstances)

২। আংগিক বা স্থানিক লক্ষণ (Particular Symptoms)

৩। সাধারণ লক্ষণ (Common Symptoms)

সর্বাংগিণ ও আংগিক লক্ষণ আবার দুভাগে বিভক্ত ঃ অসাধারণ ও সাধারণ।

ডাঃ ষ্টুয়ার্ট ক্লোজ ডাঃ আর, জি, মিলারের উপরোক্ত শ্রেণী বিন্যাসের সর্বাংগিণ লক্ষণের মধ্যে আরেকটি সংযোজন করেছেন, সেটি হল নঞর্থক সর্বাংগিণ লক্ষণ (Negative general symptoms)। কোন রোগের স্বাভাবিক বা বিশিষ্টতাজ্ঞাপক লক্ষণসমূহের অভাবজ্ঞাপক লক্ষণসমূহ এই শ্রেণীর অর্ন্তগত। যেমন জ্বরে তৃষ্ণার অভাব, শীত অথচ গাত্রে আবরণ রাখতে চায় না, ক্ষুধা অথচ খাদ্যে অনিচ্ছা, উদ্ভেদবিহীন চর্মরোগ ইত্যাদি। ডাঃ কেন্ট এগুলিকে আংগিক লক্ষণের অর্ন্তভূক্ত করেছেন। ডাঃ রবার্টস এগুলিকে বিপরীতবাদী লক্ষণ (Contradictory symptoms) বলে অভিহিত করেছেন।





### ডাঃ স্পালডিং এর মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ স্পালডিং (Dr. Spalding) এর মতানুসারে লক্ষণের ক্রমিক গুরুত্ব নিম্নরূপ ঃ-

১। সর্বাংগিণ মানসিক লক্ষণ (Mental General)
২। সর্বাংগিণ দৈহিক লক্ষণ (Physical General)
৩। স্রাবসমূহ (Discharge)
৪। স্বপ্ন (Dreams)
৫। বিশেষ ইন্দ্রিয় (Special senses)
৬। ইচ্ছা, অনিচ্ছা, তীব্র আকাঙ্খা (Desires, Aversions, Cravings)
৭। হ্রাস-বৃদ্ধি (Modalities, < and >)
৮। অদ্ভুত, বিরল, বিচিত্র (Strange, rare and peculiar)
৯। আংগিক (Particular)
১০। নিদানগত পর্যবেক্ষণ (Objective of Pathology)

### ডাঃ হুইটম্যানের এর মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ হুইটম্যানের (Dr. Whitman) এর মতানুসারে লক্ষণের ক্রমিক গুরুত্ব নিম্নরূপ ঃ-

১। সর্বাংগিণ মানসিক লক্ষণ (Mental General)
২। সর্বাংগিণ দৈহিক লক্ষণ, হ্রাস-বৃদ্ধি (Physical General, Modalities)
৩। খাদ্য, ইচ্ছা এবং অনিচ্ছা (Food, Desires, Aversions)
৪। মাসিক (Menes)
৫। অদ্ভুত, বিরল, অসাধারণ (Strange, Rare and Peculiar)
৬। আংগিক (Particular)

### ডাঃ মার্গারেট টাইলার এর মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ মার্গারেট টাইলার (Dr. Margaret Tyler) এর মতানুসারে লক্ষণের ক্রমিক গুরুত্ব নিম্নরূপ ঃ-

১। মানসিক
- ইচ্ছাবৃত্তি; তৎসহ ভালবাসা, অবজ্ঞা, ভয়
- বোধগম্যতা; তৎসহ ভ্রান্তবিশ্বাস, প্রলাপ
- স্মৃতিশক্তি

২। অদ্ভূত, বিরল, অসাধারণ

মানসিক, সার্বদৈহিক, আংগিক অসাধারণ লক্ষণসমুহ তাদের গুরুত্ব অনুযায়ী বিবেচ্য

৩। দৈহিক

যৌন সম্পর্কীয় ( ভালবাসা ও অবজ্ঞা), পাকস্থলি সম্পর্কীয় (খাদ্যে ইচ্ছা ও অনিচ্ছা, গরম বা শীতল খাদ্য ও পানীয়ের ইচ্ছা অনিচ্ছা, ক্ষুধা ও তৃষ্ণা)

৪। সর্বাংগিণ দৈহিক

প্রতিক্রিয়া -

তাপ ও শীতে
সময়
ভিজা ও শুষ্কতা
বিদ্যুৎ
অক্সিজেন ও কার্বন ডাই অক্সাইড
মাসিক
অবস্থান, মাধ্যাকর্ষণ
চাপন, নড়াচড়া, ভ্রমণ জনিত অসুস্থতা
খাদ্যে বৃদ্ধি ও হ্রাস

৫। স্রাবের প্রকৃতি

৬। আংগিক- কেবল মাত্র আক্রান্ত অংগ সামগ্রীক নয়

## ডাঃ ওইয়ার ও টাইলার এর মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ ওইয়ার ও টাইলার (Drs. Weir and Tyler) এর মতানুসারে লক্ষণের ক্রমিক গুরুত্ব নিম্নরূপ ঃ-

১। সর্বাংগিণ মানসিক (Mental Generals)
২। সর্বাংগিণ দৈহিক (Physical generals - as a whole)
৩। তীব্র আকাঙ্খা, অনিচ্ছা, (Cravings, Aversions)
৪। মাসিকের ইতিবৃত্ত (Menstrual State)
৫। আংগিক (Particulars)





## ডাঃ জে, টি, কেন্টের মতানুসারে রোগীর লক্ষণ মূল্যায়ন

ডাঃ কেন্ট রোগীর লক্ষণসমূহকে নিম্নোক্ত শ্রেণীতে বিভক্ত করেছেন ঃ-

১। সর্বাংগিণ লক্ষণ বা ব্যাপক লক্ষণ (General Symptoms)
(ক) সর্বাংগিণ মানসিক লক্ষণ (Mental General)
(খ) সর্বাংগিণ দৈহিক লক্ষণ (Physical General)
২। আংগিক লক্ষণ বা স্থানীয় লক্ষণ (Particular or Local Symptoms)

সর্বাংগিণ ও আংগিক লক্ষণকে আবার অসাধারণ (Uncommon) ও সাধারণ (Common) এই দু'টি উপশ্রেণীতে বিভক্ত করা যায়। অসাধারণ ও সাধারণ উপশ্রেণীর মধ্যে অসাধারণ লক্ষণের মূল্য বেশী। অসাধারণ ও সাধারণ উপশ্রেণীকে আবার ১ম শ্রেনী, ২য় শ্রেণী ও ৩য় শ্রেণীতে বিভক্ত করা যায়। এখানে ১ম শ্রেণীর মূল্য সবচেয়ে বেশী, ২য় শ্রেণীর মূল্য মধ্যম এবং ৩য় শ্রেণীর মূল্য সর্বনিম্ন।

নিম্নে ছক চিত্রের মাধ্যমে ডাঃ কেন্টের লক্ষণের মূল্যায়ন দেখানো হল।

## রোগীর লক্ষণ মূল্যায়নের সারসংকলন

লক্ষণ মূল্যায়নের জন্য হ্যানিম্যান, কেন্ট ও বিভিন্ন মনীষীর মতামতের সারসংকলনের একটি সমন্বয়কৃত বর্ণনা নিম্নে দেয়া হল।

লক্ষণ মূল্যায়নের জন্য সর্বপ্রথমে স্থান দিতে হবে, (ক) সর্বাংগিণ মানসিক লক্ষণের (Mental General), তারপরে, (খ) সর্বাংগিণ দৈহিক লক্ষণের (Physical General), তার পরে, (গ) আংগিক লক্ষণের (Particular or Local Symptoms), তারপরে, (ঘ) নিদানগত পর্যবেক্ষণ (Objective of Pathology) এবং সবশেষে (ঙ) সাধারণ লক্ষণের (Common Symptoms)।

আবার এদের মধ্যে অর্গাননে অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদে ডাঃ হ্যানিম্যান বর্ণিত - সুস্পষ্ট দৃষ্টি আর্কষক, একক, অসাধারণ, অদ্ভুত, (পরিচায়ক) বিরল লক্ষণের (more striking, singular, uncommon and peculiar (characteristic) signs and symptoms) মূল্যই সর্বাধিক । চিকিৎসাশাস্ত্রানুসারে যে সকল লক্ষণের কোন ব্যাখ্যা করা যায় না, চিকিৎসকের কাছে অদ্ভুত মনে হয়, বিস্ময়ের সৃষ্টি করে তারাই অসাধারণ লক্ষণ, আর এই জাতীয় লক্ষণই ওষুধ নির্বাচনে সবচেয়ে বেশী মূল্যবান।

(ক) সর্বাংগিণ মানসিক লক্ষণের (**Mental General**) মধ্যে মানুষের (১) ইচ্ছাশক্তি (Will) সম্পর্কীত লক্ষণের মূল্য সবচেয়ে বেশী । কেননা ইচ্ছাশক্তি মানবসত্ত্বার তথা জীবনীশক্তির সবচেয়ে নিকটে। মানুষের ইচ্ছাশক্তিতে যা আসে, মনে হয় তার বিশ্লেষণ আর দেহে হয় তার প্রকাশ। দেহ মনের অধীন, মন ইচ্ছাশক্তির অধীন এবং ইচ্ছাশক্তি, মন ইত্যাদি সবই "আমার" বা "আমির" অধীন। এই " আমি" কে ? এর কোন ব্যাখ্যা নেই, " আমি" হল মানবসত্ত্বা। মানবসত্ত্বার সবচেয়ে নিকটবর্তী হল ইচ্ছাশক্তি, তারপর মন এবং সবশেষে দেহ। ইচ্ছাশক্তি সম্পর্কীত লক্ষণকে আবার ক্রম গুরুত্ব অনুযায়ী সাজানো যায়, যেমন- (i) ইচ্ছা/ অনিচ্ছা, তীব্র আকাঙ্খা (Desire/ Aversion, Cravings), (ii) যৌন সম্পর্কীয় ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Sex), (iii) খাদ্যে ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Food), (iv) বিশেষ অনুভূতি সম্পর্কীত ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Special Senses)।

ইচ্ছাশক্তি সম্পর্কীত লক্ষণের পরে আসে মানসিক লক্ষণের (২) আবেগ (Emotions) সম্পর্কীত লক্ষণের স্থান । আবেগ সংক্রান্ত লক্ষণ দ্বারা মানুষের মনের





অবস্থা বুঝা যায় । শান্ত, লাজুক, রাগী, ক্রন্দনশীল, অস্থিরতা জাতীয় লক্ষণ রোগীর "আমি" কে প্রকাশ করে।

আবেগ এর পরে আসে (৩) বুদ্ধিবৃত্তি / অনুধাবন (Intellect / Understanding) সম্পর্কীত লক্ষণের স্থান । অন্যমনস্ক, অভিনিবিষ্ট, শিশুদের মত আচরণ, প্রলাপ, ভ্রান্তবিশ্বাস, ভ্রান্তধারণা, বোকার ন্যায় ব্যবহার, অমনোযোগী ইত্যাদি জাতীয় লক্ষণ বুদ্ধিবৃত্তি / অনুধাবন শক্তিকে প্রকাশ করে।

তারপরে আসে (৪) স্মৃতিশক্তি (Memory) সম্পর্কীত লক্ষণের স্থান । স্মৃতিশক্তি ক্রিয়াশীল, দূর্বল স্মৃতিশক্তি, বিস্মৃতিপরায়ণ ইত্যাদি স্মৃতিশক্তি সম্পর্কীত লক্ষণের উদাহরণ।

তারপরে আসে (৫) স্বপ্ন (Dreams) ও নিদ্রা (Sleep) সম্পর্কীত লক্ষণের স্থান । স্বপ্নে মানুষের অবচেতন মনের পরিচয় পাওয়া যায় এবং নিদ্রা মানুষের সুস্থতা বা অসুস্থতার প্রতীক।

তার পরে আসে (৬) ইচ্ছাশক্তি, মন ইত্যাদি সংক্রান্ত হ্রাস বৃদ্ধির লক্ষণাবলী (Modalities, < and > of Will and Mental Symptoms)।

(খ) সর্বাংগিণ দৈহিক লক্ষণের (**Physical General**) মধ্যে প্রথমেই আসে রোগীর (১) বাহ্যিক উত্তেজনায় প্রতিক্রিয়া (Reaction due to external condition) ঃ গরমকাতর, শীতকাতর, উভয়কাতর; আবহাওয়া ও জলবায়ু, ভিজা ও শুষ্কতা, বাতাসে, গোসলে, দিবা বা রাত্রের নির্দিষ্ট সময়ে, অমাবস্যা-পূর্ণিমায়, নির্দিষ্ট ঋতুতে, মাধ্যাকর্ষণ, চাপন, নড়াচড়া, ভ্রমণ, বিশ্রাম বা পরিশ্রম ইত্যাদিতে প্রতিক্রিয়া । তার পরে আসে (২) বিশেষ অনুভূতি (Sensation) সম্পর্কীত লক্ষণাবলী, যেমন- সমগ্র দেহে কম্পন বা শীতলতা বা পোঁকা হাটার মত বা জ্বালাকর অনুভূতি ইত্যাদি । তারপরে আসে (৩) স্ত্রী পুরুষসম্বন্ধীয় বা যৌন সম্পর্কীয় লক্ষণ ও মাসিক সম্পর্কীয় হ্রাস বৃদ্ধি । তার পরে আসে (৪) খাদ্য ও পানীয় লক্ষণ ও হ্রাস বৃদ্ধি । তারপরে আসে (৫) ঘর্ম সংক্রান্ত লক্ষণ, ঘর্ম কম বা বেশী, ঘর্মে উপশম বা বৃদ্ধি, ঘর্মের গন্ধের বৈশিষ্ট্য ইত্যাদি । তার পরে আসে (৬) দেহের পার্শ্ব সম্পর্কীত লক্ষণাবলী, উর্ধ্বাঙ্গে, নিম্নাঙ্গে, ডানে বা বামে বা কোনাকোনি ভাবে ইত্যাদি । তার পরে আসে (৭) সর্বাংগিণ দৈহিক যে কোন লক্ষণাবলী, স্রাবসমূহ, মাসিকের ইতিবৃত্ত, বিশেষ ইন্দ্রিয় ইত্যাদির লক্ষণ এবং তারপরে আসে (৮) লক্ষণের আগমন ও তিরোধানের গতি-প্রকৃতি (Appear and disappear)- লক্ষণ ধীরে ধীরে প্রকাশ পায়, লক্ষণ ধীরে ধীরে প্রকাশ পায় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয়, লক্ষণ অকস্মাৎ অন্তর্হিত হয়, সহসা উপস্থিত হয়, সহসা উপস্থিত হয় এবং সহসা অন্তর্হিত হয়, সহসা উপস্থিত হয় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয় বা

পর্যায়ক্রমে আগমন ও তিরোহিত হয় ইত্যাদি। তারপরে আসে, (৯) সর্বাংগিণ দৈহিক লক্ষণ সম্পর্কীত যাবতীয় হ্রাস-বৃদ্ধির লক্ষণাবলী ও রোগাক্রমনের উদ্দীপক কারণ।

(গ) আংগিক লক্ষণ (**Particular Symptoms**) - কেবল মাত্র আক্রান্ত অংগ সামগ্রীক লক্ষণ নয়। আংগিক লক্ষণের মধ্যে গুরুত্বের দিক থেকে প্রথমেই আসে (১) যে সমস্ত লক্ষণ বিরল এবং অস্বাভাবিক, যেমন - বেদনাবিহীন প্রদাহ, জ্বরবিহীন পিপাসা, পিপাসাবিহীন জ্বর, উদ্ভেদবিহীন চুলকানি, জিহ্বার অগ্রভাগ ত্রিকোনাকার লাল ইত্যাদি। তারপরে আসে (২) আংগিক লক্ষণের সুস্পষ্ট হ্রাসবৃদ্ধি সম্পর্কীত লক্ষণাবলী, যেমন-মাথার বেদনা উদরাময়ে উপশম, পেটের যন্ত্রণা আহারে বৃদ্ধি, সর্দি খোলা বাতাসে উপশম। তারপরে আসে (৩) হ্রাস-বৃদ্ধি বিহীন বৈশিষ্ট্যহীন আংগিক লক্ষণ- এ ধরনের লক্ষণ বিভিন্ন রোগের নামকরণে বা ড্রাগ প্রুভিংকালে দেখা যায়, যেমন - অর্বুদ, আঁচিল, চুল পড়া, চোখের পাতার পুরাতন আঞ্জনী ইত্যাদি।

(ঘ) নিদানগত পর্যবেক্ষণ (**Objective of Pathology**) - বিভিন্ন রোগে দেহের বিভিন্ন কোষকলায় নানা রকম কাঠামোগত ও কার্য্যগত (Structural and Functional) পরিবর্তন ঘটে। এদের কিছু চিকিৎসকের পর্যবেক্ষণে ধরা পরে আবার কিছু বিভিন্ন ধরনের প্যাথলজিক্যাল রিপোর্টের মাধ্যমে সনাক্ত করা হয়, যেমন - রক্ত, মল, মূত্র, কফ, স্রাব, আলট্রাসনোগ্রাম, এক্স-রে, ডি আর, সি আর, এম আর আই, সিটি স্ক্যান ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত বিশেষ বৈশিষ্ট্যজ্ঞাপক লক্ষণ ও চিহ্ন। এসকল পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত তথ্য রোগীর রোগের বৈশিষ্ট্য নির্ণয়ে ও ওষুধ নির্বাচনে চিকিৎসককে বহুবিধ সুবিধা প্রদান করে।

(ঙ) সাধারণ লক্ষণ (**Common Symptoms**) - রোগ ও ওষুধের সাথে সম্পর্কযুক্ত লক্ষণকে সাধারণ লক্ষণ বলা হয়। যে সমস্ত লক্ষণ বিভিন্ন ওষুধের প্রুভিং-এ অধিকাংশ সময় পাওয়া গিয়েছে কিংবা যে সমস্ত লক্ষণ সাধারণ রোগাবস্থায় দেখা যায় সেগুলি এই শ্রেণীর অর্ন্তগত। যেমন- মাথাব্যথা, অস্বাচ্ছন্দ, জ্বর, উদরাময়, কলেরা, টাইফয়েড, মলদ্বার নির্গমন, ইনগুইনাল হার্নিয়া, অক্ষুধা, দুর্বলতা ইত্যাদি। এই জাতীয় লক্ষণ কোন নির্দিষ্ট রোগের সকল রোগীতে প্রায় একই প্রকারের হয় এবং তেমন কোন বৈশিষ্ট্য বহন করে না। হোমিওপ্যাথিক চিকিৎসায় ওষুধ নির্বাচনে সাধারণ লক্ষণের তেমন বিশেষ মূল্য নেই। কিন্তু চিকিৎসাকর্ম যথাযথভাবে পরিচালিত করতে হলে এ সকল লক্ষণকে অবহেলা করা যাবে না। সাধারণ লক্ষণকে ডাঃ গার্থ বোরিক মৌলিক





লক্ষণ (Basic Symptoms) ও ডাঃ বোনিংহাউসেন প্রাথমিক লক্ষণ (Primary Symptoms) হিসাবে নামকরণ করেছেন।

এ সকল লক্ষণ ওষুধ নির্বাচনে বড় ধরনের ভূমিকা না রাখলেও বহুবিধ বিষয়ে চিকিৎসককে সহযোগিতা করে, যেমন ঃ-

১। রোগের নামকরণ, রোগের প্রকৃতি ও রোগের ভাবীফল নির্ণয়ের মাধ্যমে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণে।

২। রোগটি অচির না চিররোগের কিংবা শল্য চিকিৎসার অর্ন্তগত কিনা তা নির্ণয়ে অথবা রোগটি আরোগ্যসাধ্য বা দুরারোগ্য বা সামান্য অসুস্থতা কিনা তা নির্ণয়ে।

৩। রোগীর পথ্যাপথ্য নির্বাচনে।

৪। রোগীর আনুষঙ্গিক ব্যবস্থা প্রদানের নির্দেশ প্রদানে, যেমন- স্নান, আবহাওয়া পরিবর্তন, অক্সিজেন প্রদান, গরম সেক বা ঠান্ডা প্রদান, বা রোগীকে আলাদা করার প্রয়োজন আছে কিনা ইত্যাদি।

৫। চিকিৎসাগত সার্টিফিকেট বা হাসপাতালে ভর্তির নির্দেশ প্রদানে।

উপরের বর্ণনা অনুসারে ক্রম গুরুত্ব অনুযায়ী লক্ষণসমূহকে সাজালে নিম্নরূপ হয় ঃ-

ক) সর্বাংগিণ মানসিক লক্ষণ

(১) ইচ্ছাশক্তি (Will)

(i) ইচ্ছা/ অনিচ্ছা, তীব্র আকাঙ্খা (Desire/ Aversion, Cravings)

(ii) যৌন সম্পর্কীয় ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Sex)

(iii) খাদ্যে ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Food)

(iv) বিশেষ অনুভূতি সম্পর্কীত ইচ্ছা অনিচ্ছা (D /A of Special Senses)

(২) আবেগ (Emotions)

(৩) বুদ্ধিবৃত্তি / অনুধাবন (Intellect / Understanding)

(৪) স্মৃতিশক্তি (Memory)

(৫) স্বপ্ন (Dreams) ও নিদ্রা (Sleep)

(৬) ইচ্ছাশক্তি ও মানসিক লক্ষণ সংক্রান্ত যাবতীয় হ্রাস বৃদ্ধির লক্ষণাবলী (Modalities, < and > of Will and Mental Symptoms)

খ) সর্বাংগিণ দৈহিক লক্ষণ

(১) বাহ্যিক উত্তেজনায় প্রতিক্রিয়া

(২) বিশেষ অনুভূতি (Sensation)

(৩) স্ত্রী পুরুষসম্বন্ধীয় বা যৌন সম্পর্কীয় লক্ষণ ও মাসিক সম্পর্কীয় হ্রাস বৃদ্ধি

(৪) খাদ্য ও পানীয় সম্বন্ধীয় লক্ষণ ও হ্রাস বৃদ্ধি

(৫) ঘর্ম সংক্রান্ত লক্ষণ, কম বা বেশী, ঘর্মের বৈশিষ্ট্য, ঘর্মে হ্রাস-বৃদ্ধি

(৬) দেহের পার্শ্ব, ডান বা বাম বা আড়াআড়ি

(৭) সর্বাংগিণ দৈহিক যে কোন লক্ষণাবলী এবং তারপরে

স্রাবসমূহ (Discharge)

মাসিকের ইতিবৃত্ত (Menstrual State)

বিশেষ ইন্দ্রিয় (Special senses)

অবস্থান (Position)

(৮) লক্ষণের আগমন ও তিরোধানের গতি-প্রকৃতি (Appear and disappear)

(৯) সর্বাংগিন দৈহিক লক্ষণ সম্পর্কীত যাবতীয় হ্রাস-বৃদ্ধির লক্ষণাবলী ও রোগাক্রমনের উদ্দীপক কারণ।

গ) আংগিক লক্ষণ (**Particular Symptoms**)

(১) যে সমস্ত আংগিক লক্ষণ বিরল এবং অস্বাভাবিক।

(২) আংগিক লক্ষণের সুস্পষ্ট হ্রাসবৃদ্ধি সম্পর্কীত লক্ষণাবলী।

(৩) হ্রাস-বৃদ্ধি বিহীন বৈশিষ্ট্যহীন আংগিক লক্ষণ।

ঘ) নিদানগত পর্যবেক্ষণ (**Objective of Pathology**)

ঙ) সাধারণ লক্ষণ (**Common Symptoms**)

উপরে বর্ণিত সর্বাংগিণ ও আংগিক লক্ষণকে আবার ১ম শ্রেনী, ২য় শ্রেণী ও ৩য় শ্রেণীতে বিভক্ত করা যায়। এখানে ১ম শ্রেণীর মূল্য সবচেয়ে বেশী, ২য় শ্রেণীর মূল্য মধ্যম এবং ৩য় শ্রেণীর মূল্য সর্বনিম্ন।

**১ম শ্রেণীর সর্বাংগিণ লক্ষণ ঃ** (১) যে সমস্ত লক্ষণ বিরল এবং অদ্ভুতধরনের অথবা (২) যে গুলি ওষুধের বৈশিষ্ট্যজ্ঞাপক কিংবা (৩) যে গুলি রোগীর ইচ্ছা অনিচ্ছা, ভালোবাসা, ঘৃণা, ভয় ইত্যাদি প্রকাশ করে, অথবা (৪) যে গুলি রোগীর বোধ শক্তি ও স্মৃতিশক্তির বিকৃতিজ্ঞাপক সেগুলি ১ম শ্রেণীর লক্ষণ।





**২য় শ্রেণীর সর্বাংগিণ লক্ষণ ঃ** (১) যে সমস্ত লক্ষণ বুদ্ধি ও যুক্তিশীল মনের সংগে সম্পর্কযুক্ত অথবা (২) যে গুলি পরিবেশ ও পরিস্থিতির প্রতি দেহীর সার্বদৈহিক প্রতিক্রিয়া জ্ঞাপন করে, যেমন- (ক) আবহাওয়া ও জল বায়ুর প্রভাবের প্রতি, খাদ্যদ্রব্যের প্রতি, উত্তাপের তারতম্যের প্রতি, অবস্থান, চলন ইত্যাদির প্রতি দেহীর প্রতিক্রিয়া সে সকল লক্ষণ, (খ) যে সমস্ত লক্ষণ স্নান করলে, জলে ভিজলে, চাপনে, স্পর্শে, ঘর্ষণে, ঝাঁকুনিতে হ্রাসবৃদ্ধি হয়; যে সমস্ত লক্ষণ দিবস, ঋতু অনুযায়ী হ্রাসবৃদ্ধি হয়, এবং নিদ্রা ও স্বপ্ন বিষয়ক লক্ষণ; (গ) দেহের পার্শ্বসূচক লক্ষণ, যেমন, ডান দিক থেকে বামদিকে, বামদিক থেকে ডানদিকে, আড়াআড়িভাবে, একবার বামদিকে আবার ডানদিকে এইরূপ পর্যায়ক্রমিক লক্ষণ, অনবরত স্থান পরিবর্তনশীল লক্ষণ, দেহের কোন অংশে রক্তসঞ্চয়, সংকোচন, বিবর্ণতা বা বর্ণের পরিবর্তন, ক্ষীণতা ইত্যাদি; (ঘ) পঞ্চন্দ্রিয়ের সংগে সর্ম্পকযুক্ত লক্ষণ, যেমন, নানারকম গন্ধে পীড়িত হওয়া, রন্ধনের গন্ধে বমির উদ্রেক হওয়া, আলো, গন্ধ, শব্দ ইত্যাদিতে অতিরিক্ত সচেতনশীলতা; (৩) দৈহিক ক্ষুধা, (৪) যৌন লক্ষণ, (৫) দেহনিঃসৃত স্রাব; (৬) সময় ও অবস্থা অনুযায়ী হ্রাসবৃদ্ধি।

**৩য় শ্রেণীর সর্বাংগিণ লক্ষণ ঃ** (১) রোগের সঙ্গে সম্পর্কযুক্ত সাধারণ লক্ষণ, যেমন, উম্মাদ, উৎকণ্ঠা, প্রলাপ, ভয়, মাথাঘোরা, মাথাব্যাথা, অস্বাচ্ছন্দবোধ, জ্বর, ইত্যাদি। (২) ওষুধের সঙ্গে সম্পর্কযুক্ত সাধারণ লক্ষণ, অর্থাৎ যে সমস্ত লক্ষণ অনেক ওষুধের প্রুভিং-এ প্রকাশ পেয়েছে। সাধারণ লক্ষণসমুহ রোগীর সর্বাংগিণ লক্ষণ বা আংগিক লক্ষণ হিসাবেও প্রকাশিত হতে পারে।

**১ম শ্রেণীর আংগিক লক্ষণ ঃ** যে সমস্ত আংগিক লক্ষণ বিরল এবং অস্বাভাবিক, যেমন - বেদনাবিহীন প্রদাহ, জ্বরবিহীন পিপাসা, পিপাসাবিহীন জ্বর, উদ্ভেদবিহীন চুলকানি, জিহ্বার অগ্রভাগ ত্রিকোনাকার লাল ইত্যাদি।

**২য় শ্রেণীর আংগিক লক্ষণ ঃ** সুস্পষ্ট হ্রাস-বৃদ্ধি যুক্ত আংগিক লক্ষণ - মাথার যন্ত্রনা ঘুমের পর বৃদ্ধি, শক্ত খাদ্যে গলবেদনার উপশম, অর্শের জ্বালাকর যন্ত্রনা উত্তাপে উপশম ইত্যাদি।

**৩য় শ্রেণীর আংগিক লক্ষণ ঃ** হ্রাস-বৃদ্ধি বিহীন বৈশিষ্ট্যহীন আংগিক লক্ষণ - এ ধরনের লক্ষণ বিভিন্ন রোগের নামকরণে বা ড্রাগ প্রুভিংকালে দেখা যায়, যেমন - অর্বুদ, আঁচিল, চুল পড়া, চোখের পাতার পুরাতন আঞ্জনী ইত্যাদি।

## বিভিন্ন ধরনের লক্ষণের উদাহরণ

(কেন্ট, বরিক, মারফি, স্ক্রয়েন্স রচিত রেপার্টরী সহ বিভিন্ন রেপার্টরী হতে সংগ্রহীত)

ক) সর্বাংগিণ মানসিক লক্ষণের **(Mental General)** উদাহরণ ঃ-

(১) ইচ্ছাশক্তি (Will) সম্পর্কীত লক্ষণের উদাহরণ ঃ-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক অধ্যায় দেখুন)

ইচ্ছা/ অনিচ্ছা (Desire/ Aversion in general)

ভালবাসা (Love), ঘৃণা (Hatred), পরিশ্রমী (Industrious), আলস্য (Indolence), লোকসঙ্গ (Company), উত্তর দেয়া (Answer), অর্থলিপ্সা (Avarice), ঈর্ষা (Jealousy), আত্নহত্যা বিষয়ক (Suicide), মৃত্যু (Death), ঔদাস্য (Indifferent), হত্যা (Kill), হত্যা প্রবণতা (Kill desire), হাসি (Laughing), কান্না (Weeping), চুরি করা (Kleptomania), মিথ্যা বলা (Lie), বাচালতা (Loquacity), কথা বলা (Spoken), আঘাত করা (Striking), কথা বলা (Talk), সন্দেহযুক্ত (Suspicious), চিন্তা করা (Thinking), চিন্তা (Thought), স্পর্শে (Touched), ভ্রমণে (Travel), কর্মে (Work) ইত্যাদি বিভিন্ন ধরনের ইচ্ছা বা অনিচ্ছা।

যৌন সম্পর্কীয় ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Sex)

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক ও জননেন্দ্রিয় অধ্যায় দেখুন)

স্বামীর প্রতি (Husband), স্ত্রীর প্রতি (Wife), স্ত্রীলোকের প্রতি (Women), বিবাহে (Marriage), কামুকতা (Lasciviousness), স্ত্রীলোকের কামোম্মত্ততা (Nymphomania), পুরুষলোকের কামোম্মত্ততা (Satyriasis), অশ্লীল ব্যবহার (Lewdness), হস্তমৈথুন প্রবৃত্তি (Masturbation)।

খাদ্যে ইচ্ছা অনিচ্ছা (Desire / Aversion of Food)

(বি.দ্র. ওষুধ তালিকার জন্য রেপার্টরীর পাকস্থলি অধ্যায় দেখুন)

চর্বি ও মসলাদার খাদ্য (Fat and Rich food), অতিরিক্ত মসলাদার খাদ্য (Highly seasoned food), লবন (Salt), টক (Sour, Acid), মিষ্ট (Sweet), মদ্য (Alcohol), ডিম (Egg), শীতল পানীয় (Cold drinks), শীতল খাদ্য (Cold food), মাংস (Meat), দুগ্ধ (Milk),

শাক-সবজি (Vegetable), ফল (Fruit), রসাল দ্রব্য (Juicy things or Refreshing things), তিক্ত পানীয় বা খাদ্য (Bitter drinks or Foods) সহ বিবিধ খাদ্য পানীয়।

বিশেষ অনুভূতি সম্পর্কীত ইচ্ছা অনিচ্ছা (D / A of Special Senses)

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক অধ্যায় দেখুন)

কাল এবং অন্ধকার সব কিছুর উপর বিতৃষ্ণা (Black and sombre: everything, aversion to), আলো চায় (Light desire for), আলো এড়াইতে চায় (Light: shuns), তাহার দিকে তাকান সহ্য করতে পারে না (Looked at, cannot bear to), অতিরিক্ত অনুভূতি প্রবণ (Sensitive to) - আলোকে (light), গোলমালে (noise, to), সংগীতে (music, to), গন্ধে (Smell), শিশুর কান্নায় (crying of children), সামান্য শব্দে (noise: slightest), কণ্ঠস্বরে (noise: voices), জলের ছল ছল শব্দে (water splashing) ইত্যাদি।

(২) আবেগ (Emotions) সম্পর্কীত লক্ষণের উদাহরণ ঃ-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক অধ্যায় দেখুন)

কটুভাষী (Abusive), স্নেহশীল (Affectionate), ক্রোধ বা খিটখিটেভাব (Anger, Irascibility), মনস্তাপ (Anguish), অমঙ্গল আশঙ্কা (Anticipation), উৎকণ্ঠা (Anxiety), সদাব্যস্ত (Busy), খামখেয়ালি ভাব (Capriciousness), সর্তকতা (Carefulness), খুতখুঁতে বা অপরের দোষ ধরে (Censorious, Fastidious), আনন্দিত (Cheerful), দুঃখ করে (Complaining), মনসংযোগ (Concentration), আত্মবিশ্বাস (Confidence), মনের বিশৃঙ্খলতা (Confusion), অতি-সচেতনতা (Conscientious), ঘৃণাপরায়ন (Contemptuous), প্রতিবাদ (Contradict), প্রতিকূল আচারী (Contrary), আলাপ আলোচনা (Conversation), সাহসী (Courageous), ভীরুতা বা কাপুরুষ (Cowardice), নিষ্ঠুরতা (Cruelty), অভিসম্পাত দেয় (Cursing), নৃত্য করে (Dancing), প্রতারণাপরায়ণ (Deceitful), নৈরাশ্য (Despair), ধ্বংসপ্রবণতা (Destructiveness), প্রভুত্বব্যঞ্জক (Dictatorial), অসন্তুষ্ট (Discontented), নিরুৎসাহ (Discouraged), বিতৃষ্ণা (Disgust),





অবাধ্যতা (Disobedience), আরোগ্যে সন্দেহপূর্ণ (Doubtful, recovery of), স্বপ্নাচ্ছন্নবৎ (Dream, as if in a), বিমূঢ়ভাব বা অনুধাবন কষ্টকর (Dullness), হর্ষোচ্ছাস (Ecstasy), অহমিকা (Egotism), ক্লান্তভাব (Ennui), হিংসা (Envy), উত্তেজনাপ্রবণ (Excitement), উল্লাস (Exhilaration), কল্পনায় ডুবে থাকে (Fancies, absorbed in), ভয় (Fear), উল্লাস (Exhilaration), অমিতব্যয়িতা (Extravagance), ধর্মোন্মাদ (Fanaticism), কল্পনা (Fancies), ভয় (Fear), পরিত্যক্তবোধ (Forsaken), সহজেই ভয় পায় (Frightened easily), বিষাদ (Grief), ঘৃণা (Hatred), উদ্ধত প্রকৃতি (Haughty), অসহায়ভাব (Helplessness), লুকিয়ে থাকা (Hide), গৃহকাতরতা (Home-Sickness), আশাযুক্ত (Hopeful), আশাশূন্য (Hopeless), ভয়ঙ্কর ব্যাপার, দুঃখের কাহিনী গভীর ভাবে বিচলিত করে (Horrible things, sad stories, affect her profoundly), তাড়াতাড়ি করে (Hurry), নির্বুদ্ধিতা (Idiocy), মানসিক দূর্বলতা (Imbecility), অধৈর্যভাব (Impatience), দ্রুতক্রিয়াশীল (Impetuous), আবেগ (Impulse), আবেগপ্রবণ (Impulsive), অপ্রবোধনীয় (Inconsolable), অস্থির সঙ্কল্প (Inconstancy), ঔদাস্য, উৎসাহহীনতা (Indifference), ঘৃণামিশ্রিত ক্রোধ (Indignation), অবিবেচনা (Indiscretion), পাগলামী বা উন্মাদ (Insanity), উদ্ধত (Insolent), অন্তর্দশন (Introspection), অব্যবস্থিচিত্ততা (Irresolution), উত্তেজনাপ্রবণতা বা মেজাজ খারাপ বা রাগান্বিত (Irritability), হিংসা (Jealousy), রহস্যপ্রিয় (Jesting), আনন্দ (Joy), বিলাপ করে (Lamenting), হাস্য প্রবণতা (Laughing), অশ্লীল ব্যবহার (Lewdness), সব বিষয়ে বিতৃষ্ণা (Loathing), প্রেমাতুর (Love-sick), হিংসুক (Malicious), বাতিকগ্রস্ত (Mania), প্রগাঢ় চিন্তা (Meditation), মনুষ্যভীতি (Men, dread of), নম্রতা (Mildness), আনন্দ বা প্রসন্নতা (Mirth), মনুষ্য বিদ্বেষ (Misanthropy), অনিষ্টকারক (Mischievous), কাতরতা প্রকাশ করে (Moaning), ব্যাঙ্গ করে (Mocking), মনোভাব (Mood), নৈতিক বোধ (Moral feeling), বিষাদিত (Morose), মনঃকষ্ট করে (Mortification, Muttering), একগুয়ে

(Obstinate), কর্মব্যস্ততা (Occupation), অপরাধ গ্রহণ করে বা সহজে কুপিত হয় (Offended, easily), মতলব করে (Plans), ক্রীড়াশীল (Playful), আনন্দ (Plesure), ভবিষ্যৎবাণী করা (Prophesying), মানসিক অবসাদ (Prostration), কলহপ্রিয় (Quarrelsome), শান্ত মেজাজ (Quiet), প্রচন্ড ক্রোধ (Rage), পড়া (Reading), চিনতে পারা (Recognise), ধর্মানুরাগ (Religious affections), অনুশোচনা করে (Remorse), ভর্ৎসনা করে (Reproaches), ন্যাক্কারজনক মনোভাব (Repulsive mood), সংযতবাক (Reserved), অস্থিরতা (Restlessness), অশিষ্ট ব্যবহার (Rudeness), বিষন্নতা (Sadness), ঘৃণা (Scorn), স্বার্থপরতা (Selfishness), অত্যানুভূতিযুক্ত (Sensitive), ভাবপ্রবণ (Sentimental), ভাবগম্ভীর (Serious), অতি যৌন ভোগ (Sexual excesses), লজ্জাহীন (Shameless), উচ্চ চিৎকার করে (Shrieking), দীর্ঘশ্বাস ফেলে (Sighing), গান করে (Singing), বসে থাকার প্রবৃত্তি (Sit inclination to), কুৎসা করে (Slander), ধীরতা (Slowness), মৃদু হাস্য করে (Smiling), ঘুমের মধ্যে চলাচল করে বা স্বপ্নসঞ্চরণ (Somnambulism), কথা বলার ভঙ্গী (Speech), থুথু দেয় (Spits), কথা বলতে (Spoken), চমকে উঠে (Starting, Startled), আঘাত করে (Striking), স্তম্ভিতভাব (Stupefaction), আত্মহত্যার প্রবৃত্তি (Suicidal disposition), অপ্রসন্ন (Sulky), সন্দেহপ্রবণতা (Suspicious), সহানুভূতিশীল (Sympathetic), কথা (Talk), কথাবলা (Talking), আপন মনে কথা বলে (Talks to himself), জিনিষপত্র টেনে ছিড়তে থাকে (Tears things), কল্পনা বিলাস (Theorizing), চিন্তাকরা (Thinking), চিন্তা (Thoughts), ভয় দেখায় (Threatening), ছুড়ে ফেলে (Throws), ঝড় বজ্র (Thunderstorm), ভীরুতা (Timidity), ইন্দ্রিয় শক্তির মন্থরতা (Torpor), স্পর্শ (Touch), স্পর্শ করা (Touched), প্রশান্তি (Tranquillity), ভ্রমণ (Travel), অজ্ঞানতা (Unconsciousness), প্রচন্ড আবেগ (Violent), প্রাণবন্ত (Vivacious), ক্লান্তিযুক্ত (Wearisome), জীবনে বিতৃষ্ণা (Weary of life), ক্রন্দন প্রবণতা (Weeping), শিস দেয় (Whistling), দূর্দান্ত ভাব (Wildness), রসিক (Witty) ইত্যাদি।





(৩) বুদ্ধিবৃত্তি / অনুধাবন (Intellect / Understanding) সম্পর্কীত লক্ষণের উদাহরণ ঃ-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক অধ্যায় দেখুন)

অন্যমনস্ক (Absent-minded), অভিনিবিষ্ট (Absorbed), মনের বিক্ষিপ্তভাব (Abstraction), উত্তর দেয়া (Answers), গুম হয়ে চিন্তা করে (Brooding), বিয়য়কর্মে অক্ষমতা (Business incapacity for), শিশুদের মত আচরণ (Childish behavior), প্রলাপ (Delirium), ভ্রান্তবিশ্বাস (Delusions, Hallucinations), স্বপ্নাচ্ছন্নবৎ (Dream, as if in a), বিমূঢ়ভাব বা অনুধাবন কষ্টকর (Dullness), মানসিক পরিশ্রমে বৃদ্ধি (Exertion agg. from mental), বোকার ন্যায় ব্যবহার (Foolish behavior), ভুলিয়া যায় (Forgetful), অমনোযোগী (Heedless), ভুল করে (Mistakes), পড়তে অনিচ্ছা (Reading averse to), চিনতে পারে না (Recognize does not), সংজ্ঞা (Senses), ইন্দ্রিয় শক্তির মন্থরতা (Torpor), কিছুই লক্ষ্য করে না (Unobserving), মানসিক কর্মে অনিচ্ছা (Work, aversion to mental) ইত্যাদি।

(৪) স্মৃতিশক্তি (Memory) সম্পর্কীত লক্ষণের উদাহরণ ঃ-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর মানসিক অধ্যায় দেখুন)

স্মৃতিশক্তি ক্রিয়াশীল (Memory active), দূর্বল স্মৃতিশক্তি (Memory weakness of), বিস্মৃতিপরায়ণ (Forgetful) ইত্যাদি।

(৫) ) স্বপ্ন (Dreams) ও নিদ্রা (Sleep) সম্পর্কীত লক্ষণের উদাহরণ ঃ-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর নিদ্রা/স্বপ্ন অধ্যায় দেখুন)

স্বপ্ন (Dreams)-

উদ্ভট (Absurd), দূর্ঘটনা বিষয়ক (Accidents), প্রণয় সম্পর্কিত (Amorous), ক্রোধ সম্পর্কীত (Anger), জীবজন্তু (Animals), উৎকন্ঠাকর (Anxious), যুদ্ধক্ষেত্রের (Battles), কাল কাল মূর্তির (Black forms), বিষয় কর্মের (Business, of), কর্মব্যস্ততার (Bussy), বিড়ালের (Cats), বিশৃঙ্খল (Confused), বিপদের (Danger), অন্ধকারের (Darkness), মৃতব্যক্তি সম্বন্ধে (Dead, of the), মৃত দেহ সম্বন্ধে (Dead bodies), মৃত্যু সম্বন্ধে (Death, of),

রোগের (Disease), কুকুরের (Dogs), জলে ডোবার (Drowning), পূর্বের ঘটনার (Events, previous), অবাস্তব (Fantastic), যুদ্ধ সম্বন্ধীয় (Fights), আগুনের (Fire), মাছ ধরার (Fishing), উড়ে যাওয়ার (Flying), ফুলের (Flowers), ভীতিকর (Frightful), শবের অন্ত্যেষ্টিক্রিয়ার (Funerals), ভুতপ্রেতের (Ghosts, spectres), কবরের (Graves), ঘোড়ার (Horses), শিকার করার (Hunting), অপমানের (Insults), দূরদেশ ভ্রমণের (Journey), ছুড়ির (Knives), মানসিক পরিশ্রমের (Mental exertion), ইন্দুরের (mice), দুর্ভাগ্যের (Misfortune, of), টাকার (Money), দানবের (Monsters), হত্যার (Murder), খুন হওয়ার (Murdered, of being), ভয়ঙ্কর দুঃস্বপ্নের (Nightmare), সুখকর (Pleasent), ঝগড়ার (Quarrels), দাঙ্গা হাঙ্গামার (Riots), দস্যুর (Robbers), বিষাদময় (Sad), সর্পের (Snaks), ঝড়ের (Storms), অপ্রীতিকর (Unpleasant), জলের (Water), জলে সাতার কাটার (Water, swimming), বিবাহের (Wedding), ক্রন্দনের (Weeping) ইত্যাদি।

নিদ্রা (Sleep)-

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর নিদ্রা অধ্যায় দেখুন)

উৎকণ্ঠিত (Anxious), বিশ্রী (Bad), আচ্ছন্নবৎ (Comatose), গভীর (Deep), বাধাপ্রাপ্ত (Disturbed), তন্দ্রাভিভূত থাকা (Dozing), ভারী (Heavy), অপ্রচুর (Insufficient), বাধাপ্রাপ্ত (Interrupted), কষ্টদায়ক (Oppressive), প্রগাঢ় নিদ্রা (Profound), দীর্ঘকাল স্থায়ী (Prolonged), অস্থির (Restless), অর্ধ সজ্ঞান (Semiconscious), ক্ষণস্থায়ী (Short), ঘুম ঘুম ভাব (Sleepiness), নিদ্রাহীনতা (Sleeplessness), নাক ডাকা (Snoring), অতৃপ্তিকর (Unrefreshing), জেগে থাকে (Waking), ইত্যাদি।

(খ) সর্বাংগিণ দৈহিক লক্ষণের **(Physical General)** উদাহরণ ঃ-

(১) বাহ্যিক উত্তেজনায় প্রতিক্রিয়া (Reaction due to external condition) ঃ

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

সময়গত (Time)

দিবাভাগে (Daytime), প্রাতে (Morning), পূর্বাহ্নে (Forenoon), মধ্যাহ্নে (Noon), অপরাহ্নে (Afternoon), সন্ধ্যাকালে (Evening), রাত্রে (Night), মধ্যরাত্রে (Midnight)।





আবহাওয়া ও তাপমাত্রা (Weather and Temperature)

আবহাওয়ার পরিবর্তনে (Change of weather), শুষ্ক আবহাওয়া (Dry weather), পরিষ্কার আবহাওয়া (Clear weather), মেঘলা আবহাওয়ায় (Cloudy weather), শীতল শুষ্ক আবহাওয়া (Cold dry weather), শীতল শুষ্ক আবহাওয়া (Cold dry weather), শীতল আর্দ্র আবহাওয়া (Cold wet weather), কুয়াসাচ্ছন্ন আবহাওয়া (Foggy weather), উত্তপ্ত আবহাওয়ায় (Hot weather), ঝড়ো আবহাওয়ায় (Stormy weather), খারাপ আবহাওয়া (Weather bad), উষ্ণ আর্দ্র আবহাওয়া (Warm wet weather), আর্দ্র আবহাওয়ায় (Wet weather), বায়ুপ্রবাহপূর্ণ ও ঝড়ো আবহাওয়া (Windy and stormy weather), বৃষ্টিপূর্ণ আবহাওয়া (Rainy weather), ঝড়-বজ্র আবহাওয়া (Thunder storm or Storm), শীতল স্নানে (Bathing cold), ঠান্ডায় (Cold in general), ঠান্ডা বাতাসে (Cold air), ঠান্ডা লাগালে (Cold becoming), ঠান্ডা বাতাসে (Cold air), দেহের কোন অংশ ঠান্ডা লাগালে (Cold /becoming/a part of body), ঠান্ডা ও গরমে (Cold/heat and cold), ঠান্ডা স্থানে প্রবেশ করলে (Cold/place, entering a), ঠান্ডা লাগার প্রবণতা (Cold/tendency to take), উষ্ণতায় (Warm in general), উষ্ণ বাতাসে (Warm air), উষ্ণ খোলা বাতাস লাগালে (Warm becoming, in open air), উষ্ণ শয্যায় (Warm bed), উষ্ণ ঘরে (Warm room), ষ্টোভের গরমে (Warm stove), উষ্ণ আবরণে (Warm wraps) ইত্যাদি।

ঋতুবিষয়ক (Seasons)

শরৎকালে (Autumn), গ্রীষ্মকালে (Summer, in), বর্ষা (Rainy Wet), বসন্তকালে (Spring), শীতকালে (Winter) ইত্যাদি।

অমাবস্যা-পূর্ণিমা (New moon, Full moon)

অমাবস্যা (New moon), পূর্ণিমায় (Full moon), চন্দ্রালোকে (Moonlight)।

চাপন, নড়াচড়া, ভ্রমণ, বিশ্রাম বা পরিশ্রম ইত্যাদি

দৈহিক পরিশ্রম (Exertion physical), ঝাঁকুনি লাগা (Jar, stepping), সঞ্চালনে (Motion), চাপন (Pressure), বিশ্রাম (Rest),

ঘর্ষণে বা মর্দণে (Rubbing), দৌড়ালে (Running), হাঁটলে (Walking)।

স্নান বিষয়ক (Bathing)

স্নানে ভয় (Bathing dread of),, স্নানে বৃদ্ধি (Bathing agg), স্নানে উপশম (Bathing amel), স্নান/আক্রান্ত অংগে জল দিলে উপশম (Bathing/the affected part amel), স্নান/ ঠান্ডা জলে স্নানে বৃদ্ধি (Bathing/cold agg), স্নান/ঠান্ডা জলে স্নানে উপশম (Bathing/cold amel), স্নান/ ঠান্ডা জল লাগার ইচ্ছা (Bathing/cold desire for), সমুদ্র স্নানে বৃদ্ধি (Bathing/sea agg)।

(২) বিশেষ অনুভূতি (Sensation)

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

বল থাকার অনুভূতি (Ball), বন্ধনী থাকার অনুভূতি (Band), বুদবুদ উঠার অনুভূতি (Bubbling), খাঁচার মধ্যে থাকার অনুভূতি (Caged), পোকা হাঁটার অনুভূতি (Crawling), পোকা হাঁটার অনুভূতি (Formication), বহিরাগত পদার্থ (Foreign bodies), প্রসারণ (Expansion), পূর্ণতাবোধ (Full feeling), চুল থাকার অনুভূতি (Hair, sensation of a), উত্তাপের ঝলকা বোধ (Heat flushes), ভারবোধ (Heaviness), গাঁট গাঁট অনুভূতি (Knotted sensation), কাঁটা ফোটানোর মতো (Prickling), দপদপ করা বা স্পন্দিত হওয়া (Pulsation), অসাড়তা (Numbness), সংবেদনশীলতা বা অত্যনুভূতি (Sensitiveness), বন্ধ হয়ে গেছে এমন অনুভূতি (Stagnated), ), ছোট হয়ে যাওয়া (Shortened), গুলির আঘাতের ন্যায় অনুভূতি (Shot), শিহরিত হয় (Quivering), থর থর কম্পন (Shuddering), ছোট হয়েছে মনে করে (Smaller, sensation), রক্ত বয়ে চলার অনুভূতি (Streaming of blood), শক্তি বৃদ্ধির অনুভূতি (Strength), ফোলা অনুভূতি (Swollen), টানবোধ (Tension), সুতা থাকার অনুভূতি (Threads), কম্পন (Trembling), ফোঁটা ফোঁটা গড়িয়ে পড়ার অনুভূতি (Tricking sensation like drops), শিথিলতা (Relaxation), অভ্যন্তরের অঙ্গে জলের ধাক্কা লাগার অনুভূতি (Water, dashing),





ঢেউয়ের ন্যায় অনুভূতি (Wavelike sensations), ত্বকের নিচে পোকা থাকার অনুভূতি (Worms under the skin sensation)।

(৩) স্ত্রী পুরুষসম্বন্ধীয় বা যৌন সম্পর্কীয় লক্ষণ ও মাসিক সম্পর্কীয় হ্রাস বৃদ্ধি

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ ও জননেন্দ্রিয় অধ্যায় দেখুন)

সঙ্গমকালে (Coition during), সঙ্গমের পরে (Coition after), শুক্রপাতে (Emissions), ঋতুস্রাবের পূর্বে (Menses before), ঋতুস্রাবের প্রারম্ভে (Menses at beginning of), ঋতুস্রাবের সময় (Menses during), ঋতুস্রাবের পরে (Menses after ) যৌনক্রিয়া (Sexual)।

(৪) খাদ্য ও পানীয় সম্বন্ধীয় লক্ষণ ও হ্রাস বৃদ্ধি

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

মদ্য জাতীয় উত্তেজক পদার্থে (Alcoholic stimulants), প্রাতরাশের পর (Breakfast, after), উপবাস কালে (Fasting while), বিবিধ প্রকার খাদ্যে ও পানীয়ে হ্রাস-বৃদ্ধি (Foods < >), আহার (Eating), অনশন থাকা (Starving), মদ্য (Wine)।

(৫) ঘর্ম সংক্রান্ত লক্ষণ, কম বা বেশী, ঘর্মের বৈশিষ্ট্য, ঘর্মে হ্রাস-বৃদ্ধি

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ ও ঘর্ম অধ্যায় দেখুন)

ঘর্মে উপশম হয় না (Perspiration gives no relief), ঘর্মে উপশম হয় (Perspiration amel), ঘর্মের পর বৃদ্ধি (Perspiration after agg), ঘর্মের পর উপশম (Perspiration after amel), ঘর্ম চাপা পড়া (Perspiration suppression of), ঘর্মের বিভিন্ন লক্ষণ, দেখুন- কেন্ট রেপার্টরী পৃষ্ঠা ১২৯৩।

(৬) দেহের পার্শ্ব, ডান বা বাম বা আড়াআড়ি

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

দেহের একপাশে উপসর্গ (Side, symptoms on one side), পার্শ্ব পরিবর্তনশীল (Side/alternating sides), আড়াআড়ি - বাম উর্ধ্বাঙ্গ এবং ডান নিম্নাঙ্গ (Side/crosswise, left upper and right lower), আড়াআড়ি- বাম নিম্নাঙ্গ এবং ডান উর্ধ্বাঙ্গ (Side/crosswise, left lower and right upper), ডান পার্শ্ব (Side/right), ডান পার্শ্ব

তারপরে বাম পার্শ্ব (Side/right/then left), বাম পার্শ্ব (Side/left), বাম পার্শ্ব তারপরে ডান পার্শ্ব (Side/left/then right)।

(৭) সর্বাংগিণ দৈহিক বিবিধ লক্ষণাবলী

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

বেদনায় স্বল্পানুভূতি (Analgesia), উৎকন্ঠা, সর্বাংগিণ, দৈহিক (Anxiety, general, physical), উপরে উঠলে (Ascending), পোষাক সম্পর্কীত (Clothing), কোষ্ঠবদ্ধতায় উপশম (Constipation amel), আকুঞ্চন (Constriction), সঙ্কোচন (Contraction), সম্পূর্ণ বিপরীত (Contradictory and alternating states), আক্ষেপ (Convulsions), আক্ষেপিক অঙ্গ সঞ্চালন (Convulsive movements), জনপূর্ণ ঘরে (Crowded room), নীচের দিকে নামলে (Descending), উদগারে (Eructations), পালকের শয্যায় (Feather bed), জৈব তরল পদার্থ (Fluids), আক্রান্ত অঙ্গে হাত রাখা (Hand, laying on), শয্যা কঠিন (Hard bed), উত্তাপ (Heat), উত্তপ্ত হলে (Heated), উচ্চস্থানে (High places), ক্ষুধা হতে (Hunger, from), উত্তেজনা প্রবণতা (Irritability), ঝাঁকি দিয়ে উঠা (Jerking), হাঁটু গেড়ে থাকলে (Kneeling), আলস্য (Lassitude), শুয়ে থাকার প্রবৃত্তি (Lie down), ভারি বোঝা তোলা (Lifting), জৈব তরল পদার্থের ক্ষয় (Loss of fluids), চুম্বক শক্তি (Magnetism), অসুস্থতাবোধ (Malaise), গোলমালে বৃদ্ধি (Noise agg), হস্তমৈথুন হতে পীড়া (Onanism), রক্তের উচ্ছাস (Orgasm of blood), বেদনাসমূহ (Pains), বেদনাহীন উপসর্গে বেদনাপূর্ণ (Painlessness of complaints usually painful), পিয়ানো বাজানো (Playing piano), গোঁজ (Plug), নাড়ী (Pulse), প্রতিক্রিয়া (Reaction), আনন্দোৎসবের পর (Reveling), আরোহণ (Riding), জাগরণে (Rising), ঘরে (Room), সমুদ্র তীর (Seashore), কুঞ্চিত হয় (Shrinking), বসলে (Sitting), নিদ্রায় (Sleep), দেহের শ্লথগতি (Sluggishness), ধোঁয়া (Smoke), তুষার-বায়ুতে (Snow-air), দাঁড়ালে (Standing), কুন্থন (Straining), লম্বা টান-টান হওয়া (Stretching), সূর্যালোকে থাকার ফলে (Sun), স্পর্শে (Touch), যে কোন স্পর্শে (Touching), ঝাঁকি দিয়ে উঠা (Twitching),





অপরিচ্ছন্নতায় বৃদ্ধি (Uncleanliness agg), অনাচ্ছদনে (Uncovering), পোষাক ছাড়লে (Undressing), খিলান করা ছাদ বা ভূগর্ভস্থ কক্ষে বৃদ্ধি (Vaults, cellars), বমন (Vomiting), জাগরণে (Waking), ধৌতকরণ (Washing), দুর্বলতা (Weakness, enervation), ক্লান্তি (Weariness), ভিজিয়ে ফেলা (Wet), বায়ু প্রবাহ (Wind), ক্ষত (Wounds) ইত্যাদি।

বয়স ও দৈহিক আকৃতি - মাতৃ স্তনদুগ্ধ পায়ী শিশু (Nursing), বৃদ্ধ ব্যক্তি (Old people), মোটা লোক (Fat), খর্বতা (Dwarfishness), কৃশ ব্যক্তি (Lean people), মেদ প্রবণতা (Obesity), অকাল বার্দ্ধক্য (Old age,premature)।

স্রাব (Discharges)- যে কোন রেপার্টরীর বিভিন্ন অধ্যায় দেখুন।

মাসিকের ইতিবৃত্ত (Menstrual State)- যে কোন রেপার্টরীর স্ত্রী জননেন্দ্রিয় অধ্যায় দেখুন।

বিশেষ ইন্দ্রিয় (Special senses)- যে কোন রেপার্টরীর স্বাদ, দৃষ্টিশক্তি, শ্রবনশক্তি, নাসিকার ঘ্রানশক্তি, চর্ম সংশ্লিষ্ট অধ্যায় দেখুন।

অবস্থান পরিবর্তনে (Change of position)

(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)

অবস্থান পরিবর্তনে/বৃদ্ধি (Change of position/agg), অবস্থান পরিবর্তনে/ উপশম (Change of position/amel), শুয়ে থাকলে/বৃদ্ধি (Lying/agg), শুয়ে থাকলে/উপশম (Lying/amel), শুয়ে থাকার পরে বৃদ্ধি (Lying after/agg), শুয়ে থাকার পরে উপশম (Lying after/amel), শুয়ে থাকা/উপুড় হয়ে উপশম (Lying/abdomen, on, amel), শুয়ে থাকা/চিৎ হয়ে শুলে বৃদ্ধি (Lying/back, on, agg), শুয়ে থাকা/চিৎ হয়ে শুলে উপশম (Lying/back, on, amel), শুয়ে থাকা/শয্যায় শয়নে বৃদ্ধি (Lying/bed, in, agg), শুয়ে থাকা/শয্যায় শয়নে উপশম (Lying/bed, in, amel), শুয়ে থাকা/এক পাশে চেপে শয়নে বৃদ্ধি (Lying/side, on, agg), শুয়ে থাকা/এক পাশে চেপে শয়নে উপশম (Lying/side, on, amel), শুয়ে থাকা/ডান পাশে চেপে শয়নে বৃদ্ধি (Lying/ side, on, right, agg), শুয়ে থাকা/বাম পাশে চেপে

শয়নে বৃদ্ধি (Lying/ side, on, left, agg), শুয়ে থাকা/বেদনাযুক্ত পার্শ্বে শয়নে বৃদ্ধি (Lying/ side, on, painful/ agg), শুয়ে থাকা/বেদনাযুক্ত পার্শ্বে শয়নে উপশম (Lying/ side, on, painful/amel), শুয়ে থাকা/বেদনাশূন্য পার্শ্বে শয়নে বৃদ্ধি (Lying/ side, on, painless/agg), শুয়ে থাকা/বেদনাশূন্য পার্শ্বে শয়নে উপশম (Lying/ side, on, painless/amel) ।

(৮) লক্ষণের আগমন ও তিরোধানের গতি-প্রকৃতি (Appear and disappear)
(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় দেখুন)
পর্যায়বৃত্তি বা পর্যায়ক্রমে রোগাক্রমন (Periodicity), পর্যায়বৃত্তি/বাৎসরিকভাবে (Periodicity/annually), পর্যায়বৃত্তি/উপসর্গ দিনের একটি নির্দিষ্ট ঘন্টায় ফিরে আসে (Periodicity/complaints return at same hour), পর্যায়বৃত্তি/প্রতিদিন একই সময়ে স্নায়ুর বেদনা (Periodicity/neuralgia everyday at same hour), পর্যায়বৃত্তি/সপ্তম দিবস (Periodicity/seventh day), পর্যায়বৃত্তি/চর্তুদশ দিবস (Periodicity/fourteenth day), পর্যায়বৃত্তি/একবিংশ দিবস (Periodicity/twenty-first day), পর্যায়বৃত্তি/অষ্টবিংশ দিবস (Periodicity/twenthy-eighth day) ।
বেদনা ধীরে ধীরে প্রকাশ পায় (Pain/appear gradually), বেদনা ধীরে ধীরে প্রকাশ পায় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয় (Pain/appear gradually and disappear gradually), বেদনা ধীরে ধীরে প্রকাশ পায় এবং অকস্মাৎ অন্তর্হিত হয় (Pain/appear gradually and disappear suddenly), বেদনা সহসা উপস্থিত হয় (Pain/appear suddenly), বেদনা সহসা উপস্থিত হয় এবং সহসা অন্তর্হিত হয় (Pain/appear suddenly and disappear suddenly), বেদনা সহসা উপস্থিত হয় এবং ধীরে ধীরে অন্তর্হিত হয় (Pain/appear suddenly and disappear gradually), বেদনা স্থান পরিবর্তন করে (Pain/wandering, Pain/shifting) ।

গ) আংগিক লক্ষণ **(Particular Symptoms)** - যে কোন রেপার্টরীর সংশ্লিষ্ট আংগিক অধ্যায় দেখুন ।





ঘ) নিদানগত পর্যবেক্ষণ **(Objective of Pathology)**
(বি.দ্র. - ওষুধ তালিকার জন্য রেপার্টরীর সাধারণ লক্ষণ অধ্যায় ও বিভিন্ন আংগিক অধ্যায় দেখুন)
বড় ফোড়া (Abscesses), রক্তাল্পতা (Anaemia), সন্যাস রোগ (Apoplexy), মেদময় অর্বুদ (Atheroma), শুষ্কতা (Atrophy), বাহ্য অঙ্গের কৃষ্ণবর্ণতা (Blackness), ভঙ্গুর (Brittle bone), থেতলে যাওয়া (Bruises), পুড়ে যাওয়া (Burns), ক্যান্সার (Cancerous affection), অস্থিক্ষত (Caries of bone), নিস্পন্দ বায়ুরোগ (Catalepsy), সর্দি (Catarrh), হরিৎপাণ্ডুরোগ (Chlorosis), নর্তন রোগ (Chorea), হিমাঙ্গ অবস্থা (Collapse), রক্ত সঞ্চয় (Congestion ), নীলকৃষ্ণ রোগ (Cynosis), রক্তস্রাবী নাড়ীসমূহের বিস্তৃতি (Distention, blood vessels), শোথ (Dropsy), রক্তের স্ফুটন (Ebullition), শীর্ণতা (Emaciation), অস্থিবৃদ্ধি (Exostoses), মূর্চ্ছাকল্পতা (Faintness), নালীক্ষত (Fistula), থলথলে (Flabby), ভঙ্গুর (Frail), গ্যাংগ্রিন (Gangrene), নাসা দূষিকা (Glanders), গনেরিয়া (Gonorrhoea), রক্তস্রাব (Haemorrhage), (Hardness), হিষ্টেরিয়া (Hysteria), কঠিনতা (Indurations), প্রদাহ (Inflammation), আঘাত (Injuries), কামলা রোগ (Jaundice), রক্তে শ্বেতকণিকার আধিক্য (Leukaemia), হামের পরবর্তী অবস্থা (Measles, after), রোগান্তর প্রাপ্তী (Metastasis), শ্লেষ্মাক্ষরণ (Mucous secretions), অস্থিক্ষত (Necrosis bones), অস্থিগুল্ম (Nodosities), ভগ্ন অস্থি জোড়া না লাগা (Non-union of bones), পক্ষাঘাত (Paralysis), রক্তে লাল রক্ত কনিকার আধিক্য হেতু অসুস্থতা (Plethora), পলিপাস (Polypus), স্কার্লেট জ্বর (Scarlet fever), স্কার্ভি (Scervy), সেপ্টিসিমিয়া (Septicaemia), অভিঘাত (Shocks), শ্লথগতিতে ভগ্ন অস্থি জোড়া লাগে (Slow repair of broken bones), কোমলতাপ্রাপ্তী অস্থির (Softening bones), দৃঢ়তা (Stiffness), কুঁজো হয়ে চলা (Stoop shouldered), পুজোৎপত্তি (Suppuration), স্ফীতি (Swelling), সাইকোসিস (Sycosis), সিফিলিস (Syphilis), থ্রম্বোসিস (Thrombosis), অর্বুদ (Tumours), ক্ষত (Ulcers), টিকা দেয়ার পর (Vaccination, after), শিরাস্ফীতি (Varicose veins) ইত্যাদি ।

বিষক্রিয়া - আর্সেনিক বিষাক্ততা (Arsenical poisoning), মাতালদের পীড়া (Drunkards), জীবজন্তুর বিষের টিকা (Inoculation with animal poison), নেশা করার পরবর্তী অবস্থা (Intoxication, after), লৌহের অপব্যবহার (Iron, after abuse of ), সীসকের কুফল (Lead, Chronic effects of ), পারদের অপব্যবহার (Mercury, abuse of), নিদ্রাকারক ওষুধে (Narcotics), কুইনিন কুফল (Quinine, abuse of), সিলিকা (Silica), পাথর কর্তনকারীর জন্য (Stone-cutters), সালফারের অপপ্রয়োগ (Sulphur, abuse of), তামাকের প্রকোপ (Tobacco)।

তথ্যপঞ্জি ও কৃতজ্ঞতা স্বীকার ঃ -

এই অধ্যায় রচনায় কেন্ট, বরিক, রবিন মারফি, স্ক্রয়েন্স, রজার ভন জ্যান্ডভর্ট রচিত রেপার্টরী সমূহ সহ বিভিন্ন রেপার্টরী, মডার্ন হোমিওপ্যাথিক পাবলিকেশন কর্তৃক অনুবাদকৃত কেন্ট রেপার্টরীর বাংলা অনুবাদ, ন্যাশনাল হোমিও ল্যাবরেটরী কর্তৃক অনুবাদকৃত বোরিক মেটেরিয়া মেডিকা এন্ড রেপার্টরীর বাংলা অনুবাদ, প্রফেসর ডাঃ ডি তরফদার রচিত রেপার্টরী এক্সপ্লেইনড, প্রফেসর ডাঃ নিরঞ্জন মোহান্তি রচিত এ টেক্সট বুক অব হোমিওপ্যাথিক রেপার্টরী, ডাঃ রমনলাল প্যাটেল রচিত দি আর্ট অব কেইস টেকিং এন্ড প্র্যাকটিক্যাল রেপার্টরাইজেশান ইন হোমিওপ্যাথি, ডাঃ ঋতু অরোরা রচিত স্টাডি অব রেপার্টরী, ডাঃ পরেশচন্দ্র সরকার রচিত হোমিওপ্যাথিক চিকিৎসাবিজ্ঞান ও আরোগ্যকলা, ডাঃ এম এম আবুল মনসুর ও ডাঃ গুরুদাস সরকার রচিত হোমিওপ্যাথির নিয়মনীতি, ডাঃ বিজয়কুমার বসু রচিত চিররোগের প্রকৃতি ও তাহার চিকিৎসা, ডাঃ রাধারমণ বিশ্বাস রচিত বাইওকেমিক কম্পারেটিভ মেটেরিয়া মেডিকা, প্র্যাকটিস ও রেপার্টরী, ডাঃ শ্রী ত্রিগুণানাথ বন্দ্যোপাধ্যায় রচিত অর্গানন অফ মেডিসিন হানেমান , ডাঃ এইচ. সি. এলেন রচিত কিনোটস অব লিডিং রেমিডিস (বাংলা অনুবাদ প্রকাশক ইকনমিক হোমিও ফার্মেসী), ডাঃ এস, পি, দে রচিত হোমিও সাথী, কেন্টস ফিলসফি, হোমপ্যাথ কম্পিউটার প্রোগ্রাম, কারা কম্পিউটার প্রোগ্রাম, রাডার কম্পিউটার প্রোগ্রাম, এবং দেশী বিদেশী বিভিন্ন পুস্তক থেকে সহযোগিতা নেয়া হয়েছে, তাদের সকলের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি।



# ২য় খন্ড

নিম্নলিখিত রেপার্টরী সমূহের গঠন কৌশল, আকর্ষণীয় বৈশিষ্ট্য, সুবিধা, সীমাবদ্ধতা, ব্যবহার পদ্ধতি ও রেপার্টরীকরণ

- বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক
  সম্পাদনায় টি. এফ. এলেন
- বোনিংহাউসেন ক্যারেক্টারিষ্টিক রেপার্টরী
  রচনায় সি. এম. বোগার
- রেপার্টরী অব হেরিং গাইডিং সিম্পটম্পস
  রচনায় কেলভিন বি. নার
- বোরিক রেপার্টরী
  রচনায় উইলিয়াম বোরিক
  পুনঃ সম্পাদনা ও তথ্য সংযোজন করেছেন অস্কার ই. বোরিক
- রেপার্টরী অব দি হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা
  রচনায় জে. টি. কেন্ট
- সিন্থেটিক রেপার্টরী
  রচনায় এইচ. বার্থেল ও ডব্লিউ. ক্লুঙ্কার
- সিন্থেসিস
  সম্পাদনায় ফ্রেডরিক স্ক্রয়েন্স
- হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী
  রচনায় রবিন মারফি
- কমপ্লিট রেপার্টরী
  রচনায় রজার ভ্যান জ্যান্ডভর্ট

# Part II

Construction, Advantages, Disadvantages, Use and Repertorisation of following Repertories:

- Boenninghausen's Therapeutic Pocket Book by T. F Allen
- Boenninghausen's Characteristic Repertory by C.M. Bogar
- Repertory of Herrings guiding symptoms by Calvin B. Kneer
- Boericke's Repertory by William Boericke revised and enlarged by Oscar E. Boericke
- Repertory of the Homoeopathic Materia Medica by J.T. Kent
- Synthetic Repertory Edited by H. Barthel and W. Klunker
- Synthesis Edited by Dr. Frederik Schroyens
- Homeopathic Medical Repertory by Robin Murphy
- Complete Repertory by Roger van Zandvoort

# ৫ম অধ্যায়

## বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক
## BOENNINGHAUSEN'S THERAPEUTIC POCKET BOOK.

### রেপার্টরী রচনায় ও হোমিওপ্যাথির উন্নয়নে বোনিংহাউসেনের অবদান

বোনিংহাউসেনের পূর্ণনাম Baron Clemens Maria Franz von Boenninghausen। বোনিংহাউসেন ১৮৩০ সাল হতে হ্যানিম্যানের মৃত্যুর পূর্ব পর্যন্ত হ্যানিম্যানের সংস্পর্শে থেকে হ্যানিম্যানের সকল কর্মকান্ডের সাথী ছিলেন। হ্যানিম্যানের সকল রচনাবলী তার অধ্যয়ন করা ছিল। হোমিওপ্যাথিক চিকিৎকদের সদৃশ ওষুধ নির্বাচনের সুবিধার্থে তিনি হোমিওপ্যাথি বিষয়ক অনেক পুস্তক লিখেছিলেন। তার রচিত Repertory of the Antipsoric Medicine প্রথম ১৮৩২ সালে মুদ্রিত অবস্থায় প্রকাশিত হয়। এটি জার্মান ভাষায় লিখিত ছিল এবং এর ভূমিকা সয়ং হ্যানিম্যান লিখেছিলেন। তাই প্রথম পূর্ণাঙ্গ মুদ্রিত রেপার্টরী প্রকাশের কৃতিত্বের জন্য Dr. Boenninghausen কে সম্মান জানানো হয়। ১৮৩৩ সালে বোনিংহাউসেনের An attempt at a Homoeopathic therapy of Intermittent fever, ১৮৩৫ সালে Repertory of the Medicines are not Antipsoric, ১৮৩৬ সালে Relative Kinship of Homoeopathic Medicines প্রকাশিত হয়। বোনিংহাউসেনের হোমিওপ্যাথিক পুস্তক রচনা ও রেপার্টরীতে এ সকল অসামান্য অবদানের জন্য হ্যানিম্যান অত্যন্ত সন্তুষ্ট হয়েছিলেন এবং তার এই সন্তুষ্টি অর্গানন অব মেডিসিন গ্রন্থে লিপিবদ্ধ করেন। অর্গানন অব মেডিসিন গ্রন্থের ১৫৩ নং অনুচ্ছেদের ১০৯ নং পাদটীকায় রেপার্টরীর প্রসংগে হ্যানিম্যান বলেন ঃ- Dr. von Boenninghausen, by the publication of the characteristic symptoms of homoeopathic medicines and his Repertory has rendered a great service to Homoeopathy as well as Dr. J. H. G. Jahr in his hand-book of principal symptoms.

হ্যানিম্যান নিজের চিকিৎসা প্র্যাকটিশের সময় Dr. J. H. G. Jahr এর রেপার্টরীর চেয়ে Dr. von Boenninghausen এর রেপার্টরী অধিক ব্যবহার করতেন। ফলে পরবর্তীকালের রেপার্টরী রচয়িতাগণ বোনিংহাউসেনকে অনুসরণ করেই রেপার্টরী রচনায় অগ্রসর হয়েছিলেন।

বোনিংহাউসেন রেপার্টরী রচনার যে ধারা প্রবর্তন করেন তাকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ধারা (Logical Utilitarian type) বলা হয়। তিনিই প্রথম ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং প্রথার প্রবর্তন করেন। কেন্ট রেপার্টরী প্রকাশের পূর্ব পর্যন্ত তার রচিত রেপার্টরীই সমগ্র বিশ্বের হোমিওপ্যাথ দ্বারা পরম সমাদৃত ছিল। তার সাদৃশ্যতা নিরূপন নীতি (doctrine of analogy) ও সহযোগী লক্ষণের গুরুত্ব নিরূপন নীতি (doctrine of concomitants) অদ্যাবধি গুরুত্বের সাথে ব্যবহৃত হচ্ছে। তার রচিত রেপার্টরীতে দার্শনিক চিন্তা ধারা ও সুচিন্তিত গাঠনিক বৈশিষ্ট্য বিদ্যমান। এছাড়া রেপার্টরী রচনায় অধ্যায়, বিষয়বস্তু এবং রুব্রিক প্রণয়নে পরিচায়ক লক্ষণকে (Guiding principles) অধিকতর গুরুত্ব দিয়ে সজ্জিতকরণের কারণেও তিনি হোমিওপ্যাথির একজন প্রধান দিক নির্দেশক। হোমিওপ্যাথির বিকাশ ও উন্নয়নে হ্যানিম্যানের পরেই বোনিংহাউসেনের স্থান।

হোমিওপ্যাথিক চিকিৎকদের সদৃশ ওষুধ নির্বাচনের সুবিধার্থে তিনি হোমিওবিষয়ক অনেক পুস্তক লিখেন। এরা হল ঃ-

1831 The Cure of Cholera and its Preventatives.
1832 Repertory of the Antipsoric Medicines, with a preface by Hahnemann.
1833 Summery view of the Chief Sphere of Operation of the Antipsoric Remedies and of there Characteristic Peculiarities, as an Appendix to their Repertory.
1833 An attempt at a Homoeopathic Therapy of Intermittent Fever.
1833 Contribution to knowledge of the Peculiarities of Homoeopathic Remedies.
1833 Homoeopathic Diet and Complete Image of a Disease (For the non-professional public).
1834 Homoeopathy, A Manual for the Non-Medical Public.
1835 Repertory of Medicines which are not Antipsoric.





1836 Attempt at Showing the Relative Kinship of Homoeopathic Medicines.
1846 Therapeutic Manual for Homoeopathic Physicians, for use at the sickbed and in the study of the Materia Medica Pura.
1849 Brief Instructions for Non-Physicians as to the Prevention and cure of Cholera.
1853 The Two Sides of the Human Body and Relationships, Homoeopathic Studies.
1853 The Hom. Domestic Physician in Brief Therapeutic Diagnoses, An Attempt.
1860 The Homoeopathic Treatment of Whooping Cough in its various forms.
1863 The Aphorisms of Hippocrates, with Notes by a Homoeopath.
1864 Attempt at a Homoeopathic Therapy of Intermittent and other Fevers, especially for would-be Homoeopaths. Second augmented and revised and revised edition. Part-I. The pyrexy.
Date Unknown - The Lesser Writings.

**Boenninghausen's Therapeutic Pocket Book** এর ঐতিহাসিক পটভূমি ও সম্পাদনা

এই বইটির পূর্ণ নাম Boenninghausen's Therapeutic Pocket Book for Homoeopathic Physicians to use at the bedside and in the study of the Materia Medica.

বর্তমানে বাজারে প্রচলিত বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক নামক রেপার্টরী পুস্তকটি আসলে বোনিংহাউসেন রচিত নিম্নে লিখিত ৪টি পুস্তকের সম্মিলিত রূপ।

1. Repertory of the Antipsoric Medicine (1832).
2. Repertory of the Medicines are not Antipsoric (1835).

3. Relative Kinship of Homoeopathic Medicines (1836).
4. Therapeutic manual for Homoeopathic Physicians (1846).

মূলতঃ ৪নং পুস্তক Therapeutic Manual for Homoeopathic Physicians নামক পুস্তকটির সাথে উপরোক্ত তিনটি পুস্তকের একত্রিত হওয়ার কারণে বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক নামক রেপার্টরী পুস্তকটির সৃষ্টি হয়েছে। আদি পুস্তকটি জার্মান ভাষায় লিখিত হয়েছিল, অজ্ঞাতনামা কোন জার্মান চিকিৎসক সর্বপ্রথম এটাকে ইংরেজী ভাষায় অনুবাদ করেন। ইংরেজী অনুবাদে অনেক ভুলভ্রান্তি থাকার কারণে পরবর্তীতে অ্যামিরিকার Dr. T. F. Allen মূল জার্মান ভাষা হতে ইংরেজীতে অনুবাদ করেন। বোনিংহাউসেনের মূল পুস্তকে ১২৬টি ওষুধ ছিল। টি. এফ. এলেন ৪টি ওষুধ বাদ দেন এবং ২২০টি ওষুধ সংযোজন করেন। বর্তমানে এই পুস্তকটিতে (১২৬ - ৪ + ২২০) ৩৪২টি ওষুধ আছে। এই পুস্তকটি পরবর্তীতে Dr. H. A. Roberts ও Dr. Annie C. Wilson ইহার পুনঃসম্পাদনা করেন। রেপার্টরীর গঠন বৈশিষ্ট্য ও রেপার্টরীর রুব্রিক চয়নের দিক থেকে এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (Logical Utelitarian Type Symptomatic General Repertory) বলা হয়। কেননা এ রেপার্টরীতে প্রুভার বা ওষুধ পরীক্ষাকারীর ভাষা ব্যবহৃত না হয়ে চিকিৎসাগত ভাষা অধিক ব্যবহৃত হয়েছে, চিকিৎসাগত ভাষা সাধারণতঃ স্বল্প পরিসরে রোগীর প্রকাশিত লক্ষণের ভাষার চেয়ে বুৎপত্তিগতভাবে অধিক তাৎপর্য বহন করে।

## বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক রেপার্টরীর গঠন কাঠামো ও অধ্যায় সমুহ

এ পুস্তকটি ২ টি প্রধান অংশে বিভক্ত ঃ-

1. Introduction and Philosophical part বা ভূমিকা ও দার্শনিক অংশ
2. Repertory part বা রেপার্টরী অংশ





**1. Introduction and Philosophical part** বা ভূমিকা ও দার্শনিক অংশ -

পুস্তকের এই প্রথম অংশে আছে অত্যন্ত আকর্ষণীয় মুখবন্ধ, এখানে বোনিংহাউসেনের সংক্ষিপ্ত জীবনী ও প্রকাশিত রচনাবলীর তালিকা, রেপার্টরী কি এবং এর ব্যবহার করার পদ্ধতি, কেইস টেকিং এর মূল বিষয়, পুস্তকের উৎস, পুস্তকের গঠন বৈশিষ্ট্য, পুস্তক রচনার ধারা, ওষুধ মুল্যায়নের পদ্ধতি, বিভিন্ন অধ্যায়ে বর্ণিত বিষয়ের ব্যাখ্যা, পুস্তকের সীমাবদ্ধতা সহ বহুবিধ গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা। পুস্তকে এ অংশটি সংযোজিত হওয়ার কারণে পুস্তকটি ব্যবহারের মূল উদ্দেশ্য পরিস্ফুটিত হয়। এ অধ্যায়টি বার বার অধ্যয়ন করলে হোমিওপ্যাথিক চিকিৎসা সর্ম্পকীত বহুবিধ জ্ঞান অর্জিত হয়।

**2. Repertory part** বা রেপার্টরী অংশ

পুস্তকের প্রধান বিষয়-রেপার্টরী অংশটি এখানে বিভিন্ন অধ্যায়ে বর্ণিত হয়েছে।

রেপার্টরীর অধ্যায় বিন্যাস

বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুকে রেপার্টরী অংশকে প্রথমতঃ ৭টি প্রধান বিভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগকে প্রয়োজনে উপবিভাগে ভাগ করা হয়েছে। এর মধ্যে ২য় বিভাগটিকেই সবচেয়ে বেশী উপবিভাগে ভাগ করা হয়েছে। অধিকাংশ উপবিভাগকে আবার শাখাবিভাগে বিভক্ত করে রেপার্টরী সজ্জিত করা হয়েছে। বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক রেপার্টরীর মূল গঠন কাঠামো ও অধ্যায় বিন্যাস নিম্নে বর্ণিত হল ঃ-

**I.** Mind and Intellect. (The oldest editions give it as Mind and soul). It contains two subchapters and 36 rubrics.
1. Mind.
2. Intellect.

**II.** Parts of the Body and Organs. This group has 17 chapters with 37 subchapters and 847 rubrics.
1. Head – It has 4 sub chapters.
   a) Internal Head.
   b) External Head.
   c) Internal Head Side.
   d) External Head Side.

2. Eyes include 2 subchapters.
   a) Eyes.
   b) Vision.
3. Ears include 2 subchapters.
   a) Ears.
   b) Hearing.
4. Nose includes 2 subchapters.
   a) Nose.
   b) Smell.
5. Face includes 2 subchapters.
   a) Face.
   b) Location of Sensations.
6. Teeth.
7. Mouth.
8. Throat.
9. Mouth and Fauces includes 5 subchapters.
   a) Mouth and Fauces.
   b) Hunger and thirst.
   c) Taste.
   d) Eructation.
   e) Nausea and Vomiting.
10. Abdomen includes 7 subchapters.
   a) Internal Abdomen.
   b) External Abdomen.
   c) Abdomen sides.
   d) Hypochondria sides.
   e) Abdominal Rings.
   f) Flatulence.
   g) Stool.
11. Urinary organs include 3 subchapters.
   a) Urinary Organs.
   b) Urine.
   c) Micturation.





12. Sexual organs include 3 subchapters.
   a) Sexual Organs (Both Male and Female).
   b) Menstruation.
   c) Leucorrhoea.
13. Respiration includes 3 subchapters.
   a) Respiration.
   b) Cough.
   c) Air Passages.
14. External Throat and Neck includes 2 subchapters.
   a) External Throat and Neck.
   b) Neck and Nape of Neck sides.
15. Chest.
16. Back.
17. Extremities includes 2 subchapter
   a) Upper Extremities.
   b) Lower Extremities.

**III.** Sensations and Complaints includes 4 subchapter and 825 rubrics.

1. Sensations.
2. Glands
3. Bones.
4. Skin.

**IV.** Sleep and Dreams includes 3 subchapters and 94 rubrics.

1. Sleep
2. Position in Sleep
3. Dreams.

**V.** Fever includes 2 subchapters and 116 rubrics.

1. Circulation
2. Fevers.

**VI.** Alteration of State of Health includes 2 subchapters and 502 rubrics.

1. Aggravations.
2. Ameliorations.

**VII.** Relationship of Remedies includes 148 Medicines.

Relationship of Remedies অধ্যায় ব্যতীত সমগ্র রেপার্টরী মোট ১+১৭+৪ = ২২টি অধ্যায় এবং ২+৩৭+১১ = ৫০টি শাখা অধ্যায়ে বিভক্ত।

প্রতিটি অধ্যায়, উপঅধ্যায় এবং শাখা অধ্যায়ে বর্ণমালাক্রমিকভাবে বিভিন্ন শিরনাম বা Rubric ব্যবহৃত হয়ে তার বিপরীতে নির্দেশিত ওষুধসমুহ বর্ণমালার ক্রমানুসারে ও গ্রেডিং অনুসারে সজ্জিত করা হয়েছে।

ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং ঃ-

এ রেপার্টরীতে ওষুধসমুহকে তাদের গুরুত্ব অনুযায়ী ৫টি গ্রেডে মূল্যায়ন করা হয়েছে। ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা এই মূল্যায়নের তারতম্য বুঝানো হয়েছে। CAPITAL অক্ষরে বা ইংরেজী বড় অক্ষরে লিখিত ওষুধের মান সর্বাধিক, গাণিতিক মান ৫; **Bold face** অক্ষরে বা ইংরেজী মোটা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ৪ ; *Italics* অক্ষরে বা ইংরেজী বাঁকা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ৩ ; Roman অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ২ ;

Roman in parenthesis বা বন্ধনীর মধ্যে লিখিত ওষুধের গাণিতিক মান ১; Roman in parenthesis ভাবে লিখিত বা বন্ধনীর মধ্যে লিখিত (..........) ওষুধের নাম কেবল মাত্র Relationship অংশে লিখিত হয়েছে। Roman in parenthesis ভাবে লিখিত ওষুধের নাম কেবল মাত্র চিকিৎসকের নজরে আনার জন্য লিখিত হয়েছে, এসকল ওষুধ চিকিৎসা ক্ষেত্রে প্রমাণিত হলে মূল রেপার্টরীতে স্থান পাওয়ার দাবী রাখে।

## বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক এর আকর্ষণীয় দিক

১। এটি হ্যানিম্যানের অনুমোদনকৃত প্রথম প্রকাশিত রেপার্টরী, এটির ভূমিকা সয়ং হ্যানিম্যান লিখেছিলেন। বোনিংহাউসেন হ্যানিম্যানের প্রধান শিষ্য ছিলেন, তিনি হ্যানিম্যানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থেকে এ রেপার্টরী প্রণয়ন করেন। প্রথম প্রকাশিত রেপার্টরীর কৃতিত্বের জন্য এ রেপার্টরীর অবদান সর্বোচ্চ এবং এর ঐতিহাসিক মূল্য





অনেক বেশী। পরবর্তীকালের প্রকাশিত সকল রেপার্টরী কমবেশী এ রেপার্টরীর নিকট ঋণী। জন. এইচ. ক্লার্ক এ রেপার্টরীকে সকল রেপার্টরীর অভিভাবক ও মেটেরিয়া মেডিকার বিশ্লেষণ বলে আখ্যায়িত করেছেন।

২। পুস্তকের প্রথম অংশের মুখবন্ধটি অত্যন্ত আকর্ষণীয়. এখানে বোনিংহাউসেনের সংক্ষিপ্ত জীবনী ও প্রকাশিত রচনাবলীর তালিকা. রেপার্টরী কি এবং এর ব্যবহার করার পদ্ধতি, কেইস টেকিং এর মূল বিষয়, পুস্তকের উৎস, পুস্তকের গঠন বৈশিষ্ট্য, পুস্তক রচনার ধারা, ওষুধ মুল্যায়নের পদ্ধতি, বিভিন্ন অধ্যায়ে বর্ণিত বিষয়ের ব্যাখ্যা, পুস্তকের সীমাবদ্ধতা সহ বহুবিধ গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা প্রথমে করার কারণে পুস্তকটি ব্যবহারের মূল উদ্দেশ্য পরিস্ফুটিত হয়। এই অধ্যায়টি বার বার অধ্যয়ন করলে হোমিওপ্যাথিক চিকিৎসার বহুবিধ জ্ঞান অর্জিত হয়।

৩। এটি হ্যানিম্যানের স্কিম অনুযায়ী অর্থাৎ মন অধ্যায় হতে শুরু করে দেহের বিভিন্ন অংশ পর্যায়ক্রমে লিখিত হয়েছে। লক্ষণের অবস্থান, পার্শ্ব, অনুভূতি, হ্রাস-বৃদ্ধি, আনুষঙ্গিক লক্ষণাবলী ইত্যাদি যতটা সম্ভব বর্ণমালাক্রমিকভাবে বর্ণিত হয়েছে।

৪। এ রেপার্টরীতে প্রুভার বা সংশ্লিষ্ট চিকিৎসকের মূলভাষা ব্যবহৃত না হয়ে লক্ষণের মূলকথা বা চিকিৎসাগত ভাষা অধিক বর্ণিত হয়েছে, রুব্রিক রচনায় এই কৌশল বুৎপত্তিগতভাবে অধিক তাৎপর্য বহন করে, সে জন্য এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (General Repertories of Logical Utilitarian type) বলা হয়।

৫। ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং - এই রেপার্টরীতে ওষুধসমুহকে তাদের গুরুত্ব অনুযায়ী ৫টি গ্রেডে মূল্যায়ন করা হয়েছে। ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা এই মূল্যায়নের তারতম্য বুঝানো হয়েছে। CAPITAL অক্ষরে বা ইংরেজী বড় অক্ষরে লিখিত ওষুধের মান সর্বাধিক, গাণিতিক মান ৫; **Bold face** অক্ষরে বা ইংরেজী মোটা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ৪ ; *Italics* অক্ষরে বা ইংরেজী বাঁকা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ৩ ; Roman অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ২ ;

Roman in parenthesis বা বন্ধনীর মধ্যে লিখিত ওষুধের গাণিতিক মান ১; Roman in parenthesis ভাবে লিখিত বা বন্ধনীর মধ্যে লিখিত (..........) ওষুধের নাম কেবল মাত্র Relationship অংশে লিখিত হয়েছে। বোনিংহাউসেন সর্ব প্রথম ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং প্রথার প্রবর্তন করেন।

৬। এ রেপার্টরীর হ্রাস-বৃদ্ধি অধ্যায়টি অত্যন্ত তথ্য সমৃদ্ধ।

৭। এ রেপার্টরীর Relationships অধ্যায়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বহু খ্যাতনামা চিকিৎসক এ অধ্যায়টির প্রশংসা করতে গিয়ে মন্তব্য করেছেন যে, বোনিংহাউসেন অন্য কিছু না লিখে কেবল এ অধ্যায়টির জন্যই আমাদের মাঝে

চিরস্মরণীয় হয়ে থাকবেন এবং আমাদের সবাইকে ঋণী করে গেছেন। দ্বিতীয় ব্যবস্থাপত্র প্রণয়নে এ অধ্যায়টি অত্যন্ত উপকারী।

৮। Boenninghausen's therapeutic pocket book for Homoeopathic physicians to use at the bedside and in the study of the Materia Medica এর নামকরণের বৈশিষ্ট্য, যেমন - চিকিৎসা কর্ম- Therapeutic; আকার বড় নয়, সে হিসেবে- Pocket Book; চিকিৎসকের সর্বক্ষণের সহকারী হিসাবে- At the bedside; এবং মেটেরিয়া মেডিকার অধ্যয়নের সাহায্যকারী হিসেবে- In the study of Materia Medica; ফলে রেপার্টরীটির নামকরণ অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও দূরদর্শিতার পরিচয় বহন করে।

৯। রেপার্টরীটি সংক্ষিপ্ত হলেও ইংগিতপূর্ণ, কোন কোন ক্ষেত্রে কেন্ট রেপার্টরী হতেও ব্যাপক, ফলে চিকিৎসককে মেটেরিয়া মেডিকা পাঠ করতে আগ্রহী করে তোলে এবং চিকিৎসক মেটেরিয়া মেডিকায় বিশেষ পারদর্শিতা অর্জন করেন।

## বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক এর সীমাবদ্ধতা

১। এই রেপার্টরীতে বিভাগ, অধ্যায় এবং রুব্রিক বিন্যাসে বহু ত্রুটি দেখা যায়।

২। রোগীচিত্রের সদৃশ করার জন্য একই বিভাগ বা অধ্যায় যথেষ্ট নয়, কয়েকটি বিভাগ বা অধ্যায় অনুসন্ধানের পর ওষুধটি প্রাপ্ত হয়। আবার বহু রুব্রিক নির্দিষ্ট বিভাগে স্থান না দিয়ে অন্য বিভাগে স্থান পেয়েছে, একই রুব্রিক বার বার উল্লেখ করা হয়েছে।

৩। মানসিক বিভাগটি অত্যন্ত সংক্ষিপ্ত, তা চিকিৎসকদের সর্ববিধ চাহিদা মেটাতে পারে না।

৪। ওষুধ ও রুব্রিক সংখ্যা স্বল্প, বহু প্রয়োজনীয় ওষুধ ও রুব্রিক অর্ন্তভূক্ত নয়।

৫। ওষুধের গ্রেডিং বহু ক্ষেত্রেই সঠিক নয়।

৬। রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে Location, Sensations, Modalites, Concomitants ইত্যাদি বিষয়গুলোর ধারাবাহিকতা বহু ক্ষেত্রে রক্ষা করা হয়নি। Sensations বিভাগের অধীনে গ্লান্ড, অস্থি ও চর্মকে অর্ন্তভুক্ত করা হয়েছে, যা যুক্তিযুক্ত নয়।

৭। Concomitants বা আনুষঙ্গিক লক্ষণের জন্য আলাদা কোন অধ্যায় রচিত হয়নি।

৮। আধুনিক নব নব আবিষ্কৃত ওষুধ, নোসড, বাওয়েল নোসড, সারকোডিস, ইমপন্ডারেবিলিয়া ইত্যাদি শ্রেণীভূক্ত ওষুধ সমুহ যথাযথ ভাবে অন্তর্ভূক্ত নয়।





৯। বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক পূর্ণাঙ্গ রেপার্টরী নয়, সময়ের পরিক্রমায় এটি এখন পুরাতন দিনের বা সেকেলে ধরনের বা Backdated রেপার্টরী।

*(এ পুস্তকটির কোন বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি।)

## রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুক দ্বারা রেপার্টরীকরণের জন্য সাধারণতঃ হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি অবলম্বন করা হয়। এ পদ্ধতিতে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের পর বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে স্থান (Location), অনুভূতি ও অভিযোগ (Sensation and Complaints), হ্রাস-বৃদ্ধি (Modalities), আনুষংগিক বা সহচর লক্ষণ (Concomitants) এই সুনির্দিষ্ট বিভাগে বিভক্ত করা হয় এবং কারণগত (Causation) লক্ষণকে হ্রাস-বৃদ্ধির অন্তর্গত করে ভাগ করা হয়। তার পর লক্ষণকে রুব্রিক বা লক্ষণ শিরোনামে রূপান্তর করা হয়। রেপার্টরীকরণের সময় আনুষংগিক লক্ষণ ও বিরল লক্ষণকে অধিকতর গুরত্ব দেয়া হয়। রুব্রিক ও সাব-রুব্রিক সমূহকে খাতার উপরে লিখে নেয়া হয় এবং তাদেরকে একটি ক্রমিক নং দেয়া হয়। খাতার বাম পার্শ্বে ওষুধের নাম লেখার জন্য নীচের দিকে যথেষ্ট জায়গা রাখা হয়। একটি টেবিল বা ছক করে বামদিকে ওষুধের নাম লেখা হয়। ওষুধের নামের বিপরীতে ও রুব্রিকের ক্রমিক নং এর নীচে ওষুধের মূল্যমান গ্রেডিং অনুযায়ী গাণিতিক ভাবে লিপিবদ্ধ করা হয়। যে সকল ওষুধ কমপক্ষে ৫০% রুব্রিক পূর্ণ করতে সক্ষম হয়েছে তাদের মানের যোগফল বের করা হয় এবং সর্বোচ্চ মান প্রাপ্ত ও রুব্রিক পুরণকৃত কমপক্ষে ৫টি ওষুধকে রোগীর জন্য প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়। পরিশেষে কোন

ভাল মেটেরিয়া মেডিকা দেখে সর্বাধিক সদৃশ একক ওষুধ রোগীর জন্য ব্যবস্থাপত্র প্রদান করা হয়।

বোনিংহাউসেন থেরাপিউটিক রেপার্টরী ও বোগার-বোনিংহাউসেন ক্যারাক্টারিষ্টিক রেপার্টরী দ্বারা "হ্যানিম্যান-বেনিংহাউসেন পদ্ধতি" অনুসরণ করে রেপার্টরীকরণ অধিকতর সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন* - রেপার্টরীকরণ অধ্যায় - পৃষ্ঠা নং ৩২৩ এবং রেপার্টরীকরণের পদ্ধতি - পৃষ্ঠা নং ৩২৭।



# ৬ষ্ঠ অধ্যায়

## বোগার-বোনিংহাউসেন ক্যারেক্টারিষ্টিক রেপার্টরী

## BOENNINGHAUSEN'S CHARACTERISTIC AND REPERTORY BY C.M. BOGAR.

রেপার্টরী রচনায় সি. এম. বোগারের অবদান

**Dr. Cyrus M. Boger** ছিলেন বিংশ শতাব্দীর প্রথম দিকের হোমিওপ্যাথি চিকিৎসা জগতের একজন খ্যাতনামা চিকিৎসক, আমিরিকায় হোমিওপ্যাথি চিকিৎসার উন্নয়নে তার ছিল অসামান্য অবদান। তার হোমিওপ্যাথিতে ছিল গভীর জ্ঞান এবং ব্যবহারিক চিকিৎসাক্ষেত্রে তার ছিল বিরাট অভিজ্ঞতা। রোগী চিকিৎসাকালে চিকিৎসকবৃন্দ সদৃশ ওষুধ নির্বাচনের সময় কি কি সমস্যার সম্মুখিন হচ্ছেন তিনি সে সর্ম্পকে জ্ঞাত ছিলেন। তিনি বোনিংহাউসেন রেপার্টরীতে বহুবিধ ভুলত্রুটি দেখতে পান এবং যুগের চাহিদা মেটানোর তাগিদে বোনিংহাউসেন রেপার্টরীতে অধিক তথ্য সংযোজনের ও আধুনিকরণের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। তার সময়ে বোনিংহাউসেন রেপার্টরী চিকিৎসকদের মধ্যে গুরত্বের সাথে প্রচলিত ছিল এবং কেন্ট রেপার্টরী চিকিৎসকদের মধ্যে তেমন প্রচলিত ছিলনা। তিনি কেন্ট পদ্ধতির রেপার্টরীর চেয়ে বোনিংহাউসেন পদ্ধতির রেপার্টরীকেই অধিকতর পছন্দ করতেন এবং সে কারণেই তিনি বোনিংহাউসেন পদ্ধতির রেপার্টরীকেই উন্নয়ন ও আধুনিকরণের জন্য নির্বাচন করেন। ফলে বোনিংহাউসেন রেপার্টরীতে তিনি বহু অধ্যায়, বহু রুব্রিক, বহু ওষুধ সংযোজন করেন। তিনি এই রেপার্টরীতে একটি মেটেরিয়া মেডিকাও সংযোজন করেন।

হোমিওপ্যাথিক চিকিৎকদের সদৃশ ওষুধ নির্বাচনের সুবিধার্থে তিনি রেপার্টরী ও হোমিওবিষয়ক অনেক পুস্তক লিখেন। প্রধানতঃ এরা হল ঃ-

1905 - Boenninghausen's Characteristics & Repertory.1141 Pages.( American Ist Publication by Boericke and Tafel. )

1906 - Times of Remedies and Moon phases.
1928 - Bogar's Card Index Repertory.
(বোগার কার্ড রেপার্টরী হোমিওপ্যাথিতে একটি মূল্যবান ও গুরুত্বপূর্ণ কাজ)
1931 - Synoptic Key with Repertory.
1932 - Addition to Kent's Repertory.
(Date Unknown) - A Systematic Alphabetical Repertory of Homoeopathy. 269 Pages.
,, - Colleted Writings ( Edited by Robert Bannan, LCH). 320 Pages.
,, - Boenninghausen's Characteristics & Materia Medica.. 184 Pages.
,, - Study of Materia Medica & Case Taking. 32 Pages.
,, - Studies in the Philosophy of Healing. 124 Pages.
,, - How to find Similimum with Boger's Repertory.

## রেপার্টরী রচনার ঐতিহাসিক পটভূমি ও সম্পাদনা

এই বইটির পূর্ণ নাম Boenninghausen's Characteristics Materia Medica and Repertory। ১৯০৫ সনে এ রেপার্টরীটি প্রথম প্রকাশিত হয় এবং অ্যামিরিকার বিখ্যাত Boericke and Tafel ছিলেন এটার প্রথম প্রকাশক। ১৯৩৮ সনে এটির সংশোধিত ভারতীয় সংস্করণ প্রকাশিত হয়, প্রকাশক ছিলেন ভারতের বোম্বের Roy and Company। পুস্তকটি প্রথমে কেবল রেপার্টরী হিসেবে প্রকাশিত হয়েছিল, পরবর্তীতে পুস্তকটির উপযোগিতা বৃদ্ধি করার জন্য পুস্তকটিতে মেটেরিয়া মেডিকা সংযুক্ত করা হয়। মেটেরিয়া মেডিকা ও রেপার্টরী একত্রে বাঁধাইকৃত হওয়ায় পুস্তকটি দু'খন্ডে বিভক্ত। ১ম খন্ড মেটেরিয়া অংশ এবং ২য় খন্ড রেপার্টরী অংশ।

১ম খন্ড মেটেরিয়া মেডিকা অংশে আছে Habeart G. Roberts ও T.L Bradford এর ভূমিকা, বোনিংহাউসেনের কর্মময় জীবনের সংক্ষিপ্ত পরিচিতি, সি. এম. বোগারের উপক্রমণিকা ও On the use of Repertories, Choosing the Remedy, The Repetition of the Dose, The Homoeopathic Prognosis ইত্যাদি নামের নিবন্ধ এবং মেটেরিয়া মেডিকা।

২য় খন্ড রেপার্টরী অংশে আছে রেপার্টরী ও নির্ঘন্ট বা Concordance যা'তে মূলত ওষুধের সর্ম্পক (Relationship) আলোচিত হয়েছে।





এই রেপার্টরীটির ভূমিকায় সি. এম. বোগার কৃতজ্ঞতার সাথে সে সকল লেখক ও পুস্তকের নাম উল্লেখ করেছেন যাদের কাছ থেকে তিনি সহযোগিতা গ্রহণ করেছেন। তিনি মূলতঃ Boenninghausen's Therapeutic Pocket Book কে ভিত্তি করে এই রেপার্টরী প্রণয়ন করেন, এছাড়াও তিনি সাহায্য গ্রহণ করেন -

1. "Antipsoric", The psoric repertories,
2. The Sides of the Body,
3. "Intermittent fever", "Whooping Cough", and "Domestic Physician"
4. "Aphorisms of Hippocrates"
5. Dr. Carrol Dunham ও
6. Dr. H. N. Guernsey এর কাছ থেকে।

## বোগার-বোনিংহাউসেন রেপার্টরীর গঠন কাঠামো ও অধ্যায় সমূহ

রেপার্টরীর গঠন বৈশিষ্ট্য ও রেপার্টরীর রুব্রিক চয়নের দিক থেকে এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (Logical Utelitarian Type Symptomatic General Repertory) বলা হয়। কেননা এ রেপার্টরীতে প্রুভার বা ওষুধ পরীক্ষাকারীর ভাষা ব্যবহৃত না হয়ে চিকিৎসাগত ভাষা অধিক ব্যবহৃত হয়েছে, চিকিৎসাগত ভাষা সাধারণতঃ স্বল্প পরিসরে বুৎপত্তিগতভাবে অধিক তাৎপর্য বহন করে।

ওষুধের সংখ্যা ঃ- এই রেপার্টরীতে থেরাপিউটিক পকেট বুক হতে অধিক সংখ্যক ওষুধ স্থান পেয়েছে। বোনিংহাউসেনের মূল পুস্তকে ১২৬টি ওষুধ ছিল, টি. এফ. এলেন ৪টি ওষুধ বাদ দেন এবং ২২০টি ওষুধ সংযোজন করেন। বর্তমানে থেরাপিউটিক পকেট বুক পুস্তকটিতে (১২৬ - ৪ + ২২০) ৩৪২টি ওষুধ আছে। বোগার এই রেপার্টরীতে আরও ১৭টি ওষুধ সংযোজন করে তার রেপার্টরী প্রণয়ন করেন, এভাবে বোগার-বোনিংহাউসেন ক্যারেকটারিষ্টিক রেপার্টরীতে সর্বমোট ৩৪২+১৭ = ৩৫৯টি ওষুধ স্থান পেয়েছে। (সংযোজিত ওষুধ গুলি হল- Aloes, Apis, Arg-Nit, Borax, Bromium, Calc-Phos, Fluoric-Acid, Gelsemium, Glonoinum, Kali-bich, Kreosotum, Merc-Cor, Nat-Sulph, Phytolacca, Podophyllum, Psorinum and Tabacum)

ওষুধের গ্রেডিং বা মূল্যায়ন ঃ- এই রেপার্টরীতে ওষুধসমূহকে তাদের গুরুত্ব অনুযায়ী ৪টি গ্রেডে মূল্যায়ন করা হয়েছে । ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা এই মূল্যায়নের তারতম্য বুঝানো হয়েছে । CAPITAL অক্ষরে বা ইংরেজী বড় অক্ষরে লিখিত ওষুধের মান সর্বাধিক, গাণিতিক মান ৪; **Bold face** অক্ষরে বা ইংরেজী মোটা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ৩ ; *Italics* অক্ষরে বা ইংরেজী বাঁকা অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ২ ; Roman অক্ষরে লিখিত ওষুধের গাণিতিক মান ১ বা সর্বনিম্ন ।

অধ্যায় সমুহ ঃ-সমগ্র রেপার্টরীকে ৭টি বিভাগে বিভক্ত করতঃ প্রতিটি বিভাগকে প্রয়োজন অনুসারে বিভক্ত করা হয়েছে । তম্মধ্যে Parts of the Body বিভাগটি সর্ববৃহৎ। প্রতিটি অধ্যায়ে অধিকাংশ ক্ষেত্রে প্রথমে সাধারণ রুব্রিক, তৎপরে সময়, বৃদ্ধি, হ্রাস, সহযোগী লক্ষণ, রুব্রিকের ক্রস রেফারেন্স, বৃদ্ধির ক্রস রেফারেন্স, হ্রাস ক্রস রেফারেন্স, আনুষঙ্গিক লক্ষণ ক্রস রেফারেন্স ইত্যাদি মূল বিষয়ের নাম উল্লেখ করে বর্ণমালার ক্রমানুসারে রুব্রিক সমুহ সজ্জিত করা হয়েছে । প্রতিটি রুব্রিকের বিপরীতে সম্ভাব্য ওষুধ তালিকা বর্ণমালার ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়েছে, এছাড়া ওষুধের মানের গুরুত্ব অনুযায়ী ওষুধ সমুহকে বিভিন্ন প্রকার অক্ষর দ্বারা ছাপা হয়েছে, ফলে ওষুধের মূল্য অনুধাবনে চিকিৎসক বিশেষ সহায়তা লাভ করেন ।

অধ্যায় বিন্যাস নিম্নরূপ ঃ-

**I. MIND AND SENSORIUM**

**1. MIND**

General Rubrics, Time, Aggravation. Amelioration. Concomitants. Cross Ref of rubrics, Cross Ref of Aggravation.

**2. SENSORIUM**

General Rubrics, Aggravation. Amelioration.

**II. PARTS OF BODY**

**1. HEAD**

Vertigo

General Rubrics, Time, Aggravation. Amelioration. Concomitants





Cross Ref. of Aggravation. Cross Ref. of Concomitants.

Head Internal

General Rubrics, Time, Aggravation. Amelioration. Cross Ref. of Rubrics.

Head External

General Rubrics, Time, Aggravation. Amelioration. Cross Ref.

**2. EYE**

Eyes - Rubrics, Cross Ref.
Eyebrows- Rubrics, Cross Ref.
Orbits - Rubrics, Cross Ref.
Eyelids - Rubrics, Cross Ref.
Canthi - Rubrics, Time, Aggravation. Amelioration.

**3. EYE VISION**

Rubrics, Time, Aggravation. Amelioration.

**4. EARS**

Ears- General Rubrics.
Hearing–General Rubrics, Time, Aggravation. Amelioration.

**5. NOSE**

Nose - General Rubrics.
Smell- Time, Aggravation. Amelioration.
Coryza - Time, Aggravation. Amelioration. Concomitants.

**6. FACE**

Face - General Rubrics.
Lips - General Rubrics.
Lower Jaw and Maxillary Joints - General Rubrics.
Chin - General Rubrics.
Time. Aggravation. Amelioration.

**7. TEETH**

Teeth - General Rubrics.
Gumes - General Rubrics.
Time, Aggravation. Amelioration. Concomitants.

**8. MOUTH**

Mouth- General Rubrics.
Palate- General Rubrics.
Throat and Gullet - General Rubrics.
Saliva - General Rubrics.
Tongue - General Rubrics.
Time, Aggravation, Amelioration.

**9. APPETITE**

General Rubrics.

**10. THIRST**

General Rubrics. Time.

**11. TASTE**

General Rubrics. Time, Aggravation. Amelioration.

**12. ERUCTATION**

General Rubrics. Time, Aggravation, Amelioration.

**13. WATER BRASH, HEART BURN.**

General Rubrics. Time, Aggravation.

**14. HICCOUGH**

General Rubrics. Time, Aggravation, Amelioration.

**15. NAUSEA AND VOMITING**

General Rubrics. Time, Aggravation, Amelioration.
Concomitants. Cross Ref. Aggravations cross Ref.

**16. STOMACH**

General Rubrics.

**17. EPIGASTRIUM**

General Rubrics.
STOMACH AND EPIGASTRIUM
Time, Aggravation. Amelioration. Concomitants.. Cross Ref.

**18. HYPOCHONDRIA**

General Rubrics. Time, Aggravation. Amelioration. Cross Ref.

**19. ABDOMEN**

General Rubrics. Time. Aggravation. Amelioration. Cross Ref.





Aggravation Cross Ref. Amelioration Cross Ref.

**20. EXTERNAL ABDOMEN**

General Rubrics. Aggravation. Cross Ref.

**21. INGUINAL AND PUBIC REGION**

General Rubrics. Aggravation. Cross Ref. Mons Pubis.

**22. FLATULANCE**

General Rubrics. Time. Aggravation. Amelioration. Cross Ref.
Aggravation Cross Ref.

**23. STOOL**

General Rubrics.
Concomitants before Stool.
Concomitants during Stool.
Concomitants after Stool.
Time. Aggravation and Amelioration. Cross Ref.
Concomitants before stool Cross Ref.
Concomitants during stool Cross Ref.
Concomitants after stool Cross Ref.
Aggravation. and Amelioration Cross Ref.

**24. ANUS AND RECTUM**

General Rubrics. Conditions. Cross Ref.

**25. PERINUM**

General Rubrics. Conditions, Cross Ref.

**26. PROSTATE GLAND**

General Rubrics.

**27. URINE**

General Rubrics.
Sediment.
Micturition.
Before Urination. At begning of Urination. During Urination.
At close of Urination. After Urination.
Conditions of Urination. Cross Ref. Sediment Cross Ref.
Micturation Cross Ref.
During Urination Cross Ref. After Urination Cross Ref.

**28. URINARY ORGANS**
General Rubrics.
Kidney. Ureter, Bladder. Urethra. Meatus. Conditions.
Kidney Cross Ref. Bladder Cross Ref. Urethra Cross Ref.

**29. GENITALIA**
General Rubrics.
**Male Organs**
General Rubrics. Penis. Glans, Prepuce, Spermatic cord, Testes,
Scrotum.
**Female organs**
General Rubrics. Time. Conditions. Cross Ref.
Male Organs Cross Ref. Penis Cross Ref. Glans Cross Ref.
Prepuce Cross Ref. Spermatic cord Cross Ref.
Testes Cross Ref. Scrotum Cross Ref.
Female Organs Cross Ref. Condition Cross Ref.

**30. SEXUAL IMPULSE**
General Rubrics.
Concomitants of Coition.
Concomitants after Coition.
Concomitants after Pollution.
Concomitants after Coition Cross Ref.
Concomitants after Pollution Cross Ref.

**31. MENSTRUATION**
General Rubrics.
Concomitants before Menstruation.
Concomitants at start of Menstruation.
Concomitants during Menstruation.
Concomitants after Menstruation.
**Leucorrhoea.**
Concomitants to Leucorrhoea.
Cross Ref.
Leucorrhoea Cross Ref.

**32. RESPIRATION**
General Rubrics. Impeded by. Time. Aggravation. Amelioration,





Concomitants.

**33. COUGH**
Excited or Aggravated by. Amelioration . Concomitants.
**Expectoration**-General Rubrics. Taste of Expectoration.
Odour of Expectoration.

**34. LARYNX AND TRACHEA**
General Rubrics.
Aggravation.

**35. VOICE AND SPEECH**
General Rubrics.
Time, Conditions of voice.

**35. NECK AND EXTERNAL THROAT**
**General Rubrics. Nape.**
Time. Aggravation. Amelioration.

**37. CHEST**
Chest Inner. Chest External, Axillae. Mammae. Nipples.
Heart and region of. Time. Aggravation. Amelioration .

**38. BACK**
Scapular Region.
Back proper-Dorsal region.
Lumber Region-Small of back in General.
Sacrum and Coccyx..
Spinal column and Vertebrae.
Time, Aggravation. Amelioration.

**39. UPPER EXTREMITIES**
General Rubrics.
Time, Aggravation. Amelioration.

**40. LOWER EXTREMITIES**
General Rubrics.
Time, Aggravation. Amelioration.

## III. SENSATION AND COMPLAINTS IN GENERAL

**1. Glands** - General Rubrics.
**2. Bones**- General Rubrics.
**3. Skin and Exterior Body**- Aggravation. Amelioration. Time.

**IV. SLEEP**

**Sleep** - General Rubrics. Falling asleep. Sleepiness. Character of Sleep. During.
Position in Sleep. Waking. Sleeplessness.
**Dreams** - General Rubrics. Aggravation.

**V. FEVER**

1. **Fever**- Pathological Types.
2. **Blood** - General Rubrics.
3. **Circulation** - General Rubrics. Congestion. Palpitation. Time. Heartbeat. Pulse. Time. Aggravation.
4. **Fever/Chill** - Chill. Partial Chill. Coldness. Partial Coldness. Shivering. Time.
   Aggravation. Amelioration. Concomitants of different part of Body.
5. **Heart and Fever general** - Partial Heat. Time. Aggravation. Amelioration.
   Concomitants of different part of Body.
6. **Sweat** - General Rubrics. Partial Sweat. Time. Aggravation, Amelioration.
   Concomitants of different part of Body.
7. **Compound fever** - Beginning with Chill. Beginning with Shivering. Beginning with Heat. Beginning with Sweet.

**VI. CONDITIONS IN GENERAL.**

Time.
**CONDITIONS OF AGGRAVATION AND AMELIOATION IN GENERAL.**

**VII. CONCORDANCES**

1. Mind.
2. Localities.
3. Sensations.
4. Glands.
5. Bones.





6. Skin.
7. Sleep and Dreams.
8. Blood circulation and fever.
9. Time.
10. Aggravation
11. Related Remedies.
12. Antidotes.

## বোগার-বোনিংহাউসেন ক্যারেক্টারিষ্টিক রেপার্টরীর আকর্ষণীয় দিক

১। এটি হ্যানিম্যানের অনুমোদনকৃত ও হ্যানিম্যানের ভুমিকা সম্বলিত বোনিংহাউসেন থেরাপিউটিক পকেট বুকের বর্ধিত ও সংশোধিত সংস্করণ । এতে থেরাপিউটিক পকেট বুক হতে অধিক সংখ্যক অধ্যায়, রুব্রিক ও ওষুধ স্থান পেয়েছে। (বোনিংহাউসেনের মূল পুস্তকে ১২৬টি ওষুধ ছিল, টি. এফ. এলেন ৪টি ওষুধ বাদ দেন এবং ২২০টি ওষুধ সংযোজন করেন) বর্তমানে থেরাপিউটিক পকেট বুক পুস্তকটিতে (১২৬ - ৪ + ২২০) ৩৪২টি ওষুধ আছে । বোগার এই রেপার্টরীতে আরও ১৭টি ওষুধ সংযোজন করে তার রেপার্টরী প্রণয়ন করেন, এভাবে বোগার-বোনিংহৌসেন ক্যারেকটারিষ্টিক রেপার্টরীতে সর্বমোট ৩৪২+১৭=৩৫৯টি ওষুধ স্থান পেয়েছে ।

২। পুস্তকের প্রথম অংশের মুখবন্ধটি অত্যন্ত আকর্ষণীয়, এখানে হাবার্ড জি. রবার্টের মুখবন্ধ, বোনিংহাউসেনের সংক্ষিপ্ত জীবনি, বোগারের মুখবন্ধ, পুস্তকের উৎস ও কৃতজ্ঞতা স্বীকার, রেপার্টরী ব্যবহার করার পদ্ধতি ও ওষুধ নির্বাচনের জ্ঞাতব্য বিষয়, ওষুধের পুনঃ প্রয়োগ, হোমিওপ্যাথিক প্রোগ্নোসিস, সংক্ষিপ্ত মেটেরিয়া মেডিকা, ওষুধের ক্রিয়া-কাল ইত্যাদি সহ বহুবিধ গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা প্রথমে করার কারণে পুস্তকটি ব্যবহারের মূল উদ্দেশ্য পরিস্ফুটিত হয় । এই অধ্যায়টি বার বার অধ্যয়ন করলে হোমিওপ্যাথিক চিকিৎসা সম্পর্কীত বহুবিধ জ্ঞান অর্জিত হয় ।

৩। এটি হ্যানিম্যানের স্কিম অনুযায়ী অর্থ্যাৎ মন অধ্যায় হতে শুরু করে দেহের বিভিন্ন অংশ পর্যায়ক্রমে লিখিত হয়েছে । প্রতিটি অধ্যায়ের প্রথম থেকে শেষ পর্যন্ত একই ধারাবাহিকতার মাধ্যমে রুব্রিকসমুহকে সজ্জিত করার পরিকল্পনা বিঁশেষ দূরদর্শিতার পরিচয় বহন করে । লক্ষণের অবস্থান, বর্ণমালা ক্রমিক রুব্রিক সজ্জা, সময়, বৃদ্ধি, হ্রাস, আনুষঙ্গিক লক্ষণাবলী, ক্রস রেফারেন্স ইত্যাদি অত্যন্ত সুবিন্যস্তভাবে বর্ণমালাক্রমিকভাবে বর্ণিত হয়েছে।

৪। এ রেপার্টরীতে প্রুভার বা সংশ্লিষ্ট চিকিৎসকের মূলভাষা ব্যবহৃত না হয়ে লক্ষণের মূলকথা বা চিকিৎসাগত ভাষা অধিক বর্ণিত হয়েছে, রুব্রিক রচনায় এই কৌশল বুৎপত্তিগতভাবে অধিক তাৎপর্য বহন করে, সে জন্য এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী পদ্ধতির সাধারণ রেপার্টরী **(General Repertories of Logical Utilitarian type)** বলা হয়।

৫। থেরাপিউটিক পকেট বুক হতে এ রেপার্টরী অনেক বেশী তথ্যসমৃদ্ধ, অধ্যায় বিন্যাস, বিষয়বস্তু, গ্রন্থনা ইত্যাদি সকল কিছুই উচ্চমানের এবং থেরাপিউটিক পকেট বুক হতে ব্যবহার পদ্ধতি সহজ।

৬। এ রেপার্টরীর প্রায় প্রতিটি অধ্যায়ে বৃদ্ধি ও হ্রাস আলাদা ভাবে বর্ণিত আছে, ফলে থেরাপিউটিক পকেট বুকের মত আঙ্গিক বৃদ্ধি-হ্রাস ও সামগ্রীক বৃদ্ধি-হ্রাস একসাথে মিশে যায় না ফলে হ্রাস-বৃদ্ধি নির্ণয় করা তেমন কঠিন হয় না।

৭। এ রেপার্টরীর প্রায় প্রতিটি অধ্যায় অত্যন্ত তথ্য সমৃদ্ধ, বর্ণনার ভাষা সুন্দর ও বিস্তারিত, সমসাময়িক কালে একমাত্র কেন্ট রেপার্টরীর সাথে এর তুলনা করা চলে, কোন কোন ক্ষেত্রে এটি কেন্ট রেপার্টরী হতেও অধিকতর বিস্তৃত।

৮। এ রেপার্টরীর Aggravation and Amelioration in General অধ্যায়টি অত্যন্ত তথ্যসমৃদ্ধ।

৯। এ রেপার্টরীর Concordances অধ্যায়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মূলতঃ এখানে ওষুধের Relationships আলোচিত হয়েছে। দ্বিতীয় ব্যবস্থাপত্র প্রণয়নে এ অধ্যায়টি অত্যন্ত উপকারী।

১০। পুস্তকটির প্রথম খন্ডে মেটেরিয়া মেডিকার সংযোজন একটি গুরুত্বপূর্ণ বিষয়। চিকিৎসককে মেটেরিয়া মেডিকা দেখার জন্য পৃথক কোন পুস্তকের সাহায্য নিতে হয় না।

১১। রেপার্টরীটি বিস্তৃত এবং ইংগিতপূর্ণ, লক্ষণের সাদৃশতা নির্ণয়ের জন্য মেটেরিয়া মেডিকা পাঠ করতে উদ্বুদ্ধ করে, ফলে চিকিৎসক ধীরে ধীরে মেটেরিয়া মেডিকায় বিশেষ অভিজ্ঞ হয়ে পড়েন।

১২। তুলনামূলক বিচারে এই রেপার্টরীর দেয়া তথ্যসমুহ অধিকতর নির্ভরযোগ্য।





## বোগার-বোনিংহাউসেন ক্যারেকটারিষ্টিক রেপার্টরীর সীমাবদ্ধতা

১। ওষুধ ও রুব্রিক সংখ্যা স্বল্প, ফলে বহু প্রয়োজনীয় ওষুধও রুব্রিক অন্তর্ভূক্ত নয়।

২। আধুনিক নব নব আবিষ্কৃত ওষুধ, নোসড, বাওয়েল নোসড, সারকোডিস, ইমপন্ডারেবিলিয়া ইত্যাদি শ্রেণীভূক্ত ওষুধ সমুহ যথাযথ ভাবে অন্তর্ভুক্ত নয়।

৩। এতে বিভাগ, অধ্যায় এবং রুব্রিক বিন্যাসেও বহু ত্রুটি দেখা যায়, বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে বা ভিন্ন অধ্যায়ে স্থান দেয়া হয়েছে।

৪। রোগীচিত্রের সদৃশ করার জন্য একই বিভাগ বা অধ্যায় যথেষ্ট নয়, কয়েকটি বিভাগ বা অধ্যায় অনুসন্ধানের পর ওষুধটি প্রাপ্ত হয়।

৫। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত, বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, ফলে তা সকল চিকিৎসকদের চাহিদা সম্পূর্ণভাবে মেটাতে পারছে না।

৬। অঙ্গপ্রত্যঙ্গাদির লক্ষণাবলীর অধ্যায় অত্যন্ত সংক্ষিপ্ত, ফলে বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে।

৭। ওষুধের গ্রেডিং বহু ক্ষেত্রেই সঠিক নয়, প্রথম শ্রেণীর ওষুধকে ভিন্ন গ্রেডে দেখানো হয়েছে।

৮। Sensations বিভাগের শাখা অধ্যায় হিসেবে গ্লান্ড, অস্থি ও চর্মকে অন্তর্ভূক্ত করা হয়েছে, যা যুক্তিযুক্ত নয়।

৯। সাদৃশতা নির্ণয়ের বা রেপার্টরাইজেশানের মাধ্যমে একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এপুস্তকে থাকলেও প্রয়োজনীয় রুব্রিকটি খুঁজে বের করতে চি-কিৎককে অনেক ক্ষেত্রে প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট রুব্রিকটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

১০। বোগার-বোনিংহাউসেন ক্যারেকটারিষ্টিক রেপার্টরী লক্ষণভিত্তিক পূর্ণাঙ্গ সাধারণ রেপার্টরীর মর্যাদার অধিকারী হলেও অধ্যায়, রুব্রিকের ভাষা চয়ন, রুব্রিক স্বল্পতা, রুব্রিক সজ্জিত করার ধারা, ওষুধ স্বল্পতা, রুব্রিক খুঁজে পাওয়ার সহজতা ইত্যাদি বহুবিধ বিষয়ে অধিকতর সুবিধা সম্বলিত না হওয়ার কারণে সমসাময়িক কালে প্রকাশিত কেন্ট রেপার্টরীর চেয়ে জনপ্রিয়তার দিক থেকে এ রেপার্টরী অনেকটা পিছিয়ে আছে।

*(এ পুস্তকটির কোন বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি।)

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

বোগার-বোনিংহাউসেন ক্যারেক্টারিষ্টিক রেপার্টরীর দ্বারা রেপার্টরীকরণের জন্য সাধারণতঃ হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি অবলম্বন করা হয়। এ পদ্ধতিতে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের পর বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে স্থান (Location), অনুভূতি ও অভিযোগ (Sensation and Complaints), হ্রাস-বৃদ্ধি (Modalities), আনুষংগিক বা সহচর লক্ষণ (Concomitants) এই সুনির্দিষ্ট বিভাগে বিভক্ত করার হয় এবং কারণগত (Causation) লক্ষণকে হ্রাস-বৃদ্ধির অন্তর্গত করে ভাগ করা হয়। এর পর লক্ষণকে রুব্রিক বা লক্ষণ শিরোনামে রূপান্তর করা হয়। রেপার্টরীকরণের সময় আনুষংগিক লক্ষণ ও বিরল লক্ষণকে অধিকতর গুরুত্ব দেয়া হয়। রুব্রিক ও সাব-রুব্রিক সমূহকে খাতার উপরে লিখে নেয়া হয় এবং তাদেরকে একটি ক্রমিক নং দেয়া হয়। খাতার বাম পার্শ্বে ওষুধের নাম লেখার জন্য নীচের দিকে যথেষ্ট জায়গা রাখা হয়। একটি টেবিল বা ছক করে বামদিকে ওষুধের নাম লেখা হয়। ওষুধের নামের বিপরীতে ও রুব্রিকের ক্রমিক নং এর নীচে ওষুধের মূল্যমান গ্রেডিং অনুযায়ী গাণিতিক ভাবে লিপিবদ্ধ করা হয়। যে সকল ওষুধ কমপক্ষে ৫০% রুব্রিক পূর্ণ করতে সক্ষম হয়েছে তাদের মানের যোগফল বের করা হয় এবং সর্বোচ্চ মান প্রাপ্ত ও রুব্রিক পুরণকৃত কমপক্ষে ৫টি ওষুধকে রোগীর জন্য প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়। পরিশেষে কোন ভাল মেটেরিয়া মেডিকা দেখে সর্বাধিক সদৃশ একক ওষুধ রোগীর জন্য ব্যবস্থাপত্র প্রদান করা হয়।

বোনিংহাউসেন থেরাপিউটিক রেপার্টরী ও বোগার-বোনিংহাউসেন ক্যারেক্টারিষ্টিক রেপার্টরী দ্বারা "হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি" অনুসরণ করে রেপার্টরীকরণ অধিকতর সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন* - রেপার্টরীকরণ অধ্যায় - পৃষ্ঠা নং ৩২৩ এবং রেপার্টরীকরণের পদ্ধতি - পৃষ্ঠা নং ৩২৭।



# ৭ম অধ্যায়

## কেলভিন বি. নারের রেপার্টরী
## REPERTORY OF HERING'S GUIDING SYMPTOMS OF OUR MATERIA MEDICA BY CALVIN B. KNERR M.D.

নারের রেপার্টরীর গঠন কাঠামো, অধ্যায় সমূহ ও বিষয়বস্তু

বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (Puritan Type Symptomatic General Repertory) রচনায় যিনি বিশেষ দক্ষতার ছাপ রাখেন তিনি হলেন **Calvin B. Knerr M.D.**। তিনি ছিলেন সি. হেরিং এর আপন মেয়ের জামাতা ও প্রিয় ছাত্র। **(C. Hering** - Father of American Homoeopathy) তিনি সি. হেরিং এর সকল হোমিওপ্যাথিক রচনাবলী বিশেষ করে হেরিং এর ১০ খন্ডে রচিত গাইডিং সিম্পটম'স থেকে ও হ্যানিম্যানের বিভিন্ন পুস্তক থেকে তথ্য সংগ্রহ করে এ রেপার্টরী রচনা করেন। এ রেপার্টরীটির পূর্ণ নাম **Repertory of Hering's Guiding Symptoms of our Materia Medica,** ১৮৯৬ সালে এটি প্রথম প্রকাশিত হয়। এ রেপার্টরীতে রুব্রিক নির্বাচনে ও নির্ঘন্ট প্রণয়নে ড্রাগ প্রুভারের বা সংশ্লিষ্ট চিকিৎসকের মূলভাষা অবিকল অবিকৃত ভাবে ব্যবহৃত হওয়ার কারণে এ রেপার্টরীকে বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(Puritan Type Symptomatic General Repertory)** বলা হয়। নির্ঘন্ট পদ্ধতিতে এ রেপার্টরী সজ্জিত বিধায় একে নির্ঘন্ট বা **Concordance** পদ্ধতির রেপার্টরীও বলা হয়। এ রেপার্টরীতে ৪৮টি অধ্যায় এবং ৪০৮টি ওষুধ আছে। ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং চারটি, বিশেষ চিহ্ন দ্বারা এই গ্রেডিং বা ওষুধের মানের গুরুত্ব বুঝানো হয়েছে। চিহ্ন সমূহ হল I, II, **I**, **II** ; ওষুধের নামের পূর্বে এসকল চিহ্ন বসিয়ে ওষুধের গুরুত্ব দেখানো হয়েছে। পাতলা 'I' চিহ্নিত ওষুধের গুরুত্ব সবচেয়ে কম, গাণিতিক মান ১ ; পাতলা 'II' চিহ্নিত ওষুধের গাণিতিক মান ২ ; মোটা '**I**' চিহ্নিত ওষুধের মান গাণিতিক ৩ ; মোটা '**II**' চিহ্নিত ওষুধের গুরুত্ব সবচেয়ে বেশী, গাণিতিক মান ৪। অধিকাংশ ক্ষেত্রে এ রেপার্টরীর রুব্রিকসমূহ সজ্জিতকরণে প্রথমতঃ এনাটমিক্যাল শব্দ ব্যবহার করে পরে লক্ষণসমূহকে বর্ণনা করা

হয়েছে। প্রতিটি অধ্যায়ের বর্ণনার শুরুতে সর্ব প্রথমে সেই অধ্যায়ের মূল বিষয়ের তালিকা উপস্থাপন করা হয়েছে। রুব্রিক সজ্জিতকরার ক্ষেত্রে বর্ণমালাক্রমিক বা আভিধানিক পদ্ধতি অনুসরণ করার চেষ্টা করা হয়েছে। বহুক্ষেত্রে ওষুধের নামের পার্শ্বে সেই ওষুধের বিশেষ গুরুত্বপূর্ণ লক্ষণকে বর্ণনা করা হয়েছে। মুষ্ঠিবদ্ধ হস্তের অঙ্গুলী নির্দেশিত চিহ্ন ( ☛ ) দ্বারা ক্রস রেফারেন্স নির্দেশ করা হয়েছে। পুস্তকের প্রথম দিকে ভূমিকা, সূচীপত্র এবং ওষুধের সংক্ষিপ্ত নাম ও পূর্ণনামের তালিকা দেয়া হয়েছে।

অধ্যায় সমুহ ও বিষয়বস্তু — পৃষ্ঠা







অধ্যায় সমুহ ও বিষয়বস্তু — পৃষ্ঠা

অধ্যায় সমূহ ও বিষয়বস্তু পৃষ্ঠা







অধ্যায় সমূহ ও বিষয়বস্তু পৃষ্ঠা



## নারের রেপার্টরীর আর্কষণীয় দিক বা সুবিধা

১। আমিরিকান হোমিওপ্যাথির জনক মহামতি ডাঃ কনষ্টেন্টাইন হেরিং রচিত ১০ খন্ডের গাইডিং সিম্পটম নামক পুস্তকের, হেরিং এর অন্যান্য হোমিওপ্যাথিক রচনাবলী ও হ্যানিম্যানের বিভিন্ন পুস্তক থেকে তথ্য সংকলন করে ডাঃ সি. বি. নার এই বিশাল তথ্যবহুল রেপার্টরী রচনা করেন। নার ছিলেন হেরিং এর আপন মেয়ের জামাতা ও প্রিয় ছাত্র। তিনি দীর্ঘদিন হেরিং এর সাহচার্য লাভে ধন্য ছিলেন, হেরিং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে থেকে তিনি এ রেপার্টরী রচনা করেন। সে হিসেবে এ রেপার্টরীর তথ্যাবলী অধিকতর বিশ্বাসযোগ্য ও গুরুত্বের দাবীদার।

২। পুস্তকের অধ্যায় নির্বাচন, পুস্তক রচনার ধারা, রুব্রিক সজ্জার বৈশিষ্ট্য, লক্ষণ বর্ণনা কালে দক্ষতার সাথে নির্ঘন্টের ব্যবহার ইত্যাদি বৈশিষ্ট্যের জন্য এ রেপার্টরীকে নির্ঘন্ট বা **Concordence Repertory** শ্রেণীভূক্ত করা হয়।

অন্যদিকে এ রেপার্টরীতে রুব্রিক নির্বাচনে ও নির্ঘন্ট প্রণয়নে ড্রাগ প্রুভারের বা সংশ্লিষ্ট চিকিৎসকের মূলভাষা অবিকল অবিকৃত ভাবে ব্যবহৃত হওয়ার কারণে এ রেপার্টরীকে বিশুদ্ধতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(Puritan Type Symptomatic General Repertory)** শ্রেণীভুক্ত করা যায়।

৩। এ রেপার্টরীতে ৪৮টি অধ্যায় এবং ৪০৮টি ওষুধ আছে। ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং চারটি, বিশেষ চিহ্ন দ্বারা এই গ্রেডিং বা ওষুধের মানের গুরুত্ব বুঝানো হয়েছে। চিহ্ন সমুহ হল । , ॥, **।**, **॥**; ওষুধের নামের পূর্বে এসকল চিহ্ন বসিয়ে ওষুধের গুরুত্ব দেখানো হয়েছে। পাতলা '।' চিহ্নিত ওষুধের গুরুত্ব সবচেয়ে কম, গাণিতিক মান ১ : পাতলা '॥' চিহ্নিত ওষুধের গাণিতিক মান ২ : মোটা '**।**' চিহ্নিত ওষুধের মান গাণিতিক ৩ : মোটা '**॥**' চিহ্নিত ওষুধের গুরুত্ব সবচেয়ে বেশী , গাণিতিক মান ৪ ।

৪। প্রতিটি অধ্যায়ের বর্ণনার শুরুতে সর্ব প্রথমে সে অধ্যায়ের মূল বিষয়ের তালিকা উপস্থাপন করা হয়েছে। ফলে সে অধ্যায়ের বিষয় বা প্রধান আলোচ্য বিষয়সমুহ সহজেই চিকিৎসকের দৃষ্টি আকর্ষণ করে।

৫। অধিকাংশ ক্ষেত্রে এ রেপার্টরীর রুব্রিকসমুহ সজ্জিতকরণে প্রথমতঃ এনাটমিক্যাল শব্দ বা স্থানের নাম ব্যবহার করে রুব্রিকসমুহকে সজ্জিত করা হয়েছে। রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে বর্ণমালাক্রমিক বা আভিধানিক পদ্ধতিও অনুসরণ করা হয়েছে।

৬। বহুক্ষেত্রে ওষুধের নামের পার্শ্বে সে ওষুধের বিশেষ গুরুত্বপূর্ণ লক্ষণকে বর্ণনা করা হয়েছে বা নির্ঘন্ট প্রদান করা হয়েছে এবং ওষুধের গ্রেডিং বা মূল্যমান দেখানো হয়েছে।

৭। মুষ্ঠিবদ্ধ হস্তের অঙ্গুলী নির্দেশিত চিহ্ন ( ☛ ) দ্বারা ক্রস রেফারেন্স নির্দেশ করা হয়েছে। পুস্তকের প্রথম দিকে ভূমিকা, সূচীপত্র এবং ওষুধের সংক্ষিপ্ত নাম ও পূর্ণনামের তালিকা দেয়া হয়েছে।

৮। স্বল্প পরিসরে অধিক তথ্য ও নির্ঘন্ট প্রদানে এ রেপার্টরী সকল রেপার্টরী হতে শ্রেষ্ঠত্বের দাবীদার।

৯। এ রেপার্টরীতে এমন কিছু অতি গুরুত্বপূর্ণ অধ্যায়, বিষয় ও রুব্রিক অন্তর্ভুক্ত হয়েছে যা বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীতেও যথাযথভাবে অন্তর্ভুক্ত নেই, সেদিক থেকে এ রেপার্টরী কেন্ট রেপার্টরীর বিশেষ কিছু সীমাবদ্ধতাকে অতিক্রম করতে সক্ষম হয়েছে। যেমন- (1) Pregnancy, Parturition, Lactation (2) Rest, Position (3) Nerves (4) Temperature and Weather (5) Attacks, Periodicity (6) Locality and Direction (7) Sensations in General (8) Tissue (9) Touch, Passive Motion, Injuries (10)





Stages of life and Constitution (11) Drug Relationship ইত্যাদি অধ্যায় ও বিষয় সমুহ নারের রেপার্টরীতে অন্তর্ভুক্ত হয়েছে যা কেন্ট রেপার্টরীতে যথাযথ ভাবে অন্তর্ভুক্ত হয়নি।

১০। গুণগত বিচারে এ রেপার্টরী একটি প্রায় মৌলিক প্রকৃতির রেপার্টরী। অন্য নির্ঘন্ট রেপার্টরীর সাথে তুলনা করলে এটি সংক্ষিপ্ত হলেও তথ্যবহুল. অন্য লক্ষণভিত্তিক রেপার্টরীর সাথে সাথে তুলনা করলে এটি কোন কোন ক্ষেত্রে সে সকল রেপার্টরীর চেয়েও বিস্তৃত ও অধিকতর তথ্যবহুল। ওষুধ ও রুব্রিক সংখ্যা পরিমাণগত ভাবে বৃদ্ধি না করে গুণগত মান রক্ষার চেষ্টা করে এ রেপার্টরী রচনা করা হয়েছে বিধায় আধুনিক রেপার্টরী রচনায় সময় এ রেপার্টরীর তথ্যকে অধিক গুরুত্বের সাথে বিভিন্ন রেপার্টরীতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## নারের রেপার্টরীর সীমাবদ্ধতা বা অসুবিধা

১। ওষুধ সংখ্যা স্বল্প, বহু প্রয়োজনীয় ওষুধ অন্তর্ভূক্ত নয়। আধুনিক নব নব আবিষ্কৃত ওষুধ, নোসড, বাওয়েল নোসড, সারকোডিস, ইমপন্ডারেবিলিয়া ইত্যাদি শ্রেণীভূক্ত ওষুধ সমুহ যথাযথ ভাবে অর্ন্তভূক্ত নয়।

২। রুব্রিক সংখ্যা স্বল্প, বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে।

৩। রোগীচিত্রের সদৃশ করার জন্য একই বিভাগ বা অধ্যায় যথেষ্ট নয়, কয়েকটি বিভাগ বা অধ্যায় অনুসন্ধানের পর ওষুধটি প্রাপ্ত হয়।

৪। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, ফলে তা সকল চিকিৎসকদের চাহিদা সম্পূর্ণভাবে মেটাতে পারছে না।

৫। অঙ্গপ্রত্যঙ্গাদির লক্ষণাবলীর অধ্যায় সংক্ষিপ্ত না হলেও বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে।

৬। ওষুধের গ্রেডিং কোন কোন ক্ষেত্রে সঠিক নয়, প্রথম শ্রেণীর ওষুধকে দ্বিতীয় শ্রেণীতে, দ্বিতীয় শ্রেণীর ওষুধকে তৃতীয় বা চতুর্থ শ্রেণীতে দেখানো হয়েছে।

৭। নির্ঘন্ট পদ্ধতির সুবিধার মাধ্যমে একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এপুস্তকে থাকলেও রুব্রিকের অনুগামী নির্ঘন্ট সমুহ বর্ণমালার ক্রমানুসারে সর্বক্ষেত্রে সজ্জিত নয় বিধায় প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিকটি খুঁজে বের করার জন্য চিকিৎককে অনেক ক্ষেত্রে প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট ওষুধটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

৮। কেন্ট রেপার্টরীর চেয়ে অধিকতর বিশ্বাসযোগ্য উচ্চ গুণগতমানের তথ্যের সমাহার হওয়া সত্ত্বেও এবং লক্ষণভিত্তিক পূর্ণাঙ্গ সাধারণ রেপার্টরীর মর্যাদার দাবীদার হলেও নির্ঘন্ট সমুহের সজ্জিতকরণে বর্ণমালা ক্রমিক বিন্যাসের অভাবের কারণে এবং রুব্রিকের ভাষা চয়ন, রুব্রিক স্বল্পতা, রুব্রিক সজ্জিত করার ধারা, ওষুধ স্বল্পতা ইত্যাদি বহুবিধ বিষয়ে অধিকতর সুবিধা সম্বলিত না হওয়ার কারণে সমসাময়িক কালে প্রকাশিত কেন্ট রেপার্টরীর চেয়ে জনপ্রিয়তার দিক থেকে এ রেপার্টরী অনেকটা পিছিয়ে আছে।

*(এ পুস্তকটির কোন বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি।)

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

কেলভিন বি. নারের রেপার্টরীর দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করে রেপার্টরীকরণ বা রেপার্টরাইজেশান করা যায়।

*বিস্তারিত দেখুন* - রেপার্টরীকরণ অধ্যায় - পৃষ্ঠা নং ৩২৩ এবং রেপার্টরীকরণের পদ্ধতি - পৃষ্ঠা নং ৩২৭।



# ৮ম অধ্যায়

## বোরিক রেপার্টরী রচনায় ডাঃ উইলিয়াম বোরিক এম. ডি. BOERICKE'S REPERTORY BY WILLIAM BOERICKE, M.D.

### বোরিক রেপার্টরীর গঠন কাঠামো ও অধ্যায় সমুহ

হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে যে পুস্তকটি সকল শ্রেণীর হোমিওপ্যাথিক চিকিৎসকদের মন জয় করতে সক্ষম হয়েছে সেটি হচ্ছে বোরিক মেটেরিয়া মেডিকা ও রেপার্টরী। পুস্তকটির পূর্ণ নাম Pocket Manual of Homoeopathic Materia Medica । পুস্তকটির ১ম অংশ মেটেরিয়া মেডিকা এবং ২য় অংশ রেপার্টরী, রচনা করেছেন Dr. William Boericke, M.D.। মূল পুস্তকের ৯ম সংস্করণ সংশোধন, তথ্যের সংযোজন ও রেপার্টরী অংশ সংকলন করেছেন Dr. Oscar E. Boericke, A.B., M.D। ৯ম সংস্করণ ১৯২৭ সনে প্রকাশিত হয়। ইতিপূর্বে আর কেহ মেটেরিয়া মেডিকার সংযুক্ত করে রেপার্টরী প্রণয়ন করেন নাই, তাই সংযুক্ত রেপার্টরী লিখার গৌরব উপরোক্ত লেখকদ্বয়কে দিতে হয়। রেপার্টরীর কোন ওষুধ তালিকা দেয়া নেই, তবে মেটেরিয়া মেডিকার একটি ওষুধসূচী দেয়া হয়েছে, এ ওষুধ তালিকায় ১৩৫১টি ওষুধের নাম উল্লেখ করা হয়েছে। অনুমান করা হয় যে, রেপার্টরীতে প্রায় সমসংখ্যক ওষুধ অন্তর্ভুক্ত হয়েছে। ওষুধ সমুহকে তাদের গুরুত্ব অনুযায়ী ২টি শ্রেণীতে গ্রেডিং বা মূল্যায়িত করা হয়েছে। ইংরেজী মূল পুস্তকে *বাঁকা* অক্ষরে বা *Italic* অক্ষরে লিখিত ওষুধের গুরুত্ব সবচেয়ে বেশী, ১ম শ্রেণী, গাণিতিক মান ২ এবং সাধারণ অক্ষরে লিখিত ওষুধের গুরুত্ব তার চেয়ে কম, ২য় শ্রেণী, গাণিতিক মান ১। বাংলা অনুবাদকৃত পুস্তকে মোটা বা **Bold** অক্ষরে লিখিত ১ম শ্রেণীর ওষুধের গাণিতিক মান ২ এবং সাধারণ অক্ষরে লিখিত ২য় শ্রেণীর ওষুধের গাণিতিক মান ১। কেন্ট রেপার্টরীর ওষুধের মূল্যায়নের সাথে তুলনামূলক আলোচনা করলে *বাঁকা* অক্ষরে বা *Italic* অক্ষরে লিখিত ১ম শ্রেণীর ওষুধের গাণিতিক মান ৩ এবং সাধারণ অক্ষরে লিখিত ২য় শ্রেণীর ওষুধের গাণিতিক মান ২ ধরা যুক্তিসংগত হয়।

এ রেপার্টরীতে মোট ২৫ টি অধ্যায় আছে, এদের সংক্ষিপ্ত আলোচনা ধারাবাহিক ভাবে নিম্নে করা হল ঃ-

১। মন **(Mind)** ঃ- মানসিক লক্ষণাবলী প্রথমেই এ অংশে স্থান দেয়া হয়েছে।

২। মস্তক **(Head)** ঃ- এ অধ্যায়ে মস্তিস্কের নানাবিধ পীড়া, ব্যথা, অনুভূতি ইত্যাদি এবং শিরঘূর্ণন স্থান পেয়েছে।

৩। চক্ষু **(Eyes)** ঃ- চক্ষুর নানাবিধ অসুস্থতা এবং দৃষ্টিশক্তি সম্পর্কীত লক্ষণাবলী এ অধ্যায়ে বর্ণিত হয়েছে।

৪। কর্ণ **(Ears)** ঃ- কর্ণের নানাবিধ অসুস্থতা এবং শ্রবনশক্তি সম্পর্কীত লক্ষণাবলী এ অধ্যায়ে স্থান পেয়েছে।

৫। নাসিকা **(Nose)** ঃ- নাকের নানাবিধ অসুস্থতা এবং ঘ্রাণশক্তি সম্পর্কীত লক্ষণাবলী এ অধ্যায়ে বর্ণিত হয়েছে।

৬। মুখমন্ডল **(Face)** ঃ- চেহারার বৈশিষ্ট্য, মুখমন্ডলের বিভিন্ন অসুস্থতা এই অধ্যায়ে স্থান পেয়েছে। ওষ্ঠকে এ অধ্যায়ে স্থান দেয়া হয় নাই।

৭। মুখবিবর **(Mouth)** ঃ-ওষ্ঠ ও মুখগহ্বরের বিভিন্ন অসুস্থতা এ অধ্যায়ে স্থান পেয়েছে।

৮। জিহ্বা **(Tongue)** ঃ-জিহ্বার বিভিন্ন অবস্থা ও অসুস্থতা এ অধ্যায়ে স্থান পেয়েছে, তবে স্বাদ এতে স্থান পায়নি।

৯। আস্বাদ **(Taste)** ঃ- বিভিন্ন আস্বাদ এ অধ্যায়ে স্থান পেয়েছে।

১০। মাড়ি **(Gums)** ঃ- দন্তকে পৃথক অধ্যায়ে স্থান দিয়ে এ অধ্যায়ে মাড়ির বিভিন্ন উপসর্গ আলোচিত হয়েছে।

১১। দন্ত **(Teeth)** ঃ- দন্তের বিভিন্ন অসুস্থতা এ অধ্যায়ের আলোচিত বিষয়।

১২। গলদেশ **(Throat)** ঃ- গলার বিভিন্ন অসুস্থতা এ অধ্যায়ে স্থান পেয়েছে।

১৩। পাকস্থলী **(Stomach)** ঃ- পাকস্থলীর বিভিন্ন অসুস্থকর অবস্থা এ অধ্যায়ে স্থান পেয়েছে।

১৪। উদর বা তলপেট **(Abdomen)** ঃ- মলদ্বার ও মলকে এ অধ্যায়ের অন্তর্ভূক্ত করে উদর বা তলপেটের নানাবিধ অসুস্থতা এই অধ্যায়ে স্থান পেয়েছে।

১৫। মূত্রযন্ত্র **(Urinary System)** ঃ- মূত্রযন্ত্রসমূহ যেমন ব্লাডার, কিডনী, ইউরেটার, ইউরেথ্রা ইত্যাদি যন্ত্রসমূহের বিভিন্ন অসুস্থতা এ অধ্যায়ে বর্ণিত হয়েছে।

১৬। পুংজননেন্দ্রিয় **(Male Sexual System)** ঃ- পুংজননেন্দ্রিয়ের নানাবিধ পীড়া, যৌন সমস্যা, যৌনরোগ এ অধ্যায়ের বিষয়বস্তু।





১৭। স্ত্রীজননেন্দ্রিয় **(Female Sexual System)** ঃ- স্ত্রীজননেন্দ্রিয়ের নানাবিধ পীড়া, লিউকোরিয়া, যৌন সমস্যা, মাসিকের গোলযোগ, প্রসব সংক্রান্ত উপসর্গ এ অধ্যায়ের বিষয়বস্তু।

১৮। রক্তসঞ্চালন পদ্ধতি **(Circulatory System)** ঃ- শিরা ও ধমনীকে এ শাখায় অন্তর্ভূক্ত করে যাবতীয় রক্তগঠিত পীড়া, হৃদযন্ত্রের নানাবিধ অসুস্থতা এ অধ্যায়ে স্থান পেয়েছে।

১৯। গতিশক্তি সৃষ্টিকারক যন্ত্রমন্ডল **(Locomotor System)** ঃ- অঙ্গপ্রত্যঙ্গাদী অর্থাৎ Extremities/ Limbs সংক্রান্ত যাবতীয় লক্ষণাবলী এ অধ্যায় স্থান পেয়েছে।

২০। শ্বাস প্রশ্বাস তন্ত্র **(Respiratory System)** ঃ- এ অধ্যায়ে শ্লেষ্মা, কাশি, ফুসফুসের উপর্সগ ও শ্বাস প্রশ্বাসের যাবতীয় অসুস্থতার লক্ষণাবলী অন্তর্ভূক্ত হয়েছে।

২১। চর্ম **(Skin)** ঃ- চর্মের বিভিন্ন অসুস্থতার লক্ষণাবলী এ অধ্যায়ে স্থান পেয়েছে।

২২। জ্বর **(Fever)** ঃ- নানা জাতীয় জ্বর এবং জ্বরের বিভিন্ন অবস্থার বিবরণ এ অধ্যায়ের বিষয়বস্তু।

২৩। স্নায়ু মন্ডল **(Nervous System)** ঃ- স্নায়ুর প্রদাহ, স্নায়ুর নানাবিধ পীড়া, খিঁচুনী, নিদ্রা, স্বপ্ন, অবসন্নতা, মৃগী, মেরুমজ্জা ইত্যাদি অসুস্থতা সহ স্নায়ুগঠিত পীড়া এ অধ্যায়ের আলোচ্য বিষয়।

২৪। সাধারণ বিভাগ **(Generalities)** ঃ- সংক্ষিপ্ত এ অধ্যায়ে বহু প্রয়োজনীয় রুব্রিক অন্তর্ভূক্ত হয়েছে, বিশেষ কিছু রোগের নামের বিপরীতে ওষুধ তালিকা উপস্থাপিত হয়েছে, যেমন- বিষাক্ততা, কর্ণমূল প্রদাহ, গ্রন্থিস্ফীতি, রোগ প্রতিষেধক, আঘাত জনিত পীড়া প্রভৃতি।

২৫। বৃদ্ধি-হ্রাস **(Modalities)** ঃ- বোরিক রেপার্টরীর সর্বশেষ অধ্যায় বৃদ্ধি-হ্রাস বা Modalities, এ অধ্যায়ের দুটি শাখাঃ-

(১) বৃদ্ধি **(Aggravation)** - এ শাখায় বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে পীড়ার বৃদ্ধি সমূহ বর্ণমালার ক্রমানুসারে লিখিত হয়েছে।

(২) হ্রাস **(Amelioration)**-এ শাখায় বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে পীড়ার হ্রাস সমূহ বর্ণমালার ক্রমানুসারে লিখিত হয়েছে।

বোরিক রেপার্টরী হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতিতে সজ্জিত অর্থাৎ পীড়ার অবস্থান, অনুভূতি, কারণ, বৃদ্ধি, হ্রাস এবং সহযোগী লক্ষণাবলী যথাযথ স্থানে লিপিবদ্ধ করা আছে। সে জন্য এ রেপার্টরীকে "বোনিংহাউসেন টাইপ যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী

ব্যাপক সাধারণ রেপার্টরী" (Boenninghausen Type Logical Utilitarian General Repertory) বলা হয় । বোরিক রেপার্টরীতে সার্বদৈহিক লক্ষণের বর্ণনা থাকলেও চিকিৎসাগত ভাষা (Medical Term) বা রোগর নাম রুব্রিক প্রণয়নের ক্ষেত্রে বহু স্থানে ব্যবহৃত হয়েছে, সে জন্য এ রেপার্টরীকে ক্লিনিক্যাল (Clinical) রেপার্টরীও বলা হয়। আবার লক্ষনকে গুরুত্ব দিয়ে রুব্রিক সজ্জিত করার কারণে এ রেপার্টরীকে লাক্ষণিক (Symptomatic Repertory) রেপার্টরীও বলা হয় । মূলত বোরিক রেপার্টরী একটি মিশ্র পদ্ধতির রেপার্টরী । এতে রুব্রিকসমূহকে বর্ণমালার ক্রমানুসারে সাজানোর চেষ্টা করা হয়েছে, রুব্রিকের বিপরীতে নির্দেশিত ওষুধ তালিকা বর্ণমালার ক্রমানুসারে ও দুটি গ্রেডিং করে লিপিবদ্ধ করা হয়েছে । রেপার্টরীর রুব্রিক বা লক্ষণাবলীর একটি বর্ণমালা ক্রমিক সূচীপত্র রেপার্টরীর শেষে দেয়া আছে । এই রেপার্টরী সংক্ষিপ্ত হলেও বর্ণনা সুন্দর, ইংগিত পূর্ণ, ব্যবহার পদ্ধতি সহজ, ফলে বিশ্বের বহু খ্যাতনামা হোমিও চিকিৎসকদের নিকট এ রেপার্টরী সমাদৃত হয়েছে ।

## বোরিক রেপার্টরীর আকর্ষণীয় দিক বা সুবিধা

কৃতিমান চিকিৎসক ডাঃ উইলিয়াম বোরিক মেটেরিয়া মেডিকার সংযুক্ত করে ১৯২৭ সালে এ রেপার্টরী প্রকাশ করেন । ডাঃ অসকার ই. বোরিক রেপার্টরী অংশের সংশোধন ও তথ্যের সংযোজন করেছেন ।

মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীর যুগপৎ সম্মেলন এর অনন্য বৈশিষ্ট্য । বোরিক রেপার্টরী হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতিতে সজ্জিত অর্থাৎ পীড়ার অবস্থান, অনুভূতি, কারণ, বৃদ্ধি, হ্রাস এবং সহযোগী লক্ষণাবলী যথাযথ স্থানে লিপিবদ্ধ করা আছে। সে জন্য এ রেপার্টরীকে "বোনিংহাউসেন টাইপ যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী" (Boenninghausen Type Logical Utilitarian General Repertory) বলা হয় । বোরিক রেপার্টরীতে সাধারণ লক্ষণের বর্ণনা থাকলেও চিকিৎসাগত ভাষা (Medical Term) বা রোগের নাম রুব্রিক প্রণয়নের ক্ষেত্রে বহু স্থানে ব্যবহৃত হয়েছে, সে জন্য এ রেপার্টরীকে ক্লিনিক্যাল (Clinical) রেপার্টরীও বলা হয় । আবার লক্ষণকে গুরুত্ব দিয়ে রুব্রিক সজ্জিত করার কারণে এ রেপার্টরীকে লাক্ষণিক (Symptomatic) রেপার্টরীও বলা হয় । মূলত বোরিক রেপার্টরী একটি মিশ্র পদ্ধতির রেপার্টরী । রুব্রিক প্রণয়নে পীড়ার অবস্থান, অনুভূতি, কারণ, বৃদ্ধি, হ্রাস, সহযোগী লক্ষণাবলীকে গুরুত্ব দিয়ে যথাযথ স্থানে লিপিবদ্ধ করা হয়েছে, লক্ষণকে সমধিক গুরুত্ব দিয়েও রুব্রিক প্রণয়ন করা হয়েছে আবার রোগের নাম বা ক্লিনিক্যাল টার্মও গুরুত্বের সাথে ব্যবহার করা হয়েছে । ফলে লক্ষণ হিসেবে বা রোগের নামে যে ভাবে সুবিধা হয় সে ভাবেই রুব্রিক খুঁজে ওষুধ তালিকা প্রাপ্তী সহজ হয়।





বোরিক রেপার্টরীতে রুব্রিক সমুহকে বর্ণমালার ক্রমানুসারে সাজানোর চেষ্টা করা হয়েছে, রুব্রিকের বিপরীতে নির্দেশিত ওষুধ তালিকা বর্ণমালার ক্রমানুসারে ও দুটি গ্রেডিং করে লিপিবদ্ধ করা হয়েছে । রেপার্টরীর রুব্রিক বা লক্ষণাবলীর একটি বর্ণমালা ক্রমিক সূচীপত্র রেপার্টরীর শেষে দেয়া আছে, ফলে রুব্রিক অনুসন্ধান সহজ, ওষুধ তালিকা পাওয়াও সহজ ।

মেটেরিয়া মেডিকা ও রেপার্টরী একত্রে সংযুক্ত হলেও এটি আকারে বৃহৎ নয়, ফলে সর্বদা সাথে রাখা বা বহন করা সুবিধা জনক । রেপার্টরীকরণের পর সর্বদা মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করে চূড়ান্ত ওষুধ নির্বাচন করতে হয়, মেটেরিয়া মেডিকা ও রেপার্টরী একত্রে সংযুক্ত থাকার ফলে ওষুধ মিলিয়ে দেখার জন্য একই সাথে মেটেরিয়া মেডিকার সুবিধাও পাওয়া যায় । অন্যদিকে মেটেরিয়া মেডিকার কোন নির্দিষ্ট লক্ষণে আর কি কি ওষুধ হতে পারে সেটি জানতে হলেও একই সাথে রেপার্টরী ও মেটেরিয়া মেডিকার তুলনামূলক ব্যবহার করা যায় ।

বোরিক রেপার্টরীতে ২৫টি অধ্যায়, প্রায় ১৩৫০টি ওষুধ, রুব্রিক সমূহের বর্ণমালার ক্রমানুসারে সাজানোর চেষ্টা, রুব্রিক ও ওষুধ তালিকা সংক্ষিপ্ত হলেও প্রয়োজনীয়তার দিক থেকে বিশেষ উপযোগিতা, রুব্রিকের বিপরীতে নির্দেশিত ওষুধ তালিকার বর্ণমালা ক্রমিক বিন্যাস, ওষুধের দুটি গ্রেডিং বা মূল্যায়ন, রেপার্টরীর শেষে রুব্রিক বা লক্ষণাবলীর বর্ণমালা ক্রমিক সূচীপত্র, সংক্ষিপ্ত রেপার্টরী হলেও ইংগিতপূর্ণ বর্ণনা, সুন্দর ভাষা, সহজ ব্যবহার পদ্ধতি, ছোট আকার ইত্যাদি বহুবিধ বৈশিষ্ট্যের জন্য বিশ্বের বহু খ্যাতনামা হোমিও চিকিৎসকদের নিকট এ রেপার্টরী সমাদৃত হয়েছে , বিশেষ করে নবীন, কনভারটেড ও ব্যস্ত হোমিওপ্যাথদের জন্য এটি একটি প্রথম পছন্দের রেপার্টরী ।

## বোরিক রেপার্টরীর সীমাবদ্ধতা বা অসুবিধা

১। বোরিক রেপার্টরী সংক্ষিপ্ত রেপার্টরী, বহু প্রয়োজনীয় অধ্যায় বা বিষয় এতে অন্তর্ভূক্ত হয়নি, বহু প্রয়োজনীয় রুব্রিক বা লক্ষণাবলী এতে অন্তর্ভূক্ত হয়নি, ফলে বহু ক্ষেত্রে চিকিৎসদের সম্পূর্ণ প্রয়োজনীয়তা পূরণে সক্ষম নহে ।

২। বহু রুব্রিকের বিপরীতে ওষুধ তালিকা সংক্ষিপ্ত, ফলে বহু প্রয়োজনীয় ওষুধ বাদ পড়ে গিয়েছে ।

৩। রোগীর ভাষার বদলে চিকিৎসাগত শব্দ বা মেডিকল টার্ম অধিক ব্যবহারের ফলে রোগী ও ওষুধের মধ্যে সমন্বয় সাধন কষ্টকর হয়ে পড়ে, কারণ রোগীর ভাষা ও মেডিকেল শব্দ বহুক্ষেত্রে হোমিওপ্যাথিক দৃষ্টিভঙ্গিতে সমার্থক হয় না । রোগের নাম বা মেডিকেল শব্দ এ রেপার্টরীতে অধিক ব্যবহৃত হওয়ার কারণে এই রেপার্টরী ব্যবহারকারী চিকিৎসক রোগীর উপর গভীর দৃষ্টিপাত সংকোচন করে রোগের নামের

উপর বা রোগের উপর অধিক নির্ভরশীল হয়ে অর্গাননের মূলনীতি 'রোগের নহে রোগীর চিকিৎসা কর' এই নীতি হতে বিচ্যুত হয়ে তথাকথিত রোগের চিকিৎসক হয়ে পড়তে পারেন।

৪। বোরিক রেপার্টরীতে ওষুধের গ্রেডিং ২টি করায় ওষুধের মূল্যায়ন সীমাবদ্ধ হয়ে পড়েছে।

৫। এ রেপার্টরীতে বহু ক্ষেত্রে রুব্রিক বর্ণনায় বর্ণমালার ধারাবাহিকতায় অসংগতি রয়েছে, মুদ্রণ বিভ্রাটের ব্যাপার আছে, অনেক ক্ষেত্রে সাব রুব্রিককে পূর্ণ রুব্রিক হিসেবে দেখানো হয়েছে।

৬। ওষুধ নির্বাচনে মন বা মানসিক লক্ষণ অত্যাধিক গুরুত্বপূর্ণ হলেও এ রেপার্টরীতে মন অধ্যায় অতি সংক্ষিপ্ত, ফলে চিকিৎসক সদৃশ ওষুধ নির্বাচনে আশানুরূপ সহযাগিতা লাভে ব্যর্থ হন।

৭। রেপার্টরীতে অন্তর্ভুক্ত ওষুধ সমূহের নামের তালিকা বা ওষুধের নামের সংক্ষিপ্ত রূপের তালিকা দেয়া হয়নি, ফলে এ রেপার্টরীর প্রকৃত ওষুধ সংখ্যা কত তা জানা যায়নি।

মোট কথা বোরিক রেপার্টরী নবীন চিকিৎসকদের জন্য ব্যবহার উপযাগী হলেও উল্লেখিত অসংগতির জন্য অর্গানন ভিত্তিক আদর্শ হোমিও চিকিৎসকদের কেন্ট / মারফি / সিন্থেসিস / কমপ্লিট রেপার্টরীর মত সর্ববিধ প্রয়োজনীয়তা মিটাতে পরিপূর্ণ ভাবে সক্ষম নহে।

*(এ পুস্তকটির বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে)

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তম্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)

২। কেন্ট পদ্ধতি (Kent's Method)

৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

বোরিক রেপার্টরীর দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায়।

*বিস্তারিত দেখুন* ঃ- রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।



# ৯ম অধ্যায়

## কেন্ট রেপার্টরী

**REPERTORY OF THE HOMOEOPATHIC MATERIA MEDICA BY J.T. KENT, A.M., M.D.**

### রেপার্টরী রচনার পটভূমি

বোনিংহাউসেন রেপার্টরী প্রকাশ হওয়ার পর হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে এক বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়। লক্ষণসমষ্টির উপর ভিত্তি করে ওষুধ নির্বাচনের যে অপূর্ব সুবিধা রেপার্টরী থেকে পাওয়া যাচ্ছে তা বিশ্বের সকল হোমিওপ্যাথিক চিকিৎসকদের মনপুতঃ হয়। হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান উন্নয়নমুখী। অর্গাননের নির্দেশিত নিয়মে বিশ্বের বিভিন্ন দেশে ড্রাগ প্রুভিংয়ের মাধ্যমে, ক্লিনিক্যাল পরীক্ষার মাধ্যমে ও খ্যাতনামা চিকিৎসকদের গবেষণার কল্যাণে নব নব ওষুধের লক্ষণাবলী এবং পূর্বের ওষুধের নতুন নতুন লক্ষণাবলী মেটেরিয়া মেডিকায় অন্তর্ভুক্ত হয়ে মেটেরিয়া মেডিকার কলেবর বৃদ্ধি পেতে থাকল, ফলে রেপার্টরীতে নতুন নতুন ওষুধ ও নতুন নতুন লক্ষণাবলী অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তাও দেখা গেল। এ ছাড়া বোনিংহাউসেন রেপার্টরীর বহুবিধ ভুলত্রুটি ও সীমাবদ্ধতার কারণে এই রেপার্টরীর সংশোধন করাও জরুরী হয়ে পড়ে। এসকল কারণে যুগোপযোগী রেপার্টরী প্রণয়নে বহু খ্যাতনামা চিকিৎসক এগিয়ে আসেন এবং নিজ নিজ প্রজ্ঞা, মেধা, দৃষ্টিভঙ্গি ও দুরদর্শিতা দ্বারা রেপার্টরী প্রণয়ন করেন। এসকল প্রকাশিত রেপার্টরীর মধ্যে কেহ রোগভিত্তিক, কেহ অঙ্গভিত্তিক, কেহ সামগ্রীক লক্ষণভিত্তিক, কেহ দেহের অঞ্চলভিত্তিক ইত্যাদি বহুপ্রকার রেপার্টরী বিভিন্ন ভাষায় প্রণয়ন করেন। এসকল রেপার্টরীর মধ্যে কোন কোন রেপার্টরী আপন মহিমায় আজও সমুজ্জ্বল আবার কোন কোন রেপার্টরী কালের অতলে হারিয়ে গিয়েছে। আনুমানিক প্রায় ২৫০টির অধিক রেপার্টরী প্রকাশিত হয়ে হোমিওপ্যাথিক চিকিৎসাশাস্ত্রকে সমৃদ্ধ করেছে, তম্মধ্যে যে রেপার্টরীটি বিশ্ব হোমিওজগতে সবচেয়ে বেশী প্রশংসা ও গ্রহণযোগ্য হয়েছে সেটি হল কেন্ট রেপার্টরী। বিজ্ঞ কেন্ট দেখতে পান বোনিংহাউসেন রেপার্টরী, ডাঃ লিপির রেপার্টরী, ডাঃ জারের রেপার্টরী, ডাঃ লি এর রেপার্টরী সহ সে সময়ের রেপার্টরীগুলোতে বহু ভুলত্রুটি রয়েছে, যথেষ্ট মান সম্পন্ন নয়, এবং সেগুলোর অধ্যায় ও লক্ষণ সজ্জার বিষয়টিও তার মনপুতঃ হয়নি। বিজ্ঞ ডাঃ কেন্ট তার দূরদর্শিতা, মেটেরিয়া মেডিকায় অগাধ পান্ডিত্য, হোমিও দর্শনে বিশাল জ্ঞান,

অর্গানন অব মেডিসিনের মূলনীতির উপর অবিচল আস্থা, হোমিওপ্যাথিতে বৈপ্লবিক চিন্তাধারা ইত্যাদি বহুবিধ তুলনাহীন গুণাবলীর অধিকারী হয়ে নিজের ব্যবহারের জন্য রেপার্টরী রচনার প্রয়াস নেন এবং তার ক্ষুরধার লেখনীর মাধ্যমে রেপার্টরীকে পুনর্বিন্যাস ও পরিবর্তনের মাধ্যমে নতুন ধরনের রেপার্টরী রচনা করেন । পুস্তকটি লেখার কারণ সম্পর্কে তিনি বলেন - "আমি বইটি প্রকাশের জন্য লিখিনি, বরং আমার নিজের জন্য, নিজের ব্যবহারের জন্য লিখেছি । আমার চিকিৎসার চাহিদা অনুসারে এটা লেখা, এবং এটা কেবল মাত্র আমার নিজের ব্যক্তিগত প্রয়োজনের ফল" । তিনি এ রেপার্টরী সর্ম্পকে আরও বলেন যে, "আমি লক্ষণ তৈরী করিনি বরং ওগুলো আমার জানা মতে ভাল কায়দায় সাজিয়েছি" । তিনি এ রেপার্টরীকে এমন ভাবে তৈরী করেন যে, এতে পরে নতুন লক্ষণ ও নতুন ওষুধ অন্তর্ভূক্ত করা যাবে । তিনি এ পুস্তককে আরও পূর্ণাঙ্গ ও আরও ব্যবহার উপযোগী করার জন্য সমসাময়িক চিকিৎসকদেরকে তাদের মূল্যবান পরামর্শ দেয়ার অনুরোধ জানান এবং এ পুস্তকে কোন ভুল নজরে আসলে তা সংশোধনের জন্য জানাতে বলেন । এ রেপার্টরী লিখতে গিয়ে তিনি প্রচন্ড কষ্ট স্বীকার করেন, এতে তার স্বাস্থ্যও ভেঙ্গে পড়ে । ডাঃ কেন্টের দ্বিতীয় স্ত্রী ডাঃ ক্লারা লুইসি এ রেপার্টরী রচনায় ডাঃ কেন্টকে অসামান্য সহযোগিতা করেন এবং এতে কেন্টের মত তার স্বাস্থ্যও ভেঙ্গে পড়েছিল, বিদুষি এ মহিলার সহযোগিতা না পেলে কেন্ট রেপার্টরী হয়ত প্রকাশই পেত না, রেপার্টরীর তৃতীয় সংস্করণের পান্ডুলিপি দেখে ছাপার সংশোধনীর কাজটি তিনি সম্পাদন করেন । কেন্ট রেপার্টরী বিগত প্রায় ১০০ বৎসর যাবৎ বিশ্বাসযোগ্য তথ্য সরবরাহের ভান্ডার হিসেবে অপ্রতিদ্বন্দ্বীতার সাথে বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথদের কাছে পরম বিস্ময়ের ও শ্রদ্ধার সাথে সমাদৃত ।

## রেপার্টরীর তথ্য সংগ্রহের উৎস

মহামতি ডাঃ কেন্ট তার রেপার্টরী রচনার জন্য বিশ্বাসযোগ্য বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করেন, যেমন - হ্যানিম্যানের মেটেরিয়া মেডিকা পিউরা, ক্রনিক ডিজিজ, বিভিন্ন ওষুধের মূল ড্রাগপ্রুভিং রেকর্ড, বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকদের ক্লিনিক্যাল সিম্পটম্'স, ডাঃ বোনিংহাউসেন, ডাঃ লিপি, ডাঃ লি, এবং ডাঃ জার এর লিখিত রেপার্টরী সহ অন্যান্য প্রকাশিত রেপার্টরী ও অপ্রকাশিত রেপার্টরীর পান্ডুলিপি, ডাঃ এলেনের "এনসাইক্লোপিডিয়া", ডাঃ বিগলার এর "ডাইরী", ডাঃ মিন্টো এর "ডিজিজেস অব ওমেন", ডাঃ গ্যারেন্সি এর "হেমোরয়েড", ডাঃ বেল এর "ডাইরিয়া", ডাঃ লি ও ডাঃ ক্লার্কের "কফ" সহ আরও বহু পুস্তক থেকে। তিনি তার রেপার্টরী রচনায় সবচেয়ে বেশী সাহায্য নেন ডাঃ সি, লিপি এর রেপার্টরী টু দি মোর ক্যারেকটারিষ্টিক সিম্পটম্'স অব দি মেটেরিয়া মেডিকা এবং ডাঃ ই. লি. এর রেপার্টরী অব দি ক্যারেকটারিষ্টিক সিম্পটম্স, ক্লিনিক্যাল এন্ড প্যাথোজেনিক অব দি হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা এবং ডাঃ জেন্ট্রির ৬ খন্ডে রচিত কনকরডেন্স রেপার্টরী থেকে । তিনি ওপরে বর্ণিত উৎস থেকে তথ্য সংগ্রহ করে সে সকল তথ্যকে যাচাই বাছাই করে নিজের পরিকল্পনা মত সাজিয়ে তিনি তার রেপার্টরী রচনা করেন । রেপার্টরীর তথ্য সংগ্রহের উৎস, গঠন ও ব্যবহার সম্পর্কে তিনি রেপার্টরীর ভূমিকায় এ সকল আলোচনা করেছেন ।





## কেন্ট রেপার্টরী সর্ম্পকে বিশ্ববরেণ্য চিকিৎসকদের মন্তব্য

কেন্ট রেপার্টরী সময়ের মাপকাঠিতে সবচেয়ে বিশ্বাসযোগ্য, সুসংগঠিত, নির্ভরযোগ্য, সুবিন্যস্ত, সর্বাধিক নির্ভুল এবং সংক্ষিপ্ত পরিসরে সবচেয়ে বেশী তথ্যের সমাহারযুক্ত রেপার্টরী । এ রেপার্টরী সর্ম্পকে বিশ্বের বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ মন্তব্য করেছেন । নিম্নে তার কিছু উদাহরণ দেয়া হল ।

১। যুক্তরাজ্যের প্রখ্যাত হোমিওপ্যাথ রানী ২য় এলিজাবেথের ভূতপূর্ব চিকিৎসক Dr. E. W. Hubbard বলেন- Study the Kent Method first, last and all the time ।

২। বিশ্ববিখ্যাত হোমিওপ্যাথিক ওষুধ প্রস্তুতকারক আমিরিকার Boericke & Tafel কর্ণধার Dr. Boericke বলেন- It is a great and useful thing. I wish we had it.

৩ । এ রেপার্টরীর প্রথম আংশিক সংস্করণ বের হলে বোষ্টনের বোনিংহৌসেন'স ক্লাব এই বিশেষ অবদানের জন্য ডাঃ কেন্টকে ধন্যবাদ জানিয়ে প্রশংসাপত্র প্রেরণ করেন ।

৪। যুক্তরাষ্ট্রের ডাঃ ষ্টুয়ার্ট ক্লোজ বলেন -' এ বইয়ের পরিকল্পনা পরিষ্কার ও অত্যন্ত ধীশক্তিসম্পন্ন, এবং অত্যন্ত নিখুঁতভাবে ও বিশ্বস্ততার সাথে করা হয়েছে ...................। এটা একটা মহান কাজ' ।

৫। আমিরিকার কেন্ট হোমিওপ্যাথিক এসোসিয়েটস ১৯৯১ সালে লিখেছে 'এটার পরিষ্কার সংগঠিত অবস্থার জন্য গত ৭০ বৎসর যাবৎ অধিকাংশ হোমিওপ্যাথদের কাছে একটি প্রিয় রেপার্টরী' ।

৬। কানাডার ডাঃ এন্ড্রি সানি বলেন ' কেন্ট কেবলমাত্র একখানা অধিক পূর্ণাঙ্গ রেপার্টরী উপহার দেননি বরং এটা হচ্ছে অধিকতর ব্যবহারিক, বিস্তৃত ও নির্ভরযোগ্য বই' ।

৭। যুক্তরাষ্ট্রের ডাঃ ই. ডব্লিউ বেরিজ বলেন ' এধরনের বই কেবল মাত্র সদৃশ ওষুধ নির্বাচনের জন্য প্রয়োজনীয় নয়, বরং ওষুধ নির্বাচনের সময় বাঁচাতেও অপরিহার্য'।

৮। ৬ষ্ঠ আমিরিকান সংস্করণের প্রকাশক বলেন ' যেখানেই হোমিওপ্যাথি চিকিৎসা চলছে, সেখানেই ডাঃ কেন্টের এ বই সর্বাধিক গুরুত্ব দিয়ে ব্যবহার করা হচ্ছে।-----------বিশ্বাস করি এটা তাঁদের রুগীদের আরোগ্য করার মহান কাজে অত্যন্ত সাহায্য করবে ' ।

৯। ভারতের ডাঃ ডি. পি. রাষ্টগি ও ডাঃ আর. কে. মানচন্দ্র বলেন 'ব্যবহারিক ক্ষেত্রে ডাঃ কেন্টের রেপার্টরী আমাদের জন্য অশেষ পুরস্কার হিসেবে কাজ করে' ।

১০। জেনেভার ডাঃ পিয়ের স্মিট এ বইকে 'সোনার মত মহা মূল্যবান' বলে আখ্যা দেন ।

১১। নয়াদিল্লির ডাঃ দিওয়ান হরিশ্চান্দ বলেন '১৮৯৭ সালে ডাঃ কেন্টের রেপার্টরী যখন প্রথম প্রকাশ পায়, এটা নিশ্চিন্তভাবেই সবচেয়ে ভাল বই বলে বুঝা যায়, আর এখনও পর্যন্ত তা এটার বিশেষ মর্যাদা বজায় রাখতে পেরেছে' ।

(*কেন্ট রেপার্টরী সর্ম্পকে বিশ্ববরেণ্য চিকিৎসকদের মন্তব্য অংশটি প্রধানতঃ আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যাপক মরহুম ডাঃ শাহ ফরিদুল ইসলাম রচিত কেস টেকিং ও রেপার্টরী পর্যালোচনা নামক পুস্তক হতে এবং সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ ও হাসপাতালের সহকারী অধ্যাপক ডাঃ গুরুদাস সরকার কর্তৃক লিখিত ও বাংলাদেশ হোমিওপ্যাথিক পত্রিকায় প্রকাশিত কেন্ট রেপার্টরীর কথা নামক প্রবন্ধ হতে সংকলিত ।)

## কেন্ট রেপার্টরীর প্রকাশনা ও সংস্করণ

১৮৯৭ সালে কেন্ট রেপার্টরীর প্রথম খন্ড প্রকাশিত হয় । ১৮৯৯ সালে এটির পূর্ণাঙ্গ প্রথম সংস্করণ প্রকাশিত হয় । পুস্তকটির পৃষ্ঠা সংখ্যা ১৪২৩, ওষুধ সংখ্যা ৬৪৮+২৪=৬৭২টি, লক্ষণ সংখ্যা আনুমানিক ৭৫,০০০ । কোন কোন লেখক এ পুস্তকে লক্ষণ সংখ্যা ৬৫,৬৯৩ বলে উল্লেখ করেছন । দ্বিতীয় সংস্করণ ১৯০৮ সালে প্রকাশিত হয় । সবগুলোর প্রকাশক যুক্তরাষ্ট্রর ল্যাঞ্চষ্টারের এক্সামিনার প্রিন্টিং হাউস । ১৯১৬ সালর ৬ই জুন কেন্টের মৃত্যু হয় । মৃত্যুর পূর্বে তিনি তৃতীয় সংস্করণের পান্ডুলিপি লিখে রেখে যান । এ সংশাধিত পান্ডুলিপি থেকে যুক্তরাষ্ট্রের চিকাগোর এহরহার্ট এন্ড কার্ল ১৯২৪, ১৯৩৫, ১৯৪৫ ও ১৯৫৭ সালে যথাক্রম ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সংস্করণ প্রকাশ করেন । ৬ষ্ঠ সংস্করণের পর এ বইয়ের আর কোন মৌলিক সংস্করণ প্রকাশ হয়নি; ভারত ও বিশ্বের বিভিন্ন দেশে ৬ষ্ঠ আমিরিকান সংস্করণ থেকে বিভিন্ন ভাষায় অনূদিত হয়ে হরেক রকমের সংস্করণ প্রকাশ পেয়েছে । অনেক প্রকাশক এ বইয়ে বিভিন্ন রকমের সংযোজন ও সংশোধন করে বিভিন্ন রকমের সংস্করণ প্রকাশ করেছে । বিভিন্ন কার্ড রেপার্টরী, বিভিন্ন হোমিওপ্যাথিক কম্পিউটার প্রোগ্রামে এই রেপার্টরীর আংশিক বা সম্পূর্ণ পুস্তকের তথ্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে । বহু লেখক এ রেপার্টরীর তথ্য নিয়ে ভিন্ন





নামে রেপার্টরী বা ভিন্ন পুস্তক প্রকাশ করে বাহবা কুড়িয়েছেন । ভারতের কয়েকটি প্রকাশনা প্রতিষ্ঠান কেন্ট রেপার্টরীর বাংলা অনুবাদ প্রকাশ করেছে, তন্মধ্যে ভারতের মডার্ন হোমিওপ্যাথিক পাবলিকেশান কর্তৃক অনূদিত রেপার্টরীটি ভারতের জৈন পাবলিশার্স কর্তৃক প্রকাশিত ইংরেজী পুস্তকের হুবুহু পৃষ্ঠা অনুসারী অনুবাদ ।

## কেন্ট রেপার্টরী সজ্জিত করার মূল পরিকল্পনা বা গঠন কৌশল

ডাঃ কেন্ট তাহার রেপার্টরী রচনার সময় বিশ্বাসযোগ্য বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করেন এবং সম্পূর্ণ নতুন আঙ্গিকে অদ্ভুত কলাকৌশলে পূর্ণ করে তার রেপার্টরী রচনা করেন । কেন্ট রেপার্টরীতে ওষুধ তালিকায় ৬৪৮ টি ওষুধের নাম আছে, প্রকৃত পক্ষে অতিরিক্ত ২৪টি ওষুধসহ মোট ৬৪৮+২৪ = ৬৭২টি ওষুধকে এ রেপার্টরীতে স্থান দেয়া হয়েছে । ৩২টি মূল অধ্যায় ও ৫টি উপঅধ্যায় অর্থাৎ সর্বমোট ৩৭টি অধ্যায়ের মাধ্যমে কেন্ট রেপার্টরী রচিত । কেন্ট রেপার্টরীর অধ্যায় বিন্যাসের ক্ষেত্রে প্রথমে Mind বা মন অধ্যায় (Alpha) এবং সবশেষে Generalities বা সাধারণ লক্ষণ অধ্যায় (Omega) বর্ণিত হয়েছে । প্রতিটি অধ্যায়ে লক্ষণ বা রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে রুব্রিকসমুকে ইংরেজী বর্ণমালা ক্রমিকভাবে অর্থাৎ আভিধানিক পদ্ধতিতে (A-Z) সজ্জিত করা হয়েছে (কিছু কিছু ক্ষেত্রে ব্যতিক্রম আছে) । প্রতিটি লক্ষণ বা রুব্রিক এর বিপরীতে নির্দেশিত ওষুধ তালিকা বর্ণমালার ক্রমানুসারে অর্থাৎ আভিধানিক পদ্ধতিতে (A-Z) সজ্জিত করা হয়েছে । এরূপ বিন্যাস কৌশলকে "আদি-অন্ত" বা "প্রথম ও শেষ" বা "Alpha and Omega" ( গ্রীক বর্ণমালার প্রথম অক্ষর Alpha এবং শেষ অক্ষর Omega) বলা হয় ।

## রেপার্টরীর অধ্যায় বিন্যাস

ডাঃ কেন্ট তার রেপার্টরীকে সজ্জিত করার জন্য ৩টি প্রধান বিভাগে বিভক্ত করেন এবং এই ৩টি বিভাগ বিস্তৃত করে রেপার্টরী রচনা করেন । ৩টি প্রধান বিভাগ হল-

ক) মানসিক অংশ বা Mental Part — ১টি অধ্যায়
খ) আংগিক অংশ বা Particular Part — ৩৫ টি অধ্যায়
(৩০টি মূল অধ্যায়, এর মধ্যে দু'টি অধ্যায় মোট ৭টি শাখা অধ্যায়ে বিভক্ত)
গ) সাধারণ লক্ষণাবলী বা Generalities — ১টি অধ্যায়

এই ৩টি মূল বিভাগের অধীনে কেন্ট রেপার্টরীতে ৩৭ টি অধ্যায় আছে ।

ক) মানসিক অংশ বা **Mental Part** ঃ- অধ্যায়ের নাম Mind (মন). পৃষ্ঠা নং ১ থেকে ৯৫। এতে ৫২৯টি রুব্রিক এবং ৩৭৮২টি সাব-রুব্রিক আছে।

খ) আংগিক অংশ বা **Particular Part** ঃ- পৃষ্ঠা নং ৯৬ থেকে ১৩৪০। এ অংশটি রেপার্টরীর সবচাইতে বিস্তৃত অংশ। দেহের বিভিন্ন অংগের এনাটমিক্যাল নামে বা কার্যের অবস্থাকে অধ্যায়ের নামকরণ করে ধারাবাহিক ভাবে রুব্রিক সজ্জিত করা হয়েছে, অধ্যায়ের নামের সাথে সংগতিপূর্ণ বিষয়সমুহ সে অধ্যায়ে স্থান দেয়া হয়েছে। এ অংশে ৩০ টি মূল অধ্যায়, এর মধ্যে দু'টি অধ্যায় মোট ৭টি শাখা অধ্যায়ে বিভক্ত, সুতরাং এই অংশে শাখা অধ্যায় সহ মোট ৩৫টি অধ্যায় আছে, মুত্রযন্ত্র (Urinary Organs) এই অধ্যায়টি ৫টি শাখা অধ্যায়ে এবং জননেন্দ্রিয় (Genitalia) ২টি শাখা অধ্যায়ে বিভক্ত।

আঙ্গিক অংশের অধ্যায়সমুহের বিন্যাস নিম্নরূপ ঃ-

১। শিরোঘূর্ণন (Vertigo) ১৬৪ টি রুব্রিক (পৃষ্ঠা নং ৯৬ থেকে ১০৬)
২। মস্তক (Head) ১৫৩ টি রুব্রিক (পৃষ্ঠা নং ১০৭ থেকে ২৩৪)
৩। চক্ষু (Eye) ১৮৬ টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৩৫ থেকে ২৭০)
৪। দৃষ্টিশক্তি (Vision) ৯১টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৭১ থেকে ২৮৫)
৫। কর্ণ (Ear) ৯২টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৮৫ থেকে ৩২০)
৬। শ্রবনশক্তি (Hearing) ৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩২১ থেকে ৩২৩)
৭। নাসিকা (Nose) ১২৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩২৪ থেকে ৩৫৪)
৮। মুখমন্ডল (Face) ১৩৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩৫৫ থেকে ৩৯৬)
৯। মুখগহ্বর (Mouth) ১৩৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩৯৭ থেকে ৪৩০)
১০। দন্ত (Teeth) ৭১টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৩০ থেকে ৪৪৭)
১১। গলনালী (Throat) ১১২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৪৮ থেকে ৪৭০)
১২। বাহ্য গলদেশ (External Throat) ৩৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৭১ থেকে ৪৭৫)
১৩। পাকস্থলী (Stomach) ৯৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৭৬ থেকে ৫৪০)
১৪। উদর (Abdomen) ১৩২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৫৪১ থেকে ৬০৫)
১৫। সরলান্ত্র (Rectum) ৮৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬০৬ থেকে ৬৩৫)
১৬। মল (Stool) ৮৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৩৫ থেকে ৬৪৪)
১৭। মুত্রযন্ত্র (Urinary Organs) -

এ অধ্যায়টি ৫টি শাখা অধ্যায়ে বিভক্ত। এরা হল -

(১) মূত্রস্থলী (Bladder) ৫৯টি রুব্রিক, (পৃষ্ঠা নং ৬৪৫ থেকে ৬৬২)
(২) মূত্রগ্রন্থি (Kidneys) ২০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬২ থেকে ৬৬৭).





(৩) প্রষ্টেট গ্রন্থি (Prostate Gland) ২১টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬৭ থেকে ৬৬৮)
(৪) মূত্র মার্গ (Urethra) ৫৩টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬৯ থেকে ৬৮০)
(৫) মূত্র (Urine) ৪০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৮০ থেকে ৬৯২)

১৮। জননেন্দ্রিয় (Genitalia) -

এ অধ্যায়টি ২টি শাখা অধ্যায়ে বিভক্ত। এরা হল -

(১) পুং জননেন্দ্রিয় (Male) ৯৯টি রুব্রিক। (পৃষ্ঠা নং ৬৯৩ থেকে ৭১৪)
(২) স্ত্রী জননেন্দ্রিয় (Female) ৯৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭১৪ থেকে ৭৪৫)

১৯। শ্বাসনালী ও কণ্ঠ (Larynx and Trachea) ৬৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৪৬ থেকে ৭৬২)
২০। শ্বাসক্রিয়া (Respiration) ৫০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৬২ থেকে ৭৭৭)
২১। কাশি (Cough) ৩৪৮টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৭৮ থেকে ৮১১)
২২। গয়ের উঠা (Expectoration) ১১৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮১২ থেকে ৮২১)
২৩। বক্ষদেশ (Chest) ১৬৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮২২ থেকে ৮৮৩)
২৪। পৃষ্ঠ (Back) ৮২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮৮৪ থেকে ৯৫১)
২৫। হস্তপদাদি (Extremities) ২৬৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৯৫২- ১২৩৩)
২৬। নিদ্রা (Sleep) ৩০টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৩৪ থেকে ১২৫৮)
২৭। শীতাবস্থা (Chill) ১০১টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৫৯ থেকে ১২৭৭)
২৮। জ্বর (Fever) ৯১টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৭৮ থেকে ১২৯২)
২৯। ঘর্ম (Perspiration) ১০৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৯৩ থেকে ১৩০২)
৩০। চর্ম (Skin) ১০২টি রুব্রিক (পৃষ্ঠা নং ১৩০৩ থেকে ১৩৪০)

গ) সাধারণ লক্ষণ (**Generalities**) - এই অধ্যায়ে প্রধানতঃ সার্বদেহিক লক্ষণাবলী, সময়, বৃদ্ধি, হ্রাস, পার্শ্ব ইত্যাদি সহ বহু গুরুত্বপূর্ণ লক্ষণাবলীর রুব্রিক অন্তর্ভুক্ত হয়েছে, ২২৪টি রুব্রিক। পৃষ্ঠা নং ১৩৪১ থেকে ১৪২৩।

উপরোল্লেখিত ৩৭টি অধ্যায়ের মধ্যে হস্তপদাদি (Extremities) অধ্যায়টি সর্ববৃহৎ অধ্যায় এবং প্রষ্টেট গ্রন্থি (Prostate Gland) অধ্যায়টি সর্বকনিষ্ঠ অধ্যায়। মন (Mind) অধ্যায়টিতে সবচেয়ে বেশী রুব্রিক এবং শ্রবনশক্তি (Hearing) অধ্যায়টিতে সবচেয়ে কম রুব্রিক আছে।

## পুস্তকের ধারাবাহিকতা অনুসারে অধ্যায়ের বিন্যাস

১। Mind (মন), ৫২৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ১ থেকে ৯৫)
২। Vertigo (শিরোঘূর্ণন), ১৬৪ টি রুব্রিক (পৃষ্ঠা নং ৯৬ থেকে ১০৬)
৩। Head (মস্তক) ১৫৩ টি রুব্রিক (পৃষ্ঠা নং ১০৭ থেকে ২৩৪)
৪। Eye (চক্ষু), ১৮৬ টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৩৫ থেকে ২৭০)
৫। Vision (দৃষ্টিশক্তি), ৯১টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৭১ থেকে ২৮৫)
৬। Ear (কর্ণ), ৯২টি রুব্রিক (পৃষ্ঠা নং ২৮৫ থেকে ৩২০)
৭। Hearing (শ্রবনশক্তি), ৩টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩২১ থেকে ৩২৩)
৮। Nose (নাসিকা), ১২৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩২৪ থেকে ৩৫৪)
৯। Face (মুখমন্ডল), ১৩৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩৫৫ থেকে ৩৯৬)
১০। Mouth (মুখগহ্বর), ১৩৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৩৯৭ থেকে ৪৩০)
১১। Teeth (দন্ত), ৭১টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৩০ থেকে ৪৪৭)
১২। Throat (গলনালী) ১১২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৪৮ থেকে ৪৭০)
১৩। External Throat (বাহ্য গলদেশ), ৩৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৭১ থেকে ৪৭৫)
১৪। Stomach (পাকস্থলী), ৯৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৪৭৬ থেকে ৫৪০)
১৫। Abdomen (উদর), ১৩২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৫৪১ থেকে ৬০৫)
১৬। Rectum (সরলান্ত্র) ৮৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬০৬ থেকে ৬৩৫)
১৭। Stool (মল) ৮৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৩৫ থেকে ৬৪৪)
১৮। Bladder (মূত্রস্থলী), ৫৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৪৫ থেকে ৬৬২)
১৯। Kidneys (মূত্রগ্রন্থি), ২০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬২ থেকে ৬৬৭)
২০। Prostate Gland (প্রষ্টেট গ্রন্থি ), ২১টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬৭ থেকে ৬৬৮)
২১। Urethra (মূত্র মার্গ), ৫৩টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৬৯ থেকে ৬৮০)
২২। Urine) (মূত্র), ৪০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৮০ থেকে ৬৯২)
২৩। Genitalia - Male (জননেন্দ্রিয় - পুরুষ), ৯৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৬৯৩ থেকে ৭১৪)
২৪। Genitalia - Female (জননেন্দ্রিয় - স্ত্রী), ৯৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭১৪ থেকে ৭৪৫)
২৫। Larynx and Trachea (শ্বাসনালী ও কণ্ঠ), ৬৯টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৪৬ থেকে ৭৬২)
২৬। Respiration (শ্বাসক্রিয়া), ৫০টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৬২ থেকে ৭৭৭)





২৭। Cough (কাশি), ৩৪৮টি রুব্রিক (পৃষ্ঠা নং ৭৭৮ থেকে ৮১১)
২৮। Expectoration (গয়ের উঠা), ১১৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮১২ থেকে ৮২১)
২৯। Chest (বক্ষদেশ), ১৬৫টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮২২ থেকে ৮৮৩)
৩০। Back (পৃষ্ঠ), ৮২টি রুব্রিক (পৃষ্ঠা নং ৮৮৪ থেকে ৯৫১)
৩১। Extremities (হস্তপদাদি), ২৬৭টি রুব্রিক (পৃষ্ঠা নং ৯৫২ থেকে ১২৩৩)
৩২। Sleep (নিদ্রা), ৩০টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৩৪ থেকে ১২৫৮)
৩৩। Chill (শীতাবস্থা), ১০১টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৫৯ থেকে ১২৭৭)
৩৪। Fever (জ্বর), ৯১টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৭৮ থেকে ১২৯২)
৩৫। Perspiration (ঘর্ম), ১০৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ১২৯৩ থেকে ১৩০২)
৩৬। Skin (চর্ম), ১০২টি রুব্রিক (পৃষ্ঠা নং ১৩০৩ থেকে ১৩৪০)
৩৭। Generalities (সাধারণ লক্ষণ), ২২৪টি রুব্রিক (পৃষ্ঠা নং ১৩৪১ থেকে ১৪২৩)।

## ওষুধ মূল্যায়নের রীতি

কেন্ট রেপার্টরীতে ওষুধ সমুহকে তাদের গুরুত্ব অনুযায়ী তিনটি পর্যায়ে বা গ্রেডে (Grade) মূল্যায়িত করা হয়েছে, ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা মূল্যায়নের তারতম্য বুঝানো হয়েছে।

১। কোন ওষুধের যে লক্ষণ অধিকাংশ প্রুভারের মধ্যে প্রকাশ পেয়েছিল ও পুনঃ পুনঃ প্রুভিং দ্বারা বার বার সমর্থিত হয়েছে এবং রোগী চিকিৎসায় প্রয়োগ করে বার বার সুফল পাওয়া গিয়েছে, এরূপ লক্ষণকে সেই ওষুধের প্রথম শ্রেণীর লক্ষণ বলা হয়। কেন্ট রেপার্টরীতে **Bold** বা মোটা ছাপার অক্ষরে লিখিত ওষুধ প্রথম শ্রেণীর (First Grade), এদের মান সবচেয়ে বেশী এবং গাণিতিক মান ৩।

২। কোন ওষুধের যে লক্ষণ অনেক প্রুভারের মধ্যে প্রকাশ পেয়েছিল ও পুনঃ প্রুভিং দ্বারা মাঝে মাঝে সমর্থিত হয়েছিল এবং রোগী চিকিৎসায় প্রয়োগ করেও অনেক ক্ষেত্রে সুফল পাওয়া গিয়েছে, এরূপ লক্ষণকে সেই ওষুধের দ্বিতীয় শ্রেণীর লক্ষণ বলা হয়। কেন্ট রেপার্টরীতে *Italic* বা *বাঁকা* অক্ষরে লিখিত ওষুধ দ্বিতীয় শ্রেণীর (Second Grade), এদের মান মধ্যম এবং গাণিতিক মান ২।

৩। কোন ওষুধের যে লক্ষণ কোন কোন প্রুভারের মধ্যে প্রকাশ পেয়েছিল ও পুনঃ প্রুভিং দ্বারা দুর্বল ভাবে সমর্থিত হয়েছিল এবং রোগী চিকিৎসায় প্রয়োগ করে মধ্যে মধ্যে সুফল পাওয়া গিয়েছে, অথবা ওষুধ প্রুভিং কালে এই লক্ষণ প্রকাশিত হয়নি কিন্তু

বিভিন্ন চিকিৎসকের অভিজ্ঞতায় এই ওষুধ প্রয়োগ করে সেই লক্ষণে রোগী আরোগ্য লাভ হয়েছে, অথবা রোগী চিকিৎসায় অভিজ্ঞতার দ্বারা প্রমাণ পাওয়া গেলেও সর্বদা প্রমাণিত হয়নি, ভবিষ্যতে প্রমাণের জন্য বা স্বীকৃতির জন্য রাখা হয়েছে এরূপ লক্ষণকে সেই ওষুধের তৃতীয় শ্রেণীর লক্ষণ বলা হয়। কেন্ট রেপার্টরীতে সাধারণ ছাপার অক্ষরে লিখিত ওষুধ তৃতীয় শ্রেণীর (Third Grade), এদের মান সর্বনিম্ন এবং গাণিতিক মান ১।

উদাহরণ ঃ- অধ্যায় ঃ চক্ষু (EYE) (ইংরেজী পুস্তক পৃষ্ঠা নং ২৩৫)

**BLEEDING** from eyes: Acon., aloe, am-c., am-caust., *arn.*, bell., **Both.,** *calc.*, camph., *carb-v.*, *cham.*, cor-r., **Crot-h.**, dig., elaps, euphr., *kali-chl.*, **Lach.**, nit-ac., **Nux-v., Phos.**, plb., raph., ruta, *sulph.*

এখানে **Both., Crot-h., Lach., Nux-v.** ও **Phos.** (মোটা অক্ষর) প্রথম শ্রেণীর বা প্রথম গ্রেডের ওষুধ, এদের গাণিতিক মান৩ (তিন)।

এখানে *arn., calc., carb-v., cham., kali-chl.,* ও *sulph.* বাঁকা অক্ষরে বা *Italic* ভাবে লিখিত ওষুধের মান মধ্যম, এরা দ্বিতীয় শ্রেণীর বা দ্বিতীয় গ্রেডের ওষুধ, এদের গাণিতিক মান ২ (দুই)।

Acon., aloe, am-c., am-caust., bell., camph., cor-r., dig., elaps, euphr., nit-ac., plb., raph., ruta, তৃতীয় শ্রেণীর বা তৃতীয় গ্রেডের ওষুধ, এদের গাণিতিক মান ১ (এক)।

বাংলা অনুবাদকৃত পুস্তকে ১ম শ্রেণীর সর্বোচ্চ মানের ওষুধকে মোটা অক্ষরে, ২য় শ্রেণীর ওষুধের নামের পূর্বে তারকা চিহ্ন '* ' বসিয়ে এবং ৩য় শ্রেণীর সর্বনিম্ন মানের ওষুধের নাম সাধারণ ছাপার অক্ষরে ছাপা হয়েছে।

## কেন্ট রেপার্টরীর রুব্রিক সাজানোর প্রধান রীতি

কেন্ট রেপার্টরীর অধ্যায় বিন্যাসের ক্ষেত্রে প্রথমে Mind বা মন অধ্যায় (Alpha) এবং সবশেষে Generalities বা সাধারণ লক্ষণ অধ্যায় (Omega) বর্ণিত হয়েছে। প্রতিটি অধ্যায়ে লক্ষণ বা রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে রুব্রিকসমুকে ইংরেজী বর্ণমালা ক্রমিকভাবে অর্থাৎ আভিধানিক পদ্ধতিতে (A-Z) সজ্জিত করা হয়েছে (কিছু কিছু ক্ষেত্রে ব্যতিক্রম আছে)। প্রতিটি লক্ষণ বা রুব্রিক এর বিপরীতে নির্দেশিত ওষুধ তালিকা বর্ণমালার ক্রমানুসারে অর্থাৎ আভিধানিক পদ্ধতিতে (A-Z) সজ্জিত করা হয়েছে। এরূপ বিন্যাস কৌশলকে "আদি-অন্ত" বা "প্রথম ও শেষ" বা ""Alpha and Omega" (গ্রীক বর্ণমালার প্রথম অক্ষর Alpha এবং শেষ অক্ষর Omega)





বলা হয়। রুব্রিকসমুহের অধীন সাব রুব্রিক সমুহকেও বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে। রেপার্টরীর আরম্ভ হতে শেষ পর্যন্ত একই ধারায় ও একই পর্যায় বজায় রাখা হয়েছে।

কয়েকটি অধ্যায়ে সে অধ্যায়ের সাধারণ লক্ষণের ওষুধ তালিকা প্রদানের পর সময় সংক্রান্ত রুব্রিকসমুহকে প্রথমে স্থান দেয়া হয়েছে (Vertigo, Chill, Fever, Perspiration অধ্যায়), কয়েকটি অধ্যায়ে সর্বপ্রথমে সময় সংক্রান্ত রুব্রিকসমুহকে প্রথমে স্থান দিয়ে অধ্যায় সজ্জিত করা হয়েছে (Cough, Expectoration, Generalities অধ্যায়)। বাকী অধ্যায়গুলোতে বর্ণমালাক্রমিক ভাবে রুব্রিক সজ্জিত করা হয়েছে। এসকল রুব্রিকের বা অনুগামী সাব-রুব্রিকের বিপরীতে ওষুধসমুহ বর্ণমালার ক্রমানুসারে লিখিত আছে। রুব্রিকের সাব-রুব্রিকসমুহ সজ্জিত করার সময় প্রথমে সময় সংক্রান্ত সাব-রুব্রিক লিখিত হয়েছে (কিছু কিছু ক্ষেত্রে পার্শ্ব) এবং পরবর্তী অন্যান্য সাব-রুব্রিক ইংরেজী বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত করা হয়েছে। তারপর বেদনার ক্ষেত্রে প্রথমে স্থান, তারপর বেদনার চরিত্র বা বৈশিষ্ট্য, তারপর বেদনার বিস্তার এরকম একটি সাধারণ নিয়মের মাধ্যমে সমগ্র রেপার্টরীকে সজ্জিত করা হয়েছে। সাব-রুব্রিকসমুহ বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিককে ভিতরের দিকে ঢুকিয়ে লেখা হয়েছে। একই নিয়মে সাব-রুব্রিকের শাখা সমুহ অর্থাৎ সাব-সাব-রুব্রিকসমুহ বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিকের ভিতরের দিকে ঢুকিয়ে সাব-সাব-রুব্রিক সমুহ লেখা হয়েছে। সকল মূল রুব্রিক ইংরেজী বড় মোটা ছাপার অক্ষরে **(BOLD, CAPITAL LETTER)** লিখিত হয়েছে, ফলে মূল রুব্রিক বুঝতে অসুবিধা হয় না। বাংলা অনুবাদকৃত পুস্তকে সকল মূল রুব্রিক বড় মোটা ছাপার অক্ষরে লিখিত হয়েছে এবং মূল রুব্রিককে বন্ধনীর মধ্যে ইংরেজীতে লিখিত হয়েছে। রেপার্টরীর প্রতিটি অধ্যায়ের আরম্ভ হতে শেষ পর্যন্ত ওপরে বর্ণিত সাধারণ নিয়ম বা ধারা বজায় রাখা হয়েছে।

Dr. Margaret Tyler লিখিত A study of Kent's Repertory প্রবন্ধে কেন্ট রেপার্টরীর রুব্রিক সজ্জিতকরণ প্রসংগে নিম্নরূপ লিখেছেন -

First, TIME.

Next, CONDITIONS IN ALPHABETICAL ORDER.

Then, when it is a question of pain, LOCALITY, CHARACTER, EXTENSION.

Take a mental symptom from the first section of the book; take anxiety.

First, always, TIME. . . ANXIETY; morning, afternoon, at night; at some special hour.

Then, conditions under which anxiety has been observed, in alphabetical order. . . ANXIETY: in open air, in bed; as of a guilty conscience; during fever; for others; before menses; about salvation; on waking, and so on.

Now turn to the last section of the Repertory, the Generalities, or GENERALS. Here we have the aggravation, ameliorations and reactions of the patient as precisely the same arrangement is found.

**কেন্ট রেপার্টরীর কয়েকটি অধ্যায়ের রুব্রিক সজ্জিত করার রীতি**

রুব্রিক সাজানোর ধারা অনুধাবনের জন্য কয়েকটি অধ্যায়ের রুব্রিক সজ্জিত করার রীতি বা ভঙ্গিমা নিম্নে বর্ণনা করা হল -

**মন (MIND)** ( ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ১)

কেন্ট রেপার্টরীর মন অধ্যায়ের ১ পৃষ্ঠা খুলুন (ইংরেজী পুস্তক), মূল পুস্তকের সাথে মিলিয়ে নিন। বিভিন্ন ধরনের বৈচিত্রপূর্ণ মানসিক লক্ষণাবলী (৫২৯ টি রুব্রিক) এ অধ্যায়ে স্থান পেয়েছে। এ অধ্যায়ের সকল মূল রুব্রিক ইংরেজী বর্ণমালার ক্রমানুসারে (A-Z) সজ্জিত করা হয়েছে। প্রথম রুব্রিক ABANDONED (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ১) এবং শেষ রুব্রিক WRONG (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ৯৫)। প্রথম রুব্রিক ABANDONED তারপর ক্রমান্বয়ে ABRUPT, ABSENT-MINDED, ABSORBED, ABUSIVE এবং সর্বশেষ রুব্রিক WRONG (পৃষ্ঠা নং ৯৫)। বর্ণমালাক্রমিক সজ্জিত করার রীতি এই পুস্তকের মন অধ্যায় সহ বাকী সকল অধ্যায়ের সকল মূল রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে বজায় রাখা হয়েছে (ব্যতিক্রম - Vertigo, Cough, Expectoration, Chill, Fever, Perspiration এবং Generalities অধ্যায়)। ফলে মূল রুব্রিক খুজে পেতে চিকিৎসককে বেগ পেতে হয় না।

বিভিন্ন মূল রুব্রিকের, যেমন -ABSENT-MINDED, ANGER, ANGUISH, ANXIETY, DELIRUM ইত্যাদির অধীনস্থ সাব-রুব্রিক সমুহকে লক্ষ্য করুন। এসকল রুব্রিকের বিপরীতে ওষুধসমুহকে বর্ণমালার ক্রমানুসারে লিখিত হয়েছে। এদের সাব-রুব্রিকসমুহ সজ্জিত করার সময় প্রথমে সময় সংক্রান্ত সাব-রুব্রিক লিখিত হয়েছে এবং পরবর্তী অন্যান্য সাব-রুব্রিক ইংরেজী বর্ণমালার ক্রমানুসারে





সজ্জিত। সাব-রুব্রিক সমুহ বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিককে ভিতরের দিকে ঢুকিয়ে লিখা হয়েছে। একই নিয়মে সাব-রুবিকের শাখা সমুহ অর্থাৎ সাব-সাব-রুব্রিক সমুহ বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিকের ভিতরের দিকে ঢুকিয়ে সাব-সাব-রুব্রিক সমুহ লিখা হয়েছে। অধ্যায়ের আরম্ভ হতে শেষ পর্যন্ত উপরে বর্ণিত সাধারণ নিয়ম বা ধারা বজায় রাখা হয়েছে।

**শিরোঘূর্ণন ( VERTIGO)** - ( ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ৯৬ )

কেন্ট রেপার্টরীর শিরোঘূর্ণন (VERTIGO) অধ্যায়ের প্রথমে শিরোঘূর্ণন (VERTIGO) রুব্রিক ও ওষুধ সমুহ, তারপর সময় সংক্রান্ত রুব্রিক সমুহ লিখিত হয়েছে। সময় সংক্রান্ত রুব্রিক সজ্জিত করার সময় প্রথমে প্রাতঃকালে (MORNING) এবং ক্রমান্বয়ে পূর্বাহ্নে (FORENOON), মধ্যাহ্নে (NOON), অপরাহ্নে (AFTERNOON), সন্ধ্যাকালে (EVENING) ও রাতে (NIGHT) রুব্রিক সমুহ লিখিত হয়েছে। এরপর বর্ণমালা ক্রমিকভাবে অধ্যায়ের শেষ রুব্রিক শেষ হয়েছে। অধ্যায়ের বর্ণমালা ক্রমিক প্রথম রুব্রিক AIR, open in (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ৯৭) এবং শেষ রুব্রিক YAWNING (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ১০৬)।

**মস্তক (HEAD )** - (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ১০৭)

মন অধ্যায়ের নিয়মে অর্থাৎ বর্ণমালাক্রমানুসারে রুব্রিকসমূহ সজ্জিত। এ অধ্যায়ের সকল মূল রুব্রিক ইংরেজী বর্ণমালার ক্রমানুসারে (A-Z) সজ্জিত করা হয়েছে। প্রথম রুব্রিক ABSCESS ও শেষ রুব্রিক WRINKLING (ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ২৩৪)। বেদনা (PAIN) রুব্রিকের বিভিন্ন সাব রুব্রিক সজ্জিত করার রীতি লক্ষ্য করুন। পৃষ্ঠা নং ১৩২ হতে ২২১।

PAIN রুব্রিকটির অধীনে অসংখ্য সাব-রুব্রিক, আবার প্রায় সাব-রুব্রিকের অধীনেও অনেক সাব-সাব-রুব্রিক আছে, সাব-সাব-রুব্রিকের অধীনেও অনেক সাব-সাব-সাব আছে। প্রথমে PAIN, headache in general, তারপর সময় (daytime, morning, forenoon, noon, afternoon, evening, night, midnight), তারপর বর্ণমালাক্রমিক ভাবে সাব-রুব্রিকসমূহ সজ্জিত আছে, এখানে বর্ণমালাক্রমিক প্রথম সাব-রুব্রিক acids, from: (পৃষ্ঠা ১৩৫) এবং শেষ সাব-রুব্রিক yawning, when (পৃষ্ঠা ১৫২)। yawning,when পর্যন্ত সকল সাব-রুব্রিক সাধারণ মাথা বেদনা সম্পর্কীত (Headache in general) বিষয়। তারপরে

PAIN, Extending to (সাব-রুব্রিক, পৃষ্ঠা ১৫২), এই সাব-রুব্রিকটি বেদনা বিস্তৃত হয় বা EXTENSION সম্পর্কীত। তারপরে মস্তিস্কের বিভিন্ন স্থানের সাধারণ বেদনা সম্পর্কীত রুব্রিক লিখিত হয়েছে।

নিম্নে মস্তিস্কের বিভিন্ন স্থানের (LOCALITY) সাধারণ বেদনার সাব-রুব্রিক সমূহের সজ্জিত করার ধারা লক্ষ্য করুন।

PAIN, Bones, (পৃষ্ঠা ১৫৩), তারপরে
PAIN, Brain, (পৃষ্ঠা ১৫৩), তারপরে
PAIN, Forehead, in (পৃষ্ঠা ১৫৩-১৬১), তারপরে
PAIN, Occiput: (পৃষ্ঠা ১৬১-১৬৬), তারপরে
PAIN, Occiput and Forehead: (পৃষ্ঠা ১৬৬), তারপরে
PAIN, Sides (পৃষ্ঠা ১৬৬-১৬৮), তারপরে
PAIN, Sutures: (পৃষ্ঠা ১৬৮), তারপরে
PAIN, Temples (পৃষ্ঠা ১৬৮-১৭১), তারপরে
PAIN, Temples and forehead: (পৃষ্ঠা ১৭১-১৬১), তারপরে
PAIN, Temples and Occiput: (পৃষ্ঠা ১৭১), তারপরে
PAIN, Vertex: (পৃষ্ঠা ১৭১-১৭৩) তারপরে
PAIN, Vertex and Forehead: (পৃষ্ঠা ১৭৩)

তারপর পুনরায় বর্ণমালা ক্রমিক ভাবে সাব-রুব্রিক শুরু হয়েছে, এ অবস্থার প্রথম সাব-রুব্রিক biting: (পৃষ্ঠা ১৭৩) তারপরে blows, as from: (পৃষ্ঠা ১৭৩), তারপরে boring,digging, screwing (পৃষ্ঠা নং ১৭৩-১৭৬), তারপরে bruised: (পৃষ্ঠা ১৭৬), তারপরে burning (পৃষ্ঠা নং ১৭৬-১৭৭), এভাবে ক্রমানুয়ে বর্ণমালা ক্রমিকভাবে সাব-রুব্রিক সজ্জিত হয়েছে এবং wedge like সাব-রুব্রিকে শেষ হয়েছে (পৃষ্ঠা ২২১)।

রুব্রিক সজ্জিতকরণের মূলধারা (First, TIME. Next, CONDITIONS IN ALPHABETICAL ORDER. Then, when it is a question of pain, LOCALITY, CHARACTER, EXTENSION.) অনুধাবনের জন্য PAIN রুব্রিক এর অনুগামী সাব-রুব্রিক এর সজ্জিতকরণের রীতি নিম্নে বর্ণনা দেয়া হল।





| **Rubric** | **sub-rubric** | |
|---|---|---|
| | রীতি | |
| **PAIN** | | |
| | TIME (সময় সংক্রান্ত) | |
| | day time | (Page-132) |
| | morning | (Page-133) |
| | forenoon | (Page-133) |
| | noon | (Page-134) |
| | afternoon | (Page-134) |
| | evening | (Page-134) |
| | night | (Page-135) |
| | midnight | (Page-135) |
| | CONDITIONS IN ALPHABETICAL ORDER (বর্ণমালাক্রমিক সাধারণ রুব্রিক সমূহ) | |
| | acids, from | (Page-135) |
| | air, | (Page-135) |
| | alcoholics | (Page-136) |
| | alternating with | (Page-136) |
| | anger, from | (Page-136) |
| | (বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন) | |
| | wrapping up head | (Page-152) |
| | wrinkling,forehead agg. | (Page-152) |
| | writing, from | (Page-152) |
| | yawning | (Page-152) |
| | EXTENSION (বিস্তৃত হয়) | |
| | Extending to | (Page-152) |
| | LOCALITY (স্থান) | |
| | Bones | (Page-153) |
| | Brain, aching deep in | (Page-153) |
| | Forehead, in | (Page-153) |

| | |
|---|---|
| Occiput | (Page-161) |
| Occiput and Forehead | (Page-166) |
| Sides | (Page-166) |
| Sides | (Page-167) |
| Sutures, pain follows | (Page-168) |
| Temples | (Page-168) |
| Temples and forehead | (Page-171) |
| Temples and Occiput | (Page-171) |
| Vertex | (Page-171) |
| Vertex and Forehead | (Page-173) |

CHARACTER (চরিত্র বা বৈশিষ্ট্য)

| | |
|---|---|
| biting | (Page-173) |
| blows, as from | (Page-173) |
| boring, digging, screwing | (Page-173) |
| bruised | (Page-176) |
| burning | (Page-176) |
| burrowing | (Page-178) |
| bursting | (Page-178) |
| cleaving | (Page-180) |
| come off, pain as....... | (Page-180) |
| cramping | (Page-180) |
| crushed as if shattered, ... | (Page-180) |
| cutting, darting , stabbing | (Page-180) |
| digging | (Page-181) |
| drawing | (Page-182) |
| drawing, tightening | (Page-185) |
| dull pain | (Page-185) |
| flying pain | (Page-186) |
| foreign body, as if | (Page-186) |
| gnawing | (Page-186) |
| grasping | (Page-186) |
| grinding | (Page-186) |
| griping | (Page-186) |
| grumbling | (Page-186) |
| hacking | (Page-186) |





| | |
|---|---|
| jerking | (Page-186) |
| lacerating | (Page-187) |
| lancinating | (Page-187) |
| nail, as from a | (Page-187) |
| open, as if | (Page-188) |
| opening and shutting | (Page-188) |
| pecking | (Page-188) |
| pinching | (Page-188) |
| plug, peg of wedge | (Page-188) |
| pressing | (Page-188) |
| pulled, sensation as if hair .. | (Page-201) |
| pulling, like | (Page-201) |
| scraped feel, amel on.... | (Page-201) |
| shattered | (Page-201) |
| shooting | (Page-201) |
| smarting | (Page-204) |
| sore bruised, sensitive to ... | (Page-204) |
| sprained, sensation, back .. | (Page-206) |
| splitting | (Page-206) |
| stabbing | (Page-206) |
| sticking | (Page-206) |
| stitching | (Page-206) |
| stunning, stupefying | (Page-213) |
| tearing, rending | (Page-214) |
| tightening | (Page-221) |
| torn, as from breaking.. | (Page-221) |
| ulcerative | (Page-221) |
| wedge like | (Page-221) |

তারপরে PARALYSIS রুব্রিক থেকে পরবর্তী বর্ণমালা ক্রমিক রুব্রিক পুনরায় শুরু হয়েছে।

এবার স্থান (LOCATION) সম্পর্কীত সাব-রুব্রিক PAIN, forhead in সাব-রুব্রিকের (পৃষ্ঠা ১৫৩-১৬১), অধীনস্থ সাব-সাব-রুব্রিকের সজ্জিত হওয়ার রীতিটি লক্ষ্য করুন।

**Rubric** **sub-rubric** **sub-sub-rubric**

**PAIN,**

**Forehead, in**

রীতি

SIDE (পার্শ্ব)

right side (Page - 154)
left side (Page - 154)

TIME (সময় সংক্রান্ত )

daytime (Page - 154)
morning (Page - 154)
forenoon (Page - 154)
noon (Page - 155)
afternoon (Page - 155)
evening (Page - 155)
night (Page - 155)

CONDITIONS IN ALPHABETICAL ORDER
(বর্ণমালাক্রমিক সাধারণ রুব্রিক সমূহ)

air, cold (Page - 155)
air, open (Page - 155)
alternating..... (Page - 155)

(বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন)

↓

wine, after (Page - 158)
wrinkling forehead (Page - 158)
writing, while (Page - 158)

EXTENSION (বিস্তৃত হয়)

extending backward (Page - 158)
above the (Page - 158)

(বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন)

↓





worm room agg (Page - 159)
extending to ears (Page - 159)

(বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন )

↓

nose above root of (Page - 161)

এবার PAIN, burning সাব-রুব্রিকের অধীনস্থ সাব-সাব রুব্রিকের সজ্জিত হওয়ার রীতিটি লক্ষ্য করুন। PAIN, burning ১৭৬ নং পৃষ্ঠায় শুরু হয়েছে, প্রথমে PAIN, burning যতগুলো ওষুধ হতে পারে তার তালিকা দেয়ার পর সাব-সাব-রুব্রিক সমূহ লিখিত হয়েছে, লক্ষ্য করুন পূর্বে বর্ণিত রীতি অনুযায়ী সময় সংক্রান্ত (morning, noon, afternoon, evening, night) সাব-সাব-রুব্রিক প্রথমে দেয়া হয়েছে। তারপরে পুনরায় বর্ণমালাক্রমিক সাব-সাব-রুব্রিক সজ্জা শুরু হয়েছে, এ অবস্থার প্রথম সাব-সাব-রুব্রিক air, open, in, amel: তারপর alternating with pain: (পৃষ্ঠা নং ১৭৬)। এভাবে শুরু হয়ে বর্ণমালা ক্রমিক ভাবে wrapping up warmly amel : সাব-সাব রুব্রিকে শেষ হয়েছে (পৃষ্ঠা নং ১৭৭)। তারপরে স্থান সম্পর্কীত সাব-সাব-রুব্রিক শুরু হয়েছে, এপর্যায়ে Brain:, Forehead:, Occiput:, Sides:, Temples:, Vertex:, ইত্যাদি সাব-সাব-রুব্রিক লিখিত হয়েছে (পৃষ্ঠা নং ১৭৭)। এরা সবাই burning সাব রুব্রিকের অধীনস্থ সাব-সাব-রুব্রিক। পরবর্তী সাব-রুব্রিক PAIN, burrowing (পৃষ্ঠা নং ১৭৮), তারপর bursting লিখিত হয়েছে। PAIN, burrowing এবং PAIN, bursting এর শাখা বা সাব-সাব রুব্রিকের সাজানোর রীতি লক্ষ্য করুন। এখানেও প্রথমে সময়, তারপর বর্ণনাক্রমিক রুব্রিক সজ্জা, তারপর স্থান সম্পর্কীত রুব্রিক সমুহকে স্থান দেয়া হয়েছে। মস্তিষ্ক অধ্যায় সহ অন্যান্য অধ্যায়েও এই সাধারণ নিয়মে রুব্রিকসমুহকে সজ্জিত করা হয়েছে।

PAIN, burning সাব-রুব্রিকের অধীনস্থ সাব-সাব রুব্রিকের সজ্জিত হওয়ার রীতিটি নিম্নে দেয়া হল।

**Rubric** **sub-rubric** **sub-sub-rubric**

**PAIN** burning
রীতি

TIME

| | |
|---|---|
| morning | (Page - 176) |
| noon | (Page - 176) |
| afternoon | (Page - 176) |
| evening | (Page - 176) |
| night | (Page - 176) |

CONDITIONS IN ALPHABETICAL ORDER
(বর্ণমালাক্রমিক সাব-সাব-রুব্রিক সমূহ)

| | |
|---|---|
| air, open, in, amel | (Page - 176) |
| alternating with pain | (Page - 176) |

(বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন)

| | |
|---|---|
| warm room | (Page - 177) |
| wrapping up .... | (Page - 177) |

LOCALITY

| | |
|---|---|
| Brain | (Page - 177) |
| Forehead | (Page - 177) |
| Occiput | (Page - 177) |
| Sides | (Page - 177) |
| Temples | (Page - 177) |
| Vertex | (Page - 177) |

EXTENTION

| | |
|---|---|
| Forehead / extending to eye | (Page - 177) |
| Occiput / extending down | (Page - 177) |
| Temples / extending to cheek | (Page - 177) |
| Vertex / extending to temples | (Page - 177) |





কেন্ট রেপার্টরীতে রুব্রিক সজ্জিতকরণের ক্ষেত্রে উপরে বর্ণিত উদাহরণের আলোকে দেখা যাচ্ছে যে নিম্নোক্ত সাধারণ নিয়ম বজায় রাখা হয়েছে (কিছু কিছু স্থানে ব্যতিক্রম আছে)। অন্যান্য অধ্যায়েও এই সাধারণ নিয়মে রুব্রিকসমূহকে সজ্জিত করা হয়েছে।
First, TIME.
Next, CONDITIONS IN ALPHABETICAL ORDER.
Then, when it is a question of pain, LOCALITY, CHARACTER, EXTENSION).

**প্রোস্টেট গ্লান্ড (PROSTATE GLAND)** ( ইংরেজী পুস্তক, পৃষ্ঠা নং - ৬৬৭ )

কেন্ট রেপার্টরীর প্রোস্টেট গ্লান্ড অধ্যায়ের ৬৬৭ পৃষ্ঠা খুলুন (ইংরেজী পুস্তক), মূল পুস্তকের সাথে মিলিয়ে নিন। মূল রুব্রিক সমূহের বর্ণমালাক্রমিক সজ্জা লক্ষ্য করুণঃ-

**BALL**
**EMISSION**
**ENLARGEMENT**
**FESTERING**
**FULNESS**
**GURGLING**
**HARDNESS**
**HEAT**
**HEAVINESS**
**INDURATION**
**INFLAMATION**
**IRRITATION**
**JERKING**
**ONANISM**
**PAIN**
**QUIVERING**
**SUPPURATION**
**SWELLING**
**TENSION**

**TWITCHING**
**UNEASINESS**

উপরে লিখিত শব্দসমুহ প্রষ্টেট গ্লান্ড অধ্যায়ের মূল রুব্রিক সমুহ। মূল রুব্রিক এর অধীনে সাব-রুব্রিক, সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-সাব রুব্রিক................ সাজানো হয়, এই অধ্যায়ে EMISSION prostatic fluid রুব্রিকের সাব-রুব্রিক ও সাব-সাব-রুব্রিক সমুহ সাজানোর ধারাবাহিক পদ্ধতি লক্ষ্য করুন ঃ-

**EMISSION** prostatic fluid
dribbling
easily dixcharged
emotion, with every
erections, during
without
flatus, while passing
fondling women, while
lascivious thoughts, during
sitting, shile
stool with
difficult, with
soft, with
after
talking to a young lady, while
thinking of it
urination, before
during
after
walking, while

এখানে লক্ষ্য করুন EMISSION prostatic fluid এর পরে সাব-রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে এবং ভিতরে ঢুকিয়ে লেখা হয়েছে, সবগুলো সাব-রুব্রিককে উলম্বভাবে সমান ভিতরে এনে লেখা হয়েছে। ৫ম লাইনে erections শব্দটি সাব-রুব্রিক, during ও without শব্দ দুটি সাব-সাব রুব্রিক অর্থাৎ during ও without শব্দ দুটি erections শব্দের সাব-সাব রুব্রিক বা অনুগামী সাব-সাব-রুব্রিক।





রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক, সাব-সাব-সাব-রুব্রিক সমুহের সজ্জা লক্ষ্য করুনঃ-

**(PROSTATE GLAND)**

| RUBRIC | sub-rubric | sub-sub-rubric | sub-sub-sub-rubric |
|---|---|---|---|
| **BALL** | | | |
| **EMISSION** | | | |
| prostatic fluid | - dribbling | | |
| | - easily dixcharged..... | | |
| | - emotion, with every | | |
| | - erections | | |
| | | -- during | |
| | | -- without | |
| | - flatus, while passing | | |
| | - fondling women, while | | |
| | - lascivious thoughts, during | | |
| | - sitting, while | | |
| | - stool | | |
| | | -- with | |
| | | -- difficult, with | |
| | | -- soft, with | |
| | | -- after | |
| | - talking to a young lady while | | |
| | - thinking of it | | |
| | - urination | | |
| | | -- before | |
| | | -- during | |
| | | -- after | |
| | - walking, while | | |
| **ENLARGEMENT** | | | |
| | - dribbling urine after stool and urine | | |
| | - senile | | |
| | - sensation of | | |

| RUBRIC | sub-rubric | sub-sub-rubric | sub-sub-sub-rubric |
|---|---|---|---|
| **FESTERING** | | | |
| **FULNESS** | | | |
| **GURGLING** | | | |
| **HARDNESS** | | | |
| | - without enlargment | | |
| **HEAT** | | | |
| **HEAVINESS** | | | |
| | - lascivious thoughts during | | |
| **INDURATION** | | | |
| **INFLAMATION** | | | |
| | - suppressed gonorrhoea from | | |
| **IRRITATION** in | | | |
| **JERKING** in region of | | | |
| **ONANISM**, complaints after | | | |
| **PAIN** | | | |
| | - blowing nose, on | | |
| | - cancer, in | | |
| | - coition, during | | |
| | - gonorrhoea, during | | |
| | - jarring agg. | | |
| | - sitting, while | | |
| | - standing | | |
| | - stool | | |
| | | -- urging to | |
| | | -- after | |
| | - urination | | |
| | | -- during | |
| | | -- at close of | |
| | | -- after | |
| | - urinate, urging to | | |
| | - walking | | |
| | | -- agg | |
| | | -- amel | |





| RUBRIC | sub-rubric | sub-sub-rubric | sub-sub-sub-rubric |
|---|---|---|---|
| | - aching | -- bladder,and deep.... | |
| | | -- sitting and walking..... | |
| | - biting | | |
| | - burning | | |
| | - constrictive | | |
| | - dragging | | |
| | - drawing | | |
| | | -- sitting or walking | |
| | - pressing | | |
| | | -- coition, during | |
| | | -- erection, at beginning of | |
| | | -- nose, on blowing | |
| | | -- standing | |
| | | -- urination | |
| | | | --- during |
| | | | --- after |
| | | -- walking, while | |
| | - pulsating | | |
| | | -- region of | |
| | | | --- straining of urinate, while |
| | - shooting | | |
| | - soreness | | |
| | - sticking | | |
| | - stitching | | |
| | | -- afternoon | |
| | | -- urination, during | |
| | | -- walking agg | |
| | | -- extending to genitals | |
| **QUIVERING**, nervous | | | |
| **SUPPURATION** | | | |
| **SWELLING** | | | |

**TENSION**
**TWITCHING**
**UNEASINESS**

উপরে **CAPITAL** অক্ষরে লিখিত শব্দসমুহ প্রষ্টেট গ্লান্ড অধ্যায়ের মূল রুব্রিক সমুহ, মূল রুব্রিক এর অধীনে সাব-রুব্রিক ও সাব-সাব-রুব্রিক, সাব-সাব-সাব-রুব্রিক............... সাজানো হয়, এ অধ্যায়ের **EMISSION** prostatic fluid রুব্রিকের সাব রুব্রিক ও সাব সাব রুব্রিক সমুহ সাজানোর ধারাবাহিক পদ্ধতি লক্ষ্য করুনঃ-

**EMISSION** prostatic fluid
- dribbling
- easily discharged
- emotion, with every
- erections,
  -- during
  -- without
- flatus, while passing
- fondling women, while
- lascivious thoughts, during
- sitting, while
- stool -- with
  -- difficult, with
  -- soft, with
  -- after
- talking to a young lady, while
- thinking of it
- urination
  -- before
  -- during
  -- after
- walking, while

এখানে লক্ষ্য করুন **EMISSION** prostatic fluid এর পরে সাব-রুব্রিক্ সমুহ বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে, ৫ম লাইনে erections





শব্দটি সাব রুব্রিক, during ও without শব্দ দুটি সাব-সাব-রুব্রিক অর্থাৎ during ও without শব্দ দুটি erections শব্দের অনুগামী। এদেরকে পড়তে হলে যথাক্রমে
**Prostate Gland/**EMISSION prostatic fluid / erections/ during
**Prostate Gland/**EMISSION prostatic fluid / erections/ without
পড়তে হবে।

১২ শ লাইনে stool শব্দটি সাব রুব্রিক,
-- with
-- difficult, with
-- soft, with
-- after

ইত্যাদি শব্দগুলি stool শব্দের অনুগামী। এরা সাব-সাব-রুব্রিক। এদেরকে পড়তে হলে যথাক্রমে
**Prostate Gland/**EMISSION prostatic fluid /stool/ with
**Prostate Gland/**EMISSION prostatic fluid /stool/ difficult, with
**Prostate Gland/**EMISSION prostatic fluid /stool/ soft, with
**Prostate Gland/**EMISSION prostatic fluid /stool/ after এভাবে পড়তে হবে।

বুঝানোর সুবিধার জন্য সাব-রুব্রিকের সামনে একটি ডেস চিহ্ন, সাব-সাব-রুব্রিকের সামনে দুটি ডেস চিহ্ন, সাব-সাব-সাব-রুব্রিকের সামনে তিনটি ডেস চিহ্ন দেয়া হয়েছে। 1994 সনে প্রকাশিত **P. Sivaraman** সম্পাদিত **Kent's Repertory of the Homoeopathic Materia Medica Expanded** পুস্তকটিতে এ কৌশলে রুব্রিক ও সাব-সাব-রুব্রিক চিহ্নিত করা হয়েছে।

কেন্ট রেপার্টরীতে উপরোক্ত নিয়মে রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক বা আরও ক্রমধারায় সাব সাব রুব্রিক হিসেবে লক্ষণ সমুহকে সজ্জিত করা হয়েছে।

## হস্তপদাদি (EXTREMITIES) (ইংরেজী পুস্তকের ৯৫২ নং পৃষ্ঠা দেখুন)

হস্তপদাদি কেন্ট রেপার্টরীর সর্ববৃহৎ অধ্যায়, এই অধ্যায়ের রুব্রিক, সাব-রুব্রিক ও সাব-সাব-রুব্রিকের এত অধিক সাব রয়েছে যে নবীন ব্যবহারকারীর ক্ষেত্রে অনেক সময় রুব্রিকের ধারাবাহিকতা রক্ষা করা কঠিন হয়ে পড়ে। নবীন ব্যবহারকারীর

কাজে লাগতে পারে চিন্তা করে এই অধ্যায়ের রুব্রিক সজ্জার ধারা নিয়ে সংক্ষেপে আলোচিত হল।

অধ্যায়ের প্রথম রুব্রিক **ABDUCTED** (পৃষ্ঠা নং ৯৫২) এবং শেষ রুব্রিক **WRINKLED** (পৃষ্ঠা নং ১২৩৩)। এই অধ্যায়ে সর্বমোট ২৭০টি প্রধান রুব্রিক আছে। সকল রুব্রিক বর্ণমালার ক্রমানুসারে লিখিত আছে। সকল রুব্রিক ইংরেজী বড় অক্ষরে **(CAPITTAL)** লিখিত আছে। একটি রুব্রিকের অর্ন্তগত সকল সাব-রুব্রিকের বর্ণনা শেষ হওয়ার পরে পরবর্তী রুব্রিক আরম্ভ হয়েছে। **PAIN** রুব্রিকের বর্ণনা এত বৃহৎ যে তা (পৃষ্ঠা নং ১০৪৩ - ১১৭৬ = ১৩৪ পৃষ্ঠা ) সতন্ত্র একটি অধ্যায় হতে পারত। যে সকল রুব্রিকের বা সাব-রুব্রিকের বর্ণনা একাধিক পৃষ্ঠায় বিস্তৃত, সে সকল রুব্রিকের ধারাবাহিকতা বুঝানোর সুবিধার জন্য পৃষ্ঠার উপরে সেই রুব্রিকের ও সাব-রুব্রিকের নাম লেখা আছে, ফলে ধারাবাহিকতা বুঝতে অসুবিধা হয় না। **Extremities** বা হস্তপদাদি অধ্যায়ের মূল রুব্রিকের অধীনে প্রথমে সাধারণ লক্ষণাবলীর রুব্রিক লেখা হয়েছে, তারপরে বিভিন্ন অঙ্গের লক্ষণ সজ্জিত করা হয়েছে। লক্ষণ বা রুব্রিক বর্ণনার পূর্বে সেই অংগের নাম মোটা অক্ষরে লেখা হয়েছে। অঙ্গের লক্ষণ বর্ণনা কালে প্রথমে **Joint** তারপর **Upper limbs** ও তার বিভিন্ন অংশের উল্লেখ করে সাব-রুব্রিক সজ্জিত করা হয়েছে, তারপরে **Lower limbs** ও তার বিভিন্ন অংশের উল্লেখ করে সাব-রুব্রিক সজ্জিত করা হয়েছে। মূল রুব্রিকের ভিতরে ঢুকিয়ে সাব-রুব্রিক সজ্জিত করা হয়েছে, আবার সাব-রুব্রিকের ভিতরে ঢুকিয়ে সাব-সাব-রুব্রিক সজ্জিত করা হয়েছে। বিষয়টিকে পরিষ্কার করে বুঝার সুবিধার্থে উদাহরণ হিসেবে **ERUPTION** রুব্রিকের (পৃষ্ঠা নং ৯৮৬) সাব-রুব্রিকের বিন্যাস নিয়ে দেয়া হল।

**ERUPTION**

areola red (পৃষ্ঠা নং ৯৮৬)
black
(বর্ণমালার ক্রমানুসারে ক্রমশঃ সজ্জিত আছে, মূল পুস্তক দেখুন )
↓
varicella, like (পৃষ্ঠা নং ৯৮৭)
vesicles

LOCALITY (স্থান), মূল পুস্তকে মিলিয়ে নিন।
**Joints** (পৃষ্ঠা নং ৯৮৭)
**Upper Limbs** (পৃষ্ঠা নং ৯৮৭)





**Shoulder** (পৃষ্ঠা নং ৯৯০)
**Upper Arm** (পৃষ্ঠা নং ৯৯০)
**Elbow** (পৃষ্ঠা নং ৯৯০)
**Forearm** (পৃষ্ঠা নং ৯৯১)
**Wrist** (পৃষ্ঠা নং ৯৯২)
**Hand** (পৃষ্ঠা নং ৯৯৩)
**Fingers** (পৃষ্ঠা নং ৯৯৬)
**Thumb** (পৃষ্ঠা নং ৯৯৭)
**Lower Limbs** (পৃষ্ঠা নং ৯৯৭)
**Nates** (পৃষ্ঠা নং ৯৯৯)
**Hip** (পৃষ্ঠা নং ৯৯৯)
**Thigh** (পৃষ্ঠা নং ৯৯৯)
**Knee** (পৃষ্ঠা নং ১০০০)
**Leg** (পৃষ্ঠা নং ১০০১)
**Ankle** (পৃষ্ঠা নং ১০০২)
**Foot** (পৃষ্ঠা নং ১০০২)
**Toes** (পৃষ্ঠা নং ১০০৪)

প্রায় প্রতিটি সাব-রুব্রিকের অধীনে একাধিক সাব-সাব-রুব্রিক আছে। সাব-রুব্রিকের অধীনে সাব-সাব-রুব্রিকের বর্ণমালাক্রমিক সজ্জা লক্ষ্য করুন। সাব-রুব্রিকের ভিতরে ঢুকিয়ে সাব-সাব-রুব্রিক সজ্জিত করা হয়েছে। নিম্নে **ERUPTION** রুব্রিকের অর্ন্তগত **Shoulder** সাব-রুব্রিকের বিভিন্ন সাব-সাব- ............রুব্রিকের বিন্যাস দেখানো হল।

**ERUPTION**

**Shoulder** (পৃষ্ঠা নং ৯৯০)
black pores
boils
blood boils, large
desquamation
eczema
elevations
herpes

pimples
- bleeding when scratched
- boils, like
- burning
- indolent
- itching
- painful
- red

pustules
rash
scabs
tubercles
urticaria
vesicles
- burning
- after scratching

**EXTREMITIES** অধ্যায়ের **PAIN** রুব্রিকের স্যাব-রুব্রিক সমূহের বিন্যাস লক্ষ্য করুন।

| | | |
|---|---|---|
| **PAIN** | (P-1043) | রীতি |
| right then left | (P-1044) | |
| left then right | " | |
| morning | " | TIME |
| forenoon | " | |
| noon | " | |
| afternoon | " | |
| evening | " | |
| night | " | |
| midnight | " | |

CONDITIONSIN ALPHABETICAL ORDER

| | |
|---|---|
| air | (P- 1044) |
| alternately in arms and legs | " |
| --------- | |
| wet weather | (P-1046) |
| wine | (P-1046) |





| | | |
|---|---|---|
| **Attachment of muscles** | (P-1047) | LOCALITY |
| **Bones** | (P-1047) | |
| **Flexor Muscles** | (P-1047) | |
| **Joints** | (P-1047) | |
| **Nails** | (P-1048) | |
| **Tendon** | (P-1049) | |
| **Upper Limbs** | (P-1049) | |
| **Shoulder** | (P-1051) | |
| **Upper Arm** | (P-1053) | |
| **Elbow** | (P-1055) | |
| **Forearm** | (P-1056) | |
| **Wrist** | (P-1057) | |
| **Hand** | (P-1059) | |
| **Fingers** | (P-1060) | |
| **Thumb** | (P-1062) | |
| **Lower Limbs** | (P-1062) | |
| **Nates** | (P-1067) | |
| **Hip** | (P-1067) | |
| **Thigh** | (P-1069) | |
| **Knee** | (P-1072) | |
| **Leg** | (P-1074) | |
| **Ankle** | (P-1077) | |
| **Foot** | (P-1078) | |
| **Toes** | (P-1081) | |

CHARACTER OF PAIN

| | |
|---|---|
| aching | (P-1082) |
| biting | (P-1088) |
| boring | (P-1088) |
| broken, sensation, as if | (P-1091) |
| bruised | (P-1091) |
| burning | (P-1091) |
| cutting | (P-1099) |
| darting | (P-1099) |

| | |
|---|---|
| digging | (P-1099) |
| dislocation, asif, feeling, upper limbs | (P-1099) |
| drawing | (P-1100) |
| gnawing | (P-1115) |
| laceerating | (P-1116) |
| lancinating | (P-1116) |
| piercing | (P-1116) |
| pinching | (P-1116) |
| pressing | (P-1117) |
| scraping | (P-1123) |
| shooting | (P-1123) |
| sore, bruised | (P-1125) |
| sprained, as if | (P-1134) |
| stitching | (P-1136) |
| tearing | (P-1155) |
| twinging, upper limbs | (P-1176) |

এসকল সাব-রুব্রিকের অধীনে বিভিন্ন সাব-সাব-রুব্রিকসমুহ বা সাব-সাব-সাব রুব্রিকসমূহ বর্ণমালা ও ওপরে বর্ণিত নিয়মে ধারাবাহিকভাবে সজ্জিত আছে। চিকিৎসকবৃন্দ উপরে বর্ণিত নিয়মসমূহ লক্ষ্য রেখে কিছুদিন অনুশীলন করলে কেন্ট রেপার্টরীর গঠন কৌশল আয়ত্ব করে এই রেপার্টরীর সফল ব্যবহারের মাধ্যমে রোগারোগ্যে বিশেষ কার্যকরী ভূমিকা পালন করতে সক্ষম হবেন।

PAIN / aching (Page -1082) সাব-রুব্রিক সহ অন্যান্য সাব-রুব্রিকের অধীনে বিভিন্ন সাব-সাব বা সাব-সাব-সাব রুব্রিকসমূহ বর্ণমালা ও ওপরে বর্ণিত নিয়মে ধারাবাহিকভাবে সজ্জিত আছে।

PAIN / aching (Page -1082) সাব-রুব্রিকের অধীনে বিভিন্ন সাব-সাব-রুব্রিকসমূহের বিন্যাস লক্ষ্য করুন।





| Rubric | sub-rubric | sub-sub-rubric | | রীতি |
|---|---|---|---|---|
| PAIN | | | | |
| | aching | | (P-1082) | |
| | | left | (P-1083) | SIDE |
| | | morning, 7 a.m | (P-1083) | TIME |
| | | forenoon | (P-1083) | |
| | | afternoon | (P-1083) | |
| | | night | (P-1083) | |
| | | | | CONDITIONS IN ALPHABETICAL ORDER |
| | | bed in | (P-1083) | |
| | | chill, during | (P-1083) | |
| | | coition, after | (P-1083) | |
| | | cold, as from | (P-1083) | |
| | | fever, during | (P-1083) | |
| | | lying upon the limbs, while | (P-1083) | |
| | | motion, amel | (P-1083) | |
| | | waking, on | (P-1083) | |
| | | walking | (P-1083) | |
| | | | | LOCALITY |
| | | **Bones** | (P-1083) | |
| | | **Joints** | (P-1083) | |
| | | **Extensor muscles** | (P-1083) | |
| | | **Flexors** | (P-1083) | |
| | | **Upper limbs** | (P-1083) | |
| | | **Shoulders** | (P-1083) | |
| | | **Upper Arm** | (P-1084) | |
| | | **Elbow** | (P-1083) | |
| | | **Forearm** | (P-1084) | |
| | | **Wrist** | (P-1085) | |
| | | **Hand** | (P-1085) | |
| | | **Fingers** | (P-1085) | |

| | |
|---|---|
| **Thumb** | (P-1085) |
| **Lower Limbs** | (P-1085) |
| **Nates** | (P-1086) |
| **Hip** | (P-1086) |
| **Thigh** | (P-1086) |
| **Knee** | (P-1086) |
| **Leg** | (P-1087) |
| **Ankles** | (P-1087) |
| **Foot** | (P-1088) |
| **Sole** | (P-1088) |
| **Heel** | (P-1088) |
| **Toes** | (P-1088) |

কেন্ট রেপার্টরীতে রুব্রিক সজ্জিত করণের ক্ষেত্রে ওপরে বর্ণিত উদাহরণের আলোকে দেখা যাচ্ছে যে নিম্নোক্ত সাধারণ নিয়ম বজায় রাখা হয়েছে (কিছু কিছু স্থানে ব্যতিক্রম আছে)। বেদনার অন্যান্য ক্ষেত্রেও এই সাধারণ নিয়মে রুব্রিক বা তার অনুগামী সাব-রুব্রিক সমুহকে সজ্জিত করা হয়েছে।

First, TIME.
Next, CONDITIONS IN ALPHABETICAL ORDER.
Then, when it is a question of pain, LOCALITY, CHARACTER, EXTENSION.

## সাধারণ লক্ষণাবলী ( GENERALITIES )

(ইংরেজী পুস্তক পৃষ্ঠা নং ১৩৪১-১৪২৩)

এ অধ্যায়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ রুব্রিক দ্বারা পরিপূর্ণ। সার্বদেহিক লক্ষণাবলী, সময় সংক্রান্ত হ্রাস-বৃদ্ধি, বিশেষ কিছু পীড়ার ওষুধ, খাদ্য, সাধারণ বেদনার প্রকৃতি, নাড়ী, দেহের পার্শ্ব ইত্যাদি সহ বহু অতি প্রয়োজনীয় রুব্রিক এ অধ্যায়ে স্থান পেয়েছে। এ অধ্যায়টিতে ২৪৮টি মূল রুব্রিক অর্ন্তভূক্ত হয়েছে। এ অধ্যায়ের প্রথমেই সময় সংক্রান্ত রুব্রিকসমুহ দিয়ে বর্ণনা শূরু হয়েছে, এরপর বর্ণমালা ক্রমিকভাবে রুব্রিকসমুহ সজ্জিত করা হয়েছে।





রুব্রিকসমুহের ক্রমসজ্জা নিম্নরূপঃ-

DAYTIME
MORNING
FORENOON
NOON
AFTERNOON
EVENING
NIGHT

অতঃপর বর্ণমালাক্রমিক রুব্রিক শুরু হয়েছে, প্রথম রুব্রিক ABSCESSES এবং সর্বশেষ রুব্রিক WOUNDS। WOUNDS রুব্রিকটি কেন্ট রেপার্টরীর সর্বশেষ অধ্যায়ের সর্বশেষ রুব্রিক।

**HOMPATH CLASSIC** কম্পিউটার প্রোগ্রামে কেন্ট রেপার্টরীর রুব্রিক সজ্জিত করার রীতি - দেখুন পৃষ্ঠা নং ৮২।

## কেন্ট রেপার্টরীর আকর্ষণীয় দিক বা সুবিধা

১। ওষুধ সংখ্যা ঃ - ৬৪৮+২৪ = ৬৭২টি ওষুধের বিশ্লেষণ।

২। রুব্রিক সংখ্যা ঃ- আনুমানিক ৭৫,০০০ লক্ষণাবলীকে (রুব্রিক ও সাব-রুব্রিকসমুহে রূপান্তরিত করে) এই রেপার্টরীতে অর্ন্তভূক্ত করা হয়েছে।

৩। ওষুধের মূল্যায়ন বা গ্রেডিং ঃ- তিনটি গ্রেডিং, প্রথম শ্রেণীর বা সর্বোচ্চ মানপ্রাপ্ত ওষুধকে মোটা অক্ষরে (**Bold**) ছাপা হয়েছে, গাণিতিক মান ৩ (তিন); দ্বিতীয় শ্রেণীর ওষুধকে বাঁকা অক্ষরে (*Italic*) ছাপা হয়েছে, মধ্যম মানের, গাণিতিক মান ২ (দুই); তৃতীয় শ্রেণীর ওষুধকে সাধারণ ছাপার অক্ষরে (small letter) ছাপা হয়েছে, সর্বনিম্ন মানের, গাণিতিক মান ১ (এক)।

৪। রুব্রিক সজ্জার রীতি ঃ- সমগ্র রেপার্টরীতে একই ধারায় রুব্রিক সমুহকে সজ্জিত করা হয়েছে। প্রথমে সময় বা বর্ণমালা ক্রমিক রুব্রিক সজ্জা (A-Z), সাব-রুব্রিক বা সাব-সাব-রুব্রিক সুমুহ সজ্জার কেত্রেও এই নিয়মে সজ্জিত করা হয়েছে। বেদনার রুব্রিক সজ্জিত করার ক্ষেত্রে প্রথমে পার্শ্ব, তারপর সময়, তারপর বর্ণমালাক্রমিক বিন্যাস, তারপর স্থান (Location), তারপর বেদনার বৈশিষ্ট্য (Character), তারপর বেদনার সম্প্রসারণ (Extension), এ রকম একটি সুশৃঙ্খল রীতিতে বিশাল এ রেপার্টরীটি সজ্জিত করা হয়েছে, যা কেন্টের নিপুন হাতের পরিচয় বহন করে। ফলে মানব দেহ-মনে প্রকাশিত প্রায় অধিকাংশ লক্ষণাবলীকে এ রেপার্টরীতে সহজে খুঁজে বের করে সদৃশ ওষুধ নির্বাচন করা যায়।

৫। এ রেপার্টরী এমনই তথ্য ও কৌশলে পরিপূর্ণ যে, এর দ্বারা তরুণ পীড়া, ক্রনিক পীড়া, একদৈশিক পীড়া, মহামারী, মানসিক ব্যাধি, আঙ্গিক ব্যাধি, সার্বদৈহিক ব্যাধি, স্ত্রীরোগ, পুং জননেন্দ্রিয়ের ব্যাধি, শিশূ রোগ সহ সকল প্রকার ব্যাধির লক্ষণ সদৃশ ওষুধ নির্বাচন করা যায়। এ রেপার্টরীর সহায়তায় একক লক্ষণ দ্বারাও যেমন ওষুধ নির্বাচন করা যায় আবার একাধিক লক্ষণের সমন্বয়ের মাধ্যমে রোগীচিত্রের সর্বাধিক সদৃশ ওষুধও নির্বাচন করা যায়।

৬। পুস্তকের প্রথম থেকে শেষ পর্যন্ত প্রতিটি অধ্যায় রচনা, এনাটমিক্যালি অধ্যায়ের নামকরণ, অধ্যায়ের অন্তর্গত বিষয়বস্তু ইত্যাদি সহ ওপরে বর্ণিত বহুবিধ গুণাবলীর জন্য হ্যানিম্যান থেকে শুরু করে ১৯৯৩ সন পর্যন্ত হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে যতগুলো রেপার্টরী প্রকাশিত হয়েছে তন্মধ্যে এ রেপার্টরীটি সর্বদিক থেকেই সেরা। এ রেপার্টরীটি ১৮৯৭ সালে প্রথম প্রকাশ থেকেই সমগ্র বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথ দ্বারা সমাদৃত হয়েছে। এর ভাষা, রুব্রিক চয়ন ও রুব্রিক সজ্জার বর্ণমালা ক্রমিক বিন্যাস, ওষুধের গ্রেডিং, অধ্যায়ের বিন্যাস, লক্ষণ ও ওষুধের বিশ্বাসযোগ্যতা এবং গুণগত মান, আধুনিক রচনারীতি, দার্শনিক দৃষ্টিভঙ্গি, অর্গানন বর্ণিত নীতি বাস্তবায়নের সার্থক প্রয়োগ, ব্যবহারের সহজ কৌশল ইত্যাদির জন্য এটি একটি অসাধারণ সৃষ্টি।

৭। বিজ্ঞ ডাঃ কেন্ট তার দূরদর্শিতা, মেটেরিয়া মেডিকায় অগাধ পান্ডিত্য, হোমিও দর্শনে বিশাল জ্ঞান, অর্গানন অব মেডিসিনের মূলনীতির উপর অবিচল আস্থা, হোমিওপ্যাথিতে বৈপ্লবিক চিন্তাধারা ইত্যাদি বহুবিধ তুলনাহীন গুনাবলীর অধিকারী হয়ে রেপার্টরীকে সর্বজনগ্রাহ্য করার প্রয়াস নেন এবং তার ক্ষুরধার লেখনীর মাধ্যমে রেপার্টরীকে পুর্নবিন্যাস ও পরিবর্তনের মাধ্যমে সার্বজন গ্রাহ্য এ রেপার্টরী রচনা করেন। তার রচিত রেপার্টরী অব দি হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা বিগত প্রায় ১০০ বৎসর যাবৎ বিশ্বাসযোগ্য তথ্য সরবরাহের ভান্ডার হিসেবে অপ্রতিদ্বন্দ্বীতার সাথে বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথদের কাছে পরম শ্রদ্ধা ও বিস্ময়ের সাথে সমাদৃত। বর্তমানে যে সকল অধিকতর তথ্য সম্বলিত অত্যাধুনিক রেপার্টরী বা কম্পিউটার ভিত্তিক রেপার্টরী প্রকাশিত হয়েছে বা হতে যাচ্ছে তাদের সবার ভিত্তি কেন্ট রেপার্টরী, কেন্ট রেপার্টরীর যাবতীয় তথ্যকে ও তার রুব্রিক সজ্জার ধারাকে অনুসরণ করেই বর্তমানের বিশাল বিশাল রেপার্টরীগুলো লিখিত হয়েছে। সে দিক থেকে আধুনিক সকল রেপার্টরীর অভিভাবক কেন্ট রেপার্টরী।

৮। কেন্ট রেপার্টরী সময়ের মাপকাঠিতে সবচেয়ে বিশ্বাসযোগ্য, সুসংগঠিত, নির্ভরযোগ্য, সুবিন্যস্ত, সর্বাধিক নির্ভুল এবং সংক্ষিপ্ত পরিসরে সবচেয়ে বেশী তথ্যের সমাহারযুক্ত রেপার্টরী। এ রেপার্টরী সর্ম্পকে বিশ্বের বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকগন অত্যন্ত গুরুত্বপূর্ণ মন্তব্য করেছেন। যুক্তরাজ্যের প্রখ্যাত হোমিওপ্যাথ রাণী ২য়





এলিজাবেথের ভূতপূর্ব চিকিৎসক Dr. E. W. Hubbard বলেন- "Study the Kent Method first, last and all the time"। অর্থাৎ কেন্ট রেপার্টরীকে প্রথমে পাঠ কর, সবশেষে পাঠ কর এবং সর্বদা পাঠ কর।

### কেন্ট রেপার্টরীর সীমাবদ্ধতা বা অসুবিধা ঃ-

১৮৯৭ সালে এ রেপার্টরী প্রথম প্রকাশিত হয়ে বিগত প্রায় ১০০ বৎসর যাবৎ অপ্রতিদ্বন্দ্বিতার সাথে বিশ্বের প্রথম শ্রেণীর ও সাধারণ হোমিওপ্যাথদের নিকট এ রেপার্টরী সমাদৃত হলেও, বিগত ১০০ বৎসরে হোমিওপ্যাথিতে বহুবিধ উন্নয়ন ও তথ্যের সম্প্রসারণ ঘটেছে। সে আলোকে কেন্ট রেপার্টরীতেও আমরা যুগোপযোগী বহুবিধ তথ্যের অভাব ও বিবিধ সীমাবদ্ধতা দেখতে পাই। নিম্নে সে সকল সংক্ষেপে আলোচিত হল।

১। এ রেপার্টরীতে বহু গুরুত্বপূর্ণ বিষয় যথাযথভাবে অন্তর্ভূক্ত হয়নি, যেমন- অস্থি, রক্ত ও রক্ত সঞ্চালন, জরুরী চিকিৎসা, পরিবেশ ও আবহাওয়া, গর্ভবতীর উপসর্গ, নবজাতক শিশুর উপসর্গ, ধাতুগত বৈশিষ্ট্য, বিষাক্ততার উপসর্গ ইত্যাদি সহ বহুবিধ প্রয়োজনীয় বিষয় অন্তর্ভুক্ত হয়নি।

২। আধুনিক নব নব আবিষ্কৃত ওষুধ, নোসড, বাওয়েল নোসড, সারকোডিস, ইমপন্ডারেবিলিয়া ইত্যাদি শ্রেণীভূক্ত ওষুধ সমুহ যথাযথ ভাবে অন্তর্ভূক্ত নয়।

৩। বিভিন্ন অধ্যায়ে বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে। এক অধ্যায়ের রুব্রিককে অন্য অধ্যায়ে স্থান দেয়া হয়েছে। সর্বশেষ অধ্যায় Generalities সার্বদৈহিক লক্ষণের বা রুব্রিকের জন্য পরিকল্পনা করা সত্ত্বেও সার্বদৈহিক লক্ষণ নয় এমন অনেক রুব্রিক এই অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে যা যুক্তিসঙ্গত নয়।

৪। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও বহু গুরুত্বপূর্ণ মানসিক লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, মানসিক লক্ষণ নয় কিন্তু তা মানসিক অধ্যায়ে স্থান দেয়া হয়েছে।

৫। অঙ্গপ্রত্যঙ্গাদির লক্ষণাবলীর অধ্যায় সংক্ষিপ্ত না হলেও বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, এ অধ্যায়ে অঙ্গ- প্রত্যঙ্গাদীর লক্ষণাবলীর সজ্জিতকরণের ধারা কিছুটা জটিল, নবীন এবং প্রবীণ উভয় শ্রেণীর ব্যবহারকারী এ অধ্যায় থেকে লক্ষণ খুঁজে বের করতে গিয়ে অনেক সময় খেই হারিয়ে ফেলেন। এ অধ্যায়টিকে মুত্রযন্ত্রের অর্ন্তগত বিভিন্ন অধ্যায়ের মত কয়েকটি অধ্যায়ে ভাগ করে বর্ণনা করলে রুব্রিক খুঁজে পেতে সুবিধা হত।

৬। প্রষ্টেট গ্লান্ড পুংজননতন্ত্রের অন্তর্গত বিষয় কিন্তু এটাকে মূত্রযন্ত্রের অন্তর্গত করে বর্ণনা করা হয়েছে, যা যুক্তিসংগত নয়।

৭। ওষুধের গ্রেডিং কোন কোন ক্ষেত্রে সঠিক নয়, প্রথম শ্রেণীর ওষুধকে দ্বিতীয় শ্রেণীতে, দ্বিতীয় শ্রেণীর ওষুধকে তৃতীয় শ্রেণীতে দেখানো হয়েছে, আবার বহু প্রয়োজনীয় ওষুধ উল্লেখ করা হয়নি।

৮। বর্ণমালার ক্রমানুসারে এ পুস্তকের রুব্রিক সজ্জিত হলেও এধারা সর্বদা রক্ষিত হয়নি।

৯। একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এ পুস্তকে থাকলেও প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিক খুঁজে বের করার জন্য চিকিৎসককে অনেক সময় প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট রুব্রিক ও ওষুধটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

উপসংহার ঃ- উপরোক্ত সীমাবদ্ধতা সত্ত্বেও কেন্ট রেপার্টরী সময়ের মাপকাঠিতে সবচেয়ে বিশ্বাসযোগ্য, সুসংগঠিত, নির্ভরযোগ্য, সুবিন্যস্ত, সর্বাধিক নির্ভুল এবং সংক্ষিপ্ত পরিসরে অধিক তথ্যের সমাহারযুক্ত রেপার্টরী। এ রেপার্টরী সম্পর্কে বিশ্বের বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ মন্তব্য করেছেন। যুক্তরাজ্যের প্রখ্যাত হোমিওপ্যাথ রাণী ২য় এলিজাবেথের ভূতপূর্ব চিকিৎসক Dr. E. W. Hubbard বলেন- "Study the Kent Method first, last and all the time"। অর্থাৎ কেন্ট পদ্ধতিকে প্রথমে পাঠ কর, সবশেষে পাঠ কর এবং সর্বদা পাঠ কর।

*(এ পুস্তকটির বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে, বাংলা অনুবাদে ওষুধ গ্রেডিং এর ক্ষেত্রে ও অনুবাদে মূল পুস্তকের সাথে অনেক স্থানে পার্থক্য দেখা যায়)

## রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)

২। কেন্ট পদ্ধতি (Kent's Method)

৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

কেন্টের রেপার্টরীর দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায়, তবে কেন্ট পদ্ধতি বা আধুনিক পদ্ধতি অনুযায়ী রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন ঃ-* রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।





## কেন্ট রেপার্টরীর অধ্যায়সমূহের বিষয় বস্তু ও প্রধান প্রধান রুব্রিকসমূহ

কেন্ট রেপার্টরীর প্রথম অধ্যায় মন (MIND) এবং সর্বশেষ অধ্যায় সাধারণ লক্ষণাবলী (GENERALITIES), এ রেপার্টরীতে সর্বমোট ৩৭টি অধ্যায় আছে। ধারাবাহিক ভাবে এ সকল অধ্যায়ের বিষয়বস্তু ও প্রধান প্রধান রুব্রিকসমূহ নিম্নে উল্লেখিত হল।

## মন (MIND)

বিভিন্ন ধরনের বৈচিত্রপূর্ণ মানসিক লক্ষণাবলী (৫২৯ টি রুব্রিক) এ অধ্যায়ে স্থান পেয়েছে।

নিজকে নিঃসঙ্গ মনে করে (Abandoned), সহসা ত্বরান্বিত (Abrupt), অন্যমনস্ক (Absent-minded), অভিনিবিষ্ট (Absorbed), মনের বিক্ষিপ্তভাব (Abstraction), কটুভাষী (Abusive), কর্মশীলতা (Activity), তীক্ষ্ণ বুদ্ধি (Acuteness), ভৎর্সনায় (Admonition), রোগের ভান (Affectation), স্নেহশীল (Affectionate), মানসিক আলোড়ন (Agitation), শূন্যে প্রাসাদ নির্মাণ (Air-Castles), উচ্চাকাঙ্খা (Ambition), স্বপ্নে প্রেমাসক্ত (Amorous), আমোদ (Amusement), ক্রোধ বা খিটখিটেভাব (Anger, Irascibility), মনস্তাপ (Anguish), উত্তর দেয়া (Answers), বিরোধভাব (Antagonism), মনুষ্য-ভীতি (Anthropophobia), অমঙ্গল আশঙ্কা (Anticipation), উৎকট ভাবভঙ্গী (Antics), উৎকণ্ঠা (Anxiety), উৎসাহ-হীনতা (Apathy), বাকরোধ (Aphasia), আশঙ্কা (Apprehensions), অতি আগ্রহান্বিত (Ardent), ঔদ্ধত্য (Arrogance), চাহেনা কিছুই (Ask for nothing), অভিনিবেশ (Attention), ভাবভঙ্গী (Attitudes), ধৃষ্টতা (Audacity), অনিচ্ছাকৃত ব্যবহার (Automatic), ধনলিপ্সা (Avarice), বিরূপভাব বা বিতৃষ্ণা (Aversion), দুঃসংবাদ (Bad news), কুকুরের ন্যায় চিৎকার করে (Barking), লাজুক (Bashful), যুদ্ধ সম্পর্কে কথা বলে (Battles, talks about), শয্যার প্রতি (Bed), সাহায্য প্রার্থনা করে (Begging), গো গো করে (Bellowing), আক্ষেপ করে (Bemoning), দানশীলতা (Benevolence), অসাড় ভাব (Benumbed), বিহ্বল (Bewildered), দংশন প্রবৃত্তি (Beting), কাল এবং অন্ধকারে বিতৃষ্ণা (Black and sombre), অন্ধত্বের ভান করে (Blindness, pretended), রক্ত বা ছুরির দিকে তাকাতে পারে না (Blood, cannot look at, or a knife), সাহস (Boldness), জিনিষপত্র ভাঙতে ইচ্ছা করে (Break things, desire to), গুম হয়ে চিন্তা করে (Brooding), ভাঁড়ের ন্যায় ব্যবহার (Buffoonery), বিষয়কর্ম

(Business), সদাব্যস্ত (Busy), শান্তভাব (Clamness), মিথ্যা দোষারোপ করা (Calumniate),খামখেয়ালিভাব(Capriciousness),সর্তকতা (Carefulness), অসাবধান (Careless), দুশ্চিন্তা (Cares), শয্যাবস্ত্র খোঁটা (Carphologia), কোলে উঠা (Carried), সতর্ক (Cautious), অপরের দোষ ধরে (Censorious), মর্মবেদনা (Chagrin), পরিবর্তনশীল (Changeable), বিশৃঙ্খল (Chaotic), কাল্পনিক বস্তু খোঁজে (Chases imaginary objects), আনন্দিত (Cheerfull), শিশুদের মত আচরণ (Childish behavior), শিশুদের প্রতি (Clildren), সাবধানতা (Circumspection), দিব্যদৃষ্টি (Clairvoyance), আঁকড়ে ধরে (Clinging), চক্ষু মুদ্রিত করলে (Closing eyes), মনের ছায়াচ্ছন্ন অবস্থা (Cloudiness), বর্ণসমূহের উপর বিরূপভাব (Colour, aversion to), লোক সঙ্গ (Company), দুঃখ করে (Complaining), মনসংযোগ (Concentration), আত্মবিশ্বাস (Confidence), মনের বিশৃঙ্খলতা (Confusion), অতি-সচেতনতা (Conscientious), সান্তনায় (Consolation), ঘৃণাপরায়ন (Contemtuous), প্রতিবাদ (Contradict), প্রতিকূল আচারী (Contrary), আলাপ আলোচনা (Conversation), সাহসী (Courageous), ভীরুতা বা কাপুরুষ (Cowarcice), নিষ্ঠুরতা (Cruelty), অভিসম্পাত দেয় (Cursing), নৃত্য করে (Dancing), অন্ধকার (Darkness), মৃত্যু কামনা করে (Death, desires), প্রতারণাপরায়ণ (Deceitful), প্রকাশ্যভাবে অবাধ্য (Defiant), প্রলাপ (Delirium), ভ্রান্তবিশ্বাস (Delusions, Hallucinations), নৈরাশ্য (Despair), ধ্বংসপ্রবণতা (Destructiveness), প্রভুত্বব্যঞ্জক (Dictatorial), অতি মদ্যপান প্রবৃত্তি (Dipsomania), অসন্তুষ্ট (Discontented), নিরুৎসাহ (Discouraged), বিতৃষ্ণা (Disgust), অবাধ্যতা (Disobedience), আরোগ্যে সন্দেহপূর্ণ (Doubtful, recovery of), স্বপ্নাচ্ছন্নবৎ (Dream, as if in a), বিমূঢ়ভাব বা অনুধাবন কষ্টকর (Dullness), আহার করতে অস্বীকার করে (Eat, refuses to), হর্ষোচ্ছাস (Ecastasy), অহমিকা (Egotism), ক্লান্তভাব (Ennui), হিংসা (Envy), পলায়ন করিতে চেষ্টা করে (Escape, attempts to), বিচ্ছিন্ন, সে যেন পরিবার হতে (Estranged, family from her), উত্তেজনাপ্রবণ (Excitement), উল্লাস (Exhilaration), কল্পনায় ডুবে থাকে (Fancies, absorbed in), ভয় (Fear), মানসিক পরিশ্রমে বৃদ্ধি (Exertion agg. from mental), উল্লাস (Exhilaration), অমিতব্যয়িতা (Extravangance), ধর্মোম্মাদ (Fanaticism), কল্পনা (Fancies), ভয় (Fear), বোকার ন্যায় ব্যবহার (Foolish behavior), ভুলিয়া যায় (Forgetful),





পরিত্যক্তবোধ (Forsaken), ভয় হতে পীড়া (Fright, complaints from), সহজেই ভয় পায় (Frghtened easily), অঙ্গভঙ্গী (Gestures), বিষাদ (Grief), ঘৃনা (Hatred), উদ্ধত প্রকৃতি (Haughty), অমনোযোগী (Heedless), অসহায়ভাব (Helplessness), লুকিয়ে থাকা (Hide), বাড়ী যেতে চায় (Home, desire to go), গৃহকাতরতা (Home-Sickness), সম্মানে আঘাত লাগার ফল (Honour, effects of wounded), আশাযুক্ত (Hopeful), আশাশূন্য (Hopeless), ভয়ঙ্কর ব্যাপার, দুঃখের কাহিনী গভীর ভাবে বিচলিত করে (Horrible things, sad stories, affect ger proofoundly), তাড়াতাড়ি করে (Hurry), জলাতঙ্ক (Hydrophobia), হিষ্টেরিয়া (Hysteria), মানসিক ধারণা (Ideas), নির্বুদ্ধিতা (Idiocy), মানসিক দূর্বলতা (Imbecility), অধৈর্যভাব (Impatience), দ্রুতক্রিয়াশীল (Impetuous), আবেগ (Impulse), আবেগপ্রবণ (Impulsive), অপ্রবোধনীয় (Inconsolable), অস্থির সঙ্কল্প (Inconstancy), ঔদাস্য, উৎসাহহীনতা (Indifference), ঘৃণামিশ্রিত ক্রোধ (Indignation), অবিবেচনা (Indiscretion), কাজকর্মে অনিচ্ছা বা আলস্য (Indolence), পরিশ্রমী (Industrious), পাগলামী বা উম্মাদ (Insanity), উদ্ধত (Insolent), অন্তর্দশন (Introspection), অব্যবস্থিচিত্ততা (Irresolution), উত্তেজনাপ্রবণতা বা মেজাজ খারাপ বা রাগান্বিত (Irritability), হিংসা (Jealousy), রহস্যপ্রিয় (Jesting), আনন্দ (Joy), লম্ফদান করে (Jumping), লাথি মারে (Kicks), হত্যা প্রবণতা (Kill desire), চুরি করার অদম্য প্রবৃত্তি (Kleptomania), বিলাপ করে (Lamenting), কামুকতা (Lasciviousness), হাস্য প্রবণতা (Laughing), অশ্লীল ব্যবহার (Lewdness), আলোক পেতে চায় (Light, desire for), সব বিষয়ে বিতৃষ্ণা (Loathing), অতিরিক্ত কথা বলে বা বাচালতা (Loquacity), প্রেমে ব্যর্থতা হতে পীড়া (Love, ailments, from disapponted), প্রেমাতুর (Love-sick), হিংসুক (Malicious), বাতিকগ্রস্ত (Mania), মদ্যপানজনিত উম্মাদ (Mania-a-potu), প্রগাঢ় চিন্তা (Meditation), স্মৃতিশক্তি প্রবল (Memory active), দূর্বল স্মৃতিশক্তি (Memory Weakness of), মনুষ্যভীতি (Men, dread of), নম্রতা (Mildness), আনন্দ বা প্রসন্নতা (Mirth), মনুষ্য বিদ্বেষ (Misanthropy), অনিষ্টকারক (Mischievous), ভুল করে (Mistakes), কাতরতা প্রকাশ করে (Moaning), ব্যাঙ্গ করে (Mocking), কোন এক বিষয়ে পাগলামি (Monomania), মনোভাব (Mood), নৈতিক বোধ (Moral feeling), বিষাদিত (Morose), মনঃকষ্ট (Mortification), করে (Muttering), উলঙ্গ

(Naked), স্ত্রীলোকের কামোম্মাদ (Nymphomania), একগুয়ে (Obstinate), কর্মব্যস্ততা (Occupation), অপরাধ গ্রহন করে বা সহজে কুপিত হয় (Offended, easily), মতলব করে (Plans), ক্রীড়াশীল (Playful), আনন্দ (Plesure), ভবিষ্যৎবাণী করা (Prophesying), মানসিক অবসাদ (Prostration), কলহপ্রিয় (Quarrelsome), শান্ত মেজাজ (Quiet), প্রচন্ড ক্রোধ (Rage), পড়তে (Reading), চিনতে পারা (Recognise), ধর্মানুরাগ (Religious affections), অনুশোচনা করে (Remorse), ভর্ৎসনা করে (Reproaches), ন্যাক্কারজনক মনোভাব (Repulsive mood), সংযতবাক (Reserved), অস্থিরতা (Restlessness), অশিষ্ট ব্যবহার (Rudeness), বিষন্নতা (Sadness), ঘৃণা (Scorn), স্বার্থপরতা (Selfishness), সংজ্ঞা (Senses), অত্যানুভূতিযুক্ত (Sensitive), ভাবপ্রবণ (Sentimental), ভাবগম্ভীর (Serious), অতি যৌন ভোগ (Sexual excesses), লজ্জাহীন (Shameless), উচ্চ চিৎকার করে (Shrieking), দীর্ঘশ্বাস ফেলে (Sighing), গান করে (Singing), বসে থাকার প্রবৃত্তি (Sit inclination to), কুৎসা করে (Slander), ধীরতা (Slowness), মৃদু হাস্য করে (Smiling), ঘুমের মধ্যে চলাচল করে বা স্বপ্নসঞ্চরণ (Somnambulism), কথা বলার ভঙ্গী (Speech), থুথু দেয় (Spits), কথা বলতে (Spoken), চমকে উঠে (Starting, Startled), আঘাত করে (Striking), স্তম্ভিতভাব (Stupefaction), আত্নহত্যার প্রবৃত্তি (Suicidal disposition), অপ্রসন্ন (Sulky), সন্দেহপ্রবণতা (Suspicious), সহানুভূতিশীল (Sympathetic), কথা (Talk), কথাবলা (Talking), আপন মনে কথা বলে (Talks to himself), জিনিষপত্র টেনে ছিড়তে থাকে (Tears things), কল্পনা বিলাস (Theorizing), চিন্তাকরা (Thinking), চিন্তা (Thoughts), ভয় দেখায় (Threatening), ছুড়ে ফেলে (Throws), ঝড় বজ্র (Thunderstorm), সময় (Time), ভীরুতা (Timidity), ইন্দ্রিয় শক্তির মন্থরতা (Torpor), স্পর্শ (Touch), স্পর্শ করুক (Touched), প্রশান্তি (Tranquillity), ভ্রমন (Travel), অজ্ঞানতা (Unconsciousness), কিছুই লক্ষ করে না (Unobserving), প্রচন্ড আবেগ (Violent), প্রাণবন্ত (Vivacious), ক্লান্তীযুক্ত (Wearisome), জীবনে বিতৃষ্ণা (Weary of life), ক্রন্দন প্রবণতা (Weeping), শিস দেয় (Whistling), দূর্দান্ত ভাব (Wildness), রসিক (Witty), মানসিক কর্মে অনিচ্ছা (Work, aversion to mental) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহুপ্রকার মানসিক লক্ষণাবলী ও তাদের ওষুধাবলী এ অধ্যায়ে স্থান পেয়েছে।





## শিরোঘূর্ণন(VERTIGO)

বিভিন্ন ধরনের বৈচিত্রপূর্ণ শিরোঘূর্ণন সংক্রান্ত লক্ষণাবলী (১৬৪ টি রুব্রিক) এ অধ্যায়ে স্থান পেয়েছে।

বিভিন্ন সময়ের শিরোঘুর্ণন (Vertigo in general, Morning, Forenoon, Noon, Afternoon, Evening, Night), খোলা বাতাসে (Air, open, in), উৎকণ্ঠা কালে (Anxiety, during), উপর দিকে উঠলে (Ascending), চক্ষু মুদ্রিত করিলে (Closing eye), আহার কালে (Eating), পড়ে যাবার অনুভূতি (Falling, sensation), শিরঃপীড়া কালে (Headache during), মাতালের মত (Intoxicated,as if), তাকালে (Looking), শয়ন কালে (Lying), মাসিকের সময় (Menses), মানসিক পরিশ্রমে (Mental exertion), সঞ্চালনে (Motion from), বমনভাব সহ (Nausea, with), গর্ভকালে (Pregnancy), মাথা উঠালে (Raising head), পঠনকালে (Reading), উঠলে (Rising on), বিশ্রামে (Rest), বসে থাকলে (Sitting), নিদ্রা কালে (Sleep), টলমল করে (Staggering), দাড়ান অবস্থায় (Standing), মলত্যাগের (Stool), অবনত হলে (Stooping, on), সূর্যালোকে (Sunlight), কথাবলার সময় (Talking), দৃষ্টির অস্পষ্টতা সহ (Vision...), বমন সহ (Vomiting), ভ্রমন কালে বা হাটিবার সময় (Walking), লিখন কালে (Writing) ও হাই উঠলে (Yawning) ইত্যাদি সহ আরও বহুপ্রকার শিরোঘূর্ণন লক্ষণাবলী ও তাদের ওষুধাবলী এই অধ্যায়ে স্থান পেয়েছে।

## মস্তক (HEAD)

মস্তিস্কের বিভিন্ন রোগলক্ষণ এবং মস্তিস্কের বিভিন্ন প্রকার বেদনা (PAIN, different type ) এ অধ্যায়ে স্থান পেয়েছে (১৫৩ টি রুব্রিক)।

ফোড়া (Abscess), জীবন্ত কিছু থাকার অনুভূতি (Alive), মস্তিস্কের রক্তাল্পতা (Anaemia), ফুটিতেছে অনুভূতি (Boiling), বুদবুদ উঠার অনুভূতি (Bubbling), অস্থিক্ষত (Caries), ঠান্ডা বোধ (Coldness), মস্তিস্কের বিকম্পন (Concussion), মস্তিস্কে রক্তাধিক্য (Congestion), সঙ্কোচনবোধ (Constriction), খুস্কি (Dandruff), শূন্যতা অনুভূতি (Empty), বড় হওয়ার অনুভূতি (Enlarged), উদ্ভেদ (Eruptions), ইরিসিপিলাস (Erysipelas), অস্থি অর্বুদ (Exostoses), বর্দ্ধিত হওয়ার অনুভূতি (Expanded), পড়ে যাওয়ার অনুভূতি

(Falling), সুড়সুড় অনুভূতি (Formication), পূর্ণতাবোধ (Fullness), চুলের বিভিন্ন লক্ষণ (Hair), উত্তাপ (Heat), ভারবোধ (Heaviness), মাথা উঁচু করে রাখতে (Hold up), মস্তিষ্কে রস সঞ্চয় (Hydrocephalus), মস্তিস্কের প্রদাহ (Inflamation), মস্তিষ্কে আঘাতের পরবর্তী পীড়া (Injuries), মস্তক ত্বকের চুলকানি (Itching of Scalp), উকুন (Lice), শিথিলতা (Looseness), মাথার মধ্যে সঞ্চালন (Motions, movments in head), অস্থিগুল্ম (Nodes), অসাড়তা (Numbness), ব্রহ্মরন্ধ্র খোলা (Open Frontanelles), মাথার বিভিন্ন প্রকার বেদনা (Pain), ঘর্ম (Perspiration), কন্টকবিদ্ধ হওয়ার অনুভূতি (Prickling), দপদপ করার অনুভূতি (Pulsating), কম্পন অনুভূতি (Quivering), স্পর্শকাতরতা (Sensitiveness of Brain), ঝাঁকানি দেয়ার অনুভূতি (Shaking), সজ্ঞাত (Shocks), মস্তিস্কের কোমলতা প্রাপ্তী (Softening), জল ছল ছল করার অনুভূতি (Splashing), আড়ষ্টভাবের অনুভূতি (Stiffness), সর্দিগর্মি (Sunstroke), জলপড়ার অনুভূতি (Swashing), স্ফীত হওয়ার অনুভূতি (Swollen), ঝিনঝিন করা (Tingling), কম্পনের অনুভূতি (Trembling), ঝাকি দিয়ে উঠা (Twitching), মস্তক অনাবৃত করলে (Uncovering), গরম বস্ত্রে আবৃত হলে (Warm covering), মস্তক ধৌত করলে (Washing), জল থাকার অনুভূতি (Water), ঢেউ খেলার অনুভূতি (Waving), দূর্বলতা বোধ (Weakness), বিশেষ প্রকারের অর্বুদ (Wens), আবৃত থাকার অনুভূতি (Wrapped) ইত্যাদি সহ আরও বহুপ্রকার অনুভূতি ও লক্ষণাবলী এবং তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে স্থান পেয়েছে।

## চক্ষু (EYE)

চক্ষুর বিভিন্ন উপসর্গ ও চক্ষুর বিবিধ বেদনা (১৮৬ টি রুব্রিক) এ অধ্যায়ের বিষয়বস্তু।

চক্ষুর পাতা জুড়ে যায় (Agglutinated), রক্তস্রাব (Bleeding), উজ্জ্বল চক্ষু (Brillint), ক্যান্সার (Cancer), ছানি রোগ (Cataract), অর্জুণরোগ (Chemosis), চক্ষু মুদ্রিত করিতে ইচ্ছা (Desire to Close), ঠান্ডায় বৃদ্ধি (Cold agg), চক্ষুর মধ্যে শীতলতাবোধ(Coldness),শ্লেষ্মাগুটি(Condylomata), সঙ্কোচন বোধ (Contractive sensation), ফেটে যাওয়া (Cracks), বিভিন্ন প্রকার স্রাব (Discharges), বিকৃতি (Distorted), শুস্কতা (Dryness), ঔজ্জ্বলের অভাব (Dullness), কালশিরা (Ecchymosis), বর্দ্ধিত হওয়ার অনুভূতি (Enlargement), বিবিধ প্রকার উদ্ভেদ (Eruptions), চক্ষুর পাতা উল্টিয়ে যাওয়া (Eversion), চক্ষুর পাতার ছাল উঠা (Excoriation), আঠা আঠা চক্ষু (Eye gum), চক্ষুপত্রের পতন (Falling of lids), নালী ক্ষত (Fistula), পূর্ণতাবোধ (Fullness), কাচপ্রভ দৃষ্টি (Glassy appearance), ধূসর মন্থর রোগ (Glaucoma), দানাময় চক্ষুপত্র (Granular), চুল পড়ে যায় (Hair falling), দৃঢ়তা (Hardness), উত্তাপবোধ (Heat), উত্তাপে বৃদ্ধি (Heat agg.), ভারবোধ (Heaviness), বিবিধ প্রকার প্রদাহ (Inflammations), অনুপ্রবিষ্ট (Injected), আঘাতের কুফল (Injuries), চক্ষুপত্রের উল্টিয়ে যাওয়া (Inversion), উপদাহ (Irritation), চুলকানি বা কুন্ডয়ন (Itching), অশ্রুস্রাব (Lachrymation), চক্ষুতারকা অবিরত নড়তে থাকে (Movement of eyeball), চক্ষুপত্রের উপর গুটিকা (Nodules), কনীনিকার অস্বচ্ছতা (Opacity), চক্ষুর পাতা খোলা কষ্টকর (Opening the lid difficult), চক্ষুর পাতা খোলা থাকে (Open lid), বিবিধ প্রকার বেদনা (Pains), কনীনিকা আরক্ত ও মাংসময় হয়ে উঠা (Pannus), পক্ষাঘাত (Paralysis), আলোক উম্মত্ততা (Photomania), আলোকাতঙ্ক (Photophobia), বহির্নির্গমন (Prostrusion), অনুপক্ষ রোগ (Pterygium), দপদপ করা (Pulsation), চক্ষুতারকা.. (Pupils..), কম্পিত হওয়া (Quivering), লালবর্ণ (Redness), ঘর্ষণ করতে ইচ্ছা (Rub, desire), গন্ডমালাশ্রিত রোগসমূহ (Scrofulous affections), অত্যনুভূতিযুক্ত (Sensitive), আক্ষেপ (Spasms), দাগ বা কলঙ্ক (Spots), চক্ষুতারকার বহির্নিঃরণ (Staphyloma), একদৃষ্টে তাকিয়ে থাকে (Staring), দৃঢ়তা (Stiffness), বক্রদৃষ্টি বা টেরাদৃষ্টি (Strabismus), অশ্রুস্রাবী নালীর অবরোধ (Stricture of lachrymal duct), আঞ্জনি (Styes), চক্ষু কোটরাগত (Sunken), স্ফীত চক্ষু (Swollen), অশ্রু (Tears), টানবোধ (Tension), পুরু হয়ে যাওয়া (Thickening of), ঝিঁ ঝিঁ ধরা (Tingling), ক্লান্তিবোধ (Tired sensation), অর্বুদ (Tumours), ঘূর্ণিত (Turned), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulceration), ফোস্কা (Vesicles), আঁচিল (Warts), দূর্বল (Weak), উদভ্রান্ত দৃষ্টি (Wild look), চক্ষু মিটমিট করা (Winking), চক্ষু মোছার ইচ্ছা (Wipe, inclination to), হরিদ্রাবর্ণ (Yellowness) ইত্যাদি সহ আরও বহু রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভুক্ত হয়েছে।

## দৃষ্টিশক্তি (VISION)

চোখের দৃষ্টি সংক্রান্ত বিভিন্ন লক্ষণাবলী (৯১ টি রুব্রিক) এ অধ্যায়ের বিষয়বস্তু।

অবস্থান কৌশল (Accommodation), তীক্ষ্নদৃষ্টি (Acute), গোলক সমূহ দেখে (Balls), অন্ধ (Blind), ধূম্রাকার দৃষ্টি (Blurred), বৃত্তসমূহ দেখে (Circles), বিভিন্ন বর্ণ দেখে (Colors), বিশৃঙ্খল দৃষ্টি (Confused), বক্র দেখে (Crooked), নাচতে থাকে (Dancing), ঝকঝক করে (Dazzling), ক্ষীণ দৃষ্টি (Dim), দ্বিত্বদর্শন (Diplopia), বস্তুসমূহ দূরে আছে বোধ হয় (Distant object seem), চক্ষুর অতিশ্রম (Exertion), কোমল ও লঘু দৃষ্টি (Feathery), জলন্ত দেখে (Fiery), অগ্নিময় সমুদ্র দেখে (Fire, a sea of), আলোকের হঠাৎ ঝলকানি দেখে (Flashes), আলোকের কম্পন দেখে (Flickering), কুয়াশার ন্যায় দেখে (Foggy), উজ্জ্বল দেখে (Glittering), চুল দেখে (Hair), অৰ্দ্ধদৃষ্টি (Hemiopia), বস্তু দূরে দেখতে পায় (Hypermetropia), ভ্রান্ত দর্শণ (Illusions), পূর্বের দেখা বস্তুর ছাপ বহুক্ষণ দৃষ্টি পথে থেকে যায় (Images too long retained), উল্টান দেখে (Inverted), লিখিত শব্দ লাফাতে থাকে দেখে (Jump words), বৃহৎ দেখে (Large), আলোক দেখে (Light), বিদুৎ চমকান দেখে (Lightning), দৃষ্টিলোপ বা অন্ধত্ব (Loss of vision), ভুল দেখে (Mistakes), সঞ্চরণশীল দেখে (Moving), অদূর দৃষ্টি (Myopia), নিকটে দেখে (Nearer), জাল দেখে (Net), অক্ষরসমহ জড়িয়ে যায় বা চলমান দেখে (Run togather), ছায়া দেখে (Shadows), ছোট দেখে (Small), বরফপাত দেখে (Snow falling), অগ্নিস্ফুলিঙ্গ দেখে (Sparks), তারকা দেখে (Stars), ডোরা ডোরা দেখে (Stripes), কম্পমান দেখে (Trimbling), দূর্বল দৃষ্টি (Weak), ঘূর্ণায়মান দেখে (Whirling), আঁকাবাঁকা দেখে (Zigzags) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিক এবং অসংখ্য সাব-রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী দ্বারা এ অধ্যায়টি সজ্জিত।

## কর্ণ (EAR)

কর্ণের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৯২ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), বাতাস চলার অনুভূতি (Air), ফুৎকার দেয়ার অনুভূতি (Blowing), আঙ্গুল দিয়ে কান খোঁটার প্রবণতা (Boring in), অস্থি ক্ষত (Caries), সর্দ্দি (Catarrh), শিশুদের কর্ন পীড়া (Children), শীতলতা বোধ





(Coldness), স্রাব সমূহ (Discharges), বর্ণ বিকৃতি (Discoloration), শুষ্কতা (Dryness), উদ্ভেদ সমূহ (Eruptions), সুড়সুড় করা (Formication), পূর্ণতাবোধ (Fullness), উত্তাপ (Heat), প্রদাহ সমূহ (Inflamations), চুলকানি (Itching), আর্দ্রতা (Moisture), অস্থিগুল্ম (Nodes), বিবিধ প্রকার শব্দ শুনে (Noises), অসাড়তা (Numbness), খোলা থাকার অনুভূতি (Opening sensation), বিবিধ প্রকার বেদনা (Pains), পলিপাস (Polypus), স্পন্দনের অনুভূতি (Pulsation), অনুভূতি প্রবণতা (Sensibility), অবরুদ্ধ থাকা (Stopped), আঘাত (Strokes), পূজোৎপত্তি (Supperation), স্ফীতি (Swelling), ঝিনঝিন অনুভূতি (Tingling), অর্বুদ (Tumors), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulceration), কানে পানি ঢোকার অনুভূতি (Water), বিবিধ প্রকার কর্ণমল বা খৈল (Wax), বায়ু প্রবাহে অত্যনুভূতি (Wind), পোঁকা থাকার অনূভূতি (Worms) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## শ্রবনশক্তি (HEARING)

শ্রবন সংক্রান্ত অসুস্থতার লক্ষণাবলী (৪ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে। তীক্ষ্ন বা তীব্র (Acute), দুর হতে আসছে মনে হয় (Distant), শব্দ সর্ম্পকে ভ্রান্ত ধারণা (Illusions), ক্ষীণ (Impaired), বিনষ্ট (Lost) ইত্যাদি।

## নাসিকা (NOSE)

নাসিকার নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (১২৫ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), নাসারন্ধ্র জুড়ে যাওয়া (Agglutination), বাতাসে শ্বাস পথে স্পর্শকাতরতা (Air), অনবরত নাক ঝাড়তে ইচ্ছা (Blow), আঙ্গুল দিয়ে নাক খোঁটার ইচ্ছা (Boring), ক্যান্সার (Cancer), অস্থিক্ষত (Caries), প্রতিশ্যায় (Catarrh), শীতলতা (Coldness), সর্দি (Coryza), ফাটা (Cracks), ছাল উঠা (Disquamation), প্রসারিত নাসারন্ধ্র (Dilated), ডিপথেরিয়া রোগে (Diphtheria), স্রাবসমূহ (Discharges), বর্ণবিকৃতি (Diacolaration), শুষ্কতা (Dryness), নাসাপথে রক্তস্রাব (Epistaxis), পূর্ণতাবোধ (Fullness), কঠিনতা

(Hardness), উত্তাপবোধ (Heat), ভারবোধ (Heaviness), প্রদাহ (Inflamation), চুলকানো (Itching), জলের মত স্রাব (Liquids), নাসাপক্ষ সঞ্চালন (Motion), অস্থিগুল্ম (Nodosities), অসাড়তা (Numbness), অবরোধ (Obstruction), বিবিধ প্রকার গন্ধ (Odors), পূতিনস্য (Ozaena), বেদনাসমূহ (Pains), ঘর্ম (Perspiration), নাক খোঁটা (Picking nose), পলিপাস (Polypus), দপদপ করা (Pulsation), নাসারন্ধ্র খুসকিপূর্ণ (Scurfy), ঘ্রান শক্তি (Smell), হাঁচি (Sneezing), নাক আবদ্ধ হয় (Snuffling), নাসারন্ধ্র কাল ঝুলে পূর্ণ (Sooty), অন্তপ্রবিষ্ট নাসিকা (Sunken), স্ফীতি (Swelling), টানবোধ (Tension), ঝিনঝিন করা (Tingling), অর্বুদ (Tumor), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulcers), আঁচিল (Warts) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভুক্ত হয়েছে।

## মুখমন্ডল (FACE)

মুখমন্ডলের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (১৩৪ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), জাড়ী ঘা (Aphthae), রক্তপাত (Bleeding), ক্যান্সার (Cancer), কার্বঙ্কল (Carbuncles), অস্থিক্ষত (Caries), ফাটা (Chaped), চোয়াল চিবানোর মত সঞ্চালন (Chewing), হরিৎ পাণ্ডুরোগগ্রস্থ (Chlorotic), চোয়াল আটকানো (Clenched jaw), মাকড়সার জাল থাকার অনুভূতি (Cobwebs), শীতলতা (Coldness), রক্তসঞ্চয় (Congestion), সংকোচন (Contraction), আক্ষেপ (Convulsions), ফাটা (Cracked), কটকট করা (Cracking), খিলধরা (Cramp), বর্ণবিকৃতি (Discoloration), আকারগত বিকৃতি (Destortion), একদিকে আকৃষ্ট (Drawn), ঝুলিয়া পড়া (Dropping), শুষ্কতা (Dryness), শীর্ণতা (Emaciation), উদ্ভেদসমূহ (Eruptions), ইরিসিপিলাস (Erysipelas), ছাল উঠা (Excoriated), অস্থিবৃদ্ধি (Exostosis), মুখশ্রী (Expression), দাড়ি পরে যাওয়া (Falling of Whiskers), সুড়সুড়িবোধ (Formication), পূর্ণতা (Fullness), চর্বিমাখানোবোধ (Greasy), চুল গজানো শিশুর মুখে (Growth of hair), উত্তাপ (Heat), আকুঞ্চিত পান্ডু (Hippocratic), কঠিনতা (Indurations), প্রদাহ (Inflammations), চুলকানি (Itching), হনুস্তম্ভ (Lock-jaw), অস্থিনাশ (Necrosis), অস্থিগুল্ম (Nodosities), অসাড়তা (Numbness), বেদনাসমূহ





(Pains), পক্ষাঘাত (Paralysis), ছাল উঠা (Peeling), ঘর্ম (Perspiration), আঙ্গুল দিয়া খোঁটা (Picking), স্পন্দন (Pulsation), থরথর কম্পন (Quivering), ধনুষ্টঙ্কার রোগের মুখভঙ্গি (Resus Sardonicus), অত্যনুভূতিযুক্ত (Sensitive), চকচকে (Shiny), কোঁচকান (Shriveled), দাগ দাগ (Spots), আড়ষ্টতা (Stiffness), স্ফীতি (Swelling), টানবোধ (Tension), ঝিন ঝিন করা (Tingling), কম্পন (Trembling), অর্বুদ (Tumour), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulcers), শিরা স্ফীতি (Veins distended), ঠান্ডা জলে মুখ ধোয়ার প্রবৃত্তি (Wash), মোমের মত (Waxy), কুঞ্চিত (Wrinkled) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভুক্ত হয়েছে।

## মুখগহ্বর (MOUTH)

মুখাভ্যন্তরের বিবিধ রোগ লক্ষণ, মাড়ি, তালু, জিহ্বা ও স্বাদ সম্পর্কিত লক্ষণাবলী (১৭৩টি রুব্রিক) এ অধ্যায়ে স্থান পেয়েছে।

ফোড়া (Abscess), জাড়ী ঘা (Aphthae), দাঁতে কাটার ন্যায় অনুভূতি (Biting), রক্তপাত (Bleeding), ফোঁড়া (Boils), ক্যান্সার (Cancer), অস্থিক্ষত (Caries), শীতলতা (Coldness), শীতল (Cold) শ্বাসবায়ু, ফাটা (Cracked), রক্তসঞ্চয় (Congestion), সংকোচন (Contraction), আক্ষেপ (Convulsions), ফাটা (Cracked), বিচ্ছিন্ন (Detached) দাঁত হতে মাড়ি, বর্ণবিকৃতি (Discoloration), শুষ্কতা (Dryness), বর্দ্ধিত (Enlarged), নালীক্ষত (Fistula), থলথলে (Flabby), সুড়সুড়িবোধ (Formication), ফেনা (Forth), পচাঁক্ষতযুক্ত (Gangrenous), চর্বি (Greasy) লেগে থাকার অনুভূতি, চুল ( Hair) থাকার অনুভূতি, উত্তাপ (Heat), ভারবোধ (Heaviness), কঠিনতা (Indurations), প্রদাহ (Inflammations), চুলকানি (Itching), ম্যাপের মত (Mapped) জিহ্বা, কৃত্রিম ঝিল্লি (False Membrane), পারদজনিত (Murcurial), সঞ্চালন (Motion), শ্লেষ্মা (Mucous), উচ্চগুটিকা জম্মানো (Nodosities), অসাড়তা (Numbness), গন্ধ (Odor), খোলা (Open), বেদনাসমূহ (Pains), পক্ষাঘাত (Paralysis), কাঁটা ফোটার মতো যাতনা (Prickling), বহির্নির্গত (Protruded), স্পন্দন (Pulsation), পুঁজবটী (Pustules), জিহ্বার নিম্নে অর্বুদ (Ranula), এবড়ো খেবড়ো ভাব (Roughness), লালা (Saliva), লালাস্রাব (Salivation), স্কার্ভি রোগগ্রস্ত

(Scorbutic) মাড়ি, অত্যনুভূতিযুক্ত (Sensitive), চকচকে (Shiny), কোঁচকান (Shrivelled), মসৃণ (Smooth), কথাবলা (Speech), স্পঞ্জের মত (Spongy), আড়ষ্ট (Stiff), মুখক্ষত (Stomacace), পুজোৎপত্তি (Suppuration), স্ফীতি (Swelling), স্বাদ (Taste) বিভিন্ন ধরণের, টানবোধ (Tension), পুরু (Thick) ঝিন ঝিন করা (Tingling), কম্পন (Trembling), অর্বুদ (Tumour), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulcers), শিরা স্ফীতি (Varicose veins), ফুস্কড়ি (Vesicles), কুঞ্চিত (Wrinkled) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভুক্ত হয়েছে।

## দন্ত (TEETH)

দাঁতের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৭১ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), জুড়িয়া থাকে (Adhere), বাতাস বহিতেছে (Air), দন্তক্ষয় (Caries), দাঁত ঠক ঠক করে (Chattering), দাঁতে দাঁতে চেপে ধরে (Clinch together), শীতলতা (Coldness), পোঁকা হাঁটার অনুভূতি (Crawling), দন্তউদ্গমন (Dentition), বিকৃত বর্ণ (Descolored), ধার (Edge), লম্বা হয়ে উঠার অনুভূতি (Elongation), দাঁতে এনামেলের অভাব (Enamel), সুড়সুড়ি (Formication), দাঁতে দাঁতে ঘর্ষণ করা (Grinding), চুলকানি (Itching), বড় হওয়ার অনুভূতি (Large), অত্যন্ত লম্বা মনে হয় (Long), আলগা দাঁত (Looseness), শ্লেষ্মা (Mucus), অসাড়তা (Numbness), গন্ধ, দূর্গন্ধ ( Odor, offensive), বেদনাসমূহ (Pains), মাংসাঙ্কুর (Proud), স্পর্শকাতর (Sensitive), করাতের ন্যায় ধারকাটা (Serrated), কোমল (Soft), দন্তমল (Sordes), আক্কেল দাঁত (Wisdom Teeth) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এই অধ্যায়ে অন্তর্ভুক্ত হয়েছে।

মাড়িকে (Gum) এ অধ্যায়ে স্থান না দিয়ে মুখগহ্বর (MOUTH) অধ্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে।





## গলনালী (THROAT)

খাদ্যনালী (Oesophagus), ফ্যারিংস (Pharynx), টনসিল (Tonsils), আলজিহ্বা (Uvula) ইত্যাদি অঙ্গের লক্ষণাবলী (১১২টি রুব্রিক) এ অধ্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে।

ফোড়া (Abscess), উপক্ষত (Aphthae), রক্ত (Blood), সর্দি (Catarrh), কণ্ঠরোধ (Choking), শীতলতা (Coldness), শ্লেষাগুটি (Condylomata), খালধরা (Cramp), পোকা হাঁটার অনুভূতি (Crawling), বর্ণবিকৃতি (Discoloration), শুষ্কতা (Dryness), বর্দ্ধিত (Elongated), বৃহৎ বা বড় হওয়া (Enlargment), খাদ্য আটকায় (Food lodges), বহিরাগত পদার্থ থাকার অনুভূতি (Foreign body), পূর্ণতা বোধ (Fullness), পচাক্ষত (Gangrene), চকচকে (Glazed), পান করার সময় গলগল করে (Gurgling), চুল থাকার অনুভূতি (Hair sensation), গলা খেঁকারি দেয়ার প্রবৃত্তি (Hawk), উত্তাপবোধ (Heat), কঠিনতা (Induration), প্রদাহ (Inflammation), উপদাহ (Irritation), চুলকানো (Itching), তরল পদার্থ গিলিলে নাকে এসে পড়ে (Liquids taken are forced into nose), পিন্ড বা গোঁজ থাকার অনুভূতি (Lump, plug), ঝিল্লি (Membrane), শ্লেষ্মা (Mucous), সঙ্কীর্ণ হওয়ার অনুভূতি (Narrow), অসাড়তা (Numbness), অবরোধ (Obstruction), বেদনা সমূহ (Pains), বিবর্ণতা (Paleness), পক্ষাঘাত (Paralysis), কাঁটা কাঁটা জম্মানো (Prickly), দপ দপ করা (Pulsating), পুঁজবটি (Pustules), কর্কশভাব (Roughness), খেঁকারি দিয়ে গলা পরিস্কার করা (Scraping), আচড়ানোর ন্যায় অনুভূতি (Scratching), স্পর্শকাতর (Sensitive), আক্ষেপ (Spasms), কঠিনতা (Stiffness), অবরোধ (Stricture), শ্বাসরোধকর (Suffocative), পুজোৎপত্তি (Suppuration), ঢোক গেলা (Swallow), স্ফীতি (Swelling), স্ফীত এরূপ অনুভূতি (Swollen), সিফিলিসজাত পীড়া (Syphilitic affections), টানবোধ (Tension), ঝিনঝিন করা (Tingling), ঝাকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulcers), শিরাস্ফীতি (Vericosis), ফোস্কা (Vesicles), আঁচিল (Wart) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## বাহ্য গলদেশ (EXTERNAL THROAT)

বাহ্য গলদেশের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৩৪ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), বাতাসে স্পর্শকাতরতা (Air, Sensetive to), কাপড় জড়ানো (Clothing), শীতলতা (Coldness), সঙ্কোচন (Constriction), বর্ণবিকৃতি (Discolration), উদ্ভেদ (Eruption), গলগন্ড (Goiter), কঠিনতা (Induration), চুলকানি (Itching), অসাড়তা (Numbness), বেদনা সমূহ (Pains), পক্ষাঘাত (Paralysis), ঘর্ম (Perspiration), দপদপ করা (Pulsation), অত্যানুভূতিযুক্ত (Sensitive), আক্ষেপ (Spasms), আড়ষ্টতা (Stiffness), স্ফীতি (Swelling), টানবোধ (Tension), গ্রীবাস্তম্ভ (Torticollis), অর্বুদ (Tumor), উৎক্ষেপ (Twitching), ক্ষত (Ulcers), অনাবৃত রাখা (Uncovering), আঁচিল (Warts) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## পাকস্থলী (STOMACH)

পাকস্থলীর নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৯৯ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

উৎকণ্ঠাবোধ (Anxiety), ক্ষুধা (Appetite), বিভিন্ন খাদ্যের প্রতি অনিচ্ছা (Aversion), ক্যান্সার (Cancer), বস্ত্রে আবৃত করণ (Clothing), শীতলতাবোধ (Coldness), আকুঞ্চন (Constriction), বিভিন্ন খাদ্যের ইচ্ছা (Desires), বিশৃঙ্খল (Disordered), স্ফীতি (Distention), শূন্যতাবোধ (Emptiness), উদ্গার (Eructation), পূর্ণতাবোধ (Fullness), গলগল শব্দ (Gurgling), কঠিনতা (Hardness), বুকজ্বালা (Heartburn), উত্তাপবোধ (Heat), ভারবোধ (Heaviness), হিক্কা (Hiccough), অজীর্ণতা (Indigestion), প্রদাহ (Inflammation), খাদ্যে বিতৃষ্ণা (Loathing), বিবমিষা বা বমি বমিভাব (Nausea), বেদনা সমূহ (Pains), দপদপ অনুভূতি (Pulasation), উকি উঠা (Retching), নিমগ্নতা (Sinking), পাথর থাকার অনুভূতি (Stone), টানবোধ (Tension), তৃষ্ণা (Thirst), তৃষ্ণাহীন (Thirstless), কম্পন (Trembling), মোচড়ানো (Twisting), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulcers), অস্বস্তি (Uneasiness), বমন (Vomiting) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।





## উদর (ABDOMEN)

কুক্ষিদেশ (Hypochondrium), যকৃৎ (Liver), কুঁচকি (Inguinal), উধরাধঃ প্রদেশ (Hypogastrium), নাভি (Umbilicus), অন্ধান্ত্র ও জড়িতান্ত্রের সংযোগ (Ilio-caecal), প্লীহা (Spleen), মধ্যান্ত্র (Messenterics), অন্ধান্ত্র (Caecal), স্থুলান্ত্র (Colon), শ্রোণীদেশে (Ilic), উদর পার্শ্ব (Sides) ইত্যাদি স্থানের লক্ষণাবলী (১৩২টি রুব্রিক) ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ের অন্তর্গত।

ফোড়া (Abscess), জীবন্ত কিছু থাকার অনুভূতি (Alive), উৎকণ্ঠাবোধ (Anxiety), উদরী (Ascites), শীর্ণতা (Atrophy), বুদবুদ উঠার অনুভূতি (Bubbling), বাগী (Bubo), যকৃতের বিশুষ্কতা (Cirrosis, Liver), পোষাকে অত্যনুভূতি (Clothing, Sensitive), শীতলতাবোধ (Coldness), আকুঞ্চন (Constriction), সঙ্কোচনবোধ (Contraction), উদরাময়ের অনুভূতি (Diarrhoea, sensation), স্রাব (Discharge), বর্ণবিকৃতি (Discolration), স্ফীতি (Distension), শোথ (Dropsy), শূন্যতাবোধ (Emptiness), বর্দ্ধিত (Enlarged), উদ্ভেদ (Eruptions), মেদাপকর্ষ (Fatty degeneration), গেঁজে উঠা (Fermentation), নালীক্ষত (Fistula), পেটফাঁপা (Flatulence), সুড়সুড়িবোধ (Formication), পূর্ণতাবোধ (Fullness), গড়গড় শব্দ (Gurgling), কঠিন (Hard), কঠিনতা (Herdness), তাপ (Heat), ভারবোধ (Heaviness), অন্ত্র নির্গমন (Hernia), প্রদাহ (Inflammation), অন্ত্রমধ্যে অন্ত্রাংশ প্রবেশ (Intussusception), চুলকানি (Itching), ন্যাবা (Jaundice), পিন্ড (Lump), নড়াচড়া করার অনুভূতি (Movements), ভ্রূনের নড়াচড়া (Movements of Foetus), অসাড়তা (Numbness), বেদনা সমূহ (Pains), পক্ষাঘাত (Pararysis), উদর ঝুলে পড়া (Pendulous abdomen), বিপরীত ধবনক্রিয়া (Reversed Peristalsis), ঘর্ম (Perspiration), স্থানে স্থানে উচু হয়ে উঠা (Protrusion), দপদপকর অনুভূতি (Pulsation), শিথিল অনুভূতি (Relaxed), অস্থিরতা (Restlessness), ভিতর দিকে টেনে ধরা (Retraction), গড়গড় শব্দ (Rumbling), স্পর্শকাতর (Sensitive), উৎক্ষেপকর কম্পন (Shaking), আকস্মিক সজ্জাত (Shocks), আক্ষেপ (Spasms), প্লীহার রোগ (Spleen, complaints), পাথর থাকার অনুভূতির (Stone), গতি অবরূদ্ধ (Stopped), পুজোৎপত্তি (Suppuration), উচ্চস্থান থেকে জল পড়ার ন্যায় অনুভূতি (Swashing), স্ফীতি (Swelling), মধ্যান্ত্রিক ক্ষয়রোগ (Tabes mesenterica), টানবোধ (Tension), কম্পন (Trembling), ঝাকি দিয়ে উঠা

(Twitching), ক্ষত (Ulcer), শিরাস্ফীতি (Veins distended), দুর্বলতাবোধ (Weakness) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অর্ন্তভূক্ত হয়েছে।

## সরলান্ত্র (RECTUM)

সরলান্ত্রের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৮৫ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), উপক্ষত (Aphthous), ক্ষুদ্র ক্ষুদ্র ফোড়া (Boil), কলেরা (Cholera), শীতলতাবোধ (Coldness), উপমাংশ (Condylomata), কোষ্ঠবদ্ধতা (Constipation), আকুঞ্চন (Constriction), উদরাময় (Diarrhoea), টানিয়া ধরা (Dragging), শুষ্কতা (Dryness), আমাশয় (Dysentry), উদ্ভেদ (Eruptions), ছাল উঠা (Excoriation), মল যেন থেকে গেল মনে হয় (Feces), ফাটা (Fissure), ভগন্দর (Fistula), অধঃবায়ু (Flaus), পোকা হাটার অনুভূতি (Formication), পূর্ণতাবোধ (Fullness), রক্তস্রাব (Haemorrhage), অর্শবলি (Haemorrhoids), উত্তাপ (Heat), সরলান্ত্রের নিষ্ক্রিয়তা (Inactivity), প্রদাহ (Inflammation), অসাড়ে মলত্যাগ (Involuntary), চুলকানি (Itching), পিন্ড থাকার অনুভূতি (Lump), রসানি (Moisture), মলদ্বার খোলা (Open), বেদনা সমূহ (Pains), পক্ষাঘাত (Paralysis), ঘর্ম (Perspiration), গোঁজ অনুভূতি (Plug), পলিপ (Polypi), কাঁটা ফোটার অনুভূতি (Pricling), বহির্নির্গমন (Prolaps), দপদপ কর অনুভূতি (Pulsation), গুহ্যদ্বারের আরক্ততা (Redness), শিথিলতা মলদ্বারের (Relaxed), অবরোধ (Stricture), পশ্চাদপসরণ (Retraction), স্পর্শকাতর (Sensitive), আক্ষেপ সরলান্ত্রের (Spasm), কোঁথানি (Straining), অবরোধ (Stricture), স্ফীতি (Swelling), কুন্থন (Tenesmus), টানবোধ (Tension), ঝিনঝিন করা (Tingling), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulceration), মলত্যাগ হলে জানতে পারে না (Unnoticed), কোঁথ দেয়ার প্রবৃত্তি (Urging desire), দুর্বলতাবোধ (Weakness), ভারবোধ (Weight), ক্রিমি (Worms) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।





## মল (STOOL)

মলের প্রকৃতি সংক্রান্ত বিভিন্ন লক্ষণাবলী (৮৪ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

বিদাহী (Acrid), এলবুমেনযুক্ত (Albuminus), বলের ন্যায় (Ball like), পিত্তযুক্ত (Bilious), কাল (Black), রক্তাক্ত (Blood), নীলাভ (Bluish), বাদামী বর্ণ (Brown), পরিবর্তনশীল (Changeable), ক্ষুদ্র ক্ষুদ্র টুকরায় বিভক্ত (Chopped), কাদার বর্ণ (Clay-colored), কাদার মত (Clay-like), কফি চূর্ণের ন্যায় (Coffee grounds, like), অবিরত ক্ষরিত হয় (Constant discharge), প্রভূত (Copious), ক্রিমের বর্ণ (Cream-colored), ভাঙ্গিয়া ভাঙ্গিয়া পড়ে (Crumbling), ছানাকাটার ন্যায় (Curdled), কালচে (Dark), কুকুরের বিষ্ঠার ন্যায় (Dogs lilke a), শুষ্ক (Dry), চর্বিযুক্ত (Fatty), গাঁজান (Fermented), স্তরে স্তরে গঠিত (Flaky), চেপ্টা (Flat), ঘোর তলানিযুক্ত (Flocculi), বেগে নির্গত (Forcible), পুনঃ পুনঃ (Frequent), ফেনাযুক্ত (Forthy), ধূসর বর্ণ (Gray), সবুজ (Green), কঠিন (Hard), গরম (Hot), গাঁট গাঁট (Knooty), বৃহৎ (Large), শিশুর কোমল আহার্যের ন্যায় (Lienteric), হালকা রংয়ের (Light colored), লম্বা (Long), গোটা গোটা দলা (Lumps), দলা দলা (Lumpy), আটার কাইয়ের মত (Meal-like), ঝিল্লিযুক্ত (Membranous), শ্লেষ্মাযুক্ত (Mucous), ছত্রকের মতো (Mushy), গন্ধ (Odor), গন্ধহীন (Odorless), চটচটে (Pasty), পুঁজের মতো (Purulent), লালাভ (Reddish), সামান্য (Scanty), অন্ত্রের চাঁচানির মতো (Scrapings), ভেড়ার নাদির মতো (Sheep dung), বন্দুকের গুলির মতো নির্গত হয় (Shooting), ক্ষুদ্র (Small), নরম (Soft), পড় পড় করে ছিটকায় (Sputtering), তন্তময় (Stringy), আলকাতরার মতো (Tarry), আঠাল, নির্গত হতে চায় না (Tenscious), পাতলা (Thin), শক্ত (Tough), জলবৎ (Watery), সাদা (White), হলদে (Yellow) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## মূত্রস্থলী (BLADDER)

মূত্রস্থলীর নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৫৯ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

বল থাকার অনুভূতি (Ball), পাথুরী (Calculi), সর্দি (Catarrh), আকঞ্চন (Constriction), সঙ্কোচন (Contraction), খাল ধরা (Cramp), পোকা হাটার অনুভূতি (Crawling), ফোঁটা ফোঁটা নির্গত হওয়ার অনুভূতি (Drops), শূন্যতার অনুভূতি (Emptiness), পূর্ণতার অনুভূতি (Fullness), উত্তাপ (Heat), ভারবোধ (Heaviness), রক্তস্রাব (Haemorrhage), অর্শপীড়া সংক্রান্ত উপসর্গ (Haemorrhoids of), ক্রিয়াহীনতা (Inactivity), প্রদাহ (Inflammation), বেদনা (Pain), পক্ষাঘাত (Paralysis), পক্ষাঘাতিক দূর্বলতা (Paralytic Weakness), পলিপ (Polypi), দপদপকর অনুভূতি (Pulsation), মূত্রাবরোধ (Retention), আক্ষেপ (Spasm), কুন্থন (Tenesmus), ক্ষত (Ulceration), মূত্রবেগ (Urging), মূত্রক্রিয়া (Urination), দূর্বলতা (Weakness), ক্রিমি (Worm) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## মূত্রগ্রন্থি (KIDNEYS)

মূত্রগ্রন্থির নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (২০ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

ফোড়া (Abscess), এডিসনাখ্য পীড়া (Adison's Disease), বুদবুদ উঠার অনুভূতি (Bubbling), মূত্র পাথুরী (Calculi), ঠান্ডা অনুভূতি (Cold), উত্তাপবোধ (Heat), ভারবোধ (Heaviness), প্রদাহ (Inflammation), খঞ্জতা (Lameness), অসাড়তা (Numbness), বেদনা সমুহ (Pains), দপদপকর অনুভূতি (Pulsation), মূত্ররোধ (Suppression), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), শ্রান্তিভাব (Weariness) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।





## প্রোষ্টেট গ্রন্থি (PROSTATE GLAND)

প্রোষ্টেট গ্রন্থির নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (২১ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

প্রষ্টেটিক রসক্ষরণ (Emission), বিবৃদ্ধি (Enlargment), পূর্ণতাবোধ (Fullness), কঠিনতা (Hardness), উত্তাপ (Heat), ভারবোধ (Heaviness), কঠিনতা (Hardness, Induration), প্রদাহ (Inflammation), উপদাহ (Irritation), বেদনা (Pains), স্ফীতি (Swelling) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## মূত্রমার্গ (URETHRA)

মূত্রমার্গের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৫৩ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

লিঙ্গমুখ জুড়িয়া যায় (Agglutination), বাতাস নির্গত হয় (Air), বুদবুদ উঠার মতো অনুভূতি (Bubbling), কষ্টকর লিঙ্গোচ্ছাস (Chordee), শীতলতা (Coldness), আকুঞ্চন (Constriction), সঙ্কোচন (Contraction), প্রস্রাবদ্বারে ফাটা (Cracks), খালধরা (Cramp), পোকা হাটার ন্যায় অনুভূতি (Crawling), স্রাব (Discharge), ফোঁটা ফোঁটা পড়ছে এরূপ অনুভূতি (Dropping), শুষ্কতার অনুভূতি (Dryness), উপমাংশ (Excrescences), গনেরিয়া চাপা পড়া (Gonorrhoea), দৃঢ়তা (Hardness), শক্ত গুটিকা (Hard node), উত্তাপবোধ (Heat), রক্তস্রাব (Haemorrhage), কঠিনতা (Induration), প্রদাহ (Inflammation), উপদাহ (Irritation), চুলকানো (Itching), ঝাঁকি দিয়ে উঠা (Jerking), গাঁট গাঁট থাকার অনুভূতি (Knotty), আর্দ্রতা (Moisture) লিঙ্গমুন্ডে, জমাট বাঁধা শ্লেষ্মা (Mucous coagulated), সঙ্কীর্ণ হয়ে যাওয়া (Narrowness), অসাড়তা (Numbness), বেদনা (Pains), দপদপকর অনুভূতি (Pulsation), আরক্ততা (Redness), অনুভূতি (Sensation), আক্ষেপ (Spasm), মূত্রাবরোধ (Stricture), স্ফীতি (Swelling), টানবোধ (Tension), ঝিনঝিন করা (Tingling), অর্বুদ (Tumor), ঝাঁকি দিয়ে উঠা (Twitching), ক্ষত (Ulceration), ফুস্কড়ি (Vesicle), কামোদ্দীপক অনুভূতি (Voluptuous) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## মূত্র (URINE)

মূত্র সংক্রান্ত বিভিন্ন লক্ষণাবলী (৪০ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে। বিদাহী (Acrid), এলবুমেনযুক্ত (Albuminous), ক্ষারধর্মী (Alkaline), পর্যায়ক্রমে প্রভুত ও অল্প মূত্র (Alternation), পিত্তযুক্ত (Bile), রক্তাক্ত (Bloody), ইষ্টক চূর্ণ (Brick dust), জ্বালা (Burning), ভাসমান পদার্থ (Casts), ঘোলাটে (Cloudy), বর্ণ (Colour), বর্ণহীন (Colourless), প্রভূত বা প্রচুর (Copious), কৃত্তিক (Cuticle), ফেনাযুক্ত (Forthy), আঠাল (Gelatinous), ইন্ডিকানযুক্ত (Indican), স্বচ্ছ (Limpid), দুধের বর্ণ (Milky), কাদা গোলার ন্যায় (Muddy), না অম্ল না ক্ষার (Neutral), গন্ধহীন (Odorless), গন্ধ (Odour), পুঁজযুক্ত (Purulent), স্বল্প (Scanty), তলানি (Sediment), আপেক্ষিপ গুরুত্ব (Specific gravity), শর্করা (Sugar), ঘন (Thick), চটচটে, সান্দ্র (Vicid), জলবৎ, জলের মত পরিষ্কার (Watery), ছানার জলের ন্যায় (Whey), ইষ্টের ন্যায় (Yeast) ইত্যাদি প্রধান প্রধান রুব্রিকসহ আরও বহু প্রকার রুব্রিক ও তাদের নির্দেশিত ওষুধাবলী এ অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে।

## জননেন্দ্রিয় – পুরুষ (GENITALIA - MALE)

পুরুষ জননেন্দ্রিয়ের নানাবিধ অসুস্থতার লক্ষণাবলী (৯৯ টি রুব্রিক) এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

জার্মানীর দু'জন প্রখ্যাত চিকিৎসক **Dr. H. Barthel** ও **Dr. W. Klunker** কেন্ট রেপার্টরীকে আধুনিক করার উদ্দেশ্যে ও বিগত ১৭০ বৎসরে হোমিওচিকিৎসা শাস্ত্রের নব নব আবিষ্কারকে কেন্ট রেপার্টরীতে অর্ন্তভূক্ত করে কেন্ট রেপার্টরীর মানসিক অধ্যায়, সাধারণ লক্ষণাবলী, নিদ্রা, স্বপ্ন, পুংজননতন্ত্র ও স্ত্রীজননতন্ত্র

ইত্যাদি বিষয়সমূহকে রেপার্টরী রচনার বিষয়বস্তু হিসেবে নির্বাচন করে এই রেপার্টরী প্রণয়ন করেন এবং বাকী বিষয় সমুহ দেখার জন্য কেন্ট রেপার্টরীকেই ব্যবহার করতে বলেন । তাদের এই নতুনভাবে সমন্বয়কৃত রেপার্টরীর নামকরণ করেন **Synthetic Repertory**। ১৯৭৪ সনে ২৪৮৭ পৃষ্ঠার সতন্ত্র রেপার্টরী হিসেবে এটি প্রকাশিত হয় । তিন খন্ডে বিভক্ত এই রেপার্টরীর ১ম ও ২য় খন্ড সম্পাদনা করেন **Dr. H. Barthel** এবং ৩য় খন্ডের সম্পাদনা করেন **Dr.W. Klunker** । ১ম খন্ড **-Psychies Symptoms** (Mind) ঃ মানসিক লক্ষণাবলী বর্ণমালার ক্রমানুসারে অন্তর্ভূক্ত হয়েছে, পৃষ্ঠা সংখ্যা ১১০২ । ২য় খন্ড - **General Symptoms** (Generalities) ঃ সার্বদৈহিক লক্ষণাবলী, হ্রাস-বৃদ্ধি, বেদনা ও বেদনার প্রকৃতি, খাদ্য সংক্রান্ত লক্ষণাবলী, রোগীর ইচ্ছা-অনিচ্ছা, তৃষ্ণা, সাধারণ অনুভূতি ইত্যাদির বৈচিত্রপূর্ণ লক্ষণাবলী এতে অন্তর্ভূক্ত হয়েছে, পৃষ্ঠা সংখ্যা ৭৭৪ । ৩য় খন্ড - (১) **Sleep, Dreams,** (২) **Sexuality** ঃ **Male** ও **Female** পৃষ্ঠা সংখ্যা ৬১১।

পুস্তকটি সংকলনের সময় কেন্ট রেপার্টরীকে আর্দশ হিসেবে গ্রহণ করে বিভিন্ন আন্তর্জাতিক হোমিওপ্যাথিক জার্ণালে প্রকাশিত তথ্যাবলী ও ১৫ জন লেখকের বিভিন্ন পুস্তকের সাহায্য নিয়ে নব নব রুব্রিক ও ওষুধকে এই রেপার্টরীতে অন্তর্ভূক্ত করা হয়েছে। পুস্তকের ভুমিকা বর্ণনার পর ১৫ জন লেখকের নাম ও তাদের পুস্তকের নাম বিস্তারিত ভাবে উল্লেখ করা হয়েছে । প্রতিটি খন্ডেই ওষুধ তালিকা ও ওষুধের সংক্ষিপ্ত রূপ দেয়া হয়েছে । কেন্ট রেপার্টরীর ওষুধ সংখ্যা ৬৪৬+২৪ = ৬৭২টি কে বৃদ্ধি করে এ রেপার্টরীতে সর্বমোট ১৫৯৪টি ওষুধকে অন্তর্ভূক্ত করা হয়েছে । কেন্ট রেপার্টরীকে আধুনিক ও যুগোপযোগী করার প্রয়াশের মাধ্যমে হোমিওপ্যাথিতে এই লেখকদ্বয় যে অসামান্য অবদান রেখেছেন তার জন্য এরা চীরদিন স্মরণীয় হয়ে থাকবেন ।

কেন্ট রেপার্টরীতে যে রীতিতে রুব্রিক সজ্জিত এখানেও একই রীতি অনুসরণ করা হয়েছে । নতুন সংযোজিত রুব্রিক, সাব-রুব্রিক ও ওষুধ বর্ণনার সময় রেফারেন্স কোড নং ব্যবহৃত হয়েছে, ফলে কোন্ রেফারেন্স থেকে নতুন সংযোজন হয়েছে তা সহজে বুঝা যায় । প্রথম ও দ্বিতীয় খন্ডে ১৩৮ টি নতুন রুব্রিক ব্যবহার করা হয়েছে । রুব্রিক সমুহকে বড় মোটা অক্ষরে (**CAPITAL**) এবং সাব-রুব্রিককে সাধারণ মোটা অক্ষরে (**bold type**) লিখিত হয়েছে । রুব্রিক ও সাব-রুব্রিক বর্ণনার সময় তিনটি ভাষা যথাক্রমে ইংরেজী, জার্মান ও ফ্রেঞ্চ ভাষা ব্যবহার করা হয়েছে । ওষুধের মূল্যায়ন কেন্ট রেপার্টরীর মত তিনটি গ্রেড করা হয়েছে । প্রথম শ্রেণীর ওষুধের নাম বড় মোটা অক্ষরে (**CAPITAL**) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ৩ (তিন) সবচেয়ে বেশী মান ; দ্বিতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ মোটা অক্ষরে (**bold type**) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ২ (দুই), মধ্যম মান ; তৃতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ অক্ষরে (small letters) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ১ (এক), সবচেয়ে কম





মান । এছাড়া খুব বেশী গুরুত্বপূর্ণ ওষুধ বুঝাতে (most highest values) প্রথম শ্রেণীর ওষুধের নামের নীচে দাগ দেয়া হয়েছে, এদের গানিতিক মান ৪ (চার) ধরা যেতে পারে । উদাহরণঃ- প্রথম শ্রেণীর খুব বেশী গুরুত্বপূর্ণ ওষুধ- **LACH,** প্রথম শ্রেণীর ওষুধ- **HYOS,** দ্বিতীয় শ্রেণীর ওষুধ- **gels,** তৃতীয় শ্রেণীর ওষুধ - arg-m ।

রেপার্টরীর গঠন বৈশিষ্ট্য ও শব্দ চয়নের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এই রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(Logical Utilitarian type General Repertory)** বলা হয় ।

কেন্ট রেপার্টরীতে অধিকতর তথ্য সংযোজন করে ও সংযোজিত তথ্যের রেফারেন্স উল্লেখ করার মাধ্যমে এই রেপার্টরী রচয়িতাগণ একটি প্রশংসিত কর্মের সূচনা করেছেন, যার ফলস্রুতিতে এই রেপার্টরী ও কেন্ট রেপার্টরীর উপর ভিত্তি করে আরও অধিক তথ্য সমৃদ্ধ রেপার্টরী রচিত হয়েছে । **Dr. Frederik Schroyens** সম্পাদিত **Synthesis** এমনই একটি রেপার্টরী ।

## সীমাবদ্ধতা

অধিকতর তথ্য সমৃদ্ধ হয়ে কেন্ট রেপার্টরীর উপর ভিত্তি করে এ রেপার্টরী রচিত হলেও অধ্যায় কম হওয়ার কারণে কেন্ট রেপার্টরীর মত জনপ্রিয়তা লাভ এই রেপার্টরীর ভাগ্যে ঘটেনি । কেন্ট রেপার্টরীর মত কিছু সীমাবদ্ধতা এ রেপার্টরীতেও রয়ে গেছে । নিম্নে তা সংক্ষেপে আলোচিত হল ।

১। এ রেপার্টরী কেবল মাত্র মানসিক লক্ষণাবলী, সার্বদৈহিক লক্ষণাবলী, নিদ্রা, স্বপ্ন, পুং জননেন্দ্রিয় এবং স্ত্রী জননেন্দ্রিয় অধ্যায় নিয়ে রচিত, আংগিক লক্ষণ হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও এ রেপার্টরীতে আংগিক অধ্যায় বা আংগিক লক্ষণসমূহ অন্তর্ভূক্ত হয়নি ফলে এ রেপার্টরী পূর্ণাঙ্গ ব্যাপক সাধারণ রেপার্টরী হতে পারেনি ।

২। অধ্যায় কম হওয়ার কারণে এ রেপার্টরীতে বহু গুরুত্বপূর্ণ বিষয় যথাযথভাবে অন্তর্ভূক্ত হয়নি, আবার সার্বদৈহিক অধ্যায়ে (General Symptoms) অন্তর্ভূক্ত হতে পারত এমন বহু বিষয়ও অন্তর্ভূক্ত হয়নি, যেমন- অস্থি, রক্ত, জরুরী চিকিৎসা, পরিবেশ ও আবহাওয়া, গর্ভবতীর উপসর্গ, নবজাতক শিশুর উপসর্গ, ধাতুগত বৈশিষ্ট্য, বিষাক্ততার উপসর্গ ইত্যাদি সহ বহুবিধ প্রয়োজনীয় বিষয় এ রেপার্টরীতে অন্তর্ভূক্ত হয়নি ।

৩। বিভিন্ন অধ্যায়ে বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক অন্তর্ভূক্ত হয়নি ।

৪। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও বেশ কিছু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক অন্তর্ভূক্ত হয়নি ।

৫। রুব্রিক বা লক্ষণাবলীর সজ্জিত করণের ধারা কেন্ট রেপার্টরীতে যেমন জটিল, এই রেপার্টরীতেও তেমন জটিলই রয়ে গেছে, রুব্রিক খুঁজে বের করার সুবিধা এ রেপার্টরী কেন্ট রেপার্টরী থেকে অধিকতর উন্নত কিছু দিতে পারেনি। নবীন এবং প্রবীণ উভয় শ্রেণীর ব্যবহারকারী বিভিন্ন অধ্যায় থেকে রুব্রিক বা লক্ষণ খুঁজে বের করতে গিয়ে অনেক সময় খেই হারিয়ে ফেলেন।

৬। একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এপুস্তকে থাকলেও প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিকটি খুঁজে বের করার জন্য চিকিৎককে অনেক সময় প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট ওষুধটি খুজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

৭। রেপার্টরীটি তিন খন্ডে বিভক্ত, যা ব্যবহার করার সময় জটিলতার সৃষ্টি হয়, এক খন্ডে বাঁধাইকৃত হলে ব্যবহার সুবিধাজনক হত। এ রেপার্টরীর চেয়ে অধিকতর তথ্য সমৃদ্ধ ও অধিক অধ্যায় সম্বলিত রেপার্টরীও এক খন্ডে বাঁধাইকৃত।

৮। রেফারেন্স, ওষুধ, রুব্রিক ও তথ্যের বিশাল সংযোজন এ রেপার্টরীতে অন্তর্ভূক্ত হলেও তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। সংযোজিত তথ্য কি সুস্থ মানবদেহে পরীক্ষিত ? না রেপার্টরী রচনার নামে ব্যবসায়িক প্রয়াস।

*(এ পুস্তকটির কোন বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি।)

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তম্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

সিন্থেটিক রেপার্টরী দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায়, তবে কেন্ট পদ্ধতি বা আধুনিক পদ্ধতি অনুযায়ী রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন* ঃ- রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।



# ১১শ অধ্যায়

## সিন্থেসিস - সম্পাদনায় ডাঃ ফ্রেডরিক স্ক্রয়েন্স
## SYNTHESIS - EDITED BY DR. FREDERIK SCHROYENS.

রেপার্টরী রচনার পটভূমি ও রেপার্টরীর উন্নয়ন

১৮৯৭ সালে কেন্ট রেপার্টরী প্রকাশিত হয়ে অপ্রতিদ্বন্দ্বি হিসাবে বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথদের নিকট অদ্যাবধি সমান জনপ্রিয়। হোমিওচিকিৎসা শাস্ত্রের উন্নয়নের সাথে তালমিলিয়ে বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীর সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজনীয়তা উপলব্ধি করা গেলেও ডাঃ কেন্টের মত মননশীল দূরদৃষ্টি সম্পন্ন চিকিৎসকের আবির্ভাব বিশ্বে আর হয়নি। পরবর্তীতে নব নব আবিষ্কৃত ওষুধ ও নতুন লক্ষণাবলীকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভূক্ত করার এবং কেন্ট রেপার্টরীকে আরও তথ্যসমৃদ্ধ করার প্রয়াশ আমরা বিভিন্ন চিকিৎসকের মধ্যে দেখতে পাই।

জার্মানীর দু'জন চিকিৎসক **Dr. H. Barthel** ও **Dr. W. Klunker** কেন্ট রেপার্টরীকে আধুনিক করার ও বিগত ১৭০ বৎসরে হোমিওচিকিৎসা শাস্ত্রের নব নব আবিষ্কারকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভূক্ত করার উদ্দোগ গ্রহণ করেন। কেন্ট রেপার্টরীর মানসিক অধ্যায়, সাধারণ লক্ষণাবলী, নিদ্রা, স্বপ্ন, পুংজননতন্ত্র ও স্ত্রীজননতন্ত্র ইত্যাদি বিষয়সমুহকে তারা তাদের রেপার্টরী রচনার বিষয়বস্তু হিসাবে নির্বাচন করেন। বাকী বিষয় সমুহ দেখার জন্য কেন্ট রেপার্টরীকেই ব্যবহার করতে বলেন। তাদের এই নতুনভাবে সমন্বয়কৃত রেপার্টরীর নামকরণ করেন **Synthetic Repertory**। ১৯৭৪ সনে ২৪৮৭ পৃষ্ঠার সতন্ত্র রেপার্টরী হিসাবে এটি প্রকাশিত হয়। তিন খন্ডে বিভক্ত এ রেপার্টরীর ১ম ও ২য় খন্ড সম্পাদনা করেন **Dr. H. Barthel** এবং ৩য় খন্ডের সম্পাদনা করেন **Dr.W. Klunker**।

**Dr. H. Barthel** ও **Dr. W. Klunker** একটি অত্যাধুনিক রেপার্টরী হোমিওপ্যাথি চিকিৎসক সমাজকে উপহার দিলেও কেন্ট রেপার্টরীর শাঙ্গিক অংশ সহ গুরুত্বপূর্ণ অন্যান্য কিছু অধ্যায় এতে অন্তর্ভূক্ত না হওয়ায় চিকিৎসক সমাজে **Synthetic Repertory** তেমন জনপ্রিয়তা লাভ করেনি, যদিও এ রেপার্টরী রেফারেন্স পুস্তক হিসাবে অতুলনীয়। ইতিমধ্যে বিজ্ঞানের বিস্ময়কর আবিষ্কার

কম্পিউটারের প্রচলন হওয়ায় ও কম্পিউটারের বহুবিধ সুবিধার কারণে হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার দিন দিন জনপ্রিয় হতে থাকে । ফলে উন্নত বিশ্বে কম্পিউটার প্রযুক্তি ভিত্তিক রেপার্টরী ও হোমিওপ্যাথিক চিকিৎসা সংক্রান্ত পুস্তকাদীর তথ্য কম্পিউটারে সংরক্ষণের চাহিদা বৃদ্ধি পায় । ১৯৮৬ সনে বেলজিয়ামের কয়েকজন হোমিওপ্যাথ পূর্ব পরিচয়ের সূত্রে বেলজিয়ামের নামুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের ম্যাথমেটিক্স এর অধ্যাপক জিন ফিকিফিট এর স্মরণাপন্ন হন এবং তাকে হোমিওপ্যাথিক সফট্ওয়্যার তৈরী করার জন্য দায়িত্ব প্রদান করেন । প্রথমে নামুর বিশ্ববিদ্যালয়ে (বেলজিয়াম) রাডার নামে একটি গবেষণা প্রকল্পের অধীনে হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুতের কাজ শুরু করা হয় এবং অধ্যাপক জিন ফিকিফিট ছিলেন এর তত্বাবধায়ক । *(Professor Jean Fichefet, Professor of Mathematics at the University of Namur, Belgium, Department of Computer Science, প্রফেসর ফিকিফিটের ছেলের দূরারোগ্য ব্যাধি হোমিওপ্যাথিক চিকিৎসায় আরোগ্য লাভের ঘটনা তার মনে গভীর দাগ কাটে এবং ঘটনাটি এই বিশাল কর্মকান্ডের সূচনা করে ) বিশ্বের প্রায় ৩০টি দেশের বিশিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসক এই প্রকল্পে জড়িত হন । সকলের ঐকান্তিক প্রচেষ্টায় প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শেষ হয় । এই সফটওয়্যারটিতে কেন্ট রেপার্টরীকে অন্তর্ভূক্ত করে প্রথমে প্রোগ্রাম তৈরী করা হয় । পরবর্তীতে বিশ্বহোমিও জগতের সকল তথ্য এই প্রোগ্রামে অন্তর্ভূক্ত করার ও কেন্ট রেপার্টরীতে আপ-টু-ডেট তথ্য অন্তর্ভূক্ত করার পরিকল্পনা গৃহীত হয় । কেন্ট রেপার্টরীতে পরিমার্জিত, পরিবর্ধিত ও সর্বশেষ তথ্যের সংযোজনের মাধ্যমে আরও উন্নত করার দায়িত্বভার গ্রহন করেন **Dr. Frederik Schroyens,** তিনি ছিলেন রাডার প্রকল্পের প্রধান সমন্বয়কারী । তিনি ও তার সহকারী একদল নিষ্ঠাবান কর্মী অক্লান্ত পরিশ্রম করে যে রেপার্টরী সম্পাদনা করেন তার নামকরণ করা হয় - **Synthesis** । এপর্যন্ত এ রেপার্টরীটির কয়েকটি সংস্করণ হয়েছে । প্রতিটি সংস্করণেই পূর্বের সংস্করণের চেয়ে অধিকতর তথ্য সংযোজন করা হয়েছে। ১৯৮৭ সনে এটির প্রথম সংস্করণ প্রকাশ হয় । ১৯৯৮ সনে প্রকাশিত সংস্করণের নাম **Synthesis** Repertorium Homeopathicum Syntheticum (**Synthesis 7.1**) । ২০০১ সনে প্রকাশিত সর্বশেষ সংস্করণের নাম **Synthesis** Repertorium Homeopathicum Syntheticum (**Synthesis 8.1**) । এ রেপার্টরীটিকে আরও তথ্য সংযোজনের মাধ্যমে পূর্ণাঙ্গ করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে । পরবর্তিতে বিশ্বহোমিও চিকিৎসা জগতে আলোড়ন সৃষ্টিকারী চিকিৎসক গ্রীক চিকিৎসা বিজ্ঞানী **George Vithoulkas** এর পরামর্শের ভিত্তিতে হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠান **Archibel SA, Belgium** বিশ্ববিখ্যাত ***RADAR*** ( Rapid Aid to Drug Aimed Research) নামক





হোমিওপ্যাথিক সফটওয়্যারটি প্রস্তুত করে বাণিজ্যিক ভাবে চিকিৎসকদের জন্য বাজারে ছাড়ে । *(**George Vithoulkas** - যিনি চলতি বিশ্বের শ্রেষ্ঠ হোমিও পন্ডিত হিসাবে স্বীকৃতি লাভ করেছেন, ১৯৯৬ সালে অক্টোবর মাসে তিনি Right Livelihood Award Foundation, Stockholm, Sweden কর্তৃক সম্মান সূচক **'Right Livelihood Award'** পুরস্কার লাভ করেন, যা **Alternative Nobel Prize** নামে অধিক পরিচিত ) বাংলাদেশের তরুণ হোমিও গবেষক ডাঃ মীর মোস্তফা কামাল **Synthesis 8.1** রেপার্টরীতে তথ্য সংযোজনে অংশ নিয়েছেন । তার কাজের স্বীকৃতি সরূপ রেফারেন্স অংশে তার নাম অন্তর্ভূক্ত হয়েছে । বাংলাদেশের যে কোন হোমিও চিকিৎসক রাডার প্রোগ্রামে বিশ্বব্যাপি চলমান তথ্য সংযোজনে অংশ নিয়ে হোমিওপ্যাথিক রেপার্টরীর উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন ।

## সিন্থেসিস রেপার্টরী ও রাডার প্রোগ্রাম সর্ম্পকে বিশ্ববরেণ্য চিকিৎসকদের মন্তব্য

" Over the last five years most of my cases have been decided upon after using successive computerized versions of Synthesis... . I was greatly surprised when I was shown the incredible amount of corrections to the symptoms and to the structure of the repertory that was carried out. Synthesis will set a new standard for Homeopathy."

***George Vithoulkas***
Director, International Academy of Classical Homeopathy, Alonissos, Greece.
1996 Recipient of the Alternative Nobel Prize, Right Livelihood Award, Sweden.

"I fully endorse Synthesis as the new Repertory standard. It is evident for me that this project has shown more concern for the correctness of every single piece of information and its perfect insertion into the Repertory than for the number of additions made."

***Alfons Geukens, MD***
Director, Clinical Training Center for Classical Homeopathy, Hechtel, Belgium.

"Congratulations on Synthesis! It is truly a magnificent book - a great achievement. It occupies a place in my office and is in constant use."
***Paul Herscu. ND***
Director, New England School of Homeopathy
Editor, New England Journal of Homeopathy

"It is a wonderful idea to have the ability in Synthesis to include these 'questionable' remedies and rubrics and let the RADAR user decide when and if to include this new information."
"The new RADAR 7 is superb. Its new, simplified, elegant and even easier user interface is a joy. By implementing numerous improvements, such as keyboard shortcuts for finding and qualifying symptoms, RADAR remains the fastest, easiest and most reliable program for use in a clinical setting. I can compare them since for many years I had used MacRepertory and only invested in a new system and changed to RADAR after becoming convinced of its superior reliability, speed, and power. The new version of RADAR (7) with its Concepts Repertory is and important advancement and a tremendous help for the practicing homeopath. It increases the usefulness of the computer program manifold by allowing users to search out many previously unthought of rubrics. It also provides a new way of using repertory, learning materia medica, performing remedy comparisons and case analysis. RADAR 7 with VES in unquestionably the world leader!"
***Paul Bahder, RS Hom***
USA (7/1/99)

" I am extremely impressed with the intelligent Programming of RADER Homeopathic Software and the excellent training they provide to insure that I get the most out of these multidimensional program. The Concepts Repertory that





complement and integrate with the main repertory, Synthesis, are especially useful. A truly fantastic tool!"
***Jane Cicchetti, RS Hom, (NA)***
Director, Five Elements School of Homeopathy

"Without doubt Synthesis and RADAR have been instrumental in my being able to run a full tine private and NHS practice successfully. I have yet to find a better practitioner's program. As for the VES (Vithoulkas Expert System), words fail to describe the instruction, learning, precision and results it leads you to."
***Andrew Ward, RSHom***

"I find the program a joy to work with. It is easy to use - even by someone as computer illiterate as myself. I cannot imagine practicing without it."
***Mike Andrews, DSH RSHom***

"I have been using RADAR for about a year now, and I am really delighted with it. It makes repertorisation a joy and a tool for discovery about rubrics and synonyms. It is full of useful corners and twists that one discovers just by using it, by double clicking on words or remedies for instance. In this manner it is possible to race around the repertory and access a number of really useful cross-references. Searches on words, concepts and remedies are very fadt - all in all it's just a wonderful working and learning tool."
***Misha Norland***
Principal, School of Homoeopathy, Uffculme, Devon, England.

"RADAR is my stimulus, my relaxation, my teacher, my joy - and as a powerful, wise tool in helping me earn my living."
***Jemima Kallas, SOH***
Newsletter Editor

"RADAR - It's great- I don't know how I managed before... ."
***Ursula Somers, RSHom***

"I have used other Homeopathic software programs but now I am mostly using RADAR. I am extremely pleased with it".
***Richard Pitt, RSHom, CCH***
Director, Pacific Academy of Homeopathic Medicine.

"I m really excited about being able to use RADAR. I was totally blown away by the program when it was demonstrated for us at the Five Elements School of Homeopathy. I just didn't realize that there was a program out there that was this good, but now I'm spreading the word. Believe me, this is a phenomenal program!
***Virgina Downey***
Instructor, Five Elements School of Homeopathy.

"RADAR: rapid excellent help..."
***David Taylor Reilly***
Homoeopathic Consultant, Glasgow Homoeopathic Hospital.

" I believe every homeopath would benefit from having this book. The Hahnemann College of Homeopathy is recommending Synthesis as the Repertory to have for their course, and I believe other colleges and courses will follow suit. Synthesis is a great contribution to homeopathy."
***Durr Elmore, ND***
Homeopathic Instructor, National College of Naturopathic Medicine.
Editor of Simillium

** Extracted from - Whole Health Now " Natural Health Resources" 1102 Pleasant Street PMB 816 Worcester, MA 01602 North America.*





## Major Sources of Additions and New Rubrics in the Synthesis Repertory by Dr. Frederik schroyens.

- **Hahnemann, S.,** Materia Medica Pura and Chronic Diseases.
- **Boenninghausen, C.V.** and **Boger, CM.,** Boenninghausens Characteristics and Repertory,
- **Boenninghausen's Therapeutic Pocket Book.**
- **Kent, J. T.,** Repertory of the Materia Medica, Lectures on Homeopathic Materia Medica (fully integrated on the basis of Dr. Linda Johnston's, Tremendous Work, USA) Lesser Writings, New Remedies.
- **Boericke,W.,** and **Boericke O. E.,** Pocket Manual of Homoeopathic Materia Medica and Repertory.
- **Phatak, S. R.** Concise Repertory of Homoeopathic Remedies, Materia Medica of Homeopathic Remedies.
- **Hering's Encyclopedia -** this source was preferred over copying from the secondary source, Knerr's Repertory, which contains the same material.
- **Allen, T. F.,** The Encyclopedia of Pure Materia Medica, Handbook of Materia Medica and Homeopathic Therapeutics, Symptom-Register.
- **Roberts, H.A.,** Sensations as if, Studies of Remedies by Comparison.
- **H. Barthel and W. Klunker -** Synthetic Repertory.

- Information from different Materia Medica books has been integrated. Worth mentioning are **Clarke's Dictionary**, **William Boericke's Materia medica, Phatak's Materia Medica, Borland's books, Tyler's Drug pictures,** the works of **Dunham, Farrington, Lippe** etc.

- Synthesis includes the additions from **Henry Allen's Nosodes,** Reviews of Carcinosinum. Psorinum. different strains of Tuberculinum and Medorrhinum. An important number of clinical observations from different "authorities has been added. All in all, the most complete representation of nosodes to be found.

- **George Vithoulkas** has gathered a great number of homeopaths in a clinical Center in Athens, and estimates having reviewed more than 150,000 cases. From this extensive pool of clinical experience, Vithoulkas has personally collected more than 1600 controlled additions for the 'Mind' chapter, and these are now integrated into Synthesis. On Vithoulkas' instructions, additions to other chapters have also been added in successive versions of Synthesis. We have also included his indications on changes of degree (most often a higher degree).

  Future additions to Synthesis, as well as those that have come before, are the result of the collaborative efforts of thousands of Homeopaths worldwide. It is only this intense combined focus and attention that allows the creation of such a precise and accurate homeopathic database.

  ** Extracted from - Whole Health Now " Natural Health Resources" 1102 Pleasant Street PMB 816 Worcester, MA 01602 North America.*





## Synthesis 7.1 পুস্তকের গঠন কৌশল, বিষয় বস্তু ও অধ্যায় বিন্যাস

এ পুস্তকের দু'টি প্রধান বিভাগ

১ম বিভাগ ঃ- **Repertory**
২য় বিভাগ ঃ- **Blueprint**

### ১ম বিভাগ ঃ- রেপার্টরী অংশ

এতে আছে বিভিন্ন সংস্করণের সংক্ষিপ্ত বর্ণনা, জর্জ ভিতোলকাসের ভূমিকা, সম্পাদকের ভূমিকা, ৭ম সংস্করণের ভূমিকা, ওষুধের সংক্ষিপ্ত নাম পরিবর্তনের তালিকা ও মূল রেপার্টরী । ইংরেজী ভাষায় রচিত মূল রেপার্টরী অংশটি ৩৮ টি অধ্যায় নিয়ে গঠিত । প্রতিটি অধ্যায়ে সে বিষয়ের রুব্রিকসমুহ বর্ণমালার ক্রমানুসারে কেন্ট রেপার্টরীর অবিকল অনুকরণে সজ্জিত করা হয়েছে । কেন্ট রেপার্টরীর নিদ্রা অধ্যায়কে পূর্ণবিন্যস্ত করে নিদ্রা ও স্বপ্ন নামে ২টি অধ্যায় করা হয়েছে । এ রেপার্টরীকে কেন্ট রেপার্টরীর অত্যাধুনিক সংস্করণ বলা যায় । কেন্ট রেপার্টরীতে ২,৩৫,০০০ স্থানে তথ্যের সংযোজন, ৩৭১২টি ওষুধের বৃহৎ তালিকার সংযোজন এবং ব্লুপ্রিন্ট অংশে পূর্বের সংস্করণের ৯৯৮ টি রেফারেন্স সহ মোট ১৮২৫টি রেফারেন্স উল্লেখ করে এই রেপার্টরী রচিত হয়েছে ।

ওষুধ মূল্যায়ন ঃ- ওষুধ মূল্যায়নের ক্ষেত্রে কেন্ট রেপার্টরীর মত তিনটি গ্রেড বা তিনটি শ্রেণী করা হয়েছে, কিন্তু প্রথম শ্রেণীর ওষুধের মধ্যে অধিকতর গুরুত্বপূর্ণ ওষুধকে প্রথম শ্রেণীর উর্দ্ধে স্থান দিয়ে একটি বিশেষ উচ্চ গ্রেড করা হয়েছে । ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা ওষুধের গ্রেডের বা শ্রেণীর তারতম্য বুঝানো হয়েছে । প্রথম শ্রেণীর ওষুধের মধ্যে অধিকতর গুরুত্বপূর্ণ বিশেষ উচ্চ গ্রেডের ওষুধকে মোটা ও বড় অক্ষর (**BOLD, CAPITAL,** e.g. **STAPH. LACH.** ) দ্বারা লিখিত হয়েছে, এদের গাণিতিক মান ৪ (চার) । মোটা অক্ষরে লিখিত (**Bold**, e.g. **Puls. Ign.**) প্রথম শ্রেণীর ওষুধের গাণিতিক মান ৩ (তিন) । বাঁকা অক্ষরে লিখিত ( *Italic*, e.g. *Calc-p. Hyper.* ) দ্বিতীয় শ্রেণীর ওষুধের গাণিতিক মান ২ (দুই) । সাধারণ অক্ষরে লিখিত (small letters, e.g. bell. nux-v.) তৃতীয় শ্রেণীর ওষুধের মান সর্বনিম্ন, গাণিতিক মান ১ (এক) ।

মূল রুব্রিক বড় মোটা অক্ষরে (**BOLD, CAPITAL,** e.g. **SENSITIVE**) এবং সাব-রুব্রিক মোটা সাধারণ অক্ষরে ( **Bold, small letters,** e.g. **tearing.**)

লিখিত হয়েছে । সাব রুব্রিকের সামনে 'ডেস' ( - ) চিহ্ন এবং সাব-সাব-রুব্রিকের সামনে 'ডট' ( . ) চিহ্ন দেয়া হয়েছে, ফলে রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক বুঝতে সুবিধা হয় । রুব্রিক সজ্জিত করণের ধারা কেন্ট রেপার্টরীর অনুরূপ ।

রেপার্টরীর শব্দ চয়ন ও গঠন বৈশিষ্ট্যের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এ রেপার্টরীকেও যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী সাধারণ শ্রেণীর রেপার্টরী **(Logical Utilitarian type General Repertory)** বলা হয় । বিশ্বের খ্যাতনামা চিকিৎসক ও বিভিন্ন হোমিওপ্যাথিক প্রতিষ্ঠান কর্তৃক এই রেপার্টরী উচ্চ প্রশংসিত হয়েছে ।

১৭১৭ পৃষ্ঠার রেপার্টরীর অধ্যায় সমুহের নাম নিম্নে দেয়া হল ।









রেপার্টরী অংশের একটি সংক্ষিপ্ত সূচীপত্র উপস্থাপনের পর রেপার্টরী অংশ শেষ হয়েছে ।

## ২য় বিভাগ ঃ- **Blueprint** অংশ

১৪০ পৃষ্ঠার এ অংশে আছে ঃ-

১। Introduction - রেপার্টরী সংকলনের ইতিহাস, রচনার কারণ, বিভিন্ন সংস্করণের বিভিন্ন পরিবর্তনের কারণ ও তথ্য সংযোজনের গ্রাফচিত্র সহ মূল্যবান কিছু বক্তব্য ।

২। Editing of symptoms - লক্ষণকে রেপার্টরীতে পরিবর্তনের নিয়ম, রেপার্টরীতে রুব্রিক সজ্জার রীতি, ক্রস রেফারেন্সের বৈশিষ্ট্য সহ লক্ষণ সম্পাদনার বিভিন্ন দিকের আলোচনা ।

৩। Additions - রেপার্টরীতে নতুন তথ্য সংযোজন করার ক্ষেত্রে কি কি বৈশিষ্ট্যের উপর নির্ভর করা হয়েছে তার বিবরণ ।

৪। Index of important changes and corrections - এ রেপার্টরীটিতে অন্যান্য রেপাটরী থেকে কি কি পার্থক্য আছে তা এই অংশে বিবৃত হয়েছে । কেন্ট, বার্থেল-সিন্থেটিক, সিন্থেসিস রেপার্টরীর ওষুধের সংক্ষি তালিকার পার্থক্য এখানে দেয়া হয়েছে ।

৫। List of remedy abbreviations - রেপার্টরীতে ব্যবহৃত সকল ওষুধের তালিকা ও সংক্ষিপ্ত নাম এখানে দেয়া হয়েছে, সর্বমোট ৩৭১২টি ওষুধের নাম এই তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে।

৬। List of Author Abbreviations - এ রেপার্টরীতে নতুন তথ্য সংযোজনে যে সকল গ্রন্থের বা লেখকের বা প্রতিষ্ঠানের সহায়তা নেয়া হয়েছে, সে সকল গ্রন্থ, লেখক, প্রতিষ্ঠানের পূর্ণ নাম ও কোড নং এখানে বর্ণমালা ক্রমিক ভাবে লিপিবদ্ধ আছে। সর্বমোট ১৮২১ জন লেখকের নাম এই তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে।

৭। Appendix - এ অংশে সময়, মেটেরিয়া মেডিকা থেকে রেপার্টরীতে সংযোজন সম্পর্কীত কিছু গুরুত্বপুর্ণ তথ্য দেয়া হয়েছে।

আকর্ষণীয় বৈশিষ্ট্য

১। কেন্ট রেপার্টরী ও SYNTHETIC রেপার্টরীর বহু সীমাবদ্ধতাকে এ রেপার্টরীতে সমাধান দেয়া হয়েছে।

২। কেন্ট রেপার্টরী ও SYNTHETIC রেপার্টরী হতে এ রেপার্টরী অধিকতর তথ্য সমৃদ্ধ। কেন্ট রেপার্টরীতে ২,৩৫,০০০ স্থানে তথ্য সংযোজন, মানসিক অধ্যায় সহ বিভিন্ন অধ্যায়ে নতুন রুব্রিক সংযোজন এ রেপার্টরীর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। এই রেপার্টরীতে ৩৭১২টি ওষুধের নাম স্থান পেয়েছে।

৩। সংযোজিত তথ্যের রেফারেন্স উল্লেখ করে এবং ব্লুপ্রিন্ট অংশে পূর্বের সংস্করণের ৯৯৮ টি রেফারেন্স সহ মোট ১৮২১টি রেফারেন্স উল্লেখ করে এই রেপার্টরী রচিত হয়েছে।

৪। পুস্তকটিতে বিভিন্ন সংস্করণের সংক্ষিপ্ত বর্ণনা, জর্জ ভিতোলকাসের ভূমিকা, সম্পাদকের ভূমিকা, ৭ম সংস্করণের ভূমিকা, ওষুধের সংক্ষিপ্ত নাম পরিবর্তনের তালিকা এবং **Blueprint** নামক গুরত্বপূর্ণ অংশটি সংযোজিত হওয়ায় পুস্তকটির বহুবিধ বিষয় অনুধাবনে বিশেষ সহায়ক হয়।

৫। ইংরেজী ভাষায় রচিত মূল রেপার্টরী অংশটি ৩৮ টি অধ্যায় নিয়ে গঠিত। প্রতিটি অধ্যায়ে সেই বিষয়ের রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে কেন্ট রেপার্টরীর অবিকল অনুকরণে সজ্জিত করা হয়েছে।

৬। কেন্ট রেপার্টরীর নিদ্রা অধ্যায়কে পূর্ণবিন্যস্ত করে নিদ্রা ও স্বপ্ন নামে ২টি অধ্যায় করা হয়েছে, যা অধিকতর যুক্তিযুক্ত হয়েছে।





৭। ওষুধ মূল্যায়ন রীতিটিও আকর্ষণীয়। ওষুধ মূল্যায়নের ক্ষেত্রে কেন্ট রেপার্টরীর মত তিনটি গ্রেড বা তিনটি শ্রেণী করা হয়েছে, কিন্তু প্রথম শ্রেণীর ওষুধের মধ্যে অধিকতর গুরুত্বপূর্ণ ওষুধকে প্রথম শ্রেণীর উর্ধ্বে স্থান দিয়ে একটি বিশেষ উচ্চ গ্রেড করা হয়েছে। ছাপার অক্ষরের বিভিন্নতা দ্বারা ওষুধের গ্রেডের বা শ্রেণীর তারতম্য বুঝানো হয়েছে। প্রথম শ্রেণীর ওষুধের মধ্যে অধিকতর গুরুত্বপূর্ণ বিশেষ উচ্চ গ্রেডের ওষুধকে মোটা ও বড় অক্ষর (**BOLD, CAPITAL,** e.g. **STAPH. LACH.**) দ্বারা লিখিত হয়েছে, এদের গাণিতিক মান ৪ (চার)। মোটা অক্ষরে লিখিত (**Bold**, e.g. **Puls. Ign.**) প্রথম শ্রেণীর ওষুধের গাণিতিক মান ৩ (তিন)। বাঁকা অক্ষরে লিখিত ( *Italic*, e.g. *Calc-p. Hyper.* ) দ্বিতীয় শ্রেণীর ওষুধের গাণিতিক মান ২ (দুই)। সাধারণ অক্ষরে লিখিত (small letters, e.g. bell. nux-v.) তৃতীয় শ্রেণীর ওষুধের মান সর্বনিম্ন, গাণিতিক মান ১ (এক)। প্রথম শ্রেণীর ওষুধের মধ্যে বিশ্বের বিভিন্ন চিকিৎসক দ্বারা বহুবার চিকিৎসাক্ষেত্রে প্রমাণিত অধিক গুরুত্বপূর্ণ ওষুধকে মোটা ও বড় অক্ষর (**BOLD, CAPITAL,** e.g. **STAPH. LACH.**) দ্বারা লিখিত হয়েছে, ফলে সর্বাধিক গুরুত্বপূর্ণ ওষুধ কোনটি তা সহজেই চিকিৎসকের দৃষ্টিতে ধরা পড়ে।

৮। মূল রুব্রিক বড় মোটা অক্ষরে (**BOLD, CAPITAL,** e.g. **SENSITIVE**) এবং সাব-রুব্রিক মোটা সাধারণ অক্ষরে (**Bold, small letters,** e.g. **tearing.**) লিখিত হয়েছে। সাব রুব্রিকের সামনে 'ডেস' ( - ) চিহ্ন এবং সাব-সাব-রুব্রিকের সামনে 'ডট' ( . ) চিহ্ন দেয়া হয়েছে, সাব-রুব্রিককে রুব্রিক লাইনের ভিতরে ঢুকিয়ে এবং সাব-সাব-রুব্রিককে সাব-রুব্রিকের লাইনের ভিতরে ঢুকিয়ে লেখা হয়েছে, ফলে রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক বুঝতে সুবিধা হয়।

৯। রেপার্টরীর শব্দ চয়ন ও গঠন বৈশিষ্ট্যের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এ রেপার্টরীকেও যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (**Logical Utilitarian type General Repertory**) বলা হয়। অল্প কথায় অধিকতর তথ্য সরবরাহ করার এ রীতিটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ।

১০। এই রেপার্টরীকে কেন্ট রেপার্টরীর অত্যাধুনিক সংস্করণ বলা যায়। বিশ্বের বিভিন্ন খ্যাতনামা হোমিওপন্ডিতদের রচনাবলীর তথ্যকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভূক্ত করে এ রেপার্টরী সংকলিত হয়েছে। কেন্ট রেপার্টরীতে ২,৩৫,০০০ স্থানে নতুন বিশ্বাসযোগ্য তথ্যের সংযোজন, ৩৭১২টি ওষুধের বৃহৎ সংযোজন এবং ১৮২১টি রেফারেন্স উল্লেখ করে এই রেপার্টরী রচিত হয়েছে, যা বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথিক চিকিৎসক কর্তৃক এবং বিভিন্ন হোমিওপ্যাথিক সংগঠন কর্তৃক উচ্চ প্রশংশিত হয়েছে।

## সীমাবদ্ধতা

অধিকতর তথ্য সমৃদ্ধ হয়ে কেন্ট রেপার্টরী ও **Synthetic Repertory** কে ভিত্তি করে, ১৮২১টি রেফারেন্স উল্লেখ করে, ২,৩৫,০০০ স্থানে তথ্যের সংযোজন করে, ৩৭১২টি ওষুধের বৃহৎ বিশ্লেষণ সংযোজন করে এ রেপার্টরী রচিত হলেও কেন্ট রেপার্টরীর মত কিছু সীমাবদ্ধতা এ রেপার্টরীতেও রয়ে গেছে। নিম্নে তা সংক্ষেপে আলোচিত হল।

১। এ রেপার্টরীতে বহু গুরুত্বপূর্ণ বিষয় যথাযথভাবে অন্তর্ভুক্ত হয়নি, যেমন- অস্থি, রক্ত, জরুরী চিকিৎসা, পরিবেশ ও আবহাওয়া, গর্ভবতীর উপসর্গ, নবজাতক শিশুর উপসর্গ, ধাতুগত বৈশিষ্ট্য, বিষাক্ততার উপসর্গ ইত্যাদি সহ বহুবিধ প্রয়োজনীয় বিষয় অন্তর্ভুক্ত হয়নি।

২। বিভিন্ন অধ্যায়ে বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক অন্তর্ভুক্ত হয়নি।

৩। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে বা অন্তর্ভুক্ত হয়নি।

৪। অঙ্গপ্রত্যঙ্গাদির লক্ষণাবলীর কিছু লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, এ অধ্যায়ে অঙ্গ- প্রত্যঙ্গাদীর লক্ষণাবলীর সজ্জিত করণের ধারা কেন্ট রেপার্টরীতে যেমন জটিল, এই রেপার্টরীতেও তেমন জটিলই রয়ে গেছে, রুব্রিক খুঁজে বের করার সুবিধা এ রেপার্টরী কেন্ট রেপার্টরী থেকে অধিকতর উন্নত কিছু দিতে পারেনি। নবীন এবং প্রবীণ উভয় শ্রেণীর ব্যবহারকারী এ অধ্যায় থেকে লক্ষণ খুঁজে বের করতে গিয়ে অনেক সময় খেঁই হারিয়ে ফেলেন।

৫। একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এপুস্তকে থাকলেও প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিকটি খুঁজে বের করার জন্য চিকিৎককে অনেক সময় প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট ওষুধটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

৬। রেপার্টরীর রুব্রিকের যে সূচীপত্র পুস্তকের শেষ অংশে দেয়া হয়েছে তা অত্যন্ত সংক্ষিপ্ত, যা তেমন কোন কাজে আসে না।

৭। রেফারেন্স, ওষুধ, রুব্রিক ও তথ্যের বিশাল সংযোজন এ রেপার্টরীতে অর্ন্তভূক্ত হলেও তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। সংযোজিত তথ্য কি সুস্থ মানবদেহে পরীক্ষিত? না রেপার্টরী রচনার নামে ব্যবসায়িক প্রয়াস।





## Synthesis 8.1

**Synthesis** Repertorium Homeopathicum Syntheticum

২০০১ সনে প্রকাশিত ৮ম সংস্করণে (**Synthesis,** Repertorium Homeopathicum Syntheticum 8.1) ১৯১২ পৃষ্ঠার রেপার্টরী অংশ, ১৮৪ পৃষ্ঠার পৃথক ব্লুপ্রিন্ট, ২,৩৫০০০ + ৩৯,০০০ অধিক নতুন তথ্যের সংযোজন, ৩৭১২ + ১৩৩ = ৩৮৪৫ টি ওষুধ ও সর্বাধিক লক্ষণ সংযোজিত হয়ে এটির সংশোধিত, বর্ধিত ৮ম সংস্করণ প্রকাশিত হয়েছে, অধিকিন্তু এতে ১৮২১ + ৩৯২ = ২২১৩ জন চিকিৎসক বা লেখকের বিশাল রেফারেন্স আছে। অধ্যায়, রুব্রিক সজ্জা, ওষুধের মূল্যায়ন ও অন্যান্য বৈশিষ্ট্য **Synthesis 7.1** এর অনুরূপ। পুস্তকটির প্রকাশক London Homoeopathic Book Publication, London. ভূমিকা লিখেছেন Port Richmont এর Dr. Roger Morrison (Founder, Hahnemann College of Homoeopathy)। এই বিশাল রেপার্টরীটিও **RADAR** নামক হোমিওপ্যাথিক মেডিকেল কম্পিউটার প্রোগ্রামে বা সফটওয়্যারে সংযোজিত হয়েছে।

1998 - **Frederik Schroyens–**Synthesis, Edition 7.1
Repertorium Homeopathicum Syntheticum,
Foreword by George Vithoulkas.
Repertory- 1718 Pages and Blueprint- 131 Pages.
Total 1850 Pages. 3712 Remedies, 1821 author references.
38 chapters. 32.7 MB.
London Homoeopathic Book Publication, London and
B. Jain Publishers (P) Ltd. India.
(Also in RADAR Homoeopathic Software)

2001 - **Frederik Schroyens–**Synthesis, Edition 8.1
Repertorium Homeopathicum Syntheticum,
Foreword by Roger Morrison of Port Richmont.
Repertory -1912 Pages and Blueprint -184 Pages.
3712 + 133 = 3845 Remedies.
1821+392= 2213 author references.
38 chapters. 43.1 MB.
London Homoeopathic Book Publication, London.
(Also in RADAR Homoeopathic Software)

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

সিন্থেসিস রেপার্টরী দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায়, তবে কেন্ট পদ্ধতি অনুযায়ী বা আধুনিক পদ্ধতিতে রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন* ঃ- রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।



# ১২শ অধ্যায়

## হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী রচনায় ডাঃ রবিন মারফি এন. ডি.
## HOMEOPATHIC MEDICAL REPERTORY BY DR. ROBIN MURPHY N.D.

রেপার্টরী রচনার পটভূমি

১৮৯৭ সালে কেন্ট রেপার্টরী প্রকাশিত হয়ে অপ্রতিদ্বন্দ্বি হিসেবে বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথদের নিকট অদ্যাবধি সমান জনপ্রিয়। হোমিওচিকিৎসা শাস্ত্রের উন্নয়নের সাথে তালমিলিয়ে বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীর সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজনীয়তা উপলব্ধি করা গেলেও ডাঃ কেন্টের মত মননশীল দূরদৃষ্টি সম্পন্ন চিকিৎসকের আবির্ভাব বিশ্বে আর ঘটেনি। পরবর্তীতে নব নব আবিষ্কৃত ওষুধ ও নতুন লক্ষণাবলীকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভূক্ত করার এবং কেন্ট রেপার্টরীকে আরও তথ্যসমৃদ্ধ করার প্রয়াশ আমরা বিভিন্ন চিকিৎসকের মধ্যে দেখতে পাই।

১৯৭৪ সনে জার্মানীর দু'জন চিকিৎসক **Dr. H. Barthel** ও **Dr. W. Klunker** কেন্ট রেপার্টরীর মানসিক অধ্যায়, সাধারণ লক্ষণাবলী, নিদ্রা, স্বপ্ন, পুংজননতন্ত্র ও স্ত্রীজননতন্ত্র ইত্যাদি বিষয়সমুহ নিয়ে তিন খন্ডে বিভক্ত ২৪৮৭ পৃষ্ঠার **Synthetic Repertory** নামে সতন্ত্র রেপার্টরী প্রকাশ করেন। **Dr. H. Barthel** ও **Dr. W. Klunker** একটি অত্যাধুনিক রেপার্টরী হোমিওপ্যাথি চিকিৎসক সমাজকে উপহার দিলেও কেন্ট রেপার্টরীর আঙ্গিক অংশ সহ গুরুত্বপূর্ণ অন্যান্য কিছু অধ্যায় এতে অন্তর্ভূক্ত না হওয়ায় চিকিৎসক সমাজে **Synthetic Repertory** তেমন জনপ্রিয়তা লাভ করেনি, যদিও এই রেপার্টরী রেফারেন্স পুস্তক হিসাবে অতুলনীয়।

অন্যদিকে বিশ্বহোমিও চিকিৎসা জগতে আলোড়ন সৃষ্টিকারী চিকিৎসক গ্রীক চিকিৎসা বিজ্ঞানী **George Vithoulkas** এর পরামর্শের ভিত্তিতে ***RADAR*** **(RAPID AID TO DRUG AIMED RESEARCH)** নামক হোমিওপ্যাথিক সফটওয়্যার তৈরী করা হয়। এই প্রোগ্রামে কেন্ট রেপার্টরীতে আপ-টু-ডেট তথ্য

অন্তর্ভূক্ত করার পরিকল্পনা গৃহীত হয়। কেন্ট রেপার্টরীকে উন্নত, পরিমার্জিত, পরিবর্ধিত ও সর্বশেষ তথ্যের সংযোজনের দায়িত্বভার গ্রহণ করেন **Dr. Frederik Schroyens**। তিনি ও তার সহকারী একদল নিষ্ঠাবান কর্মী অক্লান্ত পরিশ্রম করে যে রেপার্টরী সম্পাদনা করেন তার নামকরণ করা হয় - **Synthesis**। ১৯৮৭ সনে এটির প্রথম সংস্করণ প্রকাশ হয়। ১৯৯৮ সনে প্রকাশিত বর্ধিত সংস্করণের নাম **Synthesis 7.1** এবং ২০০১ সনে প্রকাশিত সর্বশেষ বর্ধিত সংস্করণের নাম **Synthesis 8.1**

**Synthesis** রেপার্টরী সর্বশেষ তথ্য সমৃদ্ধ হলেও কেন্ট রেপার্টরীর কিছু কিছু সীমাবদ্ধতাকে অতিক্রম করতে পারেনি। যেমন কেন্ট রেপার্টরীর হস্তপদাদি অধ্যায়ের রুব্রিক ও সাব-রুব্রিক সংখ্যা এত বেশী যে, অভিজ্ঞ রেপার্টরী ব্যবহারকারীও অনেক সময় খেঁই হারিয়ে ফেলেন, সহজে ওষুধ খুঁজে পাওয়ার পদ্ধতি **Synthesis** কেন্ট থেকে উন্নততর কিছু দিতে পারেনি। এছাড়া বর্তমান সময়ের বহু পীড়ার লক্ষণ **Synthesis** সহ অন্যান্য রেপার্টরীতে অন্তর্ভূক্ত হয়নি, যেমন- **Bone, Constitution, Emergency, Environment, Toxicity** ইত্যাদি বহুবিধ বিষয় হোমিওচিকিৎসদের অতি প্রয়োজনীয় হলেও **Synthesis** রেপার্টরীতে তথ্যের স্বল্পতা থাকায় এবং সকল রুব্রিক সম্পূর্ণরূপে বর্ণমালা ক্রমানুসারে না হওয়ায় **Synthesis** রেপার্টরীর কিছু কিছু সীমাবদ্ধতা দেখা যায়।

ভারতীয় চিকিৎসক **Dr. P. Sivaraman** কেন্ট রেপার্টরীতে বহু রুব্রিক, সাব-রুব্রিক ও ওষুধ সংযোজন করে এবং ২৪টি পুস্তকের রেফারেন্স ও কোড নং উল্লেখ করে কেন্ট রেপার্টরীর একটি বর্ধিত সংস্করণ প্রকাশ করেন ১৯৯৪ সনে। এ রেপার্টরীতে সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক, সাব-সাব-সাব-রুব্রিক বুঝানোর সুবিধার নির্দিষ্ট নিয়মে ডেস চিহ্ন '-' ব্যবহার করা হয়েছে। এই রেপার্টরী কেন্ট রেপার্টরীর অবিকল পৃষ্ঠা অনুসারী বহু তথ্যের সংযোজিত রেপার্টরী হলেও কেন্ট রেপার্টরীর সকল সীমাবদ্ধতাকে অতিক্রম করতে পারেনি। এ রেপার্টরীর নাম **Kent's Repertory of the Homoeopathic Materia Medica EXPANDED**।

এ সকল সীমাবদ্ধতাকে যতটা সম্ভব সমাধান করে কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে সম্পূর্ণ বর্ণমালা ক্রমানুসারে ৬৭টি অধ্যায়ের মাধ্যমে ১৫৪৬ পৃষ্ঠার এবং ৫৫টি পুস্তকের রেফারেন্স উল্লেখপূর্বক যিনি রেপার্টরী রচনা করেন, তিনি হলেন পোর্টল্যান্ডের প্রখ্যাত চিকিৎসক **Dr. Robin Murphy ND** এবং তার রচিত রেপার্টরীর নাম **Homeopathic Medical Repertory**। ১৯৯৩ সনে এটির প্রথম সংস্করণ প্রকাশ হয়। ১৯৯৪ সনের মে মাসে এটির প্রথম ভারতীয় সংস্করণ প্রকাশ হয়। কেন্ট রেপার্টরীতে ২,০০,০০০ স্থানে তথ্যের সংযোজন, ৩৯,০০০ নতুন রুব্রিক সংযোজন করে এবং সর্বমোট ১৮৫১টি ওষুধকে অর্ন্তভূক্ত করে এ রেপার্টরী রচিত হয়েছে। ১৯৯৮





সনে এ রেপার্টরীর ২য় সংস্করণ বহুবিধ তথ্যের অন্তর্ভূক্ত হয়ে ১৯৪৬ পৃষ্ঠার বর্ধিত সংস্করণ প্রকাশিত হয়েছে। ২য় সংস্করণে ৭০টি অধ্যায় আছে, বর্ধিত অধ্যায় তিনটি হল **Constitution, Disease** এবং **Headache**। এ রেপার্টরীটিকে আরও তথ্য সংযোজনের মাধ্যমে পূর্ণাঙ্গ করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ২য় সংস্করণটিও কম্পিউটার প্রোগ্রাম **CARA** ও **MAC-REP** হোমিওপ্যাথিক সফটওয়ারে অন্তর্ভূক্ত হয়েছে। (রবিন মারফি বর্তমান বিশ্বের একজন অতি পরিচিত বিশিষ্ট হোমিওপ্যাথিক শিক্ষক ও চিকিৎসক। শিক্ষকতায় ও ক্লিনিক্যাল অভিজ্ঞতায় সমৃদ্ধ এই চিকিৎসক পোর্টল্যান্ডের ন্যাশনাল কলেজ অব নিউট্রোপ্যাথিক মেডিসিনের হোমিওপ্যাথিক ডিপার্টমেন্টের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি কানাডার ন্যাশনাল সেন্টার ফর হোমিওপ্যাথি প্রতিষ্ঠানে ও ইংল্যান্ডের বিভিন্ন হোমিওপ্যাথিক কলেজে নিয়মিত হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক বক্তৃতা প্রদান করে থাকে। বর্তমানে তিনি উত্তর আমিরিকার হ্যানিম্যান একাডেমির পরিচালক হিসাবে কর্মরত আছেন। তার রচিত মেটেরিয়া মেডিকা ও রেপার্টরী হোমিওপ্যাথিক চিকিৎসক সমাজে একটি প্রথম শ্রেণীর টেক্সট বুক হিসাবে সমাদৃত হয়েছে এবং বিশ্বের বিভিন্ন হোমিওপ্যাথিক কলেজে পঠিত হচ্ছে।)

## Major Sources of Additions and New Rubrics in the Homeopathic Medical Repertory by Robin Murphy ND.


1. **Allen, H. C.**, Keynotes and Characteristics with Comparisons, The Materia Medica of the Nosodes, Therapeutics of Fever.
2. **Allen, J. H.**, Diseases and Therapeutics of the Skin.
3. **Allen, T. F.**, The Encyclopedia of Pure Materia Medica, Handbook of Materia Medica and Homeopathic Therapeutics, Symptom-Register.
4. **Anschutz E. P.**, New, old and Forgotten Remedies.
5. **Barthel H.**, and **Klunker, W.**, The Synthetic Repertory.
6. **Bell J. B.**, Therapeutics of Diarrhea.
7. **Boenninghausen, C.V.** and **Boger, CM.**, Boenninghausens Characteristics and Repertory,
   **Boenninghausen's Therapeutic Pocket Book.**
8. **Boericke,W.**, and **Boericke O. E.**, Pocket Manual of Homoeopathic Materia Medica and Repertory.

9. **Bogar C. M.,** A Synoptic key of the Materia Medica, Additions to Kent's Repertory, Moon Phases, Times of Remedies.
10. **Borland, D.M.,** Children's Types, Homeopathic Practice.
11. **Burnett. J. C.,** Fifty Reasons for being a Homeopath, Organ Diseases of Women, Diseases of the Liver and Spleen, Vaccinosis.
12. **Clarke, J. H.,** Clinical Repertory. A Dictionary of Practical Materia Medica., The Prescriber.
13. **Dewey, W. A.,** Essentials of Homeopathic Materia Medica, Practical Homeopathic Therapeutics, Twelve Tissue Remedies.
14. **Eizayaga, F. X.,** El Moderno Repertorio de Kent.
15. **Farrington, E. A.,** Clinical Materia Medica, Comparative Materia Medica.
16. **Foubister, D.,** Carcinosin Research, Tutorials on Homeopathy.
17. **Gallavardin, J.,** Repertory of Psychic Medicines & Materia Medica.
18. **Gentry, W. D.,** The Concordance Repertory.
19. **Gibson, D.,** Studies of Homeopathic Remedies.
20. **Guernsey, H. N.,** Keynotes to the Materia Medica, Obstetrics.
21. **Gupta, B. P.,** Encyclopedia of Homeopathy.
22. Hahnemann, S., Materia Medica Pura and Chronic Diseases.
23. **Hale, E. M.,** Homeopathic Materia Medica of New Remedies, Diseases of the Heart.
24. **Hansen, O., A** Textbook of Materia Medica and Therapeutics of Rare Remedies.
25. **Hering, C.,** Analytical Repertory of Symptoms of the Mind, The Guiding Symptoms of our Materia Medica.
26. **Hughes, R. & Dake, J. P.,** A Cyclopaedia of Drug Pathogenesy.
27. **Imhauser, H.,** Homeopathy in Pediatric Practice.
28. **Jahr, G. H. G.,** A New Manual of Homeopathic Practice.
29. **Julian, O. A.,** Materia Medica of New Homeopathic Remedies, Dictionary of Materia Medica.
30. **Kent, J. T.,** Repertory of the Materia Medica, (as well as his handwritten corrections of the last American edition of the Repertory), Lectures on Homeopathic Materia Medica, Lesser Writings, New Remedies.
31. **Kichlu and Bose,** A Textbook of Descriptive Medicine.
32. **Knerr, C. B.,** Repertory of Herings Guiding Symptoms of our Materia Medica.
33. **Kunzli, J.,** Kent's Kent's Repertorium Generale.
34. **Lathoud, J. A.,** Homeopathic Materia Medica.







35. **Lilienthal, S.,** Homeopathic Therapeutics.
36. **Lippe, C.,** Repertory to the More Characteristic Symptom of the materia Medica.
37. **Minton H.,** Uterine Therapeutics.
38. **Murphy, R.,** Homeopathy and Cancer, Fundamentals of Materia Medica, (Transcribed Lectures and Notes) Fundamentals of Classical Homeopathy, (Home study Course, Taped Lecture Series).
39. **Nash, E. B.,** Leaders in homeopathic Therapeutics.
40. **Patel, R. P.,** Word Index with Rubrics of Kent's Repertory.
41. **Phatak, S. R.** Concise Repertory of Homoeopathic Remedies, Materia Medica of Homeopathic Remedies.
42. **Roberts, H.A.,** Sensations as if, Studies of Remedies by Comparison.
43. **Royal, G.,** Text book of Homoeopathic Materia Medica.
44. **Schussler, W.,** The Biochemic System, The Twelve Tissue Remedies.
45. **Sirker, C.,** A keynote Repertory of Materia Medica.
46. **Sheppard, D.,** Homeopathy in Epidemic Disease, Magic of the Minimum Dose., More Magic of the Minimum Dose.
47. **Stephenson, J.,** A Materia Medica and Repertory, Hahnemannian Provings.
48. **Tyler, M.L.,** Homeopathic Drug Pictures, Pointers to Common Remedies.
49. **Underwood B. F.,** The Disease of Childhood and Their homeopathic Treatment, Headaches and Its Materia Medica.
50. **Van Zandvoort,.** The Complete Repertory. (Computer Repertory)
51. **Von Lippe, A.,** Keynotes and Redline Symptoms of the Materia Medica.
52. **Vithoulkas, G.,** Additions to Kent's Repertory.
53. **Ward, J. W.,** Unabridged Dictionary of the Sensations As If.
54. **Warkentin, D. K.,** Mac Repertory. (Computer Repertory)
55. **Yingling, W. A.,** The Accoucheurs Emergency manual.

## রেপার্টরীর গঠন কৌশল, বিষয় বস্তু ও অধ্যায় সমূহ (১ম সংস্করণ)

পুস্তকের প্রারম্ভে ভূমিকা এবং ৫৫ জন লেখকের নাম ও তাদের পুস্তকের রেফারেন্স দেয়া হয়েছে। সকল রেফারেন্স লেখকের নাম বর্ণমালার ক্রমানুসারে লিখিত হয়েছে। রেপার্টরী অংশ বর্ণনার পূর্বে হ্যানিম্যানের ছবি ও হোমিওপ্যাথির মূলমন্ত্র উল্লেখ করা হয়েছে।

এই রেপার্টরীটিতে সর্বমোট ৬৭টি অধ্যায় আছে। অধ্যায় সমুহের সূচীপত্র ও সেই অধ্যায়ের অর্ন্তগত প্রধান প্রধান রুব্রিকসমুহ সূচীপত্রে প্রথমে উল্লেখ করা হয়েছে। অধ্যায়সমুহ বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত করা হয়েছে। প্রথম অধ্যায়ের নাম **ABDOMEN** এবং শেষ অধ্যায়ের নাম **WRIST**। রেপার্টরীটি ১৫৪৬ পৃষ্ঠায় রচিত। কেন্ট ও নারের রেপার্টরীর সকল অধ্যায়ের নামকরণ থেকে অধ্যায়ের নামকরণ করা হয়েছে। পুস্তকের শেষে ওষুধের তালিকা ও ওষুধের সংক্ষিপ্ত রূপ বর্ণমালা ক্রমানুসারে দেয়া হয়েছে। পরিশেষে একটি শব্দসূচী (Word index) দেয়া হয়েছে।

প্রতিটি অধ্যায়ের রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত আছে; রুব্রিকের অধীনস্থ সাব-রুব্রিক সমুহ বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত আছে, সাব-রুব্রিক সমুহ মুল রুব্রিকের লাইন থেকে ভেতরে ঢুকিয়ে লেখা হয়েছে। রুব্রিক সমুহকে বড় মোটা অক্ষরে (**CAPITAL,** e.g. **ABSCESS**) এবং সাব-রুব্রিক সমুহ সাধারণ অক্ষরে লেখা হয়েছে (small letters, e.g. inguinal)। ওষুধের মূল্যায়ন কেন্ট রেপার্টরীর মত তিনটি গ্রেড করা হয়েছে। প্রথম শ্রেণীর ওষুধের নাম বড় মোটা অক্ষরে (**CAPITAL,** e.g. **SULPH**) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ৩ (তিন), সবচেয়ে বেশী মান; দ্বিতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ *বাঁকা মোটা অক্ষরে* (***bold type, Italic* e.g. *hyos***) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ২ (দুই), মধ্যম মান; তৃতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ অক্ষরে (small letters, e.g. graph) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ১ (এক), সবচেয়ে কম মান।

১৯৯৩ সনে এটির প্রথম সংস্করণ প্রকাশ হয়। ১৯৯৪ সনের মে মাসে এটির প্রথম ভারতীয় সংস্করণ প্রকাশ হয়। কেন্ট রেপার্টরীকে মূল ভিত্তি ধরে ২,০০,০০০ স্থানে নতুন তথ্যের সংযোজন, ৩৯,০০০ নতুন রুব্রিক সংযোজন এবং সর্বমোট ১৮৫১টি ওষুধকে অর্ন্তভূক্ত করে এই রেপার্টরী রচিত হয়েছে। কেন্ট রেপার্টরীতে বাদ পড়া ও অনেক নতুন ওষুধ সংযোজন করে এ রেপার্টরী রচিত হয়েছে। রেপার্টরীর রুব্রিকের ভাষা চয়নে কেন্ট রেপার্টরীর অনেক অপ্রচলিত শব্দকে বদল করে নতুন প্রচলিত সহজবোধ্য ভাষার ব্যবহার এই রেপার্টরীর একটি বিশেষ বৈশিষ্ট্য। রেপার্টরীর গঠন বৈশিষ্ট্য ও শব্দ চয়নের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এই রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী **(Logical Utilitarian





type General Repertory)** বলা হয়। অধ্যায় ও রুব্রিক সজ্জার বিষয়টিও সম্পূর্ণ বর্ণমালাক্রমিক হওয়ায় এই রেপার্টরীকে বর্ণমালাক্রমিক রেপার্টরীও **(Alphabetical Repertory)** বলা হয়।

## অধ্যায় সমূহ (১ম সংস্করণ)

আকর্ষণীয় বৈশিষ্ট্য

১। কেন্ট রেপার্টরী, SYNTHETIC এবং SYNTHESIS রেপার্টরীর বহু সীমাবদ্ধতাকে এ রেপার্টরীতে সমাধান দেয়া হয়েছে।

২। কেন্ট রেপার্টরী, SYNTHETIC এবং SYNTHESIS রেপার্টরী হতে এ রেপার্টরী কোন কোন ক্ষেত্রে অধিকতর তথ্য সমৃদ্ধ। কেন্ট রেপার্টরীতে ২,০০,০০০ স্থানে তথ্য সংযোজন, মানসিক অধ্যায় সহ বিভিন্ন অধ্যায়ে নতুন রুব্রিক সংযোজন এ রেপার্টরীর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।

৩। ইংরেজী ভাষায় রচিত রেপার্টরীটির ১ম সংস্করণে ৬৭টি অধ্যায় এবং ২য় সংস্করণে ৭০টি অধ্যায় নিয়ে গঠিত (কেন্ট রেপার্টরীতে ৩৭টি অধ্যায়)। বর্ধিত অধ্যায় সমুহের নাম নির্বাচনেও এ রেপার্টরীর রচয়িতা যথেষ্ট মুন্সিয়ানার পরিচয় দিয়েছেন। অধ্যায়ের সূচীপত্রে সে অধ্যায়ের আলোচ্য বিষয় বা প্রধান প্রধান রুব্রিক সমুহ উল্লেখ করা হয়েছে, ফলে সে অধ্যায়ের বিষয়বস্তু সর্ম্পকে একটি স্বচ্ছ ধারণা পাওয়া যায়। প্রতিটি অধ্যায়ে সেই বিষয়ের রুব্রিকসমুহ বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত করা হয়েছে। কেন্ট রেপার্টরীর বহু অপ্রচলিত শব্দ বা রুব্রিককে পরিবর্তিত করে নতুন রুব্রিক চয়ন করা হয়েছে।

৪। কেন্ট রেপার্টরীর **Extremities** অধ্যায়কে কয়েকটি অধ্যায়ে বিভক্ত করে এ রেপার্টরীতে বর্ণনা করা হয়েছে, ফলে অনেকগুলো নতুন অধ্যায় সৃষ্টি হয়েছে। নতুন সৃষ্ট অধ্যায়গুলো হল **Ankles, Arms, Bones, Elbows, Feet, Hands, Hips, Joints, Knees, Legs, Limbs, Muscles, Pelvis, Shoulders, Wrist** ইত্যাদি। **Mind** অধ্যায়কে ভেঙ্গে **Mind** ও **Delusion** নামক ২টি অধ্যায় করা হয়েছে। **Sleep** অধ্যায়কে ভেঙ্গে **Sleep** ও **Dreams** নামক ২টি অধ্যায় করা হয়েছে। অধ্যায় বিভক্ত করে বর্ণনা করার ফলে এ রেপার্টরীতে তথ্য খুঁজে পেতে অন্য রেপার্টরীর চেয়ে অধিকতর সুবিধা প্রদান করে। ২য় সংস্করণে আরও তিনটি অধ্যায় সংযোজিত হয়েছে, অধ্যায় তিনটি হল - **Constitution, Disease** এবং **Headache**।

৫। এ রেপার্টরীতে এমন কতকগুলো অধ্যায় অন্তর্ভূক্ত হয়েছে যা Kent Repertory, Synthetic এবং Synthesis রেপার্টরীতে নেই, যেমন- **Blood, Bone, Brain, Breasts, Children, Emergency, Environment, Food, Glands, Heart, Intestine, Neck, Nerves, Pregnancy, Puls, Tongue, Toxicity** ইত্যাদি। ২য় সংস্করণে আরও তিনটি অধ্যায় **Constitution, Disease** এবং **Headache** সংযোজনের ফলে রেপার্টরীটির





উপযোগিতা আরও অধিক বৃদ্ধি পেয়েছে। সে দিক থেকে এ রেপার্টরী অন্যান্য রেপার্টরীর চেয়ে অধিকতর পূর্ণতার দাবিদার।

৬। এ রেপার্টরীতে এমন কতকগুলি বিষয় অন্তর্ভূক্ত হয়েছে যা Kent Repertory, Synthetic এবং Synthesis রেপার্টরীতে বিস্তারিত নেই, যেমন- **Blood circulation, Hypertension, Children behavior, Children development, Constitution, Seasons, Emergency, Environment, Food, Pregnancy, Child birth, Fetus, Toxicity, Drug addiction, Poisons, Tobacco, Vaccinations** ইত্যাদি সহ আরও বহুবিধ অতি প্রয়োজনীয় বিষয়ের বিস্তারিত আলোচনা এই রেপার্টরীর একটি উল্লেখযোগ্য আকর্ষণ।

৭। কেন্ট রেপার্টরীর বিশেষ কিছু অধ্যায়ের অন্তর্গত বিষয়কে পূর্ণ অধ্যায়ে রূপান্তর করে বা নতুন করে সাজিয়ে এ রেপার্টরীতে বর্ণনা করা হয়েছে, যেমন স্তন কে **Chest** অধ্যায় থেকে আলাদা করে **Breast** নামক নতুন অধ্যায় সৃষ্টি করা হয়েছে। **Prostate gland** কে **Urinary Organs** থেকে আলাদা করে **Male** অধ্যায়ের অর্ন্তগত করা হয়েছে। **Ureters** কে **Kidneys** অধ্যায়ের অন্তর্গত করা হয়েছে। **Throat** ও **External Throat** কে একই অধ্যায়ের অর্ন্তগত করা হয়েছে। এভাবে কেন্ট রেপার্টরীর বিভিন্ন অধ্যায়কে পূনর্বিন্যস্ত করে নতুন অধ্যায় করা হয়েছে, যা অধিকতর যুক্তিযুক্ত হয়েছে।

বহু আধুনিক ও নব আবিস্কৃত রোগের নামকেও এই রেপার্টরীতে অর্ন্তভূক্ত করা হয়েছে, যেমন - Aids, Allergy, Heroin addiction ইত্যাদি।

৮। মূল রুব্রিক বড় মোটা অক্ষরে **(BOLD, CAPITAL,** e.g. **SENSITIVE)** এবং সাব-রুব্রিক মোটা সাধারণ অক্ষরে **(Bold, small letters,** e.g. **tearing.)** লিখিত হয়েছে, ফলে রুব্রিক ও সাব-রুব্রিক অনুধাবন অন্য রেপার্টরীর চেয়ে সহজতর হয়েছে।

৯। ওষুধের মূল্যায়ন কেন্ট রেপার্টরীর মত তিনটি গ্রেড করা হয়েছে। প্রথম শ্রেণীর ওষুধের নাম বড় মোটা অক্ষরে **(CAPITAL,** e.g. **SULPH)** লেখা হয়েছে, এদের গাণিতিক মান ৩ (তিন), সবচেয়ে বেশী মান ; দ্বিতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ ***বাঁকা মোটা অক্ষরে (bold type, Italic*** **e.g.** ***hyos*)** লেখা হয়েছে, এদের গাণিতিক মান ২ (দুই), মধ্যম মান ; তৃতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ অক্ষরে (small letters, e.g. graph ) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ১ (এক), সবচেয়ে কম মান।

১০। রেপার্টরীর শব্দ চয়ন ও গঠন বৈশিষ্ট্যের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী

**(Logical Utilitarian type General Repertory)** বলা হয় । অল্প কথায় অধিকতর তথ্য সরবরাহ করার এ রীতিটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ । এছাড়া রেপার্টরীর অধ্যায় ও রুব্রিকসমূহ সম্পূর্ণরূপে বর্ণমালাক্রমিক হওয়ায় তথ্য খুঁজে পাওয়ার ব্যাপারটি অন্যান্য আধুনিক রেপার্টরী হতে শ্রেষ্ঠ ।

১১। এ রেপার্টরীকে কেন্ট রেপার্টরীর অত্যাধুনিক সংস্করণ বলা যায় । বিশ্বের বিভিন্ন খ্যাতনামা হোমিওপন্ডিতদের রচনাবলীর তথ্যকে কেন্ট রেপার্টরীতে অন্তর্ভূক্ত করে এ রেপার্টরী সংকলিত হয়েছে । কেন্ট রেপার্টরীতে ২,০০,০০০ স্থানে নতুন বিশ্বাসযোগ্য তথ্যের সংযোজন, ১৮৫১ টি ওষুধের বিশ্লেষণ এবং ৫৫টি রেফারেন্স উল্লেখ করে এ রেপার্টরী রচিত হয়েছে, যা বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথিক চিকিৎসক এবং বিভিন্ন হোমিওপ্যাথিক সংগঠন কর্তৃক উচ্চ প্রশংসিত হয়েছে ।

১২। ব্যবহারিক দিক দিয়ে এ রেপার্টরীর ব্যবহার সবচেয়ে সুবিধাজনক, রেপার্টরী সম্পর্কে সামান্য ধারণা থাকলে যে কোন নবীন ব্যবহারকারীও এ রেপার্টরী থেকে সহজেই তথ্য বা রুব্রিক বা সদৃশ ওষুধ খুঁজে পাবেন । তথ্য খুঁজে পাওয়ার যে সহজ সুবিধা এ রেপার্টরী দিতে পেরেছে বিশ্বের অন্য কোন পুস্তক রেপার্টরী তা দিতে পারেনি ।

## সীমাবদ্ধতা

অধিকতর তথ্য সমৃদ্ধ হয়ে কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে, ৫৫টি রেফারেন্স উল্লেখ করে, ২,০০,০০০ স্থানে তথ্যের সংযোজন করে, ১৮৫১ টি ওষুধের বিশ্লেষণ সংযোজন করে এ রেপার্টরী রচিত হলেও কিছু সীমাবদ্ধতা এ রেপার্টরীতেও রয়ে গেছে । নিম্নে তা সংক্ষেপে আলোচিত হল ।

১। মেটেরিয়া মেডিকায় অন্তর্ভূক্ত বহু লক্ষণ এখনও রেপার্টরীতে যথাযথভাবে অর্ন্তভূক্ত হয়নি, সে হিসেবে এ রেপার্টরীও অসম্পূর্ণ ।

২। বিভিন্ন অধ্যায়ে বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক অন্তর্ভূক্ত হয়নি ।

৩। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও বহু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে বা অন্তর্ভূক্ত হয়নি ।

৪। রেপার্টরীর রুব্রিকের যে সূচীপত্র পুস্তকের শেষ অংশে দেয়া হয়েছে তা সংক্ষিপ্ত না হলেও সকল রুব্রিক বা লক্ষণ সূচীপত্রে অন্তর্ভূক্ত হয়নি ।

৫। পুস্তকের প্রারম্ভে অধ্যায়ের সূচীপত্রে এবং পুস্তকের শেষে যে শব্দ সূচীপত্র দেয়া হয়েছে পৃষ্ঠা নম্বরের সাথে পুস্তকের অনেক স্থানে গরমিল দেখা যায় । রেফারেন্স অংশ পূর্ণাঙ্গ নয়, নতুন সংযোজিত ওষুধের রেফারেন্স দেয়া হয়নি, যা সিন্থেসিস রেপার্টরীতে দেয়া হয়েছে । ওষুধ তালিকা দেয়া হলেও সংখ্যা উল্লেখ করা হয়নি ।





৬। রেফারেন্স, ওষুধ, রুব্রিক ও তথ্যের বিশাল সংযোজন এ রেপার্টরীতে অন্তর্ভূক্ত হলেও তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে । সংযোজিত তথ্য কি সুস্থ মানবদেহে পরীক্ষিত ? না রেপার্টরী রচনার নামে ব্যবসায়িক প্রয়াস ।

## রেপার্টরীর গঠন কৌশল ও বিষয় বস্তু (২য় সংস্করণ)

১৯৯৮ সনে এ রেপার্টরীর ২য় সংস্করণ বহুবিধ তথ্য সংযোজিত হয়ে ১৯৪৬ পৃষ্ঠার বর্ধিত সংস্করণ হিসেবে প্রকাশিত হয়েছে । এই সংস্করণটিতে **Headache, Constitution** এবং **Disease** নামে তিনটি নতুন অধ্যায় সংযোজিত হয়েছে, ফলে এতে মোট ৭০ টি অধ্যায় আছে । এ সংস্করণে ওষুধ সংখ্যা এবং রুব্রিক সংখ্যাও বৃদ্ধি করা হয়েছে । অন্যান্য বৈশিষ্ট্য ১ম সংস্করণের অনুরূপ । ১ম সংস্করণের সীমাবদ্ধতাকে এ সংস্করণে অনেক ক্ষেত্রেই সংশোধন করা হয়েছে, ফলে এ রেপার্টরীটি হোমিওপ্যাথিক চিকিৎসা জগতে একটি উল্লেখযোগ্য রেফারেন্স পুস্তক হিসেবে স্থান লাভ করতে সক্ষম হয়েছে ।

## রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তম্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

রবিন মারফি রচিত হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায় তবে কেন্ট পদ্ধতি অনুযায়ী বা আধুনিক পদ্ধতিতে রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক ।

*বিস্তারিত দেখুন* ঃ- রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭ ।

রবিন মারফি'র হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী (১ম সংস্করণ) ও কেন্ট রেপার্টরীর (৬ষ্ঠ সংস্করণ) অধ্যায় ও বিষয়বস্তুর তুলনা

| Dr. Robin Murphy Homoeopathic Medical Repertory | Dr. J.T. Kent Repertory of Homoeopathic Materia Medica |
|---|---|

| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| 1. **Abdomen,** hypochondria, hypogastrium, inguinal, umbilical. | 15. **Abdomen,** hypochondria, hypogastrium, inguinal, umbilical. |
| 2. **Ankles,** Achilles tendon. | Ankles (See-**Extremities**). |
| 3. **Arms,** forearms, upper arms. | Arms (See-**Extremities**). |
| 4. **Back,** lumber, scapula, spine, thoracic. | 30. **Back,** lumber, scapula, spine, thoracic. |
| 5. **Bladder,** urethra, urination. | 18. **Bladder,** urination. |
| 6. **Blood,** bleeding, Blood vessels, circulation, hypertension, veins. | Blood, See – **Chest** (Heart), See - **Generalities**. |
| 7. **Bones.** | Bones (See - **Extremities**). |
| 8. **Brain,** coma, senses. | Brain (See – **Head**). |
| 9. **Breasts,** breast-feeding, breast-milk, nipples. | Breasts (See-**Chest,** Mammae). |
| 10. **Breathing** (Respiration). | Breathing, (See –**Respiration**). |
| 11. **Chest,** clavicles, costal cartilage, sides, sternum, ribs. | 29. **Chest,** clavicles, costal cartilage, sides, sternum, ribs, mammae. |





| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| 12. **Children,** behavior, development. | × |
| 13. **Chills,** chilliness. | 33. **Chills,** chilliness. |
| **Constitution** (See– Generals). | × |
| 14. **Coughing.** | 27. **Cough.** |
| 15. **Delusions,** hallucinations, misperceptions, visions. | Delusions (See – **Mind**). |
| **Disease** (See - different Chapters). | Disease (See- **Generalities** & different Chapters). |
| 16. **Dreams,** dreaming, nightmares. | Dreams. (See – **Sleep**) |
| 17. **Ears,** eustachian tube, inner, middle, outer, tympanum. | 6. **Ear,** eustachian tube, inner, middle, outer, tympanum. |
| 18. **Elbows.** | Elbows. (See-**Extremities**). |
| 19. **Emergency,** asphyxia, bites, burns, injuries, shock, surgery, wounds. | Emergency (See- **Generalities,** Shocks). |
| 20. **Environment,** air, moon, seasons, sun, temperature, weather. | Environment (See- **Generalities**). |
| 21. **Eyes,** conjunctiva, cornea, eyelid, iris, lens, pupils, retina. | 4. **Eye,** conjunctiva, cornea, eyelid, iris, lens, pupils, retina. |
| Expectoration (See- **Lungs**). | 28. **Expectoration.** |

| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| Extremities (See – **Ankle, Arms, Bones, Elbows, Feet, Hands, Hips, Joints, Knees, Legs, limbs**). | **31. Extremities** (Ankle, Arms, Bones, Elbows, Feet, Hands, Hips, Joints, Knees, Legs, limbs, Pain). |
| **22. Face** | **9. Face,** lip. |
| **23. Feet,** heels, nails, soles, toes. | Feet (See – **Extremities**). |
| **24. Female,** genitalia, cervix, menses, ovaries, sex, uterus, vagina. | **24. Female**, genitalia, cervix, menses, ovaries, sex, uterus, vagina. |
| **25. Fevers,** infections, stages. | **34. Fever and Heat.** |
| **26. Food,** aggravates, appetite, ameliorates, aversions, desires, thirst. | Food (See – **Generalities, Stomach**). |
| **27. Generals,** body, constitutions, hair, Modalities, pains, sensations. | **37. Generalities.** |
| Genitalia, Male, Female. (See-**Male, Female**). | Genitalia, See - **Male, Female**. |
| **28. Glands,** pancreas, parotid, spleen, thyroid. | Glands (See – **Generalities**). |
| **29. Hands,** fingers, nails, palms, thumbs. | Hands (See – **Extremities**). |





| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| **30. Head,** forehead, headaches, occiput, sides, temples, vertex. | **3. Head,** forehead, headaches, occiput, sides, temples, vertex. |
| **Headache** (See-**Head,** pain.) | Headache (See-**Head**, Headache-pain). |
| **31. Hearing,** deafness, impaired, tinnitus. | **7. Hearing,** deafness, impaired, tinnitus. |
| **32. Heart,** palpitations. | Heart ( See – **Chest**). |
| **33. Hips.** | Hips (See – **Extremities**). |
| **34. Intestines,** appendix, cecum, flatus, ileo-cecal, worms. | Intestines (See – **Abdomen**). |
| **35. Joints.** | Joints (See – **Extremities**). |
| **36. Kidneys,** ureters. | **19. Kidneys,** ureters. |
| **37. Knees,** patella. | Knees (See – **Extremities**). |
| **38. Larynx,** throat-pit, trachea, voice. | **25. Larynx and Trachea,** throat-pit, voice. |
| **39. Legs,** calves, lower legs, sciatica, thighs, tibia. | Legs (See – **Extremities**). |
| **40. Limbs** | Limbs (See – **Extremities**). |
| **41. Liver,** gallbladder, jaundice. | Liver (See – **Abdomen**). |
| **42. Lungs,** asthma, bronchials, expectoration. | Lungs (See-**Chest** and **Expectoration**). |
| **43. Male,** genitalia, penis, prostate, sex, scrotum, spermatic cord, testes. | **23. Male,** genitalia, penis, sex, scrotum, spermatic cord, testes. |

| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| **44. Mind,** behavior, delirium, emotions, mental. | **1. Mind,** behavior, delirium, delusions, emotions, mental. |
| **45. Mouth,** breath, gums, lips, palate, saliva, salivation, speech. | **10. Mouth,** breath, gums, palate, saliva, salivation, tongue speech. |
| **46. Muscles,** tendons. | Muscles, (See – **Extremities**). |
| **47. Neck.** | Neck (See – **Back**, cervical) |
| **48. Nerves,** chorea, convulsions, faintness, paralysis, trembling. | Nerves (See – **Mind, Generalities**). |
| **49. Nose,** coryza, nosebleeds, post-nasal, sinuses, sneezing, smell. | **8. Nose,** coryza, nosebleeds, post-nasal, sinuses, sneezing, smell. |
| **50. Pelvis,** buttocks, coccyx, iliac, ilium, perineum, sacrum. | Pelvis (See – **Extremities**). |
| **51. Perspiration.** | **35. Perspiration.** |
| Prostate Gland (See- **Male**) | **20. Prostate Gland.** |
| **52. Pregnancy,** childbirth, featus, labor, miscarriage, post-partum. | Pregnancy (See – Genitalia - Female). |
| **53. Pulse.** | Pulse. (See- **Generalities**.) |





| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| **54. Rectum,** anus, constipation, diarrhea, hemorrhoids. | **16. Rectum,** anus, constipation, diarrhoea, hemorrhoids and perineum. |
| Respiration (See-**Breathing**) | **26. Respiration.** |
| **55. Shoulders,** axilla, axillary glands. | Shoulders (See – **Extremities**). |
| **56. Skin,** eruption, ulcers. | **36. Skin,** eruption, ulcers. |
| **57. Sleep,** insomnia, sleepiness, yawning. | **32. Sleep,** insomnia, sleepiness, yawning. |
| **58. Stomach,** esophagus, belching, hiccough, nausea, vomiting. (Thirst, See-**Food**) | **14. Stomach,** esophagus, belching, hiccough, nausea, thirst, vomiting. |
| **59. Stool.** | **17. Stool.** |
| **60. Teeth,** jaws, toothache. | **11. Teeth,** jaws, toothache. |
| **61. Throat,** choking, pharynx, swallowing, Throat external, tonsil. | **12. Throat,** choking, pharynx, swallowing, tonsil. |
| Throat external. (See – **Throat** ) | **13. Throat external.** |
| **62. Tongue,** taste. | Tongue, taste. (See – **Mouth**). |
| **63. Toxicity,** alcohol, drugs, chemicals, poisons, tobacco, vaccinations. | Toxicity, (See – Generalities). |
| Urethra. (See – **Bladder**). | **21. Urethra.** |
| **64. Urine.** | **22. Urine.** |

| Name of Chapter and Contents (Robin Murphy) | Name of Chapter and Contents (Kent) |
|---|---|
| Urinary Organs, (See – **Bladder, Kidneys, Urine**). (Prostate gland –See **Male**), (Urethra- See **Bladder**). | **Urinary Organs,** (See- **Bladder, Kidneys, Prostate Gland, Urethra**). |
| **65. Vertigo.** | **2. Vertigo.** |
| **66. Vision,** blindness, dim vision. | **5. Vision,** blindness, dim vision. |
| Voice (See – **Larynx**) . | Voice (See- **Larynx and Trachea**). |
| **67. Wrists.** | Wrists (See – **Extremities**). |



# ১৩শ অধ্যায়

## কমপ্লিট রেপার্টরী রচনায় ডাঃ রজার ভ্যান জ্যান্ডভর্ট COMPLETE REPERTORY BY DR. ROGER VAN ZANDVOORT

### আকর্ষণীয় বৈশিষ্ট্য ও গঠন কৌশল

কেন্ট রেপার্টরীকে আধুনিক ও যুগোপযোগী করার জন্য যে সকল চিকিৎসক এগিয়ে আসেন তাদের মধ্যে হল্যান্ডের চিকিৎসক **Dr. Roger van Zandvoort** অন্যতম । তিন খন্ডে বাঁধাইকৃত তার সংকলিত রেপার্টরীর নাম **Complete Repertory** । কেন্ট রেপার্টরীকে মূল পুস্তক হিসেবে ভিত্তি করে তিনি বিশ্বের খ্যাতনামা চিকিৎসকদের রচিত বিভিন্ন রেপার্টরী, মেটেরিয়া মেডিকা, ড্রাগ প্রুভিং ও ক্লিনিক্যাল পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত লক্ষণাবলীকে এ রেপার্টরীতে স্থান দেন । এযাবৎকাল প্রকাশিত সকল রেপার্টরীর চেয়ে এ রেপার্টরীতে সবচেয়ে বেশি ওষুধ, রুব্রিক বা লক্ষণাবলী স্থান পেয়েছে । আধুনিক ও নব আবিষ্কৃত ওষুধসমুহ এবং সাম্প্রতিক কালের বহু নতুন নতুন পীড়ার নাম ও লক্ষণাবলী এতে স্থান পেয়েছে । সে হিসেবে এ রেপার্টরীটি একটি রেফারেন্স পুস্তক হিসেবেও ব্যবহৃত হওয়ার দাবি রাখে । এতে ক্লিনিক্যাল ভাবে প্রাপ্ত ওষুধের নাম ও লক্ষণ অধিক থাকায় ব্যবহারকারী চিকিৎসককে অধিকতর চিন্তার খোরাক যোগায় এবং ব্যবহারকারী চিকিৎসককে নতুন আবিষ্কৃত ওষুধ ব্যবহারের প্রতি মনোযোগ আকর্ষণ করে । কেন্ট রেপার্টরীর সম্পূর্ণ অনুকরণে রচিত হলেও এ রেপার্টরীতে ওষুধের গ্রেডিং বা মুল্যায়ন ৪টি (চারটি) করা হয়েছে, কেন্ট রেপার্টরীতে ওষুধের গ্রেডিং তিনটি । রেপার্টরীর রুব্রিক সজ্জার বিষয়টিও কেন্ট রেপার্টরীর সম্পূর্ণ অনুকরণে করা হয়েছে । আধুনিক অন্যান্য রেপার্টরী (Kent's Repertory, Synthetic, Synthesis এবং Robin Murphy's Homoeopathic Medical Repertory) হতে এ রেপার্টরী অধিকতর তথ্য সমৃদ্ধ । কেন্ট রেপার্টরীতে মানসিক অধ্যায় সহ বিভিন্ন অধ্যায়ে নতুন রুব্রিক সংযোজন এ রেপার্টরীর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য । ১৯৯৬ সনে Mind ও Generalities অধ্যায় নিয়ে এ রেপার্টরীর প্রথম সংস্করণ প্রকাশিত হয় । ১৯৯৮ সনে এটির বর্ধিত সংস্করণ প্রকাশিত হয় । ২৮৩০ পৃষ্ঠার এ বর্ধিত সংস্করণটিতে প্রায় ৫,১৫,০০০ নতুন তথ্যের সংযোজন করা হয়েছে, ১২৫ জন বিখ্যাত লেখকের পুস্তকের

সহযোগিতা নিয়ে বহু নতুন রুব্রিক, সাব-রুব্রিক ও তথ্যের সংযোজন এ রেপার্টরীর প্রধান বৈশিষ্ট্য। ৩টি খন্ডে বিভক্ত সর্বমোট ৪২ টি অধ্যায়ে এ রেপার্টরী প্রকাশিত হয়েছে। Kent's Repertory, Synthetic এবং Synthesis রেপার্টরীর বহু সীমাবদ্ধতাকে এ রেপার্টরীতে সমাধান দেয়া হয়েছে। কেন্ট রেপার্টরীর বহু অপ্রচলিত শব্দ বা রুব্রিককে পরিবর্তিত করে নতুন রুব্রিক চয়ন করা হয়েছে। ইংরেজী ভাষায় রচিত রেপার্টরীটি ৪২ টি অধ্যায় নিয়ে গঠিত। কেন্ট রেপার্টরীর বৃহৎ অধ্যায়কে ভেঙ্গে নতুন অধ্যায়ের সৃষ্টি এ রেপার্টরীর আরেকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য, যেমন- **Head** অধ্যায়কে ভেঙ্গে Head ও Head Pain; **Nose** অধ্যায়কে ভেঙ্গে Nose ও Smell; **Mouth** অধ্যায়কে ভেঙ্গে Mouth ও Taste; **Larynx and Trachea** অধ্যায়কে ভেঙ্গে Larynx and Trachea ও Speech and Voice; **Extremities** অধ্যায়কে ভেঙ্গে Extremities ও Extremities Pain ইত্যাদি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। বর্ধিত ৫টি অধ্যায়ের নাম নির্বাচনেও এ রেপার্টরীর রচয়িতা কেন্ট রেপার্টরীকে অনুসরণ করেছেন।

মূল রুব্রিক বড় মোটা অক্ষরে (**BOLD, CAPITAL**, e.g. **SENSITIVE**), সাব-রুব্রিক মোটা সাধারণ অক্ষরে (**Bold, small letters,** e.g. **tearing**) এবং সাব-সাব-রুব্রিক সাধারণ অক্ষরে (small letters, e.g. bed, in) লিখিত হয়েছে। বহু চিকিৎসক দ্বারা রোগী চিকিৎসায় পরীক্ষিত ওষুধকে প্রথম শ্রেণীর উর্ধ্বে স্থান দিয়ে বিশেষ একটি উচ্চ শ্রেণীতে স্থান দেয়া এ রেপার্টরীর একটি অত্যন্ত আর্কষণীয় বৈশিষ্ট্য। বিশেষ উচ্চ মূল্যমানের এই শ্রেণীর ওষুধের গাণিতিক মান ৪ (চার), সবচেয়ে বেশী মান, এদেরকে **Bold, *Itallic, CAPITAL*** অক্ষরে লেখা হয়েছে (উদাহরণ - ***LACH. OP.***)। প্রথম শ্রেণীর ওষুধের নাম বড় মোটা অক্ষরে (**CAPITAL,** উদাহরণ - **SULPH**) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ৩ (তিন), বেশী মান; দ্বিতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ বাঁকা মোটা অক্ষরে (***bold type, Italic,*** উদাহরণ - ***hyos***) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ২ (দুই), মধ্যম মান; তৃতীয় শ্রেণীর ওষুধের নাম সাধারণ অক্ষরে (small letters, উদাহরণ - graph) লেখা হয়েছে, এদের গাণিতিক মান ১ (এক), সবচেয়ে কম মান। রেপার্টরীর শব্দ চয়ন ও গঠন বৈশিষ্ট্যের দিক বিবেচনা করে কেন্ট রেপার্টরীর মত এ রেপার্টরীকে যুক্তিসিদ্ধ উপযোগিতাবাদী ব্যাপক সাধারণ রেপার্টরী (**Logical Utilitarian type General Repertory**) বলা হয়। অল্প কথায় অধিকতর তথ্য সরবরাহ করার এ রীতিটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ। এ রেপার্টরীকে কেন্ট রেপার্টরীর অত্যাধুনিক সংস্করণ বলা যায়। কেন্ট রেপার্টরীকে অবিকল অনুসরণ করে এ রেপার্টরী রচিত হয়েছে, যা বিশ্বের প্রথম শ্রেণীর হোমিওপ্যাথিক চিকিৎসক কর্তৃক এবং বিভিন্ন হোমিওপ্যাথিক সংগঠন কর্তৃক উচ্চ প্রশংসিত হয়েছে।





## সীমাবদ্ধতা

অধিকতর তথ্য সমৃদ্ধ হয়ে কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে, ৪২টি পূর্ণবিন্যস্ত অধ্যায়ের মাধ্যমে ও ১২৫টি রেফারেন্স উল্লেখ করে, প্রায় ৫,১৫,০০০ স্থানে তথ্যের সংযোজন করে, ২০০০ এর উপর ওষুধের বিশ্লেষণ সংযোজন করে এ রেপার্টরী রচিত হলেও কিছু সীমাবদ্ধতা এ রেপার্টরীতেও রয়ে গেছে। নিম্নে তা সংক্ষেপে আলোচিত হল।

১। মেটেরিয়া মেডিকায় অন্তর্ভূক্ত বহু লক্ষণ এখনও রেপার্টরীতে যথাযথভাবে অন্তর্ভূক্ত হয়নি, সে হিসাবে এ রেপার্টরীও অসম্পূর্ণ। মানসিক বিভাগটি সংক্ষিপ্ত না হলেও কিছু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে। বিভিন্ন অধ্যায়ে কিছু গুরুত্বপূর্ণ লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে।

২। এ রেপার্টরীতে বহু গুরুত্বপূর্ণ বিষয়ের অধ্যায় যথাযথভাবে অন্তর্ভূক্ত হয়নি, যেমন - অস্থি, রক্ত, জরুরী চিকিৎসা, পরিবেশ ও আবহাওয়া, গর্ভবতীর উপসর্গ, নবজাতক শিশুর উপসর্গ, ধাতুগত বৈশিষ্ট্য, বিষাক্ততার উপসর্গ ইত্যাদি সহ বহুবিধ প্রয়োজনীয় অধ্যায় অন্তর্ভূক্ত হয়নি।

৩। অঙ্গপ্রত্যঙ্গাদির লক্ষণাবলীর কিছু লক্ষণ বা রুব্রিক বাদ পড়েছে, এ অধ্যায়ে অঙ্গ- প্রত্যঙ্গাদীর লক্ষণাবলীর সজ্জিত করণের ধারা কেন্ট রেপার্টরীতে যেমন জটিল, এ রেপার্টরীতে তেমন জটিল না হলেও জটিলতা রয়েই গেছে, রুব্রিক খুঁজে বের করার সুবিধা এ রেপার্টরী কেন্ট রেপার্টরী থেকে অধিকতর উন্নত কিছু দিতে পারেনি। নবীন এবং প্রবীণ উভয় শ্রেণীর ব্যবহারকারী এই রেপার্টরীর বিভিন্ন অধ্যায় থেকে লক্ষণ খুঁজে বের করতে গিয়ে অনেক সময় খেঁই হারিয়ে ফেলেন।

৪। একক ওষুধ নির্বাচনের বহুবিধ সুবিধা এ পুস্তকে থাকলেও প্রয়োজনীয় লক্ষণ বা রুব্রিকটি খুঁজে বের করার জন্য চিকিৎককে অনেক সময় প্রচুর সময় ব্যয় করে নির্দিষ্ট ওষুধটি খুঁজে বের করতে হয়, যা বিরক্তিজনক ও সময়সাপেক্ষ। ফলে ব্যস্ত চিকিৎসক এ পুস্তক ব্যবহারের আগ্রহ হারিয়ে ফেলেন।

৭। রেপার্টরীর রুব্রিকের যে সূচীপত্র পুস্তকের শেষ অংশে দেয়া হয়েছে তা সংক্ষিপ্ত না হলেও সকল রুব্রিক বা লক্ষণ সূচীপত্রে অন্তর্ভূক্ত হয়নি। রেফারেন্স অংশ পূর্ণাঙ্গ নয়, নতুন সংযোজিত ওষুধের রেফারেন্স দেয়া হয়নি, যা সিন্থেসিস রেপার্টরীতে দেয়া হয়েছে। ওষুধ তালিকা দেয়া হলেও সংখ্যা উল্লেখ করা হয়নি।

৮। রেপার্টরীটি তিন খন্ডে বিভক্ত হওয়ার কারণেও অনেক সময় ব্যবহারে ও রুব্রিক অনুসন্ধানে জটিলতা দেখা দেয়।

৯। রেফারেন্স, ওষুধ, রুব্রিক ও তথ্যের বিশাল সংযোজন এ রেপার্টরীতে অন্তর্ভূক্ত হলেও তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে । সংযোজিত তথ্য কি সুস্থ মানবদেহে পরীক্ষিত ? না রেপার্টরী রচনার নামে ব্যবসায়িক প্রয়াস ।

অধ্যায় বিন্যাস

১ম খন্ড ঃ মানসিক অধ্যায় (**Mind** ), ৪৫০ পৃষ্ঠা, ১টি অধ্যায়

২য় খন্ড ঃ শিরোঘূর্ণন (**Vertigo**) হতে কথা ও স্বর (**Speech & Voicė**) পর্যন্ত, ১১৭১ পৃষ্ঠা, ২৮ টি অধ্যায়

৩য় খন্ড ঃ শ্বাসক্রিয়া (**Respiration**) হতে সাধারণ লক্ষণ (**Generalities**) পর্যন্ত , ১২৫০ পৃষ্ঠা, ১৩ টি অধ্যায়

৪২ টি অধ্যায়ের ক্রমিক সজ্জা নিম্নরূপ ঃ-

**১ম খন্ডঃ-** ১টি অধ্যায়

1. **Mind**

**২য় খন্ডঃ-** ২৮ টি অধ্যায়

2. **Vertigo**
3. **Head**
4. **Head Pain**
5. **Eye**
6. **Vision**
7. **Ear**
8. **Hearing**
9. **Nose**
10. **Smell**
11. **Face**
12. **Mouth**





13. **Taste**
14. **Teeth**
15. **Throat**
16. **External throat**
17. **Stomach**
18. **Abdomen**
19. **Rectum**
20. **Stool**
21. **Bladder**
22. **Kidneys**
23. **Prostate gland**
24. **Urethra**
25. **Urine**
26. **Male Genitalia**
27. **Female Genitalia**
28. **Larynx and Trachea**
29. **Speech and Voice**

**৩য় খন্ডঃ-** ১৩ টি অধ্যায়

30. **Respiration**
31. **Cough**
32. **Expectoration**
33. **Chest**
34. **Back**
35. **Extremities**
36. **Extremities Pain**
37. **Sleep**
38. **Chill, Chilliness**
39. **Fever**
40. **Perspiration**
41. **Skin**
42. **Generals**

রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তন্মধ্যে তিনটি প্রধান পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

কমপ্লিট রেপার্টরী দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন পদ্ধতি অনুসরণ করা যায় তবে কেন্ট পদ্ধতি অনুযায়ী বা আধুনিক পদ্ধতিতে রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন ঃ-* রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ এবং রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।



# ১৪শ অধ্যায়

## কার্ড রেপার্টরী
## CARD REPERTORIES

### কার্ড রেপার্টরী কি ?

রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণ সমষ্টির সমগ্রতা (Totality of Symptoms) দ্বারা হোমিওপ্যাথিক ওষুধ নির্বাচন করা হয়, আর এ কঠিন কাজটি যাতে সুচারুরূপে সম্পন্ন হয় সে উদ্দেশ্যেই রেপার্টরীর সৃষ্টি। কিন্তু প্রচলিত পুস্তক রেপার্টরীর সাহায্যে একক সদৃশ ওষুধ নির্বাচন করতে কোন কোন ক্ষেত্রে ৫/৬ ঘন্টা বা তারও বেশী সময় লেগে যায় এবং চিকিৎসকের ধৈর্য্যচ্যুতি ঘটার সম্ভাবনা থাকে। পুস্তক রেপার্টরীর এ সীমাবদ্ধতাকে দূরীকরণের জন্য ও রেপার্টরীকরণে সময় সংক্ষেপ করার উদ্দ্যেশেই কার্ড রেপার্টরীর সৃষ্টি। প্রকৃত পক্ষে কার্ড রেপার্টরী প্রচলিত পুস্তক রেপার্টরী নয়, এটি পুস্তক রেপার্টরীকে ভিত্তি করে রেপার্টরীকরণ বা রেপার্টরাইজেশানের (Repertorization) একটি কৌশল মাত্র, এর মাধ্যমে দ্রুত রেপার্টরীকরণ করা সম্ভব হয় ফলে ওষুধ নির্বাচন ত্বরান্বিত হয়।

এ রেপার্টরীর দু'টি অংশ -
(১) পুস্তক অংশ বা Blooklet এবং
(২) কার্ড সমুহ (Cards)।

১। **পুস্তক অংশ (Blooklet)** ঃ- পুস্তক অংশের মধ্যে লক্ষণ বা রুব্রিক সমুহকে নির্দিষ্ট কোড নং ও বর্ণমালার ক্রমানুসারে লিপিবদ্ধ করা থাকে। অন্যদিকে ওষুধ সমুহের নামকেও নির্দিষ্ট কোড নং ও বর্ণমালার ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়ে থাকে। এ ছাড়া কার্ড রেপার্টরী ব্যবহারের নিয়ম ও কার্ড রেপার্টরীর মাধ্যমে রেপার্টরীকরণকৃত কিছু উদাহরণ এ অংশে বর্ণিত থাকে।

২। **কার্ড সমুহ (Cards)** ঃ- পোষ্টকার্ড আকৃতির বা তার চেয়ে ছোট বা বড় সাইজের শক্ত কাগজের দ্বারা তৈরী সকল কার্ডসমুহ একই মাপের বা আয়তনের হয়। প্রতিটি কার্ডের উপরের অংশে বুকলেটে লিখিত রুব্রিকের নাম ও নির্দিষ্ট কোড নং

লিখিত থাকে, নির্দিষ্ট রুব্রিকের বা লক্ষণের জন্য একটি মাত্র কার্ডই নির্দিষ্ট করা হয়, অর্থাৎ যতগুলো রুব্রিক হবে ততগুলো কার্ড হবে। প্রতিটি কার্ডে নির্দিষ্ট সংখ্যক ছক বা ঘর করা থাকে, অর্থাৎ যতগুলো ওষুধ নিয়ে রেপার্টরীটি রচিত হবে ততগুলো ঘর হবে। প্রতিটি ঘরে বা ছকে বিশেষ কৌশলে ওষুধের কোড নং লেখার ব্যবস্থা থাকে। প্রতিটি কার্ডের ওষুধের কোড নং লেখার স্থান হুবুহ একই রকমের হয়। নির্বাচিত রুব্রিকে যে সকল ওষুধ কভার করে বা পুরণ করে সে সকল ওষুধের ঘর গুলি ছিদ্র বা পাঞ্চ করা থাকে। ফলে কোন নির্দিষ্ট রুব্রিকে কোন্ কোন্ ওষুধ আছে তা সহজেই বুঝা যায়। সবগুলো কার্ড একটি আয়তকার বাক্সের মধ্যে কোড নং বা বর্ণমালাক্রমানুসারে সাজিয়ে সংরক্ষিত করা হয়।

কার্যপ্রণালী ঃ- রোগীলিপি প্রণয়নের পর লক্ষণসমূহকে রুব্রিকে রূপান্তর করে নেয়ার পর বুকলেট হতে প্রয়োজনীয় রুব্রিকের কার্ডের কোড নং জেনে নিতে হয়। বাক্সে রক্ষিত কার্ড সমুহ হতে কার্ডের কোড নং অনুযায়ী কার্ড সমুহকে বের করে নিয়ে সবগুলো কার্ডকে সমান ভাবে মিশিয়ে নিতে হয়। সমান ভাবে মিশানো কার্ডগুলোকে আলোর সম্মুখে ধরে অবশিস্ট ছিদ্র পথ অনুসন্ধান করা হয়। কোন কোন সময় যতক্ষণ পর্যন্ত ছিদ্র সংখ্যা নূন্যতম অবশিষ্ট না হয় ততক্ষন পর্যন্ত লক্ষণ বা রুব্রিক অনুযায়ী কার্ড যোগ করে যেতে হয়। পরবর্তিতে অবশিষ্ট এক বা একাধিক ছিদ্র পথের কোড নম্বর বুকলেটের ওষুধের কোড নম্বরের সাথে মিলিয়ে ওষুধের নাম অবগত হতে হয় এবং মেটেরিয়া মেডিকায় যাচাই করে রোগীর জন্য ওষুধ নির্বাচন করা হয়।

## কার্ড রেপার্টরীর ইতিহাস

১। ১৮৮৮ সালে **W. J. Guerensey** সর্বপ্রথম কার্ড রেপার্টরীর উদ্ভাবন করেন। এর নাম ছিল **Guerensey Boenningnausen's slip**। এতে ২৫০০ কার্ড ছিল এবং প্রতিটি কার্ডের সাইজ ছিল ১২.২৫ ইঞ্চি X ১২.৫০ ইঞ্চি। ১৮৯২ সালে এটি চিকিৎসকদের ব্যবহারের জন্য বাজারে ছাড়া হয়। কার্ড রেপার্টরীর প্রথম উদ্ভাবক হিসেবে **W. J. Guerensey** কে কার্ড রেপার্টরীর জনক বলা যায়।

২। ১৮৯২ সালে **Dr. H. C. Allen** কার্ড পদ্ধতির আরও উন্নয়ন করেন এবং ওষুধ সংখ্যা বৃদ্ধি করেন। এর নাম ছিল **Allen's Boenningnausen's slip**।





৩। ১৯১২ সালে **Dr. Mergaret Tyler** তার শিক্ষক ডাঃ কেন্টের নির্দেশে ও সহযোগিতায় কেন্ট রেপার্টরীর উপর ভিত্তি করে একটি কার্ড রেপার্টরী প্রণয়ন করেছিলেন।

৪। ১৯১৩ সালে **Drs. Welch and Houston** কেন্ট রেপার্টরীর উপর ভিত্তি করে একটি কার্ড রেপার্টরী প্রণয়ন করেছিলেন।

৫। ১৯২২ **Dr. Field** ৩৬০টি ওষুধ ও আরও ৪০টি ওষুধ সংযোজনের সুবিধা রেখে ৬৮০০ কার্ডের একটি কার্ড রেপার্টরী প্রণয়ন করেছিলেন। কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে এবং বোনিংহাউসেন রেপার্টরীর কিছু লক্ষণ নিয়ে এবং **Dr. Skimmers** এর কিছু সংশোধনীমূলক কাজের সমন্বয়ে এ রেপার্টরীটি প্রণয়ন করা হয়েছিল। এর নাম ছিল **Field Card Repertory**।

৬। **Dr. Pulford** কেন্ট রেপার্টরীকে কার্ড রেপার্টরীতে পরিণত করার একটি উদ্দোগ গ্রহণ করেন কিন্তু তিনি কাজটি সম্পূর্ণ সমাপ্ত করতে সক্ষম হননি।

৭। ১৯২৮ সালে **Dr. Bogar** বিখ্যাত **Bogar's Card Repertory** চিকিৎসকদের ব্যবহারের জন্য বাজারে ছাড়েন।

৮। **Dr. W. W. Young** কার্ড রেপার্টরীর উপর কাজ শুরু করেন কিন্ত তিনি কাজটি সম্পূর্ণ করতে সক্ষম হননি।

৯। ১৯৪৮ সালে **Dr. Marcoz Jemenez** মানসিক লক্ষণ ও সাধারণ লক্ষণের উপর ভিত্তি করে ৬০০ কার্ডের একটি রেপার্টরী প্রকাশ করেন। তিনি এতে ওষুধের গ্রেডিংও সংযোজন করেছিলেন।

১০। ১৯৪৮ সালে **Dr. Broussalian - Dr. Broussalian's Card Repertory** প্রকাশ করেন। কেন্ট রেপার্টরীর উপর ভিত্তি করে রচিত এ কার্ড রেপার্টরীটিতে ১৮৬১টি কার্ড এবং ৬৪০টি ওষুধ অন্তর্ভূক্ত করে প্রণয়ন করা হয়ে ছিল।

১১। ১৯৫০ সালে **Dr. J. G. Weiss** ও **Dr. R. H. Farly** একটি **Spindle Repertory** প্রকাশ করেন।

১২। ১৯৫০ সালে **Dr. P. Sankarn - Dr. P. Sankarn's Card Repertory** প্রকাশ করেন। এতে ২৯২টি ওষুধ ও ৪২০টি কার্ড ছিল।

১৩। ১৯৫৯ সালে ভারতের বিশিষ্ট চিকিৎসক **Dr. Jugol Kishore** বিশ্ববিখ্যাত **Dr. Jugol Kishore Card Repertory** প্রকাশ করেন। এতে কেন্ট রেপার্টরীর ৬৪৮টি ওষুধকে অন্তর্ভূক্ত করার ও আরও ৬০টি ওষুধের নাম ভবিষ্যতে অন্তর্ভূক্তির এবং ১০,০০০ কার্ড পর্যন্ত বৃদ্ধি করার পরিকল্পনা করে প্রণয়ন করা হয়েছিল। কিশোর কার্ড রেপার্টরীর প্রথম সংস্করণে মোট ওষুধ সংখ্যা ৫৭৯ এবং রুব্রিক সংখ্যা ৩৪৯৭। ১ম সংস্করণে ওষুধের গ্রেডিং সংযোজন করা হয়েছিল, কিন্তু উৎপাদন

খরচ বৃদ্ধির কারণে পরবর্তী সংস্করণ সমূহে ওষুধের গ্রেডিং বাদ দেয়া হয় । দ্বিতীয় সংস্করণ ১৯৬৭ সনে প্রকাশিত হয় । এতে কিশোর কার্ড রেপার্টরীর সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করা হয়, দ্বিতীয় সংস্করণে ওষুধ সংখ্যা ৫৭৯ এবং রুব্রিক সংখ্যা ৯০৬৩ । তৃতীয় ও সর্বশেষ সংস্করণে ব্যাপক সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করে ১৯৮৫ সনে প্রকাশিত হয় । এতে আরও ১২৯টি রুব্রিক এবং ১০২টি ওষুধ সংযোজন করা হয় । ফলে এতে রুব্রিক ছিল ৯১৯২টি এবং ওষুধ ছিল ৬৮১টি । বিভিন্ন অধ্যায় ও বর্ণমালার ক্রম চিহ্নিত করার জন্য এতে অনেকগুলো ডেমো বা রুব্রিকবিহীন কার্ড রয়েছে, ফলে এ রেপার্টরীতে প্রকৃত কার্ড সংখ্যা ৯৯৮০টি । প্রতিটি কার্ডের আয়তন ৯ ইঞ্চি × ৩ ইঞ্চি । এ পর্যন্ত যতগুলো কার্ড রেপার্টরী প্রকাশিত হয়েছে তার মধ্যে কিশোর কার্ড রেপার্টরী তুলনামূলকভাবে অধিকতর পূর্ণাঙ্গ ও সুসজ্জিত ।

১৪। ১৯৮৪ সনে **Dr. Sashi Mohan Sarma** পরিকল্পিত **Dr. Sashi Mohan Sarma's An Index to Homoeopathic Card Repertory** ভারতের নুতন দিল্লিতে অবস্থিত **Jain Publishers Ptv. Ltd.** কর্তৃক প্রকাশিত হয় । এতে ৪০০টি ওষুধ ও ৩০০০ কার্ড (৩০০০ রুব্রিক বা লক্ষণ ) অন্তর্ভূক্ত হয়েছে ।

## কার্ড রেপার্টরীর সুবিধা বা আকর্ষণীয় দিক

১। অন্যান্য পুস্তক রেপার্টরীর মত কার্ড রেপার্টরীও নির্দিষ্ট রুব্রিকের বিপরীতে গুচ্ছ ওষুধ তালিকা প্রদান করে ।

২। কার্ড রেপার্টরী দ্বারা স্বল্প সময়ে রেপার্টরীকরণ সম্পন্ন করা যায় । মাত্র ১০-১৫ মিনিটের মধ্যে একটি জটিল রোগীর রেপার্টরীকরণ করে ওষুধ নির্বাচন করা যায়, যা পুস্তক রেপার্টরীর মাধ্যমে ৫/৬ ঘন্টা সময় ব্যয় হত । এতে করে চিকিৎসকের সময় ও পরিশ্রম লাঘব হয় ।

৩। এ রেপার্টরী নিয়ে কাজ করার সময় কোন প্রকার কোন প্রকার রেপার্টরীকরণ শীট প্রয়োজন হয় না বা কাগজ কলম নিয়ে ওষুধ তালিকা ও ওষুধের মান লিখে নিতে হয় না ।

৪। কার্ড রেপার্টরীর মাধমে রেপার্টরীকরণ মনোমুগ্ধকর, চিকিৎসক এবং রোগী উভয়কেই এটি আর্কষণ করে । রোগীর সম্মুখেই এ রেপার্টরী নিয়ে কাজ করে ওষুধ নির্বাচন করলে রোগীর মনে কৌতুহল ও উদ্দীপনা সৃষ্টি হয়, ফলে চিকিৎসক ও রোগী উভয়ের আত্মবিশ্বাস বেড়ে যায়, যা রোগারোগ্যে সহায়ক ভূমিকা পালন করে ।





৫। কার্ড রেপার্টরীর ফলাফল প্রাপ্তীর পর মেটেরিয়া মেডিকা যাচাই করে রোগীর জন্য চূড়ান্ত ওষুধ নির্বাচন করতে হয়, এতে করে কার্ড রেপার্টরী চিকিৎসককে মেটেরিয়া মেডিকা পাঠে উদ্বুদ্ধ করে, ফলে চিকিৎসক মেটেরিয়া মেডিকায় বিশেষ পারদর্শিতা অর্জন করেন ।

৬। এ রেপার্টরী সংরক্ষণ সহজ । টেবিলের স্বল্প পরিসরে এটি সংরক্ষণ করা যায় ।

## কার্ড রেপার্টরীর সীমাবদ্ধতা

১। কার্ড রেপার্টরীতে ওষুধ সংখ্যা ও রুব্রিক সংখ্যা কম বা সীমিত । ফলে বহু প্রয়োজনীয় রুব্রিক ও ওষুধ বাদ পড়েছে । ফলে হোমিওপ্যাথির মূলনীতি **"সামগ্রীক লক্ষণ সাদৃশতা"** নির্ণয় করা সম্ভব হয় না ।

২। পুস্তক রেপার্টরীতে ওষুধের গ্রেডিং করা আছে কিন্তু কার্ড রেপার্টরীতে ওষুধের কোন গ্রেডিং করা নেই ।

৩। রেপার্টরীকরণের ফলাফলের ড্রাগ স্কোর বা ওষুধের মান প্রদান করেনা ।

৪। পুস্তক রেপার্টরী একই সাথে সকল ওষুধের গ্রেডিংয়ের তুলনা প্রদর্শন করে কিন্তু কার্ড রেপার্টরী সেটি প্রদর্শন করে না ।

৫। কার্ড রেপার্টরীতে অধিকাংশ সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক অন্তর্ভূক্ত হয়নি ফলে বহুক্ষেত্রে দৃষ্টি আকর্ষণীয় বা সুস্পষ্ট, একক, অসাধারণ এবং অদ্ভূত ধরনের (পরিচায়ক) লক্ষণ কার্ড রেপার্টরীতে অন্তর্ভূক্ত হয়নি ।

৬। বিরল কিন্তু গুরুত্বপূর্ণ ওষুধ, (যাদের লক্ষণ সংখ্যা কম) এ ধরনের ওষুধ কার্ড রেপার্টরীতে অন্তর্ভূক্ত হয়নি ।

৭ । কার্ড রেপার্টরী নিয়ে কাজ করার সময় সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে সকল ছিদ্রপথ বন্ধ হয়ে যাওয়া (Blockage problem) । যার ফলে কোন ওষুধ নির্বাচন করা যায় না, ফলে বাধ্য হয়ে চিকিৎসক মেটেরিয়া মেডিকা দেখেই চিকিৎসা পরিচালনা করেন ।

৮। কার্ড রেপার্টরী পুস্তক রেপার্টরী বা কম্পিউটার ভিত্তিক রেপার্টরীর চেয়ে কম সুবিধা প্রদান করে ।

৯। কার্ড রেপার্টরীর অতি উচ্চমূল্যের কারণে অধিকাংশ হোমিওপ্যাথিক চিকিৎসকদের পক্ষে এটি ক্রয় করা সম্ভব নয় ।

## রেপার্টরীকরণ

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তম্মধ্যে তিনটি প্রধান পদ্ধতি হল -

১। হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)
২। কেন্ট পদ্ধতি (Kent's Method)
৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

কার্ড রেপার্টরী দ্বারা রেপার্টরীকরণের জন্য উপরোক্ত যে কোন ধারাই অনুসরণ করা যায়, তবে আধুনিক পদ্ধতিতে রেপার্টরীকরণই সবচেয়ে সুবিধাজনক।

*বিস্তারিত দেখুন ঃ-* রেপার্টরীকরণ অধ্যায় পৃষ্ঠা নং ৩২৩ ও রেপার্টরীকরণের পদ্ধতি পৃষ্ঠা নং ৩২৭।

## কার্ড রেপার্টরীর মাধ্যমে রেপার্টরীকরণের উদাহরণ

নিম্নে ডাঃ যুগল কিশোর কার্ড রেপার্টরী নিয়ে প্রখ্যাত মেক্সিকান হোমিওপ্যাথ ডাঃ টমাস পাবলো পাসচেরো (Tomas Pablo Paschero) চিকিৎসিত একটি রোগীর সংক্ষিপ্ত রোগীলিপি ও কার্ড রেপার্টরীকরণ বর্ণিত হল।

" সারা গায়ে ভীষণ একজিমাযুক্ত তিন বছরের একটি ছেলেকে আমার কাছে নিয়ে আসা হয়। ছেলেটির বাবাও একজন হোমিওপ্যাথিক চিকিৎসক ছিলেন। শিশু একজিমায় ব্যবহৃত প্রায় সব ক'টি হোমিওপ্যাথিক ওষুধ যথা ঃ- সালফার, ক্যাল্কেরিয়া কার্ব, সিপিয়া ইত্যাদি তিনি ইতিমধ্যে প্রয়োগ করে নিস্ফল হয়েছিলেন।

রোগীর হ্রাসবৃদ্ধি জনিত লক্ষণগুলো অবশ্য সালফার সদৃশই ছিল। যেমন ভীষণ চুলকানি, < শয্যার উত্তাপে, বস্ত্রতাপে, রাতে খোলা বাতাসে চলাফেরায়। খুবই মনস্তাপ ও খিটখিটে মেজাজ। খাবার সময় ঠান্ডা জলের প্রবল পিপাসা, স্নান অসহ্য ইত্যাদি। এমন রোগীতে বিভিন্ন শক্তিতে সালফার প্রয়োগ করেও কোন কাজ না হওয়ায় রোগীর বাবা রীতিমত বিস্মিত হন।"





নিম্নে কিশোর কার্ড রেপার্টরীর সাহায্যে এ রোগীর রোগীলিপির রেপার্টরীকরণ করা হল।

| লক্ষণ শিরোনাম (Rubrics) | লক্ষণ শিরোনাম কার্ড ক্রম |
|---|---|
| ১। খিটখিটে মেজাজ, শিশু রোগীতে (Irritability in children) | ২০৪৬ |
| ২। একগুয়ে জেদী (Obstinate) | ২০৮৬ |
| ৩। খেয়ালিপনা (Capriciousness) | ১৯২৮ |
| ৪। গরম বস্ত্রে বৃদ্ধি (Warm wraps, aggravates) | ০৩৫৩ |
| ৫। শয্যা তাপে বৃদ্ধি (Warmth of bed aggravates) | ০৩৪৯ |
| ৬। ঠান্ডা পানীয় পানে আকাঙ্খা (Desires, cold drinks) | ০৯০৮ |

উপরোক্ত ছয়টি শিরোনাম কার্ড পরপর সাজিয়ে আলোর সম্মুখে ধরে মাত্র দু'টি ছিদ্র পাওয়া যায়, যা দিয়ে অপর দিকের আলো দৃষ্টিগোচর হয়। ছিদ্র দু'টির কোড ভেঙ্গে নীচের ওষুধ পাওয়া যায়।

ক্যামোমিলা - ওষুধ কোডক্রম ১৯৯ - স্কোর ১৭/৬,
অর্থাৎ ৬টি লক্ষণে ১৭ গ্রেড বা মান
লাইকোপডিয়াম - ওষুধ কোডক্রম ৩৯৯ - স্কোর ১০/৬,
অর্থাৎ ৬টি লক্ষণে ১০ গ্রেড বা মান

মেটেরিয়া মেডিকা পাঠে এখানে ক্যামোমিলাই সদৃশ প্রতিপন্ন হয়। কিছুদিনের ব্যবধানে প্রযুক্ত ক্যামোমিলা ২০০ শক্তির মাত্র দুটি মাত্রা রোগীর একজিমা সহ সকল রোগ লক্ষণ বিদুরিত করে।

(উপরোক্ত উদাহরণটি - কার্ড রেপার্টরী ঃ বিন্যাস ও ব্যবহার কৌশল প্রবন্ধ থেকে সংকলিত। প্রবন্ধটির লেখক ডাঃ শেখ ফারখ এলাহী এম, বি, বি, এস। স্বাস্থ্য বিষয়ক মাসিক পত্রিকা হোমিও দর্পণ, ৯ম বর্ষ, ১০ম সংখ্যা, এপ্রিল ১৯৯৫ প্রবন্ধটি প্রকাশিত হয়েছিল। লেখক ও পত্রিকার সম্পাদক ডাঃ এম এ হালিমকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি)।

কার্ড রেপার্টরীর একটি কার্ডের চিত্র নিম্নে দেয়া হল -

**1501 LIPS. CRACKED**

DR. SHASHI MOHAN SHARMA'S
**HOMOEOPATHIC**
**CARD REPERTORY**

| 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 | 31 | 32 | 33 | 34 | 35 | 36 | 37 | 38 | 39 | 40 |
| 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 0 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 0 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 0 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 0 | 1 | 1 | 1 |
| 2 | 0 | 2 | 2 | 2 | 0 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 0 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 0 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 0 | 2 | 2 |
| 3 | 3 | 3 | 3 | 0 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 0 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 0 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 0 | 3 | 3 | 3 | 3 | 0 | 3 | 3 | 3 | 3 |
| 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 0 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 0 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 0 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 |
| 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 0 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 0 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 0 | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 0 | 5 | 5 | 5 | 5 |
| 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 0 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 0 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 0 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 | 6 |
| 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 0 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 0 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 |
| 8 | 8 | 8 | 0 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 0 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 | 8 |
| 9 | 9 | 9 | 9 | 9 | 0 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 8 | 0 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 0 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 9 | 0 | 9 | 9 | 9 |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 | 31 | 32 | 33 | 34 | 35 | 36 | 37 | 38 | 39 | 40 |

## উপসংহার

রেপার্টরীকরণে পরিশ্রম ও সময় সংক্ষেপের তাগিদে এবং উন্নয়নের ধারায় সৃষ্টি হয়ে ছিল কার্ড রেপার্টরীর । উন্নয়নের অব্যাহত ধারায় হোমিওপ্যাথিতে যোগ হয়েছে কম্পিউটার প্রযুক্তি । কম্পিউটার প্রযুক্তির বহুবিধ সুবিধার কাছে হার মেনে কার্ড রেপার্টরী বর্তমানে অবলুপ্তির পথে পা দিয়েছে । কার্ড রেপার্টরী কম্পিউটার ভিত্তিক রেপার্টরীই আদিরূপ ।



# ১৫শ অধ্যায়

## রেপার্টরীকরণ
## REPERTORISATION

### সংজ্ঞা
### (Definition of Repertorisation)

অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত নিয়ম নীতি অনুসরণ করে - সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে, একিউট বা ক্রনিক ব্যক্তিগত রোগীর দেহ-মনে প্রকাশিত লক্ষণসমষ্টির মাধ্যমে তৈরী পূর্ণাঙ্গ রোগীলিপি থেকে, বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে রেপার্টরীর ভাষায় বা রুব্রিকে রূপান্তরের পর, রেপার্টরীর সহায়তায় রুব্রিকের বিপরীতে প্রদত্ত ওষুধসমূহকে নাম ও মানসহ কার্যসিদ্ধির উপযোগী করে সাজিয়ে লিপিবদ্ধ করে, গাণিতিক হিসেবের মাধ্যমে ওষুধের মূল্যমান নির্ণয়ের, সাদৃশ্যতা ও স্বাতন্ত্রতা নিরূপণের বিজ্ঞানভিত্তিক ও ব্যবহারিক কলাকৌশলে পূর্ণ যে পদ্ধতি হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞানে প্রচলিত আছে, তাকে রেপার্টরীকরণ **(Repertorisation)** বলা হয় ।

অর্থাৎ, বৈশিষ্ট্যপূর্ণ রোগলক্ষণসমূহের বিপরীতে ওষুধের গাণিতিক মূল্যমান নিরূপণের মাধ্যমে ওষুধের সাদৃশ্যতা ও স্বাতন্ত্রতা নির্ণয়ের যে পদ্ধতি রেপার্টরী পুস্তক দ্বারা সম্পাদিত হয় তাকে রেপার্টরীকরণ বলে ।

অথবা সংক্ষেপে বলা যায়-

রেপার্টরী পুস্তকের সহায়তায় রোগীচিত্রের বিপরীতে ওষুধচিত্রের গাণিতিক মূল্যায়নের পদ্ধতিকে রেপার্টরীকরণ বলে ।

রেপার্টরীকরণের পর মেটেরিয়া মেডিকায় যাচাই বাছাই করে রোগীর জন্য একক ওষুধ নির্বাচন করতে হয় ।

## সংজ্ঞার ব্যাখ্যা
## (Explanation of Definition)

১। হোমিওপ্যাথিক চিকিৎসাশাস্ত্রের সংবিধানগ্রন্থ অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত নীতি (একক, সদৃশ ওষুধ নির্বাচনের নীতি) বাস্তবায়নে রেপার্টরীকরণ পরিচালিত হবে।

২। রেপার্টরীকরণের জন্য তরুন (একিউট) বা পুরাতন (ক্রনিক) সকল প্রকার রোগীর রোগলক্ষণ গ্রহণযোগ্য।

৩। একবারে কেবলমাত্র একটি রোগীচিত্র নিয়েই রেপার্টরীকরণ করতে হয়।

৪। রেপার্টরীকরণের জন্য অবশ্যই পূর্ণাঙ্গ রোগীলিপি হতে হবে।

৫। একক রোগীর মানসিক ও দৈহিক সকল বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীর সমন্বয়ে সৃষ্ট লক্ষণসমষ্টি রেপার্টরীকরণের জন্য বিবেচ্য।

৬। রেপার্টরীকরণের জন্য নির্বাচিত বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে রেপার্টরীর ভাষায় অর্থাৎ রুব্রিকে রূপান্তরিত হতে হবে, রোগীর ভাষাকে রেপার্টরীর ভাষায় রূপান্তরকে বলা হয় Paraphrasing।

৭। রুব্রিকসমূহের বিপরীতে প্রদত্ত ওষুধ তালিকা রেপার্টরী পুস্তক থেকে কাগজে লিপিবদ্ধ করার সময় অবশ্যই ওষুধের মান বা গ্রেড গাণিতিক হিসেবে লিপিবদ্ধ করতে হবে।

৮। ওষুধের নাম ও মানকে এমনভাবে সাজিয়ে লিখতে হবে যাতে মান গণনা করা সহজ হয়।

৯। সম্ভাব্য নির্বাচনযোগ্য ওষুধসমূহের মান গণনার পর সর্বোচ্চ মানপ্রাপ্ত ও সবচেয়ে অধিক রুব্রিক পূরণ করেছে এধরনের ওষুধকে সর্বপ্রথমে স্থান দিয়ে ক্রমশঃ পরবর্তী মানের ওষুধকে সাজিয়ে লিখে নিতে হবে, যাতে করে সর্বোচ্চ মানের ওষুধসমুহের ক্রম সহজে নির্ণয় করা যায়।

১০। রেপার্টরীকরণ কাজটি এমনভাবে সম্পাদিত হবে যাতে রোগীর রোগলক্ষণ ও বিভিন্ন ওষুধের মধ্যে সাদৃশ্যতা ও স্বাতন্ত্রতা নিরূপণ সম্ভব হয়।

রোগীর জন্য একক ওষুধ নির্বাচন করার উদ্দেশ্যে রেপার্টরীকরণের পর অবশ্যই মেটেরিয়া মেডিকায় যাচাই বাছাই করে চূড়ান্ত ওষুধ নির্বাচন করতে হবে, কেননা রেপার্টরীকরণের মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ ফলাফলই চূড়ান্ত ফলাফল নহে।





## রেপার্টরীকরণের পূর্বে অবশ্য পালনীয় কতিপয় শর্ত

১। চিকিৎসককে হোমিওপ্যাথিক নিয়ম নীতি ও অর্গানন অব মেডিসিন গ্রন্থে বর্ণিত যাবতীয় নির্দেশ সম্পর্কে জ্ঞানের অধিকারী হতে হবে।

২। চিকিৎসককে হোমিওপ্যাথিক মেটেরিয়া মেডিকা, ক্রনিক ডিজিস ও অন্যান্য চিকিৎসা সম্পর্কীত বিষয় সমূহে জ্ঞানের অধিকারী হতে হবে।

৩। চিকিৎসককে হোমিওপ্যাথি চিকিৎসার মূলনীতি "ওষুধকে শক্তিকৃত, পরীক্ষিত, সদৃশ, একক এবং সূক্ষ্ম মাত্রায় প্রয়োগ করতে হবে" এ নীতিতে অবিচল থাকতে হবে।

৪। চিকিৎসককে বেসিক মেডিকেল চিকিৎসা সম্পর্কীত (যেমন- এনাটমি, ফিজিওলজি, প্যাথলজি, অবস্টেট্রিক্স ও গাইনিকোলজি, প্র্যাকটিশ অব মেডিসিন, সার্জারী) পর্যাপ্ত জ্ঞানের অধিকারী হতে হবে।

৫। রেপার্টরীকরণের জন্য অবশ্যই পূর্ণাঙ্গ রোগীলিপি হতে হবে (Complete Case History)।

৬। নিয়মিত অনুশীলন দ্বারা রোগীর ভাষাকে রেপার্টরীর ভাষায় অর্থ্যাৎ রুব্রিকে পরিণত করার (Paraphrasing) কাজে যথেষ্ট পারদর্শী হতে হবে। মূলের অর্থের পরিবর্তন না করে শব্দান্তরে অর্থ প্রকাশকে Paraphrase বলে।

৭। লক্ষণের মূল্য (Evalution of Symptoms) নির্ণয়ে ও লক্ষণ নির্বাচনে (Sorting of Symptoms) যথেষ্ট পারদর্শী হতে হবে।

৮। রেপার্টরীকরণের পূর্বে রেপার্টরী সার্চিং (**Repertory Searching** - কোন রেপার্টরী সর্ম্পকে পুংঙ্খানুপুংখরূপে বিশদ জানাকে রেপার্টরী সার্চিং বলে) সম্পর্কে যথেষ্ট জ্ঞানের অধিকারী হতে হবে। নিম্নলিখিত বিষয়সমূহকে রেপার্টরী সার্চিং বুঝায়-

(ক) চিকিৎসক যে রেপার্টরী ব্যবহার করবেন সে রেপার্টরীর অধ্যায় সংখ্যা কয়টি এবং অধ্যায়সমূহ কিভাবে এই পুস্তকে সজ্জিত করা হয়েছে, অর্থাৎ কোন অধ্যায়ের পর কোন অধ্যায় সজ্জিত আছে তা জানা থাকতে হবে।

(খ) প্রতিটি অধ্যায়ে কোন কোন বিষয়ের বা কোন কোন অঙ্গের বা কোন কোন রোগ লক্ষণের রুব্রিক আলোচনা করা হয়েছে তা জানতে হবে।

(গ) প্রতিটি অধ্যায়ে রুব্রিক সমুহ কোন পদ্ধতিতে বা কোন ধারায় সজ্জিত করা হয়েছে তা জেনে নিতে হবে।

(ঘ) প্রতিটি অধ্যায়ে রুব্রিক সমূহের অনুগামী হিসেবে যে সকল সাব-রুব্রিকসমূহ বা সাব-সাব-রুব্রিকসমূহ সজ্জিত করা হয়েছে তাদেরকে কিভাবে সজ্জিত করা হয়েছে, রুব্রিক সজ্জিত করার ধারাবাহিকতার ক্ষেত্রে কোন ব্যতিক্রম আছে কিনা তা জেনে নিতে হবে।

(ঙ) রুব্রিকের বিপরীতে ওষুধসমূহকে কিভাবে সজ্জিত করা হয়েছে, ওষুধের গ্রেডিং বা মূল্যায়ন কয়টি বা কিভাবে করা হয়েছে, কোন ধরনের ফন্ট বা অক্ষর গ্রেডিং বুঝানোর জন্য ব্যবহার করা হয়েছে এবং গ্রেডিং ফন্ট বা অক্ষর এর কত মান তা জেনে নিতে হবে, কেননা ভিন্ন ভিন্ন রেপার্টরীতে এই গ্রেডিং ও গ্রেডিং চিহ্ন ভিন্ন ভিন্ন।

(চ) চিকিৎসক যে রেপার্টরী ব্যবহার করবেন সে রেপার্টরী থেকে কি কি সুবিধা পাওয়া যাবে এবং সে রেপার্টরীর সীমাবদ্ধতা কি কি তা জানা থাকতে হবে।

(ছ) চিকিৎসকের নিজের পছন্দের ব্যবহৃত রেপার্টরীর সকল অধ্যায়ের রুব্রিকসমূহকে বার বার পাঠ করে একটি পূর্ণাঙ্গ ধারণা পূর্ব থেকেই জেনে রাখবেন যাতে কোন রুব্রিক বা লক্ষণ কোন অধ্যায়ে অন্তর্ভূক্ত হয়েছে সেটি নিয়ে চিন্তা করতে সময়ক্ষেপণ না হয়।

## রেপার্টরীকরণের বিভিন্ন ধাপ
## (Stage of Repertorisation)

১। পূর্ণাঙ্গ রোগীলিপি তৈরী করণ (Complete Case History)।

২। লক্ষণের গুরুত্ব অনুসারে রেপার্টরীকরণের জন্য লক্ষণ নির্বাচন (Evaluation and sorting of Symptoms)।

৩। রোগীর ভাষাকে রেপার্টরীর ভাষায় অর্থ্যাৎ রুব্রিকে পরিণত করা (Paraphrasing)।

৪। রেপার্টরী পুস্তকে রুব্রিক খুঁজে বের করা ও রুব্রিকের বিপরীতে প্রদত্ত ওষুধসমূহকে মান সহ লিপিবদ্ধ করা (Finding rubrics and writing down the remedes with grade)।

৫। কমপক্ষে ৫০% রুব্রিক পূরণকৃত ওষুধেসমূহের মান গণনা করা (Calculating and scoring)।

৬। সর্বোচ্চ মান প্রাপ্ত প্রাথমিক ভাবে নির্বাচিত ওষুধ সমূহকে মেটেরিয়া মেডিকায় যাচাই করে রোগীর জন্য চূড়ান্ত একক ওষুধের নির্বাচন (Compare with Materia Medica and final selection)।





## রেপার্টরীকরণের পদ্ধতি বা বিভিন্ন মত
## (Method of Repertorisation)

সদৃশ, একক ওষুধ নির্বাচনের উদ্দেশ্যে রেপার্টরীকরণের বিভিন্ন পদ্ধতি প্রচলিত আছে, তম্মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হল -

১।হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতি (Hahnemann-Boenighausen's Method)

২। কেন্ট পদ্ধতি (Kent's Method)

৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

### ১। হ্যানিম্যান - বোনিংহাউসেন পদ্ধতি
### (Hahnemann - Boenighausen's Method)

এ পদ্ধতিতে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের পর বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে (লক্ষণের মূল্যায়ন বা Evaluation of Symptoms এর দ্বারা লক্ষণসমূহকে বাছাই করে) স্থান (Location), অনুভূতি ও অভিযোগ (Sensation and Complaints), হ্রাস-বৃদ্ধি (Modalities), আনুষংগিক বা সহচর লক্ষণ (Concomitants) এই সুনির্দিষ্ট বিভাগে বিভক্ত করা হয়, এবং কারণগত (Causation) লক্ষণকে হ্রাস-বৃদ্ধির অন্তর্গত করে ভাগ করা হয়। এর পর লক্ষণকে রুব্রিক বা লক্ষণ শিরোনামে রূপান্তর করা হয়। রেপার্টরীকরণের সময় আনুষংগিক লক্ষণ ও বিরল লক্ষণকে অধিকতর গুরুত্ব দেয়া হয়।

রুব্রিক ও সাব-রুব্রিক সমূহকে খাতার উপরে লিখে নেয়া হয় এবং তাদেরকে একটি ক্রমিক নং দেয়া হয়। খাতার বাম পার্শ্বে ওষুধের নাম লেখার জন্য নীচের দিকে যথেষ্ট জায়গা রাখা হয়। একটি টেবিল বা ছক করে বাম দিকে ওষুধের নাম লেখা হয়। ওষুধের নামের বিপরীতে ও রুব্রিকের ক্রমিক নং এর নীচে ওষুধের মূল্যমান গ্রেডিং অনুযায়ী গাণিতিক ভাবে লিপিবদ্ধ করা হয় ( বিভিন্ন কার্যপ্রণালীতে রেপার্টরীকরণ সম্পন্ন করা যায়, দেখুন- রেপার্টরীকরণের কার্যপ্রণালী )। পরিশেষে ওষুধের মানের যোগফল বের করা হয় এবং সর্বোচ্চ মান প্রাপ্ত ও রুব্রিক পুরণকৃত কমপক্ষে ৫-১০টি ওষুধকে রোগীর জন্য প্রাথমিক ভাবে নির্বাচন করা হয় এবং কোন ভাল মেটেরিয়া মেডিকায় যাচাই করে সর্বাধিক সদৃশ একক ওষুধ রোগীর জন্য ব্যবস্থাপত্র প্রদান করা হয়।

বোনিংহাউসেন থেরাপিউটিক রেপার্টরী ও বোগার-বোনিংহাউসেন ক্যার‍্যাক্টারিষ্টিক রেপার্টরী দ্বারা এ পদ্ধতিতে রেপার্টরীকরণ অধিকতর সুবিধাজনক।

## ২। কেন্ট পদ্ধতি (Kent's Method)

এ পদ্ধতিতে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের পর বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে (লক্ষণের মূল্যায়ন বা Evaluation of Symptoms এর দ্বারা লক্ষণসমূহকে বাছাই করে) সর্বাংগিন মানসিক লক্ষণ (Mental general), সর্বাংগিন দৈহিক লক্ষণ (Physical general) {সর্বাংগিন দৈহিক লক্ষণ (Physical general), পারিপার্শ্বিক সর্বাংগিন লক্ষণ (Environmental general), সর্বাংগিন হ্রাস-বৃদ্ধি (Modalilies general)} এবং সবশেষে আংগিক লক্ষণ (Particular symptoms) হিসেবে শ্রেণীবদ্ধ করার পর রুব্রিকে পরিবর্তিত করা হয়। এ পদ্ধতিতে মানসিক লক্ষণের গুরুত্ব সবচেয়ে বেশী, তারপরে সর্বাংগিন দৈহিক লক্ষণ ও তারপরে আংগিক লক্ষণের গুরুত্ব দেয়া হয়। প্রতিটি রোগীক্ষেত্রে অসাধারণ, অদ্ভুত, বিরল, পরিচায়ক এবং বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণকে সর্বাধিক গুরত্ব দেয়া হয়।

রুব্রিক ও সাব-রুব্রিক সমূহকে খাতার উপরে লিখে নেয়া হয় এবং তাদেরকে একটি ক্রমিক নং দেয়া হয়। খাতার বাম পার্শ্বে ওষুধের নাম লেখার জন্য নীচের দিকে যথেষ্ট জায়গা রাখা হয়। একটি টেবিল বা ছক করে বামদিকে ওষুধের নাম লেখা হয়। ওষুধের নামের বিপরীতে ও রুব্রিকের ক্রমিক নং এর নীচে ওষুধের মূল্যমান গ্রেডিং অনুযায়ী গাণিতিক ভাবে লিপিবদ্ধ করা হয় ( বিভিন্ন কার্যপ্রণালীতে রেপার্টরীকরণ সম্পন্ন করা যায়, দেখুন- রেপার্টরীকরণের কার্যপ্রণালী )। পরিশেষে ওষুধের মানের যোগফল বের করা হয় এবং সর্বোচ্চ মান প্রাপ্ত ও রুব্রিক পুরণকৃত কমপক্ষে ৫-১০টি ওষুধকে রোগীর জন্য প্রাথমিক ভাবে নির্বাচন করা হয় এবং কোন ভাল মেটেরিয়া মেডিকা দেখে সর্বাধিক সদৃশ একক ওষুধ রোগীর জন্য ব্যবস্থাপত্র প্রদান করা হয়।

কেন্ট রেপার্টরী, সিন্থেটিক রেপার্টরী, সিন্থেসিস রেপার্টরী, রবিন মারফির হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী ও রজার ভ্যান জ্যান্ডভর্ট রচিত কমপ্লিট রেপার্টরী দ্বারা এ পদ্ধতির রেপার্টরীকরণ অধিকতর সুবিধাজনক।

## ৩। আধুনিক পদ্ধতি (Modern Method)

আধুনিক পদ্ধতিতে রেপার্টরীকরণে পূর্ণাঙ্গ রোগীলিপি প্রণয়নের পর রোগীর দেহ মনে প্রকাশিত সকল বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণসমূহকে (লক্ষণের মূল্যায়ন বা Evaluation of Symptoms এর দ্বারা লক্ষণসমূহকে বাছাই করে) রুব্রিকে রূপান্তরিত করার পর রেপার্টরীকরণ করা হয়। এখানে সর্বাংগিন মানসিক লক্ষণ (Mental general), দৈহিক সর্বাংগিন লক্ষণ (Physical general), আংগিক লক্ষণ (Particular symptoms), পারিপার্শ্বিক সর্বাংগিন লক্ষণ





(Environmental general), কারণগত লক্ষণ (Causation), সর্বাংগিন হ্রাস-বৃদ্ধি (Modalilies general), আংগিক হ্রাস-বৃদ্ধি (Particular Modalities), নিদানগত লক্ষণ (Pathological), সময়গত হ্রাস-বৃদ্ধি (Time), আক্রান্ত পার্শ্ব (Side), অসাধারণ, অদ্ভুত, বিরল, পরিচায়ক এবং বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণ (Strange, Rare, peculiar or Characteristic symptoms), অনুভূতি (Sensation), আনুষংগিক বা সহচর লক্ষণ (Concomitants) ইত্যাদি সকল প্রকার লক্ষণকে যথাযথ গুরুত্ব দেয়া হয় এবং সকল রুব্রিকের বা লক্ষণের সকল ওষুধের মান গণনা করা হয়। প্রতিটি রোগীক্ষেত্রে অসাধারণ, অদ্ভুত, বিরল, পরিচায়ক এবং বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণকে সর্বাধিক গুরত্ব দেয়া হয়।

এই পদ্ধতিতে রেপার্টরীকরণের সময় একটি ছাপানো ছক (বাম দিকে প্রধান প্রধান ওষুধের সংক্ষিপ্ত নাম বর্ণমালা ক্রমানুসারে পর পর নীচের দিকে সাজিয়ে লিপিবদ্ধ করা থাকে) ব্যবহার করা যেতে পারে অথবা সবচেয়ে গুরুত্বপূর্ণ রুব্রিকের নির্দেশিত ওষুধ তালিকা নিয়ে অথবা সবচেয়ে অধিক সংখ্যক ওষুধ আছে এ ধরনের রুব্রিকের ওষুধতালিকা নিয়ে প্রথমে কাজটি আরম্ভ করা যেতে পারে। এই ছকে (চিকিৎসক নিজে এটি তৈরী করে নিতে পারেন) ডান দিকে ১৫ থেকে ৩০টি রুব্রিকের ক্রমিক নং ও ওষুধের মূল্যমান গাণিতিক ভাবে লিখে নেয়ার স্থান থাকে। চিকিৎসক রেপার্টরী থেকে রুব্রিক বের করে রুব্রিকের ক্রমিক নং এর নীচে রেপার্টরীতে নির্দেশিত ওষুধ তালিকা থেকে ছকচিত্রের ওষুধের সংক্ষিপ্ত নামের বরাবর সামনের ঘরে প্রথম শ্রেণীর ওষুধের মুল্যমান (কেন্ট-৩), দ্বিতীয় শ্রেণীর ওষুধের মূল্যমান (কেন্ট-২) এবং তৃতীয় শ্রেণীর ওষুধের মূল্যমান (কেন্ট-১) লিখে নিবেন, (চিকিৎসক যে রেপার্টরী ব্যবহার করবেন সে রেপার্টরীর ওষুধের মূল্যমান লিখবেন)। সকল রুব্রিকের বিপরীতে ওষুধের মূল্যমান লেখার পর ওষুধের মূল্যমানের যোগফল বের করে লিখে নেবেন এবং কোন ওষুধ কয়টি রুব্রিক রুব্রিক পুরণ করেছে তা বের করে ছকের নির্দিষ্ট স্থানে লিখে নেবেন। সকল ওষুধের মান গণনা করার পর ছক বা টেবিলের দিকে অনুসন্ধানী দৃষ্টিতে তাকালে কোন ওষুধ কত মান পেয়েছে তা সহজেই বুঝা যায়। ( বিভিন্ন কার্যপ্রণালীতে রেপার্টরীকরণ সম্পন্ন করা যায়, দেখুন- রেপার্টরীকরণের কার্যপ্রণালী )

মান গণনার পর ওষুধসমূহকে তাদেরকে সর্বোচ্চ মান থেকে ক্রম নিম্নমানে সাজিয়ে নেয়া হয়। কোন ওষুধ কয়টি রুব্রিক পুরণ করেছে ও কত পয়েন্ট বা গ্রেড পেয়েছে সে হিসেবে মানের ক্রমসজ্জা করা হয়। সর্বাধিক মূল্যমান প্রাপ্ত ওষুধের মধ্যে অসাধারণ, অদ্ভুত, বিরল, পরিচায়ক এবং বিশেষ বৈশিষ্টপূর্ণ লক্ষণ (Strange, Rare, peculiar or Characteristic symptoms) কোন ওষুধের মধ্যে অধিক আছে তা নির্ণয় করা হয় এবং পরিশেষে কোন ভাল মেটেরিয়া মেডিকায় যাচাই করে সর্বাধিক সদৃশ একক ওষুধ রোগীর জন্য ব্যবস্থাপত্র প্রদান করা হয়।

এ ছক ব্যবহার করার সুবিধা এই যে, এখানে বার বার ওষুধের নাম লেখার প্রয়োজন হয় না এবং মান গণনা নির্ভুলভাবে ও স্বল্পসময়ে করা যায়। বোনিংহাউসেন থেরাপিউটিক রেপার্টরী, বোগার-বোনিংহাউসেন ক্যারাক্টারিষ্টিক রেপার্টরী, কেন্ট রেপার্টরী, বোরিক রেপার্টরী, সিন্থেটিক রেপার্টরী, সিন্থেসিস রেপার্টরী, রবিন মারফির হোমিওপ্যাথিক মেডিকেল রেপার্টরী ও রজার ভ্যান জ্যান্ডভর্ট রচিত কমপ্লিট রেপার্টরী সহ সকল রেপার্টরী দ্বারা এ পদ্ধতিতে রেপার্টরীকরণ করা যায়।

## রেপার্টরীকরণের কার্যপ্রণালী বা বিভিন্ন পথ (Process of Repertorisation)

উপরোক্ত তিনটি প্রধান পদ্ধতি অনুসরণ করে নিম্নোক্ত কার্যপ্রণালীতে রেপার্টরীকরণ সম্পন্ন করা যায়, এরা হল ঃ-

১। সম্পূর্ণ যোগকরণ কার্যপ্রণালী (Total Addition process)
২। বর্জন কার্যপ্রণালী (Elimination process)
৩। যোগকরণ সহ বর্জন কার্যপ্রণালী (Addition with elimination process)
৪। যোগকরণ সহ অবরোহমুলক সিদ্ধান্ত কার্যপ্রণালী (Addition with deduction process)
৫। যোগকরণ সহ অবরোহমুলক সিদ্ধান্ত ও বর্জন কার্যপ্রণালী (Addition with deduction and elimination process)
৬। সাধারণ বিযোজন কার্যপ্রণালী (General subtraction process)
৭। বিযোজন সহ অবরোহমুলক সিদ্ধান্ত কার্যপ্রণালী (Subtraction with deduction process)
৮। বিযোজন সহ পুনঃসজ্জিতকরণ কার্যপ্রণালী (Subtraction with rearrangement of symptoms)
৯। বিযোজন সহ অবরোহমুলক পুনঃসজ্জিতকরণ কার্যপ্রণালী (Subtraction with deduction and rearrangement of symptoms)
১০। মিশ্র কার্যপ্রণালী (Mixed process)
১১। আঙ্গুলে গণনা কার্যপ্রণালী (Fingering process)
১২। ক্যালকুলেটর কার্যপ্রণালী (Calculator process)
১৩। কার্ড কার্যপ্রণালী (Cards process)





১৪। Auto visual process
১৫। Totality founder process
১৬। Coin playing process
১৭। Computer process

### ১। সম্পূর্ণ যোগকরণ কার্যপ্রণালী (Total Addition process) -

এই কার্যপ্রণালীতে পূর্ণাঙ্গ রোগীলিপি গ্রহণের পর লক্ষণসমূহকে হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতিতে সাজানো হয় (Hahnemann - Boenighausen's Method :- Location, Sensation and Complaints, Modalities and Concomitants) বা কেন্ট পদ্ধতিতে সাজানো হয় (Kent Method :- Mental, Physical generals, Environmental generals, Modalities general and lastly particulars) বা আধুনিক পদ্ধতিতে (Modern Method) সাজানো হয় এবং সকল রুব্রিক ও সকল ওষূধের মুল্যায়নের মাধ্যমে রেপার্টরীকরণ করা হয়।

রেপার্টরীকরণের জন্য এ কার্যপ্রণালী সবচাইতে পূর্ণাঙ্গ ও উপযোগী, কিন্তু এতে অনেক শ্রম ও সময় ব্যয় হয়।

### ২। বর্জন কার্যপ্রণালী (Elimination process)

এই কার্যপ্রণালীতে পূর্ণাঙ্গ রোগীলিপি গ্রহণের পর লক্ষণসমূহকে হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতিতে সাজানো হয় (Hahnemann - Boenighausen's Method) বা কেন্ট পদ্ধতিতে সাজানো হয় (Kent Method) বা আধুনিক পদ্ধতিতে (Modern Method) সাজানো হয়।

রেপার্টরীকরণে অভিজ্ঞ চিকিৎসক এ কার্যপ্রণালীতে রেপার্টরীকরণের সময় রোগী শীতকাতর হলে গরমকাতর ওষূধসমুহকে বর্জন করেন বা রোগী গরমকাতর হলে শীতকাতর ওষূধ সমুহকে বর্জন করেন। নির্বাচিত রুব্রিকসমূহের বিপরীতে পাওয়া ওষূধের গাণিতিক মুল্যায়নের মাধ্যমে রেপার্টরীকরণ করা হয়।

রেপার্টরীকরণের জন্য এ কার্যপ্রণালী প্রায় পূর্ণাঙ্গ ও উপযোগী, এতে শ্রম ও সময় কম লাগে, কিন্তু কেবল মাত্র গরমকাতর ও শীতকাতর ওষুধসমূহের মাধ্যমে রেপার্টরীকরণের সময় চিকিৎসকের গরমকাতরতা ও শীতকাতরতা নির্ণয়ে ভুলের কারণে ভুল ওষুধ নির্বাচিত হতে পারে। অন্যদিকে মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীতে গরমকাতর ও শীতকাতর ওষুধের তালিকা পূর্ণাঙ্গ নহে। কোন পুস্তকে যে ওষুধকে গরমকাতর দেখানো হয়েছে অন্য পুস্তকে হয়ত তাকে শীতকাতর বা উভয়কাতর

দেখানো হয়েছে, আবার শীতকাতর ওষুধকে গরমকাতর বা উভয়কাতর হিসেবেও উল্লেখ করা হয়েছে।

৩। যোগকরণ সহ বর্জন কার্যপ্রণালী **(Addition with elimination process) -**

এই কার্যপ্রণালীতে পূর্ণাঙ্গ রোগীলিপি গ্রহণের পর লক্ষণসমূহকে হ্যানিম্যান-বোনিংহাউসেন পদ্ধতিতে সাজানো হয় বা কেন্ট পদ্ধতিতে সাজানো হয় বা আধুনিক পদ্ধতিতে সাজানো হয় এবং কেবল মাত্র অসাধারণ, অদ্ভুত, বিরল ও আকর্ষণীয় পরিচায়ক লক্ষণ সমূহের (Uncommon, Peculiar, Rare, and Strange Characteristics) মান গণনা করা হয় ও বাকী লক্ষণ সমূহকে বর্জন করা হয় এবং রেপার্টরীকরণ করা হয়।

রেপার্টরীকরণের এ কার্যপ্রণালীতে শ্রম ও সময় কম লাগে, কিন্তু কেবল মাত্র অসাধারণ, অদ্ভুত, বিরল ও আকর্ষণীয় পরিচায়ক লক্ষণ সমূহের মাধ্যমে রেপার্টরীকরণের সময় লক্ষণের বৈশিষ্ট্য নির্ণয়ে চিকিৎসকের সামান্য ভুলের কারণে ভুল ওষুধ নির্বাচিত হতে পারে।

৪। যোগকরণ সহ অবরোহমুলক সিদ্ধান্ত কার্যপ্রণালী **(Addition with deduction process) -**

| Chin. | 1 | | 2 | | 1 | 3 | 4 |
| Cic. | 2 | | | | | | |
| Con. | 3 | 1 | | | | | |
| Croc. | 1 | | | 1 | 2 | 3 | 4 |
| Dulc. | 2 | 2 | 2 | 2 | 1 | 5 | 9 |
| Euphr. | 1 | 1 | 1 | 1 | 2 | 5 | 6 |
| Hep. | 3 | 1 | 2 | | | 3 | 6 |
| Hyos. | 1 | | 2 | | | | |
| Hyper. | 3 | | | | | | |
| Iod. | 2 | 2 | | 3 | 3 | 4 | 10 |
| Kali-c. | 1 | 1 | 2 | | | 3 | 4 |
| Kreos. | 1 | | | | | | |
| Lach. | 2 | 2 | 1 | 2 | | 4 | 7 |
| Laur. | 1 | | | 1 | | | |
| Led. | 2 | | | 3 | 2 | 3 | 7 |
| Lyc | 1 | 2 | 2 | 2 | 2 | 5 | 9 |
| Merc. | 1 | 1 | | 2 | 1 | 4 | 5 |
| Mez. | 1 | 2 | | 2 | | 3 | 5 |
| Nat-c. | 1 | | | 1 | | | |





| Symp. Code→ Remedy↓ | 01 | 02 | 03 | 04 | 05 | Total | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | Rubrics | Grades |
| Nat-m. | 1 | | 1 | 2 | | 3 | 4 |
| Nat-s. | 2 | 3 | 3 | 2 | 2 | 5 | 12 |
| Nit-ac. | 2 | 3 | 1 | | | 3 | 6 |
| Nux-v. | 1 | | 1 | | | | |
| Par. | 1 | | | | | | |
| Ph-ac. | 1 | | | | | | |
| Phos. | 2 | | 1 | 2 | | 3 | 5 |
| Plat. | 1 | | | | | | |
| Plb. | 1 | | | | | | |
| Puls. | 3 | 1 | 3 | 3 | 3 | 5 | 13 |
| Rhus-t. | 3 | | 3 | | 1 | 3 | 7 |
| Ruta. | 2 | | | | | | |
| Samb. | 1 | | | | | | |
| Sec. | 1 | 2 | 1 | 3 | 2 | 5 | 9 |
| Seneg. | 1 | | | 2 | | | |
| Sil. | 2 | 2 | 2 | | | 3 | 6 |
| Staph. | 2 | 3 | | | | | |
| Sulph. | 2 | 2 | 1 | 2 | 3 | 5 | 10 |
| Sul-ac. | 3 | | | | | | |
| Symph. | 2 | | | | | | |
| Verat. | 1 | | | | | | |
| Zinc. | 1 | | 1 | | | | |
| | | | | | | | |
| Arg-m. | | 3 | | | | | |
| Arg-n. | | 3 | | 2 | | | |
| Kali-s. | | 3 | | | | | |
| Medo | | 3 | | | 1 | | |
| Sep. | | 3 | 3 | | | | |
| Thuj | | 3 | 1 | 1 | 1 | 4 | 6 |

| Symp.Code→ Remedy↓ | 0 1 | 0 2 | 0 3 | 0 4 | 0 5 | Total | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | Rubrics | Grades |
| Alum | | | 3 | 3 | | | |
| Calc | | | 3 | | | | |
| Caust | | | 3 | | | | |
| | | | | | | | |
| Apis | | 2 | 2 | 3 | 2 | 4 | 9 |
| Ars-i | | | | 3 | 1 | | |
| Sec | | | 1 | 3 | 2 | 3 | 6 |

উপরের ছকচিত্রের দিকে তাকালে কোন ওষুধগুলি সর্বোচ্চ মান ও সবচেয়ে বেশি রুব্রিক পূরণ করতে পেরেছে তা সহজেই বুঝা যায়, এদেরকে রুব্রিক পূরণের দিক থেকে ও মানের উচ্চ ক্রম থেকে সাজিয়ে লিখলে নিম্নরূপ হয়-

Puls 5/13, Nat-s 5/12, Sulph 5/10, Lyc 5/9, Sec 5/9, Dulc 5/9, Bry 5/8, Carb-v 5/6, Cham 5/6, Euphr 5/6

এদেরকে মানের উচ্চ ক্রম থেকে সাজিয়ে লিখলে নিম্নরূপ হয় -

Puls 5/13, Nat-s 5/12, Sulph 5/10, Iod 4/10, Lyc 5/9, Sec 5/9, Dulc 5/9, Bry 5/8, Carb-v 5/6, Cham 5/6, Euphr 5/6

রেপার্টরীকরণের ফলাফলে দেখা যাচ্ছে যে পালস সর্বোচ্চ রুব্রিক পুরণ করেছে এবং একই সাথে সর্বোচ্চ মান পেয়েছে। নেট্রাম সালফ সর্বোচ্চ রুব্রিক পুরণ করেছে এবং মানের দিক থেকে পালসের পরে এর স্থান। এখানে লক্ষণীয় যে ঠান্ডায় উপশম লক্ষণটি বা রুব্রিকটি কেন্ট রেপার্টরীতে নেই, সে কারণে এ রুব্রিকটি রবিন মারফির রেপার্টরী থেকে নেয়া হয়েছে। রোগের উৎপত্তির কারণ বৃষ্টিতে ভেজা লক্ষণটি কেন্ট বা রবিন মারফির রেপার্টরীতে অবিকল নেই, এজন্য বিকল্প রুব্রিক ভিজে যাওয়া **(wet, getting)** নেয়া হয়েছে, কিন্তু কেন্ট রেপার্টরীতে এই রুব্রিকটির বিপরীতে ওষুধ তালিকা সম্পূর্ণ না থাকায় এ রুব্রিকটি রবিন মারফির রেপার্টরী থেকে নেয়া হয়েছে। অন্যদিকে সাইকোসিস রুব্রিকটি রবিন মারফির রেপার্টরীতে নেই বিধায় রুব্রিকটি কেন্ট রেপার্টরী থেকে নেয়া হয়েছে। আঘাত ও গরমে বৃদ্ধি রুব্রিক দু'টি কেন্ট ও রবিন মারফি উভয় রেপার্টরীতেই আছে, এই দু'টি রেপার্টরীর তথ্যের ক্ষুদ্র একটি তুলনা করার জন্য কেন্ট রেপার্টরী থেকে এ দু'টি রুব্রিক নেয়া হয়েছে। কেন্ট রেপার্টরীতে গরমে বৃদ্ধি রুব্রিকটির বিপরীতে ওষুধ তালিকায় নেট্রাম সালফকে দ্বিতীয় গ্রেডে দেখানো হয়েছে কিন্তু রবিন মারফির রেপার্টরীতে নেট্রাম সালফকে প্রথম গ্রেডে লিপিবদ্ধ করা হয়েছে (Robin Murphy- **Environment**, WARM, temperature/warm





agg. page 361, 1st edition, 1993)। গরমে বৃদ্ধি রুব্রিকটি রবিন মারফির রেপার্টরী হতে নিয়ে রেপার্টরীকরণ করলে ফলাফল দাড়াবে Puls 5/13, Nat-s 5/13। মেটেরিয়া মেডিকায় পর্যালোচনা করলে রবিন মারফির রেপার্টরীর তথ্যকে অধিক যুক্তিযুক্ত পাওয়া যায়, সে হিসাবে রবিন মারফির রেপার্টরী কেন্ট রেপার্টরীর চেয়ে অধিক উপযোগী, আবার সাইকোসিস একটি গুরুত্বপূর্ণ রুব্রিক বা লক্ষণ হলেও রবিন মারফির রেপার্টরীতে স্থান না পাওয়ায় আমাদেরকে কেন্ট রেপার্টরী থেকে এই রুব্রিকটি ও তার নির্দেশিত ওষুধ নিয়ে রেপার্টরীকরণ করতে হয়েছে, সুতরাং কেন্ট রেপার্টরীর প্রয়োজনীয়তা এখনো ফুরিয়ে যায়নি। এ ধরনের অসংখ্য তথ্যের উদাহরণ এ দু'টি রেপার্টরীর তুলনা করলে পাওয়া যাবে। মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করে ও সর্বদিক বিবেচনা করে নেট্রাম সালফের সাথেই সর্বাধিক সাদৃশ্যতা পাওয়া যাচ্ছে। অর্থাৎ সঠিক রেপার্টরীকরণের মাধ্যমে প্রাপ্ত ফলাফলকে মেটেরিয়া মেডিকায় পর্যালোচনা করে আংশিক সদৃশ ওষুধ নির্বাচিত না হয়ে পূর্ণ সদৃশ ওষুধ নির্বাচন করা সম্ভব হয়েছে।

অতএব দেখা যাচ্ছে যে, কোন একক রেপার্টরী এখনও স্বয়ং-সম্পূর্ণতা লাভ করেনি, তাই চিকিৎসককে সদৃশ ওষুধ নির্বাচনের সময় প্রয়োজনে একাধিক রেপার্টরীর সমন্বয়ে রেপার্টরীকরণ করতে হতে পারে। বিভিন্ন কম্পিউটার প্রোগ্রামের মধ্যে একাধিক রেপার্টরী সংযোজিত থাকায় কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে একাধিক রেপার্টরী নিয়ে রেপার্টরীকরণ করা হাতে কলমে কাজ করার চেয়ে অনেক সহজ এবং সময় ও শ্রম লাঘবকারী।

## Case No. 4.

কোন এক অসুস্থ রোগিণী জনৈক হোমিওপ্যাথ চিকিৎসকের স্মরনাপন্ন হলেন। বয়স ২৮ বৎসর, ২২ বৎসর বয়সে বিবাহ হয়। বিবাহের পূর্ব হতেই রোগিণীর মাসিকের সময় জরায়ুতে প্রচন্ড কষ্টকর বেদনা ছিল, মাসিকের রক্তের বর্ণ কাল এবং চাপ চাপ জমাট বাঁধা রক্ত নির্গত হয়, বেদনা মাসিকের এক দিন পূর্বে আরম্ভ হয় এবং ধীরে ধীরে বাড়তে থাকে, মাসিক শেষ হওয়ার দুই দিন পরে ধীরে ধীরে কমে আসে। বিবাহের পরেও এই কষ্ট থেকে যায়। এলোপ্যাথিক চিকিৎসা করানো হয়েছে, চিকিৎসকগণ ডিসমেনোরিয়া রোগের নামকরণ করে চিকিৎসা করেছেন এবং সন্তান ধারণ করতে বলেছেন, বলেছেন সন্তান জন্মদানের পর এ কষ্ট থাকবেনা। কিন্তু সন্তান জন্মদানের পরও যন্ত্রনার উপশম হয়নি। মাসিকের সময় স্ত্রীজননাঙ্গ এত স্পর্শকাতর হয় যে, স্যানিটারি ন্যাপকিনের স্পর্শও অসহ্য বোধ হয়। রোগিণী সর্বদাই কোষ্ঠবদ্ধতায় ভোগেন, মল নরম কিন্তু অত্যন্ত আঠাল, মল ত্যাগের সময় অত্যন্ত দূর্বলতা অনুভব করেন। বিভিন্ন এলোপ্যাথিক চিকিৎসকের নিকট চিকিৎসা করিয়েছেন, সাময়িক ভাবে উপশম হয় কিন্তু দুই এক মাস পরেই আবার মাসিকের তীব্র যন্ত্রনা শুরু হয়। আলট্রাসনোগ্রাম পরীক্ষায় জরায়ু, ফ্যালোপিয়ান টিউব, ডিম্বাশয় সহ নিম্ন উদরে কোন অস্বাভাবিক প্যাথলজিক্যাল পরিবর্তন পাওয়া যায়নি। চিকিৎসক লক্ষ্য করেন যে- মানসিক দিক থেকে রোগিণী অত্যন্ত গর্বিত ও ঔদ্ধত প্রকৃতির, অন্য চিকিৎসকের প্রতি তার তুচ্ছ-তাচ্ছিল্য করার প্রবণতা, এতে বুঝা যায় যে রোগিণীর মধ্যে অন্যকে হেয় প্রতিপন্ন করার স্বভাব আছে। মহিলা সুন্দরী, অলঙ্কার, পোষাক পরিচ্ছদ, সাজ-সজ্জায় ও রোগিণীর চালচলনে অতিআধুনিক ও অশ্লীলতার ভাব দেখা যায়, কথা বার্তায় একটি প্রভুত্যসুলভ ভঙ্গী বিদ্যমান। স্বামীকে গোপনে প্রশ্ন করে জানা গেল - রোগিণীর কামভাব প্রবল, স্বামীর যৌন ক্ষমতা স্বাভাবিক, কিন্তু রোগিণীর চাহিদা মিটে না। রোগিণী অত্যন্ত গরম কাতর, শীত কালেও তার গরম বস্ত্রের তেমন আবশ্যক হয় না। বেশ কয়েকবার মলদ্বার ও নাসিকা দিয়ে রক্তক্ষরণের ইতিহাস আছে। অসুস্থতার সময় দেহের মধ্যে একটি সংকোচন বা খিচুনির মত অনুভব করেন, কখনো মনে হয় দেহের অভ্যন্তরে একটি গোঁজ পোতা আছে।

রোগিণীর লক্ষণাবলীকে কেন্ট পদ্ধতির ধারা অনুযায়ী রেপার্টরীকরণের জন্য নিম্নরূপে সজ্জিত করা হল-

মানসিক লক্ষণঃ-

১। রোগিণী অত্যন্ত গর্বিত ও ঔদ্ধত প্রকৃতির, অন্য চিকিৎসকের প্রতি তার তুচ্ছ-তাচ্ছিল্য করার প্রবণতা।





২। রোগিণী মধ্যে অন্যকে হেয় প্রতিপন্ন করার স্বভাব আছে।
৩। কথা বার্তায় একটি প্রভুত্যসুলভ ভঙ্গী বিদ্যমান।
৪। রোগিণী কামভাব প্রবল, স্বামীর যৌন ক্ষমতা স্বাভাবিক, কিন্তু রোগীনির চাহিদা মিটে না।

সর্বাংগিণ দৈহিক লক্ষণ ঃ-

৫। রোগিণী অত্যন্ত গরম কাতর, শীত কালেও তার গরম বস্ত্রের তেমন আবশ্যক হয় না।
৬। বেদনা মাসিকের এক দিন পূর্বে আরম্ভ হয় এবং ধীরে ধীরে বাড়তে থাকে, মাসিক শেষ হওয়ার দুই দিন পরে ধীরে ধীরে কমে আসে।
৭। মল ত্যাগের সময় অত্যন্ত দূর্বলতা অনুভব করেন।
৮। বেশ কয়েকবার মলদ্বার ও নাসিকা দিয়ে রক্তক্ষরণের ইতিহাস আছে।
৯। অসুস্থতার সময় দেহের মধ্যে একটি সংকোচন বা খিচুনির মত অনুভব করেন।
১০। কখনো মনে হয় দেহের অভ্যন্তরে একটি গোঁজ পোতা আছে।

আংগিক লক্ষণ ঃ-

১১। মাসিকের সময় জরায়ুতে প্রচন্ড কষ্টকর বেদনা।
১২। মাসিকের রক্তের বর্ণ কালচে।
১৩। মাসিকে চাপ চাপ জমাট বাঁধা রক্ত নির্গত হয়।
১৪। মাসিকের সময় স্ত্রীজননাঙ্গ এত স্পর্শকাতর হয় যে, স্যানিটারি ন্যাপকিনের স্পর্শও অসহ্য বোধ হয়।
১৫। রোগিণী প্রায় সর্বদাই কোষ্ঠবদ্ধতায় ভোগেন।
১৬। মল নরম।
১৭। মল অত্যন্ত আঠাল, সহজে নির্গত হয় না।

# Case No. 4.

## Repertorisation Sheet
## Symptoms vs. Rubric

Date................................Patient's Sl. No....................................

Patient Name.................................................................Age ..........

Address________________________________________________

| Sl. No | Symptoms | Rubrics | Repertory Name | Chapter Name | Page No. |
|---|---|---|---|---|---|
| 1 | রোগিণী অত্যন্ত গর্বিত ও ঔদ্ধত প্রকৃতির, অন্য চিকিৎসকের প্রতি তার তুচ্ছ-তাচ্ছিল্য করার প্রবণতা। | HAUGHTY | Kent | Mind | 51 |
| 2 | রোগিণীর মধ্যে অন্যকে হেয় প্রতিপন্ন করার স্বভাব আছে। | CONTEMP-TUOUS | Kent | Mind | 16 |
| 3 | কথা বার্তায় একটি প্রভুত্যসুলভ ভঙ্গী বিদ্যমান। | DICTATO-RIAL | Kent | Mind | 36 |
| 4 | রোগিণীর কামভাব প্রবল, স্বামীর যৌন ক্ষমতা স্বাভাবিক, কিন্তু রোগীনির চাহিদা মিটে না। | NYMPHO-MANIA | Kent | Mind | 68 |
| 5 | রোগিণী অত্যন্ত গরমকাতর, শীত কালেও তার গরম বস্ত্রের তেমন আবশ্যক হয় না। | WARM agg. | Kent | Genera-lities | 1412 |





| Sl. No | Symptoms | Rubrics | Repertory Name | Chapter Name | Page No. |
|---|---|---|---|---|---|
| 6 | বেদনা মাসিকের এক দিন পূর্বে আরম্ভ হয় এবং ধীরে ধীরে বাড়তে থাকে, মাসিক শেষ হওয়ার দুই দিন পরে ধীরে ধীরে কমে আসে। | PAIN appear gradually and disappear gradually | Kent | Genera-lities | 1377 |
| 7 | মল ত্যাগের পরে অত্যন্ত দূর্বলতা অনুভব করেন। | WEAK-NESS stool after | Kent | Genera-lities | 1419 |
| 8 | বেশ কয়েকবার মলদ্বার ও নাসিকা দিয়ে রক্তক্ষরণের ইতিহাস আছে | HAEMO-RRHAGE | Kent | Genera-lities | 1365 |
| 9 | অসুস্থতার সময় দেহের মধ্যে একটি সংকোচন বা খিচুনির মত অনুভব করেন। | CONSTRI-CTION / internally | Kent | Genera-lities | 1350 |
| 10 | কখনো মনে হয় দেহের অভ্যন্তরে একটি গোঁজ পোতা আছে। | PLUG/ sensation of, internally | Kent | Genera-lities | 1391 |
| 11 | মাসিকের সময় জরায়ুতে প্রচন্ড কষ্টকর বেদনা। | MENSES/ painfull, dysmenorr-hoea | Kent | G-Femal | 727 |
| 12 | মাসিকের রক্তের বর্ণ কালচে। | MENSES/ dark | Kent | G-Femal | 726 |
| 13 | মাসিকে চাপ চাপ জমাট বাঁধা রক্ত নির্গত হয়। | MENSES/ clotted | Kent | G-Femal | 725 |

| Sl. No | Symptoms | Rubrics | Repertory Name | Chapter Name | Page No. |
|---|---|---|---|---|---|
| 14 | মাসিকের সময় স্ত্রীজননাঙ্গ এত স্পর্শকাতর হয় যে, স্যানিটারি ন্যাপকিনের স্পর্শও অসহ্য বোধ হয়। | SENSI-TIVE | Kent | G-Femal | 744 |
| 15 | রোগিণী প্রায় সর্বদাই কোষ্ঠবদ্ধতায় ভোগেন। | CONSTI-PATION | Kent | Rectum | 606 |
| 16 | মল নরম। | SOFT | Kent | Stool | 611 |
| 17 | মল অত্যন্ত আঠাল, সহজে নির্গত হয় না। | TENACI-OUS | Kent | Stool | 642 |

নিম্নে উপরোক্ত রুব্রিকসমূহের রেপার্টরীকরণ টেবিল বা ছক প্রদান করা হল। ছকটি হোমপ্যাথ ক্লাসিক কম্পিউটার প্রোগ্রামের কেন্ট রেপার্টরীর রেপার্টরীকরণ ফলাফলের সাহায্যে করা হয়েছে। ওষুধসমূহকে মানের সর্বোচ্চ ক্রম (Total Grades) থেকে নিম্ন ক্রমে সাজিয়ে দেখানো হয়েছে। উপরোক্ত ১৭টি রুব্রিকসমুহে সর্বমোট ৩২২টি ওষুধের নাম এসেছে, প্রদর্শিত ছকে কেবল বেশী মানের ৪১টি ওষুধের বিশ্লেষণ উপস্থাপিত হয়েছে, বাকী ওষুধগুলোকে মানের নিম্ন ক্রমের জন্য বাদ দেয়া হয়েছে। প্রিয় পাঠক, এই রেপার্টরীকরণ টেবিলটি থেকে মেটেরিয়া মেডিকা যাচাই করে রোগীনির জন্য সদৃশ ওষুধ নির্বাচন করতে আপনাকে অনুরোধ করছি। বলুনত ওষুধটি কি?





***Repertorisation Table for .....* Case No. 4.**
**(Mixed process with Computer process)**

| Symp Code → Rem edy↓ | 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 | 08 | 09 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | Total | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | Rubrics | Grades |
| Plat | 3 | 3 | | 3 | 1 | 3 | | 2 | 3 | 1 | 2 | 2 | 3 | 3 | 3 | 2 | 3 | 15 | 37 |
| Sulph | 3 | | | 1 | 2 | 1 | 2 | 3 | 3 | 2 | 2 | | 2 | 1 | 3 | 3 | | 13 | 28 |
| Lyc | 3 | 2 | 2 | 2 | 2 | | 2 | 2 | 1 | 1 | 2 | 2 | 2 | | 3 | 1 | | 14 | 27 |
| Lach | 2 | 1 | 1 | 3 | 2 | | 2 | 3 | 2 | 1 | 2 | | 3 | | 3 | 2 | | 13 | 27 |
| Merc | 1 | | 2 | 2 | 2 | | 3 | 3 | 1 | 1 | 2 | | 1 | 1 | 2 | 3 | 2 | 14 | 26 |
| Nux-v | 1 | 2 | | 2 | | | 2 | 3 | 3 | 2 | 2 | | 1 | 1 | 3 | 2 | | 12 | 23 |
| Bell | | | | 2 | 1 | | | 3 | 3 | 1 | 3 | 3 | 3 | 3 | | 1 | | 10 | 23 |
| Puls | | 1 | | 2 | 3 | | | 3 | 3 | | 2 | 2 | 3 | | 2 | 2 | | 10 | 23 |
| Nat-m | | 1 | | 1 | 2 | 2 | 1 | 3 | 3 | 1 | 1 | | 2 | | 3 | 1 | 1 | 13 | 22 |
| Chin | 1 | 2 | | 2 | | | 1 | 3 | 3 | | 1 | 2 | 2 | 1 | 2 | 2 | | 12 | 22 |
| Phos | 1 | | | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | | 2 | | | | 3 | 3 | | 10 | 22 |
| Ign | 1 | 1 | | | 1 | | 1 | | 3 | 3 | 2 | 1 | 2 | | 2 | 2 | 1 | 12 | 20 |
| Sabin | | | | 1 | 1 | 1 | | 3 | 2 | 1 | 2 | 3 | 3 | | 2 | 1 | | 11 | 20 |
| Sec | 1 | 1 | | | 3 | | 3 | 3 | 1 | | 2 | 2 | 2 | | 2 | | | 10 | 20 |
| Calc | | | | 1 | | | 2 | 3 | 2 | 1 | 2 | | 3 | | 3 | 2 | | 9 | 19 |
| Verat | 3 | | | 2 | 2 | | 3 | | 2 | | 2 | | | | 3 | 1 | 1 | 9 | 19 |
| Sep | | | | | | | 2 | 3 | 2 | 1 | 2 | | 1 | 2 | 3 | 2 | | 9 | 18 |
| Nit-ac | | 1 | | | | | 3 | 3 | 3 | | 1 | | 1 | | 3 | 3 | | 8 | 18 |
| Ars | | 2 | | | | 1 | 3 | 2 | 1 | | 2 | | | | 3 | 2 | 1 | 7 | 17 |
| Ip | 2 | 2 | | | 2 | | 1 | 3 | 2 | | 1 | | 3 | | | 1 | | 9 | 12 |
| Con | 1 | | 1 | | | | 3 | | 2 | 1 | 2 | | 1 | 1 | 3 | 1 | | 10 | 16 |
| Staph | 2 | | | 2 | 1 | 1 | | | 1 | 1 | | | 1 | 3 | 3 | 1 | | 10 | 16 |
| Cham | | 1 | 1 | | | | | 2 | 2 | 1 | 3 | 2 | 3 | | | | | 9 | 16 |
| Coff | | | | 2 | | | | 2 | 1 | 1 | 2 | | 2 | 2 | 3 | 1 | | 9 | 16 |
| Graph | | | | 1 | 2 | | 2 | 2 | 1 | 1 | 2 | | | | 3 | 2 | | 9 | 16 |
| Alum | 1 | 1 | | | 3 | | | 2 | 2 | | 1 | | | | 3 | 3 | | 8 | 16 |
| Apis | | | | 2 | 3 | | 1 | 2 | | | 1 | | 2 | | 3 | 2 | | 8 | 16 |
| Stram | 2 | | | 3 | | | | 2 | 3 | | 1 | | 2 | | 3 | | | 7 | 16 |
| Arn | 1 | | | | 1 | 1 | 1 | 3 | 2 | 2 | | | 2 | | 1 | 1 | | 10 | 15 |
| Caust | 2 | | 1 | | 1 | | 1 | | 1 | 1 | 2 | | 2 | | 3 | 1 | | 10 | 15 |
| Dulc | 1 | | | 2 | 2 | | 2 | 2 | 1 | | 2 | | | | 2 | 1 | | 9 | 15 |

| Symp Code → Remedy↓ | 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 | 08 | 09 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | Total | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | Rubrics | Grades |
| Thuj | 1 | | | | 1 | | 1 | 1 | 2 | 3 | 1 | | | | 3 | 2 | | 9 | 15 |
| Zinc | | | | 2 | 2 | | | | 1 | | | | 2 | 2 | 3 | 1 | 2 | 8 | 15 |
| Canth | | 1 | | 2 | 1 | | | 3 | 2 | | 1 | | 1 | 2 | | 1 | | 9 | 14 |
| Carb-v | | | | 1 | 1 | | 2 | 3 | 1 | | 1 | | | | 2 | 2 | 1 | 9 | 14 |
| Ferr | 1 | | 1 | | | | | 3 | 1 | 1 | 1 | 2 | 2 | | 2 | | | 9 | 14 |
| Hyos | 2 | 1 | | 3 | | | | 2 | 1 | | 1 | | 2 | | 1 | 1 | | 9 | 14 |
| Mez | | | | | 2 | 1 | 1 | 2 | 1 | 1 | | | | | 3 | 2 | 1 | 9 | 14 |
| Coloc | | | | | 1 | | 1 | 2 | 3 | | 2 | | | | 2 | 2 | 1 | 8 | 14 |
| Croc | | | | | 1 | | | 2 | 1 | 1 | 2 | 3 | 2 | | 2 | | | 8 | 14 |
| Iod | | | | | 3 | | 2 | 2 | 2 | 1 | 1 | | | | 2 | 1 | | 8 | 14 |





## Case No. 5.

৫০ বৎসর বয়স্ক জনৈক পুরুষ রোগী, দীর্ঘ দিন যাবৎ বাতের বেদনায় কষ্ট পাচ্ছেন। বাত উভয় পায়ের হাঁটু সন্ধিতে, ডান পায়ের হাঁটু সন্ধিতে বেশী, বাম পায়েও বেদনা আছে। সন্ধিতে ও মাংশপেশীতে ছিড়ে যাওয়ার মত বেদনা, বেদনা নড়াচড়ায় ও ঠান্ডায় বৃদ্ধি, বাতাক্রান্ত স্থানে উত্তাপে উপশমিত হয়। প্রথমে এলোপ্যাথিক চিকিৎসা গ্রহণ করেন, বিভিন্ন টেবলেট ও ইঞ্জেকশান প্রয়োগ করা হয়েছে, ওষুধ চলাকালীন সময়ে কিছুদিন ভাল থাকেন কিন্তু কিছুদিন পড়েই আবার যন্ত্রনা শুরু হয়। হোমিওপ্যাথিক চিকিৎসায় বাতের ভাল চিকিৎসা হয় জানতে পেরে হোমিওপ্যাথি চিকিৎসাও করিয়েছেন। জনৈক উচ্চ ডিগ্রীধারী হোমিওপ্যাথিক চিকিৎসকের নিকট চিকিৎসা করিয়েছেন, উক্ত চিকিৎসক বিভিন্ন মাদার টিংচার ও বায়োকেমিক ওষুধ ব্যবস্থাপত্র দিয়েছেন, রোগ যন্ত্রনা সাময়িকভাবে কমলেও কিছুদিন পর পূর্বের মত আবার বেদনা দেখা দেয়। রোগী চিকিৎসক বদল করে জনৈক হোমিওপ্যাথিক বিশেষজ্ঞ (?) চিকিৎসকের নিকট চিকিৎসার জন্য গেলেন, তিনিও রোগীর জন্য বিভিন্ন মাদার টিংচার, বায়োকেমিক ওষুধ ও উচ্চ শক্তির হোমিওপ্যাথিক ওষুধ ব্যবস্থাপত্র প্রদান করলেন, রোগী কিছু দিনের মধ্যেই সুস্থ হয়ে উঠলেন। সকলেই চিকিৎসকের প্রশংসায় পঞ্চমুখ হয়ে উঠলেন। তিন মাস পরে হঠাৎ একদিন জরুরী কাজে শীতের রাত্রে ঘরের বাইরে ভ্রমণের পর পুনরায় বাতাক্রান্ত হয়ে পরেন এবং এবার পায়ে দাড়ানোর ক্ষমতা পর্যন্ত হারিয়ে ফেলেন। ডান পা নাড়াতে অনেক কষ্ট হয়, লাঠিতে ভর দিয়ে কোন রকমে হাটাচলা করেন। পুনরায় বিশেষজ্ঞ চিকিৎসকের স্মরনাপন্ন হলেন, তিনি বিভিন্ন ওষুধ কখনো একক ভাবে কখনো মিশ্রভাবে এবং কখনো বিদেশী প্যাটেন্ট জাতীয় হোমিও নামধারী ওষুধের ব্যবস্থাপত্র প্রদান করলেন, কিন্তু রোগী কিছুতেই আর যন্ত্রনা থেকে মুক্তি পাচ্ছেনা। এবার রোগী একজন বিজ্ঞ হোমিও চিকিৎসকের স্মরনাপন্ন হয়েছেন, বর্তমান চিকিৎসক একজন ভাল চিকিৎসক, তিনি রোগীর রোগের হ্রাস-বৃদ্ধি, রোগের কারণ, রোগীর ইচ্ছা-অনিচ্ছা ও বিবিধ বিষয় বিচার বিবেচনা করে ওষুধ নির্বাচন করেন, কিন্তু তিনি রেপার্টরী ব্যবহার করেন না, কেননা রেপার্টরীকরণ বিষয়টি তিনি বহু হোমিওচিকিৎসকদের মতই বুঝেন না। তিনি বিভিন্ন সময়ে যে সকল হোমিওপ্যাথিক ওষুধ নিম্ন ও উচ্চ শক্তিতে রোগীটিকে ব্যবস্থা দিয়েছেন- এরা হল রাস টক্স, ব্রায়োনিয়া, কলচিকাম, মেডোরিনাম, গুয়েকাম, ক্যাল্ক-কার্ব, নাক্স-ভ, সালফার ইত্যাদি। কিন্তু রোগীর রোগ যন্ত্রনা আংশিক উপশম হলেও সম্পূর্ণ আরোগ্য না হওয়ায় রোগীটির অন্যান্য লক্ষণাবলী সংগ্রহ করে নিম্নে লিপিবদ্ধ করা হল এবং রেপার্টরীর সহায়তা নেয়া হল।

রোগীর মানসিক লক্ষণ ঃ - রোগীর মন অত্যন্ত নরম, সহজেই কেঁদে ফেলেন, রোগ আরোগ্য সম্পর্কে হতাশা, কোন কিছুতে মনসংযোগ করতে পারেন না, সর্বদা আশংকাযুক্ত থাকেন, মনে ভয় হয় অমঙ্গল কিছু ঘটতে যাচ্ছে, সামান্যতেই অন্যের দোষ ধরেন বা আবেগপ্রবণ হয়ে পড়েন এবং অন্যকে সন্দেহ করার প্রবণতাও বৃদ্ধি পেয়েছে, ।

সার্বদৈহিক লক্ষণ ঃ - দেহের ডান পার্শ্ব আক্রান্ত, নড়াচড়ায় বৃদ্ধি, শীতলতায় বৃদ্ধি, খোলা বাতাসে বৃদ্ধি ।

কাতরতা- শীতকাতর ।

আংগিক লক্ষণ ঃ -

হস্তপদাদি- পায়ে বাতজ বেদনা, হাঁটুতে বাতজ বেদনা, ডান হাটু অধিক আক্রান্ত, পায়ে সুড়সুড় করে, পায়ে খিল ধরে, নড়াচড়ায় বেদনার বৃদ্ধি, বেদনার প্রকৃতি ছিড়ে ফেলার মত, পায়ে দূর্বলতা, পক্ষাঘাতিক অবস্থা-হাটা চলার সময় পদবিক্ষেপ ঠিকমত হয় না ।

ঘর্ম - প্রচুর, দূর্গন্ধযুক্ত ।

মল - কোষ্ঠবদ্ধতা, মল ত্যাগে অতৃপ্তি ।

প্রস্রাব- দুর্গন্ধযুক্ত ।

পাকস্থলী- মুখে রুচী কম, মুখরোচক খাবার খেতে চান, ঠান্ডা পানীয় পছন্দ করেন, মিষ্টি খেতে চান না, মাংস খেতে পছন্দ করেন ।

মুখ- লালাস্রাব অধিক । জিহ্বায় দাঁতের ছাপ বিদ্যমান ।

নিদ্রা - অস্থিরতাপূর্ণ, সহজে ঘুম আসেনা । মৃত দেহের স্বপ্ন দেখেন । বার বার হাই উঠে ।

চর্ম -দেহের বিভিন্ন স্থানে অনেকগুলো আঁচিল আছে, কোন কোন আঁচিল রক্তস্রাবী ।

নিম্নে উপরোক্ত রোগীলিপিটির লক্ষণসমূহকে রুব্রিকে রূপান্তর করে কেন্ট রেপার্টরী ও রবিন মারফির রেপার্টরীতে দেখানো হল ।





# Case No. 5.

## Repertorisation Sheet
## Symptoms vs. Rubric

Date..............................Patient's Sl. No...................................

Patient Name..............................................................Age ..........

Address________________________________

| Sl. No. | Symptoms | Repertory | Chapter | Rubrics | Total Remedy | Page No. |
|---|---|---|---|---|---|---|
| 01 | কোন কিছুতে মনসংযোগ করতে পারেন না | Kent | Mind | CONCENTRATION, difficult | 162 | 13 |
| | | Murphy | Mind | CONCENTRATION, difficult | 249 | 1013 |
| 02 | মনে ভয় হয় অমঙ্গল কিছু ঘটতে যাচ্ছে | Kent | Mind | FEAR, happen, something will | 34 | 45 |
| | | Murphy | Mind | FEAR, happen, something bad will | 63 | 1047 |
| 03 | সামান্যতেই অন্যের দোষ ধরেন | Kent | Mind | OFFENDED, easily | 50 | 69 |
| | | Murphy | Mind | OFFENDED, easily | 78 | 1087 |
| 04 | সামান্যতেই আবেগপ্রবণ হয়ে পড়েন | Kent | Mind | SENTIMENTAL | 25 | 79 |
| | | Murphy | Mind | SENTIMENTAL | 39 | 1099 |
| 05 | অন্যকে সন্দেহ করার প্রবণতাও বৃদ্ধি পেয়েছে | Kent | Mind | SUSPICIOUS | 75 | 85 |
| | | Murphy | Mind | SUSPICIOUS | 104 | 1109 |

| Sl. No. | Symptoms | Repertory | Chapter | Rubrics | Total Remedy | Page No. |
|---|---|---|---|---|---|---|
| 06 | ক্রন্দন করে | Kent | Mind | WEEPING, tearfull mood | 166 | 92 |
| | সহজেই কেঁদে ফেলেন | Murphy | Mind | CRYING, easily | 18 | 1020 |
| 07 | দেহের ডান পার্শ্ব আক্রান্ত | Kent | Generalities | SIDE, symptoms on one side, right | 94 | 1400 |
| | | Murphy | Generals | SIDES, of body, right | 95 | 607 |
| 08 | নড়াচড়ায় বৃদ্ধি | Kent | Generalities | MOTION, agg. | 167 | 1374 |
| | | Murphy | Generals | MOTION, agg. | 168 | 582 |
| 09 | শীতলতায় বৃদ্ধি | Kent | Generalities | COLD, in general, agg. | 134 | 1384 |
| | | Murphy | Enviroment | COLD, temperature, agg. | 214 | 357 |
| 10 | বাহিরের খোলা বাতাসে বৃদ্ধি | Kent | Generalities | AIR, open, agg. | 116 | 1344 |
| | | Murphy | Enviroment | AIR, open, agg. | 171 | 355 |
| 11 | পায়ে বাতজ বেদনা | Kent | Extremities | PAIN, rheumatic | 127 | 1045 |
| | | Murphy | Limbs | RHEUMATIC, pain | 127 | 927 |
| 12 | হাঁটুতে বাতজ বেদনা | Kent | Extremities | PAIN, knee, rheumatic | 67 | 1073 |
| | | Murphy | Knees | RHEUMATIC, pain | 69 | 849 |
| 13 | বেদনার প্রকৃতি ছিড়ে ফেলার মত | Kent | Extremities | PAIN, tearing | 111 | 1155 |
| | | Murphy | Limbs | TEARING, pain | 112 | 930 |





| Sl. No. | Symptoms | Repertory | Chapter | Rubrics | Total Remedy | Page No. |
|---|---|---|---|---|---|---|
| 14 | পায়ের বেদনা নড়াচড়ায় বৃদ্ধি | Kent | Extremities | PAIN, motion, on | 26 | 1045 |
| | | Murphy | Limbs | PAIN, limbs motion, on | 26 | 924 |
| 15 | সন্ধিতে বেদনা নড়াচড়ায় বৃদ্ধি | Kent | Extremities | PAIN, joints, motion | 26 | 1048 |
| | | Murphy | Joints | PAIN, joints motion, agg | 26 | 831 |
| 16 | সন্ধিতে বেদনা ঠান্ডা লাগানোর পর | Kent | Extremities | PAIN, joints cold, after exposure, to | 7 | 1047 |
| | | Murphy | Joints | PAIN, joints cold, after exposure, to | 7 | 830 |
| 17 | বাতাক্রান্ত স্থানে উত্তাপে উপশমিত হয় | Kent | Extremities | PAIN, joints warmth amel. | 7 | 1048 |
| | | Murphy | Joints | PAIN, joints warmth amel. | 7 | 831 |
| 18 | পায়ে সুড়সুড় করে | Kent | Extremities | FORMICATION | 41 | 1006 |
| | | Murphy | Legs | FORMICATION | 25 | 882 |
| 19 | পায়ে দূর্বলতা | Kent | Extremities | WEAKNESS, Leg | 136 | 1230 |
| | | Murphy | Legs | WEAKNESS, of | 132 | 913 |
| 20 | আংশিক পক্ষাঘাতিক অবস্থা, ডান পায়ে | Kent | Extremities | PARALYSIS, hemiplegia, right | 19 | 1176 |
| | | Murphy | Limbs | PARALYSIS, hemiplegia, right | 19 | 926 |

| Sl. No. | Symptoms | Repertory | Chapter | Rubrics | Total Remedy | Page No. |
|---|---|---|---|---|---|---|
| 21 | হাটার সময় পদ বিক্ষেপ ঠিক মত হয় না | Kent | Extremities | AWKWARDNESS, lower limbs, stumbling when walking | 23 | 953 |
| | | Murphy | Limbs | AWKWARDNESS, legs stumbling when walking | 23 | 916 |
| 22 | পায়ে খিল ধরে | Kent | Extremities | CRAMPS, Foot | 70 | 976 |
| | | Murphy | Feet | CRAMPS | 72 | 438 |
| 23 | ঘর্ম - প্রচুর | Kent | Perspiration | PROFUSE | 133 | 1299 |
| | | Murphy | Perspiration | PROFUSE | 149 | 1227 |
| 24 | ঘর্ম - দূর্গন্ধযুক্ত | Kent | Perspiration | ODOR, offensive | 59 | 1298 |
| | | Murphy | Perspiration | ODOR, offensive | 100 | 1227 |
| 25 | কোষ্ঠবদ্ধতা | Kent | Rectum | CONSTIPATION | 213 | 606 |
| | | Murphy | Rectum | CONSTIPATION | 220 | 1269 |
| 26 | মল ত্যাগে অতৃপ্তি | Kent | Rectum | CONSTIPATION, insufficient, incomplete, unsatisfactory stools | 61 | 607 |
| | | Murphy | Rectum | CONSTIPATION, insufficient, incomplete, unsatisfactory stools | 70 | 1270 |
| 27 | মল - দূর্গন্ধযুক্ত | Kent | Stool | ODOR, offensive, stool | 136 | 640 |
| | | Murphy | Stool | ODOR, offensive, stool | 137 | 1432 |





| Sl. No. | Symptoms | Repertory | Chapter | Rubrics | Total Remedy | Page No. |
|---|---|---|---|---|---|---|
| 28 | মূত্র - দূর্গন্ধযুক্ত | Kent | Urine | ODOR, offensive | 90 | 687 |
| | | Murphy | Urine | ODOR, offensive | 89 | 1503 |
| 29 | মুখে রুচী কম (বিকল্প লক্ষণ - ক্ষুধার অভাব) | Kent | Stomach | APPETITE, wanting | 203 | 479 |
| | | Murphy | Food | APPETITE, loss, of | 209 | 533 |
| 30 | ঠান্ডা পানীয় পছন্দ করেন | Kent | Stomach | DESIRE, cold drinks, | 95 | 484 |
| | | Murphy | Food | COLD drinks, desires | 129 | 537 |
| 31 | মাংস খেতে পছন্দ করেন | Kent | Stomach | DESIRES, meat | 20 | 485 |
| | | Murphy | Food | MEAT, desires | 38 | 543 |
| 32 | মিষ্টি খেতে চান না | Kent | Stomach | AVERSION, sweets | 12 | 482 |
| | | Murphy | Food | SWEETS, aversion to | 36 | 547 |
| 33 | লালাস্রাব অধিক | Kent | Mouth | SALIVATION | 203 | 417 |
| | | Murphy | Mouth | SALIVATION | 215 | 1135 |
| 34 | জিহ্বায় দাঁতের ছাপ বিদ্যমান | Kent | Mouth | INDENTED, Tongue | 22 | 406 |
| | | Murphy | Tongue | INDENTED | 39 | 1479 |
| 35 | নিদ্রা - অস্থিরতাপূর্ণ | Kent | Sleep | RESTLESS | 215 | 1247 |
| | | Murphy | Sleep | RESTLESS, sleep | 225 | 1358 |

রবিন মারফি ও কেন্ট রেপার্টরী থেকে একই সংখ্যক রুব্রিক নিয়ে রেপার্টরীকরণ করা হলেও ভিন্ন পুস্তক হওয়ার কারণে উপরোক্ত দু'টি রেপার্টরাইজেশান টেবিলের প্রদর্শিত ফলাফলে কিছুটা ভিন্নতা দেখা যায়।

সর্বোচ্চ মানপ্রাপ্ত ১০টি ওষুধের ফলাফলের ভিন্নতাকে ছক আকারে নিম্নে দেখানো হল -

| ওষুধের নাম | রেপার্টরী | পুরণকৃত রুব্রিক সংখ্যা | রুব্রিক সমুহের মানের যোগফল বা গ্রেড |
|---|---|---|---|
| ক্যাল্কেরিয়া কার্ব | রবিন মারফি | ৩৪ | ৭৫ |
| | কেন্ট | ২৮ | ৬১ |
| কষ্টিকাম | রবিন মারফি | ৩৩ | ৭৬ |
| | কেন্ট | ২৯ | ৬৮ |
| নাক্স -ভ | রবিন মারফি | ৩২ | ৭৫ |
| | কেন্ট | ৩১ | ৭২ |
| আর্সেনিক | রবিন মারফি | ৩০ | ৭১ |
| | কেন্ট | ৩০ | ৬৮ |
| লাইকো | রবিন মারফি | ৩০ | ৬৭ |
| | কেন্ট | ৩০ | ৬৭ |
| সালফার | রবিন মারফি | ৩০ | ৬৫ |
| | কেন্ট | ২৯ | ৬৭ |
| ফসফরাস | রবিন মারফি | ৩০ | ৬১ |
| | কেন্ট | ৩০ | ৬২ |
| ব্রায়োনিয়া | রবিন মারফি | ২৭ | ৬১ |
| | কেন্ট | ২৫ | ৫৮ |
| সিপিয়া | রবিন মারফি | ২৬ | ৫৬ |
| | কেন্ট | ২৫ | ৫৬ |
| রাস-টক্স | রবিন মারফি | ২৫ | ৫৮ |
| | কেন্ট | ২৬ | ৬২ |

কেন এই মানের ভিন্নতা ? কারণ- রবিন মারফির রেপার্টরী কেন্ট রেপার্টরীকে ভিত্তি করে রচিত হলেও বিভিন্ন রুব্রিকে ওষুধ সংখ্যা অনেক ক্ষেত্রেই বর্ধিত এবং ওষুধের

## Case No. 5.

**REPERTORISATION TABLE** (Elimination method).

REPERTORY - **Homeopathic Medical Repertory** - by **Dr. Robin Murphy** ND

| Remedy → / Rubrics ↓ | Chapter | CALC | CAUST | NUX-V | ARS | LYC | SULPH | PHOS | BRY | SEP | RHUS-T | SIL | GRAPH | NIT-AC | NAT-M | PULS | COCC | PLB | CHIN | THUJ | ZINC |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| RUBRIC GRADES → | | 75 | 76 | 75 | 71 | 67 | 65 | 61 | 61 | 56 | 58 | 58 | 53 | 53 | 53 | 54 | 49 | 43 | 46 | 43 | 41 |
| RUBRIC COVERED → | | 34 | 33 | 32 | 30 | 30 | 30 | 30 | 27 | 26 | 25 | 25 | 27 | 27 | 26 | 25 | 24 | 26 | 24 | 24 | 25 |
| 1.CONCENTRATION, difficult | Mind | 2 | 3 | 3 | 1 | 3 | 2 | 3 | 1 | 3 | 1 | 3 | 3 | 2 | 2 | 2 | 2 | | 1 | 2 | 2 |
| 2. FEAR, happen, something bad will | Mind | 3 | 3 | 3 | 2 | 1 | | 3 | | | | | 1 | | 2 | | 1 | 1 | | | |
| 3.OFFENDED, easily | Mind | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 1 | | 2 | | 2 | 2 | 1 | 3 | 2 | 2 | | 1 | 1 | 2 |
| 4. SENTIMENTAL | Mind | 1 | 1 | 3 | 1 | 2 | 2 | 2 | | | | | | 1 | 3 | 2 | 2 | 1 | 1 | | |
| 5. SUSPICIOUS | Mind | 1 | 3 | 2 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 1 | 1 | 2 | | 3 | 2 | 2 | 1 | 1 | |
| 6. CRYING, easily | Mind | 2 | 3 | | | 1 | | | | 1 | 1 | | | | 2 | 3 | | | 1 | | |
| 7. SIDES, of body, right | General | 3 | 2 | 3 | 3 | 3 | 2 | | 3 | | | 2 | | 1 | | 3 | 2 | 2 | 1 | 1 | 2 |
| 8. MOTION, agg | General | 1 | 1 | 3 | 2 | | 3 | 2 | 3 | 2 | | 3 | 2 | 2 | 2 | 1 | 3 | 2 | 3 | 1 | 2 |
| 9. COLD, temperature, agg | Environment | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | 2 |
| 10. AIR, open, agg. | Environment | 2 | 2 | 3 | 2 | 2 | 3 | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | 3 | 1 | 1 | 3 | 1 | 3 | 1 | 2 |
| 11. RHEUMATIC, pain | Limbs | 2 | 3 | 2 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 2 | | 2 | | 3 | | | 2 | 1 | 1 |
| 12. RHEUMATIC, pain | Knees | 3 | 2 | 2 | 2 | 2 | | 2 | 3 | 1 | 3 | | 1 | | 1 | | 2 | 1 | | 3 | 1 |
| 13. TEARING, pain | Limbs | 2 | 2 | 2 | 2 | 2 | 1 | 2 | 2 | 1 | 3 | 1 | 2 | 2 | | 2 | 2 | 1 | 3 | 1 | 2 |
| 14. PAIN, limbs motion on | Limbs | | | 2 | | 2 | | | 3 | | | 2 | | | 2 | | 2 | 2 | 1 | | 1 |
| 15. PAIN, joints, motion, agg. | Joints | | | 1 | | 1 | | 1 | 3 | | | | | | | | 2 | 1 | | | |
| 16. PAIN, joints cold, after exposure, to | Joints | 2 | | | | | | | | | 3 | | | | | | | | | | |
| 17. PAIN joints, warmth amel. | Joints | | 2 | 2 | 3 | 2 | 2 | | 2 | | 3 | | | | | | | | | | |
| 18. FORMICATION | Legs | 3 | 1 | | 2 | | 1 | | | 2 | | | 1 | 1 | | | | | | | |
| 19. WEAKNESS, of | Legs | 3 | 3 | 3 | 3 | 2 | 2 | 3 | 2 | 2 | 3 | 3 | 2 | 2 | 2 | 1 | 3 | 3 | 2 | 2 | 3 |
| 20.PARALYSIS, hemiplegia, right | Limbs | 1 | 3 | | | | 1 | 1 | | | 2 | 1 | 2 | | | | | 2 | | | |
| 21.AWKWARDNESS, legs stumbling when walking | Limbs | 2 | 3 | 1 | | | | 2 | | | | 1 | | | 2 | | | | | | |
| 22. CRAMPS | Feet | 3 | 3 | 1 | 1 | 2 | 2 | 1 | 1 | 2 | 2 | 2 | 1 | | 2 | | | 1 | | | 1 |
| 23. PROFUSE | Perspiration | 3 | 2 | 2 | 3 | 3 | 2 | 2 | 3 | 3 | 2 | 3 | 1 | 2 | 3 | 2 | 1 | | 3 | 2 | 1 |
| 24. ODOR, offensive | Perspiration. | 1 | 1 | 3 | 2 | 3 | 3 | 2 | 1 | 3 | 2 | 3 | 3 | 3 | 1 | 3 | 1 | 1 | 1 | 3 | 1 |
| 25. CONSTIPATION | Rectum | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 1 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 3 | 2 | 3 | 3 |
| 26.CONSTIPATION, insufficient, incomplete, unsatisfactory stools | Rectum | 1 | 2 | 3 | 1 | 3 | 3 | 1 | 2 | 2 | | 3 | 1 | 3 | 3 | | | 2 | | 2 | 2 |
| 27. ODOR, offensive, stool | Stool | 2 | | 2 | 3 | 1 | 3 | 2 | 3 | 1 | 1 | 3 | 3 | 2 | 1 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 |
| 28. ODOR, offensive | Urine | 3 | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | | 3 | | | 2 | 3 | 1 | 2 | | 1 | 1 | | |
| 29. APPETITE, loss, of | Food | 3 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 3 | 3 | 1 | 1 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 1 |
| 30. COLD drinks, desires | Food | 2 | 2 | 1 | 3 | 2 | 1 | 3 | 3 | 2 | 2 | 1 | 2 | | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | 1 |
| 31. MEAT, desire | Food | 2 | 1 | 2 | | | 2 | | 2 | | | | 1 | 1 | 1 | | 1 | | | | |
| 32. SWEETS, aversion to | Food | | 3 | 1 | 2 | 2 | 2 | 2 | | | | | 3 | 1 | | 1 | | | | | 2 |
| 33. SALIVATION | Mouth | 2 | 2 | 3 | 1 | 2 | 2 | 2 | 1 | 2 | 1 | 2 | 2 | 3 | 3 | 2 | | 2 | 2 | 1 | 2 |
| 34. INDENTED | Tongue | 2 | | | 3 | | | | | 2 | 3 | | | | | 2 | | 1 | | | |
| 35. RESTLESS, sleep | Sleep | 2 | 2 | 2 | 3 | 3 | 3 | 1 | 2 | 2 | 3 | 3 | 3 | 2 | 2 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 |
| 36. INSOMNIA, sleeplessness | Sleep | 3 | 2 | 3 | 3 | 2 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 2 | 2 | 3 | 2 | 3 | 3 | 3 | 1 |
| 37. DEAD, bodies | Dreams | 2 | | | | | 1 | 1 | 1 | | | | | 1 | | | | | | 2 | 1 |
| 38. YAWNING | Sleep | 2 | 3 | 3 | 3 | 2 | 1 | 2 | 2 | 2 | 3 | 2 | 3 | 1 | 2 | 2 | 2 | 1 | 1 | 1 | 1 |
| 39. WARTS, general, bleeding | Skin | | 3 | | | 1 | | | | | 2 | | | 3 | | | | | | 3 | |

## Case No. 5.

**REPERTORISATION TABLE** (Elimination method)

REPERTORY - **Repertory of the Homoeopathic Materia Medica** by **J.T. Kent,** A.M., M.D.

| Remedy → / Rubrics ↓ | Chapter | NUX-V | ARS | CAUST | LYC | SULPH | PHOS | RHUS-T | CALC | BRY | SEP | MERC | SIL | GRAPH | PULS | NIT-AC | COCC | NAT-M | ACON | LACH | PH-AC |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| RUBRIC GRADES → | | 72 | 68 | 68 | 67 | 66 | 62 | 62 | 61 | 58 | 56 | 54 | 54 | 53 | 50 | 49 | 49 | 47 | 46 | 46 | 45 |
| RUBRIC COVERED → | | 31 | 30 | 29 | 30 | 29 | 30 | 26 | 28 | 25 | 25 | 26 | 24 | 26 | 23 | 24 | 23 | 24 | 24 | 24 | 23 |
| 1.CONCENTRATION, difficult | Mind | 3 | 1 | 3 | 3 | 2 | 3 | 1 | | 1 | 3 | 2 | 3 | 3 | 2 | 2 | 2 | 2 | 2 | 3 | 3 |
| 2. FEAR, happen, something will | Mind | | 2 | 3 | 1 | | 3 | | 2 | | | | | 1 | | | | 2 | | | 2 |
| 3.OFFENDED, easily | Mind | 3 | 2 | 2 | 2 | 2 | 1 | | 2 | | 2 | 1 | | 2 | 2 | | 2 | 2 | 1 | | |
| 4. SENTIMENTAL | Mind | 1 | 1 | | 1 | 2 | 2 | | 1 | | | | | | | | 2 | | 1 | 1 | |
| 5. SUSPICIOUS | Mind | 2 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | | 3 | 2 | 2 | 1 | 1 | 3 | 2 | 2 | | 3 | 3 | |
| 6. WEEPING, tearful mood | Mind | 2 | 1 | 3 | 3 | 3 | 2 | 3 | 3 | 2 | 3 | 1 | 1 | 3 | 3 | 2 | 2 | 3 | 2 | 1 | 2 |
| 7. SIDES, Symptoms on one side, right | Generalities | 3 | 3 | 2 | 3 | 2 | | | 3 | 3 | | 2 | 2 | | 3 | 1 | 2 | | 2 | | |
| 8. MOTION, agg | Generalities | 3 | 2 | 1 | | 3 | 2 | | 1 | 3 | 2 | 3 | 3 | 2 | 1 | 2 | 3 | 2 | 2 | 2 | 1 |
| 9. COLD, in general, agg | Generalities | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 3 | 2 | 3 | 2 | 2 | 2 | 1 | 2 |
| 10. AIR, open, agg. | Generalities | 3 | 2 | 2 | 2 | 3 | 2 | 2 | 2 | 2 | 2 | 3 | 3 | 2 | 1 | 3 | 3 | 1 | 2 | 2 | 2 |
| 11. PAIN, rheumatic | Extremities | 2 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 2 | 2 | 2 | | 3 | 2 | | | 2 | 2 | 2 |
| 12. PAIN, knee, rheumatic | Extremities | 2 | 2 | 2 | 2 | | 2 | 3 | 3 | 3 | 1 | | | 1 | | | 2 | 1 | 2 | 2 | |
| 13. PAIN, tearing | Extremities | 2 | 2 | 2 | 2 | 1 | 2 | 3 | 2 | 2 | 1 | 3 | 1 | 2 | 2 | 2 | 2 | | 3 | 3 | 2 |
| 14. PAIN, motion on | Extremities | 2 | | | | | | | | 3 | | | 2 | | | | 2 | 2 | | | |
| 15. PAIN, joints, motion | Extremities | 1 | | | 1 | | 1 | | | 3 | | | | | | | 2 | | 1 | | |
| 16. PAIN, joints cold, after exposure, to | Extremities | | | | | | | 3 | 2 | | | | | | | | | | | | 2 |
| 17. PAIN joints, warmth amel. | Generalities | 3 | 3 | 2 | 2 | 2 | | 2 | | 2 | | | | | | | | | | | |
| 18. FORMICATION | Extremities | 2 | 1 | 1 | 3 | | 2 | 3 | | | | | | | 2 | | | | 2 | 1 | 3 |
| 19. WEAKNESS, Leg | Extremities | 3 | 2 | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | 1 | 2 | 2 | 2 | | 1 | 1 | 3 | 1 | 1 | 2 | 3 |
| 20.PARALYSIS, hemiplegia, right | Extremities | | | 3 | | 1 | 1 | 2 | 1 | | | | 1 | 2 | | | | | | | |
| 21.AWKWARDNESS, lower limbs, stumbling when walking | Extremities | 1 | | 3 | | | 2 | | 2 | | | | 1 | | | | | 2 | | 2 | 2 |
| 22. CRAMPS, Foot | Extremities | 1 | 1 | 3 | 2 | 2 | 1 | 2 | 2 | 1 | 2 | | 2 | 1 | | | | 2 | 2 | 1 | 2 |
| 23. PROFUSE | Perspiration. | 2 | 3 | 2 | 3 | 2 | 2 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 1 | 2 | 2 | 1 | 3 | 2 | 2 | 3 |
| 24. ODOR, offensive | Perspiration. | 3 | 2 | | 3 | 3 | 2 | 2 | | | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 1 | | | 2 | |
| 25. CONSTIPATION | Rectum | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 1 | 3 | 3 | 3 | 2 | 3 | 3 | 2 | 3 | 3 | 3 | | 3 | 1 |
| 26.CONSTIPATION, insufficient, incomplete, unsatisfactory stools | Rectum | 3 | | | 2 | 3 | | | 1 | 2 | 2 | | 2 | 1 | | 3 | | 3 | | | |
| 27. ODOR, offensive, stool | Stool | 2 | 3 | | 1 | 3 | 2 | 1 | 2 | 3 | 1 | 1 | 3 | 3 | 2 | 2 | 1 | 1 | 1 | 3 | 2 |
| 28. ODOR, offensive | Urine | 2 | 2 | 2 | 2 | 3 | 2 | | 3 | | 3 | 2 | | 2 | 2 | 3 | | 1 | | 1 | 2 |
| 29. APPETITE, wanting | Stomach | 3 | 3 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 1 | 3 | 1 | 3 | 3 | 2 | 1 | 2 |
| 30. DESIRES, cold drinks, | Stomach | 1 | 3 | 2 | 2 | 1 | 3 | 2 | 2 | 3 | 2 | 3 | | 2 | 1 | | 2 | 1 | 3 | | 2 |
| 31. DESIRES, meat | Stomach | | | | | 1 | | | | | | 1 | | 1 | | | | 1 | | | |
| 32. AVERSION sweets | Stomach | | 2 | 2 | | 2 | 2 | | | | | 2 | | 3 | | 1 | | | | | |
| 33. SALIVATION | Mouth | 3 | 1 | 2 | 2 | 2 | 2 | 1 | 2 | 1 | 2 | 3 | 2 | 2 | 2 | 3 | | 3 | 1 | 2 | |
| 34. INDENTED, Tongue | Mouth | | 3 | | | | | 3 | | | 2 | 3 | | | | | | | | | |
| 35. RESTLESS | Sleep | 2 | 3 | 2 | 3 | 3 | 1 | 3 | 2 | 2 | 2 | 1 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 2 | 1 |
| 36. SLEEPLESSNESS | Sleep | 3 | 3 | 2 | 2 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 2 | 2 | 2 | 3 | 2 |
| 37. DREAMS, dead, bodies | Sleep | | | | | | | | 2 | | | 1 | | | | 1 | | | | | |
| 38. YAWNING | Sleep | 3 | 3 | 3 | 2 | 1 | 2 | 3 | 2 | 2 | 2 | 1 | 2 | 3 | 2 | 1 | 2 | 2 | 2 | 1 | 1 |
| 39. WARTS, general, bleeding | Skin | | | 3 | 1 | | | 2 | | | | | | | | 2 | | | | | 1 |

মূল্যায়নের সময় কোন কোন স্থানে ভিন্ন মান দেখানো হয়েছে, আবার রবিন মারফির রেপার্টরীতে অনেক নতুন রুব্রিক সংযোজন করা হয়েছে । আলোচ্য রেপার্টরীকরণের সময় সে দিকে লক্ষ্য রাখা হয়েছে বলেই রেপার্টরীকরণের ফলাফলে ভিন্নতা দেখা গিয়েছে । এই রোগীলিপিটির রেপার্টরীকরণের সময় "রোগী সহজেই কেঁদে ফেলে" এই রুব্রিকটি রবিন মারফিতে (CRYING, easily) পাওয়া গিয়েছে, এখানে ওষুধ সংখ্যা ১৮টি, অন্যদিকে কেন্ট রেপার্টরীতে এই রুব্রিকটি অন্তর্ভূক্ত নেই সুতরাং ক্রন্দন করে (WEEPING, tearfull mood) এই ব্যাপক মানসিক রুব্রিকটি নিয়ে রেপার্টরীকরণ করতে হয়েছে, এটিতে ওষুধ সংখ্যা ১৬৬টি । রবিন মারফিতে CRYING ব্যাপক রুব্রিকটি (কেন্ট - WEEPING, tearfull mood ; রবিন মারফি - CRYING) কেন্ট রেপার্টরীতে WEEPING নামে আছে, এবং রবিন মারফিতে ওষুধ সংখ্যা ২৩৮ টি । রবিন মারফির রেপার্টরীর বিস্তারিত আলোচনার সময় আমরা এই রেপার্টরীতে অনেক পরিবর্তনের ও সংযোজনের পরিচয় পেয়েছি সুতরাং ওষুধের ফলাফলে ভিন্নতা আসাই স্বাভাবিক ।

রেপার্টরীকরণ ফলাফল থেকে (চিকিৎসক তার নিজের পছন্দমত রেপার্টরী ব্যবহার করে) মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করে রোগীর জন্য সদৃশ ওষুধ নির্বাচন করার দায়িত্ব চিকিৎসকের । উপরোক্ত সর্বোচ্চ মান প্রাপ্ত ১০টি ওষুধকে মেটেরিয়া মেডিকায় পর্যালোচনা করে দেখা যাক ।

রোগীলিপিতে দেখা যায় রোগীটি শীতকাতর, সুতরাং গরমকাতর ওষুধকে বাদ দেয়া যায় । সে হিসেবে লাইকো, সালফার, ব্রায়োনিয়া ওষুধ তিনটি বাদ দেয়া হল (এই তিনটি ওষুধ দ্বিতীয় শ্রেণীর গরমকাতর, ডাঃ গিবসন মিলারের গরমকাতর ও শীতকাতর ওষুধের তালিকা অনুসারে)। বাকী সাতটি ওষুধকে মেটেরিয়া মেডিকায় পর্যালোচনা করলে দেখা যায়, রোগীর শারীরিক গঠন ক্যাল্কেরিয়ার সাথে সাদৃশ্যপূর্ণ নয় এবং রোগীর প্রধান কষ্ট বাত, পক্ষাঘাত এবং মিষ্ট দ্রব্যে অনিচ্ছা, রক্তস্রাবী আঁচিল ইত্যাদি ক্যাল্কেরিয়ার সাথে সদৃশ নয়, সুতরাং ক্যাল্কেরিয়াকে বাদ দেয়া হল ।

নাক্স-ভমিকা রোগীর মেজাজ কড়া, এখানে রোগীর মেজাজ নরম এবং রোগীর প্রধান কষ্ট বাত, পক্ষাঘাত এবং রক্তস্রাবী আঁচিল ইত্যাদি নাক্সের সাথে সদৃশ নয়, সুতরাং নাক্সকে বাদ দেয়া হল ।

আর্সেনিকের রোগী পরিষ্কার পরিচ্ছন্ন ও তার বৃদ্ধি মধ্যরাত্রে বা মধ্যদিবায়, আর্সেনিকে পক্ষাঘাত লক্ষণটি তেমন সুস্পষ্ট নয়, সুতরাং আর্সেনিক ওষুধটিকে বাদ দেয়া হল।

ফসফরাস চঞ্চল প্রকৃতির, ডান পার্শ্বে তেমন ক্রিয়াশীল নয়, বাতাক্রান্ত স্থানে উত্তাপে উপশম লক্ষণটি নেই এবং রক্তস্রাবী আঁচিল ইত্যাদি ফসফরাসের সাথে সদৃশ নয়, সুতরাং ফসফরাসকে বাদ দেয়া হল ।





রাস-টক্স বাত ও পক্ষাঘাতের এবং শীতকাতর ওষুধ হলেও ওষুধটি পূর্বে ব্যবহার করে ভাল ফলাফল পাওয়া যায়নি, এছাড়া রাস-টক্স গভীর ক্রিয়াশীল ওষুধ নয়। রাস-টক্সে মিষ্ট্যদ্রব্যে আকাংঙ্খা নেই, সুতরাং রাস-টক্স ওষুধটিকে বাদ দেয়া হল ।

সিপিয়া মান কম পেয়েছে, পক্ষাঘাত, রক্তস্রাবী আঁচিল ও মিষ্ট্যদ্রব্যে আকাংঙ্খা নেই এবং অন্যান্য লক্ষণেও তেমন সাদৃশ্যপূর্ণ নয়, সুতরাং সিপিয়াকেও বাদ দেয়া হল ।

মেটেরিয়া মেডিকা পর্যালোচনায় কষ্টিকামের সাথেই ওষুধটির সর্বাধিক সাদৃশ্যতা পাওয়া যায় । যেমন- বাত, আংশিক পক্ষাঘাত, শীতকাতরতা, মিষ্টদ্রব্যে আকাংঙ্খা, রক্তস্রাবী আঁচিল, রোগী সহজেই ক্রন্দন করে ফেলে, দেহের ডান পার্শ্বে রোগাক্রমন, বাতাক্রান্ত স্থানে উত্তাপে উপশম, সন্দেহপ্রবণতা, ইত্যাদি লক্ষণ সহ অন্যান্য লক্ষণেও মেটেরিয়া মেডিকায় কষ্টিকামে অধিকতর সাদৃশতা পাওয়া যায় । এখানে একটি বিশেষ লক্ষণ মেটেরিয়া মেডিকায় পাওয়া যায় যে কষ্টিকামের রোগীর দেহের উপর দিয়ে ঠান্ডা বাতাস প্রবাহিত হলে রোগীর দেহের অনাবৃত অংশে পক্ষাঘাত দেখা দেয়, এ লক্ষণটি কষ্টিকামের একটি প্রধান লক্ষণ হলেও রেপার্টরীতে এ লক্ষণটি যথাযথ ভাবে অন্তর্ভূক্ত নয় । রোগীকে পুনরায় প্রশ্ন করে রোগীকে অত্যন্ত সহানুভূতিশীল প্রকৃতির পাওয়া গিয়েছে । সুতরাং সর্বদিক বিবেচনা করে রোগীর জন্য কষ্টিকাম ওষুধটি নির্বাচন করা হল । এখানে একটি কথা উল্লেখ করা প্রয়োজন যে রেপার্টরীকরণের পরও সদৃশ ওষুধ নির্বাচনে সমস্যা দেখা দিলে পুনরায় বিভিন্ন প্রশ্ন করে বা সর্বোচ্চ মানপ্রাপ্ত ওষুধাবলী থেকে বিশেষ কোন প্রশ্ন করে ওষুধ নির্বাচনের সমস্যাকে সমাধান দেয়া যায় । আলোচ্য রোগীতেও নতুন করে প্রশ্ন করে সহানুভূতিশীল লক্ষণটি পাওয়া যাওয়ায় ওষুধ নির্বাচন করা সহজ হয়েছে ।

ব্যবস্থাপত্র - কষ্টিকাম ১ এম, ২ ডোজ শক্তি পরিবর্তিত রীতিতে ।

কয়েক সপ্তাহের মধ্যে রোগীর পক্ষাঘাতিক অবস্থার অনেক উন্নতি হয়েছে এবং রোগী চিকিৎসাধীন আছে ।

সহানুভূতিশীল **(Mind / Sympathetic)** রুব্রিকটিতে বর্ণিত ওষুধসমূহের মানকে পুনরায় রেপার্টরাইজেশান কৃত ওষুধের ফলাফলে যোগ করলে ফলাফল দাড়ায় ঃ-

১। রবিন মারফির রেপার্টরী অনুসারে - ক্যাল্ক কার্ব ৩৫/৭৬ অর্থাৎ ৩৫টি রুব্রিকে গাণিতিক মান ৭৬; কষ্টিকাম ৩৪/৭৮ অর্থাৎ ৩৪টি রুব্রিকে গাণিতিক মান ৭৮;

নাক্স-ভ ৩৩/৭৭; লাইকো ৩১/৬৮; ফসফরাস ৩১/৬৪; আর্স ৩০/৭১; সালফ ৩০/৬৫। এখানে কষ্টিকাম সর্বোচ্চ গাণিতিক মান ৭৮ পেয়েছে।

২। কেন্ট রেপার্টরী অনুসারে - নাক্স ভ ৩২/৭৪; কষ্টিকাম ৩০/৭০; লাইকো ৩০/৬৮, আর্স ৩০/৬৮; সালফ ২৯/৬৬; ফসফরাস ৩১/৬৫; রাস টক্স ২৬/৬২; ক্যাল্ক কার্ব ২৮/৬১। এখানে নাক্স ভ সর্বোচ্চ গাণিতিক মান ৭৪ পেয়েছে এবং পরবর্তী গাণিতিক মান কষ্টিকাম ৭০ পেয়েছে।

মেটেরিয়া মেডিকা পর্যালোচনা করে উপরোক্ত ফলাফল থেকে সর্বাধিক সদৃশ ওষুধ নির্বাচন তেমন কঠিক কর্ম নয়। অতএব বলা যায় রেপার্টরীর সহায়তায় ওষুধ নির্বাচন কেবল একটি যান্ত্রিক বা গাণিতিক পদ্ধতি নয় বরং মেটেরিয়া মেডিকা আয়ত্বের একটি কৌশলও বটে (Repertory work is never mechanical, and is only a guide to the study of Materia Medica)। তবে একটি কথা সর্বদা স্মরণে রাখতে হবে যে, রেপার্টরীকরণের পর চূড়ান্ত ওষুধ নির্বাচনের পূর্বে অবশ্যই মেটেরিয়া মেডিকায় যাচাই করে নিতে হবে।



# ৩য় খন্ড

- কম্পিউটারাইজড় হোমিওপ্যাথি
- ব্যবহারিক কম্পিউটারাইজড় হোমিওপ্যাথি

# Part III

- Computerised Homoeopathy
- Practical Computerised Homoeopathy

# ১৬শ অধ্যায়

## কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি (Computerised Homoeopathy)

### কম্পিউটার কি ?

কম্পিউটার বিজ্ঞানের এক যুগান্তকারী আবিষ্কার । ল্যাটিন শব্দ COMPUTARE থেকে ইংরেজী COMPUTER শব্দের সৃষ্টি, যার আভিধানিক অর্থ হতে পারে হিসাবকারী যন্ত্র । এটি এমন একটি ইলেকট্রনিক যন্ত্র যা দিয়ে গাণিতিক হিসাব (যোগ, বিয়োগ, গুণ, ভাগ), এমনকি যুক্তি ও সিদ্ধান্তমূলক কাজ তথা তথ্য প্রক্রিয়াকরণের কাজ করা যায় । এটি তার স্মৃতিতে বিভিন্ন নির্দেশ সংরক্ষণ করতে পারে এবং প্রয়োজনে সেই নির্দেশ নির্ভুলভাবে ও তড়িৎগতিতে নির্বাহ বা Process করতে পারে । কম্পিউটারের নিজে নিজে কাজ করার কোন ক্ষমতা নেই । কম্পিউটার প্রস্তুতকারী ও ব্যবহারকারীগণই বলে দিচ্ছে তাকে কি করতে হবে এবং কেমন করে করতে হবে । হিসাব, সিদ্ধান্ত ও যুক্তিমূলক সমস্যার দ্রুত ও নির্ভুল সমাধান দিয়ে মানুষের উদ্ভাবনী শক্তির কার্যকারীতা বাড়াতে সাহায্য করে কম্পিউটার । এর গতি, বিশ্বস্ততা ও নির্ভরশীলতা মানুষের অনুরূপ ক্ষমতার তুলনায় অনেক উন্নত । মানুষের দেয়া নির্দেশ অনুসারে কম্পিউটার কাজ করে তবে তা করে অতিশয় বিশ্বস্তভাবে, অতিশয় নির্ভুলভাবে এবং অনেক দ্রুতগতিতে । মূলতঃ উপযুক্ত নির্দেশের প্রভাবে কম্পিউটার জড় পদার্থ হতে গাণিতিক শক্তি সম্পন্ন একটি বুদ্ধিমান যন্ত্রে পরিণত হয় ।

পরিশেষে কম্পিউটারকে এমনভাবে সংজ্ঞায়িত করা যায় যে, কম্পিউটার একটি দ্রুতগতি সম্পন্ন এবং নির্ভুলভাবে তথ্য প্রক্রিয়াকরণকারী ইলেকট্রনিক পদ্ধতি (Data Manipulation Electronic System) যা তথ্য গ্রহণ ও সংরক্ষণ করে এবং Process করে নির্দেশ অনুযায়ী ফলাফল (Output Result) প্রদান করে ।

কম্পিউটারের জন্মস্থান বেল ল্যাবরেটরী এবং ব্রিটিশ গণিতবিদ চার্লস ব্যাবেজ আধুনিক কম্পিউটারের জনক । তিনি কম্পিউটার তত্ত্বের ওপর ভিত্তি করে প্রথম এনালিটিক্যাল ও ডিফারেন্স ইঞ্জিন নামে দু'টি কম্পিউটার আবিষ্কার করেন । ব্যাবেজের পূর্বে ১৬৪২ সালে গণিতবিদ ব্লেসলি প্যাসকেল যোগ-বিয়োগে সক্ষম একটি গণনাযন্ত্র

সর্বপ্রথম উদ্ভাবন করেন । ১৬৭১ সালে গডফ্রাইড লেবনিজ উদ্ভাবন করেন গুণ ও ভাগের ক্ষমতাসম্পন্ন যান্ত্রিক ক্যালকুলেটর । ১৮১২ সালে চার্লস ব্যাবেজ প্রথম সর্বাধুনিক ক্যালকুলেটরের মূলনীতির পরিকল্পনা করেন বলে তার নামের সাথে কম্পিউটার উদ্ভাবনের বিষয়াটি সর্বাধিক প্রাধান্য লাভ করেছে । ১৯৪৪ সালে হাবার্ড বিশ্ববিদ্যালয় ও আই বি এম কোম্পানি যৌথ উদ্যোগে ইলেকট্রো-মেকানিক্যাল কম্পিউটার তৈরী করে । ১৯৫৭ সাল থেকে কম্পিউটারের ব্যবহার ব্যাপকতা লাভ করে। ১৯৭১ সালের পর থেকে কম্পিউটার জগতে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয় । কম্পিউটার আবিষ্কারের পর থেকে নানা রকম পরীক্ষা নিরীক্ষা ও উদ্ভাবনের মধ্য দিয়ে আজকের মাল্টিমিডিয়া কম্পিউটারের প্রচলন হয়েছে । হাজারো বৈজ্ঞানিক ও ইঞ্জিনিয়ারের মেধার ফসল এই পার্সোনাল কম্পিউটার । কম্পিউটারের আভ্যন্তরীণ গঠন, আকৃতি এবং কার্যসম্পাদনের গতি-প্রকৃতি বিচারে কম্পিউটার বিভিন্ন শ্রেণীর ও বিভিন্ন প্রকারের হতে পারে, যেমনঃ সুপার কম্পিউটার, মেইনফ্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার, মাইক্রো কম্পিউটার । তম্মধ্যে হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য যে কম্পিউটারটি প্রয়োজনীয় হতে পারে তা হচ্ছে মাইক্রো কম্পিউটার বা পার্সোনাল কম্পিউটার । বাহ্যিক আকৃতি এবং গাঠনিক দিক থেকে কিছু পার্থক্য পরিদৃষ্ট হওয়া সত্ত্বেও মূলনীতি বা কার্যকারিতায় বিভিন্ন শ্রেণীর কম্পিউটারের মধ্যে তেমন কোনো পার্থক্য নেই ।

## কম্পিউটারের গঠন কাঠামো ঃ হার্ডওয়্যার ও সফটওয়্যার

কম্পিউটারের গঠন বেশ জটিল এবং বিস্ময়কর । এর রয়েছে প্রধান দুটি দিক। প্রথমত এর যান্ত্রিক সরঞ্জাম বা হার্ডওয়্যার এবং দ্বিতীয়ত এর প্রোগ্রাম সরঞ্জাম বা সফটওয়্যার । কম্পিউটারের বাহ্যিক অবকাঠামো বা বাহ্যিক আকৃতি সম্পন্ন সকল যন্ত্র, যন্ত্রাংশ, ডিভাইস সমূহকে হার্ডওয়্যার বলে । ইন্টিগ্রেটেড সার্কিট, মাইক্রো প্রসেসর, মাদার বোর্ড প্রভৃতি যন্ত্রপাতি নিয়ে সুষ্ঠ ভাবে কর্ম সম্পাদন ও সহায়তা করার জন্য রয়েছে অন্যান্য ডিভাইসমূহ যেমন, ফ্লপি ডিস্ক ড্রাইভ, হার্ড ডিস্ক ড্রাইভ, সিডি রম ড্রাইভ, কী বোর্ড, মাউস, মনিটর, প্রিন্টার, স্পীকার ইত্যাদি স্পর্শযোগ্য সকল যন্ত্রপাতিকে কম্পিউটারের Hardware বলে । উল্লেখিত সকল যন্ত্রপাতির সমন্বয়েই গঠিত হয় কম্পিউটারের হার্ডওয়্যার অংশ । এক কথায় বলা যায় হার্ডওয়্যার হচ্ছে কম্পিউটারের বাহ্যিক কাঠামো যা আমরা স্পর্শ করতে পারি।

কম্পিউটারের সকল Hardware বা যন্ত্রাংশকে কর্মক্ষম করে তোলার জন্য যে সারিবদ্ধ সুশৃঙ্খল অযান্ত্রিক কার্যনির্দেশ অন্তর্ভূক্ত করা হয় তাকে সফটওয়্যার বলে । অর্থাৎ কম্পিউটারের কার্যক্ষমতাকে কর্মপযোগী করার জন্য যে নির্দেশ সমুহ কাজ করে





তাদেরকে Software বলে । কখনো কখনো Software কে প্রোগ্রাম নামেও অভিহিত করা হয় । কার্য সম্পাদনের ধারা অনুসারে সফটওয়্যারকে তিনটি শ্রেণীতে ভাগ করা হয় । ১। ফার্ম ওয়্যার সফটওয়্যার- কম্পিউটার যন্ত্রাংশ প্রস্তুতকারী কর্তৃক প্রোগ্রাম, যা আমরা কোন পরিবর্তন করতে পারি না, এদেরকে কেবল মনিটরে দেখা যায়, যেমন - রমে রক্ষিত প্রোগ্রাম । ২। সিস্টেম সফটওয়্যার- যে সফটওয়্যার কম্পিউটারের সিস্টেমের যাবতীয় ডিভাইসসমূহ নিয়ন্ত্রণ করে তাকে সিস্টেম সফটওয়্যার বলে । যেমন DOS, WINDOWS ইত্যাদি। ৩। এপ্লিকেশন সফটওয়্যার - কম্পিউটার ব্যবহারকারীর চাহিদা অনুসারে বিভিন্ন রকমের কাজ কর্মকে সহজভাবে ও সুষ্ঠভাবে সম্পাদনের জন্য যে সকল প্রোগ্রাম তৈরী করা হয়, তাদেরকে এপ্লিকেশন সফটওয়্যার বা প্যাকেজ প্রোগ্রাম বলা হয় । যেমন- এম এস ওয়ার্ড, এম এস এক্সেল, ফক্সপ্রো ইত্যাদি । হোমিও চিকিৎসা বিষয়ক বিভিন্ন সফটওয়্যার সমূহ এপ্লিকেশন সফটওয়্যারের শ্রেণীভূক্ত ।

## কম্পিউটারের মেমোরী বা স্মৃতির একক

কম্পিউটারের মেমোরি বা স্মৃতির একক হচ্ছে বাইট (Byte)

8 bit = 1 byte = 1 Character

1024 ($2^{10}$) byte = 1 Kilobyte (KB)

1024 ($2^{10}$) KB = 1 Megabyte (MB)

1024 ($2^{10}$) MB = 1 Gigabyte (GB)

## হোমিওপ্যাথিক চিকিৎসকের জন্য প্রয়োজনীয় কম্পিউটারের নমুনা বা কনফিগার

| | |
|---|---|
| **Processor** | - Pentium II or III or IV / Celeron /AMD<br>500MHz ~ 1GB MHz ~ 2 GBMHz |
| **Motherboard** | - Intel / Gigabyte / Acrop /Asus |
| **RAM** | - 64 or 128 MB |
| **AGP Card** | - 16 MB / 32 MB |
| **Floppy Disk Drive** | -1.44 (3.5") |
| **Hard Disk Drive** | - 20 GB or 40 GB |
| **Monitor** | - 15" or 17" Color Monitor |
| **Casing** | - ATX |

| | |
|---|---|
| **Key Board** | - Perfect / Any Key Board |
| **Mouse** | - A 4 Tech |
| **CD-ROM Drive** | - 52X CD-ROM |
| **Sound Card** | - Any Sound Card |
| **Speakers** | - Any standard Speakers |
| **Printer** | - Any Printer |
| **UPS** | - 500VA / 1000VA |

ইন্টারনেট সুবিধা ভোগ করতে হলে টেলিফোন লাইন, ইন্টারনেট সার্ভার কানেকসান এবং Fax Modem থাকতে হবে। এ ছাড়াও TV Card, Scanner, DVD ROM, Digital Camera ইত্যাদি সহ আরও বহুবিধ উপাদান কম্পিউটারের সাথে সংযুক্ত করা যেতে পারে। চিকিৎসক নিজের পরিচিত কম্পিউটার বিক্রয়কারী প্রতিষ্ঠান থেকে নিজের পছন্দমত যন্ত্রাংশের মাধ্যমে কম্পিউটারকে সংযোজিত করে নিতে পারেন। উপরের ফিগারটি একটি নমুনা মাত্র। চিকিৎসক নিজের চাহিদা অনুসারে প্রয়োজনীয় মেডিকেল সফটওয়্যার ও হোমিওপ্যাথিক সফটওয়্যার সংগ্রহ করে কম্পিউটারকে হোমিওপ্যাথিক চিকিৎসায় ব্যবহার উপযোগী করে নেবেন।

## আধুনিক সভ্যতায় কম্পিউটারের ব্যবহার

আধুনিক সভ্যতা ও কম্পিউটারকে এখন আর আলাদাভাবে চিন্তা করা যায় না। অফিস, আদালত, ব্যাংক, বীমা, কলকারখানা, ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা, বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা, শিক্ষা, গবেষণা, যোগাযোগ, তথ্যের আদান প্রদান, পরিকল্পনা, মহাকাশ অভিযান, স্যাটেলাইট, বিমান, আর্কিটেকচার, ডিজাইন, গ্রাফিক্স, মুদ্রণশিল্প, চলচিত্র, বিজ্ঞাপন, টেলিফোন, ইন্টারনেট ইত্যাদি সহ বহুবিধ ক্ষেত্রেই কম্পিউটারের ব্যবহার উন্মোচন করেছে নতুন দিগন্তের। বলা হয় কম্পিউটার দিয়ে করা যায় না এমন কাজের সংখ্যা সীমিত এবং যা করা যায় তা অসীম। মোট কথা আধুনিক সভ্যতা ও কম্পিউটারকে এখন আর আলাদা করা যায় না। যে সব বিশেষত্বের জন্য কম্পিউটার আধুনিক সভ্যতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, তা'হলো কম্পিউটারের নির্ভুল কর্মসম্পাদন, দ্রুতগতি, স্মৃতি, স্বয়ংক্রিয়কর্মক্ষমতা ও সহনশীলতা ইত্যাদি।

## চিকিৎসা ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার

আধুনিক চিকিৎসাবিজ্ঞানে কম্পিউটারের ব্যবহার দিন দিন বেড়েই চলেছে। রোগীদের বিভিন্ন তথ্য নিয়ে ফাইল তৈরী এবং প্রয়োজনে সে তথ্য স্মৃতি থেকে পড়ার





জন্য কম্পিউটারের ব্যবহার উন্নত বিশ্বে এখন অতি সাধারণ ব্যাপার। রোগীদের বিভিন্ন তথ্য কম্পিউটারের স্মৃতি তে সংরক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে তা বিভিন্ন বৈজ্ঞানিক গবেষণা ও পরিসংখ্যানের কাজে ব্যবহৃত হচ্ছে। চিকিৎসা বিষয়ক বিভিন্ন কম্পিউটার প্রোগ্রামের তথ্য, বর্ণনা, স্থির চিত্র, চলমান ছবি ইত্যাদি দ্বারা চিকিৎসকদেরকে উচ্চতর ট্রেনিং দেয়া হচ্ছে, চিকিৎসকদের জ্ঞানের পরিধিকে আরও বিস্তৃত করা হচ্ছে, যা রোগী চিকিৎসায় সুপ্রভাব ফেলতে সক্ষম হয়েছে। বিভিন্ন প্যাথলজিকেল টেষ্ট, চোখের ক্ষমতা নির্ণয় বা চক্ষু পরীক্ষা, আলট্রাসনোগ্রাম, জটিল অস্ত্রোপচার ইত্যাদি সহ বহুবিধ কাজ কম্পিউটার নিয়ন্ত্রিত যন্ত্রের মাধ্যমে করা হচ্ছে। কম্পিউটার নিয়ন্ত্রিত আলট্রাসাউন্ড ছবি ব্যবহার করে মানব দেহের যে কোন অঙ্গের রোগ নির্ণয় করা যায়। CT-SCAN বা COMPUTERISED TOMOGRAPHY এর বহুল প্রচলিত উদাহরণ। জটিল অস্ত্রোপচার যেমন চোখের ছানি অপসারণ ও লেন্স সংযোজনে উচ্চ প্রযুক্তির কম্পিউটার চালিত যন্ত্র ব্যবহার করা হয়, যার নাম ফ্যাকো মেসিন এবং পদ্ধতিটির নাম ফ্যাকো সার্জারী। MRI বা ম্যাগনেটিক রেজোনেন্স ইমেজিং কম্পিউটার প্রযুক্তির যথাযথ ব্যবহারের আর একটি উদাহরণ। বর্তমানের অধিকাংশ ডিজিটাল বৈজ্ঞানিক যন্ত্রপাতিতে কম্পিউটারের মাইক্রোচিপ বা প্রসেসর সংযুক্ত থাকছে, ফলে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার উপাত্ত বা ডাটার মূল্যায়ন ও বিশ্লেষণ অধিকতর মানসম্মত হতে পারছে। এ ছাড়া তথ্য প্রযুক্তি বা Information Technology এর অভাবনীয় উন্নতির কারণে বিভিন্ন ধরনের বিশাল বিশাল চিকিৎসা বিষয়ক পুস্তকাদীর তথ্য এখন কমপ্যাক্ট ডিস্ক বা সিডি তে পাওয়া যাচ্ছে। এ সকল প্রোগ্রামে শক্তিশালী সার্চ অপশন থাকায় বিশাল পুস্তকের তথ্য মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যাচেছ। চিকিৎসকদের প্রয়োজনের কথা বিবেচনা করে বিভিন্ন ধরনের এপ্লিকেশন মেডিকেল সফটওয়্যার বা প্যাকেজ প্রোগ্রাম তৈরী হয়েছে এবং বাজারে পাওয়া যাচ্ছে। এ সকল বিভিন্ন রকমের এপ্লিকেশন মেডিকেল সফটওয়্যার দ্বারা চিকিৎসকদের বিভিন্ন রকমের কাজ কর্মকে সহজভাবে ও সুষ্ঠভাবে সম্পাদন করা যাচ্ছে। বিশেষ করে শিক্ষামূলক মেডিকেল সফটওয়্যার সমূহ মেডিকেল শিক্ষার্থীর জ্ঞান আহরণের চাহিদাকে বহুলাংশে পূরণ করতে সক্ষম হয়েছে, ফলে এধরনের সফটওয়্যার সমুহের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ ছাড়া বিভিন্ন ধরনের ডায়াগনষ্টিক মেডিকেল প্রোগ্রাম দ্বারা প্রশ্ন উত্তরের মাধ্যমে কম্পিউটার রোগ নির্ণয়ে চিকিৎসককে সহায়তা প্রদান করতে পারে। কম্পিউটার প্রযুক্তির যোগাযোগের মাধ্যম ইন্টারনেটের সাহায্যেও চিকিৎসক চিকিৎসাবিদ্যা সহ বিভিন্ন ধরনের তথ্য সংগ্রহ করে নিজের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করতে পারেন। ইন্টারনেট ব্যবহারের অর্থ হচ্ছে সমগ্র বিশ্বের তথ্যজগৎ হাতের কাছে থাকা। মেডিকেল ট্রান্সক্রিপশন এর মাধ্যমেও চিকিৎসাবিদ্যা বিষয়ক তথ্যের আদান প্রদান করা সম্ভব হচ্ছে, আর এতে উপকৃত হচ্ছেন দেশী বিদেশী চিকিৎসকবৃন্দ। মেডিকেল ট্রান্সক্রিপশন এর মাধ্যমে লক্ষ লক্ষ

বেকার শিক্ষিত যুবকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে কম্পিউটার প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে। কম্পিউটার প্রযুক্তি নির্ভর টেলি মেডিসিন (Telemedicine) এর মাধ্যমে রোগীর যাবতীয় রোগলক্ষণ ও প্যাথলজিক্যাল পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত রিপোর্ট অবিকল ভাবে বিশ্বের যে কোন বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে পাঠানো যাচ্ছে। এতে করে এদেশী বিশেষজ্ঞ চিকিৎসক বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকের মতামত গ্রহণ করতে পারছেন, অন্য ভাবে বলা যায় টেলি মেডিসিনের মাধ্যমে এদেশে অবস্থান করেই বিদেশী চিকিৎসকের চিকিৎসা নেয়া যাচ্ছে, ফলে জটিল রোগীর সুচিকিৎসা করা সম্ভব হচ্ছে। হোমিওপ্যাথিক চিকিৎসকগণও ইচ্ছে করলে এই টেলিমেডিসিনের মাধ্যমে বিশ্বের যে কোন স্থানের বিশিষ্ট্য হোমিওচিকিৎসকের সাথে যোগাযোগ করে রোগী চিকিৎসায় মতামত গ্রহণ করতে পারেন বা তথ্যের আদান প্রদান করতে পারেন। ফলে দেখা যাচ্ছে যে বিভিন্নভাবে চিকিৎসাক্ষেত্রে চিকিৎসকের সাহায্যকারী হিসাবে কম্পিউটার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে এবং ভবিষ্যতে আরও অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে একথা নিঃসন্দেহে বলা যায়।

## শিক্ষামূলক বেসিক মেডিকেল সফটওয়্যার

Inter Active Atlas of Human Anatomy, Inter Active Physiology, Atlas of Hematology, Clinical Hematology, Interactive Skeleton, Functional Anatomy of the Heart, Prostate Disorders (Surgery), Clinical Endocrinology (Medicine), MRI of the Brain & Spine, Clinical Neurology (Medicine), Atherosclerosclerosis & Coronary Heart Disease, Medical Encyclopedia, Electrocardiography, The Family Dotor, Physician's Home Assistant, Body Works ver. 6, Harrison' 14th Edition (Medicine), Breast Cancer, Complete Medical Advisor, Emergency Room, Cancer Medicine, Encyclopedia of Body, Pathology, Clinical Medicine, Diabetes, Sim Bio-Sys ECG, Immunology, Plastic Surgery, Embryology, Orthopedic, Mastering MRI, The Human Brain.

## হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটার প্রযুক্তির ব্যবহার

হোমিওপ্যাথিক চিকিৎসাবিজ্ঞানও কম্পিউটার প্রযুক্তির ব্যবহারে পিছিয়ে নেই। Information Technology বা তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে বর্তমানে





হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক প্রায় সকল পুস্তকাদির তথ্য সহ বিশ্বখ্যাত সকল মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীর তথ্য কম্পিউটারে সংরক্ষণ ও ব্যবহার করা হচ্ছে এবং প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন তথ্যকে খুঁজে বের করাও সম্ভব হচ্ছে। হোমিওপ্যাথিক চিকিৎসকদের প্রয়োজনীয়তাকে সামনে রেখে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার বা প্রোগ্রাম প্রস্তুত করে বাজারজাত করছে। কম্পিউটারের বহুমূখী ব্যবহারের সুফল উপলব্ধি করে ১৯৮৬ সনে বেলজিয়ামের কয়েকজন হোমিওপ্যাথ পূর্ব পরিচয়ের সূত্রে বেলজিয়ামের নামুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের ম্যাথমেটিক্স এর অধ্যাপক জিন ফিকিফিট এর স্মরণাপন্ন হন এবং তাকে হোমিওপ্যাথিক সফটওয়্যার তৈরী করার জন্য দায়িত্ব প্রদান করেন। এভাবে সর্ব প্রথমে বেলজিয়ামের নামুর বিশ্ববিদ্যালয়ে 'রাডার' নামে একটি গবেষণা প্রকল্পের অধীনে হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুতের কাজ শুরু করা হয় এবং অধ্যাপক জিন ফিকিফিট ছিলেন এর তত্বাবধায়ক *(**Professor Jean Fichefet**, Professor of Mathematics at the University of Namur, Belgium, Department of Computer Science, প্রফেসর ফিকিফিটের ছেলের দূরারোগ্য ব্যাধি হোমিওপ্যাথিক চিকিৎসায় আরোগ্য লাভের ঘটনা তার মনে গভীর দাগ কাটে এবং ঘটনাটি এই বিশাল কর্মকান্ডের শুভ সূচনা করে)। বিশ্বের প্রায় ৩০টি দেশের বিশিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসক এই প্রকল্পে জড়িত হন। **Dr. Frederik Schroyens** ছিলেন রাডার প্রকল্পের প্রধান সমন্বয়কারী। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শেষ হয়। ১৯৮৭ সনে ডস ভিত্তিক 'রাডার' নামক কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার শুরু হয়। তার কিছুদিন পরে অষ্ট্রেলিয়ায় ল্যামনিয়া প্রাঃ লিমিটেড, আমেরিকার কেন্ট হোমিওপ্যাথিক এসোসিয়েটস্, লন্ডনের মিক্লেন্ট লিঃ, ভারতের 'হোমপ্যাথ' হোমিওপ্যাথিক প্রোগ্রাম তৈরী করে চিকিৎসকদের জন্য বাজারে ছাড়ে। বর্তমানে কম্পিউটার প্রযুক্তিগত দিক থেকে অভাবনীয় উৎকর্ষ লাভ করার ফলে এবং উইন্ডোজ ভিত্তিক অপারেটিং সিষ্টেমের প্রচলন হওয়ায় হোমিওপ্যাথিক প্রোগ্রামেরও অনেক উৎকর্ষ হয়েছে, কিন্তু আশ্চার্যের ব্যপার হল বাংলাদেশের হোমিওপ্যাথিক চিকিৎসকবৃন্দ এ প্রযুক্তিটিকে এখনও তেমন আন্তরিকতার সাথে গ্রহণ করে নিতে পারেননি। হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য বর্তমানে অত্যন্ত উন্নতমানের ও সহজে ব্যবহারযোগ্য হোমিওপ্যাথিক প্রোগ্রাম তৈরী হয়েছে, যার দ্বারা যত কঠিন বা যত জটিল রোগীলিপিই হোক না কেন কম্পিউটার প্রযুক্তি চিকিৎসককে সদৃশ ওষুধ নির্বাচনে দিক নির্দেশনা দিতে পারে। বর্তমানে বিশ্বের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠান যুগের সাথে তাল মিলিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসকদের চাহিদার দিকে লক্ষ্য রেখে বিভিন্ন ধরনের হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার তৈরী করে বাজারজাত করছে। LAMNIA,

MAC-REP, HOMPATH, CARA, MICROPATH, HOMOEOREP, THE PROFILE, THE SAMUEL, KENTIAN, POLYCHRESTA, HOMEOPATHY RESOURCE, JACOBS HOMOEOPATHIC PRESCRIBER, এবং RADAR ইত্যাদি অন্যতম হোমিওপ্যাথিক সফটওয়্যার। প্রচলিত হোমিওপ্যাথিক পুস্তকাদির ও রেপার্টরীর আংশিক বা যাবতীয় তথ্যকে অন্তর্ভূক্ত করে ও স্বল্প সময়ে রেপার্টরীকরণের সুবিধা সম্বলিত এই প্রযুক্তি হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য উম্মোচন করেছে এক বিশাল জ্ঞান ভান্ডার ও কর্মকান্ডের। রেপার্টরীকরণের মত জটিল ও সময়সাপেক্ষ কর্মকে দ্রুত ও নির্ভুল সম্পাদনার জন্য কম্পিউটার যে সুবিধা হোমিও চিকিৎসককে দিতে পারে বিশ্বের অন্য কোন প্রযুক্তি এর সমকক্ষ হতে পারেনি।

## হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার

হোমিওপ্যাথিক চিকিৎসকদের প্রয়োজনীয়তাকে সামনে রেখে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার বা প্রোগ্রাম প্রস্তুত করে বাজারজাত করছে। LAMNIA, MAC-REP, HOMPATH, CARA, MICROPATH, HOMOEOREP, THE PROFILE, THE SAMUEL, KENTIAN, POLYCHRESTA, JACOBS HOMOEOPATHIC PRESCRIBER, HOMEOPATHY RESOURCE এবং RADAR ইত্যাদি অন্যতম হোমিওপ্যাথিক সফটওয়্যার।

বিভিন্ন সফটওয়্যার দ্বারা বিভিন্ন রকমের চাহিদা পূরণ করা যায় এবং বিভিন্ন রকমের কাজ করা যায়। নিম্নে কয়েকটি হোমিওপ্যাথিক সফটওয়্যারের বিষয়বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হল ঃ-

## LAMNIA
### (The Lamnia System Breviary)

অস্ট্রেলিয়ায় তৈরী প্রোগ্রাম। কেন্ট রেপার্টরীরর গুরুত্বপূর্ণ ১৪৭৭৪ টি লক্ষণ বা রুব্রিক এবং ৬৪৮টি ওষুধ নিয়ে তৈরী প্রোগ্রাম। এই প্রোগ্রামটিতে লক্ষণ বিন্যাস নিম্নরূপ ঃ- মানসিক ৪১৩১টি, শিরঘূর্ণন ১০২টি, মস্তক ৮৩৮টি, চক্ষু ১৯৩, দৃষ্টি ৭৫টি, কর্ণ ২২৬টি, শ্রবন ১৩টি, নাক ২৬৩, মুখমন্ডল ৩৬৪, মুখগহ্বর ২০৮টি, দন্ত ৫৩টি, গলনালী ১৮৯টি, বাহ্য গলদেশ ২৮টি, পাকস্থলী ৫৭৩টি, উদর ৫৩১টি, সরলান্ত্র ৩৩৬টি, মল ৮২টি, মূত্রস্থলী ১৬৮টি, মূত্রগ্রন্থি ৩৭টি, প্রোস্টেট গ্রন্থি ১৩টি, মূত্রনালী ৯৭টি, মূত্র ৬৬টি, পুরুষ জননতন্ত্র ১৮৫টি, স্ত্রীজননতন্ত্র ৩৩৩টি, শ্বাসনালী ও কণ্ঠ ১৯৭টি, শ্বাসক্রিয়া ১৫৮টি, কাশি ২৬২টি, গয়ের উঠা ৬৯টি, বক্ষদেশ ৪৭৬টি, পৃষ্ঠদেশ ৪৮৫টি, হস্তপদাদি ২৪৪৬টি, নিদ্রা ১৫৪টি, শীতাবস্থা ২৩৪ টি, জ্বর ১৫৫টি, ঘর্ম ৯৫টি, চর্ম ৩৩৭টি এবং সাধারণ লক্ষণ ৬০২টি অর্থ্যাৎ এ প্রোগ্রামটিতে কেন্ট রেপার্টরীর ১৪,৭৭৪টি লক্ষণ বা রুব্রিককে অন্তর্ভূক্ত করা হয়েছে।

ডস ভিত্তিক এ প্রোগ্রামটিতে বিশাল কেন্ট রেপার্টরীর ১৪,৭৭৪টি রুব্রিক অন্তর্ভূক্ত করা হয়েছে। রুব্রিক নির্বাচন করে রেপার্টরীকরণের নির্দেশ দিলে মূহূর্তের মধ্যে রেপার্টরীকরণে সক্ষম এ প্রোগ্রামটি ডস ভিত্তিক একটি উন্নত মানের হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার।

LAMNIA প্রস্তুত কারক ঃ
**M/S LAMNIA PTY LTD.** P.O.BOX NO 22 WOODFORD NSW 2773 AUSTRALIA.

## MAC-REPERTORY

এটি অত্যন্ত বিশাল প্রোগ্রাম। প্রথম দিকে অ্যাপল ম্যাকিনটশ কম্পিউটারে ব্যবহার উপযোগী করে তৈরী করা হয়েছিল, বর্তমানে আই বি এম কম্পিউটারে ব্যবহার যোগ্য সংস্করণও পাওয়া যায়। এটির বিভিন্ন রকমের সংস্করণ রয়েছে, যেমন-

1. Mac Repertory Student / Lite - Kent's Repertory
2. Mac Repertory Basic - Includes Kent's Repertory, Keynotes by Roger Morrison, KHA's Desktop Accessories, confirmatory information for 1600 remedies, and a Keynote file.
3. Mac Repertory Professional - Includes Kent's Repertory, Keynotes by Roger Morrison, KHA's Desktop Accessories, confirmatory information for 1600 remedies, and a Keynote file. Unique feature of analysis by Families of Remedies and other customizable stuff.
4. The Gift of Homeopathy – Includes working versions of Mac Repertory with Kent's Repertory, Reference Works with Clarke's Materia Medica, Thema (new Materia Medica: spider remedies) and important Homoeopathic Books including the Organon, Philosophy.

5. Reference Works Professional – Includes roughly 181 volumes of Materia Medica including new books by authors such as Sankaran, Scholten, Murphy, Vermeulen, Morrison and others, new provings and tens of thousands of journal articles (670 MB).

6. Basic Reference Works – A Library of 125 volumes. Kent Repertory. No new Books.

7. Reference Works Light – Includes Allen's encyclopedia, Boericke's Materia Medica, Clarke's Dictionary, Hahnemann's Materia Medica Pura and Materia Medica from Chronic Diseases and Kent's Lectures on Materia Medica (120 MB).

Basic বা Professional এর সাথে আরও অনেক পুস্তকের সংযোজন করা যায়। সে গুলোকে আলাদা প্যাকেজ হিসেবে ক্রয় করে নিতে হয় । রুব্রিক নির্বাচন করে রেপার্টরীকরণের নির্দেশ দিলে মূহূর্তের মধ্যে রেপার্টরীকরণে সক্ষম এ প্রোগ্রামটিতে রেপার্টরীকরণ ছাড়াও আরও বহুবিধ সুবিধা বিদ্যমান, যেমন রোগী বিবরণী সংরক্ষণ, মেটেরিয়া মেডিকা সহ প্রোগ্রামে অন্তর্ভূক্ত যে কোন পুস্তকের তথ্য বিবরণী উপস্থাপন ইত্যাদি ।

বিস্তারিত জানার জন্য প্রস্তুতকারকদের সাথে যোগাযোগ করতে হবে ।

MAC-REPERTORY প্রস্তুত কারক ঃ

**KENT HOMOEOPATHIC ASSOCIATES, INC.**
Beth Niles, Sales Manager 710 Mission Avenue
San Rafael CA 94901 **U.S.A.**

এজেন্টঃ

**COSMIC HEALERS PTV. LTD.**
7393, B - 10, Vasant Kunj, New Delhi - 110 070, INDIA.
Ph: 689 - 0747/612-3670-3702
Fax: 612-2509
E-mail: homeo@del2.vsnl.net.in





# CARA
## (Computer Assisted Repertory Analysis)

ইউনাইটেড কিংডম বা ইংলন্ডে তৈরী প্রোগ্রাম । বিশ্বের খ্যাতনামা চিকিৎসকদের পরামর্শ অনুসারে বিশ্বসেরা হোমিওপ্যাথিক পুস্তকাদির তথ্যসমূহকে অন্তর্ভূক্ত করে এ প্রোগ্রাম তৈরী করা হয়েছে । সর্বপ্রথমে এ প্রতিষ্ঠান ডস ভিত্তিক কেন্ট রেপার্টরী ও বরিক রেপার্টরীর প্রোগ্রাম তৈরী করে বাজারে ছাড়ে । কম্পিউটারে উইন্ডোস জনপ্রিয়তা লাভের পর এ প্রতিষ্ঠান উইন্ডোস ভিত্তিক প্রোগ্রাম তৈরী করে বাজারে ছাড়ে । লন্ডনের রয়েল হোমিওপ্যাথিক হাসপাতালের তত্ত্বাবধানে এ প্রোগ্রামটি তৈরী করার কারণে ও উচ্চমান সম্পন্ন পুস্তক নির্বাচনের কারণে এ প্রোগ্রামটি বিশ্ব হোমিও জগতে বিশেষ জনপ্রিয়তা লাভ করেছে । বর্তমানে বিশ্ব-বাজারে এ প্রোগ্রামটির কয়েকটি সংস্করণ পাওয়া যাচ্ছে, এরা হল-

1. **CARA Lite**
2. **CARA for Windows**
3. **CARA Standard**
4. **CARA Professional**

CARA Standard ও CARA Professional এর সাথে Robin Murphy রচিত Homoeopathic Medical Repertory এবং Roger van Zandvoort রচিত Complete Repertory আলাদাভাবে সংযোজন করে নেয়া যায় । এছাড়া তাদের প্রোগ্রামকৃত বিভিন্ন মেটেরিয়া মেডিকা বা বিভিন্ন পুস্তক CARA Professional এর সাথে আলাদাভাবে সংযোজন করে নেয়া যায় । তবে এর জন্য লাইসেন্স ফি ছাড়াও আলাদা ভাবে মূল্য পরিশোধ করতে হবে ।

রুব্রিক নির্বাচন করে রেপার্টরীকরণের নির্দেশ দিলে মূহূর্তের মধ্যে রেপার্টরীকরণে সক্ষম এ প্রোগ্রামটিতে রেপার্টরীকরণ ছাড়াও আরও বহুবিধ সুবিধা বিদ্যমান, যেমন রোগী বিবরণী সংরক্ষণ, মেটেরিয়া মেডিকা বা প্রোগ্রামে অন্তর্ভূক্ত যে কোন পুস্তকের তথ্য বিবরণী উপস্থাপন ও যে কোন তথ্যকে খুঁজে বের করা সহ এক্সপার্ট সিষ্টেম ইত্যাদি ।

**CARA Lite** সফটওয়্যারটিতে নিম্নলিখিত বিষয়বস্তু অন্তর্ভূক্ত আছে -

a) Kent's Repertory
b) Boericke's Repertory
c) Boericke's Materia Medica

**CARA for Windows** সফটওয়্যারটিতে নিম্নলিখিত বিষয়বস্তু অন্তর্ভূক্ত আছে -

1. Repertory
   - a) Combined Repertory by Drs. David Witko & John Stevenson (Upgrade of Kent's Repertory)
   - b) Boericke's Repertory
   - c) Phatak's Repertory
   - d) Robin Murphy's Homeopathic Medical Repertory
   - e) Roger van Zandvoort's Complete Repertory
2. Materia Medica
   - a) Boericke's Materia Medica
   - b) Kent's Lectures on Materia Medica
   - c) Phatak's Materia Medica
   - d) Allen's Keynotes

**CARA Standard** সফটওয়্যারটিতে নিম্নলিখিত বিষয়বস্তু অন্তর্ভূক্ত আছে –

a) Combined Repertory by Drs. David Witko & John Stevenson
b) Boericke's Materia Medica

**CARA Professional** সফটওয়্যারটিতে নিম্নলিখিত বিষয়বস্তু অন্তর্ভূক্ত আছে -

**1. Repertory**

a) Combined Repertory by Drs. David Witko & John Stevenson
b) Homeopathic Medical Repertory by Dr. Robin Murphy ND (2nd edition)

**2. Other Books**

a) Organon of Medicine
b) Boericke's Materia Medica
c) Kent's Lectures on Materia Medica
d) Phatak's Materia Medica
e) Allen's Keynote
f) Reversed Combined Repertory





g) Materia Medica Pura
h) Chronic Disease
i) New, Old & Forgotten remedies
j) Lilienthal Therapertics

বিস্তারিত জানার জন্য প্রস্তুতকারকদের সাথে যোগাযোগ করতে হবে।

**CARA** প্রস্তুত কারক ঃ
**MICCANT LTD.** 14 MULBERRY CLOSE
WEST BRIDGFORD NOTTINGHAM NG2 7SS
**ENGLAND**
Email: Sales@miccant.co.uk
Internet: www.miccant.co.uk

# RADAR

## (Rapid Aid to Drug Aimed Research)

প্রোগ্রামটির পূর্ণনাম **Rapid Aid to Drug Aimed Research**। প্রতিটি শব্দের আদ্যাক্ষর নিয়ে গঠিত সংক্ষিপ্ত নাম RADAR। বিজ্ঞানের বিস্ময়কর আবিষ্কার কম্পিউটারের প্রচলন হওয়ায় ও কম্পিউটারের বহুবিধ সুবিধার কারণে চিকিৎসা বিজ্ঞানে কম্পিউটারের ব্যবহার দিন দিন জনপ্রিয় হতে থাকে। ফলে উন্নত বিশ্বে কম্পিউটার প্রযুক্তি ভিত্তিক রেপার্টরী ও হোমিওপ্যাথিক চিকিৎসা সংক্রান্ত পুস্তকাদীর তথ্য কম্পিউটারে সংরক্ষণের চাহিদা বৃদ্ধি পায়। ১৯৮৬ সনে বেলজিয়ামের কয়েকজন হোমিওপ্যাথ পূর্ব পরিচয়ের সূত্রে বেলজিয়ামের নামুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের ম্যাথমেটিক্স এর অধ্যাপক জিন ফিকিফিট এর স্মরণাপন্ন হন এবং তাকে হোমিওপ্যাথিক সফটওয়্যার তৈরী করার জন্য দায়িত্ব প্রদান করেন। প্রথমে বেলজিয়ামের নামুর বিশ্ববিদ্যালয়ে রাডার নামে একটি গবেষণা প্রকল্পের অধীনে হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুতের কাজ শুরু করা হয় এবং অধ্যাপক জিন ফিকিফিট ছিলেন এর তত্বাবধায়ক *(Professor Jean Fichefet, Professor of Mathematics at the University of Namur, Belgium, Department of Computer Science, প্রফেসর ফিকিফিটের ছেলের দূরারোগ্য ব্যাধি হোমিওপ্যাথিক চিকিৎসায় আরোগ্য লাভের ঘটনা তার মনে গভীর দাগ কাটে এবং ঘটনাটি এই বিশাল কর্মকান্ডের শুভ সূচনা করে)। বিশ্বের প্রায় ৩০টি দেশের বিশিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসক এই প্রকল্পে জড়িত হন। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শেষ হয়। এই সফটওয়্যারটিতে কেন্ট রেপার্টরীকে অন্তর্ভূক্ত করে প্রথমে প্রোগ্রাম তৈরী করা হয়। পরবর্তীতে বিশ্বহোমিও জগতের সকল তথ্য এই প্রোগ্রামে অন্তর্ভূক্ত করার ও কেন্ট রেপার্টরীতে আপ-টু-ডেট তথ্য অন্তর্ভূক্ত করার পরিকল্পনা গৃহীত হয়। কেন্ট রেপার্টরীতে পরিমার্জিত, পরিবর্ধিত ও সর্বশেষ তথ্যের সংযোজনের মাধ্যমে আরও উন্নত করার দায়িত্বভার গ্রহণ করেন **Dr. Frederik Schroyens,** তিনি রাডার প্রকল্পের প্রধান সমন্বয়কারী। তিনি ও তার সহকারী একদল নিষ্ঠাবান কর্মী অক্লান্ত পরিশ্রম করে যে রেপার্টরী সম্পাদনা করেন তার নামকরণ করা হয় - **Synthesis**। এ পর্যন্ত এই রেপার্টরীটির কয়েকটি সংস্করণ হয়েছে। প্রতিটি সংস্করণেই পূর্বের সংস্করণের চেয়ে অধিকতর তথ্য সংযোজন করা হয়েছে। ১৯৯৩ সনে এটির প্রথম সংস্করণ প্রকাশ হয়। ১৯৯৮ সনে প্রকাশিত সংস্করণের নাম Synthesis Repertorium Homeopathicum Syntheticum (**Synthesis 7.1**)। ২০০১ সনে প্রকাশিত সর্বশেষ সংস্করণের





নাম Synthesis Repertorium Homeopathicum Syntheticum (**Synthesis 8.1**) বিশ্বহোমিও চিকিৎসা জগতে আলোড়ন সৃষ্টিকারী চিকিৎসক গ্রীক চিকিৎসা বিজ্ঞানী **George Vithoulkas** (যিনি চলতি বিশ্বের শ্রেষ্ঠ হোমিও পন্ডিত হিসেবে স্বীকৃতি লাভ করেছেন, ১৯৯৬ সালে অক্টোবর মাসে তিনি Right Livelihood Award Foundation, Stockhoim কর্তৃক সম্মান সূচক **'Right Livelihood Award'** পুরষ্কার লাভ করেন, যা **Alternative Nobel Prize** নামে অধিক পরিচিত) এর মূল্যবান পরামর্শ এ প্রোগ্রামের মান উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছে। বর্তমানে বেলজিয়ামের হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠান **Archibel SA,** চিকিৎসকদের জন্য ***RADAR*** বানিজ্যিকভাবে বাজারজাত করছে।

Archibel S.A. Belgium; Microsoft Corporation, U.S.A এবং Folio Corporation, U.S.A এর যৌথ কারিগরী সহযোগিতায় এ প্রোগ্রামটি তৈরী করা হয়েছে। RADAR Basic Package, RADAR Intermediate Package এবং RADER Professional Package নামে এটির তিনটি সংস্করণ রয়েছে। কেন্ট রেপার্টরীর বর্ধিত সংস্করণ **Dr. Frederik Schroyens** সম্পাদিত **SYNTHESIS 8.1** রেপার্টরী এই প্রোগ্রামের সর্বশেষ সংযোজন। হ্যানিম্যান, কেন্ট, রবার্টস, এইচ. সি. এলেন, টি. এফ. এলেন, ব্লাকউড, বোগার, বরিক, বোরল্যান্ড, বার্ণেট, বার্ট, চ্যাটার্জী. টি. পি, ক্লার্ক, কাউপারথয়েট, ডানহাম, ফ্যারিংটন, ফবিষ্টার, গ্যালভারডিন, গিবসন, গ্যারেন্সি, হেল, জার, জুলিয়ান, লিপে, মাষ্টার ফারুক জামসেদ, মাথুর, মোহান্তি, মরগ্যান, মারফি, ন্যাশ, প্যাটারসন, রুডক, পিয়ের স্লিট, নার, ফ্রেডরিক স্রুয়েন্স, সিভারমন, ষ্টিফেনসন, টাইলার সহ বিশ্বের খ্যাতনামা হোমিও মনীষীর লিখিত বিভিন্ন হোমিওপ্যাথিক পুস্তকাদির তথ্য এবং টি. এফ. এলেনের এনসাইক্লোপেডিয়া, সি. হ্যারিং রচিত গাইডিং সিম্পটমস, ভিথোলকাস মেটেরিয়া মেডিকা ভিভা (VIVA) সহ ৩৬০টি পুস্তকের অবিকল অনুলিপি এ প্রোগ্রামে অন্তর্ভূক্ত করা হয়েছে। এই প্রোগ্রামটি বিশ্বের সবচেয়ে বৃহৎ তথ্য সম্বলিত হোমিওপ্যাথিক প্রোগ্রাম বা সফটওয়্যার। এ প্রোগ্রামটি পরিচালনা করতে উচ্চ প্রযুক্তির কম্পিউটার ও কমপক্ষে ১৭ ইঞ্চি মনিটর প্রয়োজন। প্রোগ্রামটির ব্যবহার কৌশল অত্যন্ত জটিল ও প্রশিক্ষণ সাপেক্ষ।

রুব্রিক নির্বাচন করে রেপার্টরীকরণের নির্দেশ দিলে মূহুর্তের মধ্যে রেপার্টরীকরণে সক্ষম এ প্রোগ্রামটিতে রেপার্টরীকরণ ছাড়াও আরও বহুবিধ সুবিধা বিদ্যমান, যেমন রোগী বিবরণী সংরক্ষণ, মেটেরিয়া মেডিকা বা প্রোগ্রামে অন্তর্ভূক্ত যে কোন পুস্তকের তথ্য বিবরণী উপস্থাপন এবং সার্চ অপশন ব্যবহার করে মুহূর্তের মধ্যে

কোন তথ্য খুঁজে বের করা ইত্যাদি সহ ভিথোলকাস এক্সপার্ট সিষ্টেম (VES) দ্বারা সঠিক ওষুধ নির্বাচন।

বিস্তারিত জানার জন্য প্রস্তুতকারকদের সাথে যোগাযোগ করতে হবে।

**RADAR** প্রস্তুত কারক ঃ
**ARCHIBEL SOFTWARE**
Rue du Pourrain, 73 -5330 Assesse
BELGIUM.
Internet: http://www.archibel.com

এজেন্টঃ-
HOMOEO IMPEX
1919 Sreet No. 10
Chuna Mandi, Paharganj
New Delhi -110 055
INDIA
Phone: (011) 7770430 (011) 7770572
Fax: (011) 7510471 (011) 7536420
Email : kjain@nda.vsnl.net.in

## HOMPATH

ভারতের **DR. JAWAHAR J. SHAH** কর্তৃক প্রস্তুতকৃত উচ্চমানের হোমিওপ্যাথিক সফটওয়্যার। এটি প্রথমে ডস ভিত্তিক প্রোগ্রাম হিসেবে বাজারে এসেছিল। বর্তমানে উইন্ডোস ভিত্তিক কয়েকটি সংস্করণ বাজারে এসেছে, যেমন - HOMPATH Ozone, HOMPATH Ozone ver - 2.0, HOMPATH Win, HOMPATH Academic, HOMPATH Academic ver - 2.0 HOMPATH Explorar, HOMPATH Mini Classic, HOMPATH Classic ver 7.0 এবং Materia Medica Live ইত্যাদি। HOMPATH Classic ver 7.0 এর সাথে Dr. Roger Van Zandvoort রচিত The Complete Repertory আলাদাভাবে সংযোজন করে নেয়ার বিশেষ ব্যবস্থা আছে। বিশ্ববিখ্যাত সফটওয়্যার প্রস্তুতকারী Microsoft Corporation, U.S.A. এর কারিগরী সহযোগিতায় HOMPATH প্রোগ্রাম সমূহ তৈরী। প্রচলিত পুস্তক রেপার্টরী





ও মেটেরিয়া মেডিকার অবিকল অনুকরণে এবং Windows ভিত্তিক প্রোগ্রাম হওয়ায় HOMPATH পরিচালনা করা সহজ। প্রস্তুতকারকদের ঘোষণা অনুসারে HOMPATH Classic প্রোগ্রামে বিশ্বের সবচেয়ে অধিক হোমিওপ্যাথিক পুস্তকের তথ্য সমৃদ্ধ করার প্রক্রিয়া অব্যাহত আছে।

**HOMPATH OZONE** বিষয় বস্তু ঃ-

২টি রেপার্টরী ও অন্যান্য তথ্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে।

রেপার্টরী ঃ- ২টি 1.Kent Repertory. 2.Boerick Repertory.

**HOMPATH OZONE ver 2.0** বিষয় বস্তু ঃ-

৪টি মেটেরিয়া মেডিকা, ১৬টি রেপার্টরী ও অন্যান্য তথ্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে।

মেটেরিয়া মেডিকা ঃ- ৪টি

1. **Allen** - Key notes of Leading Remedies.
2. **Boericke -** Pocket Manual of Homoeopathic Materia Medica.
3. **Kent** – Lectures on Homoeopathic Materia Medica.
4. **Nash** – Leders in Homoeopathic Therapeutics.

রেপার্টরী ঃ- ১৬টি

Main Repertory: -

1. Kent Repertory. 2. Boerick Repertory.

Special Repertory: -

1. Asthma. 2. Bach Flower 3. Bio-chemic.
4. Constipation. 5. Dentition. 6. Diarrhoea.
7. Eye. 8. Nail. 9. Obesity.
10. Piles. 11. Pneumonia. 12. Spasm.
13. Suppression 14.Vaccination.

**HOMPATH WIN** এর বিষয়বস্তু ঃ-

২৪টি রেপার্টরী, ৪টি মেটেরিয়া মেডিকা সহ আরও বহু তথ্য অন্তর্ভূক্ত করা হয়েছে।

রেপার্টরী ২৪টি : -

Main Repertory: -

1. Kent Repertory.
2. Boerick Repertory.
3. Boenninghausen's Therapeutic Pocket Book.
4. Boger's Synoptic Key.
5. Clarke Clinical Repertory.
6. Rare Remedies.
7. Boenninghausen's Characteristic Repertory.
8. Synthetic Repertory.
9. Phatak's Repertory.
10. Repertory of Intermittent Fever.

Special Repertory: -

11. Asthma.
12. Bach Flower
13. Bio-chemic.
14. Constipation.
15. Dentition.
16. Diarrhoea.
17. Eye.
18. Nail.
19. Obesity.
20. Piles.
21. Pneumonia.
22. Spasm.
23. Suppression
24. Vaccination.

মেটেরিয়া মেডিকা, ৪টি ঃ-

1. **Allen** - Key notes of Leading Remedies.
2. **Boericke** – Pocket Manual of Homoeopathic Materia Medica.
3. **Kent** – Lectures on Homoeopathic Materia Medica.
4. **Nash** – Leders in Homoeopathic Therapeutics.





অন্যান্য তথ্য ঃ-

বিভিন্ন রোগের বর্ণনা ও আনুষঙ্গিক ব্যবস্থাপনা, সংক্ষিপ্ত ওষুধ তালিকা, মাদার টিংচার ও তার ব্যবহার পদ্ধতি, রেপার্টরী ও মেটেরিয়া মেডিকায় ব্যবহৃত শব্দের অর্থ, ক্রস রেফারেন্স, রোগী বিবরণী ছক, নোট প্যাড, ঘড়ি, ক্যালকুলেটর, ক্যালেন্ডার এবং সাহায্যকারী ফাইল সহ বহুবিধ বিষয়।

**HOMPATH ACADEMIC** এর বিষয়বস্তু ঃ-

অর্গানন, মেটেরিয়া মেডিকা, রেপার্টরী, থেরাপিউটিকস্, ফার্মেসী, মায়াজম ইত্যাদি বিষয়ের উপর ৪০টি পুস্তকের তথ্যকে অন্তর্ভূক্ত করে তৈরী করা প্রোগ্রাম।

**HOMPATH EXPLORAR** এর বিষয়বস্তু ঃ-

২টি রেপার্টরী ও অন্যান্য তথ্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে।

রেপার্টরী ঃ- ২টি 1.Kent Repertory. 2.Boerick Repertory.

মেটেরিয়া মেডিকা ঃ- ১টি 1. Boericke Materia Medica

Homutil: - 1. Mother tincture 2. Prophylaxis

**HOMPATH MINI CLASSIC** এর বিষয়বস্তু ঃ-

**Archives :-**

Materia Medica 1. Allen 2. Boericke

Philosophy :- 1. Hahnemann- Organon of Medicine

Theraputics :- 1. Dewey

Pharmacy :- 1. Complete Book

**Classic: -**

Repertory: - 1. Complete (Trail version)
2. Kent
3. Boericke

Materia Medica: -
1. Allen
2. Boericke
3. Key Notes

**Homutil: -**
1. Mother tincture
2. Prophylaxis
3. Therapeutics
4. Word meaning
5. Cross References
6. Viva Questions
7. Group Symptoms

**Tresorie: -** Journal -14 Topics

**HOMPATH CLASSIC VER 7** এর বিষয়বস্তু ঃ-

Complete with 250 Homoeopathic classical books of Hahnemann, Boenninghausen, Kent, Allen, Hering, Farrington, and many more with True Expert System.

বিশেষ সংযোজন **Dr. Roger van Zandvoort** রচিত **Complete Repertory.** (কেন্ট রেপার্টরীতে ৫,১৫,০০০ স্থানে তথ্য সংযোজন করে রচিত এ রেপার্টরীটি বিশ্বের সর্ববৃহৎ রেপার্টরী) । এই রেপার্টরীটি আলাদা মূল্য পরিশোধের মাধ্যমে **HOMPATH CLASSIC VER 7** প্রোগ্রামে সংযোজন করে নেয়া যায় ।

**HOMPATH** প্রস্তুত কারক ঃ
**DR. JAWAHAR J. SHAH**
10/11 Harish Kunj
46, Tagore Road (West)
Mumbai - 400 054
INDIA.
Phone: 0091-22-6052505
E-mail: hompath@vsnl.com
http://www.hompath.com

## অন্যান্য হোমিওপ্যাথিক সফটওয়্যার

উপরোক্ত সফটওয়্যার সমূহ ছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান আরও বহু হোমিওপ্যাথিক সফটওয়্যার প্রস্তুত করে বাজারজাত করছে, নিম্নে এদের সংক্ষিপ্ত পরিচিতি দেয়া হল ।

1. **MICROPATH** - Micro Therapeutics Ltd. England.
2. **HOMEOREP –** Boenninghausen's Technique, Dr. Robert Bacheleric, France.
3. **THE PROFILE** – Dr. J.Vedlard, France.
4. **THE SAMUEL –** The Co-operative Association, Holland.
5. **KENTIAN** – Sai Homoeopathic Book Corporation. Hahnemann House, College Road, Kottayam – 646 001, Kerala, India.
6. **POLYCHRESTA –** Dolphin Cybernetic Systems (P) Ltd. India.
7. **HOMEOPATHY RESOURCE** – Dr. Dennis Chernin , MD, MPH. Chiltern Hills Wellness, U.S.A.
8. **JACOBS HOMOEOPATHIC PRESCRIBER –** Dr. Jennifer Jacobs MD. MPH. U.S.A.
9. **RHS** - এই প্রোগ্রামটির পূর্ণ নাম Razzaque Homoeo Treatment System । কেন্ট রেপার্টরী সহ অন্যান্য রেপার্টরীর তথ্যকে সংকলিত করে তৈরী করা প্রোগ্রাম । সম্ভবত বাংলাদেশে তৈরী একমাত্র হোমিওপ্যাথিক সফটওয়্যার । প্রস্তুতকারক- ডাঃ আবদুর রাজ্জাক খাঁন, ৬/১৫ ইষ্টার্ণ প্লাজা, ৬ষ্ঠ তলা, হাতিরপুল, সোনারগাঁও রোড, ঢাকা ১২১২ ।

*বি.দ্র.-হোমিওপ্যাথি বিষয়ক যে কোন তথ্য জানতে চাইলে বিশ্ব হোমিওজগতে নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান রয়েল লন্ডন হোমিওপ্যাথিক হাসপাতালের তথ্যকেন্দ্রে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের ঠিকানা ঃ-*

Secretary / Administrative Assistant
**The Royal London Homoeopathic Hospital NHS Trust**
Great Ormond Street
London WC1N 3HR
**U.K.**
Tel: 0171 837 8833 Fax: 0171 833 7229

## কম্পিউটার প্রযুক্তি একজন আর্দশ হোমিওপ্যাথিক চিকিৎসককে কি কি সুবিধা দিতে পারে

আধুনিক সভ্যতা ও কম্পিউটারকে এখন আর আলাদাভাবে চিন্তা করা যায় না। কম্পিউটারের ব্যবহার বহুমুখী । বিশ্বসভ্যতায় এমন কোন ক্ষেত্র নেই যেখানে কম্পিউটার ব্যবহার করা হচ্ছে না, হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানও এক্ষেত্রে পিছিয়ে নেই। কম্পিউটার প্রযুক্তি হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য উম্মোচন করেছে এক বিশাল জ্ঞানভান্ডারের ও সূচনা করেছে বিশাল কর্মকান্ডের । একজন হোমিওপ্যাথিক চিকিৎসক কম্পিউটার থেকে কি কি সুবিধা পেতে পারেন সেটি নির্ভর করবে তার ব্যবহৃত কম্পিউটারের গঠন বৈশিষ্ট্য ও ব্যবহৃত সফটওয়্যারের উপর ।

তথ্য প্রযুক্তি বা Information Technology কে কাজে লাগিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক প্রায় সকল পুস্তকাদির তথ্য এখন কম্পিউটারে সংরক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন তথ্যকে খুঁজে বের করাও সম্ভব হচ্ছে। হোমিওপ্যাথিক চিকিৎসকদের প্রয়োজনীয়তাকে সামনে রেখে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার বা প্রোগ্রাম প্রস্তুত করে বাজারজাত করছে । MAC-REP, HOMPATH, CARA এবং RADAR ইত্যাদি অন্যতম হোমিওপ্যাথিক সফটওয়্যার । বিভিন্ন বেসিক মেডিকেল সফটওয়্যারের মাধ্যমে চিকিৎসক চিকিৎসা বিষয়ক বহুবিধ তথ্য জানতে পারছেন । সব মিলিয়ে এ সকল সফটওয়্যারের সাহায্যে চিকিৎসক নিজের কর্মদক্ষতা বহুগুণ বৃদ্ধি করতে পারছেন । বিভিন্ন হোমিওপ্যাথিক ও বেসিক মেডিকেল সফটওয়্যারের ব্যবহারিক সুবিধা বিভিন্ন রকমের । বিভিন্ন সফটওয়্যার দ্বারা বিভিন্ন রকমের কাজ করা যায় । চিকিৎসকের নিজের





প্রয়োজনীয়তা অনুসারে উপযুক্ত হোমিওপ্যাথিক ও বেসিক মেডিকেল সফটওয়্যার তার কম্পিউটারে সংযোজন বা Install করে নিতে হয় । যথাযথভাবে সংযোজিত বেসিক মেডিকেল ও হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার সম্বলিত কম্পিউটার ব্যবহারের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসক যে সকল বিষয়ে দক্ষতা অর্জন ও সহযোগিতা লাভ করতে পারবেন, প্রধানতঃ তা হচ্ছে ঃ-

**১। ডেক্সটপ লাইব্রেরী** ঃ একটি পার্সোনাল কম্পিউটার আপনার টেবিলে কাজ করতে পারে একটি বিশাল লাইব্রেরীরূপে ।

হোমিওপ্যাথিক লাইব্রেরী - অর্গানন, মেটেরিয়া মেডিকা, হোমিও দর্শন, ক্রনিক ডিজিস, ফার্মেসী, রেপার্টরী, থেরাপিউটিক্স, প্র্যাকটিশ অব মেডিসিন সহ হোমিওপ্যাথি চিকিৎসা বিষয়ক খ্যাতনামা বিভিন্ন চিকিৎসকের লিখিত পুস্তকের অবিকল অনুলিপির সমাহার করা যেতে পারে কম্পিউটারকে । হোমপ্যাথ প্রোগ্রামে প্রায় ২৫০টি, রাডার প্রোগ্রামে প্রায় ৩৬০টি, কারা প্রোগ্রামে ১২টি, ম্যাক-রেপ প্রোগ্রামে প্রায় ২০০টির মত পুস্তকের তথ্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে । কম্পিউটারকে হোমিওপ্যাথিক লাইব্রেরী করতে হলে চিকিৎসকের চাহিদা অনুসারে হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার কম্পিউটারে ইনষ্টল করে নিতে হবে।

বেসিক মেডিকেল লাইব্রেরী - এনাটমি, ফিজিওলজি, সার্জারী, প্যাথলজী, গাইনিকোলজী, মেডিসিন ইত্যাদি সহ বেসিক মেডিকেল সংক্রান্ত বিভিন্ন পুস্তকের অবিকল অনুলিপির লাইব্রেরীতে পরিণত করা যেতে পারে কম্পিউটারকে । বেসিক মেডিকেল লাইব্রেরী করতে হলে বেসিক মেডিকেল সফটওয়্যার কম্পিউটারে ইনষ্টল করে নিতে হবে ।

হোমিওপ্যাথিক ও বেসিক মেডিকেল সংক্রান্ত শত শত পুস্তকের তথ্যের অবিকল সংরক্ষণ ও মূহূর্তের মধ্যে কাঙ্খিত তথ্যের যোগান দিতে পারে আকার আয়তনে ক্ষুদ্র অথচ প্রচন্ড শক্তিশালী এই যন্ত্রটি । মোটকথা চিকিৎসা বিষয়ক প্রায় সকল তথ্যের যোগান দিতে পারে চিকিৎসা বিষয়ক বিভিন্ন সফটওয়্যার ইনস্টলকৃত কম্পিউটার ।

**২। মাল্টিমিডিয়া মেডিকেল প্রোগ্রামের ব্যবহার** ঃ কম্পিউটার প্রযুক্তি এনাটমি, ফিজিওলজী, গাইনীকোলজী, প্যাথলজী, সার্জরী, মেডিকেল এনসাইক্লোপেডিয়া, ফ্যামিলি ডক্টর ইত্যাদি সহ অসংখ্য বেসিক মেডিকেল প্রোগ্রামের অন্তর্ভুক্ত তথ্য, বর্ণনা, স্থিরচিত্র, চলমান ছবির মাধ্যমে চিকিৎসকের বেসিক মেডিকেলে জ্ঞান বৃদ্ধিতে সহায়তা দিতে পারে ।

**৩। আর্দশ রোগীলিপি প্রস্তুত ও রোগীলিপি সংরক্ষণ** ঃ কম্পিউটারের মেমোরীতে নির্দিষ্ট ছকের মাধ্যমে লক্ষ লক্ষ রোগীর সাক্ষাতের তারিখ, নাম, ঠিকানা, বয়স, পেশা, পারিবারিক ইতিহাস, রোগ লক্ষণ, প্রয়োগকৃত ওষুধের নাম, শক্তি, প্রয়োগের সময়, ওষুধের ফলাফল অর্থাৎ রোগীর যাবতীয় তথ্যাবলী কম্পিউটারে

সংরক্ষণের সুব্যবস্থা আছে। প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন রোগীর রোগীবিবরণী (Case Record) উপস্থাপন এবং সংরক্ষিত তথ্যের সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের ব্যবস্থাও এতে আছে।

**৪। কম্পিউটারের মেমোরীতে সংরক্ষিত মেটেরিয়া মেডিকা বা যে কোন পুস্তকের তথ্য বিবরণী উপস্থাপন** ঃ কম্পিউটারকে নির্দেশ দিলে সে তার মেমোরীতে সংরক্ষিত পুস্তকের লাইব্রেরী বা মেটেরিয়া মেডিকা লাইব্রেরী (হ্যানিম্যান, বোনিংহাউসেন, বোগার, বার্ট, ক্লার্ক, ডিওয়ে, ডানহাম, ফ্যারিংটন, রয়েল, হেরিং, লিপি, ন্যাশ, পুলফর্ড, টেষ্টি, গ্যারেন্সি, এলেন, রবার্টস, কেন্ট, বরিক, ফাটক, ভিথোলকাস সহ বহু লেখকের লিখিত মেটেরিয়া মেডিকা বা বিবিধ পুস্তক) থেকে যে কোন মেটেরিয়া মেডিকা নির্বাচন করে সেই মেটেরিয়া মেডিকার যে কোন ওষুধের বিবরণীকে উপস্থাপনের নির্দেশ দিলে কম্পিউটারের মনিটরে মুহূর্তের মধ্যে তা উপস্থাপিত হবে। প্রয়োজনে একাধিক মেটেরিয়া মেডিকার একাধিক ওষুধের বিবরণীকেও একসাথে বা পর্যায়ক্রমে উপস্থাপন করা যাবে। প্রয়োজনে সেখান থেকে প্রিন্ট, কপি, পেষ্ট করা যায় বা নতুন করে মেটেরিয়া মেডিকা রচনা করা যায়। অর্থ্যাৎ প্রোগ্রামে অন্তর্ভূক্ত যে কোন পুস্তকের যে কোন স্থানের তথ্যকে মুহূর্তের মধ্যে উপস্থাপন করা যায়। রাডার প্রোগ্রামে ৩৬০ টি পুস্তকের, হোমপ্যাথ প্রোগ্রামে ২৫০টি পুস্তকের, কারা প্রোগ্রামে ১২টি পুস্তকের, ম্যাক-রেপ প্রোগ্রামে ২০০টির মত পুস্তকের তথ্যকে অবিকল পুস্তকে যে ভাবে লিপিবদ্ধ থাকে সেভাবে লিপিবদ্ধ করা আছে।

**৫। রেপার্টরী উপস্থাপন** ঃ হোমিওপ্যাথিক চিকিৎসা একটি লক্ষণ ভিত্তিক চিকিৎসা পদ্ধতি। মানুষের দেহ-মনে প্রকাশিত সকল লক্ষণাবলীকে বর্ণমালার ক্রমানুসারে অর্থাৎ আভিধানিক পদ্ধতিতে সাজিয়ে এবং প্রতিটি লক্ষণের নির্দেশিত ওষুধসমূহকে বর্ণমালার ক্রমানুসারে ও ওষুধের গুরুত্ব অনুযায়ী সাজিয়ে যে পুস্তক রচিত হয়েছে তার নাম হোমিওপ্যাথিক রেপার্টরী। হোমিওপ্যাথি চিকিৎসা জগতে অর্গানন অব মেডিসিন ও মেটেরিয়া মেডিকার পরেই রেপার্টরীর স্থান, কিন্তু ব্যবহারিক উপযোগিতার দিক থেকে রেপার্টরীর স্থান চিকিৎসকের নিকট সর্বাগ্রে। কম্পিউটারের মেমোরীতে সংরক্ষিত রেপার্টরী লাইব্রেরী (বোনিংহাউসেন, বোগার, নার, ক্লার্ক, কেন্ট, বরিক, ফাটক, সিন্থেটিক, রবিন মারফি, সিন্থেসিস, কমপ্লিট ও কম্বাইনড রেপার্টরী সহ বহু রেপার্টরী) থেকে যে কোন রেপার্টরী নির্বাচিত করে যে কোন অধ্যায়ের পূর্ণ বিবরণ দেখা যায় এবং যে কোন জ্ঞাত বা অজ্ঞাত রুব্রিক (Rubric- লক্ষণের সংক্ষিপ্ত রূপ বা লক্ষণ শিরনাম) রেপার্টরীতে কোন্ কোন্ অধ্যায়ে আছে, কিভাবে আছে তা মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যায়। নির্বাচিত রুব্রিকের বা লক্ষণের ওষুধের তালিকা, ওষুধের গ্রেডিং, ওষুধের সংখ্যা, ওষুধের গাণিতিক মূল্য ইত্যাদি প্রদর্শিত হয়। রেপার্টরীতে লিপিবদ্ধ রুব্রিক, সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক................ এবং ১ম, ২য় ও ৩য় গ্রেডের





ওষুধকে কম্পিউটার ভিন্ন ভিন্ন রঙে দেখায়, ফলে চিকিৎসক রুব্রিক ও ওষুধের মূল্যমান অনুধাবনে বিশেষ সহযোগিতা লাভ করেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, হ্যানিম্যান থেকে বর্তমান সময় পর্যন্ত খ্যাতনামা হোমিও চিকিৎসক ও গবেষক দ্বারা হোমিওপ্যাথিক চিকিৎসা শাস্ত্রের যে সকল পুস্তকাদি রচিত হয়েছে তৎসমুদয়ের সার সংকলন করে এবং বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীর আপগ্রেড হিসাবে ১। **Dr. Robin Murphy N.D.** রচিত **Homeopathic Medical Repertory** ২। **Dr. David Witko** ও **Dr. John Stevenson** রচিত **Combined Repertory** ৩। **Dr. Frederik Schroyens** রচিত **Synthesis 8** এবং ৪। **Dr. Roger van Zandvoort** রচিত **Complete Repertory** নামক যে ৪টি অধিক চিকিৎসা তথ্যের অসাধারণ রেপার্টরী রচিত হয়েছে, হোমিওপ্যাথিক সফটওয়্যারের (কম্পিউটার প্রোগ্রাম) তা সর্বশেষ সংযোজন। প্রথম তিনটি রেপার্টরীতে প্রায় ২,৩৫,০০০ নতুন তথ্য, প্রায় ৩৯,০০০ নতুন রুব্রিক বা লক্ষণ ও প্রায় ২০০০ এর মত ওষুধকে অন্তর্ভূক্ত করে কেন্ট রেপার্টরীর অসম্পূর্ণতাকে প্রায় সম্পূর্ণতা দান করা হয়েছে। এ সকল রেপার্টরী বিশ্বের হোমিওপ্যাথিক চিকিৎসক সমাজে বিশেষ মর্যাদার আসনে অবস্থান নিতে সক্ষম হয়েছে। প্রচলিত বিশ্ববিখ্যাত কেন্ট রেপার্টরীতে প্রায় ৭৫,০০০ রুব্রিক ও (৬৪৮+২৪) ৬৭২টি ওষুধ আছে। ৪র্থ রেপার্টরীটি (**Dr. Roger van Zandvoort** রচিত **Complete Repertory**) কেন্ট রেপার্টরীতে প্রায় ৫,১৫,০০০ নতুন তথ্য সংযোজন করে রচিত বিশ্বের সর্ববৃহৎ রেপার্টরী। পদ্ধতিগত সুবিধার কারণে কম্পিউটারের মাধ্যমে রেপার্টরীর ব্যবহার এখন একটি অত্যন্ত সহজ কাজ। ১০ বৎসর পুস্তক রেপার্টরী চর্চা করেও যে চিকিৎসক রেপার্টরী আয়ত্ব করতে পারেননি মাত্র তিন মাস কম্পিউটারে রেপার্টরী চর্চা করে তার চেয়েও অধিক আয়ত্ব করা সম্ভব।

**৬। অনুসন্ধান বা সার্চ কমান্ডের ব্যবহার** ঃ সার্চ কমান্ড ব্যবহার করে যে কোন লক্ষণ বিভিন্ন মেটেরিয়া মেডিকার কোন্ কোন্ ওষুধে আছে তা মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যায়, অন্যদিকে রেপার্টরীর যে কোন রুব্রিক (লক্ষণের সংক্ষিপ্ত রূপ বা লক্ষণ শিরনাম) সাব-রুব্রিক, সাব-সাব-রুব্রিক............ বিভিন্ন রেপার্টরীতে কোন্ কোন্ স্থানে আছে, কিভাবে আছে, তার বিশদ বিবরণ ওষুধ তালিকাসহ মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যায়। তাছাড়া অন্যান্য পুস্তকের যে কোন জানা বা অজানা তথ্যও সার্চ কমান্ডের মাধ্যমে মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যায়। যে কোন অদ্ভূত, অসাধারণ, বিরল, একক বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণকেও সার্চ অপশনের মাধ্যমে এক বা একাধিক মেটেরিয়া মেডিকা বা রেপার্টরীতে মুহূর্তের মধ্যে খুঁজে বের করা যায় ও ওষুধ তালিকা দেখা যায়।

**৭। রেপার্টরীকরণ (Repertorisation)** ঃ পূর্ণাঙ্গ রোগীলিপি গ্রহণের পর লক্ষণ মুল্যায়নের মাধ্যমে প্রাপ্ত রোগীর বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীকে রেপার্টরীর ভাষায়

লক্ষণ-শিরনামে বা রুব্রিকে (Rubric) রূপান্তরীত করে নিতে হয়, রোগীর ভাষাকে রেপার্টরীর ভাষায় রূপান্তরের কাজটিকে Paraphrasing বলা হয় । নির্বাচিত রুব্রিকসমূহের দ্বারা প্রাপ্ত ওষুধের তালিকাকে মান বা গ্রেড অনুযায়ী সাজিয়ে লিখে নিতে হয় । তারপর প্রাপ্ত ওষুধগুলির মান গণনা করা হয় এবং সর্বোচ্চ মান প্রাপ্ত ওষুধ থেকে ক্রমশঃ নিম্নমান প্রাপ্ত ওষুধকে সাজিয়ে লিখে নিতে হয়, এই কাজটিকে রেপার্টরীকরণ বা Repertorisation বলা হয় । রোগীর দেহ-মনে প্রকাশিত যাবতীয় বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণাবলীর সমন্বয়ে তৈরী আদর্শ রোগীচিত্রের রেপার্টরীকরণ সম্পন্ন করে ওষুধ নির্বাচনে অভিজ্ঞ চিকিৎসকেরও ৩ থেকে ৬ ঘন্টা বা তারও বেশী সময় লেগে যায় (প্রচলিত পুস্তক রেপার্টরীর সাহায্যে হাতে-কলমে)। কিন্তু কম্পিউটার রেপার্টরীকরণের মত জটিল ও সময়সাপেক্ষ কর্মকে একটি সহজসাধ্য কর্মে পরিণত করতে সক্ষম হয়েছে । কোন বিশেষ নির্বাচিত রেপার্টরী হতে বা বিভিন্ন রেপার্টরী হতে রুব্রিক নির্বাচিত করে কম্পিউটারকে রেপার্টরীকরণের নির্দেশ দিলে মূহূর্তের মধ্যে রেপার্টরীকরণ করে সম্ভাব্য সদৃশ ওষুধ তালিকা উপস্থাপিত হবে (ছকচিত্রের মাধ্যমে নির্ভুলভাবে হিসাব করা মানের উচ্চক্রম থেকে নিম্নক্রমের ওষুধের বিশ্লেষণসহ) । ফলে শ্রম ও সময়ের লাঘব হয় এবং হিসাবও নির্ভুল হয় ।

**৮। ওষুধ বাছাই (Drug Filter) ঃ** আর্দশ রোগীচিত্রের রেপার্টরীকরণের পর প্রাপ্ত ওষুধতালিকা হতে ওষুধ বাছাই করে রোগীর জন্য সদৃশ একক ওষুধের ব্যবস্থাপত্র দিতে হয় । এক অভিনব ওষুধ বাছাই কমান্ডের মাধ্যমে চিকিৎসকের নির্দেশ অনুসারে মায়াজম ভিত্তিক, শীত/গরমকাতরতা ভিত্তিক, দেহের পার্শ্বভিত্তিক, লিঙ্গ ও বয়স ভিত্তিক (শিশু, পুরুষ, মহিলা), ওষুধের উৎসভিত্তিক (উদ্ভিজ, প্রাণীজ, খনিজ, রোগজ) ইত্যাদিসহ আরও বহুবিধ সেটআপকৃত অপশনের সমন্বয়ে সদৃশ ওষুধতালিকা বাছাই করে দিতে পারে কম্পিউটার । ফলে, বিশেষভাবে বাছাইকৃত ওষুধতালিকা থেকে আপন প্রজ্ঞা ও জ্ঞানের আলোকে অথবা মেটেরিয়া মেডিকা থেকে যাচাই করে সবচাইতে সদৃশ ও উপযোগী একক ওষুধের চূড়ান্ত ব্যবস্থাপত্র চিকিৎসক সহজেই প্রদান করতে পারেন ( আমার জানা মতে ওষুধ বাছাই করার সুবিধা কেবল মাত্র HOMPATH প্রোগ্রামে সংযুক্ত করা হয়েছে - লেখক) ।

**৯। অন লাইন চিকিৎসা ঃ** কম্পিউটার প্রযুক্তির সহায়তায় ইন্টারনেটের মাধ্যমে বা টেলি মেডিসিন প্রযুক্তির সহায়তায় বিশ্বের যে কোন চিকিৎসকের নিকট জটিল রোগীবিবরণী প্রেরণ করে নিজ স্থানে অবস্থান করেও দেশী-বিদেশী যে কোন খ্যাতনামা চিকিৎসকের মতামত গ্রহণ করে অন লাইন চিকিৎসার ব্যবস্থা করা যায় । টেলি মেডিসিন প্রযুক্তির সহায়তায় রোগীর এক্স-রে, আল্ট্রাসনোগ্রাম, এম আর আই, সিটি স্ক্যান প্লেটের ও রিপোর্টের অবিকল অনুলিপি বিশ্বের খ্যাতনামা চিকিৎসকের নিকট প্রেরণ করা যায় । ইন্টারনেটের মাধ্যমে বিশ্বের বিভিন্ন লাইব্রেরীর পুস্তকের তথ্য এবং





বিভিন্ন হোমিওপ্যাথিক কর্মকান্ডের খবরাখবর ও গবেষণা সংক্রান্ত তথ্য ঘরে বসেই পাওয়া যাচ্ছে ।

**১০। বিবিধ ঃ** যে কোন ওষুধের সাথে যে কোন ওষুধের তুলনামূলক আলোচনা, যে কোন ওষুধের প্রধানতম লক্ষণাবলী, রুব্রিকের ক্রস রেফারেন্স, শব্দার্থ, ড্রাগ রিলেশান, কী-নোট, মাদার টিংচার, প্রতিষেধক ওষুধ, প্র্যাকটিস অব মেডিসিন, বর্তমান সময়ের কিছু জটিলতম রোগের ওষুধাবলীর তালিকা, পথ্যাপথ্য সম্পর্কিত নির্দেশাবলী, বিশেষ প্রয়োজনীয় বাহ্যিক ব্যবহারের ওষুধাবলীর তালিকা ও ব্যবহারবিধি, অতীতের ও বর্তমান কালের অনেক জার্নাল, বাওয়েল নোসোডস ইত্যাদি সহ আরও বহুবিধ অতি প্রয়োজনীয় তথ্যের যোগান দিতে পারে হোমিওপ্যাথিক সফটওয়্যার সমৃদ্ধ কম্পিউটার ।

প্রয়োজনীয় সফটওয়্যার সমন্বয়ে গড়ে উঠা একটি পার্সোনাল কম্পিউটার হতে পারে একজন 'অর্গানন অব মেডিসিন' অনুসারী আদর্শ হোমিওপ্যাথিক চিকিৎসকের সব চেয়ে **প্রিয় শিক্ষক, সব চেয়ে বড় বন্ধু এবং সব চেয়ে কর্মকুশল সহকারী** । হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার চিকিৎসককে দেবে নিত্য নতুন তথ্যের যোগান, আর্দশ হোমিওপ্যাথ হবার প্রেরণা, আর্তমানবতার সেবায় একক সঠিক ওষুধ প্রয়োগের চেতনা, ঘটাবে আপনার উদ্ভাবনী শক্তির বিকাশ । চিকিৎসা বিজ্ঞানী হ্যানিমানের অর্গানন অব মেডিসিন গ্রন্থে হোমিওপ্যাথির পাঁচটি মূলনীতির কথা বলা হয়েছে; মূলনীতিগুলো হচ্ছে ওষুধকে **(১) পরীক্ষিত (২) শক্তিকৃত (৩) সদৃশ (৪) একক এবং (৫) সূক্ষ্ম মাত্রায়** প্রয়োগ করতে হবে । এদের মধ্যে **সদৃশ, একক ওষুধ** নির্বাচনের জটিলতম কাজটি চিকিৎসককে অতি দ্রুত সম্পন্ন করতে হয়। বাস্তবে এ কাজটি যে কত কঠিন তা আর্দশ হোমিওপ্যাথি চিকিৎসক মাত্রই অবগত আছেন । একক, সদৃশ ওষুধ নির্বাচনে কম্পিউটার যে সহযোগিতা আর্দশ হোমিও চিকিৎসককে দিতে পারে বিশ্বের অন্য কোন প্রযুক্তি এর সমকক্ষ হতে পারেনি । অত্যন্ত দৃঢ়ভাবে আশা করা যায় যে, সেদিন আর খুব বেশি দুরে নয় যখন নতুন প্রজন্মের চিকিৎসকরা কম্পিউটারকে অত্যাবশ্যক সহকারী হিসাবে সর্বদা ব্যবহার করবে ও কম্পিউটারের নানাবিধ সুফল ভোগ করবে । তবে একটি কথা অবশ্যই স্মরণে রাখতে হবে যে, কম্পিউটারের অসংখ্য সুবিধা থাকা সত্ত্বেও কম্পিউটার মানবিক গুণাবলী সম্পন্ন নয় তাই **কোন অবস্থাতেই কম্পিউটার চিকিৎসকের বিকল্প হতে পারে না বা কম্পিউটার চিকিৎসকের স্থান দখল করতে পারে না, কম্পিউটার চিকিৎসকের কেবল সার্থক সাহায্যকারী মাত্র ।**

## কম্পিউটার ও অপচিকিৎসা

কম্পিউটার এবং হোমিওপ্যাথি সম্পর্কে মানুষের অজ্ঞতাকে পুঁজি করে প্রতারণাপূর্ণ বেশ কিছু বিজ্ঞাপন সাইনবোর্ডে, লিফলেটে, দৈনিক পত্রিকায়, সাপ্তাহীক পত্রিকায় অহরহ প্রচারিত হচ্ছে । এ সকল বিজ্ঞাপনে যে কথাটি প্রচার করতে চায় তা'হলো কম্পিউটারের সাহায্যে মানব দেহের পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে রোগ নির্ণয় করে মাত্র ৭ দিনে বা তারও কম সময়ে ১০০% গ্যারান্টি সহকারে চিকিৎসা করা হচ্ছে, তা রোগ যত জটিল বা দূরারোগ্য হোক না কেন! এ সকল চাতুর্যপূর্ণ বিজ্ঞাপনে চিকিৎসানীতি ও হোমিওনীতি বর্হিভূত শব্দ ব্যবহার করে মানুষকে ধোঁকা দেয়া হচ্ছে । বাংলাদেশের স্বাস্থ্য মন্ত্রণালয়, হোমিওপ্যাথি বোর্ড, বিভিন্ন হোমিও সংগঠন ও আইন প্রয়োগকারী সংস্থার নাকের ডগায় এ সকল প্রতারণাপূর্ণ বিজ্ঞাপন প্রতিনিয়ত প্রচারিত হচ্ছে, ফলে প্রতারিত হচ্ছে অসংখ্য রোগাক্রান্ত মানুষ । মানুষের রোগ জর্জ্জরিত অবস্থার সুযোগকে কাজে লাগিয়ে কম্পিউটার ও হোমিওপ্যাথির নাম ভাঙ্গিয়ে এ সকল প্রতারকের দল বিত্তের পাহাড় জমাচ্ছে, আর সকল দোষ চাপানো হচ্ছে চিকিৎসা বিজ্ঞানে যুগান্তকারী পরিবর্তন আনয়নকারী চিকিৎসাবিজ্ঞানী স্যামুয়েল হ্যানিম্যান প্রবর্তিত হোমিওপ্যাথির উপর । গত ০৭-১২-৯৭ তারিখে বি.টি.ভি কর্তৃক পরিপ্রেক্ষিত নামক অনুষ্ঠানে অপচিকিৎসা নামে একটি প্রতিবেদন প্রচারিত হয়েছে । এতে দেখানো হয়েছে কিভাবে কম্পিউটারে হোমিওপ্যাথি চিকিৎসার নামে মানুষকে প্রতারিত করা হচ্ছে। পরিপ্রেক্ষিত অনুষ্ঠানের প্রতিবেদক সে সকল প্রতারকদের মুখোশ উম্মোচনে সাহসী ভূমিকা পালন করেছেন বলে তাকে সাধুবাদ জানাই । বিভিন্ন দৈনিক পত্রিকায় কম্পিউটারের সাহায্যে চিকিৎসার নামে প্রতারণা বিষয়ক বেশ কিছু প্রতিবেদন ইতিমধ্যে প্রকাশিত হয়েছে, কিন্তু কম্পিউটার ব্যবহারের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসক যে অতুলনীয় সুবিধা পেতে পারেন সে সর্ম্পকে পত্র পত্রিকা বা বিভিন্ন প্রচার মাধ্যমে তেমন কিছুই উল্লেখ করা হচ্ছে না ।

অজ্ঞতার কারণে স্বনামধন্য হোমিও চিকিৎসকগণও কম্পিউটার প্রযুক্তির সুফল সর্ম্পকে অবগত না হয়ে এর বিরূদ্ধাচারণ করেন বা বিপক্ষে অবস্থান গ্রহণ করেন । নবীন চিকিৎসকদের মধ্যে কম্পিউটার প্রযুক্তি ব্যবহারে আগ্রহ থাকলেও বাংলাদেশের হোমিওপ্যাথিক কলেজগুলোতে হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করার কোন শিক্ষা দেয়া হয় না । হোমিওপ্যাথিক ডিপ্লোমা ও ডিগ্রী কোর্সের সিলেবাসে কম্পিউটার শিক্ষা অন্তর্ভূক্ত করা জরুরী হলেও সিলেবাস প্রণয়ন কর্তৃপক্ষ সিলেবাসে **'হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটার প্রযুক্তির ব্যবহার'** অন্তর্ভূক্ত করেননি । তবে আশার কথা এই যে, হোমিওপ্যাথিক ডিপ্লোমা ও ডিগ্রী কোর্সের সিলেবাসে কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি অচিরেই অন্তর্ভূক্ত করা হবে সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে ।





যথাযথ শিক্ষা ও প্রচার না পাওয়ায় প্রবীণ ও নবীন হোমিওচিকিৎসকবৃন্দ হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটার প্রযুক্তির ব্যবহার সম্পর্কে সঠিক জ্ঞান লাভ করছেন না । ফলে প্রবীণ ও নবীন হোমিওচিকিৎসকবৃন্দ সহ সাধারণ মানুষের মনে একটি ভ্রান্ত ধারণা জম্মেছে যে, কম্পিউটারের সাহায্যে হোমিও চিকিৎসা প্রতারণার একটি অত্যাধুনিক কৌশল মাত্র । তাই অত্যন্ত দুঃখের সাথে বলতে হয় সে সকল প্রতারণাকারী তথাকথিত কম্পিউটারে হোমিও চিকিৎসা প্রদানকারীদের অপব্যবহারে হোমিওচিকিৎসা বিজ্ঞান, কম্পিউটার এবং হোমিও চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার ইত্যাদি কি মিথ্যা হয়ে যাবে ? না যাবে না ! কেননা বিজ্ঞানের প্রধান বৈশিষ্ট্য প্রত্যক্ষ প্রমাণ । সুতরাং হোমিও চিকিৎসায় কম্পিউটার ব্যবহার করে যদি সাফল্যের সাথে প্রয়োগ ও প্রমাণ করা যায় তা বিশ্বাস করাই কি বিজ্ঞান সম্মত নয় ।

## উপসংহার

হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞান উন্নয়নমুখী, উন্নয়নের ধারায় হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞানে সম্প্রতি সংযোজিত হয়েছে কম্পিউটার । বিশ্বসভ্যতায় এমন কোন ক্ষেত্র নেই যেখানে কম্পিউটার ব্যবহার করা হচ্ছে না । হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানও এক্ষেত্রে পিছিয়ে নেই । কম্পিউটার প্রযুক্তি হোমিওপ্যাথিক চিকিৎসকদের জন্য উম্মোচন করেছে এক বিশাল কর্মকান্ডের । **Information Technology** বা তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক প্রায় সকল পুস্তকাদির তথ্য এখন কম্পিউটারে সংরক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে মুহূর্তের মধ্যে যে কোন তথ্যকে খুঁজে বের করাও সম্ভব হচ্ছে । কম্পিউটারের সাহায্যে চিকিৎসক নিজের কর্মদক্ষতা বহুগুণ বৃদ্ধি করতে পারছেন । অর্গানন, বিভিন্ন মেটেরিয়া মেডিকা, ক্রনিক ডিজিজ, রেপার্টরী, হোমিওপ্যাথিক ফিলসফি, প্র্যাকটিশ অব মেডিসিন সহ প্রায় সকল প্রয়োজনীয় ও বহু দূর্লভ পুস্তকাদির তথ্য এখন কম্পিউটার প্রযুক্তির কল্যাণে চিকিৎসকের হাতের আঙ্গুলের ডগায় এসে জমা হয়ে আছে । মাউসের একটি ক্লিকের মাধ্যমে হোমিওপ্যাথির বিশাল তথ্য ভান্ডার এখন উম্মোচনের অপেক্ষায় । বিগত ১৯০ বৎসরে হোমিওচিকিৎসা জগতে যা কিছু তত্ত্ব ও তথ্যগত উন্নয়ন হয়েছে তার সবকিছুই কম্পিউটারের মেমোরিতে সংরক্ষিত হয়েছে এবং সফটওয়্যারের মাধ্যমে পাওয়া যাচ্ছে । ইন্টারনেটের মাধ্যমেও বিশ্বের বিভিন্ন হোমিওপ্যাথিক কর্মকান্ডের খবরাখবর ও তথ্য ঘরে বসেই পাওয়া যাচ্ছে । বিভিন্ন হোমিওপ্যাথিক সফটওয়্যারের ডেমো বা নমুনা ইন্টারনেট থেকে ডাউনলোড করে নেয়া যায় । কম্পিউটার প্রযুক্তির অপ্রতিরোধ্য এ যুগে যিনি যত তাড়াতাড়ি কম্পিউটার প্রযুক্তি শিক্ষা করবেন তিনি তত বেশী এগিয়ে থাকবেন । অজ্ঞতা বা পূর্বসংস্কার বশতঃ কম্পিউটার প্রযুক্তি থেকে নিজকে দূরে সরিয়ে রাখলে চিকিৎসক হোমিওপ্যাথির বিশাল জগতের পরিচয় কোন দিনই পাবেন না, হাতুড়ে চিকিৎসকের

নামের খাতাতেই নাম থেকে যাবে, আর এতে করে নিজে ঠকবেন, রোগীকে সুচিকিৎসা হতে বঞ্চিত করবেন।

হোমিওপ্যাথিক চিকিৎসায় কম্পিউটারের অধিকতর উন্নত ও সাবলিল ব্যবহার নিশ্চিত করতে বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান প্রতিনিয়ত গবেষণা ও চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং নিত্য নতুন সফট্ওয়ার বাজারে ছাড়ছে। সে কারণে যে কোন প্রোগ্রামের বিষয়বস্তু ও মূল্য যে কোন সময় পরিবর্তিত হতে পারে, সর্বশেষ বা Up-to-date তথ্য পেতে হলে প্রোগ্রাম প্রস্তুতকারকদের সাথে যোগাযোগ করতে হবে।

হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটারের সফল ব্যবহার কিভাবে সম্ভব যদি কেউ হাতে কলমে দেখতে চান তবে অনুগ্রহ করে লেখকের চেম্বারে যে কোন দিন বিকালে আসুন। লেখকের চেম্বারে অর্গানন অব মেডিসিনের নির্দেশিত নিয়ম অনুসরণ করে কম্পিউটারের সাহায্যে হোমিওপ্যাথি চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থাও আছে। এ ছাড়া হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার সর্ম্পকে আপনার কোন প্রশ্ন থাকলে আমাকে লিখে জানাতে পারেন বা হোমিওপ্যাথিতে কম্পিউটারের প্রয়োগ সম্পর্কে যে কোন ধরনের সহযোগিতা প্রয়োজন মনে করে আমাকে জানালে আমি সাধ্যমত সহযোগিতা করতে প্রস্তুত আছি।

যোগাযোগের ঠিকানা ঃ-

**ডাঃ এ, কে, এম, রুহুল আমিন**

বি. এস-সি; ডি.এইচ. এম. এস. (প্রথম স্থান অধিকারী, ১৯৯০)
প্রভাষক (নৈশ)
বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল
৪৬/২ টয়েনবি সার্কূলার রোড
ঢাকা-১০০০।

অথবা,
চেম্বার ঃ

**কম্পিউটার হোমিও ক্লিনিক এন্ড রিসার্চ সেন্টার**

(বাংলাদেশে কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি প্রশিক্ষণ প্রদানকারী একমাত্র প্রতিষ্ঠান)
২৬-এ/১১ চামেলীবাগ (২য় তলা), কনকর্ড টুইন টাওয়ারের দক্ষিণ পার্শ্ব সংলগ্ন
শান্তিনগর, ঢাকা - ১২১৭।
সাক্ষাতের সময়ঃ বিকাল ৫টা হতে রাত ৯টা। (সোমবার ও শুক্রবার বন্ধ)
ফোন ঃ ৭৫১২৯০৯ (বাসা) মোবাইল ঃ ০১৭১-২৬৪২৪৬





<u>কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি অধ্যায় রচনায় তথ্যপঞ্জি ও কৃতজ্ঞতা স্বীকার</u>

১। (ক) আধুনিক কম্পিউটার বিজ্ঞান এর লেখকদ্বয় - ডঃ মোঃ লুৎফর রহমান, কম্পিউটার বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও মোঃ আলমগীর হোসেন, ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(খ) মাষ্টারিং ডস - লেখক -মোঃ আজিজুর রহমান খান
(গ) কম্পিউটার হার্ডওয়্যার ও ট্রাবলসুটিং - লেখক - ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক।

২। বাংলাদেশ হোমিওপ্যাথিক পত্রিকা, সেপ্টম্বর-ডিসেম্বর ৯১, পৃষ্ঠা ২২২ ও ২২৩। ডাঃ কেন্টের রেপার্টরীর কথা, লেখক - ডাঃ গুরুদাস সরকার, সহকারী অধ্যাপক, সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ, ঢাকা।

৩। বাংলাদেশ হোমিওপ্যাথিক পত্রিকা, এপ্রিল ৯২, পৃঃ ২২। জর্জ ভিথোকাসঃ বিশ্ব হোমিওপ্যাথির পুনর্জাগরণের নেতা - লেখক ডাঃ শেখ ফারুক এলাহী এম বি বি এস।

৪। হোমিও দর্পন, মার্চ ৯৫, কার্ড রেপার্টরীর বিন্যাস ও ব্যবহার কৌশল (কম্প্যুটার রেপার্টরী) পৃঃ ৬ ও ৭, লেখক ডাঃ শেখ ফারুক এলাহী এম বি বি এস।

৫। ডাঃ রমন লাল প্যাটেল - দি আর্ট অব কেইস টেকিং এন্ড প্র্যাকটিকেল রেপার্টরাইজেশান ইন হোমিওপ্যাথি, ১৯৯০।

৬। ডাঃ ডি. তরফদার- রেপার্টরী এক্সপ্লেইন্ড ১ম সংস্করণ, ১৯৮৬।

৭। দি কম্পিউটার এন্ড ইঞ্জিনিয়ানিয়ারিং জার্ণাল, ফেব্রুয়ারী ৯৮, পৃঃ ২৬ ও ২৭। হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটারের ব্যবহার প্রসংগে, লেখক - ডাঃ নাজির হোসেন খাঁন, বি এইচ এম এস; প্রভাষক, পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, পাবনা।

৮। দি রয়েল লন্ডন হোমিওপ্যাথিক হসপিটাল কর্তৃপক্ষ, আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ৯ই মে ৯৭।

৯। বি জৈন পাবলিসারস্ প্রাঃ লিঃ ভারত। আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ২৩-৪-৯৭, ০১-০৫-৯৭, ০২-০৮-৯৭ এবং ১২-০২-০২।

১০। ডাঃ জওহর জে শাহ (ভারত), হোমপ্যাথ প্রোগ্রাম প্রস্তুতকারক, আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ২৯-৭-৯৭।

১১। ডাঃ গৌতম বর্ধন (ভারত), হোমপ্যাথ প্রতিনিধি, ব্যক্তিগত সাক্ষাৎকার।

১২। কসমিক হিলার্স প্রাঃ লিঃ (ভারত), আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ৩০-৩-৯৯।

১৩। কেন্ট হোমিওপ্যাথিক এ্যাসোসিয়েটস্ (ইউ এস এ) আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ৩০-৩-৯৯।
১৪। মিক্কেন্ট লিঃ (ইউ কে) আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ২৯-৩-৯৯।
১৫। ল্যামনিয়া প্রাইভেট লিঃ, অষ্ট্রেলিয়া।
১৬। ডাঃ হাবিবুর রহমান, বি এ, ডি এইচ এম এস; হোমিও কম্পিউটার সেন্টার খুলনা, আমার দেয়া পত্রের প্রতিউত্তর তাং ১৩-৪-৯৭।
১৭। ডাঃ এম এ মতিন বি এইচ এম এস (রাডার ও হোমপ্যাথ প্রোগ্রাম সংগ্রহকারী) ঢাকা।
১৮। মোঃ তানভির আহমেদ চৌধুরী, সিষ্টেম ইঞ্জিনিয়ার।
১৯। কম্পিউটিং ফর ডক্টরস্ - চিপ স্পেশাল, পত্রিকা (ভারত) কর্তৃপক্ষ।
২০। দি মিনিমাম প্রাইস হোমিওপ্যাথিক বুকস (ইউ এস এ) কর্তৃপক্ষ।
২১। ডাঃ মোঃ সাখাওয়াৎ হোসেন ভূইয়া, হোমিও গবেষক, ঢাকা।
২২। ডাঃ শেখ ফারুক এলাহী এম বি বি এস ( যুগল কিশোর কার্ড রেপার্টরী ও রাডার প্রোগ্রাম সংগ্রহকারী), ঢাকা।
২৩। ডাঃ নজরুল ইসলাম (শশী মোহন শর্মা'স কার্ড রেপার্টরী সংগ্রহকারী), ঢাকা।
২৪। হোমিওপ্যাথি অনুশীলন প্রতিষ্ঠা বার্ষিকী - ২০০০ স্মরণিকা, অনুশীলন ১৬ ই ডিসেম্বর ২০০০, কম্পিউটার ও হোমিওপ্যাথিক চিকিৎসা - ডাঃ এ, কে, এম, রুহুল আমিন।
২৫। দৈনিক দিনকাল, ২৪ ফেব্রুয়ারী, ২০০১, হোমিওপ্যাথিতে কম্পিউটার - ডাঃ এ, কে, এম, রুহুল আমিন।
২৬। কম্পিউটার বিচিত্রা, বর্ষ ৫, সংখ্যা ৮, মার্চ ২০০১, পৃষ্ঠা ৩৪ - ৩৫, হোমিওপ্যাথি চিকিৎসায় কম্পিউটার - ডাঃ এ, কে, এম, রুহুল আমিন।
২৭। ডাঃ মীর মোস্তফা কামাল, রাডার প্রোগ্রাম সংগ্রহকারী ও রাডার প্রোগ্রামে তথ্য সংযোজনকারী (সিন্থেসিস ৮.১ এ বাংলাদেশের একমাত্র তথ্য সংযোজনকারী)।
২৮। মোঃ মাহবুব, জাগরণী হোমিও হল, ঢাকা।
২৯। ডি এন এস টেলিমেডিসিন লিঃ ঢাকা।
৩০। মোঃ পয়গামউদ্দিন, ঢাকা (হোমপ্যাথ ও কারা প্রোগ্রাম সংগ্রহকারী)।



# ১৭শ অধ্যায়

## ব্যবহারিক কম্পিউটারাইজড্ হোমিওপ্যাথি
## Practical Computerized Homoeopathy

### HOMPATH

ভারতের **DR. JAWAHAR J. SHAH** কর্তৃক প্রস্তুতকৃত উচ্চমানের হোমিওপ্যাথিক সফটওয়্যার। এটি প্রথমে ডস ভিত্তিক প্রোগ্রাম হিসেবে বাজারে এসেছিল। বর্তমানে উইন্ডোস ভিত্তিক কয়েকটি সংস্করণ বাজারে এসেছে, যেমন - HOMPATH Ozone, HOMPATH Ozone ver - 2.0, HOMPATH Win, HOMPATH Academic, HOMPATH Academic ver - 2.0 HOMPATH Mini Classic, HOMPATH Classic ver 7.0 এবং Materia Medica Live ইত্যাদি। HOMPATH Classic ver 7.0 এর সাথে Dr. Roger Van Zandvoort রচিত Complete Repertory আলাদাভাবে সংযোজন করে নেয়ার বিশেষ ব্যবস্থা আছে। বিশ্ববিখ্যাত সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান Microsoft Corporation, U.S.A. এর কারিগরী সহযোগিতায় HOMPATH প্রোগ্রাম সমূহ তৈরী। প্রচলিত পুস্তক রেপার্টরী ও মেটেরিয়া মেডিকার অবিকল অনুকরণে এবং Windows ভিত্তিক প্রোগ্রাম হওয়ায় HOMPATH পরিচালনা করা সহজ। প্রস্তুতকারকদের ঘোষণা অনুসারে HOMPATH Classic ver 7 প্রোগ্রামটিতে বিশ্বের সবচেয়ে অধিক পুস্তক বা তথ্য সমৃদ্ধ হোমিওপ্যাথিক মেডিকেল সফটওয়্যার তৈরী করার প্রক্রিয়া অব্যাহত আছে।

## হোমপ্যাথ ক্লাসিক (HOMATH CLASSIC ver 7.0) কম্পিউটার প্রোগ্রাম পরিচালনা

হোমপ্যাথ ক্লাসিক একটি বিশাল প্রোগ্রাম । ২০০২ সাল পর্যন্ত এই প্রোগ্রামটিতে ২৫০টি পুস্তকের তথ্যকে পুস্তকের মত অবিকল ভাবে অন্তর্ভূক্ত করা হয়েছে।

### হোমপ্যাথ ক্লাসিক সফটওয়্যারের বিষয়বস্তু ঃ

আপনার কম্পিউটারে হোমপ্যাথ ক্লাসিক সফটওয়ার যথাযথভাবে ইনষ্টলকৃত হলে নিম্নলিখিত বিষয়বস্তু সমূহ থাকবে, এই প্রোগ্রামটিকে কাজের সুবিধার্থে ৪টি প্রধান শাখায় বিভক্ত করা হয়েছে । শাখা ৪টি হল Archives, Classic, Homutil, Tresorie ইত্যাদি।

**Archives এর বিষয়বস্তু ঃ**

**Materia Medica** - Allen, Boericke, Allen Encyclopedia 12 vol, Kent, Nash সহ ৪০টি মেটেরিয়া মেডিকা ।

**Philosophy** - Organon সহ ৪৫ টি ফিলসফি বিষয়ক পুস্তকের তথ্য ।

**Therapeutics** - ১০টি পুস্তকের তথ্য ।

**Pharmacy** - ১টি ফার্মাসিউটিক্যাল পুস্তকের তথ্য ।

**Clinical** - ৪০টি প্র্যাকটিশ অব মেডিসিন বা ক্লিনিক্যাল চিকিৎসা বিষয়ক পুস্তকের তথ্য ।

**Regional Therapeutics** - ৪০টি আঙ্গিক চিকিৎসাবিদ্যা সম্পর্কীত পুস্তকের তথ্য ।

**Remedy Picture** - ২০টি ওষুধের পূর্ণাঙ্গ বিবরণী সম্পর্কীত তথ্য ।

**Classic এর বিষয়বস্তু ঃ**

**Patient** - New Patient, Select Patient, Speed Case, Patient Instruction, New Physician, Select Physician ও আরও বহুবিধ বিষয় ।





**Repertory** - Kent, Boericke, Allen, Boenningausen, Bogar, Clarke, Gentry, Knerr, Lippe, Phatak, Robarts রেপার্টরী সহ বহু রেপার্টরীর তথ্যের অবিকল সমাহার ।

**Materia Medica** - Archives অংশে বর্ণিত ৪০টি মেটেরিয়া মেডিকা ও হোমপ্যাথ কী নোট ।

**Utilities** - Similimum, Drug Editor, Themes ইত্যাদি ।

**Help** - প্রোগ্রাম পরিচালনা সম্পর্কীত বিবিধ সাহায্যকারী তথ্য ।

**Homeutil এর বিষয়বস্তু ঃ**

**Mother Tinctures** - Internal, External ব্যবহার সম্পর্কীত তথ্য ।

**Prophylaxis** - রোগ প্রতিষেধক সমুহের তালিকা ও ব্যবহার পদ্ধতি।

**Therapeutics** - প্রধান প্রধান রোগের ওষুধ তালিকা ও নির্দেশক লক্ষণাবলী ।

**Word meaning** - রেপার্টরী ও মেটেরিয়া মেডিকায় ব্যবহৃত বিশেষ শব্দের শব্দার্থ ।

**Cross References** - রেপার্টরীতে ব্যবহৃত বিভিন্ন রুব্রিকের বিকল্প রুব্রিক সমূহ ।

**Viva Questions** - মেটেরিয়া মেডিকা ও রেপার্টরীসহ বিবিধ বিষয়ের কয়েক হাজার প্রশ্ন ও উত্তর ।

**Group Symptoms** - ২০টি গ্রুপ ওষুধের বিস্তারিত লক্ষণাবলী ।

**Tresorie এর বিষয়বস্তু ঃ**

**Journal** -বিভিন্ন হোমিওপ্যাথিক জার্নালের তথ্য ।

## হোমপ্যাথ ক্লাসিক (Hompath Classic ver 7.0) প্রোগ্রামের ব্যবহার পদ্ধতি ঃ-

১। কম্পিউটার অন করুন।

২। পর্দার নিচে Start বাটনে ক্লিক করুন, Programs লেখা আইকনে কারসর নিলে উহার আয়ত্বাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে।

৩। হোমপ্যাথ ক্লাসিক যথাযথ ভাবে সংযোজিত বা ইনষ্টলকৃত কম্পিউটারের মাউস কারসর হোমপ্যাথ ক্লাসিক (Hompath Classic) প্রোগ্রামের আইকনের উপর নিলে এর আয়ত্বাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে, গ্রুপ আইকন সমুহ হল **Archives, Classic, Homutil, Tresorie** । কারসর যে প্রোগ্রামের আইকনের উপরে নিয়ে ক্লিক করা হবে সে প্রোগ্রামটি চালু হবে। ডেক্সটপের মধ্যে প্রোগ্রামসমূহ থাকলে প্রোগ্রাম আইকনে ডবল-ক্লিক করলেও প্রোগ্রাম সমুহ চালু হবে।

### Archives এর কাজ ও পরিচালনা পদ্ধতি ঃ

আপনি উপরে বর্ণিত নিয়মে কম্পিউটার চালু বা রান করেছেন। কারসর **Archives** এর উপর নিয়ে ক্লিক করুন, Archives প্রোগ্রামটি চালু হবে অথবা ডেক্সটপের মধ্যে Archives প্রোগ্রাম আইকন থাকলে তাতে ডবল-ক্লিক করলেও প্রোগ্রাম সমুহ চালু হবে।

১। লক্ষ্য করুন চালু প্রোগ্রামটির উপরের অংশে Archives Windows Application লেখা দেখা যাচ্ছে, তার নীচের লাইনে File, Search in, Open, Edit, View, Font, Color, Help লেখা দেখা যাচ্ছে। তার নীচের সারীতে বিভিন্ন আইকন দেখা যাচ্ছে এবং আইকন সমূহের উপর কারসর নিলে সেই আইকনের কি কাজ তা প্রদর্শিত হচ্ছে।

২। **File** এর উপর ক্লিক করলে Exit লেখা প্রদর্শিত হয়, Exit উপর ক্লিক করলে প্রোগ্রামটি বন্ধ হয়ে যায়।

৩। **Search in** এর উপর ক্লিক করলে Materia Medica, Philosophy, Therapeutics, Pharmacy, Clinical, Regional Therapeutics, Remedy Picture লেখা প্রদর্শিত হয়। আপনার পছন্দ অনুযায়ী যে কোন বিষয়ের উপর ক্লিক করুন। ধরা যাক আপনি Materia Medica তে ক্লিক করেছেন। Search Materia Medica নামক একটি উইন্ডো প্রদর্শিত হবে, লক্ষ্য করুন এখানে Search What? এবং Query নামক দুটি সাদা ঘর দেখা যাচ্ছে।





Search What ? সাদা ঘরটির নীচে ইংরেজী বর্ণমালাক্রমিকভাবে অসংখ্য শব্দাবলী লিখিত আছে, স্ক্রলবার দিয়ে শব্দাবলীকে উপরে নীচে নামিয়ে বা উঠিয়ে প্রয়োজনীয় শব্দকে খুঁজে পাওয়া যায় অথবা Search What ? ঘরটিতে প্রয়োজনীয় শব্দটি লিখে নেয়া যায়। লক্ষ্য করুন শব্দটি টাইপ করার কালে নীচের শব্দভান্ডার থেকে বানান অনুযায়ী শব্দাবলী হাইলাইট হচ্ছে। আপনার টাইপকৃত শব্দের বানান ও শব্দভান্ডারের বানান এক হওয়ার পর হাইলাইটকৃত শব্দের উপর ডবল-ক্লিক করুন, অথবা টাইপ করার কালে আপনার প্রয়োজনীয় শব্দটি শব্দভান্ডারে প্রদর্শিত হলে সেই শব্দটির উপর ক্লিক করে পুনরায় ডবল-ক্লিক করুন। লক্ষ্য করুন Query অংশে শব্দটি দেখা যাচ্ছে এবং ডবল-ক্লিক ঠিক ভাবে হয়ে থাকলে শব্দটির প্রথম অক্ষরটি ক্যাপিটাল বা বড় অক্ষর হিসেবে দেখা যাবে। উইন্ডোটির ডান পার্শ্বে **Go** লিখিত বাটনের উপর ক্লিক করুন। আপনার লিখিত শব্দটি মেটেরিয়া মেডিকায় যত স্থানে আছে তা একটি ভিন্ন উইন্ডোতে প্রদর্শিত হবে। লক্ষ্য করুন Instances এর নীচে বিভিন্ন বর্ণনামূলক লেখা, Book এর নীচে পুস্তক রচয়িতার নাম, Remedy এর নীচে ওষুধের নাম, Section এর নীচে কোন সেকশানে শব্দটি খুঁজে পেয়েছে তা প্রদর্শিত হচ্ছে। স্ক্রল বার দ্বারা উপরে নীচে নামিয়ে উঠিয়ে আপনি সকল প্রদর্শিত তথ্যকে দেখে নিতে পারেন। প্রদর্শিত যে কোন তথ্যের উপর ডবল ক্লিক করলে সে তথ্যের বিস্তারিত প্রদর্শিত হবে। নতুন ভাবে প্রদর্শিত উইন্ডোতে স্ক্রল বার দ্বারা উপরে নীচে নামিয়ে উঠিয়ে আপনি সকল প্রদর্শিত তথ্যকে দেখে নিতে পারেন। দেখা শেষ হলে উপরে আইকনের স্থানে প্রশ্নবোধক চিহ্নের বাম পার্শ্বে লাল ক্রস চিহ্নিত স্থানে ক্লিক করুন, উইন্ডোটি ক্লোজ হয়ে যাবে এবং পূর্বের উইন্ডোতে ফিরে আসবে। প্রয়োজনীয় তথ্য প্রাপ্তীর পর পুনরায় প্রশ্নবোধক চিহ্নের বাম পার্শ্বে লাল ক্রস চিহ্নিত স্থানে ক্লিক করুন, উইন্ডোটি ক্লোজ হয়ে যাবে এবং পূর্বের Archives Windows Application উইন্ডোতে ফিরে আসবে। এভাবে Philosophy, Therapeutics, Pharmacy, Clinical, Regional Therapeutics, Remedy Picture অংশে ক্লিক করে একই নিয়মে অন্যান্য বিষয়ের তথ্যও খুঁজে বের করা যায়।

৪। **Search in** এর অন্যান্য বিবিধ কাজ ঃ-

পূর্বে বর্ণিত নিয়মে Archive প্রোগ্রামটি চালু করার পর Search in এ ক্লিক করুন। Materia Medica ক্লিক করুন। Search Materia Medica উইন্ডো প্রদর্শিত হবে। Search What সাদা ঘরটিতে আপনার পছন্দ অনুযায়ী যে কোন শব্দ টাইপ করুন। ধরা যাক আপনি Burning শব্দটি টাইপ করেছেন, শব্দভান্ডার অংশে হাইলাইটকৃত স্থানে ডবল-ক্লিক করুন, Query এর নীচের সাদা ঘরটিতে Burning শব্দটি প্রথম অক্ষর বড় অক্ষরে দেখতে পাবেন, Books বাটনে ক্লিক করুন, List of Books উইন্ডো দেখতে পাবেন, এখানে আপনি Book List

থেকে আপনার পছন্দ অনুযায়ী বই নির্বাচন করুন । ধরা যাক আপনি Boericke লেখাটির উপর ক্লিক করে Boericke কে নির্বাচন করেছেন, কোন একটি ওষুধে Burning শব্দটি খুঁজে দেখতে চান, আপনাকে Burning শব্দটি খুঁজে দেখতে হলে Remedy/Chapter/Condition এর নীচের ওষুধ তালিকায় আপনার পছন্দের ওষুধটির উপর ক্লিক করুন অথবা Search ঘরে ওষুধটি টাইপ করুন, Remedy/Chapter/Condition এর ঘরে ওষুধটির উপর ডবল ক্লিক করুন, আপনার নির্বাচিত এক বা একাধিক ওষুধের নাম Selected Remedies/ Chapters/Conditions এর নীচের ঘরে দেখতে পাবেন । ধরা যাক আপনি বোরিক মেটেরিয়া মেডিকায় সালফার নির্বাচন করেছেন । এছাড়া সকল ওষুধকে একসাথে নির্বাচন করতে চাইলে Select All, Remedies/Chapters/ Conditions এর ঘরে ক্লিক করতে হবে । আবার পূর্বে নির্বাচিত ওষুধ/বিষয়কে মুছে ফেলতে চাইলে সে ওষুধ/বিষয়কে সিলেক্ট করে Delete বাটনে ক্লিক করতে হবে । Ok বাটনে ক্লিক করুন, আপনি Search Materia Medica উইন্ডোতে চলে আসবেন । GO বাটনে ক্লিক করুন । লক্ষ্য করুন Burning শব্দটি বোরিক মেটেরিয়া মেডিকায় আপনার নির্বাচিত ওষুধে কোথায় কোথায় আছে খুঁজে পেয়েছে । যদি সালফার নির্বাচন করে থাকেন তা হলে ৬টি স্থানে Burning শব্দটি দেখতে পাবেন ।

Search Materia Medica উইন্ডেতে Operators এর নীচে Or, Adjacent, 2 Words, 4 Words, 6 Words, Line, Para, Section, Remedy ইত্যাদি লেখা রয়েছে । কোন একটি নির্বাচিত শব্দের সাথে অন্য একটি শব্দকে জুড়ে দিয়ে অনুসন্ধান করার জন্য এগুলো ব্যবহার করা হয় । যেমন, আপনি বরিক মেটেরিয়া মেডিকায় Burning Pain কোথায় কোথায় আছে দেখতে চান । Search Materia Medica উইন্ডোতে Burning শব্দটি টাইপ করুন, শব্দভান্ডারে এই শব্দটি হাইলাইট হলে তাতে ডবল-ক্লিক করুন, Operators অংশে Adjacent এর উপর ক্লিক করুন, Search what এর ঘরে Pain শব্দটি টাইপ করুন, শব্দভান্ডার ঘরে হাইলাইটকৃত Pain এর উপর ডবল ক্লিক করুন, Books বাটনে ক্লিক করুন, List of Books উইন্ডোতে Boericke উপর ক্লিক করুন (অন্য যে কোন বই রচয়িতার উপরও ক্লিক করতে পারেন), Select All এর চতুষ্কোন ঘরে ক্লিক করুন, OK ক্লিক করুন, Search Materia Medica উইন্ডো প্রদর্শিত হবে, তাতে GO বাটনে ক্লিক করুন । পর্দায় লক্ষ্য করুন বোরিক মেটেরিয়া মেডিকায় Burning Pain শব্দটি ৬৪টি স্থানে খুঁজে পেয়েছে । কোন বই, কোন ওষুধ, কোন সেকশান ইত্যাদি প্রদর্শিত হচ্ছে । স্ক্রলবার দ্বারা উপরে নীচে উঠিয়ে নামিয়ে সকল প্রদর্শিত তথ্যকে দেখা যায় । প্রদর্শিত তথ্যের যে কোন স্থানে ডবল ক্লিক করে সে তথ্যের





বিস্তারিত বিবরণ দেখা যায় । প্রশ্নবোধক চিহ্নের বাম পার্শ্বের লাল রঙের ক্রস চিহ্ন দ্বারা চালু উইন্ডোকে ক্লোজ করা যায় । উইন্ডো ক্রস বাটন দ্বারা চালু উইন্ডো বা প্রোগ্রাম বন্ধ করা যায় ।

একই ধরনের কাজ Search in এর অন্তর্ভূক্ত অন্যান্য বিষয় সমুহের (Philosophy, Therapeutics, Pharmacy, Clinical, Regional Therapeutics, Remedy Picture) ক্ষেত্রেও করা যায় এবং নিয়মও একই ধরনের ।

Search in এর অর্ন্তভূক্ত উইন্ডোতে অন্যান্য বাটন দ্বারা বিবিধ কাজ সম্পন্ন করা যায়, যেমন - Partial বাটন দ্বারা সমশ্রেণীর একাধিক শব্দকে সিলেক্ট করে Search এর ক্ষেত্রকে আরও বিস্তৃত করা যায়, Statistecs বাটন দ্বারা পরিসংখ্যানগত তথ্য পাওয়া যায়, Reset বাটন দ্বারা Search এর ক্ষেত্রকে পূনর্বিন্যস্ত করা যায় অর্থাৎ পূর্বের অনুসন্ধানকে বাতিল করা যায়, Cancel বাটন দ্বারা নির্দেশকৃত কমান্ডকে বাতিল করা যায় । মনে রাখতে হবে যখন যে বাটনে কাজ করতে হবে তখন সে বাটনে ক্লিক করতে হবে ।

এ প্রোগ্রামের বিভিন্ন বাটনে ক্লিক করে ও কমান্ডের সমন্বয়ে বহুবিধ জটিল কর্মকে সহজে সম্পাদন করা যায় । এ প্রোগ্রামের সার্চ কমান্ডটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার । প্রোগ্রামের অন্তর্ভূক্ত বিশাল বিশাল পুস্তকের বিশাল তথ্যের মধ্য থেকে প্রয়োজনীয় শব্দ বা লক্ষণকে অতি দ্রুত খুঁজে পাওয়ার যে সুবিধা এ প্রোগ্রামে আছে তা একটি অত্যন্ত আকর্ষণীয় বিষয় ।

৫। Archives প্রোগ্রামের **Open** মেনুবারের ব্যবহার ঃ- পূর্বে বর্ণিত নিয়ম অনুসারে প্রোগ্রামটিকে চালু বা রান করুন বা চালু প্রোগ্রামে Archives Windows Application উইন্ডোতে **Open** এ ক্লিক করুন । **Open** এর অধীনে Materia Medica, Philosophy, Therapeutics, Pharmacy, Clinical, Regional therapeutics, Remedy picture ইত্যাদি বিষয় সমূহকে রাখা হয়েছে এবং এদের অন্তর্ভূক্ত তথ্যাবলীকে **Open** কমান্ড দ্বারা দেখা যায়। আপনি যে বিষয় দেখতে চান সে বিষয়ের উপর কারসর নিয়ে তাতে ক্লিক করুন । ধরা যাক আপনি Materia Medica তে ক্লিক করেছেন, Open Materia Medica উইন্ডো প্রদর্শিত হবে । সেখানে লক্ষ্য করুন Book List অংশে বিভিন্ন পুস্তকের নাম বা রচয়িতার নাম লেখা আছে, আপনার পছন্দ অনুযায়ী যে কোন পুস্তকের উপর ক্লিক করুন । নির্বাচিত পুস্তকের অন্তর্ভূক্ত ওষুধের তালিকা ডান পার্শ্বের Remedies/ Sections/Chapter এর নীচে দেখা যাচ্ছে, স্ক্রলবার দ্বারা উপরে নীচে উঠিয়ে নামিয়ে ওষুধের নামের তালিকা দেখা যায়, Search বক্সের ভিতরে টাইপ করেও

ওষুধের নামকে হাইলাইট করা যায়। ধরা যাক আপনি Book list বক্সে Boericke সিলেক্ট করেছেন এবং Remedies বক্সের Sulph সিলেক্ট করেছেন, Remedies বক্সের Sulph এর উপর কারসর নিয়ে ডবল-ক্লিক করুন। লক্ষ্য করুন, Selected Remedies/ Sections/Chapters এর বক্সে Boericke → Sulph লেখাটি দেখা যাচ্ছে, OK বাটনে ক্লিক করুন, বোরিক মেটেরিয়া মেডিকার সালফার ওষুধটির বিবরণ পর্দায় প্রদর্শিত হয়েছে। স্ক্রলবার দ্বারা উপরে নীচে উঠা নামা করে সালফারের পূর্ণ বিবরণ দেখা যায়। দেখা শেষ হলে উপরে প্রশ্নবোধক চিহ্নের বাম পার্শ্বে লাল রঙের ক্রস চিহ্নিত বাটনে ক্লিক করুন, সালফারের বর্ণনা ক্লোজ হয়ে যাবে।

**Open Materia Medica** উইন্ডো দ্বারা একসাথে একাধিক পুস্তকের একাধিক ওষুধকে একত্রে সিলেক্ট করে নেয়া যায়, তখন লাল ক্রস বাটন দ্বারা উইন্ডো ক্লোজ করে একটির পর অন্যটির বিবরণ দেখতে হয়। **Open Materia Medica** উইন্ডোর নীচের দিকের Delete বাটন দ্বারা পূর্বের নির্বাচনকে মুছে ফেলা যায় এবং Cancel বাটন দ্বারা পূর্বের নির্বাচনকে বাতিল করা যায়।

Philosophy, Therapeutics, Pharmacy, Clinical, Regional therapeutics, Remedy picture ইত্যাদি বিষয় সমূহের ক্ষেত্রেও একই নিয়ম অনুসরণ করে কাজ করা যায়।

৬। **Edit** - মেনুবারের **Edit** আইকনটির অধীনে Copy, Find, Next এই তিনটি কমান্ড আছে। পর্দায় প্রদর্শিত টেক্সট সমূহের আংশিক বা সম্পূর্ণ অংশকে সিলেক্ট করে (Ctrl+A) এবং Copy তে ক্লিক করে বা Ctrl+C চেপে ধরে কপি করা যায় এবং Microsoft Word এ পেষ্ট (Ctrl+V) করা যায়। Find কমান্ডটি দ্বারা প্রদর্শিত টেক্সট এর ভিতরের কোন শব্দকে খুঁজে বের করা যায় এবং Next কমান্ডটি দ্বারা এই শব্দটি আর কোথায় কোথায় আছে তা খুঁজে বের করা যায়। Edit মেনুতে ক্লিক করে Find কমান্ডে ক্লিক করলে Find বক্স আসবে, এখানে আপনার প্রয়োজনীয় শব্দকে টাইপ করে OK বাটনে ক্লিক করলে শব্দটি খুঁজে বের করবে এবং হাইলাইট করবে।

৭। **View** এর কাজ ঃ View এর আয়ত্বে Toolbar ও Status Bar নামে দুটি মেনু আছে। Archives Windows Application প্রোগ্রামে এই দুটি মেনু এর মাধ্যমে আইকন সমূহকে দৃশ্যমান বা অদৃশ্যমান করা যায়। আইকন সমূহ দৃশ্যমান থাকলে কাজ করতে সুবিধা হয়। আইকন সমূহ দৃশ্যমান না থাকলে Toolbar ও Status Bar এ ক্লিক করে দৃশ্যমান করে নিতে হয়।

৮। **Font** এর কাজ ঃ **Font** এর আয়ত্বে System, Serif, Courier, Ariel নামক চার ধরনের **Font** আছে। Archives Windows Application





প্রোগ্রামে এদের মাধ্যমে টেক্সট ও ফন্ট চিকিৎসক তার নিজের পছন্দ মত সাজিয়ে নিতে পারেন। Search in এ ক্লিক করুন Materia Medica ক্লিক করুন (অন্য বিষয়ের উপরও ক্লিক করতে পারেন)। Search উইন্ডোতে যে কোন শব্দের উপর ডবল-ক্লিক করুন, GO বাটনে ক্লিক করুন। এবার **Font** এর উপর ক্লিক করুন, যে ধরনের **Font** ব্যবহার করতে চান সেটির উপর ক্লিক করুন, আপনার নির্দেশকৃত **Font** টেক্সট এ পরিবর্তিত হয়ে প্রদর্শিত হবে।

৯। **Color** এর কাজ ঃ **Font** এর অধীনে Search, Border, Book, Section, Remedy, Default, Mat text নামক মেনু আছে। Default হিসেবে টেক্সট কাল রঙের দেখায়, এদের ব্যবহারের মাধ্যমে Archives প্রোগ্রামের টেক্সট এর রঙ পরিবর্তন করে নিজের পছন্দমত সাজিয়ে নেয়া যায়। ধরা যাক আপনি যে শব্দটি অনুসন্ধান বা Search করতে চান সেটিকে লাল রঙে দেখতে চান। পর্দায় পূর্বের নিয়মে যে কোন শব্দ দ্বারা Search করুন (উদাহরণ ঃ Search in ➔ Materia Medica ➔ Search what ➔ Pain ➔ GO)। এবার Color এ ক্লিক করুন, Search এ ক্লিক করুন, Color বক্স প্রদর্শিত হবে, এখান থেকে আপনি যে রঙটিকে পছন্দ করবেন সেটির উপর ক্লিক করুন, ধরা যাক আপনি লাল রঙটিকে পছন্দ করেছেন, Color বক্স এর OK তে ক্লিক করুন, লক্ষ্য করুন পর্দায় সকল Pain শব্দটি লাল রঙ এ পরিবর্তিত হয়েছে। ধরা যাক Met text এর রঙ নীল রঙ করতে চান, Color এ ক্লিক করুন, Met text এ ক্লিক করুন, Color বক্সে নীল রঙে ক্লিক করুন, OK তে ক্লিক করুন, লক্ষ্য করুন পর্দায় সকল মেটেরিয়া মেডিকার বর্ণনা নীল রঙ এ পরিবর্তিত হয়েছে। একই নিয়মে Border, Book, Section, Remedy ইত্যাদির রঙ আপনার পছন্দমত সাজিয়ে নিতে পারেন। Default এ ক্লিক করলে সকল টেক্সট কাল রঙের হয়ে যায়, কাজের সুবিধার জন্য বিভিন্ন রঙের টেক্সট হলে ভাল হয়।

১০। **Window** এর কাজ ঃ Window এর অধীনে Close All, Cascade, Tile, Arrange Icon, Close ইত্যাদি মেনু আছে। এগুলোকে ব্যবহারের মাধ্যমে চালু উইন্ডোর বিভিন্ন পরিবর্তন ও চালু উইন্ডো বন্ধ করা যায়। এই অপশনগুলো ব্যবহার না করাই ভাল।

১১। **Help** এর কাজ ঃ Help এর অধীনে Index, Using Help, About Homapp ইত্যাদি অপশন রয়েছে। বিভিন্ন সাহায্যকারী তথ্য এদের অধীনে আছে। চিকিৎসক এই প্রোগ্রাম চালাতে গিয়ে কোন কিছু না বুঝতে পারলে এখান থেকে তথ্য জেনে নিতে পারেন।

## Classic এর কাজ ও পরিচালনা পদ্ধতি ঃ

এই প্রোগ্রামটি অবিশ্বাস্য দ্রুতগতিতে রেপার্টরাইজেশান বা রেপার্টরীকরণের সুবিধা সহ বহুবিধ অসাধারণ সুবিধা সম্বলিত প্রোগ্রাম । প্রোগ্রামটি পরিচালনার জন্য এতে বিভিন্ন Toolbar ও Status Bar আছে । ধাপে ধাপে আমরা এই প্রোগ্রামটির বিভিন্ন আইকন পরিচিতি ও ব্যবহার পদ্ধতি আলোচনা করব ।

### আইকন ও বাটন পরিচিতি

### ১ম ধাপ

১। কম্পিউটার অন করুন অথবা কম্পিউটার চালু থাকলে পর্দার নীচে Start বাটনে ক্লিক করুন, Programs লেখা আইকনে কারসর নিলে উহার আয়ত্বাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে ।

২। কারসর হোমপ্যাথ ক্লাসিক **(Hompath Classic)** প্রোগ্রামের আইকনে নিলে এর আয়ত্বাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে, গ্রুপ আইকন সমুহ হল Archives, Classic, Homutil, Tresorie । কারসর যে প্রোগ্রামের আইকনের উপরে নিয়ে ক্লিক করা হবে সে প্রোগ্রামটি চালু হবে । কারসর **Classic** এর উপর নিয়ে ক্লিক করুন, Classic প্রোগ্রামটি চালু হবে । ডেক্সটপের মধ্যে প্রোগ্রামসমূহ থাকলে Classic প্রোগ্রাম আইকনে ডবল-ক্লিক করলেও প্রোগ্রামটি চালু হবে । Quote of the Day উইন্ডো দেখা গেলে সেটিকে Close করুন ।

৩। লক্ষ্য করুন পর্দায় **Hompath Classic** লেখাটির নীচে Patient, Repertory, Search, Materia Medica, View, Utilities, Help লেখা দেখা যাচ্ছে এবং তার নীচে বিভিন্ন আইকন দেখা যাচ্ছে । আইকন সমূহের উপর কারসর নিলে সেই আইকনটির কি নাম তা প্রদর্শিত হচ্ছে ।

### ২য় ধাপ

১। **Patient** মেনুবার কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে New Patient, Select Patient, Speed Case, Patient Instruction, New Physician, Select Physician এবং Exit লেখাগুলোকে উজ্জ্বল দেখা যাচ্ছে । এছাড়া Modify/View, More Info, Save Speed Case, Case Record, First Prescription, Follow up, Diagnosis, Prescription Print, Print, Graphs কে অনুজ্জ্বল দেখাচ্ছে ।





উজ্জ্বল লেখাগুলোর কাজ সক্রিয় অবস্থায় আছে এবং অনুজ্জ্বল লেখাগুলোর কাজ নিষ্ক্রিয় অবস্থায় আছে, উজ্জ্বল লেখাগুলোর কাজ শুরু হলেই অনুজ্জ্বল লেখাগুলো উজ্জ্বল হয়ে উঠে এবং নির্দিষ্ট কাজের জন্য সক্রিয় হয় ।

২। **New Physician** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে New Physician কমান্ডটিতে ক্লিক করুন । পর্দায় প্রদর্শিত Physician Data এর বিভিন্ন ছকে চিকিৎসকের বিভিন্ন তথ্যাবলীকে টাইপ করুন, টাইপ শেষে Save_Exit বাটনে ক্লিক করুন । চিকিৎসকের তথ্যাবলী কম্পিউটারে এই প্রোগ্রামের অধীনে সেইভ বা সংরক্ষিত হবে । একই কম্পিউটার একাধিক চিকিৎসক ব্যবহার করতে চাইলে প্রত্যেক চিকিৎসককেই প্রথমে এই অপশনটি ব্যবহার করে নিতে হবে। এতে করে চিকিৎসক পরবর্তীতে রোগীর তথ্যাবলী সংরক্ষণ করতে চাইলে সে সকল তথ্যাবলী নির্দিষ্ট চিকিৎসকের (Select Physician দ্বারা চিকিৎসক নিজের নামের ফাইলকে নির্বাচন করে নেবেন ) নামের বিপরীতে সংরক্ষিত হবে ।

৩। **Select Physician** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Select Physician কমান্ডটিতে ক্লিক করুন। New Physician অপশন দ্বারা যে সকল চিকিৎসকের তথ্য অন্তর্ভূক্ত করা হয়েছে, তাদের নামের তালিকা দেখা যাবে । চিকিৎসকের নিজের নামের উপর ক্লিক করুন ও নীচে Select বাটনে ক্লিক করুন । সেইভ কৃত রোগীর ফাইল সমূহ নির্বাচিত চিকিৎসকের বিপরীতে উম্মুক্ত হওয়ার জন্য প্রস্তুত থাকবে । কোন চিকিৎসকের নামকে চিকিৎসকের তালিকা থেকে বাদ দিতে হলে সে চিকিৎসকের নামকে ক্লিক করে নির্বাচন করে নিয়ে Delete এ ক্লিক করুন, নির্বাচিত চিকিৎসকের নাম মুছে যাবে এবং সে চিকিৎসকের অধীনে সেইভকৃত রোগীর ফাইল সমূহ মুছে যাবে । কাজ শেষে Select Physician বক্সের ক্রস (X) বাটনে ক্লিক করে Select Physician উইন্ডো থেকে বেরিয়ে আসুন ।

৪। **New Patient** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে New Patient কমান্ডটিতে ক্লিক করুন বা Ctrl + N চাপুন । New Patient বক্স প্রদর্শিত হবে । বক্সের ছকে নির্দিষ্ট তথ্যাবলীকে টাইপ করুন । কাজ শেষে Save বাটনে ক্লিক করুন এবং কম্পিউটারের পর্দায় প্রদর্শিত নির্দেশ পালন করুন ও প্রয়োজনীয় তথ্যাবলীকে টাইপ করুন ।

৫। **Select Patient** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Select Patient কমান্ডটিতে ক্লিক করুন বা Ctrl + O চাপুন । রোগীর তালিকা প্রদর্শিত হবে (যদি পূর্বে রোগীর বিবরণীকে সেইভ করা হয়ে থাকে)। রোগীর তালিকা থেকে আপনার রোগীর নামকে খুঁজে নিন ও

Select বাটনে ক্লিক করুন । রোগীর বিবরণী প্রদর্শিত হবে । First Name, Last Name, Registration, বর্ণমালা ক্রমিক A→ Z বা Z →A ইত্যাদি বিভিন্ন উপায়ে ( যে ভাবে সুবিধা হয়) রোগীর নামকে খুঁজে বের করা যায় ।

৬। **Speed Case** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক. করুন, এখানে পুল ডাউন মেনুতে Speed Case কমান্ডটিতে ক্লিক করুন । যদি কোন রোগীর বিবরণীকে সেইভ বা সংরক্ষণ করতে না চান তা হলে এ কমান্ডটি ব্যবহার করতে হয় ।

৭। **Save Speed Case** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Save Speed Case কমান্ডটিতে দেখতে পাবেন । ইতিপূর্বে যদি কোন রোগীর বিবরণীকে Speed Case কমান্ডের মাধ্যমে রেপার্টরাইজেশান করা হয়ে থাকে এবং সেই রেপার্টরাইজেশান করা তথ্যাবলীকে সেইভ বা সংরক্ষণ করতে চান তা হলে এই কমান্ডটি ব্যবহার করতে হয় ।

৮। **Modify/View** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে **Modify/View** কমান্ডটিতে দেখতে পাবেন । ইতিপূর্বে যদি কোন রোগীর বিবরণী ও রেপার্টরাইজেশান তথ্য সেইভ বা সংরক্ষণ করা হয়ে থাকে তাহলে এই কমান্ডের মাধ্যমে ও এর অধীনস্ত অন্যান্য কমান্ডের মাধ্যমে সে সকল তথ্যাবলীর পরিবর্তন করা যায় ।

৯। **More info** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে More info কমান্ডটিতে দেখতে পাবেন । ইতিপূর্বে যদি কোন রোগীর বিবরণী ও রেপার্টরাইজেশান তথ্য সেইভ বা সংরক্ষণ করা হয়ে থাকে তাহলে এই কমান্ডের মাধ্যমে ও এর অধীনস্ত অন্যান্য কমান্ডের মাধ্যমে সে সকল তথ্যাবলীর সাথে আরও অধিকতর তথ্য সংরক্ষণ, পরিবর্তন ও রোগী সর্ম্পকে অধিকতর তথ্য দেখা যায় ।

১০। **Case Record** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Case Record কমান্ডটিতে দেখতে পাবেন । রোগীর বিবরণী লিপিবদ্ধ করে সেইভ বা সংরক্ষণ করার জন্য এই কমান্ডের মাধ্যমে ও এর অধীনস্ত অন্যান্য কমান্ডের মাধ্যমে রোগীর বিবিধ তথ্যাবলীকে সংরক্ষণ করা যায় ।

১১। **First Prescription** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে First Prescription কমান্ডটিতে দেখতে পাবেন । রোগীর জন্য নির্বাচিত ওষুধের ব্যাবস্থাপত্র টাইপ করে বা প্রোগ্রামের ওষুধ তালিকা থেকে ওষুধ নির্বাচন করে তা সংরক্ষণের জন্য ও প্রিন্ট করার জন্য এ কমান্ডটি ব্যবহার করা হয় ।





১২। **Followup** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Followup কমান্ডটিতে দেখতে পাবেন । ওষুধ প্রয়োগের পর রোগীর কি পরিবর্তন হয়েছে তা এ কমান্ড ব্যবহার করে লিপিবদ্ধ করে রাখা হয় ।

১৩। **Diagnosis** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Diagnosis কমান্ডটিতে দেখতে পাবেন । রোগীর রোগের নাম এ কমান্ডের মাধ্যমে লিপিবদ্ধ করে রাখা হয় ।

১৪। **Patient instruction** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Patient instruction কমান্ডটিতে দেখতে পাবেন। প্রোগ্রামের মধ্যে পূর্ব থেকে সংরক্ষিত বিবিধ নির্দেশ বা চিকিৎসকের দেয়া বিশেষ কোন নির্দেশ এ কমান্ডের সাহায্যে প্রদান করা হয়, এবং প্রয়োজনে প্রিন্ট কমান্ডের মাধ্যমে কাগজে ছেপে রোগীকে দেয়া হয় ।

১৫। **Prescription Print** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Prescription Print কমান্ডটিতে দেখতে পাবেন। রোগীর জন্য নির্বাচিত ওষুধের ব্যাবস্থাপত্র টাইপ করে বা প্রোগ্রামের ওষুধ তালিকা থেকে ওষুধ নির্বাচন করে তা প্রিন্ট করার জন্য এ কমান্ডটি ব্যবহার করা হয় ।

১৬। **Print** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Print কমান্ডটিতে দেখতে পাবেন । এই প্রোগ্রাম ব্যবহার করে প্রাপ্ত ফলাফল বা যে কোন বিষয়কে কাগজে ছাপানোর জন্য এ কমান্ডটি ব্যবহার করা হয় ।

১৭ । **Graph** কমান্ডের কাজ ঃ Patient লেখাটির উপর ক্লিক করুন, এখানে পুল ডাউন মেনুতে Graph কমান্ডটিতে দেখতে পাবেন । এই প্রোগ্রাম ব্যবহার করে রেপার্টরাইজেশানের মাধ্যমে প্রাপ্ত ফলাফলকে গ্রাফ আকারে দেখতে চাইলে এবং গ্রাফের পরিবর্তন ও প্রিন্ট করার জন্য এ কমান্ডটি ব্যবহার করা হয় ।

### ৩য় ধাপ

১। **Repertory** মেনুবার কমান্ডের কাজ ঃ **Repertory** মেনু বারে Rubric Selection, Repertorisation Table, Prev_Rec_Sym, Record, Convert Repertory to MM, User Repertory ইত্যাদি কমান্ড রয়েছে । এদের মধ্যে Repertorisation Table, Prev_Rec_Sym, Record ইত্যাদি কমান্ড সাধারণত অনুজ্জ্বল বা নিক্রিয় থাকে, অনুজ্জ্বল কমান্ড সমুহ রুব্রিক রেকর্ড

করার পর উজ্জ্বল বা সক্রিয় হয়ে উঠে। Repertorisation Table কমান্ড দ্বারা রেপার্টরীকরণ ছক বা টেবিল প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়, Prev_Rec_Sym কমান্ড দ্বারা পুর্বে রেকর্ডকৃত রোগীর রুব্রিক প্রদর্শণের জন্য ব্যবহৃত হয়, Record কমান্ড দ্বারা বর্তমান রোগীর রুব্রিক রের্কড করার জন্য ব্যবহৃত হয়। Convert Repertory to MM কমান্ড দ্বারা কোন নির্দিষ্ট ওষুধকে রেপার্টরীর ভাষা থেকে মেটেরিয়া মেডিকার ভাষায় প্রকাশ করার জন্য ব্যবহৃত হয়। User Repertory কমান্ড দ্বারা চিকিৎসক তার নিজের রেপার্টরী রচনা করে নিতে পারেন।

Speed Case আইকনের উপর ক্লিক করুন, (অথবা, New Patient বা Select Patient কমান্ড ব্যবহার করে ও অন্যান্য কাজ সম্পন্ন করার পর **Repertory** তে ক্লিক করুন, পুল ডাউন মেনুতে Rubric Selection এ ক্লিক করুন) Select Repertory উইন্ডো প্রদর্শিত হবে, ডিফল্ট হিসেবে Kent Repertory (বা Complete Repertory) এবং সে রেপার্টরীর বিভিন্ন অধ্যায়ের আইকন সমূহ প্রদর্শিত হবে। যে আইকনের উপর কারসর স্থাপন করা হবে, সে আইকনটির নাম নীচে বাম কর্ণারে প্রদর্শিত হচ্ছে দেখতে পাবেন। যে কোন আইকনের উপর ডবল-ক্লিক করলে সেই অধ্যায়ের রুব্রিকসমূহ প্রদর্শিত হবে। এছাড়া আপনি এখানে Select Repertory ➔Kent (বা Complete) পুল ডাউন মেনুতে ক্লিক করলে এই প্রোগ্রামে অন্তর্ভূক্ত অন্যান্য রেপার্টরীর নাম দেখতে পাবেন এবং আপনার পছন্দের রেপার্টরীতে ক্লিক করলে সে রেপার্টরীর বিভিন্ন অধ্যায়ের আইকন সমুহ দেখা যাবে, যে অধ্যায় আপনি খুলতে চান সে আইকনে পূর্বোক্ত নিয়মে ডবল-ক্লিক করলে, সে অধ্যায়টি খুলবে। অনেকে ডবল-ক্লিক করতে পারেন না, তারা প্রয়োজনীয় অধ্যায়ে ক্লিক করে নীচে Open বাটনে ক্লিক করে অধ্যায় খোলার বিকল্প পদ্ধতি অবলম্বন করতে পারেন। পূর্বে নির্বাচিত কোন অধ্যায়কে প্রয়োজন মনে না করলে Open এর নীচের Delete বাটন দ্বারা সাময়িক ভাবে মুছে ফেলতে পারেন।

ধরা যাক আপনি Speed Case আইকনের উপর ক্লিক করেছেন এবং Select Repertory উইন্ডো থেকে Kent রেপার্টরী সিলেক্ট করেছেন, লক্ষ্য করুন কেন্ট রেপার্টরীর বিভিন্ন অধ্যায়ের আইকন সমূহ প্রদর্শিত হচ্ছে, এবার আপনি যে কোন আইকনে ডবল ক্লিক করুন, ধরা যাক আপনি MIND (প্রথম আইকনটি) অধ্যায়ের আইকনে ক্লিক করেছেন। নির্বাচিত অধ্যায়টি পর্দায় প্রদর্শিত হবে, পর্দায় বক্সের মধ্যে বিভিন্ন রুব্রিককে নীল রঙের মোটা অক্ষরে ও তাদের সামনে ২ লেখাযুক্ত দেখা যাচ্ছে, প্রতিটি রুব্রিকের অধীনস্থ সাব-রুব্রিককে লাল রঙের সাধারণ অক্ষরে ও তাদের সামনে ৩ লেখাযুক্ত দেখা যাচ্ছে। ডান পার্শ্বের স্ক্রলবার দ্বারা উপরে নীচে করে নির্বাচিত অধ্যায়ের সকল রুব্রিক ও তার অধীনস্থ সকল সাব-রুব্রিককে পর্দায় প্রদর্শন করা যায়। লক্ষ্য করুন যে রুব্রিক বা সাব-রুব্রিকের উপর আপনার কারসর দ্বারা সিলেক্ট বা ক্লিক





করা থাকছে সেই রুব্রিক বা সাব-রুব্রিকের পূর্ণ বিবরণ উপরের সাদা ছোট বক্সে দেখা যাচ্ছে (রেপার্টরীর নাম ও অধ্যায়ের নামসহ) এবং একই সাথে সেই রুব্রিক বা সাব-রুব্রিকের নির্দেশিত ওষুধ তালিকা ওষুধের মূল্যমান বা গ্রেডিং সহ দেখা যাচ্ছে, একবারে ১৮টি ওষুধের নাম এখানে প্রর্দশিত হতে পারে, ওষুধের সংখ্যা ১৮টির অধিক হলে সেগুলোর নাম স্ক্রল বার উঠা-নামা করে দেখা যায়। প্রথম গ্রেডের ওষুধের নাম লাল মোটা অক্ষরে ও ৩ লেখাযুক্ত দেখায়, দ্বিতীয় গ্রেডের ওষুধের নাম নীল রঙের বাঁকা অক্ষরে ও ২ লেখাযুক্ত দেখায়, তৃতীয় গ্রেডের ওষুধের নাম কাল রঙের সাধারণ অক্ষরে ও ১ লেখা যুক্ত দেখায়। ফলে ওষুধের মূল্যমান বুঝতে সুবিধা হয়। পর্দার নীচের অংশে ২, ৩ ও ৪ লেখা সাদা বক্স দেখতে পাবেন, ২ লেখা বক্সটি রুব্রিক দ্রুত খুঁজে বের করার জন্য, ৩ লেখা বক্সটি সে রুব্রিকের অধীনস্থ সাব-রুব্রিক খুঁজে বের করার জন্য এবং ৪ লেখা বক্সটি সে সাব-রুব্রিকের অধীনস্থ সাব-সাব-রুব্রিক খুঁজে বের করার জন্য ব্যবহৃত হয়। এ সকল বক্সে টাইপ করে রুব্রিক, সাব-রুব্রিক ও সাব-সাব-রুব্রিক দ্রুত খুঁজে বের করা যায়। পর্দার ডান পার্শ্বে Record, Rep, Help, Search নামক বাটন প্রদর্শিত হছে। Record বাটন দ্বারা রুব্রিক রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড করা হয়, Rep বাটন দ্বারা টেবিল বা ছক চিত্রের মাধ্যমে রেপার্টরাইজেশান প্রদর্শিত হয়, Help বাটন দ্বারা সাহায্যকারী ফাইল সমূহ প্রদর্শিত হয় এবং Search বাটন দ্বারা নির্বাচিত অধ্যায়ের যে কোন শব্দকে খুঁজে বের করার জন্য ব্যবহৃত হয়।

(প্রোগ্রামের অন্তর্ভূক্ত রেপার্টরীর রুব্রিক সজ্জার বিষয়টি অনুধাবনের জন্য দেখুন পৃষ্ঠা নং ৮০, **HOMPATH CLASSIC** কম্পিউটার প্রোগ্রামে কেন্ট রেপার্টরীর রুব্রিক সজ্জিত করার রীতি)

## ৪র্থ ধাপ

### ১। Search মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-

পূর্বে বর্ণিত নিয়মে Classic প্রোগ্রামটি চালু করার পর Search কমান্ডে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Repertory তে ক্লিক করুন। Repertory Search উইন্ডো প্রদর্শিত হবে। Search What ? সাদা ঘরটিতে আপনার পছন্দ অনুযায়ী যে কোন শব্দ টাইপ করুন। ধরা যাক আপনি Burning শব্দটি টাইপ করেছেন, শব্দভান্ডার অংশে হাইলাইটকৃত স্থানে ডবল-ক্লিক করুন, Query এর নীচের সাদা ঘরটিতে Burning শব্দটি প্রথম অক্ষর বড় অক্ষরে দেখতে পাবেন, Books বাটনে ক্লিক করুন, List of Repertories উইন্ডো দেখতে পাবেন, এখানে আপনি Repertories থেকে আপনার পছন্দ অনুযায়ী রেপার্টরী নির্বাচন

করুন। ধরা যাক আপনি Kent লেখাটির উপর ক্লিক করে Kent কে নির্বাচন করেছেন, List of Repertories উইন্ডোতে কেন্ট রেপার্টরীর Chapters এর নীচে অধ্যায়সমূহের নাম প্রদর্শিত হবে, আপনি যে অধ্যায় খুলতে চান সে অধ্যায়টিকে ডবল ক্লিক করে সিলেক্ট করুন, Selected Chapters অংশে নির্বাচিত অধ্যায়ের নাম প্রদর্শিত হবে, আপনি ইচ্ছে করলে বিভিন্ন রেপার্টরী থেকে বিভিন্ন অধ্যায় একই নিয়মে ডবল ক্লিক করে অধ্যায় সিলেক্ট করে নিতে পারেন। আবার কোন অধ্যায় সিলেক্ট করেছিলেন কিন্তু এখন আর প্রয়োজন মনে করছেন না, সে অধ্যায়টিকে সিলেক্ট করে Delete বাটনে ক্লিক করে সাময়িক ভাবে মুছে ফেলতে পারেন। প্রয়োজন মনে করলে Select All Chapter ক্লিক করে নির্বাচিত রেপার্টরীর সকল অধ্যায়কে একবারে সিলেক্ট করে নিতে পারেন। List of Repertories উইন্ডোর নীচে Search বক্সে অধ্যায়ের নাম টাইপ করে দ্রুত অধ্যায়ের নাম খূঁজে বের করতে পারেন। এবার OK বাটনে ক্লিক করুন (Cancel বাটনে ক্লিক করে সকল কাজকে বাতিল করা যায়)। ধরা যাক আপনি Head অধ্যায়ে Burning শব্দটি খুঁজে দেখতে চেয়েছিলেন, আপনাকে Head অধ্যায়ে Burning শব্দটি খুঁজে দেখতে হলে ইতি পূর্বে বর্ণিত কাজের পর GO বাটনে ক্লিক করুন। লক্ষ্য করুন Burning শব্দটি কেন্ট রেপার্টরীতে Head অধ্যায়ে কোথায় কোথায় আছে খুঁজে পেয়েছে, কেন্ট রেপার্টরীতে Head অধ্যায়ে Burning শব্দটি ২০টি স্থানে খুঁজে পেয়েছে। স্ক্রল বার দ্বারা উঠা-নামা করে প্রদর্শিত Burning শব্দটির পূর্ণ বিবরণ দেখতে পারেন। যখন যে শব্দটিকে আপনি ক্লিক করবেন, সে শব্দটির পূর্ণ বিবরণ উপরে Symptoms এর ঘরে দেখতে পাবেন, একই সাথে ডান পার্শ্বের সাদা ঘরটিতে সেই লক্ষণের ওষুধের তালিকা গ্রেডিং সহ দেখতে পাবেন, প্রয়োজন মনে করলে ডান পার্শ্বের Record বাটনে ক্লিক করে রুব্রিকটিকে রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড করে নিতে পারেন। আবার ডান পার্শ্বের ঘরে রাইট মাউস বাটন ক্লিক করে Open Chapter বাটন প্রদর্শিত হলে, সেখানে ক্লিক করে মূল রেপার্টরীতে চলে আসতে পারেন। মূল রেপার্টরী অংশে এসেও Record বাটনে ক্লিক করে রুব্রিকটিকে রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড করে নিতে পারেন। এই নিয়মে বিশাল বিশাল রেপার্টরীর মধ্য থেকে যে কোন শব্দ বা রুব্রিক দ্রুত খুঁজে বের করা যায়।

Repertory Search উইন্ডেতে Operators এর নীচে And, Or, Not ইত্যাদি লেখা রয়েছে। কোন একটি নির্বাচিত শব্দের সাথে অন্য একটি শব্দকে জুড়ে দিয়ে অনুসন্ধান করার জন্য এগুলি ব্যবহার করা হয়। যেমন, আপনি কেন্ট রেপার্টরিতে Stomach অধ্যায়ে Burning Pain কোথায় কোথায় আছে দেখতে চান। Repertory Search উইন্ডোতে Burning শব্দটি টাইপ করুন, শব্দভান্ডারে এই শব্দটি হাইলাইট হলে তাতে ডবল-ক্লিক করুন, Operators অংশে And এর





উপর ক্লিক করুন, Search what এর ঘরে Pain শব্দটি টাইপ করুন, শব্দভান্ডার ঘরে হাইলাইটকৃত Pain এর উপর ডবল ক্লিক করুন, Books বাটনে ক্লিক করুন, List of Repertories উইন্ডোতে Kent এর উপর ক্লিক করুন, Chapter এর ঘরে Stomach অধ্যায়ের উপর ডবল ক্লিক করুন, OK ক্লিক করুন, লক্ষ্য করুন আপনি Repertory Search উইন্ডোতে ফিরে এসেছেন, GO বাটনে ক্লিক করুন। পর্দায় লক্ষ্য করুন কেন্ট রেপার্টরীর Stomach অধ্যায়ে Burning Pain শব্দটি ২টি স্থানে খুঁজে পেয়েছে ও ওষুধ তালিকা গ্রেডিং সহ প্রদর্শিত হচ্ছে। একই ভাবে Or, Not বাটন দ্বারাও বিবিধ কাজ করা যায়। স্ক্রলবার দ্বারা উপরে নীচে উঠিয়ে নামিয়ে সকল প্রদর্শিত তথ্যকে দেখা যায়।

Repertory Search উইন্ডোতে Operators এর পার্শ্বে Partial নামে একটি বাটন আছে, Partial বাটন দ্বারা সমশ্রেণীর একাধিক শব্দকে সিলেক্ট করে Search এর ক্ষেত্রকে আরও বিস্তৃত করা যায়, সমার্থক বা একই জাতীয় শব্দকে একবারে খোঁজার জন্য এই বাটনটি ব্যবহার করা হয়। ধরা যাক আপনি Dream শব্দটির সমার্থক বা একই জাতীয় শব্দকে একবারে খোঁজার জন্য এই বাটনটি ব্যবহার করবেন, Dream শব্দটি টাইপ করুন বা স্ক্রলবার দ্বারা খুঁজে বের করুন, Dream শব্দটির উপর ডবল ক্লিক করুন, Partial বাটনে ক্লিক করুন, একই জাতীয় শব্দের তালিকা প্রদর্শিত হবে, সেখান থেকে dream, dreamful, dreaming, dreams ইত্যাদি শব্দকে সিলেক্ট করুন, Books বাটনে ক্লিক করুন, List of Repertories উইন্ডো দেখতে পাবেন, এখানে আপনি Repertories থেকে আপনার পছন্দ অনুযায়ী রেপার্টরী নির্বাচন করুন। ধরা যাক আপনি Kent লেখাটির উপর ক্লিক করে Kent কে নির্বাচন করেছেন, List of Repertories উইন্ডোতে কেন্ট রেপার্টরীর Chapters এর নীচে অধ্যায়সমূহের নাম প্রদর্শিত হবে, আপনি যে অধ্যায়ে খুঁজতে চান সে অধ্যায়টিকে ডবল ক্লিক করে সিলেক্ট করুন, Selected Chapters অংশে নির্বাচিত অধ্যায়ের নাম প্রদর্শিত হবে, আপনি ইচ্ছে করলে বিভিন্ন রেপার্টরী থেকে বিভিন্ন অধ্যায় একই নিয়মে ডবল ক্লিক করে অধ্যায় সিলেক্ট করে নিতে পারেন। ধরা যাক আপনি কেন্ট রেপার্টরীর Select All Chapter সিলেক্ট করে OK বাটনে ক্লিক করেছেন, আপনি Repertory Search উইন্ডোতে ফিরে এসেছেন, GO বাটনে ক্লিক করুন, লক্ষ্য করুন আপনার নির্বাচিত শব্দসমুহকে ৩৬ টি স্থানে খুঁজে পেয়েছে এবং পর্দায় তা প্রদর্শিত হচ্ছে। কতগুলো স্থানে খুঁজে পেয়েছে তার সংখ্যা উপরে Hits এর পার্শ্বে দেখা যাচ্ছে।

Statistics বাটন দ্বারা পরিসংখ্যানগত তথ্য পাওয়া যায়।

Cancel বাটন দ্বারা নির্দেশ বাতিল বা উইন্ডোটি বন্ধ করা যায়।

Reset বাটন দ্বারা Search এর ক্ষেত্রকে পুনর্বিন্যস্ত করা যায় অর্থাৎ পূর্বের অনুসন্ধানকে বা পূর্বে দেয়া নির্দেশ বাতিল করা যায়।

মনে রাখতে হবে যখন যে ধরনের কাজ করতে হবে তখন সে বাটনে ক্লিক করতে হবে।

এই প্রোগ্রামের বিভিন্ন বাটনে ক্লিক করে ও কমান্ডের সমন্বয়ে বহুবিধ জটিল কর্মকে সহজে সম্পাদন করা যায়। এই প্রোগ্রামের সার্চ কমান্ডটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার। প্রোগ্রামের অর্ন্তভূক্ত বিশাল বিশাল পুস্তকের বিশাল তথ্যের মধ্য থেকে প্রয়োজনীয় রুব্রিক বা শব্দ বা লক্ষণকে অতি দ্রুত খুঁজে পাওয়ার যে সুবিধা এ প্রোগ্রামে আছে তা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার।

## ৫ম ধাপ

### ১। Materia Medica মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-

পূর্বে বর্ণিত নিয়মে Classic প্রোগ্রামটি চালু করার পর Materia Medica কমান্ডে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Open Materia Medica তে ক্লিক করুন। Open Materia Medica উইন্ডো প্রদর্শিত হবে। Materia Medica তালিকা প্রদর্শিত হবে, আপনি যে মেটেরিয়া মেডিকাকে সিলেক্ট করবেন, সে মেটেরিয়া মেডিকার ওষুধ তালিকা প্রদর্শিত হবে। স্ক্রলবার বা Search এর বক্সে টাইপ করে ওষুধের নামকে সিলেক্ট করে নিন এবং ডবল ক্লিক করুন, প্রয়োজন মনে করলে একাধিক মেটেরিয়া মেডিকা থেকে একাধিক ওষুধকে ডবল ক্লিক করে সিলেক্ট করে নিতে পারেন, সিলেক্ট করা কোন মেটেরিয়া মেডিকার ওষুধকে অপ্রয়োজনীয় মনে করলে সেটিকে সিলেক্ট করে Delete বাটনে ক্লিক করে মুছে দিতে পারেন, কাজ শেষে OK বাটনে ক্লিক করুন, সিলেক্টকৃত মেটেরিয়া মেডিকার ওষুধের বিবরণ প্রদর্শিত হবে, স্ক্রল বার দ্বারা উপর নীচ করে পূর্ণ বিবরণ দেখতে পারেন এবং প্রয়োজনে কপি করে প্রিন্ট করে নিতে পারেন।

## ৬ষ্ঠ ধাপ

### ১। View মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-

পূর্বে বর্ণিত নিয়মে Classic প্রোগ্রামটি চালু করার পর **View** কমান্ডে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Toolbar ও Status Bar উজ্জ্বল অবস্থায় এবং Symptom List ও Drug List অনুজ্জ্বল অবস্থায় দেখতে পাবেন। Toolbar ও Status Bar দ্বারা বিভিন্ন আইকন সমুহ প্রদর্শিত ও অ-প্রদর্শিত করা যায়। এরা





প্রদর্শিত থাকলে কাজ করতে সুবিধা হয়, সুতরাং এদের কোন পরিবর্তন না করাই উচিত।

Symptom List দ্বারা রেপার্টরাইজেশানের জন্য নির্বাচিত রুব্রিক বা অনুগামী সাব-রুব্রিক সমূহকে প্রদর্শন করা যায়।

Drug List দ্বারা প্রোগ্রামের মধ্যে অন্তর্ভূক্ত সকল ওষুধের সংক্ষিপ্ত নাম ও পূর্ণ নামের তালিকা প্রদর্শন করা যায়।

Symptom List ও Drug List ডিফল্ট অবস্থায় অনুজ্জ্বল অবস্থায় থাকে। রেপার্টরাইজেশান টেবিল যখন প্রদর্শিত হয় তখনই কেবল এরা উজ্জ্বল অবস্থায় বা কর্মক্ষম থাকে।

## ৭ম ধাপ

### Utilities মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-

পূর্বে বর্ণিত নিয়মে Classic প্রোগ্রামটি চালু করার পর **View** কমান্ডে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Similimum, Drug Editor ও Themes উজ্জ্বল অবস্থায় দেখতে পাবেন।

১। Similimum বাটনে ক্লিক করুন, নতুন একটি উইন্ডো প্রদর্শিত হবে, এখানে রোগীর বৈশিষ্ট্য অনুসারে ওষুধের শক্তি নির্বাচনের জন্য বিবিধ অপশন পাবেন, আপনার পছন্দ অনুসারে ক্লিক করে অপশন নির্বাচন করুন এবং Next বাটনে ক্লিক করুন, নতুন একটি উইন্ডো প্রদর্শিত হবে এখানেও আপনার পছন্দ অনুসারে ক্লিক করে অপশন নির্বাচন করুন, Result বাটনে ক্লিক করুন, Similimum Result উইন্ডো প্রদর্শিত হবে, এবং এখান থেকে ওষুধের শক্তি ও প্রয়োগ বিধান সম্পর্কে একটি ধারণা আপনি পাবেন। OK বাটনে ক্লিক করুন ও উপরে লাল রঙের ক্রস বাটনে ক্লিক করে উইন্ডো থেকে বের হয়ে আসুন।

২। Drug Editor বাটনে ক্লিক করুন, Drug Editor উইন্ডো প্রদর্শিত হবে, এখানে ওষুধের বেসিক বৈশিষ্ট্য অনুসারে ওষুধের বিবিধ বৈশিষ্ট্য প্রদর্শিত হবে। আপনার মেটেরিয়া মেডিকার জ্ঞান দ্বারা ওষুধের বৈশিষ্ট্য নতুন করে সাজিয়ে নিতে পারেন, এবং কাজ শেষ করে সেইভ বাটনে ক্লিক করে আপনার করা পরিবর্তনকে সংরক্ষণ করে নিতে পারেন। মনে রাখতে হবে কোন তথ্যের পরিবর্তন বা সংযোজন করতে হলে অবশ্যই মেটেরিয়া মেডিকা দেখে কনফার্ম করে নেবেন, অহেতুক পরিবর্তন করলে পরবর্তিতে রেপার্টরাইজেশান ও ড্রাগ ফিল্টার করার সময় অসুবিধায় পরতে পারেন।

৩। Themes বাটনে ক্লিক করুন, নতুন Theme Words উইন্ডো প্রদর্শিত হবে, এখানে Theme Words ও Rubrics এর তালিকা পাবেন। প্রদর্শিত Theme Words হতে বিকল্প Rubrics এর তালিকা পাবেন। স্ক্রলবার দ্বারা উপর নীচ করে সকল তথ্য দেখতে পারেন। কাজ শেষে উপরে লাল রঙের ক্রস বাটনে ক্লিক করে উইন্ডো থেকে বের হয়ে আসুন।

৪। কেবল মাত্র রেপার্টরাইজেশান টেবিল প্রদর্শিত অবস্থায় Utilities মেনুবারের পুলডাউন মেনুতে সবার নীচে Options...নামক একটি কমান্ড দেখতে পাবেন, Options...এ ক্লিক করলে Options...উইন্ডো পাবেন এবং এতে Select Materia Medica এর নীচে চারটি মেটেরিয়া মেডিকার নাম পাবেন (Kent, Boericke, Phatak, Allen Keynotes), আপনার পছন্দের মেটেরিয়া মেডিকাকে এখান থেকে নির্বাচন করে ও Save করে রাখতে পারেন, যা রেপার্টরাইজেশান করার পর মেটেরিয়া মেডিকা মিলিয়ে দেখার সময় কাজে লাগবে।

## ৮ম ধাপ

**Windows মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-**

পূর্বে বর্ণিত নিয়মে Classic প্রোগ্রামটি চালু করার পর **Windows** কমান্ডে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Close All, Cscade, Tile, Arrange Icons, Close, Repertorisation বাটন উজ্জ্বল অবস্থায় দেখতে পাবেন। চালু উইন্ডোর বিবিধ পরিবর্তনের জন্য এ সকল কমান্ড ব্যবহৃত হয়। এদের কোন পরিবর্তন না করাই ভাল।

## ৯ম ধাপ

**Help মেনুবার কমান্ডের বিবিধ কাজ ঃ-**

এটি সাহায্যকারী ফাইল খোলার জন্য ব্যবহৃত হয়। ক্লাসিক প্রোগ্রাম পরিচালনার জন্য যাবতীয় নির্দেশ এখানে সংরক্ষিত আছে। চিকিৎসক এই প্রোগ্রাম পরিচালনার সময় কোন কিছু বুঝতে না পারলে এখান থেকে সহযোগিতা নিতে পারেন।





# হোমপ্যাথ ক্লাসিক দ্বারা রেপার্টরীকরণের মাধ্যমে সহজে সদৃশ ওষুধ নির্বাচনের পদ্ধতি

১। কম্পিউটার অন করুন অথবা কম্পিউটার চালু থাকলে পর্দার নীচে Start বাটনে ক্লিক করুন, Programs লেখা আইকনে কারসর নিলে উহার আয়ত্তাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে।

২। কারসর হোমপ্যাথ ক্লাসিক (Hompath Classic) প্রোগ্রামের আইকনে নিলে উহার আয়ত্তাধীন গ্রুপ প্রোগ্রামসমূহ প্রদর্শিত হবে, গ্রুপ আইকন সমুহ হল Archives, Classic, Homutil, Tresorie। কারসর যে প্রোগ্রামের আইকনের উপরে নিয়ে ক্লিক করা হবে সে প্রোগ্রামটি চালু হবে। কারসর **Classic** এর উপর নিয়ে ক্লিক করুন, Classic প্রোগ্রামটি চালু হবে। ডেক্সটপের মধ্যে প্রোগ্রামসমূহ থাকলে Classic প্রোগ্রাম আইকনে ডবল-ক্লিক করলেও প্রোগ্রামটি চালু হবে। Quote of the Day উইন্ডো দেখা গেলে সেটিকে Close করুন।

৩। লক্ষ্য করুন পর্দায় **Hompath Classic** লেখাটির নীচে Patient, Repertory, Search, Materia Medica, View, Utilities, Help লেখা দেখা যাচ্ছে এবং তার নীচে বিভিন্ন আইকন দেখা যাচ্ছে। আইকন সমূহের উপর কারসর নিলে সেই আইকনটির কি নাম তা প্রদর্শিত হচ্ছে।

৪। Patient মেনুবার থেকে Speed Case বা Speed Case আইকনকে ক্লিক করুন (সহজে বুঝতে সুবিধার জন্য Speed Case কে নির্বাচন করেছি)। Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন (ইচ্ছে করলে অন্য রেপার্টরীও নির্বাচন করতে পারেন)। কেন্ট রেপার্টরীর বিভিন্ন আইকন সমূহ প্রদর্শিত হবে।

(১) Mind অধ্যায়ে ডবল-ক্লিক করুন, নীচে 2 লেখা ঘরটিকে ক্লিক করে Weeping শব্দটি টাইপ করুন, পর্দায় Weeping রুব্রিক এর অধীনস্থ সকল সাব-রুব্রিকসমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিকে ক্লিক করে consolation শব্দটি টাইপ করুন, পর্দায় consolation agg. সাব-রুব্রিকটি ও তার নির্দেশিত ওষুধ তালিকা প্রদর্শিত হবে (২১টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন। কেন্ট রেপার্টরীর Mind অধ্যায়ের Weeping / consolation agg. রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে।

(২) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন। Eye অধ্যায়ে ডবল-ক্লিক করুন, নীচে 2 লেখা ঘরটিকে

ক্লিক করে Inflammation শব্দটি টাইপ করুন, পর্দায় Inflammation রুব্রিক এর অধীনস্থ সকল সাব-রুব্রিকসমূহ প্রদর্শিত হবে, Inflammation রুব্রিকটির নির্দেশিত ওষুধ তালিকা প্রদর্শিত হবে (১৩৪টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন । কেন্ট রেপার্টরীর Eye অধ্যায়ের Inflammation রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে ।

(৩) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন । কেন্ট রেপার্টরীর Head অধ্যায়ের, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Pain শব্দটি টাইপ করুন, পর্দায় Pain রুব্রিকটি এর অধীনস্থ সকল সাব-রুব্রিক সমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে Forehead শব্দটি টাইপ করুন, পর্দায় Forehead সাব-রুব্রিকটি প্রদর্শিত হবে, 4 লেখা ঘরটিতে ক্লিক করে right টাইপ করুন, পর্দায় right লেখাটির নীচে 5 চিহ্নিত extending to শব্দটিকে মাউস কারসর দ্বারা সিলেক্ট করুন, extending to শব্দটির নীচে 6 চিহ্নিত left side শব্দটিকে মাউস কারসর দ্বারা সিলেক্ট করুন, রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (৯টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন। কেন্ট রেপার্টরীর Head অধ্যায়ের Pain, headache in general/forehead in/right side/extending to/left side রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে ।

(৪) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন । কেন্ট রেপার্টরীর Head অধ্যায়ের, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Pain শব্দটি টাইপ করুন, পর্দায় Pain রুব্রিক এর অধীনস্থ সকল সাব-রুব্রিক সমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে Air শব্দটি টাইপ করুন, পর্দায় Air সাব-রুব্রিকটি প্রদর্শিত হবে, 4 লেখা ঘরটিতে ক্লিক করে open টাইপ করুন, পর্দায় open লেখাটির নীচে 5 চিহ্নিত amel শব্দটিকে মাউস কারসর দ্বারা সিলেক্ট করুন, রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (১০৫টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন । কেন্ট রেপার্টরীর Head অধ্যায়ের Pain, headache in general/air/open/amel. রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে ।

(৫) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন । পূর্বের নিয়মে কেন্ট রেপার্টরীর Stomach অধ্যায়ে ডবল-ক্লিক করুন, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Appetite শব্দটি টাইপ





করুন, পর্দায় Appetite রুব্রিকটি এর অধীনস্থ সকল সাব-রুব্রিক সমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে increased শব্দটি টাইপ করুন, পর্দায় Increased সাব-রুব্রিকটি প্রদর্শিত হবে, 4 লেখা ঘরটিতে ক্লিক করে eating টাইপ করুন, পর্দায় eating লেখাটির নীচে 5 চিহ্নিত After শব্দটিকে মাউস কারসর দ্বারা সিলেক্ট করুন, রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (৩৭টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন । কেন্ট রেপার্টরীর Stomach অধ্যায়ের Appetite/increased/eating/after. রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে।

(৬) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন । পূর্বের নিয়মে কেন্ট রেপার্টরীর Generalitis অধ্যায়ে ডবল-ক্লিক করুন, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Side শব্দটি টাইপ করুন, পর্দায় Side রুব্রিকটি এর অধীনস্থ সকল সাব-রুব্রিক সমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে Symptoms শব্দটি টাইপ করুন, পর্দায় Side/symptoms on one side সাব-রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (১২১টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন । কেন্ট রেপার্টরীর Generalitis অধ্যায়ের Side/symptoms on one side রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড হবে ।

(৭) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন । কেন্ট রেপার্টরীর Extremities-Pain অধ্যায়ের, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Pain শব্দটি টাইপ করুন, পর্দায় Pain রুব্রিকটি এর অধীনস্থ সকল সাব-রুব্রিক সমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে Stitching শব্দটি টাইপ করুন, পর্দায় Stitching সাব-রুব্রিকটি প্রদর্শিত হবে, 4 লেখা ঘরটিতে ক্লিক করে Foot টাইপ করুন, পর্দায় Foot লেখাটির নীচে 5 চিহ্নিত সাব-সাব-সাব-রুব্রিকসমূহ দেখতে পাবেন, স্ক্রলবার দ্বারা উঠানামা করেও অন্যান্য সাব-সাব-সাব রুব্রিকসমুহকে দেখা যায়, আপনার প্রয়োজনীয় রুব্রিক বা সাব-রুব্রিকে বা সাব-সাব-সাব-রুব্রিকে ক্লিক করে সিলেক্ট করুন, Record বাটনে ক্লিক করুন, ধরা যাক আপনি Stepping, on শব্দটিকে মাউস কারসর দ্বারা সিলেক্ট করেছেন, রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (৫টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন, কেন্ট রেপার্টরীর Extremities-Pain অধ্যায়ের, Pain,

Stitching/Foot/Stepping রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রের্কড হবে।

(৮) Select Repertory থেকে পুলডাউন মেনুতে গিয়ে Kent নির্বাচন করুন। পূর্বের নিয়মে কেন্ট রেপার্টরীর Generalitis অধ্যায়ে ডবল-ক্লিক করুন, নীচে 2 লেখা ঘরটিতে ক্লিক করে Weakness শব্দটি টাইপ করুন, পর্দায় Weakness রুব্রিকটি এর অধীনস্থ সকল সাব-রুব্রিকসমূহ প্রদর্শিত হবে, 3 লেখা ঘরটিতে ক্লিক করে menses শব্দটি টাইপ করুন, 4 লেখা ঘরটিতে ক্লিক করে during টাইপ করুন, রুব্রিকটির পূর্ণ বিবরণ ওষুধ তালিকা সহ প্রদর্শিত হবে (৬৪টি ওষুধ), Record বাটনে ক্লিক করুন। কেন্ট রেপার্টরীর Generalitis অধ্যায়ের Weakness/menses/during রুব্রিকটি ওষুধ তালিকাসহ রেপার্টরাইজেশানের জন্য রের্কড হবে। (সাধারণ এই নিয়মে চিকিৎসক রোগীর রোগ লক্ষণকে রুব্রিকে রূপান্তর করে সবোর্চ্চ ১০৫টি রুব্রিককে রেপার্টরাইজেশানের জন্য রেকর্ড করতে পারেন)।

উপরোক্ত সাধারণ নিয়মে রুব্রিক রের্কড করার পর কি কি রুব্রিক রেকর্ড হয়েছে তা দেখার জন্য Toolbar এর View তে ক্লিক করুন। পুলডাউন মেনুতে Symptom List ক্লিক করুন। আপনার রেকর্ডকৃত রুব্রিকসুমূহের তালিকা দেখতে পাবেন। রের্কডকৃত কোন রুব্রিক অপ্রয়োজনীয় মনে করলে সেটিকে সিলেক্ট করে Delete বাটনে ক্লিক করুন, আপনার নির্বাচিত রুব্রিকটি উইন্ডো থেকে অপসারিত হবে এবং রেপার্টরীকরণের জন্য অনির্বাচিত হবে। অপসারিত রুব্রিকটিকে পুনরায় রেপার্টরীকরণের জন্য প্রয়োজন মনে করলে Undelete বাটনে ক্লিক করে ফিরিয়ে আনা যায়।

উপরোক্ত উদাহরণের জন্য রেকর্ডকৃত রুব্রিকসমূহ হল -

1. (Kent) (Mind) Weeping / consolation agg.
2. (Kent) (Eye) Inflammation
3. (Kent) (Head) Pain, headache in general/forehead in /right side/extending to/left side
4. (Kent) (Head) Pain, headache in general /air/open/amel
5. (Kent) (Stomach) Appetite/increased/eating/after
6. (Kent) (Generalitis) Side/symptoms on one side





7. (Kent) (Extremities-Pain) Pain, Stitching /Foot/Stepping
8. (Kent) (Generalitis) Weakness/menses/during

রুব্রিক রের্কড করার পর REP বাটনে ক্লিক করুন, নরমাল রেপার্টরাইজেশান টেবিল বা ছকচিত্র প্রদর্শিত হবে, পর্দায় লক্ষ্য করুন ছকচিত্রের বাম পার্শ্বে রেপার্টরীর নাম, অধ্যায়ের নাম ও রুব্রিকের পূর্ণ বিবরণ দেখা যাচ্ছে এবং ডান পার্শ্বে ওষুধের নাম, ওষুধের মান (Totality), কভার করা রুব্রিকের সংখ্যা (Symptom Covered) এবং রুব্রিকের বিপরীতে ওষুধের গাণিতিক মান, নীচে লক্ষণ সংখ্যা (Symptoms), এই রুব্রিকসমূহ দ্বারা কভার করা মোট ওষুধের সংখ্যা ইত্যাদি প্রদর্শিত হচ্ছে। স্ক্রলবার দ্বারা সকল ওষুধের ছকচিত্র দেখা যায়। উপরোক্ত ৮টি রুব্রিক দ্বারা ২২৯টি ওষুধ কমবেশী পূর্ণ হয়েছে। ওষুধের সর্বোচ্চ মান থেকে ক্রমশঃ নিম্ন মানপ্রাপ্ত ওষুধের তালিকা Normal Repertorization ছকচিত্রে প্রদর্শিত হয়।

উপরে বর্ণিত উদাহরণের রেপার্টরাইজেশান কম্পিউটারের পর্দায় প্রদর্শিত Full Screen চিত্রটি নিম্নে প্রদর্শিত হল।

Patient Edit Repertory Search Materia Medica View Utilities Window Help

Patient Name Speed Case

Normal Repertorization

Rep. Date 12/06/2003 Reg. No

| | Nat-m | Lyc | Sep | Phos | Calc | Alum | Ars | Kali-c |
|---|---|---|---|---|---|---|---|---|
| Totality | 15 | 14 | 13 | 12 | 10 | 10 | 9 | 9 |
| Symptom Covered | 8 | 6 | 5 | 5 | 6 | 5 | 5 | 5 |
| [kent] [Mind]Weeping,tearful mood,etc.:Consolation agg | 3 | 1 | 3 | | 1 | | | 1 |
| [kent] [Eye]Inflammation | 3 | 3 | 3 | 2 | 3 | 2 | 3 | 2 |
| [kent] [Head]Pain,headache in general:Forehead,in:Right side: | 1 | | | | | | | |
| [kent] [Head]Pain,headache in general:Air:Open [see walking i | 2 | 3 | 3 | 3 | 1 | 2 | 2 | 1 |
| [kent] [Stomach]Appetite:Increased [hunger in general]:Eating: | 1 | 3 | | 3 | 2 | 1 | | |
| [kent] [Generalities]Side:Symptoms on one side | 1 | 3 | 1 | 2 | 2 | 3 | 1 | 3 |
| [kent] [Extremities pain]Pain:Stitching:Foot:Stepping,on | 2 | | | | | | 1 | |
